কোন পার্থক্য নাই। এই বিলটার উদ্দেশ্য তিনি বলছেন যে, আসাম সরকারের প্রণীত এইরব ধরনের একটা আইন সুপ্রীম কোর্ট নাকচ করে দিয়েছেন, আল্ট্রা ভায়ার্স অফ দি কনস্টিটিউশ ডিক্লেয়ার করে দিয়েছেন—এই ভয়ে, যেহেতু তাদের এই আইনটাও আল্ট্রা ভায়ার্স হতে পারে এ আল্ট্রা ভায়ার্স হলে নতুন করে আইন আনলেও সেইটার ক্ষয়ক্ষতি হতে পারে, সেজন্য তাঁরা আ থাকতে এই আইনটা নিয়ে এসেছেন। এখানে আমার প্রথম প্রশ্ন হচ্ছে, এটা তাঁরা খতিয়ে দেখেছে কিনা যে, এই ধরনের আইন অথবা বিল অ্যাসেমব্লিতে আনা যায় কিনা। এই কথা এই জ বলছি যে, আমরা দেখছি একটা আইন সংশোধন করার জন্য বিল নিয়ে এসেছেন, কিন্তু আইন চালু আছে পুরোপুরি—সেজন্য আমার জিজ্ঞাস্য হচ্ছে, সেটার আবার টেকনিক্যাল ডিফে সংশোধন করার জন্য আইন আনা যায় কিনা। এই কথা আমি এই জন্য বলছি যে, তা টেকনিক্যাল ডিফেক্ট থাকলে ৩০৪(বি) ধারা অনুযায়ী এই বিল আনতে গেলে আগে থাক প্রেসিডেন্টর-এর স্যাংশন থাকা দরকার। তাঁরা এই স্যাংশন আগে নেন নি, এবং আগে থাকতে বিলটা পাস করে আইন করে নেওয়া হয়েছে। এই আইনটার ভ্যালিডিটি সম্বন্ধে যখন একজ কোর্টে চ্যালেঞ্জ করেছেন তখন তাঁরা যেহেতু আগের এই নজীরে কোর্টে আল্ট্রা ভায়ার্স অফ দ কন্সটিটিউশন হয়ে যেতে পারে এই ভয়ে এটা এখন ভ্যালিডেট করতে চাচ্ছেন। এই ধরনে নজীর আমাদের এই অ্যাসেমব্লিতে ইতিপূর্বে আর হয় নি। অর্থাৎ, একটা আইন আছে, সে আইনে টেকনিক্যাল ডিফেক্ট আছে, সেই টেকনিক্যাল ডিফেক্ট সংশোধনের জন্য আর একটা বি আনা হয়েছে—এটা আইনে সম্ভব কিনা সে সম্পর্কে আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, কার তিনি এক দিকে প্রতিষ্ঠাবান ল-ইয়ার, আবার এখন যখন তিনি অর্থমন্ত্রী হয়েছেন তখন তি নিশ্চয়ই ইকনমিক্স জানেন এবং তিনি একজন ইকনমিস্ট—সুতরাং এ সম্পর্কে আমি তাঁর কা স্পষ্ট জবাব পাব বলে আশা করি। অবশ্য আমরা পয়েন্ট অফ অর্ডার-এ দাঁড়াতে পারতাম, কি এই বিলটা আনার আগে আমাদের এত কম সময় দেওয়া হয়েছে যে, এর মধ্যে আমরা এর আইনগ প্রশ্ন বিচার করে দেখবার সময় পাই নি। আমি মনে করি এই দিক দিয়ে আমাদের প্রতি একা ইনজাস্টিস করা হয়েছে। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, মন্ত্রিমহাশয় যেটা বলছেন, কনস্টিটিউশন এর আর্টিকল ৩০৪(বি) ধারা অনুযায়ী একটা এলাকার মধ্যে কর নির্ধারণ করতে গেলে তা অবস্থায় করা উচিত কিনা, এই ঔচিত্যটা প্রেসিডেন্টকে বুঝিয়ে বলতে হবে। আমি মাননী মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি, আমাদের সরকার পক্ষ থেকে এই ঔচিত্যটা প্রেসিডেন্টকে বুঝি বলা হয়েছিল কিনা। এবং কি বলা হয়েছিল সেটা আমাদের হাউসের কাছে বলা হল না কেন আমাদের বক্তব্য হল হাওড়া, হুগলী, ২৪-পরগনা এই তিনটে জেলার লোকের উপর গুটিকত আর্টিকল-এর উপর ট্যাক্স বসিয়ে সে জেলাগুলোর উপরে তাদের বেশী মূল্য দিতে হচ্ছে। এই আইনের চোখে একই স্টেট-এ বিভিন্ন লোককে আলাদা দেখা ও ট্রিট করার প্রশ্নে ওদের কি যু আছে এবং কি যুক্তি ও'রা প্রেসিডেন্টকে বুঝিয়েছেন, যার ফলে প্রেসিডেন্ট আবার ওদের সম্মা দিয়েছেন। সেটা আমাদের এখানে পেশ করা উচিত ছিল; কিন্তু উনি তা পেশ করেন নি আশা করি উনি সে যুক্তিগুলো পেশ করবেন, আমরা কেন এ বিলের বিরোধিতা করছি, সে বিষ আমাদের বক্তব্য খুব স্পষ্ট যে, হাওড়া, ২৪ পরগনার লোকেরা হুগলীর লোকের চেয়ে চায়ের দা বেশী দিয়ে কিনে কেন খাবে। আমরা ওখানে বাস করি এটাই কি অপরাধ? সরকার আমাদে এলাকার মধ্যে চা, আম এবং অন্যান্য যে সমস্ত ফ্রুটস আসবে সে সমস্ত ফ্রুটসের উপর অকট্র বসান হবে, তার ফলে ঐ সব জিনিষের দাম বেড়ে যাবে। এই বর্ধিত মূল্যে জিনিষপত্র ক্র ক্ষমতা জনসাধারণের হয় কি না সেটা জানতে চাই, আর সে জনাই আমরা এই বিলের বিরোধিত তখনও করেছিলাম এবং এখনও করছি, তার একমাত্র কারণ হচ্ছে পশ্চিমবাংলার একটা অং এরূপ জিনিষপত্রের দাম বাড়িয়ে দিয়ে কর বসান অত্যন্ত অন্যায়।

Point of order

Shri Bejoy Kumar Banerjee: On a point of order, Sir. May I enqui from you as to whether in a case which is pending in a court of law and th case is sub judice, we can discuss a matter here and whether it will influen in any way the ultimate decision of the case? Sir, I find from the stat ment of objects and reasons of the Bill that the case is pending in t Hon'ble High Court and that a rule has already been obtained. Sir, ca

re anticipate the judgment of the Court and without waiting for the ltimate decision in the case, can we discuss and validate the Act which was nvalid and for which the Government was responsible?

The Hon'ble Sankardas Banerji: Sir, my friends opposite have made out three points—I am sorry to say they are not of any substance at all. What this House passed and sanctioned is being re-enacted. What had happened was that the President's sanction was not obtained. The High Court has not yet found that what was done by this House was wrong. We have made it quite clear that one of the Tea Companies has taken out a rule under Article 226 of the Constitution. The rule remains undisposed of. The State's Advocate General, Sir S. M. Bose, was consulted about the validity of the Act and as to whether the Act is ultra vires the Constitution. We are not quite sure about it and there are certain doubts about its validity. After careful scrutiny the Advocate General came to the conclusion that the best thing would be to re-enact it. It is not a question of validating the Act. What is sought to be done is that we are re-enacting it and one of the courses is that we are going to validate every intermediate act done so far. Therefore I do not think anything extraordinary is being done, and the legality of the point has been fully considered by the learned Advocate-General, no matter what I think about it. I am in this House, at least Dr. Kanai Bhattacharya will appreciate, not as a Barrister. I am just here as the Finance Minister of the State Government and I consulted the learned Advocate-General. He said, that is the best thing to do.

[12-30—12-40 p.m.]

So far as increase in prices of fruits is concerned, I do not think there is any possibility. The rates prevailing now will be the rates which are going to be charged. There will be no further increase. We are validating the existing state of affairs. Therefore, I am opposing the amendment for circulation.

Mr. Speaker: Mr. Banerjee, I do not think anything stands in the way of having the Bill passed in view of the decision given by the Supreme Court, as you have rightly pointed out. You have also helped the Chair in that respect by explaining that the position is not that it is a validating Bill. It is a fresh enactment that is going to be made.

The West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1962.

Shri Nathaniel Murmu:

মিস্টার স্পীকার স্যার, এই বিলটা আজকে বিধানসভায় এসেছে এবং এটা আলোচনা করবার সময় একটি কথা মনে হয়েছে যে, পশ্চিম বাংলা বিধান সভায় এই আইনটা আজকে যদি পাশ হয় তাহলে একটা অদ্ভূত নজীর এখানে থাকবে। এই আইন সম্পর্কে ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় বিস্তারিতভাবে বলেছেন, এই আইনটা আজকে চালু রয়েছে এবং এই আইন চালু থাকার সময়ই এই আইন আনা হয়েছে। আর একটা বিষয় আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে এই যে, এনারা বলেছেন যে, এই আইনটা আনার সময় রেট্রস-পেকটিভ এফেক্ট দেওয়া হবে ১৯৫৫ সাল থেকে। কিন্তু সংবিধান ঘাঁটিয়ে যদি দেখা যায় তাহলে প্রেসিডেন্টের অনুমতি যে তারিখ থেকে পাওয়া যাবে তার আগে থেকে কোন রেট্রসপেকটিভ এফেক্ট দেওয়া যাবে কিনা তার সম্পর্কে ওঁর কাছ থেকে জবাব আশা করবো। অনুমতি অল্পদিন আগে পাওয়া গেছে এবং অনুমতি পাবার আগের দিনগুলিতে যে ট্যাক্স আদায় হয়েছে সে আদায় সম্পর্কে রেট্রসপেকটিভ এফেক্ট কিভাবে বলবৎ থাকবে সে সম্পর্কে উনি আমাদের কাছে জবাব দেবেন বলে আশা করি। আমার মনে হয়, এটা সম্ভব নয় বা এটা অবৈধ এবং এর ফলে একটা

অদ্ভুত অবস্থা দেখা দেবে। সেটা হচ্ছে এর আগে যে আইন চালু রয়েছে তার মাধ্যমে যে ট্যাক্স-গুলো আদায় করা হয়েছে সেই ট্যাক্সগুলো কিভাবে কার আওতায় যাবে? সেগুলো কি প্রেসিডেন্টের কাছে জমা থাকবে, অথবা যারা ট্যাক্স দিয়েছে তাদের ফেরত দেওয়া হবে? দ্বিতীয়তঃ সংবিধানগত যে প্রশ্ন তুলেছি এই প্রশ্ন সম্বন্ধে দয়া করে উনি উত্তর দেবেন। তৃতীয় কথা হচ্ছে এই যে, আইন এসেছে এই সম্পর্কে ভবিষ্যতে একটা নজীর থাকবে যে, এই রকম মানি বিল প্রেসিডেন্ট-এর অ্যাসেন্ট ছাড়া আনা যায় না। ভবিষ্যতে প্রেসিডেন্ট হয়ত কনসেন্ট দেবেন না অথবা তাঁরা নিজেদের খেয়াল অনুযায়ী একটা আইন চালু করবেন এটা হতে পারে না। আপনারা কিছু ট্যাক্স আদায় করেছেন এবং পরবর্তী কালে এই সুযোগ নিয়ে আরো কিছু আদায় করবেন। এইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জবাব দাবী করছি।

আমার শেষ বক্তব্য হচ্ছে, আমার মনে হয় এই ফলটলের ব্যাপারে যে ট্যাক্স আদায় করা হচ্ছে এই ক্ষেত্রে নীতিগতভাবে আমরা এটার বিরোধিতা করি যদিও আজকে এর আলোচনা করার অবকাশ নেই। আমরা আজকে এখানে যে তালিকা দেখছি তাতে আগের তালিকা থেকে এই আইনে কিছু ফল বাদ পড়েছে, যেমন—কলা। এই কলা—বিশেষ করে মন্ত্রিমহাশয়রা কলা খান খুব এবং তাঁরা জনসাধারণকেও কলা খেতে উপদেশ দেন এবং কেউ যদি তাঁদের কাছে কোন কিছু দাবী নিয়ে যান তাঁদেরও তাঁরা কলা দেখান বলেন, তার জন্য দেখছি তাঁরা এই জিনিসটা বাদ দিয়েছেন এবং এইজন্যই কলা কিছু কিছু লোক কিনতে পারে। কিন্তু কলা বাদ দিয়েও আরো অন্যান্য জিনিষ যেগুলি আছে তার অনেক দাম বেড়েছে। সেজন্য এটা অন্যভাবে চিন্তা করতে হবে যাতে জিনিষের উপর ট্যাক্স কিছু কমে, এই দিকে লক্ষ্য দিয়ে এটার ব্যবস্থা করতে হবে। তারপর চা সম্পর্কে একটা জিনিষ আছে, চায়ের উপর সেন্টারের ট্যাক্স আছে এবং আরো অনেক রকম জিনিষ আছে, যেমন কলকাতায় প্রতি পাউন্ডে এক আনা ট্যাক্স নেওয়া হয়, এই সবগুলিকে কনসলিডেটেড করে তার থেকে পশ্চিমবঙ্গ সরকারের যদি একটা কোটা থাকে তাহলে সুবিধা হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1963.

মাননীয় স্পীকার মহাশয়, নীতিগতভাবে আমি এই বিলের বিরোধিতা করছি। ১৯৫৫ সালে যখন এটা পাশ করার ব্যবস্থা করা হয়েছিল তখনও বিভিন্ন বিরোধী দল এটার তীব্র বিরোধিতা করেছিল। আমি মনে করি এই ৭ বৎসর ধরে এই অবস্থার কোন পরিবর্তন হয় নি, বরং আরও গুরুতরভাবে দেখা দিয়েছে। স্পীকার মহোদয়, এই ৭ বৎসরের মধ্যে এর প্রতিক্রিয়া কি হয়েছে তা যদি মন্ত্রিমণ্ডলী বিশেষ করে চিন্তা করে দেখতেন তাহলে এই বিলটা আনতেন না। আজকে এই বিলের উদ্দেশ্য হল ফলের উপর ট্যাক্স ধার্য করে রাজস্ব বৃদ্ধি করা। রাজস্ব বৃদ্ধি করা দরকার। আমি মনে করি শাসন কার্য পরিচালনা করার জন্য এবং দেশের উন্নয়নমূলক ব্যবস্থা করার জন্য টাকার প্রয়োজন। কিন্তু এই ফলের উপর ট্যাক্স ধার্য করে এই টাকা তোলা সমীচীন মনে করি না। আমি মনে করি যে, দুইটি কারণে এই বিলের বিরোধিতা করা দরকার। প্রথম কথা হল, সাধারণ নীতি হিসাবে যেসকল নিত্যপ্রয়োজনীয় খাদ্য, যার উপর দেশ নির্ভর করে তার উপর কোন ট্যাক্স ধার্য করা উচিত নয়, যেমন—চাল ডাল, তেল, ফল ইত্যাদি। দ্বিতীয় হচ্ছে, আমি মনে করি যে ফল, যার উপর ট্যাক্স ধার্য করা হচ্ছে তার কথা চিন্তা করা উচিত। এই ফলের উপর রোগী, শিশু, বৃদ্ধের জীবন নির্ভর করে। আমরা দেখছি অধিকাংশ ফলই বাইরে থেকে আসে। যদি এই ফলের উপর ট্যাক্স বসে তাহলে এই সব দ্রব্যের মূল্য বৃদ্ধি হবে, যেমন একটা লেবুর দাম এক আনা, এবং বেদানা, আপেল ইত্যাদির দাম যা এখন ৫-৬ আনা আছে তার দাম আরো বেড়ে যাবে। এর ফলে দরিদ্র লোকেরা তা আর কিনতে পারবে না। একেই ত এর দাম বেশী তার উপর আবার ট্যাক্স যদি ধার্য করা হয় তাহলে তার দাম আরো বেড়ে যাবে এ বিষয়ে সন্দেহ নেই। আমাদের দেশে যে লক্ষ লক্ষ যক্ষ্মারোগী আছে এবং গরীব জনসাধারণ যাতে বেশী করে ফল খেতে পারে সেদিকে তাদের উৎসাহিত না করে তার প্রতিবন্ধকতা তাঁরা সৃষ্টি করছেন। ট্যাক্স করে টাকা তোলা দরকার কিন্তু যে ট্যাক্স লোকে ফাঁকি দেয় তা যদি আদায় করতে পারেন

তাহলে তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু সাধারণ লোকে একটা আপেল, লিচু, আম খাবে তার উপর ট্যাক্স ধার্য করা ঠিক নয়। তৃতীয়তঃ এটা সংবিধান বিরোধী কারণ এই আইনে হাওড়া, কলকাতা, ২৪-পরগনার ফলের উপর ট্যাক্স হবে, কিন্তু বাংলাদেশের অন্য জেলাগুলি তার থেকে বাদ যাবে, আমি মনে করি এই আইন সংবিধানের ১৪ ধারার বিরোধী।

[12-40—12-50 p.m.]

এটা আইন বিরোধী। কাজেই এটা হওয়া উচিত নয়, এ একটা বৈষম্যমূলক ব্যাপার। কাজেই আমরা মনে করি—এই সর্বদিক থেকে বিবেচনা করে মন্ত্রিমহাশয়ের উচিত এটা প্রত্যাহার করে নেওয়া। বাংলাদেশের জনসাধারণ যাতে আরো বেশী করে ফল খেতে পারে, তার জন্য উৎসাহ দেওয়া এবং চেষ্টা করা উচিত। জনসাধারণ ফল খেতে যাতে আরো উৎসাহিত হয় এবং আরো সস্তা মূল্যে জনসাধারণকে ফল বাইরে থেকে আনতে দেবেন—আম, কলা, আপেল, বেদানা, আঙ্গুর ইত্যাদি, এই সমস্ত জিনিষ। পাতিনেবুর উপরও ট্যাক্স ধার্য হবে।

কাজেই আমি অনুরোধ করবো দেশের শিশুর মঙ্গলের জন্য, বৃদ্ধের স্বাস্থ্য রক্ষার জন্য, [illegible] জন্য এই বিল প্রত্যাহার করে নেওয়া উচিত। তাই আমি বলছি জনমত সংগ্রহের জন্য বিলটিকে প্রচারের জন্য দেওয়া হোক। সেটা সরকার ব্যবস্থা করবেন আশা করি। জন-স্বার্থে এই আইনকে তাঁরা প্রত্যাহার করে নিন।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

The Hon'ble Sankardas Banerji: Sir, so far as the question of retrospective effect is concerned, which Shri Murmu has raised, he need not bother himself about it. We have considered it. We have a right to give retrospective effect.

I am very grateful to Shri Mahapatra and I hope I shall be grateful for the whole session because of his admission that he realises that it is necessary to increase the imposed taxes. It is a general statement that he has made. I fully appreciate the worth of his remark and I hope I will act up to it. I do realise that it is very necessary for people to eat fruits and so on and so forth, but, at the same time, this tax has been imposed for a long time and in the present circumstances we cannot even think of giving up taxes which are already there. That is all I have to say. I oppose all the amendments.

Shri Nikhil Das:

স্যার, উনি বললেন বদার করতে হবে না। আমি জিজ্ঞাসা করতে চাই আগের বারও কি তাঁরা বদার করেন নি? কাজেই এ সম্বন্ধে একটা জনমত সংগ্রহ করুন। আপনারা একটা আইন পাশ করেছেন, সেটা ঠিকমত হয় নি। তারপর আবার একটা আইন আমাদের কাছে আনলেন। তার জন্য এত কাগজ ছাপাতে হল, এত সময় নষ্ট হল, জনসাধারণের এত পয়সা নষ্ট হল। কাজেই বদার অনেক বেশী আমরা করি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Sankardas Banerji that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clause 1 to 24

The question that Clauses 1 to 24 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1962, as settled in the Assembly, be pased.

The motion was then put and agreed to.

The Indian Stamp (West Bengal Second Amendment) Bill, 1962.

The Hon'ble Sankardas Banerji: I beg to introduce the Indian Stamp (West Bengal Second Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Sankardas Banerji: I beg to move that the Indian Stamp (West Bengal Second Amendment) Bill, 1962, be taken into consideration.

Under Entry 91 of the Union List of the Seventh Schedule to the Constitution, rates of stamp duty in respect of bills of exchange, cheques, promissory notes, bills of lading, letters of credit, policies of insurance, transfer of shares, debentures, proxies and receipts come within the purview of the Government of India while under Entry 63 of the State List the rates of stamp duty with regard to other instruments come within the purview of the State Government. The Government of India amended the Indian Stamp Act, 1899 by the Indian Stamp (Amendment) Act, 1958, which came into force from the 1st October, 1958. Under this Act the rates of stamp duty in respect of instruments within the purview of the Government of India which were formerly expressed in annas have now been expressed in multiples of five naye paise. The Government of India also requested all State Governments to enact requisite legislation for the introduction of the new rates of stamp duty in decimal coinage with respect to instruments falling within the purview of the State Government. Almost all the State Governments have accordingly converted their respective rates of duty into decimal coinage. The primary object of the present Bill is to decimalise the rates of stamp duty in West Bengal in respect of the instruments falling within the purview of the State Government.

The need for decimalisation of our rates of stamp duty is too obvious to require any lengthy explanation. Since the introduction of decimal coinage in the country the Government of India and other State Governments have been converting the rates of stamp duty into decimal coinage. It will not be possible to get supplies of stamp expressed in old coinage for long from the Government Security Press at Nasik. Also the existence of the Government of India stamps in new coinage and the State stamps in old coinage side by side creates confusion and inconvenience to the public. Hence the present step for decimilisation of our rates of stamp duty.

The second object of the present Bill is to raise the rates of stamp duty in this State on instruments within the State field. In this connection I would like to mention that the Governments of Maharastra and Madras while converting the rates of stamp duty into decimal coinage also took the opportunity to raise the rates of stamp duty in their respective spheres. Thus compared with the present rates of Maharastra and Madras the existing rates of West Bengal are very low. The Maharastra, Madras and West Bengal are the main commercial States of India and I am sure that it will be agreed by all that it is desirable that the rates of duty in these three States should be more or less at par. Again, it common knowledge to-day

that the values of lands and buildings and several other forms of property have gone up several-fold in recent years. The people who engage in transactions in such properties are mostly comparatively affluent people who should be able to pay higher rates of duty. As such it is only fit and proper that the rate of stamp duty on all instruments concerning transactions in such properties should be enhanced in the interest of getting additional revenue from those who are able to pay it.

Quite apart from the above considerations, we have to remember that the Planning Commission have placed an obligation on this State Government to raise additional resources to the extent of Rs. 40 crores by new taxation during the Third Five Year Plan period for financing the Third Five Year Plan of the State which would involve an expenditure of Rs. 293 crores.

[12-50—1 p.m.]

As such, we have to tap all available sources of additional revenue for the much-needed resources for our Third Five-Year Plan. I may also add that the need for augmenting the revenues of the State has become all the more pressing in view of the huge additional expenditures occasioned by the present state of national emergency. Hence the present proposal for enhancing our rates of stamp duty.

In this connection the present rates of Maharastra and Madras have been compared with their old rates before decimilisation and it has been found that they have raised most of their rates by 50 or 60 per cent. The present rates of West Bengal are more or less close to the previous rates of Maharastra, i.e., prior to their revision in 1958. On top of this upward revision Maharastra has further increased stamp duty and these rates have become effective from 15th September, 1962. However, for the present we have ignored these latest upward revision of rates by Maharastra. In the present Bill we propose to raise our rates of stamp duty to the level of the rates adopted in Maharastra and Madras after decimilisation, i.e., the rates that were brought into force in 1958. However, in no case is our proposed rate higher than the corresponding maximum of Bombay and Madras rates. With the proposed increase in our rates of stamp duty these rates would be more or less at par with the corresponding rates in Madras and Maharastra except in the case of a few rates of Maharastra which, as I have stated earlier, have been enhanced further this year.

To sum up, while it is difficult to make an accurate assessment of the additional yield of revenue from the proposed enhancement of the rates of stamp duty, it is expected that the additional yield will be of the order of about Rs. 95 lakhs per annum. No additional expenditure is involved for giving effect to the provisions of the amending Bill.

With these words I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: Honourable Members, all the amendments are in order and I take them as moved.

Shri Nani Bhattacharjee: I move that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by the 30th June, 1963.

Shri Syed Abul Monsur Habibullah:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী কনভার্সন সম্বন্ধে যে যুক্তি দেখালেন এটা তো কোন বিতর্কের প্রশ্ন নয়, কিন্তু যে যুক্তিতে তিনি স্ট্যাম্প ডিউটি বাড়ানোর কথা বলেছেন, সেটা সম্পর্কে আমি একমত হতে পারছি না। তার কারণ হচ্ছে যে, স্ট্যাম্প ডিউটি বাড়ালেই যে সবার উপর একভাবে বর্তায় তা বর্তায় না, যেমন ধরুন, যখন বড় বড় ট্রানজাকশন হয় হাজার হাজার বা লক্ষ লক্ষ টাকার, যখন জমিদাররা বিক্রী করেন তখন

তাঁরা অনেক সময় কম ধার্য করতেন। কিন্তু আপনি যখন ডিউটি ঠিক করে দিচ্ছেন, জমি বিক্রী করছেন তখন জমির দামের উপর সেটা এসে পড়ে, অর্থাৎ যে কিনছে, আমরা হিসাব করে দেখেছি সেই সব গরীবের উপরই এই চাপ এসে পড়ে। তারপর স্ট্যাম্প ডিউটি বাড়ালেই যে মুনাফা বেশি পাবেন তা নয়। দ্বিতীয় কথা, আজকে সমগ্রভাবে আমাদের দেশের অর্থনীতিতে যে পরিবর্তন এসেছে তার ফলে আজকে আপনারা টাকা চাচ্ছেন, এখনো যে কম পাচ্ছেন তা নয়, আজকে অনেক রকম পরিবর্তন হওয়ার ফলে আগে যে পরিমাণ টাকা আমাদের রাজস্ব ভাণ্ডারে আসত এখন তার চেয়ে অনেক বেশি আসছে। আজকে আমাদের অর্থের প্রয়োজন আছে সেকথা [illegible], কিন্তু দুঃখের বিষয়, আমাদের অর্থমন্ত্রী সেদিক থেকে আসেন নি। স্ট্যাম্প ডিউটি কম আছে বলে, ১৯৩৯-৪০ সালে বাংলাদেশে যা কালেক্ট করতেন এখন তার থেকে কমে গিয়েছে, সেইরকম অবস্থা নাই—যেহেতু জিনিসপত্রের মূল্য বেড়েছে, তার জন্য আমাদের রাজস্বও দ্রুত-গতিতে বেড়ে গিয়েছে, স্ট্যাম্প ডিউটি বেড়ে গিয়েছে—কাজেই সেদিকে আমাদের প্রয়োজন তা নয়। মাননীয় অর্থমন্ত্রী শেষের দিকে যে যুক্তি দিলেন ন্যাশনাল প্ল্যানিং কমিশন-এর বক্তব্য আছে যে, আগামী ৫ বৎসরের ভিতর ৪০ কোটি টাকা অর্থাৎ, আমাদের দেশে মাথাপিছু ১৩ টাকা করে বৃদ্ধি করতে হবে, এটা আমাদের বাংলাদেশের অর্থনীতিতে কতখানি গ্রহণযোগ্য এবং সেটা কিভাবে আমরা বহন করতে পারব এবং কোন্ কোন্ শ্রেণীর উপর এই লেভি বসান দরকার সেদিক থেকে মন্ত্রিমহাশয় কোন যুক্তি আমাদের সামনে স্থাপন করলেন না। ৪০ কোটি টাকা ৫ বৎসরের মধ্যে আনতে হবে বলে যে কথা বলেছেন তার চাপ যদি অর্থশালী ব্যক্তিদের উপর বর্তায় তাহলে তলা এবং নীচের তলার মানুষ যাতে এই স্ট্যাম্প ডিউটি থেকে কিছুটা রেহাই পেতে পারে তার জন্য চেষ্টা করা হোক। কিন্তু মুড়ি-মিছরির এক দর হয়ে যাবে, তা হতে পারে না। এখানেই স্ট্যাম্প ডিউটি সম্পর্কে আমাদের প্রধান ও প্রবল আপত্তি। আপত্তি এই জন্য যে, সাধারণ মানুষ ছোট ছোট ট্রানজাকশন করবে অর্থাৎ তাদেরই কাছ থেকে কড়ায়-গণ্ডায় আদায় করা হবে, বড়লোকের বেলায় আদায় করা হবে না এটা অত্যন্ত অসঙ্গত। তারপর এই ৪০ কোটি টাকা আদায় করার পদ্ধতি সম্পর্কেও আমাদের মতবিরোধ আছে। দেশের সমৃদ্ধি করতে হবে, তার জন্য ট্যাক্স বাড়াতে হবে, কিন্তু তার জন্য আমাদের আলাদা দৃষ্টিভঙ্গী আছে। যখন ট্যাক্স বাড়ান হয় তখন গরীবের উপর কড়ায়-গণ্ডায় তার ভার এসে পড়ে, এবং উপরের দিকে চাপ কম। আমার বক্তব্য হচ্ছে, যদি স্ট্যাম্প ডিউটি বাড়াতে হয়- স্মল ট্রানজাকশন-এ আমরা দেখতে পাই এক আনার জায়গায় ১০ নয়া পয়সা করা হয়েছে, এভাবে সাধারণ লোকের উপর আঘাত এসে লাগছে, এবং সমস্ত জায়গায়ই আমরা দেখতে পাই, যেখানে ১০ টাকা ছিল সেখানে ১৫ টাকা করা হয়েছে। কিন্তু ৫৯ হাজার টাকার জায়গায় ৫ লক্ষ করা হয়েছে। সুতরাং স্ট্যাম্প ডিউটি ব্যাপারে যেভাবে ভ্যালুয়েশন চার্ট করা হয়েছে তাতে আমাদের প্রবল আপত্তি আছে। সিলিং এর ব্যাপারে আমাদের প্রবল আপত্তি আছে। আর্টিকল বাই আর্টিকল ট্যাক্সেশন লেভেল নতুন করে বিবেচনা করা প্রয়োজন বলে মনে করি। তার জন্য আইন সভার সদস্যদের নিয়ে বৈঠক করে এই বিষয়ে অগ্রসর হওয়া সরকারের উচিত যাতে করে গরীব লোক কিছুটা রেহাই পেতে পারে।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th January, 1963.

মাননীয় স্পীকার মহাশয়, এই স্ট্যাম্প ডিউটি সম্বন্ধে বলতে গিয়ে এটুকু বলতে হয়, আমাদের যিনি ফাইনান্স মিনিষ্টার তিনি যেন চীনা ওয়ে ফলো করেছেন, তার কারণ দেশের লোকের সর্বনাশ করার চেষ্টা হচ্ছে এই স্ট্যাম্প ডিউটির দ্বারা, যত তাড়াতাড়ি পারেন এটা পাস করিয়ে নিয়ে দেশের সর্বনাশ করার চেষ্টা হচ্ছে—দ্যাট ইজ দি চীনা ওয়ে। একথা আমি এজন্যই বলতে চাচ্ছি যে, আমরা যদি কমপারেটিভলি বিবেচনা করে দেখি, তাহলে দেখব ম্যাক্সিমাম যে ট্যাক্স আছে—ভারতবর্ষে, তা বাংলাদেশে চালু করার চেষ্টা হচ্ছে। প্রত্যেকটা স্টেট-এর প্রত্যেকটা আইটেম যদি আমরা বিবেচনা করে দেখি তাহলে দেখবো যে, স্ট্যাম্প ডিউটি অন্যান্য প্রত্যেক স্টেট-এ বাংলাদেশের চেয়ে কম এবং ফলে বাংলাদেশের সমস্ত ট্যাক্স পড়ে গরীবের উপর, এবং ট্যাক্সের মাধ্যমে গরীবদের আরো গরীব করবার চেষ্টা হচ্ছে। শুধু তাই নয়, তিনি যেভাবে তাড়াতাড়ি এই বিলটা পাশ করিয়ে নেবার চেষ্টা করছেন তাতে আমরা এটুকু বলতে পারি, তিনি নিপুণভাবে গরীবদের কি করে নিষ্পেষণ করা যায় তার ফন্দি ঠিক করেছেন।

,—1-10 p.m.]

শুধু তাই নয় আমি দেখিয়ে দিচ্ছি যে, সাবক্লজ ফোর-এ বলেছেন যে অ্যাফিডাভিট যেটা ' টাকা ছিল, সেটা তিন টাকা করতে হবে। অ্যাফিড্যাভিট কারা করে সেটা উনি ভাল করেই নেন। বিশেষ করে অন্য কাউকে বলতে হবে না উনি—হাইকোর্টে প্রাকটিস করেন কিন্তু লা কোর্ট বা অন্যান্য কোর্টে যারা প্রাকটিস করেন তারা জানেন যে, অ্যাফিড্যাভিট সবচেয়ে শী কারা করে। এমন কি কোন রিফিউজি সার্টিফিকেট নিতে এলে তাকে অ্যাফিড্যাভিট রতে হয়। সেই টাকাটা উনি কি করলেন না দু টাকার জায়গায় তিন টাকা। একমাত্র মাদ্রাজ টটে এই তিন টাকা আছে, অন্যান্য স্টেটে আমি নাম করে বলছি। বিহার, পাঞ্জাব, আসাম, াম্বে এদের কিন্তু সকলেরই দু টাকা করে আছে। আজ হঠাৎ কি দরকার হল, যাতে তিন কা করতে হবে। উড়িষ্যা এবং ইউ, পি-তে ওদের ২-৫০ নঃপঃ আছে। কাজেই একমাত্র দ্রাজেই তিন টাকা আছে এবং বাংলাদেশেও তিন টাকা করা হল, তেমনি আমরা যদি আরও মপারেটিভ স্টাডি করি তাহলে আরও এরূপ আমরা দেখাতে পারবো। এইভাবে ক্লজ বাই জ যখন টেক আপ করা হবে তখন দেখাব সমস্ত স্টেটগুলিতে যতগুলি হাইয়েস্ট পয়েন্ট, ই হাইয়েস্ট পয়েন্ট একসিড করে আমাদের এখানে ট্যাক্স করা হয়েছে। অথচ এত বড় একটা মপর্টেন্ট জিনিষ তিনি কালকেই ভেবেছিলেন পাশ করিয়ে নিয়ে যাব কিন্তু আমরা সে সুযোগ ই নি। আমরা একটি মাত্র দিন পেয়েছি এতে সমস্ত জিনিষ পরিষ্কারভাবে বলা সম্ভবপর । আপনারা এখানে যেন একটা ছেলে খেলার ব্যবস্থা করেছেন এবং যার জন্য লোককে জার হাজার লক্ষ লক্ষ টাকা দিতে হবে, যখনই এটা পাশ হবে। পৃথিবীর কোন সভ্য দেশে মনভাবে ট্যাক্স পাশ করবার ফন্দি হয় না, ক্লজ (ওয়ান)-এ লেখা আছে রিভিসন এ্যান্ড কন-রসন অর্থাৎ লোকে ভেবে নিয়েছে যে, ডেসিম্যাল কয়েনেজ-এ বোধহয় কনভারসন করবেন ন্তু সেখানে দেওয়া হয়েছে রিভিসান সকলে হয়ত মাইনুটলি দেখেন নি এই রিভিসান থাটা। রিভিসান মানে হচ্ছে ক্রমশঃ ক্রমশঃ টাকা বাড়বে। এই যে কায়দা সত্যই এটা শংসনীয় কায়দা। (শ্রীনেপাল রায়, আপনি উকিল, উনি ব্যারিস্টার হয়ে টেক্কা দিচ্ছেন) টেক্কা রা সম্ভব নয়, এখানে অনেক ব্যারিস্টার আছে, আমি আগেই বলেছি যে এসব করার আগে দি ট্যাক্স বাড়ানোর দরকার হয় তাহলে অরিজিন্যাল সাইড-এ কোর্টস ফি অ্যাক্ট আছে, সেটাকে ামেন্ড করুন। বাংলাদেশের গরীব জনসাধারণ স্ট্যাম্প ডিউটি দেবে এবং বড় বড় লোকেরা াদেরই কোর্ট ফি ফাঁকি দিয়ে যাবে, এটা হতে পারে না। কলকাতায় বড় বড় যে ট্রানজাকসান-লো হয় সেখানে এটা করলে অনেক আপ করা যেত। কিন্তু আমরা জানি এই সরকার বড় াকদের গায়ে আঁচড় দেবেন না। কলকাতায় কোটি কোটি টাকার মামলা হচ্ছে সেখানে যদি ডভ্যালোরেম কোর্ট ফি করা যায় তাহলে সমস্ত টাকা এসে যাবে, তাহলে স্ট্যাম্প ডিউটি, াম্প অ্যাক্ট সেটা করার কোন প্রয়োজন হবে না।

আমি তাই অনারেবল ফিন্যান্স মিনিস্টারকে স্পীকার-এর মাধ্যমে বলতে চাই যে, তিনি এই োর্ট ফী অ্যাক্ট অ্যামেন্ড করুন। এই স্ট্যাম্প ডিউটি আইন এনেছেন, তাতে বিশেষ করে র্বনাশ হবে কাদের? যারা গরীবের কথা ভাবেন, চাষীদের কথা ভাবেন, তাঁরা বুঝতে পেরেছেন মে কি অবস্থা হবে, তাদের আজকে ৫০০ টাকায় যে জমি বিক্রী করতে হবে, সে জমির দাম াওয়া যাবে ৪৫০ টাকা। যে জমি কেনে, সে ট্যাক্স দেয়, কিন্তু আলটিমেটলি যে জমি বিক্রী রে, সেই রিয়াল পেমেন্ট করে। এভাবে যেমন জিনিসপত্রের দাম বাড়ছে, সেভাবে জমির দরও াড়বে। যে জমি আগে ২০০ টাকা দাম ছিল, এখন তা ৬০০ টাকা দাম হবে। ৬০০ টাকা দাম লে তার সঙ্গে সঙ্গে দেখা যাবে অটোমেটিক্যালি তাকে তিনগুণ দিতে হবে। কাজেই ইনডেক্স-এর িক্টে বিবেচনা করলে এই ট্যাক্স বৃদ্ধিযুক্ত হয়নি। আপনারা অবশ্য ব্রুট মেজরিটি থাকলে এটা জার করে পাশ করাতে পারবেন। সেজন্য আমি বলছি, পাবলিক ওপিনিয়নের জন্য এ বিল ঠান দরকার, কারণ, এটা এমন একটা গুরুত্বপূর্ণ বিল, বিলটা গ্রামের প্রত্যেকটা লোককে াফেক্ট করবে, কাজেই এটা সারেপটিসাসলি পাশ না করে পাবলিক-এর কাছে সারকুলেশান ওয়া হোক এটাই হাউসের কাছে ডিমান্ড করছি, তাই আমি বলতে চাই প্রত্যেকটা জায়গাতেই সারকুলেশানের জন্য পাঠিয়ে দিন। সারকুলেশানের জনমত দেখা যাবে। জনমত নিশ্চয়ই দরকার। জনমতের জন্য এতে বিশেষ

প্রয়োজন আছে। কারণ, যারা ট্যাক্স দেবে তাদের মত জানা দরকার। আমরা জানি ১ পয়সা ট্রাম ভাড়া বাড়ানোর জন্য বাঙলাদেশে বিরাট আন্দোলন হয়ে গেছে। হাজার হাজার, কোটি কোটি চাষীর উপর এই বিরাট ট্যাক্স চাপিয়ে দেওয়া হবে অথচ বাঙলাদেশের চাষী—গরীব লোক তারা জানতে পারবে না, এটা হতে পারে না। কাজেই আমি বিশেষ করে আপনার মাধ্যমে বলতে চাই যে, উনি এসেছেন একটা রুরাল কনস্টিটিউয়েন্সি থেকে তার কনস্টিটিউয়েন্সিতে আমরা অন্তত জানিয়ে দিতে পারবো যে তিনি এখানে এসে কি আরম্ভ করেছেন, অর্থাৎ গ্রামের লোকেদের যে মারার যন্ত্র, সেই মারার যন্ত্র ব্যবহার করবার তিনি চেষ্টা করছেন, অথচ যারা বড়লোক, তাদের উপর কোন ট্যাক্স চাপাবার কথা তিনি ভাবছেন না, কাজেই, আমি বলতে চাই এ বিলটা একটু সিরিয়াসলি বিবেচনা করা উচিত, এবং এটা সারকুলেশানের জন্য পাঠান হোক।

Shri Shamsuddin Ahammad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বর্তমান অর্থমন্ত্রী যখন অর্থমন্ত্রী হন নি, তখন পলাশীর বাজারে চাষীরা সাবান কেনে দেখে তিনি বিস্মিত হয়েছিলেন এবং সেই বিস্ময় তিনি আমাদের এই সভায় প্রকাশ করেছিলেন, আজ তিনি তাঁদের সেই সাবান কেনা থেকে বঞ্চিত করবেন এটা স্থির করেই তিনি অর্থ দপ্তরের ভার গ্রহণ করবার পর দেখা যাচ্ছে যে, আমাদের আর্থিক আয় বাড়ানোর যে পথ তিনি গ্রহণ করেছেন তার প্রথম নমুনা গরীব লোকের উপর দিয়েই শুরু করেছেন। আমরা এ কথা বুঝতাম যে, তাঁর মন্ত্রী জীবনের বাইরেও আর একটা দিক আছে সেখানে তাঁর যাঁরা বন্ধুবান্ধব, তাঁদের সংগে তাঁর প্রচন্ড হৃদ্যতা আছে, তাঁদের অর্থের দিকে নজর দিয়ে যদি কোন আইন এখানে আনতেন, তাহলে নিশ্চয়ই আমরা তাঁকে সাবাস জানাতাম। কিন্তু যাঁরা তাকে এখানে পাঠিয়েছেন, নজরটা তিনি গোড়ার দিকে অর্থাৎ সেখানেই দিয়েছেন, সেই তাদেরই স্ট্যাম্প-এর জন্য টাকা দিতে হবে। গ্রামাঞ্চলে আপনি নিশ্চয়ই জানেন, যে লেনদেন হয়, তার মূলে অর্থনীতির কেন্দ্র হচ্ছে জমি। এই জমিকে কেন্দ্র করেই তাদের রুজি-রোজগার সবকিছু আহরণ করে থাকে, এবং এখনও তাদের দলিলপত্র এবং কাজকর্ম সবই ভূমিকেই কেন্দ্র করে হয়।

[1-10—1-20 p.m.]

যখন একটা লোক তার জীবিকার একমাত্র জমি বিক্রয় করতে চায় তখন নিশ্চয়ই ধরে নিতে পারি যে, সে শখ করে করেনি, বা ব্যবসাদারী করবার জন্য করেনি, নিতান্ত বাধ্য হয়েই বিক্রয় করে। আর সেই ভূমি বিক্রয় করার জন্য যদি রাজস্ব দিতে হয়, নিশ্চয়ই সেটা ক্ষোভের কারণ হবে এবং আমরা সেটা সমর্থন করতে পারি না। তবে সেই অনুপাতে কোন ভাল কাজ করার জন্য নিশ্চয়ই গরীব লোকরা তাদের ন্যায্য যা দেয়, তা তারা দিতে রাজী আছে, যদি দেখে যে সমানভাবে ত্যাগ স্বীকার করছে আমাদের অর্থমন্ত্রী এবং কোট-প্যান্ট-নেকটাই পরা ব্যাঙ্কের বাবুরাও। তাহলে নিশ্চয়ই মানতে পারি যে, যে কর ধার্য হচ্ছে তা দিতে তারা রাজী আছে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, সেদিকে তাদের নজর যাচ্ছে না, যদিও সেখানকার লোকের সংগে রক্তের মিল আছে, চেনা-জানাশুনা আছে এবং আমাদের চেয়ে তাদের বেশীরকম আছে যে তাদের দেবার ক্ষমতা আছে, সেটা তারা ভাল করে জেনেও সেদিকে নজর রাখছেন না। যাদের সংগে অল্প পরিচয়, তাদের শোষণ করবার জন্য প্রথম অর্থমন্ত্রী হিসাবে তিনি যে কর নির্ধারণ করেছেন বা কর বাড়াবার জন্য যে বিল আমাদের সামনে রেখেছেন, তা আমরা সমর্থন করতে পারি না। এতে বাংলাদেশের গরীব চাষীদের তাব বিরুদ্ধে যে বিক্ষোভ ও অভিশাপ জমা হয়ে আছে, সেটা তারা নিশ্চয়ই দেখাবেন এবং কাজকর্ম নিশ্চয়ই করবে না।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নূতন অর্থমন্ত্রী এই যে বিল উত্থাপন করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। আমি তাকে অনুরোধ করছি যে, তিনি নিজে যখন এই বিল মুভ করবার সময় তার প্রাথমিক ও প্রারম্ভিক মুখবন্ধে যে কথাগুলি বলেছেন, তার বক্তব্যের সংগে সম্পূর্ণ সঙ্গতি স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে আছে কিনা আমি তাঁকে একটু বুকে হাত দিয়ে মিলিয়ে দেখতে বলছি। কোথায় স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলা হয়েছে আজকে দেশের ন্যাশনাল ইমার্জেন্সির জন্য আমাদের ফান্ড দরকার, অতএব এটা করতে হবে। আমরা বুঝতাম, যদি আপনারা দেশের দুর্দিন দেখে—অবশ্য দেশে দুর্দিন নিশ্চয়ই দেখা দিয়েছে—এই রাজস্ব বৃদ্ধি করতে চাইতেন এবং তার জন্য নূতন কর ধার্য

করতে চাইতেন, সেই অ্যাটিচিউড যদি নিতেন, তাহলে বুঝতে পারতাম। আপনারা এখানে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলা হয়েছে যে, কনজার্ভেশনের জন্য যেটুকু হার বৃদ্ধি হয়েছে সেটুকুই আমরা করছি। আর কি বলেছেন, আরো বলেছেন ভারতবর্ষের সমস্ত প্রদেশের মধ্যে যদি একটা তুলনামূলক আলোচনা করা যায় স্টাম্প ডিউটি সম্বন্ধে, তাহলে দেখতে পাবেন যে, পশ্চিমবঙ্গে তা সবচেয়ে কম। আমি অর্থমন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি তিনি যদি স্ট্যাম্প ডিউটি এবং বিভিন্ন ডকুমেন্টের উপর ট্যাক্স যা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে দেওয়া হয় তার যদি তুলনামূলক আলোচনা করে দেখেন, তা হলে তার বিবেক দংশন করবে। কেননা, পশ্চিমবঙ্গে যে বাড়ান হচ্ছে তার কারণ, স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ যা দেওয়া হচ্ছে সেটা একেবারে সম্পূর্ণ সত্য নয়। তার কারণ, আমি বলতে চাই, আপনারা বলেছেন পশ্চিমবঙ্গে সবচেয়ে হার কম, এই স্টেটমেন্ট ভুল। যেমন একটা উদাহরণ দিতে চাই, তিনি বলেছেন, আমি ক্লজ ১৭ আর্টিকেল ১৯-এর প্রতি তার দৃষ্টি আকর্ষণ করতে চাই,

in Article 32 for the words "Rupees Twenty" the words "Rupees Thirty" shall be substituted.

তিনি যদি বলতে চান যে বাংলাদেশের হার সবচেয়ে কম, তাহলে সেটা ভুল হবে। তাকে স্মরণ করিয়ে দিতে চাই, তাঁর নিজেরও এ সম্বন্ধে জ্ঞান আছে, বম্বে, মাদ্রাজ ও উত্তরপ্রদেশে এর চেয়ে হার কম। তিনি যেখানে ৩০ টাকা করতে চান, আমি সেখানে বলতে চাই, সেখানে মাদ্রাজ এবং উত্তরপ্রদেশের হার হচ্ছে ১২·৫০।

যেখানে সাড়ে বারো টাকা মাদ্রাজ, পাঞ্জাব, উত্তরপ্রদেশে স্টাম্প ডিউটির হার, সেখানে উনি সেটা বাড়িয়ে করছেন ত্রিশ টাকা। তাহলে এটাও কনজার্ভেশনের ফলে কি এই ত্রিশ টাকা হচ্ছে? তিনি সোজা কথায় বলুন টাকা বাড়াব। এইসমস্ত ছলনার-ক্যামুফ্লেজের কেন আশ্রয় নিচ্ছেন? এই ক্যামুফ্লেজগুলি কেন অবলম্বন করছেন? আমি এই ট্রীকসগুলি একদম বুঝি না। এই-রকম ভাবে আগাগোড়া তিনি এইরকম করছেন। আমি আমাদের এমন কি কংগ্রেস দলের মাননীয় সদস্যদের কাছে আবেদন করবো, আজকে এই বিল আলোচনা করবার সময় যে, তাঁরা একটা বিল পাশ করতে যাচ্ছেন, ফিস্ক্যাল স্ট্যাটিউট-এর মধ্য দিয়ে আমরা ট্যাক্স বসাতে চলেছি, এই হাউসের অন্যান্য যাঁরা সদস্য আছেন, তাঁদেরও জানা উচিত যে বিল আমরা পাশ করতে চলেছি তার কি কনসিকোয়েন্স হচ্ছে, কি হারে তাদের আনুমানিক বা হারাহারি ট্যাক্স বা কর বাড়ছে সেটা তাঁদেরও জানা উচিত। মাননীয় অর্থমন্ত্রীর উচিত ছিল আজকে এই হাউসের কাছে একটা কম্পারেটিভ টেবল উপস্থিত করা এবং সেখানে দেখান, সত্যি সত্যি কোন্ কোন্ জায়গায়, কোন্ কোন্ হারে স্টাম্প ডিউটির বেলায় বাংলাদেশে কম এবং উত্তরপ্রদেশে এর চেয়ে বেশী, এবং

Similarly circumstanced people are paying more in Uttar Pradesh, Maharastra, Madras and other States whereas in West Bengal all those who are similarly circumstanced are chary of paying more. Let him make a statement. It is a camouflage; it is a trick; and under the camouflage he is wanting to raise revenue.

দ্বিতীয়তঃ, আমাদের বন্ধু শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয় একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন, স্টাম্প ডিউটি সম্বন্ধে, অরিজিন্যাল সাইডে কোর্ট ফী-র কথা বলেছেন। সেটা এখানে অপ্রাসঙ্গিক হবে না, আমি মাননীয় শঙ্করদাস ব্যানার্জীকে জানাতে চাই; অবশ্য আমরা জানি তিনি আইন-ব্যবসায়ে একটা বিশেষ শিখরে উঠেছিলেন এবং যে শ্রেণীর মধ্যে তিনি ছিলেন, সেই শ্রেণী সম্বন্ধে তিনি সচেতন। গত বাজেট অধিবেশনে এ সম্বন্ধে আমার বক্তব্য বলেছিলাম। কিন্তু আমি তাকে জিজ্ঞাসা করি, ওর ক্লাস ইন্টারেস্টের এগেনস্টে একটু দাঁড়ান। আমি বলতে চাই যে, বোম্বেতে মুখ্যমন্ত্রী একদিন ছিল বি জি খের। পরলোকগত কংগ্রেস নেতা অত্যন্ত শ্রদ্ধাভাজন নেতা ছিলেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, তিনি ছিলেন বোম্বের একজন খ্যাতনামা এ্যাটর্নী। বোম্বে রাজ্যের তিনি যখন শাসনভার নিয়েছিলেন, তিনি বলেছিলেন বোম্বেতে ডুয়েল সিস্টেম তুলে দেব। সেইদিনকার বিশিষ্ট আইনজীবী যেমন আছেন, মুন্সী-সাহেব ও অন্যান্য আইনজীবী যাঁরা, অরিজিন্যাল সাইডে প্র্যাকটিস করতেন বোম্বে হাইকোর্টে, তাঁরা বলেছিলেন এটা হয় না, এটা হওয়া উচিত নয়। মনে রাখবেন যে ব্যক্তি সত্যি সত্যি

অ্যাফেকটেড হতে চলেছিলেন পেশাগতভাবে, স্বর্গতঃ শ্রদ্ধেয় বি জি খের বিখ্যাত এ্যাটর্নী ছিলেন, তিনি মহাত্মা গান্ধীর কাছে পর্যন্ত গিয়ে বলেছিলেন, বাপুজী, আপনার কাছে এসেছি—
I am appealing to you to utilise your influence and to compel the State Government to abolish duel system in Bombay.

এ আমি গল্প করছি না—বোম্বের ঘটনা। আজকে বাঙলাদেশে আমরা তাকে অনুরোধ করছি—কলকাতা হাইকোর্টের অরিজিন্যাল সাইডে—
Let section 3 of the Court Fees Act
be amended and the Court Fees Act be made applicable to the Original Side.

তাহলে লক্ষ লক্ষ টাকা আপনারা পাবেন। আপনাকে অনুরোধ করছি, আপনি স্মরণ রাখবেন যে, কলকাতা হাইকোর্টের অরিজিন্যাল সাইডের যে জুরিসডিকশান, সেটা আর্টিফিসিয়ালী করে দেওয়া হয়েছে, সেই দেড়শ বছর আগে ইংরেজ করে গেছেন ; আজও আমরা সেটা মেনে নিচ্ছি। সেই জুরিসডিকশানের মধ্যে সিটি কোর্টের একজন লোক, একজন ব্যবসাদার, মধ্যবিত্ত ব্যবসায়ী, যে দশ হাজার টাকার দাবী দিয়ে মামলা করতে গেলে তাকে অ্যাডভান্স কোর্ট ফী দিতে হবে। আর একজন ধনীর দুলাল তার মানহানির মামলার জন্য দাবী করে অরিজিন্যাল সাইডে সাড়ে সাঁইত্রিশ হাজার টাকার স্যুট ফাইল করেছে। সাড়ে সাঁইত্রিশ হাজার টাকার ইন্টারেস্ট, কস্ট, এই-রকম ধরনের ডিসক্রীমিনেশান কখনো কোন সমাজ টলারেট করতে পারে না, যেটা আমাদের দেশে হচ্ছে। তিনি আজ যদি রাজ্যের রেভিন্যু বাড়াতে চান, তাহলে যেসমস্ত জায়গা থেকে বাড়ান যায়, সেটা করুন। যেসমস্ত লোক আজ অত্যন্ত করভারে জর্জরিত, তাদের উপর তিনি আজ এইভাবে ট্যাক্স বসাতে যাচ্ছেন। আমি তাঁকে অনুরোধ করছি, এ একটা ফিস্ক্যাল স্ট্যাট্যুট, এই-ভাবে তাড়াহুড়ো করে এমার্জেন্সীর নামে এবং লোকের মনেতে সুড়সুড়ি দিয়ে এইরকম একটা গুরুত্বপূর্ণ বিল তিনি পাশ করে নিতে চাচ্ছেন। আমি তাকে বলছি যে, রাজ্যে যা আমাদের রেভিন্যু আছে, সব কাজে ব্যয় করবার জন্য আমি মনে করি ; আজকে আমরা দেখতে পাচ্ছি, ৫০ লাখ টাকা করে এতদিন ঐ ডীপ সি ফিশিং-এর নাম করে আমরা গত কয়েকবছর নষ্ট করেছি। আজকে যে সেলস এম্পোরিয়াম হচ্ছে, আরো বিভিন্ন দপ্তরে শিল্পদপ্তর, কৃষিদপ্তর ও কো-অপারেটিভ ডিপার্টমেন্টে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা অপব্যয় হচ্ছে। আর দুর্নীতির ফলেও আমাদের অপব্যয় হচ্ছে, সেগুলি বন্ধ করলে আপনাদের রাজস্বের যে ঘাটতি, সেটা বন্ধ হবে। সুতরাং এই যে স্ট্যাম্প ডিউটি, এটা সংশোধন করবার নাম করে যে কর বাড়াচ্ছেন, আমি জানতে চাই এটা তিনি বলুন এতে করে বাঙলাদেশে অ্যাপ্রক্সিমেটলি তিনি কয় লক্ষ বা কয় কোটি টাকা তিনি পাবেন? এবং তার পরিমাণ কত, যাতে তা ন্যাশন্যাল এমার্জেন্সীতে কাজে লাগাতে পারবেন? সেটা তিনি বলুন। এইরকম একটা ভেগ স্টেটমেন্ট আমরা আশা করি নি তাঁর কাছ থেকে। তিনি একজন আইনজীবী, তাঁর কাছে আমরা এই আশা করবো যে, তিনি ফ্যাক্টস আমাদের হাউসের সামনে রাখবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা বার বার বলতে চাই, আমি অন্যান্য সদস্যদের সংগে একমত যে, এই ধরনের একটা প্রস্তাব বা বিল এইভাবে পাশ করা উচিত নয়। আমি কংগ্রেস দলের সদস্যদের কাছেও আবেদন করবো—তারাও এসম্পর্কে বিবেচনা করে দেখুন এইরকম একটা বিল শুধুমাত্র ভোটের জোরে পাশ করাতে কি বিপজ্জনক পরিস্থিতি দাঁড়াতে পারে, এবং তাঁরাও অন্তত অর্থমন্ত্রীর কাছে দাবী করুন, আমরা যে বিল পাশ করতে চলেছি —বাঙলাদেশে হার কম এবং অন্যান্য প্রদেশে স্ট্যাম্প ডিউটি আমাদের চাইতে বেশী—এটা সত্য নয়। তাঁর কাছে একটা শর্ত তাঁরা আদায় করুন। এইরকম স্টেটমেন্ট না দিয়ে আন্দাজে আজকে একটা টাকার দরকার বলে এই বিল পাশ করতে যাওয়া উচিত নয়, এই বিল সার্কুলেশানে দিয়ে জনমত নিয়ে এটা করা উচিত।

[1-20—1-30 p.m.]

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার স্যার, কম্যুনিস্ট সদস্য শ্রী মনসুর আমেদ ও কাশীকান্ত মৈত্র মহাশয় যে কথা বলেছেন, আমি তাদের অনেক জায়গায় সমর্থন করি। গরীবের উপর যাতে ট্যাক্স না বাড়ে এবং পেটের দায়ে যারা জমি বিক্রয় করতে বাধ্য হচ্ছে, তাদের উপর যাতে ট্যাক্স না বাড়ে, সেদিকে

রকারের দৃষ্টি দেওয়া দরকার। যারা বড়লোক, যারা ট্যাক্স ফাঁকী দেয়, যেটা কম্যুনিস্ট সদস্য বললেন, সেদিকে বিশেষ নজর দেওয়া দরকার, তাহলে অনেক বেশী টাকা পাওয়া যাবে। যেমন ধরুন, পাঁচ লাখ টাকার সম্পত্তি, দু-লাখ টাকা বলে চালান হয় এবং সরকারকেও সেইভাবে খরিদ করতে হয়। এটাই হচ্ছে নিয়ম। কলকাতার হাইকোর্টে বা অন্যান্য জায়গায় বলুন, সর্বত্র এই-রকম নিয়ম চালু হয়ে আসছে। একজন বড়লোক যে দাম দেয়, সেই দামের উপর স্ট্যাম্প কেনে না। আমার মনে হয় সরকারের উচিত প্রতিটি ক্ষেত্রে, যেখানে বড় বড় ট্র্যানজাকশান হয়, ১ লাখ বা ৫০ হাজার টাকার উপর, সেগুলির সম্পর্কে ইন্সপেক্টার দিয়ে এনকোয়ারী করা দরকার যে, অ্যাকচুয়ালি কত টাকার সম্পত্তি। এ হলে অনেক টাকা আয় সরকারের বাড়বে। যেমন ধরুন, উদাহরণস্বরূপ আমি বলছি ওদের কথায় স্বাধীনতা প্রেস, যার দু-লাখ টাকা দাম, দেখা গেল পঞ্চাশ হাজার টাকায় সেটা বিক্রি করে দিয়েছেন বুর্জোয়া নেতারা, এখন জেলখানায়, আর লাহিড়ী মহাশয় এখানে বসে কলা চুষছেন। দু-লাখ টাকার সম্পত্তি ৫০ হাজার টাকায় কেন বিক্রি করলো! সেজন্য আমি বলি, এদিকে সরকারের তীক্ষ্ণ দৃষ্টি দেওয়া দরকার। ইন্সপেক্টার রেখে এগুলি এনকোয়ারী করলে দেখা যাবে কয়েক কোটি টাকা সরকারের ট্যাক্স বাবত আয় বাড়বে।

I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1963.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি সম্বন্ধে কিছু কিছু সদস্য বিস্তারিত আলোচনা করেছেন, আমি আর খুব বিস্তারিতভাবে না বলে, আমি শুধু শঙ্করবাবুকে গুটিকতক প্রশ্ন জিজ্ঞাসা করবো। সেটা হচ্ছে—আপনি অর্থমন্ত্রী হয়ে বসবার পরে কি এই নীতি গ্রহণ করেছেন যে, কি ভাবে আবার জনসাধারণকে ক্লিপ্ত করা যায়, আবার জনসাধারণের পকেট কাটা যায়? আমি এটা স্পষ্টভাবে তাঁকে জিজ্ঞাসা করতে চাই। (এ ভয়েস--পকেট কাটা যায়?) হাঁ, তার কারণ, তিনি অর্থমন্ত্রী হবার পর আমরা এই সেসনে দেখছি দুটো মানি বিল এসে গিয়েছে। মানে ট্যাক্সেশান বিল। তার একটা হচ্ছে, স্ট্যাম্প অ্যামেন্ডমেন্ট বিল, আর অপরটা হচ্ছে Motor Vehicles (Amendment) Bill.

তার মানে স্ট্যাম্প অ্যাক্ট, এই স্ট্যাম্প বিল আনবার সময় তিনি যে স্টেটমেন্ট অফ রিজনস দিয়েছেন, তা থেকে স্বতঃই মনে হয় এটা একটা কনভারসন অফ কয়েনেজ ছাড়া আর বিশেষ কিছু নয়। তারপরে শেষ লাইনে বলেছেন রিভিশান, এই রিভিশানটা কি? অ্যাডভোকেটস্‌দের ফিস ছাড়া, যেটা ৭৫০ টাকা ছিল, সেটা ২৫০ টাকা করা হয়েছে। সেটা করুন। কিন্তু, এ ছাড়া প্রত্যেকটি ব্যাপারে রেট বাড়িয়েছেন।

কোলিগসদের প্রতি তাঁর এত দয়া, রেটস কমিয়ে দিয়েছেন, কিন্তু দরিদ্র দেশবাসীর উপর তাঁর এত দয়া হঠাৎ হল কেন! তিনি বলেছেন, আমাদের একথা স্মরণ রাখা দরকার, সেকেন্ড এবং থার্ড প্ল্যান ফাইন্যান্স করার জন্য টাকার প্রয়োজন। সেজন্য তাঁরা এভাবে স্ট্যাম্প ডিউটি বাড়াচ্ছেন। কত টাকা তাঁরা স্ট্যাম্প ডিউটি বাড়ানোর জন্য পাবেন সেকথা শঙ্করবাবু বলেন নি, তবে সংবাদ পত্র মারফত আমরা যেটুকু জানতে পেরেছি ৯৫ লক্ষ এক কোটি ধরা যেতে পারে। এখন আমার জিজ্ঞাসা হচ্ছে, আমাদের কান্ট্রিতে আজকে যখন এই অবস্থা রয়েছে, যখন জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছে, যখন আমাদের দেশের উপর শত্রু আঘাত হেনেছে, যখন সমগ্র দেশকে ঐক্যবদ্ধ করবার জন্য আমাদের প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতি আহ্বান জানিয়েছেন এবং সমস্ত জাতি একমন ও একপ্রাণ হয়ে দাঁড়িয়েছে, তখন তাদের উপর এইভাবে ট্যাক্স করে তাদের মনোভাবের পরিবর্তন আনার চেষ্টা করার কি প্রয়োজন ছিল। এর দ্বারা সরকারের প্ল্যান-এর ফাইন্যান্স-এর দিকে কতখানি উপকারিতা হবে সেটা আমি সরকারকে এবং অর্থমন্ত্রীকে ভেবে দেখতে বলি। এটা ভেবে দেখবার বিষয় এই জন্য যে, আজকে প্ল্যান-এর কিছু কিছু ফ্রেমিং হচ্ছে, ডেভেলপমেন্টস-এ অনেককিছু কাট করা হয়েছে, বিভিন্ন ডিপার্টমেন্ট, এমন কি এডুকেশন ডিপার্টমেন্ট যেখানে ১২ কোটি ডেভেলপমেন্ট-এর জন্য দিয়েছিলেন, সেখানে ৬ কোটি টাকা দেবেন কিনা চিন্তা করছেন কাগজে যা দেখলাম, এবং মেডিক্যাল ও পাবলিক হেলথ ইত্যাদি সমস্ত জনহিতকর ডিপার্টমেন্ট-এর ডেভেলপমেন্ট-এর জন্য যা বরাদ্দ করেছিলেন, সেই বরাদ্দ কারটেল করেছেন—ঠিকই করেছেন—আমি মনে করি করা উচিত—আজকে আমাদের দেশের ভিতর শত্রু আঘাত হেনেছে, আজকে আমাদের স্বাধীনতা বিপন্ন, এবং স্বাধীনতা রক্ষা করবার জন্য সমস্ত দেশ সংঘবদ্ধ

হয়েছে, এমতাবস্থায় জনসাধারণের উপর এই ধরনের একটা ট্যাক্স করে তাদের মন ভেঙে দেওয়া কি উচিত হবে? তার পরিবর্তে আমরা কি পাব, সেটা চিন্তা করে দেখুন। এক কোটি টাকা পাব। এজন্য আমার মনে হয় ট্যাক্স করা উচিত নয়। আজকে আমরা মনে করেছিলাম এবার এসেম্বলীতে সরকারের বিরুদ্ধে বিশেষ কিছু বলব না, যতটা কম পারা যায় বলব, কিন্তু আজকে যখন জনসাধারণের উপর নতুন একটা ট্যাক্স করার প্রচেষ্টা করছে, তখন স্বভাবতই সরকারের বিরোধিতা ইচ্ছা না থাকলেও করতে হয় সাধারণ মানুষের স্বার্থের খাতিরে, দেশের স্বার্থের খাতিরে। এটা আমি অর্থমন্ত্রীকে চিন্তা করে দেখতে বলি যে, এই ধরনের বিল এনে আবার সাধারণ মানুষের উপর কর ধার্য করা উচিত কিনা।

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1963.

Shri Anadi Das:

মাননীয় অধ্যক্ষমহোদয়, একটা জিনিস আমার মনে হয়েছে এই বিল থেকে। অন্যান্য বহু বন্ধু আলোচনাপ্রসংগে বলেছেন যে, এই বিলে গরীবের উপর ট্যাক্স বসাবার একটা ব্যবস্থা হয়েছে। আজকে প্ল্যান সম্পর্কে বলা হয়, আমাদের টাকা চাই থার্ড প্ল্যান-এর জন্য, আমাদের আরো ৪০ কোটি টাকা তুলতে হবে। কিন্তু সেটা কি এভাবে তুলতে হবে গরীবের উপর ট্যাক্স বসিয়ে--এইটা আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাচ্ছি। সমস্ত প্ল্যান-এর য়্যাটিটিউট্ এর জন্য ইন্ফ্লেশনারী মেজারস্ যাতে না হয় দারিদ্রের উপর যদি ক্রমাগত ট্যাক্স পড়ে তাহলে সেগুলির পরোক্ষপ্রভাব আমাদের অর্থনীতির উপর এসে পড়ে এবং তার জন্য প্ল্যান-এর খরচ বাড়ে। সেদিক থেকে আমি বলি এই বিলটা যেন এভাবে না করা হয়। আমাদের অর্থমন্ত্রী রুর‍্যাল এরিয়া থেকে এসেছেন। গ্রামাঞ্চলের চাষীদের নিশ্চয়ই তাঁরা একথা বলেছেন যে আমরা কংগ্রেস পক্ষের লোক যদি ক্ষমতা পাই তাহলে তোমাদের অনেক খরচ কমিয়ে দেব। তিনি যদি তাঁর কনস্টিটিউয়েন্সি-তে নিজে গিয়ে সেখানকার গরীব চাষী এবং মধ্যবিত্তদের মধ্যে মিটিং করে তাঁদের মতামত নিতেন তাহলে দেখতেন এই বিলের বিরুদ্ধে তাঁর নিজের কনস্টিটিউয়েন্সির বহু লোক বাধা দিতেন। তারপর, যা বাড়লো সেটাও কম নয়, টুয়েন্টি-ফাইভ পারসেন্ট সবচেয়ে কম বেড়েছে, অনেক জায়গায় ফিফটি পারসেন্ট বাড়ান হয়েছে। আরেকটা কথা, অনেকের বাড়ীঘর চলে যাচ্ছে, অনেক জায়গা চলে যাচ্ছে, যে জায়গায় তারা হয়তো এখন কিছু কিছু করছে। এভাবে তাদের নিজেদের জমিতে বাড়ীঘর করবার সামর্থ্য থাকবে না। এমনিতেই জমির দর বেড়েছে বলে রেভেনিউ বহু টাকা পাওয়া যাচ্ছে। যে জমির দর ২০০ টাকা ছিল তার দর যদি ২০০০ টাকা হয়ে থাকে তার দরুন বহু টাকা এমনিতেই পাওয়া যাচ্ছে। তার উপর যদি ট্যাক্স বসান হয় তাহলে লোকের কত টাকা দিতে হবে? বিশেষ করে আজকের ইমারজেন্সি অবস্থায় যেখানে একজন গরীব লোককে, মধ্যবিত্ত লোককে ৩০/৪০ টাকা ট্যাক্স দিতে হত সেখানে যদি তাদের ৮০ টাকা দিতে হয় তাহলে তাদের কি মনে হবে? সরকারের বিরুদ্ধে জনসাধারণের মনে এই ধারণা হবে যে এটা ধনিক সরকার। আমাদের দেশ যখন আক্রান্ত দেশ যখন ইমারজেন্সি সিচুয়েশন আছে তখন যেন লোকের মনে এই ধারণার সৃষ্টি না হয় যে, এই ইমারজেন্সি অবস্থার সুযোগ নিয়ে তাদের উপর নতুন করে ট্যাক্স বসিয়ে দেওয়া হচ্ছে--এই মনোভাব যেন তাদের মধ্যে না আসে। কানাইবাবু ঠিক কথাই বলেছেন যে আজকে সমগ্র জাতি একমন ও একপ্রাণ হয়ে কাজ করবে--আমাদের সরকারের চরিত্র কি সেটা পরে দেখা যাবে। দলীয় রাজনৈতিক আন্দোলন করার সুযোগ পরে যথেষ্ট পাওয়া যাবে--আজকে এই সুযোগে দলের কথা আমরা বলব না। এই অবস্থায় এই রকম একটা বিল আনা উচিত নয় বলে আমি মনে করি এবং আমি অনুরোধ করব এই বিল প্রত্যাহার করা হোক, প্রত্যাহার না করা হলে কিছুদিনের জন্য এটা সারকুলেশন-এ দেওয়া হোক।

[1-30--1-40 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয় যখন বাজেট পেশ করা হয়েছিল তখন জোরগলায় একথা বলা হয়েছিল যে নতুন ট্যাক্স ধার্য করছেন না। বাজেট অধিবেশন হবার পরে নূতন ট্যাক্সেশন বিল দুটো আমাদের কাছে এসেছে, আরেকটা বিল যেটা পুরানো ছিল আজকে সেটা আবার আইনসিদ্ধ করার জন্য সরকার আমাদের সামনে নিয়ে এসেছেন। এখন এই যে বিলটা তার মধ্যে আমরা

াছি, গ্রামের সাধারণ মানুষ জমি বিক্রী করবে; অন্য কাজ করবে যেগুলি করতে গেলে স্ট্যাম্প ডিউটি দিতে হয়; সেই স্ট্যাম্প ডিউটি এখন বেড়ে যাবে। এই জায়গায় সরকার পক্ষ থেকে হয়তো া হবে যে, এতো আমাদের নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম বাড়ান হচ্ছে না, এটা স্ট্যাম্প ডিউটি। কিন্তু গ্রামের সাধারণ লোকের জমির সাথে নিবিড় সম্পর্ক, জমির সাথে তাদের সম্পর্ক নিবিড় হওয়ার দরুণ এই স্ট্যাম্প ডিউটি পড়ছে, অর্থাৎ তাদের দৈনন্দিন জীবনের াপারে যে জিনিস জড়িত তার উপর আজ এই ট্যাক্স বসছে এবং সেই ট্যাক্স গরীব মানুষকে তে হবে।

আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে বর্তমানে যে অবস্থা সেই অবস্থায় এটা যে রণে আনা হচ্ছে সেই কারণে এই স্ট্যাম্প ডিউটি এক বছর থাকবে না, বা ৬ মাস থাকবে না, ২ বছর থাকবে না এটা চিরকালের জন্য এসেছে। চিরকালের জন্য গরীব জনসাধারণের পর ডিউটি বা ট্যাক্স বাড়াবার এই যে পরিকল্পনা সেটা প্রত্যাহার করা উচিত। এর প্রতিক্রিয়া মাঞ্চলে যে কিভাবে দেখা দেবে সেটা জানা উচিৎ। এই জিনিষ যখন গ্রামের মানুষের কাছে াবে তাতে এটা তাদের জীবন ধারণের পক্ষে বিপদ সৃষ্টি করবে এবং তাদের মধ্যে একটা বিক্ষোভ দেখা দেবে। এই রকম ধরণের একটা বিল ২ ঘণ্টা বা আড়াই ঘণ্টার মধ্যে পাশ করাণোর ব চেষ্টা বা ৪ দিনের যে সেসন হচ্ছে সেই সেসনএর মধ্যে এই রকম ধরনের বিল যাতে নসাধারণের ট্যাক্স দিতে হবে সেই ট্যাক্স বাড়াবার বিল এই ৪ দিনের মধ্যে হঠাৎ করে পাশ রবার চেষ্টা করা উচিত নয় এবং এটা নিন্দনীয় বলে মনে করি। বাজেট যখন আসে তখন ঠিক থাকে না যে এখুনি কোথা থেকে আসবে গত বছর বাজেট এসেছিল এবং বাজেটের র আবার ট্যাক্স বাড়াতে হয়েছিল। এক বছর বাজেট চলে গেল এবং বছরের মাঝখানে আবার ২ ৩টি বিল চলে এল যে এই এই জিনিষের উপর ট্যাক্স বাড়বে এবং ট্যাক্সগুলি আবার দিতে বে। এই রকম ধরণের ব্যবস্থায় যে কোন বাজেট যখন তৈরী হয় তখন আমাদের আয়ের দক আর আমাদের ব্যয়ের দিক সম্পর্কে কেন আমরা চিন্তা করি না বা ভাবনা করি না, অথচ মেলা বড় বড় বই ছাপিয়ে দিই। তারপর দেখা যাচ্ছে একসেস এক্সপেনডিচার, তারপর াবার অ্যাপ্রোপ্রিয়েশন। সুতরাং যেকথা আমি আপনার মাধ্যমে বলতে চাই যে তাড়াহুড়া রে এই রকম ধরণের বিল পাশ করানোর চেষ্টা করা অত্যন্ত অন্যায় হবে। এই বিলের ফলে মাঞ্চলে জনসাধারণের জীবনে বিক্ষোভ আসবে। সেকথা এই বিলের সম্বন্ধে জনসাধারণের জানা উচিৎ এবং সেই কারণে এই বিল সার্কুলেট করা হোক এটাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব।

Shri Bejoy Kumar Banerjee: Sir, my opposition to this Bill is not ecause I do not appreciate the necessity of increasing our revenue specially uring this emergency but because the Bill is being rushed in a manner hich would affect a very large number of people of all classes. Sir, it is tated that the first notification was made only on the 13th December, 1962 nd today is 18th and we have got only two or three days' time, and we have een asked to consider the different relevant portions of this Bill and compare what enhancement should or should not be made; relating to other rovinces, how the matters stand, we have been asked to consider. We have pass this Bill because the Treasury Benches or the Government want the ill to be passed and the taxes or the duty should be enhanced. Sir, I fail understand how a responsible Assembly composed of the elected representatives of the people can increase the taxes or duties in this manner hich to say the least is objectionable. Sir, we have not been given any aterial to show that there is an urgency in this matter—to enhance the uty or the tax. It appears from the Statement of Objects and Reasons that ere is necessity for conversion to decimal coinage and all that. But have e compared as to what other provinces have done? Are we paying less an what other provinces are paying? There is nothing to show that cept what we have heard from te Finance Minister. Without materials, ithout any comparative charts, without giving any idea of the income, we e called upon to pass this Bill which would affect a very large number of

people, as I have already said. It is only fair—no matter to which party a member belongs—that every member should know about the Bill. Every one of us represents the people.

[1-40—1-50 p.m.]

Sir, how far it will affect the people we have not been given sufficient time to consider. Now, to consider the different aspects of this question I would appeal to the Hon'ble Minister to allow us time. I do not know whether there will be any effect of any speech delivered by any member of this House, not belonging to the majority party, which can influence the decision of the Hon'ble Minister. But I would say in all humility as I feel very strongly that a measure like this should not be passed in a hurry and in a manner in which it is sought to be passed today.

Sir, we have been given not only this Bill, but about 14 or 15 Bills have been presented and dumped together to be passed in a few minutes or a few hours' time. They may not affect the members of the House, but they will affect the people whom we represent here. But we have not been given any chance to read them, to study them or compare them or get all the relevant materials in connection with those Bills. What will be the effect of passing such Bills? We have passed one or two Bills but another 14 or 15 Bills are going to be passed soon. What is the good of discussing these Bills when it does not make any impression on the mind of the Hon'ble Minister? So, I would appeal to the Hon'ble Minister to agree to refer this Bill for eliciting public opinion.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I beg to move that the Jadavpur University (Amendment) Bill, 1962 be taken into consideration. I am just giving the reasons for this Bill. Now, Sir, for four or five reasons it is necessary to amend the Jadavpur University Act of 1955. The first reason is that the Government of India has suggested that now that the U.G.C. is making grants to the Universities there need be no representative of the Finance Department of the Government of India and it has been suggested by them that the item in the schedule which provides for the representation of the Finance Department of the Government of India should be deleted. On the other hand, the Union Ministry of Scientific Research and Cultural Affairs has agreed to our proposal that there should be a representative of that Ministry on the Jadavpur University. That is the reason, Sir, why the schedule is going to be amended by clause 7 of the Bill.

There is another reason, namely, the Jadavpur University gets pretty large grants from the State Government and the Accountant-General, West Bengal, has suggested that Jadavpur University accounts should be audited every year by an auditor appointed by the State Government. For that purpose also it is necessary to amend the Jadavpur University Act.

There is a third reason, viz., the financial year is not clearly defined in the Jadavpur University Act. The financial year according to which the Accountant-General, West Bengal, audits the different accounts is the official financial year, viz., from April to March. Therefore, this financial year is going to be introduced in the Act.

The fourth reason is that 'fund' has not been clearly defined in the Jadavpur University Act. Therefore, it is necessary to amend Section 12 of the Act and we have done that by Clause 5 of this bill.

The last reason is that so far as the constitution of the Jadavpur University is concerned, there is a provision that the President of the Jadavpur University and the President of the National Council should be different persons. But hitherto so long as Dr. Roy was alive, he filled both the posts—the post of the President of the Jadavpur University as well as the post of the President of the National Council. But, now, Sir, the situation has changed by the death of Dr. Roy and now the two posts may be filled by different persons. Therefore, it has been suggested that the President of the National Council can also be a member of the Jadavpur University.

These are the reasons which have necessitated amendment of the Jadavpur University Act.

Mr. Speaker: All the amendments are in order and I take them as moved.

Shri Shambhu Copal Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th of June, 1963.

Dr. Kanai Lal Bhattacharya: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1963.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহোদয়, আমি প্রথমে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে একটা বিশেষ অনুরোধ রাখতে চাই। অনুরোধটা হচ্ছে এই তিনি যে যাদবপুর ইউনিভার্সিটি বিলটা এনেছেন, তার

উপর আমি যে অ্যামেন্ডমেন্টগুলো দিয়েছি সেগুলি মূল প্রস্তাবের বিরোধী নয়। সেজন্য আমি তাঁকে অনুরোধ করবো যে তিনি যেন একটু ধৈর্য ধরে এই অ্যামেন্ডমেন্টগুলোর উপর ভালভাবে দৃষ্টি দেবার চেষ্টা করেন। তিনি যে চারটি কারণের উল্লেখ করেছেন সেই চারটি কারণের প্রথম হচ্ছে যে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী সেকশন ৪ সংশোধন করতে হয়েছে, এবং এতদিন পর্যন্ত যাদবপুর ইউনিভার্সিটি অ্যাক্ট-এ কোন রকম টিচার্স অ্যাপয়েন্টমেন্ট ছিল না। সেই টিচার অ্যাপয়েন্টমেন্ট-এর ব্যবস্থা তৈরী করবার জন্য নূতন সংশোধনী আনা হয়েছে। এতে কোন ফাইন্যান্সিয়াল ইয়ারের ডেফিনেসন ছিল না, এবং চতুর্থ হচ্ছে ইউনিভারসিটি ফান্ড সম্পর্কে। এই চারটি কারণের ভিত্তিতে যাদবপুর ইউনিভারসিটি অ্যাক্ট সংশোধন করা হয়েছে এবং আমাদের সামনে যে বিলটা রাখা হয়েছে সেখানে মূলত যাদবপুর ইউনিভারসিটি অ্যাক্টের সেকশান ৪ সংশোধন করা হয়েছে -সেকশন ৪, ৫, ১২ এবং ১৩, যে সংশোধনগুলি করে বিলটা এসেছে তাতে আমার খুব বেশী আপত্তি নাই এবং তিনি যে কারণগুলি রেখেছেন সে সম্পর্কে আমার বিশেষ কিছু বলার নাই। আমি মাননীয় মন্ত্রিমহাশয় সমীপে এই কথা নিবেদন করতে চাই যে, যখন ইউনিভারসিটি অ্যাক্ট সংশোধন করবার জন্য বিল আনা হোল এবং যে যে ধারার সংশোধন করার প্রস্তাব এখন এলো, তখন অন্তত একটু ব্যাপক দৃষ্টি কোণ থেকে আমাদের সেই সেই ধারাগুলি বিচার করা দরকার যেমন যাদবপুর ইউনিভার্সিটি অ্যাক্ট-এর সেকশান ৪ সংশোধন করে সেখানে যে নূতন সংশোধনী আনা হয়েছে, আমরা যদি আর একটু বৈজ্ঞানিক দৃষ্টি কোণ থেকে এই ধারা বিচার করি তাহলে দেখবো যে এই সংশোধনী আনার পরেও মূল ধারাটা অসম্পূর্ণ থেকে যায়, এবং সেজন্য আমি দু-তিনটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এই সংশোধনীতে আমি যে দৃষ্টিভঙ্গি এবং বক্তব্য রাখবার চেষ্টা করেছি তা হচ্ছে একটা গণতান্ত্রিক রাষ্ট্রে শিক্ষা ব্যবস্থাকে আদর্শ হিসাবে রূপায়িত করার ক্ষেত্রে শিক্ষক এবং অভিভাবকদের দায়িত্ব এবং কর্তব্য আছে। আমরা চাই যে রাষ্ট্রের শিক্ষার মূল নীতি নির্ধারণ করবেন সরকার এবং তাকে বাস্তবে রূপায়িত করবেন শিক্ষক সম্প্রদায়। এবং অভিভাবকেরা শিক্ষার জন্য উপযুক্ত সামাজিক পরিবেশ রচনা করতে সাহায্য করবেন। কিন্তু ৪নং ধারার যেখানে ইউনিভার্সিটি কমিটি গঠনের কথা আছে সেখানে অভিভাবকদের প্রতিনিধিত্বে কোন কথা নাই। শুধু মাত্র নীতি নির্ধারণের প্রশ্ন নয়। শিক্ষাকে ছাত্রদের মধ্যে একটা আদর্শ হিসাবে ফুটিয়ে তুলবার জন্য অভিভাবকদের সক্রিয় সহযোগিতার প্রয়োজন। মাননীয় শিক্ষমন্ত্রী মহাশয় এটা নিশ্চয়ই অস্বীকার করবেন না। আমরা যদি মনেকরি ছাত্রজীবন কেবল মাত্র কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ তাহলে আমরা ভুল করবো। ছাত্রজীবনের একটা দিকের উপর যেমন কলেজের অধ্যাপক এবং শিক্ষকদের একটা প্রভাব আছে তেমনি ছাত্রজীবনের আর একটা দিকের উপর অভিভাবকদেরও একটা বিরাট প্রভাব আছে এবং সেটাকে যাতে করে শিক্ষা ক্ষেত্রে উপযুক্তভাবে যাতে লাগানো যায় তার জন্য সর্বতোভাবে চেষ্টা করা দরকার। সেজন্য আমি চেষ্টা করেছি এই সংশোধনী মারফৎ যাদবপুর ইউনিভারসিটি কমিটিতে অভিভাবকদের ২ জন প্রতিনিধি নির্বাচিত করবার। কারণ এর মধ্য দিয়ে অভিভাবকদের প্রতিনিধিরা শিক্ষা ব্যবস্থাকে সুন্দরভাবে গড়ে তুলবার ক্ষেত্রে কার্যকরীভাবে সাহায্য করতে পারবেন। আমরা জানি অভিভাবকদের এই দায়িত্ব যদি সম্যকভাবে পালিত না হয় এবং তাঁদের এই সহযোগিতা যদি না পাওয়া যায় তাহলে বর্তমান শিক্ষা ব্যবস্থা কোন দিনই আদর্শস্থানীয় করে গড়ে তোলা যাবে না। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখবন্ধে প্রাথমিক শিক্ষার ব্যর্থতা সম্পর্কে বলা হয়েছিল যে এর জন্য অভিভাবকরাই মূলত দায়ী। কারণ, তারা তাঁদের ছেলেমেয়েদের স্কুল থেকে ছাড়িয়ে নেন। এই বলে অভিভাবকদের প্রতি যেখানে দোষারোপ করা হচ্ছে, সেখানে তাদের সহযোগিতা নেওয়া হচ্ছে না এটা অত্যন্ত দুঃখের কথা। সেজন্য আমি মাননীয় শিক্ষমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই বলে যে তিনি যেন অন্তত চেষ্টা করেন অভিভাবকদের প্রতিনিধিদের কমিটিতে নেবার জন্য। দ্বিতীয় প্রশ্ন আমি যেটা রেখেছি, পশ্চিমবঙ্গ কলেজ এবং শিক্ষক সমিতির প্রতিনিধি এই ইউনিভার্সিটি কমিটিতে নেওয়া হোক। যাদবপুর বিশ্ববিদ্যালয় যে শিক্ষা-ব্যবস্থা গড়ে তোলার কাজে ব্রতী, তার সাথে বাংলাদেশ বা ভারতবর্ষের শিক্ষাব্যবস্থার কোন যোগ থাকবে না এই রকম যদি আমরা ধারণা করে থাকি তাহলে শিক্ষা সম্পর্কে আমরা ভুল ধারণা পোষণ করবো -যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সাথে সমগ্র পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা তথা ভারত-বর্ষের শিক্ষা ব্যবস্থা ওতপ্রোতভাবে জড়িত থাকতে বাধ্য। ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থা যাদবপুরে

বিদ্যালয়ের ক্ষেত্রে প্রতিফলিত হবে এটা স্বাভাবিক এবং বাংলা দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও প্রতিফলিত হতে বাধ্য। আমাদের এখানে ডব্লিউ বি সি ইউ টি এ নামে যে একটা প্রতিষ্ঠান আছে যেটা আমরা সকলেই জানি এবং যেখানে নানা গুণীজনের সমাবেশ হয়েছে। তাঁরা ভারতবর্ষের বিভিন্ন শিক্ষা সমস্যা সম্পর্কে ওয়াকেবহাল। আজ ভারতবর্ষে সাধারণভাবে শিক্ষা ব্যবস্থার পুনর্গঠনের যে পরীক্ষা চলছে এবং পরীক্ষা গ্রহণ করবার ব্যাপারে নূতন পদ্ধতি প্রবর্তনের যে চেষ্টা চলছে তা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা ক্ষেত্রেও কাজে লাগানো যেতে পারে যদি আমরা ডব্লিউ বি সি ইউ টি এ-এর প্রতিনিধিদের এই কমিটিতে নেবার ব্যবস্থা করতে পারি।

[3-30—3-40 p.m.]

এ ছাড়া অন্যান্য সেকসান বা অন্যান্য ধারাতে যে সমস্ত সংশোধনী আমার আছে আমি সেগুলি যখন ক্লজ বাই ক্লজ আলোচনা হবে তখন বলবো। আমি ইতিমধ্যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আর একবার অনুরোধ করছি যে, এই বিলটাকে যাতে আমরা পারফেক্ট রূপ দিতে পারি সেই চেষ্টা তিনি করুন। সেজন্য আমার সাজেসশনগুলি বিবেচনা করে তিনি গ্রহণ করলে এই বিলটিকে আমরা পূর্ণাঙ্গ রূপ দিতে পারবো।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিল সম্বন্ধে আমাদের বিরোধিতা নেই, আমার এ সম্বন্ধে বক্তব্য হচ্ছে এই যে, যখন যাদবপুর ইউনিভার্সিটি তৈরী হয় তখন আমরা সর্বান্তঃকরণে সমর্থন করেছিলাম, এখন আমরা মনে করি এটা উত্তরোত্তর উন্নতি করবার জন্য যে যে জিনিসগুলি করা উচিত বলে মনে করেন সেগুলির প্রতি আপনি আমাদের আন্তরিক সহানুভূতি ও সমর্থন পাবেন। এর মধ্যে নূতন একটা জিনিস যা আমরা দেখছি সেটাকে আমি নিজে মনে মনে সমর্থন করি, এবং ভাল বলে মনে করি অর্থাৎ সেটাকে আপনি ইউনিভার্সিটিকে নিজে লোন নেবার অনুমতি দিয়েছেন। কারণ এ যুগে কোন একটা ইউনিভার্সিটি সরকার বা তার ছাত্রের মাইনের উপর নির্ভর করে উত্তরোত্তর বেড়ে যাবে এ সম্ভাবনাও কম এবং বিশেষ করে রাষ্ট্রের [illegible] যদি থাকে সেখানে এ রকম অবস্থায় এই ব্যবস্থাই করা উচিত। সারা ভারতবর্ষে [illegible] চারিদিকে [illegible] ইন্ডাস্ট্রি [illegible] সেখানে তাদের [illegible] এই ইউনিভার্সিটি যে সব [illegible] সেবা করে [illegible] উপর [illegible] ইউনিভার্সিটি [illegible] পারে [illegible] সে বিষয়ে আমাদের সকলের সমর্থন নিশ্চয়ই থাকবে। এ সম্বন্ধে আমি মনে করি এটা একটা সর্বপ্রকারের [illegible] পদক্ষেপ কারণ এই ইউনিভার্সিটি অনেকের নাম, ইংরেজ আমলে যখন ভারতবর্ষের মধ্যে [illegible] স্বাধীনতার জন্য [illegible] ইউনিভার্সিটির গোড়াপত্তন হয়েছে। সেজন্য সেদিন আমরা [illegible] সমর্থন [illegible] এবং এখনও সমর্থন করি। [illegible] বলছি যে [illegible] টাকা [illegible] নিশ্চয়ই অডিটার এ্যাপয়েন্ট করতে পারেন কিন্তু বিভিন্ন জায়গায় আমরা অনেক সময় দেখেছি ভাল প্রতিষ্ঠান নিজেদের সংগঠনে নিজেদের কৃতিত্বের উপরে যেখানে এগিয়ে চলেছেন সেখানে সরকারী হস্তক্ষেপের ফলে ক্ষতিগ্রস্ত হয়। আমি আমার বক্তব্য শেষ করবার সময় অনুরোধ করবো আপনার এখানে অডিটার নিয়োগ করবার সময় যে নীতি ঠিক করবেন সেটাতে যেন ইউনিভার্সিটির ক্ষতি না হয়, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Shambhu Gopal Das:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে আজকের এই দিনের শেষে যে বিল আনা হল—যাদবপুর ইউনিভার্সিটি আমেন্ডমেন্ট বিল, সে বিলের প্রতি আমার সম্পূর্ণ সমর্থন আছে, তবে বিলটা যেভাবে রচিত হয়েছে এই সভার একজন সদস্য হিসাবে আমি অধিকতর আনন্দিত হতে

পারতাম বিলটি ঠিক সেইভাবে রচিত হয় নি। ১৯৫৫ সালে যাদবপুরে ইউনিভার্সিটি অ্যাক্ট এখানে পাশ হয়েছিল তারপর আজকে ১৯৬২ সালে তার উপর অনেকগুলি সংশোধন আনা হয়েছে।

[3 40—3-50 p.m.]

এই প্রসঙ্গে আমি একথা বলবো যে কথা একটু আগে ফরোয়ার্ড ব্লকের অধ্যাপক শম্ভুচরণ ঘোষ মহাশয় বলেছেন। সংশোধনীগুলি আসার সময় সরকারের দৃষ্টি যদি আরো একটু প্রসারিত থাকতো তাহলে আমরা আরো কিছু কিছু জিনিস এর সঙ্গে পেতে পারতাম। এই ব্যাপারে অধ্যাপক ঘোষ যে সমস্ত পরামর্শ আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে দিয়েছেন আমারও সেই পরামর্শগুলি থাকলো। আমি আমার যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি এই বিলের উপর সেখানে বলছি যে, এই বিলটা সম্পর্কে জনমত সংগ্রহ করা হোক এবং তার জন্য ৩০এ জুন পর্যন্ত সময় দেওয়া হোক, এই যে অধিকার দেওয়া হয়েছে, যে জনমত সংগ্রহ করার জন্য বিলগুলি প্রচারিত হতে পারে। ১৯৫৫ সালে একটা বিল এসেছিলো কংগ্রেস তরফ থেকে। ১৯৬২ সালে তাকে সংশোধিত করতে হচ্ছে, এমন ২।১টা বিষয় আছে যেগুলো আগে ভেবে-চিন্তে যদি আনা যেতো তাহলে এত তাড়াতাড়ি সংশোধন আনতে হত না এবং হাউসের সময়ও নষ্ট হত না। জনমত সংগ্রহের জন্য কথাটা এই জন্য বলছি। সরকারকে দেখে মনে হচ্ছে আজকের দিনে শিক্ষার ব্যাপারটাকে তাঁরা যেন অগ্রাধিকার দিতে চাচ্ছেন না। কারণ দেখছি হাউসে যখন সবাই ক্লান্ত, কারুর কিছু শোনার ইচ্ছা নেই সেই সময় যাদবপুর ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে, জনসাধারণের কাছে গিয়ে যদি তাদের মতামত গ্রহণ করেন তাহলে আমাদের কাজের অনেক সুবিধা হয়। ডাঃ নারায়ণ রায় অর্থ-ব্যবস্থা সম্পর্কে কিছু বলেছেন, কলকাতার অতি কাছে যাদবপুর ইউনিভার্সিটি একটা পূর্ণাঙ্গ ইউনিভার্সিটি হয়ে গড়ে উঠেছে। এবং এর উত্তরোত্তর উন্নতি হবে কামনা করি। কিন্তু সমস্যা হচ্ছে অন্য রকম। আমরা উত্তরবঙ্গের ইউনিভার্সিটির কথা জানি, কল্যাণী ইউনিভার্সিটির কথা শুনেছি, এই সমস্ত ব্যাপারে দেশের মানুষের সামনে যে ছবি রাখা হয় সেটা যেন সব সময় স্পষ্ট হয়। এই বিলের মধ্যে একটা ধারা আছে, সেটাতে একটু যেন অশুভ লক্ষণ আমরা দেখতে পাচ্ছি সেটা হল এই যে, অ্যামেন্ডমেন্ট মারফৎ সরকার যাদবপুর বিশ্ববিদ্যালয়কে অধিকার দিয়েছেন যে, ইউনিভার্সিটির অ্যাসেট বন্ধক রেখে সিকিউরিটি রেখে দরকার হলে ধার কর্জ ইত্যাদি করতে পারবেন। এই জিনিস দরকার হলে যে করতে হবে সে বিষয় সন্দেহ নেই, কিন্তু এ কথার মারফৎ একটা জিনিস প্রমাণ হয়ে যাচ্ছে সেটা হচ্ছে যে দরকার হলে ইউনিভার্সিটির সম্পত্তি বন্ধক রেখে ইউনিভার্সিটি চালান যেতে পারে। এখানে আমার একটু বক্তব্য হল এই যে, সরকারের বিভিন্ন ব্যাপারে অনেক খরচ আছে এবং আমরা জানি যে, মাথাভারী শাসনব্যবস্থার জন্য কোন কোন ক্ষেত্রে আমরা এত অপচয় করি - বিশেষভাবে অ্যাডমিনিস্ট্রেশন-এর ক্ষেত্রে, যার কোন রকম তুলনা হয় না এবং শেষ পর্যন্ত ভুগতে হয় শিক্ষা প্রতিষ্ঠানকে। মাস্টার মহাশয়দের ভুগতে হয়, অধ্যাপকদের ভুগতে হয়। যেখানে সবচেয়ে গুরুত্ব দেওয়া দরকার তা দেওয়া হয় না। গণতন্ত্রের কথা আমরা বার বার উচ্চারণ করে থাকি, কিন্তু গণতন্ত্র কখনই সফল হতে পারে না যদি না আমরা শিক্ষা প্রতিষ্ঠানের দিকে বেশী জোর দিই। কাজেই ধারের পর্যায়ে যেন যাদবপুর ইউনিভার্সিটি না পৌছায়, সেদিকটা একটু চিন্তা করে দেখা দরকার। এই যাদবপুর ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, এর মধ্যে দেখছি কিছু ভাল চিন্তাও সরকার পক্ষ থেকে এসেছে। এই প্রসঙ্গে সরকার আর একটা জিনিসের দিকে নজর দিলে ভাল করতেন। আমি বিশেষ করে এই বিষয়ে শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যে সমস্ত ডিপার্টমেন্ট আছে তার মধ্যে একটা ডিপার্টমেন্ট হল ফিলসফি, সেই ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি কিছু বলতে চাই। বাংলাদেশের শিক্ষিত মানুষ, বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা, যাঁরা শিক্ষিত জগতের সঙ্গে যুক্ত আছেন, তাঁরা জানেন যে, এই ফিলসফি ডিপার্টমেন্টের অধ্যাপক নিয়োগ করা নিয়ে সেখানে কি রকম জুয়াখেলা চলেছে। সেখানে দীর্ঘদিনের অভিজ্ঞতা সম্পন্ন অধ্যাপক দরখাস্ত করে চাকরি পায় না। এই অধ্যাপক নিয়োগ করা নিয়ে সেখানে এক ষড়যন্ত্রমূলক ব্যবস্থা চলেছে। এর ফলে বাংলাদেশের জনগণের মনে যে প্রতিক্রিয়া, সে সম্বন্ধে সরকারের চিন্তা করা উচিত। আমি সেই জন্য আশা করবো সরকার এই

ও বিষয়ে নজর দেবেন। শিক্ষাসম্পর্কিত সমস্ত ভালো ব্যাপারে আমি সকল সময়েই কাজের সঙ্গে আছি এবং সেই কারণে এই অ্যামেন্ডমেন্ট বিলটিকে মোটামুটিভাবে সমর্থন দি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, a motion has been moved for the circulation of the Bill. It is a small Bill of 6 or 7 clauses, proposing to amend only a few sections. So, it is not necessary, we think, that it should be circulated. I may inform the honourable members that we consulted the Jadavpur University authorities. After consulting the Jadavpur University authorities we decided, rather we came to the conclusion which of the provisions of the Act needed amendment. It is after consultation with the University authorities that we have drafted this Bill. So, we do not think there is any necessity for circulating this Bill for eliciting public opinion. This small Bill should be examined by the Assembly and passed.

Sir, it has been argued that representatives of the guardians should be members of the University. That provision does not exist in any of the existing Acts of any of the Universities. That has not been provided for in the Burdwan University Act or any other University Act. In no recent Act you will find such a provision that the representatives of the guardians are members of the University. Sir, you know that recently the Calcutta University had to face a trouble in the election of representatives of the registered graduates. So, we do not think that the representatives of the guardians should be there. Surely, representatives of the guardians are there on the Managing Committee of the schools, but many of these schools are coming to grief because of difficulties in providing for the representation of the guardians. Sir, we do not want to introduce that difficulty in the constitution of a University. It is my answer to that point.

Dr. Narayan Roy has suggested that Government should not interfere with the administration of the University in any of its functions. Sir, the Government is only appointing an auditor. The auditor will check the accounts and he will report to the Accountant-General, West Bengal, not to the Government. Therefore, there can be no question of interference on the part of the Government so far as the administration of the Jadavpur University is concerned.

Sir, I think I have answered all the points. I oppose all the amendments.

The motion of Shri Shambhu Gopal Das that the Jadavpur University (Amendment) Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The other motion fell through.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the Jadavpur University (Amendment) Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 and 2.

[3-50—4 p.m.]

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 2A.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that after clause 2, the following new clause be inserted, namely:—

"2A. In section 2 of the said Act, the following clause shall be added after clause (f), namely:—(ff) 'student' means a student continuing his or her studies in the University or an institution.'

মিস্টার স্পীকার, স্যার, আমি যখন প্রথমে বিলের উপর আমার বক্তব্য রেখেছিলাম, তখনই আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, ইউনিভার্সিটিতে গার্জিয়ানদের রিপ্রেজেন্টেটিভ নেওয়া উচিত। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সংগে লক্ষ্য করলাম মাননীয় শিক্ষামন্ত্রী কয়েকটি সাধারণ অজুহাত দেখিয়ে প্রশ্নটি এড়িয়ে গিয়েছেন। তিনি বলেছিলেন, কোন ইউনিভার্সিটিতে গার্জিয়ানস রিপ্রেজেন্টেটিভ নাই। যেখানে আছে, সেখানে ঠিকমত পরিচালন ব্যবস্থা হয় না। সেই জন্যই ইউনিভার্সিটিতে গার্জিয়ানস রিপ্রেজেন্টেটিভ রাখার কথা তিনি চিন্তা করেন নি। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্নটি বিবেচনা করবার জন্য আবার অনুরোধ জানাচ্ছি। কারণ আমি দেখেছি ১৯৪৭ সালে যেখানে আমাদের দেশে শিক্ষিতের সংখ্যা শতকরা ১৪ জন ফোরটিন পারসেন্ট ছিল, লাস্ট সেন্সাস-এর পরে দেখা গেছে সেখানে টুয়েন্টি-ওয়ান পারসেন্ট এই শিক্ষিতের হার হয়ে গেছে। এই সংগে আর একটা লক্ষ্য করবার বিষয় এই যে, এতদিন বাংলাদেশে শিক্ষিতের সংখ্যা ও শিক্ষিতের হার প্রায় সমস্ত ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় বেশী ছিল, এ বিষয়ে ইউ পি-উত্তরপ্রদেশ আজ এগিয়ে গেছে। সেই কথা মাননীয় শিক্ষামন্ত্রী দেখেছেন, তাঁর স্মরণ আছে লাস্ট রিপোর্ট ইউ পি-র এই যে পার্সেন্টেজ তাতে তারা এগিয়ে যেতে পেরেছে। আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী যদি আরো ব্যাপক ও উদার না হয়, প্রাথমিক শিক্ষা ও উচ্চ শিক্ষা আজও যদি সরকার তাদের কুক্ষিগত করে রাখতে চায়, পুরোপুরি রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন রাখতে চায়, তাহলে বলি কি প্রাথমিক শিক্ষা, কি উচ্চশিক্ষা, সমস্ত ক্ষেত্রেই একটা প্রতিবন্ধক তারা সৃষ্টি করবে। আজ উচ্চশিক্ষার ক্ষেত্রে অভিভাবকদের প্রতিনিধিত্ব সম্পর্কে আপত্তি তোলা হয়েছে। আজ আপনারা স্বীকার করবেন গোটা শিক্ষাক্ষেত্রে এমন অবস্থা, যেটার রিপ্রেজেন্টেসনের কথা আমরা চিন্তা করি না। গ্রামের প্রাথমিক শিক্ষা যেখানে একজন মাত্র ইন্সপেক্টর অফ স্কুলস চালান, সেখানে সহরে প্রাথমিক শিক্ষা একজন অ্যাডমিনিস্ট্রেটর বা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান চালান, সেখানে অভিভাবকদের কোন রিপ্রেজেন্টেটিভ নাই।

Mr. Speaker: Mr. Ghosh you may speak on the amendments.

Shri Sambhu Charan Ghosh:

আমি অ্যামেন্ডমেন্ট কেন এনেছি, সেই সম্পর্কে শিক্ষামন্ত্রীর কাছে বক্তব্য রাখছি। আমি তাঁর কাছে রাখছি--স্কুলে নাই, কলেজে নাই, কোন ইউনিভার্সিটিতে না থাকলেও আমাদের সামনে যে ইউনিভার্সিটি বিল এসেছে, তার আলোচনা প্রসংগে আমার বক্তব্য মাননীয় শিক্ষামন্ত্রী পরিষ্কার করে বলুন, যে ইউনিভার্সিটি ছাত্র-অভিভাবকদের ইউনিভার্সিটিতে যদি স্থান দেওয়া হয় তাহলে কোথায় কি আমাদের অসুবিধা হতে পারে। অপরদিকে আমরা এর দ্বারা কোন সুবিধা পেতে পারি কি না? যদি অসুবিধা না হয়, তিনি প্রস্তাবটা মেনে নিন্; তাহলে আমার মনে হয় কোন আপত্তির কারণ থাকতে পারে না।

তারপর সেকশন ফোর-তে আমি আর একটা ক্লজ দিয়েছি। সেটা হচ্ছে,

One member elected by the West Bengal College and University Teachers' Association.

ওই সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীর কোন বক্তব্য শুনতে পেলাম না। এটা কোন দল বা দলের পক্ষ থেকে বলছি না। আমি বলছি—

West Bengal College and University Teachers' Association

এ অনেক জ্ঞানীগুণী মানুষ আছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আছেন, তাঁদের সহযোগিতা নিয়ে,

দের পরামর্শ নিয়ে আমরা ইউনিভার্সিটির শিক্ষাব্যবস্থাকে আরো সূচারুভাবে চালাতে পারবো। কাজেই এ বিষয়ে কোন আপত্তি থাকা উচিত নয়। আবার আমি অনুরোধ করছি— মন্ত্রীমহাশয় যেন এ বিষয়ে একটু বিশেষভাবে চিন্তা করেন।

সেকশন (ফাইভ)-তে যে অ্যামেন্ডমেন্টগুলি এনেছি তা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দেখেছেন কিনা জানি না। সেই অ্যামেন্ডমেন্টগুলি খুব বিরাট কিছু নয়, যেগুলি অনায়াসে তিনি গ্রহণ করে নিতে পারেন।

Section 5, clause (1) এ আছে 'The University shall have the following objects, viz. to provide for the teaching of and for training and instruction in all branches of engineering, technology, humanities and science and to make provision for research and the advancement, etc.' ".

আমি সেখানে রেখেছি টু মেক অল প্রভিসনস কাজেই এটা তিনি অনায়াসে গ্রহণ করতে পারেন। সেকশন ফাইভ, ক্লজ (ওয়ান)-তে আছে "টু মেক প্রভিশন ফর রিসার্চ"। আমি সেখানে বলেছি- "টু মেক অল প্রভিশনস ফর রিসার্চ" আমি আরও খানিকটা এমফেসিস দেবার চেষ্টা করেছি। তারপর সাব-সেকশন (ফিফটিন), সেকশন (ফাইভ) এ বলা হচ্ছে - University to make grant or advance to any affiliated Institution or for any purpose the University feels necessary.

অর্থাৎ ইউনিভার্সিটির অধীনে যে কোন অ্যাফিলিয়েটেড ইন্সটিটিউসনকে গ্রান্ট অফ অ্যাডভান্স দিতে পারেন। আমার অ্যামেন্ডমেন্ট এ আছে 'গ্রান্ট অফ অ্যাডভান্স' অথবা গ্রান্ট অ্যান্ড। অর অ্যাডভান্স। অর্থাৎ যদি মনে করি ভাল প্রতিষ্ঠান তাহলে তাকে গ্রান্ট দিতে পারি বা অ্যাডভান্স দিতে পারি, কিংবা একটার বদলে এক সংগে দুটো দিতে পারি। এইটাই আমি আমার অ্যামেন্ডমেন্টে রেখেছি। মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়কে আমি বিশেষ করে অনুরোধ করবো এই যে অ্যামেন্ডমেন্টগুলি আমি রেখেছি, তা অনায়াসে তিনি গ্রহণ করতে পারেন। তা যদি তিনি করেন, তাহলে এই বিল সম্পর্কে আমরা পরিষ্কার ধারণা নিতে পারি যে তিনি একটা ভাল উদ্দেশ্য নিয়ে এই বিল আমাদের সামনে রেখেছেন। তারপর সেকশন টুয়েল্ভ (বি)-তে তিনি অ্যামেন্ডমেন্ট এনেছেন। সেকশন টুয়েলভ"এ" সাব সেকশন (ফোর)-এর পরেতে দুটো, তিনটা নূতন ক্লজ যোগ করা হয়েছে। সেকশন টুয়েলভ"এ", সাব সেকশন (ফোর) সেখানে বলা হচ্ছে "The State Government may require the University to supply to it any information in regard to the accounts of the University and the University shall comply with such requisition."

আমি সেখানে বলেছি যে, স্টেট গভর্নমেন্ট নিশ্চয়ই ইউনিভার্সিটির কাছে তার অ্যাকাউন্ট চাইবে। স্টেট গভর্নমেন্ট ইউনিভার্সিটিকে সাহায্য দিচ্ছেন, তখন নিশ্চয় তার অ্যাকাউন্ট চাওয়ার অধিকার আছে। কিন্তু ভাষাটা এই রকম না রেখে

"The State Government may require the University to supply information" আমি রেখেছি—

"The State Government may request the University to supply to it any information in regard to the accounts of the University and the University will comply with such requests".

এটা আর একটু পোলাইট হয়। কারণ, স্টেট গভর্নমেন্ট ইউনিভার্সিটির কাছে যেটা অনুরোধ করবে, সেটা যাতে সে রক্ষা করতে পারে তার প্রতি লক্ষ্য রেখে এখানে একটা প্রভিশন রাখা উচিত। আমি এই ধরণের ছোটখাট অ্যামেন্ডমেন্টগুলি যা রেখেছি, আমার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয় অনায়াসে সেগুলি গ্রহণ করে নিতে পারেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, so far as the first point is concerned, I have replied to that question earlier. We do not think it necessary to provide for the representation of guardians. The representation of guardians of students is necessary in schools because all the students are minors there but, so far as the University is concerned,

the students are all major students and, therefore, the guardians of such students should not have any representation there. In fact, there is no such representation in any University. Then the next question raised is about the language of the Bill, viz. that the word "require" should be replaced by the word "request". Mr. Ghosh, in his amendment, has suggested that the University will comply with such request. But what if the University does not? He has not used the word "shall". Therefore, it is absolutely necessary to use the word "require". The University will be bound to supply the information. Why should not a University or any institution whatsoever which receives aid or grant from the Government supply any information required by the Government? We cannot understand that. (Dr. Kanai Lal Bhattacharya: Even if they do not, there is no penal section.) They will be bound to supply. The word "require" means that they will be bound to supply such information. Therefore, I do not think I should be well advised in accepting that suggestion. I oppose the amendments.

[4—4-10 p.m.]

The motion of Shri Shambhu Charan Ghosh that after clause 2, the following new clause be inserted, namely:—

"2A. In section 2 of the said Act, the following clause shall be added after clause (f), namely:—(ff) 'student' means a student continuing his or her studies in the University or an institution."

was then put and lost.

Clause 3

Shri Shambhu Charan Ghosh: I move that after clause 3(2), the following be added, namely:—

"(3) In section 4 of the said Act,—

(1) in sub-section (4), after clause (n), the following clauses shall be added, namely:—

'(o) two members elected by guardians of the students of the University;

(p) two members, elected by guardians of the students of the institutions, established, maintained or managed by or affiliated to the University;

(q) one member, elected by the West Bengal College and University Teachers Association.' "

The motion was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

New clause 3A

Shri Shambhu Charan Ghosh: I move that after clause 3, the following be inserted, namely:—

"3A. In section 5 of the said Act—

(1) in sub-section (1) for the words 'make provision' the words 'make all provisions' shall be substituted;

(2) in sub-section (15) the word 'or' shall be replaced by the words 'and/or';

(3) in sub-section (16) the word 'or' shall be replaced by the words 'and/or';

(4) in sub-section (21) the word 'and' be substituted for the word 'or',

The motion was then put and lost.

Clauses 4 to 7 and the preamble.

The question that clauses 4 to 7 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I beg to move that the Bill as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

THE BENGAL RAW JUTE TAXATION (AMENDMENT) BILL, 1962

The Hon'ble Sankardas Banerji: I beg to introduce the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill).

The Hon'ble Sankardas Banerji: I beg to move that the Bill be taken into consideration.

The metric system under the Standards of Weights and Measures Act, 1956, was introduced in the jute industry with effect from the 1st July, 1960 and it has already adopted the metric measures, i.e., measurement of weights in quintal which is equivalent to 100 kilograms instead of the old measurement indicated in maund.

Under the existing provision of the Bengal Raw Jute Taxation Act, 1941, a tax of four annas is charged on every maund of raw jute purchased by the occupier of a jute mill or purchased and despatched outside West Bengal by any means of transit by a shipper of jute and such tax is payable to the State Government by the occupier of every jute mill or by every shipper of jute.

The equivalence of this rate of tax indicated in metric units of measurement works out at 66.98 nP. per 100 kilograms, i.e., quintal. The object of the present Bill is to convert the system of charging tax on raw jute from maund basis as it stands now to quintal basis. The opportunity has also been taken for rounding off this rate of tax to a whole number of naye paisa, i.e., 67 naye paise per quintal. The Bill also provides for certain consequential changes in the Act due to coming into force of the Calcutta Municipal Act, 1951 and enforcement of the Central Sales Tax Act, 1956, as per clauses 4 and 5 of the Bill.

With these words I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: The amendment of Shri Amarendra Nath Roy Prodhan is in order and the same is taken as moved.

Shri Sanat Kumar Raha:

মাননীয় স্পীকার মহাশয়, কাঁচা পাটের উপর ট্যাক্স দশমিক হারে রূপান্তর করার জন্য যে বিল আনা হয়েছে তার বিরোধিতা করবার জন্য আমি উঠিনি, কিন্তু এই বিলের প্রসঙ্গে কয়েকটা মৌলিক ব্যাপার আমাদের অভিজ্ঞতা থেকে বলতে চাই সেটা হচ্ছে, আমরা এই বিলে দেখছি যে এক মণে ২৫ নয়া পয়সার জায়গায় কুইন্টাল ৭৫ নয়া পয়সা করা হচ্ছে—সেদিক থেকে এটা যুক্তিপূর্ণ হয়েছে, অন্যায় কিছু হয় নি। কিন্তু বাজারে এই কাঁচা পাট যেভাবে বেচাকেনা হয় সেদিকে আমাদের পশ্চিমবঙ্গে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলেই জানি বাংলাদেশের বেশির ভাগ জেলায় এবং বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় যেখানে পাটচাষ সবচেয়ে বেশি হয়, এবং সারা বাংলাদেশে যে পাট হয় তার $\frac{1}{3}$ অংশ একা মুর্শিদাবাদ জেলা তৈরী করে। সেই পাটচাষের উপর মুর্শিদাবাদের একটা বিরাট অর্থনৈতিক ভিত্তি নির্ভর করে। আজকে যে অবস্থার মধ্য দিয়ে পাটচাষীরা আড়ৎদারদের কাছে পাট বিক্রী করে, যে

সংকটজনক অবস্থার মধ্যে দিয়ে বিক্রী করতে হয়, এবং তারা যখন আড়ৎদারের কাছে হাজির হয়, আড়ৎদাররা তখন এমন একটা কায়দা নেয় এবং তারা দশমিক ওজন সম্বন্ধে আগে থেকে প্রস্তুত হয়ে একটা সর্বসম্মত সিদ্ধান্ত করেছে যে আগেকার দিনের সেই মণিকাটা, ঢলতা, ঈশ্বরবৃত্তি ইত্যাদি ওজন তারা চালু রাখবে। এই মণিকাটা, ঢলতা, ঈশ্বরবৃত্তি, ইত্যাদি, ওজন বন্ধ করবার জন্য বাংলাদেশে অনেক আন্দোলন হয়েছে, তবুও এখনো পর্যন্ত বহু জায়গায় এইসব ওজনে পাট বেচাকেনার বন্দোবস্ত আছে। আমি আমার অভিজ্ঞতার কথা বলি, ইসলামপুর, কাশিমবাজার, বহরমপুর, গোরাবাজার ইত্যাদি কেন্দ্রে পাটচাষীর সঙ্গে আমি আলোচনা করে দেখেছি যে, যখন পাটচাষী যায় আড়ৎদারের কাছে দাদনের টাকার জন্য, তখন মান্ধাতার যুগের সামন্ততান্ত্রিক যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থায় আড়ৎদারদের সর্তেই পাট বিক্রী করতে হয়। তারা সবাই একই কথা বলে, আমরা কুইন্টালে নেব, সেই আগের ওজন বদলে গিয়েছে। কিলোগ্রাম যখন হল, সেই খবর বড় বড় ব্যবসায়ীদের কাছে পৌঁছানমাত্র তারা হিসাব করে রেখেছে, কিন্তু সাধারণ পাটচাষী হিসাব রাখে নি কত কুইন্টাল বা কিলোগ্রামে এক মণ হয়। এদিকে সরকারের বিশেষ দৃষ্টি দেওয়া দরকার, কারণ এভাবে প্রত্যেক মণে ৩ কি ৩॥০ সের পাট চাষীকে বেশি দিতে হয়। কুইন্টাল হিসাব ও কিলোগ্রাম হিসাব সম্বন্ধে অজ্ঞ হওয়ার জন্য এভাবে চাষীকে অনেক বেশি দিতে হয়। মান্ধাতার আমলের যেসব প্রথা, যেমন ঈশ্বরবৃত্তি, ঢলতা, মণিকাটা, পাল্লাদারী এমন সব কথা যা অভিধানে পাবেন না তা এখনো বহু অঞ্চলে চালু রাখা হয়েছে। সত্যি কথা, এগুলি এখনো চালু থাকার জন্য পাট চাষীরা যেভাবে হয়রানি হচ্ছে, শোষিত হচ্ছে এবং তার জন্য যেভাবে তাদের লোকসান হচ্ছে, এবং তার ফলে পাটের বাজারে যে রকম অরাজকতা সৃষ্টি হয়েছে তার জন্য এই ব্যাপারে সরকারের অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার। পাট সম্পর্কে সরকার থেকে একথা বলা হয়েছিল ২০।৩০ টাকায় পাটের দর নামলে সরকার পাট কিনে নেবেন। এখন ১৩।১৪ টাকায় পাট বিক্রি হচ্ছে।

[4-10—4-20 p.m.]

তারপর বহরমপুর শহরে যান সেখানে গিয়ে দেখবেন, ১৭-১৮ টাকায় পাট বিক্রী হচ্ছে। মুর্শিদাবাদ জেলার শতকরা ৭০ জন চাষীর একমাত্র জীবিকা ভিত্তি এবং অর্থনৈতিক ভিত্তি হচ্ছে পাট। এই পাট চাষের উপরই তাদের নির্ভর করতে হয়। তারা যদি এইভাবে এর মূল্য না পায়, তাহলে তারা বিধ্বস্ত হয়ে যায়, তারপর বিরাট পরিশ্রম করে জলে নেমে ভিজে পুড়ে পচা জলে থেকে ঐ পাট কেটে তোলে, জল না থাকলে আবার কষ্ট করে তুললো অন্যত্র। তারপর কুইন্টাল-এর ওজনেও আবার ঢলতা কাসুরীর মধ্যে পড়ে গেলে, নয়া পয়সার হিসাব থাক তাতে আমি বিরোধিতা করছি না, কিন্তু সরকারকে আমি দাবী এবং অনুরোধ করবো যে, আপনি বিশেষ দৃষ্টি দিন—আজ লক্ষ লক্ষ পাটচাষীর সংসার ভেসে নষ্ট হয়ে গেল পাটের এ অবস্থার ফলে। কুইন্টাল দশমিকে পরিণত হোক, সমতা বজায় থাক আপত্তি নেই, কিন্তু যারা চোরাকারবারী, যারা ব্যবসাদার, যারা বড় বড় আড়ৎদার, যারা চাষীকে এভাবে ঠকাচ্ছে, তাদের দিকে সরকারকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার।

Shri Mrigendra Bhattacharyya:

অধ্যক্ষ মহাশয়, এই বিলে অর্থমন্ত্রী মহাশয় যেকথা বলেছেন, তাকে সমর্থন করে আমি ২-১টা কথা মাত্র বলব। পাট আমাদের বাংলাদেশের কৃষকের একটা প্রধান অর্থনৈতিক ফসল। পাটের উপর আমাদের গ্রাম্য দেশের চাষীর অবস্থা অনেকখানি নির্ভর করে। এই পাটের দাম কমতে কমতে একটা ভয়ানক অবস্থায় এসে পড়ে সরকার পাট চাষীদের ন্যায্য দর দেবার জন্য ব্যবস্থা করবেন। এই কথা তাঁরা বহু আন্দোলনে বলেছিলেন যে, পাটের দাম যদি ৩০ টাকার কম হয়, তাহলে সরকার থেকে পাট কেনার ব্যবস্থা করবেন। কিন্তু অত্যন্ত বেদনার কথা যে, সরকার তাঁদের সেই প্রতিশ্রুতি আজ পর্যন্ত কার্যে পরিণত করতে পারেন নি। এই সংকটের সময় তাঁরা বারবার বক্তৃতায় এবং কাগজের মারফতে বলেছেন যে, মুনাফা করলে তাদের আমরা কঠোরভাবে শাস্তি দেব—অন্ততঃ সেইভাবে তাঁরা গদা ঘোরাচ্ছেন। কিন্তু লক্ষ লক্ষ পাটচাষী মুষ্টিমের কয়েকজন ব্যবসায়ীর হাতে যেভাবে মার খাচ্ছে এবং বিশেষ করে এ বৎসর পাটচাষীরা যেভাবে মার খাচ্ছে, তা বর্ণনা করা যায় না। আমাদের মেদিনীপুর জেলায় দুধকামরা, কোলাঘাট প্রভৃতি বাজার

...রা পাট নিয়ে এসে দিনের পর দিন বসে আছে। কিন্তু টাকা নেই এই অজুহাতে পাট বাজারে বিক্রি করা হয় না। ২৫-৩০ টাকায় যে পাট বিক্রি হোত, সেই পাট ৭-৮ দিন বসে থেকে সে ৮-১১ টাকায় বেচতে বাধ্য হয়েছে। এরজন্য গ্রামের অর্থনীতি ভেঙে গেছে। এইভাবে পাটের ...জায় হওয়ার দরুন গ্রামদেশের অর্থনীতি ভেঙে যাচ্ছে, এর পরবর্তী কপি, আলু প্রভৃতি অন্যান্য ফসল ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাটের ন্যায্য দর না পাবার জন্য গ্রামদেশের অর্থনীতি সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। মন্ত্রীমহাশয় এখানে কয়েকটা ট্যাক্স আনবার জন্য বিল এনেছেন। এই পাটেতে যেখানে আগে ২৫ নঃ পঃ ছিল, সেখানে কুইন্টাল ৬৭ নঃ পঃ ট্যাক্স বাড়াবার জন্য এনেছেন এতে কোন আপত্তি নেই। কিন্তু তাঁরা যদি পাটের ন্যায্য দর কৃষককে দেবার চেষ্টা করতেন এবং তারপর ট্যাক্স চাপাতেন তাহলে কৃষকরা কিছুটা সান্ত্বনা পেত। অর্থাৎ তারা যদি ন্যায্য দাম পেত, তাহলে অনেকে এর জন্য আপত্তি করত না। কিন্তু কৃষকদের ফসলের ন্যায্য দাম দেবার কোন ব্যবস্থা করেন নি। তাই আমি এই বিলের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তবে এ বৎসর নদীয়া ও মুর্শিদাবাদে গিয়েছিলাম - আমাদের অর্থমন্ত্রী মহাশয় নদীয়া জেলার লোক--সেখানে দেখেছি যে মাঠের পর মাঠে পাট হয় এবং যে মাটিতে ধান হয় সেই মাটিতে জল না থাকার জন্য সেখানে ধান হয় নি। সেখানে পাট ছিল একমাত্র ফসল, যে ফসল বেঁচে তারা খাদ্য সংগ্রহ করতে পারেন, তা তাদের এ বৎসর হয়নি।

আমি মনে করি অর্থমন্ত্রীমহাশয়, কিছুই অনুধাবন করেননি যে পাটের দর কমায় এদেশের চাষীরা বিরাট ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এর ফলে সারা পশ্চিমবঙ্গের গ্রাম্য অর্থনীতিকে বিরাট আঘাত করেছে। এবং কয়েকজন মজুতদার আমার মনে হয় খুব বেশী নয়, খুবই মুষ্টিমেয় পাট ব্যবসায়ী এরা কৃষকদের এই অবস্থার সুযোগ নিয়ে যারা যত পারে পাট চাষীদের লুঠছে এবং গ্রাম্য অর্থনীতিকে বিপর্যস্ত করছে, সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে মুনাফাখোরী বন্ধ হয়। এবং কৃষকরা যাতে ন্যায্য দাম পায়, তার জন্য তিনি কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন।

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th February, 1963.

মাননীয় স্পীকার মহাশয়, বেঙ্গল র জুট টেকসেশন এমেণ্ডমেন্ট বিল আনা হয়েছে তার স্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজনস পড়লেও মনে হয় কিছু নয়। আনা থেকে নয়াপয়সা আর পয়সা থেকে নয়া পয়সার হিসাব। সবকিছু একই আছে, কিন্তু যে ট্যাক্স ধরা হয়েছে সে ট্যাক্স বহন করবে কে ঐ পাট চাষী ঐ গ্রামের কৃষকরা। কারণ, তাদের উপরেই এটা পড়বে। আমি মনে করি যখন ৫০ টাকা পাটের দর ছিল তখন ৪ আনা পয়সা দেওয়া সহজ ছিল, কিন্তু যখন ৯-১০ টাকা পাটের মণ তখন ·২৫ নঃ পঃ যে হেভি টেকসেশান হয়, সেটা মন্ত্রীমহাশয়েরও জানা উচিত ছিল। আজকে আমরা পরিষ্কারভাবে দেখছি উনি যে জেলায় থাকেন সেই নদীয়া জেলা সম্বন্ধে খবরের কাগজে রিপোর্টারের বিবরণ যদি কেউ পড়ে থাকেন তাহলে নিশ্চয়ই লক্ষ্য করবেন যে, সেখানে ১৪-১৫ টাকা পাটের দর নেমে গেছে। আজকে খেতে দিতে পাচ্ছেন না গ্রামের কৃষককে, অথচ তাদের চুষে খাবার ব্যবস্থা করে নিচ্ছেন, এভাবে ট্যাক্স করে। আমার মনে হয় এটা বিশেষ-ভাবে বিবেচনা করা উচিত যে, এই ট্যাক্স আদৌ তুলে দেওয়া সম্ভব কিনা, কিম্বা আরও কমান সম্ভব কিনা। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এটা করতে হবে, কারণ, খবরের কাগজের মারফৎ দেখেছি যে আসামে স্টেট ট্রেডিং কর্পোরেশান-এর মারফৎ চাষীরা পাট বিক্রীর ব্যবস্থা করছেন, কিন্তু আপনারা জানেন যে, নর্থ বেঙ্গলে যেখানে ৩০ টাকায় পাট বিক্রী হবে, সেখানে আজ ৯-১০ টাকায় বিক্রী হচ্ছে। অন্য একটা আলোচনার সময় শঙ্করদাসবাবু বলেছিলেন যে, বড় লোকেদের উপরেই ট্যাক্স চাপান হচ্ছে, কিন্তু ঐ যারা ইন্ডাস্ট্রির মালিক--যারা মিল মালিক--যারা জুটকল মালিক—মাত্র ১৩টা বড় বড় জুট কল আছে--তাদের উপরেই প্রেসার সৃষ্টি করবেন এবং কৃষকদের বাঁচাবার রাস্তা করুন, তাহলেই ভাল হবে। সেজন্য আমি মনে করি বিলটা সারকুলেশানে দেবার দরকার আছে।

The Hon'ble Sankardas Banerji: Sir, I do not know why this Bill is being opposed. The jute tax is there. We are not going into the question of whether it is good or bad. This House has passed that Bill. It is still

in existence. The only point is, today we have decided that there must be metric system and metric weight. Therefore, this conversion is being made. There is nothing more in it. The propriety or otherwise of this Bill is not before the House. There have been some changes and consequential changes in the Act are necessary. I have looked into the questions of appeal and the question of Central tax. They will see whether a sale has taken place in Bengal or not. The whole thing is before the House. It is a formal amendment which is being sought.

I oppose the motion for circulation.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th February, 1963, was then put and lost.

The motion of the Hon'ble Sankardas Banerji that the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1962, be taken into consideration was then put and agreed to

Clauses 1, 2, 3, 4 and 5.

The question that clauses 1, 2, 3, 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1962, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The Murshidabad Estate (Trust) Bill, 1962

[4-20—4-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the Murshidabad Estate (Trust) Bill, 1962.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Murshidabad Estate (Trust) Bill, 1962, be taken into consideration.

Now, Sir, the late Nawab Bahadur......

Shri Shamsuddin Ahammad: On a point of Order, Sir,

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানমণ্ডলীর আইন প্রণয়ন করার যে অধিকার, সেই অধিকারের কথা আমাদের শাসনতন্ত্রের ২৪৬ আর্টিকেল থেকে পাচ্ছি। এবং আমাদের ৭ সিডিউলড, তার লিস্ট ২ এবং ৩, এই দুইটির বিষয়ে আমাদের মাত্র প্রণয়ন করার অধিকার আছে। লিস্ট ২ এবং ৩এ এই ধরনের একটা বিশেষ পরিবারের জন্য কোন ট্রাস্ট করার অধিকার বিধানমণ্ডলীর আছে তা আমরা দেখতে পাইনি। কঙ্কারেন্ট লিস্টে, অর্থাৎ লিস্টের ৩, ১০ আইটেমে ট্রাস্ট এবং ট্রাস্টির কথা বলা আছে। এই ট্রাস্ট এবং ট্রাস্টি যা নাগরিক হিসাবে সমস্ত লোককে সমানভাবে অ্যাফেক্ট করবে। কাজেই এই আইন প্রণয়নের অধিকার, বর্তমান আইন এই সমস্তগুলির আওতায় পড়ে না। দ্বিতীয়ত, এই বিলে আমরা দেখছি কতকগুলি কেন্দ্রীয় আইনকে রিপিল করে দেওয়া হচ্ছে। আমাদের স্টেট লেজিসলেচারের কি ক্ষমতা আছে সেটা বিচার বিবেচনা করে দেখা দরকার। কাজেই কোন্ ক্ষমতাবলে এই আইন লিপিবন্ধ করতে যাচ্ছেন এই সম্পর্কে যিনি বিল এনেছেন সেই মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই, এবং আপনার কাছ থেকে পরিস্কারভাবে জানতে চাই এই বিধির ভিতর থেকে আমরা এই বিল গ্রহণ করতে পারি কিনা।

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, the point that has been raised is a case for the interpretation of the Constitution. We have had the question thoroughly investigated. There are also judgments passed by the Hon'ble High Court in matters like these and our power to take up such Bills has never been called into question anywhere.

Mr. Speaker: Yes, it can be done.

Shri Shamsuddin Ahammad: Sir, whether the matter is included in list 2 or list 3 is another thing.

এটা দেখা দরকার। এখানে বলা হচ্ছে, সকল লোককে সমানভাবে অ্যাফেক্ট করবে, সেদিক দিয়ে এটা এর মধ্যে পড়ে না। বিশেষ করে আমরা এখানে দেখছি প্রিভিপার্সের জন্য কনসোলিডেটেড ফান্ড অফ ইন্ডিয়া আছে। মুর্শিদাবাদের নবাব বাহাদুরের জন্য, সেখানে স্বতন্ত্রভাবে কোন ট্রাস্ট গঠন করবার অধিকার এ সরকারের আছে কিনা এ সম্বন্ধে আপনার রুলিং চাই।

Mr. Speaker: I have already given my view that this comes under item 10 of the Concurrent List.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, the late Nawab Bahadur expressed a desire that a trust should be created in respect of all his properties for the benefit of his children and that the trust should be created upon his death. Accordingly this Government have framed this Bill. Under this Bill, a trust is proposed to be created with all the properties of the Nawab Bahadur including the compensation money that would be payable for acquisition of the intermediary interests of the late Nawab Bahadur as well as the political pension. The Trustee shall be the Official Trustee for West Bengal and the income of the property is proposed to be distributed in the manner indicated in the provisions of the Bill.

RULING FROM THE CHAIR

Mr. Speaker: Before the Murshidabad Estate (Trust) Bill is taken up, I would like to observe that it is a rule that no member who has a direct pecuniary interest in a question shall be allowed to vote upon it, but in order to operate as a disqualification this interest must be immediate and personal and not merely of an ephemeral or remote character. I find that in the Murshidabad Estate (Trust) Bill an honourable member of this House has a direct pecuniary interest and, as such, I would request this honourable member to obey the cardinal principle, as suggested in the rule quoted above.

All the amendments are in order and I take them as moved.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th February, 1963.

Shri Abhoy Pada Saha: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

Shri Syed Nawab Jani Meerza: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 23rd of March, 1963.

Shri Abdul Bari Moktar: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 28th of February, 1963.

Shri Birendra Narayan Ray: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 10th February, 1963.

Shri Sailendra Nath Adhikary: I beg to move that the *Bill* be *referred* to a Select Committee consisting of—

1. Hon'ble Syamadas Bhattacharyya, M.L.A., Chairman,
2. Shri Kashi Kanta Maitra, M.L.A.,
3. Shri Siddhartha Shankar Ray, M.L.A.,
4. Shri Syed Nawab Jani Meerza, M.L.A.,
5. Shri Birendra Narayan Ray, M.L.A.,
6. Syed Kazem Ali Meerza, M.L.A.,
7. Dr. Kanai Lal Bhattacharya, M.L.A.,
8. Shri Nikhil Das, M.L.A., and
9. Shri Sailendra Nath Adhikary, M.L.A. (the mover),

with instructions to submit their report by 30th November, 1963, and that the quorum of the Select Committee be fixed at 3.

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ স্টেট (ট্রাস্ট) বিল আমাদের কাছে আজকে এল। আমি মুর্শিদাবাদের লোক, এদের সম্পত্তির হিসাব-নিকাশ আজও আমরা জানতে পারিনি। আজকে এই হিসাব-নিকাশ সম্পর্কে আমাদের কাছে কোন লিস্টও নাই, কি পরিমাণ সম্পত্তি ছিল, কি পরিমাণ সম্পত্তির উপর ইনকাম হচ্ছে, তার গ্রস ইনকাম কত, নেট ইনকাম কত, তাঁদের কি কি জমিদারী ছিল, সেইসমস্তের উপর জমিদারী উচ্ছেদ আইন প্রয়োগ করা হয়েছে কিনা- এইসব প্রশ্ন অনেক আছে। তথাপি আমাদের বন্ধু সামসুদ্দিন আমেদও বললেন আইনগত প্রশ্ন- সেটা আমার মনে এসেছিল। তথাপি আমাদের সরকারপক্ষ থেকে এই জবাব দিলেন, সেটা আমার কথা নয়। তা আমরা স্বীকার করে নিয়েও বলতে পারি মুর্শিদাবাদ স্টেট বিলের উদ্দেশ্য একটি বিশেষ ব্যক্তির সম্পত্তিকে রক্ষা করা। যদি প্রশ্ন করা হয় যে, ব্যক্তি বিশেষের সম্পত্তির দ্বারা ব্যক্তি বিশেষের ব্যক্তিগত ইচ্ছা পূরণ করা হচ্ছে, তাহলে অন্যায় করা হবে না। তাহলে বিশেষ ব্যক্তির সম্পত্তির উপর আমাদের এই বিল করা হয়েছে, তাকে বলি নবাব বাহাদুরের সম্পত্তি সম্পর্কেই এই প্রথম বিল এলো, প্রথমে প্রিয়েম্বলে বলা হয়েছে

To maintain the dignity and honour of the Nawab of Murshidabad.

মুর্শিদাবাদের নবাবের ডিগনিটি অ্যান্ড অনার মেইনটেন করবার আজ পরিবর্তিত পরিস্থিতিতে আর প্রয়োজন হয় না।

দ্বিতীয়তঃ, বলা হয়েছে তা ছাড়া নবাবের শেষ জীবনে, তাঁর মৃত্যুর আগে এই শুভেচ্ছা ছিল যে তাঁর সম্পত্তিগুলি নিয়ে একটি নির্দিষ্ট আইনের আকারে ভাগ-বণ্টন হয়ে যাক। এখানে আরো প্রশ্ন অনেক আছে।

প্রথম প্রশ্ন হচ্ছে—এই সম্পত্তির মধ্যে জাতীয় সম্পত্তির কোন অংশ আছে কিনা, যাতে বলতে পারি এমন কোন জমাজমি আছে কিনা, যার উপর জমিদারী উচ্ছেদ আইনের প্রয়োগ হয় নি—তা ব্যাখ্যা করতে পারলে বা এর সঙ্গে একটা ক্ল্যারিফিকেশন নোট থাকলে ভাল হত। এতবড় একটা সম্পত্তি, বছরে আয় যার দু'লক্ষ তিনশো টাকা। অর্থাৎ মাসিক প্রায় উনিশ হাজার টাকা করে আয় বা নেট আয় তা থেকে বরাদ্দ করা হয়েছে সন্তানদের জন্য পাঁচ হাজার, দু হাজার ইত্যাদি করে। এইরকম একটা সম্পত্তির ভবিষ্যৎ বংশধরদের কল্যাণের জন্য, যে বিল আনা হয়েছে, সেই বিলে ব্যক্তিগত শুভেচ্ছার সঙ্গে ও অন্যান্যের কল্যাণের আশা জানা থাকলে আমাদের দৃষ্টিভঙ্গীও খানিকটা পরিষ্কার হত। এই সম্পত্তি সম্পূর্ণ ব্যক্তিগত কিনা, এর মধ্যে ব্যক্তিগত সম্পত্তি হিসেবে যদি সমস্ত সম্পত্তিই থাকে, যাকে আমরা জাতীয় সম্পত্তি বলে মনে করতে পারি, যেটা সরকারের নেওয়া উচিত, সেই সম্পত্তি কত ভাগ নেওয়া হয়েছে, যেটা জমিদারী উচ্ছেদ আইনে নেওয়া যায় নেট যে দু-লক্ষ তিনশো টাকা ইনকাম হয়, কত টাকার সম্পত্তি থেকে কত ইনকাম আসবে এবং মোট সম্পত্তির মূল্যই বা কত? এইসব প্রশ্ন থেকে যায়। যে বিল এনেছেন নবাব বাহাদুরের যে

সম্পত্তি ছিল, সেই সম্পত্তি নবাবী যুগে ইতিহাস বিখ্যাত বহু জায়গা, সুরম্য, প্রাসাদ ইত্যাদি ভাল ভাল জিনিস বহু দর্শনীয় বস্তু ছিল। সেইসব সম্পদ দিনের পর দিন ব্রিটিশ যুগ থেকে আরম্ভ করে আজ পর্যন্ত মুর্শিদাবাদের ঐতিহ্য ও ইতিহাস বহন করে আসছে। মুর্শিদাবাদের সেইসমস্ত দেশপ্রেমের কীর্তিকাহিনী ছিল, তা সংরক্ষণ করা দরকার, উদ্ধার করা দরকার। সেইসমস্ত ক্ষেত্রে রক্ষার ব্যবস্থা করা প্রয়োজন। কেন জানি না, এই মুর্শিদাবাদ বিলে সেইসমস্ত জিনিসের কোন উল্লেখ নাই। যদি এটা ঠিক হয় যে, নবাবের নামের সম্মান বা নবাবের মর্যাদা রক্ষা বা মেনটেন করার প্রয়োজন আর নেই, তাহলে কেন এই বিলের মধ্যে নবাবের মর্যাদা হিসেবে ৫ হাজার টাকা দেওয়া হচ্ছে? আমার মনে হয় একদিকে যেমন বলা হচ্ছে নবাবের মর্যাদা দিচ্ছেন না, আবার আর একদিকে বলা হচ্ছে, নবাবের সম্মান হিসেবে ৫ হাজার টাকা দেওয়ার কথা। আর তাঁরই উত্তরাধিকারী হিসেবে অন্যান্য পুত্রদের আলাদা আলাদা ভাবে দু-হাজার টাকা দেওয়া হচ্ছে; আমার মনে হয় এই ভাতা নিয়ে যে দ্বন্দ্ব সেটা স্ব-বিরোধী। এই বিলের মধ্যে থেকে সেই স্ব-বিরোধের দ্বন্দ্বটা দূর করা উচিত। এখানে এটা বললে ভাল হতো যে, নবাবের মর্যাদা রক্ষা করছেন না ভবিষ্যতেও। তাহলে বক্তব্য কি এই বিলে? নবাব ও তার ছেলেরা কেউ নবাব হবেন কিনা? এর কোন কিছু এখানে উল্লেখ নাই। এই নবাবী উত্তরাধিকারের ব্যাপার হয়ে যাবে কিনা? এর মীমাংসা এই বিলের মধ্যে থাকা উচিত। মুর্শিদাবাদের জাতীয় ঐতিহাসিক সম্পত্তিও রক্ষা করা উচিত। এই নবাবের জন্য যে টাকা ব্যয় করা হচ্ছে, তা দেওয়া উচিত নয়। এটাই আমার বক্তব্য।

[4-30—4-40 p.m.]

Shri Birendra Narayan Ray

মাননীয় স্পীকার স্যার, মুর্শিদাবাদের নাগরিক হিসাবে আমি এই মুর্শিদাবাদ স্টেট (ট্রাস্ট) বিল সম্পর্কে কিছু বলতে চাই। যে মুর্শিদাবাদ এস্টেট হয়েছিল সেটা হচ্ছে আক্ট ফিফটিন অব ১৮৯১, এবং এস্টেট ইটসেলফ এ ট্রাস্ট। কারণ সেই সময়কার নবাব পরিবার তাঁদের ফ্যামিলি ট্রাস্টের ছিল সুযোগ সুবিধা ছিল, তাঁদের প্রতিনিধির সঙ্গে কথা বলে সারেন্ডার করেন এবং তার ফলে ভারত সরকারের সঙ্গে কনট্রাক্ট হয় এবং যা আক্ট হয়, সেটা হচ্ছে আক্ট ফিফটিন অব ১৮৯১। আজকে জরুরী অবস্থায় আমরা যখন সংসদে অনেক প্রয়োজনীয় কাজের দিকে নজর দিচ্ছি, সেই সময় আজকে হঠাৎ এই বিল আনার কি যৌক্তিকতা আছে তা আমি বুঝতে পারছি না। কিছুক্ষণ আগে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলতে শুনলাম "আমাদের টাকা নেই, অথচ কালকেই আমাদের টাকা চাই; সুতরাং এই স্ট্যাম্প বিল আজই পাশ করাতে হবে।" কিন্তু এটা ত সেইরকম কোন বিল নয়। এটা একটা পারিবারিক ব্যাপার। আসলে জনৈক উপমন্ত্রীকে কিছু পাইয়ে দেবার ব্যাপার। এখানে বলা হচ্ছে লেট নবাব বাহাদুরের উইস অনুসারে ট্রাস্ট করা হচ্ছে। স্পেশ্যালি যিনি লেট নবাব, তাঁর উইস-এর কোন দাম নেই। আকর্ডিং টু দি আক্ট অব ১৮৯১, এটা তাঁর ব্যক্তিগত সম্পত্তি নয়। এই সম্পত্তি তিনি ভোগদখল করতে পারেন গভর্নমেন্টের কিছু আওতার মধ্যে থেকে। মুর্শিদাবাদের নাগরিক হিসাবে আমি বলছি, ভূতপূর্ব নবাব বাহাদুরের ঐ উইস যদি থেকেও থাকে, তাহলে সেটা তাঁর আন্তরিক ইচ্ছা ছিল না। জোর করে এই জিনিস আনা হয়েছে। যিনি লিখিয়েছেন আজ তিনিও বেঁচে নেই, আর যাঁকে লেখা হয়েছিল তিনিও বেঁচে নেই।

আজকে যদি তাদের পরিবারের সবাইকে এবং মুর্শিদাবাদের নাগরিকদের নিয়ে, বিশেষ বিবেচনা করে এই বিলটা আনা হত, তা হলে সবচেয়ে ভাল হত। আমি যে কয়টা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, তার উপর বলে আমার বক্তব্য শেষ করব। ২(১১)তে যেকথা বলা হয়েছে "সন" মিনস এ লেজিটিমেট সন—আগেকার দিনের নবাব পরিবারের কেচ্ছার কথা সকলেই জানেন, সুতরাং আজকে এখানে লেজিটিমেট, ইল-লেজিটিমেট সন নিয়ে যে প্রশ্ন উঠেছে সেকি সেই "সন"-দের দোষ? আজকে কেউ চাষবাস করে, কেউ বা চাকরী-বাকরী করে, তাদের সম্বন্ধে কিছু বলার নাই? এই ২০০-২৫০ পরিবার নতুন করে বাস্তুহারা হবে কিনা সে সম্বন্ধে কি কিছু বলার নাই? একজন সন্তান সবকিছু পাবেন, অন্যরা কিছু পাবেন না, এটা হওয়া সঙ্গত নয়। আমার বক্তব্য হচ্ছে, বর্তমান নবাব বাহাদুরের পুত্রদের এবং কন্যাদের ইন্টারেস্ট সমানভাবে রাখা হোক।

Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই মুর্শিদাবাদ অ্যাক্ট বিল সম্বন্ধে এই হাউসের সকল সদস্যকে বিশেষভাবে বিচার বিবেচনা করতে অনুরোধ করছি, কারণ, আমরা এখানে এসেছি কি করতে এটাই আমাদের সকলের আগে বিবেচনা করতে হবে? আমরা জনসাধারণের কাছে কি এই কথা বলে এসেছি যে, বিশেষ একটা ফ্যামিলি বা বিশেষ একটা লোকের জন্য আমরা এখানে আইন করব, তাঁদের সুখ-সুবিধা দেখব, তাঁদের ঝগড়া মিটাব? এভাবে আমরা এখানে বসে আলাপ-আলোচনা করে এই আইন করব এই কথাটা আমাদের সকলকে বিচার-বিবেচনা করতে হবে। এটা যেন একটা ঘরোয়া ব্যাপার, আমরা যেন কোন ফ্যামিলির বিবাদ-বিসম্বাদ মিটাতে এখানে এসেছি, তাঁদের সম্পত্তির ভাগ-বাঁটোয়ারা করতে বসেছি, এই আইনে এটাই বোঝাচ্ছে। কোন্ ছেলে কত পাবে, কোন্ ছেলে পাবে না, কোন্ মেয়ে কত পাবে, এইসব কথা এই বিলে দেওয়া হয়েছে। এই যদি হয়, তাহলে পশ্চিম বাঙলায় অনেক বর্ধিষ্ণু পরিবার আছে, আমরা এখানে বসে কেবল তাঁদের কথাই আলোচনা করি, তাঁদের ছেলেমেয়ের কথা, তাঁদের সংসারের কথা, আমরা এখানে বসে চিন্তা করি—আর অগণিত লোক এদেশে বাস করে তাদের কথা আমরা ভুলে যাই। এই যে এখন আমাদের সামনে চরম মুহূর্ত এসেছে, চীনা শত্রু আমাদের দেশে হানা দিয়েছে, এসব কথা ভুলে গিয়ে এখন আমরা বিড়লা, টাটার ঝগড়া মিটাই। তাহলে আমরা কি করে সাধারণ লোকের কাছে যুদ্ধের জন্য চাঁদা চাইব, যুদ্ধের জন্য সোনা চাইব, তাহলে কি লোকে এই আইনসভায় আমাদের ক্রিয়াকলাপ ভালোভাবে সমর্থন করবে, আমাদের এই রাজ্য পরিচালনা ব্যবস্থায় তাঁরা পূর্ণ সমর্থন জানাবে? এই কথা যদি সদস্যগণ মনে করেন তাহলে এই আইন তাঁরা সমর্থন করবেন, আর তা যদি মনে না করেন, আশা করি সকলেই এই আইনের বিরোধিতা করবেন।

[4-40—4-50 p.m.]

Shri Shamsuddin Ahammad:

আছে তাতে ইলেকশান রুলস-এর বিশেষভাবে পরিবর্তন করার প্রয়োজন রয়েছে এ বিষয়ে মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। যদিও বেঙ্গল মিউনিসিপ্যাল বা অন্যান্য এলাকাগুলিতে ইলেকশান রুলস পরিবর্তন হয়েছে, কিন্তু ক্যালকাটা কর্পোরেশন-এ সেই ১৯৫১ রুলস এখনও চলছে. ১৯৬১-এ ক্যালকাটা কর্পোরেশানে যে ইলেকশান হয়েছে, তাতে প্রত্যেক ক্যান্ডিডেট-এর জন্য আলাদা ব্যালট বাক্স হয়েছিল এবং স্ক্রিন-এর ভেতর বাক্স রয়েছে, তার ফলে ভোট পারচেজ করবার এবং দুর্নীতির সুযোগ গ্রহণ করবার যথেষ্ট সুযোগ রয়ে গেছে। ক্যালকাটা কর্পোরেশান-এর ইলেকশানে এসব দেখেছি। আমি পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের নজরে এসব এনেছিলাম, কিন্তু তখন সময় কমের জন্য কিছু হয়নি। আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় ইলেকশান রুলস পড়েছেন, এবং ইলেকশান রুলস আমূল পরিবর্তনের প্রয়োজন রয়েছে। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো, আজকে যে পদ্ধতিতে ইলেকশান করতে যাচ্ছেন অ্যাডাল্ট ফ্র্যানচাইজ করতে যাচ্ছেন, তাতে সমস্ত ইলেকশান—কলকাতা বা অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলোকে গভর্নমেন্ট হাতে নিয়ে পরিচালনা করার প্রয়োজনীয়তা আছে বলে মনে করি। আমাদের অভিজ্ঞতা থেকে দেখা গেছে মিউনিসিপ্যালির হাতে যদি ইলেকশান থাকে তাহলে কাউন্সিলার বা কমিশনার, তাঁরা ইচ্ছামত মিউনিসিপ্যালিটির অফিস থেকে পোলিং অফিসার, প্রিজাইডিং অফিসার অ্যাপয়েন্ট করেন, তার ফলে ইলেকশান-এ যথেষ্ট সুযোগ নেবার আছে। এটা বন্ধ হওয়া দরকার। এজনাই গভর্নমেন্ট নিজের হাতে ইলেকশানটা পরিচালনা করুন আমি এই অনুরোধ মন্ত্রীমহাশয়কে করি, কারণ, গভর্নমেন্টের নিজেরই পার্মানেন্ট ইলেকশান মেসিনারী রয়েছে, কাজেই আমার মনে হয় গভর্নমেন্ট যদি এই ইলেকশান নিজের হাতে নেন, তাহলে বিশেষ কোন অসুবিধা হবে না। এই বলে এই বিলটার সমর্থন করছি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, I rise to congratulate the Hon'ble Minister for having introduced this Bill, belated though it is, in terms of a public demand. Sir, I have nothing to say against the granting of adult franchise and allowing people to vote who are only adults. But I would request the Hon'ble Minister to consider whether it would be advisable to omit altogether section 18 of the Calcutta Municipal Act which lays down the qualifications of voters, viz., that they must have some connection with the municipality in the shape of payment of tax or rent or they must be Matriculates or they must have some sort of connection with the municipality, whether those qualifications are to be entirely omitted and everybody who lives in the city, irrespective of any connection with the municipality should be given the right to vote. Sir, this should be considered along with the policy and the spirit of the Bill, viz., to give the right to vote to everyone living in this city. Sir, the Calcutta Municipal Act lays down that whoever pays some money to the municipality is declared as competent to vote. But here the only qualification that is necessary and which entitles a person to be a voter is that his name is included in the voters' lists of Assembly constituencies and the right of a person to vote who has got some connection with the municipality becomes absolutely useless. This aspect of the matter may, if possible, be considered, of course, taking into account the principle which we are going to adopt, viz., to give everybody the right to vote. Sir, I am suggesting this not with a view to limiting the franchise but with a view to selecting those persons for voting who have at least some interest in municipal affairs. The Corporation voters should be those who take some interest in municipal affairs, but here all qualifications are taken away. In case what I say is misconstrued, I make my position perfectly clear that I am in full agreement with all the clauses of the Bill and I think that adult franchise should be given as early as possible as adult franchise is there in all big cities like Bombay and Madras and everywhere in Europe.

Sir, I congratulate once again the Hon'ble Minister-in-charge of this Bill for bringing this piece of legislation before the House. Sir, it is not always that we stand up to oppose every measure of Government. I stand up to support this measure which I consider and my friends also consider necessary in the interest of the people.

The Hon'ble Saila Kumar Mukherjee: I will say whatever I want to say during the third reading of the Bill. I thank the members for giving me unanimous support.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 5

The question that clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

[2-40—2-40 p.m.]

Clause 6

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: I move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1962, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The Cooch Behar Municipal (Second Amendment) Bill, 1962.

The Hon'ble Saila Kumar Mukherjee: I beg to introduce the Cooch Behar Municipal (Second Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Saila Kumar Mukherjee: I beg to move that the Bill be taken into consideration.

I need not make any speech, in moving the consideration motion. My arguments are the same as made in the case of the Calcutta Municipal (Third Amendment) Bill, 1962. It is an introduction of adult franchise. It has been introduced because Cooch Behar had a separate Act and Cooch Behar has been merged in our State, just as Purulia has been merged in our State To make the whole State work under adult franchise scheme this Bill is necessary. There is, of course, a slight amendment so far as the Cooch Behar Bill is concerned. It seeks to dispense with certain provisions of the Act which make it contradictory to the provisions of the Bengal Municipal Act in regard to realisation of taxes. There is a procedure in the old Cooch Behar Municipal Act to give a notice which, if it lapses, makes it difficult for the municipal authorities to realise the tax.

Shri Sunil Das Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কোচবিহার মিউনিসিপাল অ্যামেন্ডমেন্ট বিল, যেটায় অ্যাডাল্ট ফ্র্যানচাইজ সম্পর্কে উল্লেখ আছে, তা এত দেরী করে এলেও এই হাউসে যে এসেছে সেইজন্য আমাদের স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী শৈলবাবুকে আমি আমাদের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। ১৯৫৯ সালে যখন হাওড়ায় মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশান-এর কনফারেন্স হয়, তখন আমাদের ঐ দিককার বন্ধুদের কাছ থেকে যেরকম বাধা পেয়েছিলাম তাতে এই বিল যে এত তাড়াতাড়ি আসবে তা ভাবতে পারিনি। বাংলাদেশে যে ৮২টি মিউনিসিপ্যালিটি আছে তার মধ্যে সর্বপ্রথম হয়ত কোচবিহার মিউনিসিপ্যালিটি অ্যাডাল্ট ফ্র্যানচাইজ দাবী করে প্রস্তাব নিয়েছিল, আমাদের

সেই প্রস্তাব আজকে কার্যকরী হচ্ছে দেখে অত্যন্ত আনন্দিত হয়েছি। কোচবিহার মিউনিসিপ্যাল অ্যাক্টের মধ্যে অনেকগুলি ধারা আছে, সেগুলি বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের কন্ট্রাডিকটারি এই কথা একটু আগে শৈলবাবু বলে গেলেন। আমি শৈলবাবুকে আর একটা অনুরোধ জানাচ্ছি, কিছুদিন আগে যখন তিনি এই অ্যাক্টের ফার্স্ট অ্যামেন্ডমেন্ট এনেছিলেন তখনও জানিয়েছিলাম, আজকেও সেই অনুরোধ জানাচ্ছি, সেটা হল কোচবিহার মিউনিসিপ্যাল অ্যাক্টের মধ্যে একটা অগণতান্ত্রিক ধারা রয়েছে, সেটা সম্পর্কে তিনি যদি বদল করবার ব্যবস্থা করেন, তাহলে অত্যন্ত আনন্দিত হবো। সেকশন টু, যাতে রয়েছে যে স্টেট গভর্নমেন্ট বিভিন্ন সময় কাউন্সিলারদের অ্যাপয়েন্ট করেন, যেমন বর্তমান কোচবিহার মিউনিসিপ্যালিটিতে ১৫ জন কাউন্সিলার রয়েছেন, ১২ জন ইলেকটেড, তিনজন নমিনেটেড। আমি শৈলবাবুকে অনুরোধ করব যে, যেন এই অ-গণতান্ত্রিক ধারার তিনি পরিবর্তন করেন। আমি তাঁকে আর একটি অনুরোধও করব, বাংলা-দেশের গ্রামের মানুষেরা যখন অ্যাডাল্ট ফ্র্যানচাইজ পেয়েছেন, বিভিন্ন মিউনিসিপ্যালিটির অধিবাসীরা যখন পেয়েছেন, এবং কোচবিহার টাউনের মানুষ যখন পেয়েছেন, তখন কোচবিহারের বিভিন্ন সাব-ডিভিশন-এর মানুষেরা যাতে অ্যাডাল্ট ফ্র্যানচাইজ পায় তার ব্যবস্থা যেন তিনি অবিলম্বে করেন। কোচবিহারে যেসমস্ত সাব-ডিভিশন আছে সেগুলি এখনও টাউন কমিটি চালিত। আমি তাঁকে অনুরোধ করব যাতে অবিলম্বে টাউন কমিটিকে মিউনিসিপ্যালিটিতে পরিণত করা যায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা করেন। আজকে আমার বিশেষ কিছু বলার নেই, আমি শৈলবাবুকে এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ-এর জন্য যে বিল এনেছেন তার জন্য অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, the Hon'ble Minister has said that he does not want to add anything more than what he has said during the consideration of the Calcutta Municipal Third Amendment) Bill, 1962. I say my submission is also the same. I may mention here that everything should be done in the manner prescribed in the electoral roll. It is found that the power enjoyed by the Commissioners or the Chairman of the Municipality are being taken away. Now the difficulty arises that the Magistrates are not always available to all who want to enlist their names as voters and sometimes the Chairman and the Commissioners who are there can enlist voters more conveniently. I have got no objection if Magistrate is appointed but certainly it is an unnecessary curtailment of the rights of the members. That is the point which I want to mention here.

Mr. Deputy Speaker:

মিঃ ব্যানার্জী আপনি শেষ করুন। সময় হয়ে গেছে।

Shri Bejoy Kumar Banerjee: Same thing applies to Cooch Behar also. There is nothing new in it. There is no difference. Cooch Behar is within West Bengal and the Bills are on the same terms and the provision is also there about the Magistrate.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, with regard to the points that have been raised by Mr. Das Gupta tor making certain amendments I have already informed the House that the entire Bengal Municipal Act is under the consideration of the Government for revision. When the comprehensive Bill comes all that is necessary will be incorporated in that Act but so long as this is not done we cannot exclude Cooch Behar from the provisions of adult franchise. This has become necessary.

Then with regard to my friend's observation that the power of control is being taken away I may say here that we are adopting adult franchise and so we are trying to simplify the procedure. If we adopt adult franchise we are to adopt the electoral roll of the Legislature prepared by the Election Commission. Anyhow, everything is being done under the provisions of the Representation of Peoples Act. What is necessary is that we must have the

same machinery and we must try to simplify the procedure. When we adopt the electroal roll, we adopt it wholly, not piecemeal—the entire procedure has been adopted. With these words, Sir, I support my motion.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Cooch Behar Municipal (Second Amendment) Bill, 1962, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 22

The question that clauses 1 to 22 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukharjee: Sir, I beg to move that the Cooch Behar Municipal (Second Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

2-40—2-50 p.m.]

The Bengal Municipal (Amendment) Bill, 1962

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, I need not further make a speech. On the same ground on which I brought the other two Bills I beg leave to ask the House to take this Bill also into consideration. As Mr Banerjee has said, the same provisions as in the Calcutta Municipal Act have been introduced in this Bill and there is no separate independent election procedure in it. The whole procedure is a result of consequential amendment due to the introduction of adult franchise in municipal elections. As in the case of the Cooch Behar Municipal Bill the old election procedure has been abolished in this case also to fit in the principle of adult franchise under which electoral roll is prepared and election is controlled. Therefore, what has been done in the case of the Cooch Behar Municipal (Amendment) Bill is also being done in the case of the Bengal Municipal (Amendment) Bill.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় যে বিলটা এনেছেন, সেই বিলটাকে সমর্থন জানাতে উঠে আমি দু-একটি কথা বলতে চাই।

প্রথম কথা হচ্ছে যে, আমরা বিরোধী দলের তরফ থেকে এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ যে বাংলাদেশের মিউনিসিপ্যাল অঞ্চলে করা হচ্ছে না তার জন্য যথেষ্ট আন্দোলন করেছিলাম। আমার মনে হয় আজ সরকার তার দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করেছেন। এর জন্য পার্সন্যালিটি অনেকখানি দায়ী এবং আমাদের মন্ত্রী শৈলকুমার মুখার্জী মহাশয়কে আমরা আমাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি সরকারের এই যে দৃষ্টিভঙ্গী ছিল, তা বদল করেছেন। আজকে ভারতবর্ষে যে নীতি শহরে স্বীকৃত, সেই নীতি মফঃস্বল মিউনিসিপ্যাল অঞ্চলেও যেন স্বীকৃত হয়। তার জন্য তিনি যেন চেষ্টা করেন। আবার আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে এই বিলটা সমর্থন করছি।

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনী বিল বেঙ্গল পৌর আইন সম্বন্ধে এনেছেন, তাকে সমর্থন করছি এবং সেই সাথে আমাদের দলের তরফ থেকে ও তাকে ব্যক্তিগতভাবে এবং পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। যদিও বহুদিন ধরে বঙ্গীয় পৌর আইনের ঢালাও পরিবর্তনের দাবী স্বাধীনতার আগে থেকে বাংলাদেশের জনগণ করে আসছেন এবং বিগত পনের বছর ধরে যদিও আমাদের দেশের সরকার, বিশেষ করে পশ্চিমবঙ্গে, অন্যান্য প্রদেশে এই দাবী মেনে নেওয়া সত্ত্বেও তারা বিলম্ব করলেন, সার্বজনীন ভোটাধিকার মিউনিসিপ্যালিটিতে আজ স্বীকৃতি দিচ্ছেন, এবং জনসাধারণের যে দাবী, তা সরকার স্বীকার করছে এবং আইনে যেটা লিপিবদ্ধ করতে যাচ্ছেন। এর জন্য নিজে ব্যক্তিগতভাবে খুসী এবং নিশ্চয়ই আমি মনে করি বাংলাদেশের জনগণের দাবী মেনে নিয়ে তারা ভাল করেছেন। আমি এই সঙ্গে আর একটা কথা বলতে চাই- এই দাবী আমাদের দলের তরফ থেকে যখন গোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মাধ্যমে বিগত জুন-জুলাই অধিবেশনে আমরা উপস্থিত করেছিলাম, তখন মাননীয় মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন, এ সম্বন্ধে বিধিব্যবস্থা করবেন। তিনি যে তার প্রতিশ্রুতি রক্ষা করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সাথে আর একটা কথা বলতে চাই— বঙ্গীয় পৌর আইনের এখন পরিবর্তন প্রয়োজন, যে প্রয়োজনীয়তা মন্ত্রীমহাশয়ও অনুভব করেন এবং তিনিও বলেছেন, এই আইন করবার জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন। হয়ত অদূর ভবিষ্যতে আর একটা নতুন আইন এই বিধানসভার কাছে উপস্থিত করা হবে।

আমি জানি না কতদিন সময় লাগবে, যদি তাড়াতাড়ি আসে তাহলে ভাল হয়। কিন্তু, যদি বেশী সময় লাগে, সেইজন্য এই আইনে একটা পরিবর্তনের দাবী মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে করছি এই ভরসায় যে অন্তত ১৫ বছর ধরে বাংলার জনসাধারণ বিগত মন্ত্রীসভার কাছে দাবী করে যা পান নি, আজ তা পেতে চলেছেন। একটু বড় করে বলছি এইজন্য যে, তাঁর চেষ্টায় আজ বাংলাদেশের জনসাধারণের যেহেতু প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের দাবী পূরণ হতে চলেছে, বা তার একটা আশার আলো দেখা দিয়েছে। সেইজন্য আমি দাবী করছি যে মিউনিসিপ্যাল পৌর আইনের ১২৮ ধারায় যে ২নং উপধারা, তার দ্বিতীয় প্যারায় যে তৃতীয় উপধারা, সেটা তুলে দেবার জন্য আমি এই অনুরোধ জানাচ্ছি, তার কারণ, আজকে প্রাপ্তবয়স্ক ভোটাধীকারের সাথে সাথে আজকে পৌরসভাগুলি সত্যই সার্বজনীন পৌরসভায় পরিণত করবার প্রচেষ্টা সরকারের তরফ থেকে হয়েছে। অবশ্য এই আইন পরিবর্তন করলে কি হবে, কারা কতখানি ক্ষতিগ্রস্থ হবে, সেটা দেখা দরকার। এতে ক্ষতিগ্রস্থ হবে হয়ত এক হাজারে একজন। তার কারণ, এই আইনে লেখা যা আছে, তার দ্বারা প্রমাণিত হচ্ছে যে, বড় বড় কলকারখানার মালিক, যাদের তিন লাখ টাকার বেশী সম্পত্তির ভেলুয়েশান, তাদের ট্যাক্স ধার্য করবার জন্য যে নিয়ম বঙ্গীয় পৌর আইনে আছে, সেটাই প্রযোজ্য হবে। অর্থাৎ যারা তিন লাখ টাকার মালিক, বা তার চেয়ে বেশী টাকার মালিক, তাদের কম দিতে হচ্ছে। সুতরাং যাতে এটা পরিবর্তন করা যায় তার জন্য আমি তাকে অনুরোধ করছি। এই আইনে এই পরিবর্তন যদি তিনি সাধিত করেন, তাহলে সত্যিকার জনসাধারণের মিউনিসিপ্যালিটি হবার প্রথম যে দুটি ধাপ, তা পরিপূর্ণ হবে। তার প্রথম যেটা তিনি করছেন, এটা করলে নিশ্চয় জনসাধারণের সুবিধা হবে, এবং মিউনিসিপ্যালিটির যে আর্থিক দুরবস্থা আছে তার সুরাহা হবে, তা থেকে মিউনিসিপ্যালিটির আয় বাড়বে এবং জনসাধারণ উপকৃত হবে। অবশ্য এর দ্বারা বড় বড় কলকারখানার মালিক এক হাজারে একজন এর উপর কিছু ট্যাক্স বাড়বে; কিন্তু তাতে শিল্পগুলের উন্নতি সাধিত হবে। আমি এই অনুরোধ জানিয়ে, আবার তাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রীমহাশয় এই যে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিলকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলা দরকার বলে আমি মনে করছি।

বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে যে ধরনের দুর্নীতি বা অর্থ অপচয় আমরা ইতিপূর্বে দেখেছি, আমি তা মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই প্রশ্ন আকারে। বহরমপুর মিউনিসিপ্যালিটি সম্পর্কে পূর্বে যা বলেছিলাম, আবার আজকে সেই কথাটা তাকে জানাচ্ছি। এই সম্পর্কে তাঁর কাছ থেকে সদুত্তর চাই। আমি এই বিলটাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বেঙ্গল মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল, যেটা মাননীয় স্বায়ত্তশাসনমন্ত্রী নিয়ে এসেছেন, সেটা আমরা সমর্থন করি। কিন্তু একটা জায়গায় আমি বুঝতে পারছি না এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ দিতে গিয়ে, এত ভালো কাজ করতে গিয়ে আরেকটা জিনিস কেন এর মধ্যে লেখা আছে- এটা হচ্ছে সেকশন ফাইভ, সেখানে একটা জায়গায় আছে

clause 2,—or who is confined in prison or in lawful custody of the police.

এটা সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে, এটা হচ্ছে, আনসাউন্ড মাইন্ড—এটাই আগে ছিল, এটার জায়গায় এগুলি আমাদের বুঝবার দরকার আছে, সেটা স্বায়ত্তশাসনমন্ত্রী। নিশ্চয়ই ভালোভাবে আমাদের বলবেন, কেন এই নতুন ধারাটা জয়েন করা হচ্ছে। যে পারপাজে এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ করতে যাচ্ছে, বাই দিস ইনসারসন অফ দিস অ্যামেন্ডমেন্ট, সেটাই নালিফাইড করতে যাচ্ছেন। জনসাধারণের গণতান্ত্রিক অধিকার প্রোটেক্ট করবার জন্য এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ বিল নিয়ে এসেছেন, সেক্ষেত্রে তার যেসমস্ত প্রতিবন্ধক বা বার আছে, সেগুলি নিয়ে আসা মানে হচ্ছে অ্যাট দি সেম টাইম কিছু অসুবিধা ক্রিয়েট করে রাখছে -এটাই আমার ধারণা। আজকে অ্যাডাল্ট ফ্র্যানচাইজ বিল মন্ত্রীসভা গ্রহণ করতে যাচ্ছেন, নিশ্চয়ই তার জন্য আমরা তাঁদের অভিনন্দিত করব। এই প্রসঙ্গে আরেকটা কথা বলব যে, জনসাধারণের গণতান্ত্রিক অধিকার ব্যাপকতর করার জন্য সরকারের তরফ থেকে যে চেষ্টা করা হচ্ছে, দেশের বর্তমান পরিস্থিতিতে যখন চীন আমাদের ভারতবর্ষের উপর হামলা চালিয়েছে, যখন গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে গণতান্ত্রিক অধিকার রূপায়িত করার এবং বিস্তৃত করার চেষ্টা চলছে এবং আজকে চীন আমাদের এই গণতান্ত্রিক অধিকারকে চ্যালেঞ্জ করা সত্ত্বেও যখন সেই অধিকারকে আরো ব্যাপক ও সম্প্রসারিত করার প্রয়াস চলছে, তখন এমন একটা স্টিং রেখে এই বিলের স্পিরিট অ্যান্ড পারপাসকে ক্ষুন্ন করা ঠিক হবে না।

Shri Anadi Das:

স্যার, এই বিল বহু প্রত্যাশিত, আজকে এই বিল এনে আমাদের স্বায়ত্তশাসনমন্ত্রী সমস্ত হাউসের ধন্যবাদার্হ হয়েছেন সেবিষয়ে সন্দেহ নাই। ভারতবর্ষে ডেমোক্রেসী একটা পরীক্ষা বহুদিন থেকে চলছে, এখানে বহু চেষ্টা হয়েছে সম্পূর্ণ গণতান্ত্রিক ভিত্তিতে বিধানমণ্ডলী বা পার্লিয়ামেন্ট রচনা করার, কিন্তু কতগুলি জায়গায় সেই অধিকার এতদিন ছিল না। তার মধ্যে মিউনিসিপ্যালিটি অন্যতম। সেটা আজকে পাওয়া যাচ্ছে। ক্রমাগত এই ডেমোক্রেসী বিস্তৃত হচ্ছে এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে এই অধিকার যুক্ত হবে এটা আমরা নিশ্চয়ই আশা করব। কাজেই সরকার আজকে এই গণতান্ত্রিক অধিকারকে আরো বিস্তৃত করার জন্য এই যে পদক্ষেপ করলেন তার জন্য তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি। একটা কথা আমার পূর্ববর্তী বক্তা বলে গিয়েছেন, এর মধ্যে একটা ধারা যোগ করা হচ্ছে, হু ইজ ইন কনফাইন্ড ইন প্রিজন এখানে আমার বক্তব্য হল, এই কনফাইনমেন্ট-এর মধ্যে নানারকম স্বার্থ কাজ করে এবং অনেক সময় বিনা কারণে অনেকে কনফাইন্ড হন। এভাবে যারা কনফাইন্ড হন তারা ভোট দেবার অধিকার থেকে বঞ্চিত। আমরা একথা বলতে চাই না যে, যারা সমাজবিরোধী কোন অন্যায় কাজ করে, বা যাদের অন্যায় প্রমাণিত হবে তাদের উপর একটা মিউনিসিপ্যালিটির দায়িত্ব দেওয়া হোক। কোন একটা গর্হিত কাজ করলে ভোটাধিকার থেকে বঞ্চিত হবে সেটা যদি নির্ধারিত করে বলা হয়, তবে সেটা স্বতন্ত্র কথা, কিন্তু কেবলমাত্র কনফাইন্ড ইন প্রিজন—এই কথা বলে একজন লোককে মিউনিসিপ্যাল ভোটাধিকার থেকে বঞ্চিত করা হলে আমার মনে হয় সেটা অত্যন্ত কঠোর ব্যবস্থা হবে। সেজন্য আমি আশা করব, মন্ত্রিমহাশয় এই সম্পর্কে আমাদের কিছু বলবেন এবং এটাকে যতখানি সম্ভব লঘু করা যায় তার জন্য চেষ্টা করবেন। এই বলে এই বিলের প্রতি সমর্থন জানিয়ে এবং মন্ত্রীমহাশয়কে পুনরায় ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Aboni Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের প্রতি সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানাতে গিয়ে দু-একটা কথা বলতে চাই। এই বিলের মাধ্যমে আমাদের দেশে গণতান্ত্রিক অধিকার সরকার

সম্প্রসারিত করলেন, তার জন্য আমি সরকারকে অভিনন্দিত করি। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই কি কি পরিবর্তন এই বেঙ্গল মিউনিসিপ্যাল বিল-এ প্রয়োজন, যাতে করে বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলি সুষ্ঠুভাবে ফাংশান করতে পারে। বাংলাদেশে ৭৯টি মিউনিসিপ্যালিটি, প্রায় সবগুলিই চলে কোনরকমে। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে করে এই মিউনিসিপ্যালিটিগুলি ভালোভাবে ফাংশান করতে পারে সেদিকে যেন সরকার দৃষ্টি দেন।

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমি কেবলমাত্র এই ধারাটা সম্পর্কে বলব যে, যেখানে বলা হয়েছে who is confined in prison or in lawful custody of the police.

এমন একটা ধারা মন্ত্রীমহাশয় এর মধ্যে কেমন করে দিলেন আমি কল্পনা করতে পারি না। গ্রাম্য রাজনীতি, লোকাল রাজনীতি, দলীয় রাজনীতি, ইত্যাদি অনেক কাজে লোকে জড়িত হয়ে পড়ে তার জন্য একবার লোকে পুলিস কাস্টোডিতে থাকলেই দোষী হয়ে যাবে—এটা আমি অদ্ভুত মনে করি। যে চিন্তাধারা নিয়ে এটা করা হয়েছে আমি মনে করি এখানে একটা বিরাট অকল্যাণের বীজ রাখা হয়েছে। আমি বলতে পারি আপনার কাছে বহু পিটিশন আসবে এই সম্পর্কে। পুলিস অনেকসময় নির্দোষ লোককে ধরে রাখে সেকথা নিশ্চয়ই মন্ত্রীমহাশয় জানেন। সেজন্য এইরকম একটা ধারা রাখা অত্যন্ত আপত্তিকর। "অর ইজ ইন দি ল-ফুল কাস্টোডি অফ দি পুলিস" এই কথা তুলে দিন। কোন লোকের নৈতিক দোষ প্রমাণিত হলে তাকে বঞ্চিত করা যেতে পারে। কিন্তু পুলিস কাস্টোডিতে থাকলেই ভোটাধিকার চলে যাবে এটা আন-কনস্টিটুশনাল হবে। এটা প্রত্যাহার করে নিন।

[3—3-10 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার বলবার বিশেষ কিছু নেই. খালি একটা কথা বলব যে, য়্যাজ ইট ইজ ইন দি রিপ্রেজেন-টেশন অফ দি পিপিলস অ্যাক্ট-এর ধারাটা বসিয়ে দেওয়া হয়েছে—যদি না দেওয়া হোত তাহলে ক্ষতি হোত। ভোটার লিস্ট, অন প্যারোল ইত্যাদি সবকিছু কল্যাণের জন্য করা হয়েছে।

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Bill be taken into consideration was then put and agreed to.

Clauses 1 *to* 4

The question that clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Nikhil Das: I move that sub-clause (2) of clause 5 be omitted.

আমি অ্যামেন্ডমেন্ট বলছি, ৫নং ক্লজ-এর যে (২) সাব-ক্লজ আছে অর হু ইজ কনফাইন্ড ইন এ প্রিজন অর ইন ল-ফুল কাস্টোডি অব দি পুলিস—এটাকে অমিট করা হোক। শৈলবাবু বললেন, পিপিলস রিপ্রেজেনটেশান অ্যাক্ট, উনি যা করেছেন তার মধ্যে একটা লাইন দেওয়া আছে প্রেভাইডেড যদি প্রিভেনটিভ ডিটেনশান কেউ যদি থাকে তাহলে তার উপর সেটা অ্যাপ্লাই করবে না, সেটা ওখানে দেওয়া আছে এবং য়্যাজ ইট ইজ ইন দি পিওপিল রিপ্রেজেনটেশান অ্যাক্ট আর ২৩নং যেটা এই সেকশানের উপর অ্যামেন্ড হচ্ছে।

Mr. Deputy Speaker:

নিখিলবাবু কোন্ অ্যামেন্ডমেন্ট মুভ করতে চান, নাম্বার কত আপনার?

Shri Nikhil Das:

আমি তো মুভ করেছি এবং এটা হল সাব-ক্লজ (২) অফ ক্লজ ফাইভ বি অমিটেড—এটাই। নম্বর নেই এটার, আমার নম্বর জানা নেই। এখন আমি বলছি এই যে সেকশান ২৩ (১)টা

No person shall be qualified to be elected a Commissioner of a municipality who is not entitled to vote at the election of Commissioner of such municipality

এটা দেখছি ভোট-টা যদি ডিবার করা হয়, তাহলে কমিশনার হিসাবে দাঁড়াতে পাচ্ছে না একটি লোক যদি প্রিভেনটিভ ডিটেনশন অ্যাক্ট থাকে সে কমিশনার হিসাবে দাঁড়াতে পারবে না, এই পজিসনটা কি রকম? এবং সেটা ল-ফুল কাস্টোডি অফ দি পুলিস এই সেকশন ২৩-এ যেটা বেংগল মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর তার সাব সেকশন (১) এবং যে সেকশন ২৩ (২)কে আপনি অ্যামেন্ড করছেন, সেই ২৩ (১)-এ এই আছে

"No person shall be qualified to be elected a commissioner of a municipality who is not entitled to vote at the election of Commissioner of such municipality".

অর্থাৎ যার ভোট দেবার অধিকার নাই তার আবার কি? এটা (১)-এ বলা আছে (২)-এ ভোট দেবার অধিকার থেকে বার করছেন কাকে যে প্রিজনে আছে, তাকে বার করছেন যে ল-ফুল কাস্টোডি অব পুলিস আছে তাকে বার করছেন, অর্থাৎ, আমাকে যদি ধরে নিয়ে যান তবে আর আমি দাঁড়াতে পারছি না। প্রমাণ হোক বা না হোক, এ যে কি ধরনের অ্যাডাল্ট ফ্রানচাইজ দিয়ে কি করছেন, সেটা আমি বুঝতে পারছি না, স্যার, আমি অনুরোধ করছি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে যে, এই ক্লজটা এখান থেকে তুলে দিন।

The Hon'ble Saila Kumar Mukherjee: I have already handed to my friend Shri Nikhil Das the Representation of the People Act. This Bill has been framed exactly on the line of that Act. We want to follow the same principle on which the electoral roll is prepared, election machinery is set up and election is conducted.

Shri Nikhil Das:

পিপল রিপ্রেজেনটেশন অ্যাক্টএ আছে কে ভোট দিতে পারবে না কিন্তু ২৩ নম্বরে আছে দাঁড়াতে পারবে না। এই দাঁড়াবার অধিকার থেকে ভোট দেবার অধিকারকে বাদ দিয়ে দিলে তাকে তো কমিশনার হয়ে দাঁড়াবার অধিকার বাদ দিলো এটা লিখছে

"No person shall be qualified to be elected a Chairman of the Municipality, if he is not entitled to vote at the time of election of the Commissioner."

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I can tell my friend that electoral roll is prepared under the Representation of the People Act. He can record his vote. His name is on the electoral roll. If he goes through the Act, he will find the exact meaning of the Act.

Sir, I oppose the amendment.

The motion of Shri Nikhil Das that sub-clause (2) of clause 5 be omitted was then put and a division taken with the following result:—

AYES—51

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Mrigendra
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Anadi
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil

Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mittra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab, Jani Meerza, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharamdhar
Shamsuddin Ahammad, Shri
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

NOES—96

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Ahammad Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bandyopadhyay, Shri Sankardas
Bandyopadhyay, The Hon'ble Smarajit.
Banerjee, Shri Jaharlal
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana.
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra.
Bhattacharyya, The Hon'ble Syamadas.
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Juantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan.
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Kanailal
Das, Shri Khagendra Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanailal
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar.
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Hoque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanti, The Hon'ble Charu Chandra
Hahatab, Shrimati Radharani
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Misra The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Shri Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram

Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila
Mukherjee, Shri Shankar Lal
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhya, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, Shri Khagendra Nath
Neronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Dr. Anath Bandhu
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

The Ayes being 51 and the Noes 96, the motion was lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

[3-10—3-25 p.m.]

Clauses 6, 7, 8 and Preamble

The question that clauses 6, 7, 8 and the Preamble do stand part of the Bill was then put agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[3-25—3-35 p.m.]

Point of information

Shri Anadi Das:
আমার একটা জিনিষ জানবার আছে যে প্রোগ্রামে কোন নন-অফিসিয়াল বিজনেসের জায়গা নেই। অথচ নন-অফিসিয়াল বিজনেসের জন্য রুল ২৮এ আছে যে প্রত্যেক শুক্রবার নন-অফিসিয়াল বিজনেসের জন্য আড়াই ঘন্টা সময় রাখা হবে। আমার একটা গুরুত্বপূর্ণ নন-অফিসিয়াল রেজলিউশন আছে সেটা সম্পর্কে কি হবে? যদি কোন গুরুত্বপূর্ণ জিনিস থাকে এবং সেটা যদি নেক্সট সেসনে করতে চাই তাহলে তার ইমপর্টেন্স কমে যায়। আমি জয়েন্ট স্টিমার কোম্পানী সম্পর্কে একটা রেজলিউশন দিয়েছিলাম সেই এগ্রিমেন্ট সম্বন্ধে। এই ব্যাপারে ফরেন এক্সচেঞ্জ ইনভলভড আছে। এই এগ্রিমেন্টের দ্বারা পাকিস্তানী ওয়ার্কাররা পাকিস্তানী হিসাবে এখানে থাকবার সুযোগ পাচ্ছে এবং পাকিস্তানী গভর্নমেন্ট এখানে ইন্টারফেয়ার করবার সুযোগ পাচ্ছে। এটা একটা গুরুত্বপূর্ণ রেজলিউশন, এর জন্য একটু সময় দেওয়া দরকার।

Mr. Speaker: The civil defence item was agreed to be included in Friday's list of business by the resolution of the Business Advisory Committee.

Mr. Das, as you know, this is a short session. Moreover, one important item has been included in the Friday's list. I think for 5 or 6 days' sitting that will be sufficient. In future I will look into it.

Shri Anadi Das:

সেন্ট্রাল অ্যাসেমব্লিতে এর গুরুত্ব নষ্ট হয়ে যাবে। ওই এগ্রিমেন্ট যদি চালু হয় তার পর কিছু করবার থাকবে না। এখুনি এ সম্বন্ধে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। বাংলাদেশের অ্যাসেমব্লি যদি এ সম্বন্ধে কিছু সিদ্ধান্ত জানায় তার গুরুত্ব আছে। সেজন্যে আজকে কালি এক ঘণ্টা সময় দিলেই যথেষ্ট হবে।

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে এটা সেন্ট্রাল গভর্নমেন্টএর ব্যাপার, আমরা এখানে কোন প্রস্তাব গ্রহণ করে বিশেষ সুবিধা করতে পারব বলে মনে হয় না। আমি প্রস্তাব পাঠিয়ে দেব, কিন্তু তার জন্য দশ দিন অপেক্ষা করলে কোন ক্ষতি হবে না।

Shri Anadi Das:

কিন্তু এটা কি ততদিন চালু হয়ে যাবে না ?

The Hon'ble Bijoy Singh Nahar:

চালু অলরেডি হয়ে গেছে।

The Howrah Bridge (Amendment) Bill, 1962

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to introduce the Howrah Bridge (Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Khagendra Nath Das Gupta: I beg to move that the Howrah Bridge (Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, the object of this Bill is to convert the rates of taxes and weight and measures into decimal coinage and metric system of weights and measure and to delete clause (vi) of Section 8 of the Howrah Bridge Act, 1926.

Clause (III) of section 8 of the Howrah Bridge Act, 1926 (Bengal Act I of 1926), authorises the State Government to levy a tax of not more than two pies on every maund of goods excepting certain specified articles conveyed into or from Howrah Station by the Railways. With the passing of the India Coinage (Amendment) Act, 1955 (Act XXXI of 1955) and introduction of decimal coinage, it was decided that the tax should be collected at the rate of one naya paisa for every maund of goods, as one naya paisa, according to the conversion table, is equivalent to two pies. The Railways introduced metric system of weights and measures with effect from 1st April 1960. According to calculation chart one naya paisa is equivalent to two pies and one quintal is equivalent to 2.67923 maunds. So the rate of Howrah Bridge tax comes to 2.67923 nP. for every quintal of goods. To avoid a rate involving fraction of a naya paisa Government proposed that the rate of tax should be fixed at 3 nP. per quintal of goods, by amending the Act.

It was proposed to delete clause (vi) of section 8 of the Act, specially because no tax was levied on any vehicle by the Howrah Bridge Commissioners under the said clause.

The Howrah Bridge Commissioners have no objection to the amendment proposed in this Bill.

With these words, Sir, I move that the Bill be taken into consideration.

The motion of the Hon'ble Khagendra Nath Das Gupta that the Bill be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3.

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to move that the Howrah Bridge (Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Land (Requisition and Acquisition) (Second Amendment) Bill, 1962.

[3-35—3-45p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Second Amendment) Bill, 1962.

(The Secretary then read the title of the Bill)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Second Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, under section 3 of the present Act the power of requisition has been conferred not only upon the State Government but on any person authorised in this behalf by the State Government. This provision is liable to objection on the ground of excessive delegation of power.

Secondly, the provision for appeal against the decision of a court on a reference made by the Collector under section 8 has been included. With these two specific objects the present amending Bill has been introduced.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Second Amendment) Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th February, 1963.

Shri Nathaniel Murmu:

মিস্টার স্পীকার, স্যার, এই সংশোধনী বিল সম্পর্কে আমার বিশেষ কিছু বক্তব্য নাই। একটি মাত্র বিষয়ে আমি ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে ক্লজ ৩ সাব-সেকশন ওয়ানে যে কথা বলছেন, সেখানে আমি দেখেছি যে, ধর্মীয় প্রতিষ্ঠানের আওতায় যে জমিগুলি রয়েছে, সেটাও এই আইনের আওতায় পড়বে। জমি আমাদের নিতে হবে জনতার প্রয়োজনে। মন্ত্রিমহাশয় যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় যে জমিগুলি রয়েছে এবং চ্যারিটেবল ইনস্টিটিউশনের অধীনে যে জমিগুলি রয়েছে এই জমিগুলি যদি অ্যাকুইজিশনের বাইরে রাখতেন তাহলে সুখী হতাম। আমি সেই সম্পর্কে বিবেচনার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে আমি তার বিরোধিতা করতে উঠিনি। আমি বলতে চাই এই বিলকে কার্যকরী করতে গেলে কয়েকটি জিনিসের প্রতি নজর দেওয়া উচিত। সরকার যেন নজর দেন যাতে এই বিল জনসাধারণের ক্ষেত্রে কোনরূপ আঘাত না দেয়। আমরা অনেক সময় দেখি সরকারকে জাতির স্বার্থের জন্য যে জমি নিতে হয়, সেই জমি নেবার

সময়, নেবার ঠিকঠাক হয়ে গেল—খতিয়ান, দাগ নম্বর রাস্তার জন্য নিয়ে গেলেন, কিন্তু নেবার পরে সেই জমির মধ্যে এমন লোক থেকে যায় যার উপর হয়ত তার নিম্নতম জীবিকা নির্ভর করে। আমি জানি না জমি নেবার সময় যদি একটু এদিক-ওদিক করে এই জমি বাদ দিয়ে ওটা নিলে ক্ষতি না হয়, এমনভাবে বাছাই করে নেওয়া চলে কি না? অবশ্য বিশেষ প্রয়োজনে জমি নেওয়া যদি দরকার হয়, স্থানীয় অপর কোন লোকের এখানে জমি নিলে যদি পারপাজ সার্ভড হয়, তাহলে সে জমি নেওয়া চলতে পারে। অবশ্য ন্যূনতম ভিত্তিতে যার জীবিকা নির্ভর করে সেই জমির উপর, এখন কথা হচ্ছে কমপেনসেশন দেওয়া যায়; কিন্তু কমপেনসেশন দিয়েও যদি অনত্র তার বাড়ির কাছাকাছি সে জমির বিকল্প জমি না পায়, তাহলে চিরকালের জন্য সে সমাজে একটা লায়েবিলিটি বা দায় হয়ে পড়ে। তার দূরবস্থার কথা চিন্তা করে দেখা উচিত। কাজেই তার যোগ্য খোরাক-পোষাকের ব্যবস্থা করতে হবে। তার জন্য একটা দুশ্চিন্তা থাকা উচিত। কাজেই এই বিল যখন আসবে, তখন সেদিকে সরকারের একটু নজর দেওয়া দরকার। জীবিকার ন্যূনতম বাহন হিসাবে যে জমির উপর সে নির্ভর করছে, তা যতদূর সম্ভব বাদ দিয়ে নেওয়া যায় কি না—সেটা সরকারের একটু সহানুভূতির সঙ্গে চিন্তা করে দেখা দরকার।

দ্বিতীয়তঃ যে সমস্ত জমি আমরা নিই, সেই সমস্ত জমি যার কাছ থেকে নেওয়া হয় তাকে অনেক সময় সংবাদ দেওয়া হয় না। এই রকম খবর আমরা পাই। জমি নেবার কি পদ্ধতি আছে? জমির মালিককে পূর্বে খবর দিতে হবে এবং তার বক্তব্য শুনে, সেই জমি নেওয়া হবে, কি হবে না, তা বিবেচনা করবার যে পদ্ধতি, সেটা এখানে থাকা দরকার। এবং সেই পদ্ধতি কিভাবে কার্যকরীভাবে প্রয়োগ করা যায় তা বিবেচনা করা উচিত। তৃতীয়তঃ হচ্ছে সরকারের হাতে বহু ভেস্টেড জমি থাকে, তা থেকে, তাদের পারিবারিক চাষের জন্য দেওয়া যায় কি না? এবং জমির বদলে তাদের জমি দেওয়া যায় কি না? এই ব্যবস্থা এখানে থাকা উচিত। যে জমির মূল্য যেমন ছিল, যেভাবে জমিতে চাষ-আবাদ হ'ত, ফসল উৎপন্ন হ'ত, এই রকম গুণগত জমি যদি দেওয়া যায় তাহলে আপত্তি থাকে না। কারণ, অর্থ দিলে তা খরচ হয়ে যায়, জমি আর তারা করতে পারে না; ফলে সমাজের তারা দায় হয়ে ওঠে। আমার আর একটা কথা হচ্ছে যে জমিগুলি নেওয়া হচ্ছে রাস্তার জন্য, আমার ডিস্ট্রিক্টএ দেখেছি রাস্তার জন্য যেসব জমি নেওয়া হয়েছে কয়েক বছর ধরে, তাতে ক্ষুদ্র ক্ষুদ্র চাষীর কারও পাঁচ কাঠা, কারও দশ কাঠা, কারও এক বিঘা পর্যন্ত জমি গিয়েছে। তারা সেই জমি হারিয়ে দু-তিন বছর ধরে কোন ক্ষতিপূরণ পায় নি। ধরুন সামান্য লোক, সামান্য আয় করত, তার সেই জমি সরকার নিয়ে নিলেন, সে ক্ষতিপূরণ পায় নি। কাজেই আজকে যে বিল নিয়ে আসা হয়েছে তার উদ্দেশ্য ভাল হতে পারে, কিন্তু আমার নিজের অভিজ্ঞতা থেকে যা বললাম, এই সব দিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার নইলে হঠকারিতা প্রসূত হয়ে যথেষ্ট ক্ষতিগ্রস্ত হতে হয়। চাষীদের যেসকল অসুবিধা আছে সেগুলি আপনাদের জানা দরকার।

চতুর্থতঃ, জমি যখন নিলেন তখন সেই সম্পর্কে বিচার-বিবেচনা করবার জন্য, তাদের যদি বক্তব্য থাকে কিছু, তা শোনবার জন্য একটা সময় দেওয়া দরকার। সেই সময় দেবার কোন ব্যবস্থা এই বিলে নেই। একটা নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের বক্তব্য পরিষ্কার করে বলবে, তারপর সেই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া উচিত। কৃষকের ইন্টারেস্ট ঠিক আছে কি না, সে তার ক্ষতিপূরণ ঠিকমত পাচ্ছে কি না, এইগুলি দেখে তার জমি দখল করা উচিত। কাজে-কাজেই প্রতিটি পদক্ষেপে, যখন আমরা জমি নেবো তখন তাদের জীবিকা ধারণের সেই সেই ক্ষেত্রে বিশেষ বিশেষ দৃষ্টি দিয়ে জমি নেওয়া উচিত বলে আমি মনে করি।

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th February, 1963.

মিস্টার স্পীকার, স্যার, যে ল্যান্ড অ্যাকুইজিশনএর দ্বারা যেভাবে জনসাধারণ অত্যাচারিত হচ্ছে, তার পরিপ্রেক্ষিতে একটা সংশোধনী নিয়ে আসা হয়েছে। তার মধ্যে আমার মনে হয় শুধু মাত্র কথার জাল ছড়ান রয়েছে। এর মধ্য দিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যে এক্সেসিভ ডেলিগেশন অফ পাওয়ার রয়েছে, সেটাকে খর্ব করা হয় নি। সেইজন্য আমি মনে করি এই বিলটা জনসাধারণের

মধ্যে সার্কুলেট করা উচিত। এই বিলটা যদি সার্কুলেশনএ দেওয়া হয় এবং ভবিষ্যতে যাতে সুন্দরভাবে একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে এসে ব্যবস্থা করা যায়, তাহলে সমস্ত দিক থেকে যারা ল্যান্ড অ্যাকুইজেশন বিলের দ্বারা অ্যাফেকটেড হচ্ছে তারা রেহাই পাবে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই বিলটি সার্কুলেশনএ দেওয়া হোক।

Shri Syed Abul Monsur Habibullah:

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি এই অ্যামেন্ডমেন্ট বিল সম্পর্কে একটা প্রশ্ন উত্থাপন করতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় যাতে এটা বিবেচনা করেন।

আমরা এর আগের অধিবেশনে এই বিলের মেয়াদ বাড়িয়ে দিয়েছি, এবং বিলের প্রয়োজনীয়তা সম্পর্কে, এই আইনের প্রয়োজনীয়তা সম্পর্কে আমাদের কোন দ্বিমত নেই। কিন্তু অ্যাকুই-জিশনএর যে পদ্ধতি করা হয় তাতে অনেক ক্ষেত্রে অনেক অন্যায় হতে থাকে, এ বিষয় বোধ হয় আমাদের সঙ্গে সরকারপক্ষের অনেক সদস্য একমত হবেন। এখনও পর্যন্ত বিলে যে অ্যামেন্ড-মেন্ট আজকে আমাদের সামনে এসেছে, তাতে শুধু মাত্র কমপেনসেশনএর ক্ষেত্রে, ক্ষতিপূরণের জন্য আপীলএর একটা ব্যবস্থা দেওয়া হয়েছে; সেটা আমরা নিশ্চয়ই ওয়েলকাম করি।

[3-45—3-55 p.m.]

কিন্তু যে অবস্থার মধ্যে, যে জরুরী অবস্থায় এই জিনিষ নিয়ে এসেছেন সেই অবস্থাটা কেটে যাচ্ছে না, দীর্ঘ দিন চলতে থাকছে, এবং এই নিপীড়নমূলক দিকটা, সেটা কি করে খর্ব করা যায়, অন্ততপক্ষে জেলা লেভেলে অ্যাডভাসরি বোর্ড করে তার কাছে এই জিনিস উত্থাপন করা যায়, লোকে তাদের কাছে আপত্তি দিতে পারে এই ব্যবস্থা না করলে আজকে যেভাবে সংশোধনী নিয়ে এসেছেন মন্ত্রিমহাশয় তাতে তাঁর সঙ্গে একমত হতে আমাদের দ্বিধা হয়, তার কারণ এই যে ক্ষতিপূরণ সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেটা যথেষ্ট নয়। আমার আগে শ্রীসনৎ রাহা মহাশয় যে কথা বলেছেন, ক্ষতিপূরণের টাকা নিয়ে আজকে অধিকাংশ জায়গায় কৃষকেরা কিছু করতে পারে না, কারণ জমির দাম বেড়ে গিয়েছে, জমি পাওয়া যায় না। গভর্নমেণ্ট অ্যাকুইজিশন করার পর যখন সেই সংবাদ যায়, জমির দাম বেড়ে যায় এবং তার ফলে যে ক্ষতিপূরণ দেওয়া হয় তাতে লাভ হয় না। এখানে বলা হয়েছে ক্ষতিপূরণের জন্য আপীল করতে পারবে, কিন্তু যে মনোবৃত্তি নিয়ে এই সংশোধনী রাখা হয়েছে তাতে সত্যিকারের কোন উপকার মানুষ পেতে পারে কি না সেটা চিন্তা করার বিষয়, কারণ ক্ষতিপূরণের টাকা দিয়ে কিছু করা যায় না। আমার মনে হয় এই অ্যাকুইজিশন একটা দীর্ঘস্থায়ী ব্যাপার হচ্ছে, এটা একটা স্বল্পকালীন ব্যাপার হচ্ছে না, পাঁচ বৎসরের একটা দীর্ঘমেয়াদী ব্যাপার হচ্ছে। সুতরাং সামগ্রিকভাবে মন্ত্রিমহাশয়ের চিন্তা করা দরকার। কি করলে মানুষের উপর যে চাপ পড়ছে, যে নিপীড়ন ও অন্যায় চলছে সেটার প্রতিকার করতে পারেন সেটা চিন্তা করা দরকার। জেলা লেভেলএ একটা শুনানী হলে মানুষ কিছুটা সুবিচার পেতে পারে।

The Hon'ble Syamadas Bhattacharyya: So far as the difficulties experienced by persons whose lands are requisitioned or acquired are concerned, we are very much conscious of these things but they relate to application of the law and they relate to the procedural difficulty. We are trying to overcome those difficulties. So far as the suggestion made by my honourable friends Shri Das and others regarding the exclusion of charitable institutions and educational institutions from the purview of requisition is concerned, I believe we may accept it.

The motion of Shri Amarendranath Roy Pradhan that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Bill be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 2 and 3

Shri Kashi Kanta Maitra: I have some amendments.

Mr. Speaker: You move your amendments under clause 2 and also your amendment under clause 3.

Shri Kashi Kanta Maitra: I move that after the first proviso to proposed sub-section (1) in clause 2, the following further proviso be added, namely:

> "Provided further that the person or persons interested in the land or lands so requisitioned shalll be afforded an opportunity of being heard on the service of notice in writing to such persons within a period of 30 days from the date of notification".

I move that in clause 2, in the proposed sub-section (1), line 1, for the words "is of opinion" the words "is satisfied" be substituted.

I move that in clause 2, in the proposed sub-section (1), in the last line, for the words "with the requisitioning" the words "with such requisitioning" be substituted.

I move that in clause 3, after proposed section 8A, the following be added, namely:

> "Such appeals shall be filed within a period of 90 days from the date of such Award and the provisions of section 5 of Indian Limitation Act shall apply".

Shri Kashi Kanta Maitra: Sir, I thank the Hon'ble Minister-in-charge for having realised the necessity of incorporating clause 2 in section 3, of the West Bengal Land Requisition and Acquisition Act of 1948. The Hon'ble Minister-in-charge might recall that in the last session when we had been discussing on a motion moved by him for extending the life of this Act, I made certain objections, one of such objections being that there was excessive delegation and I thank the Hon'ble Minister that he has tried to get rid of that obstacle. Now I would request the Hon'ble Minister concerned to kindly appreciate if it would not be better to have the words "is of opinion" substituted by the words "is satisfied". I suggest that the word "opinion" should be substituted by the word "satisfied". The reason is obvious. The honourable members might remember that this point was agitated before the High Court and the matter was finally decided by the High Court, in a case High Court took the view that whenever the question of satisfaction is there, it automatically follows that under the Rules of Business the entire record has got to be placed before the Minister concerned, and if on a perusal of the entire record and the documents, the Minister is satisfied that there is need for this requisition, then there is real satisfaction. So in order to obviate the circumstances or contingencies when there may be mala fide requisition or arbitrary requisition of property at the instance of the contentious parties or litigating parties, it would be better to have the word "opinion" substituted by the word "satisfied".

Another suggestion is that in clause 2, in the proposed sub-section (1), in the last line, for the words "with the requisitioning" the words "with such requisitioning", be substituted. This is necessary to make the position clear. Hence I am suggesting this change.

As regards section 3 I move the following amendment:

> "Provided further that the person or persons interested in the land or lands so requisitioned shall be afforded an opportunity of being heard on the service of notice in writing to such persons within a period of 30 days from the date of notification."

I wonder why this proviso has not been inserted in the amending Bill because one of the rigours of the existing law is that while under the Land Development and Planning Act, that is to say Act XXI of 1948, there is scope for filing objections. This is a statutory right given to persons interested under the Act. There is similar provision for making representation against the acquisition under Land Acquisition Aot of 1894. But this is only a piece of legislation in Bengal where the law does not afford any opportunity to the person whose lands are being requisioned under the Act to make representation against such requisitioning of land. That is why it may be called an oppressive piece of legislation. Therefore, a proviso should be there and an opportunity should be given to the persons of being heard. There should also be a provision for service of notice within a period of thirty days. Sir, in the clause where the provision for appeal is dealt with, I would suggest that this is not quite adequate. Section 8A says: "The provisions of the Code of Civil Procedure, 1908, relating to appeals shall apply to an award made by the court on a reference under section 8 as if such award where an original decree passed by the court in exercise of its civil jurisdiction." There should be a time limit and I hope that the Minister concerned would make the position quite clear. Ninety days' time limit should be there with regard to appeals. That would be quite satisfactory. Therefore, I would like, if he is agreeable, to insert the specific clause, namely: "Such appeals shall be filed within a period of 90 days from the date of such Award and the provisions of section 5 of Indian Limitation Act shall apply."

And finally I would submit, Sir, that such appeals—as my amendment runs—shall be filed within a period of 90 days from the date of such award and the provisions of section 5 of the Indian Limitation Act shall apply; that is to say, when under certain circumstances beyond control an appeal is filed out of time, section 5 of the Indian Limitation Act shall be made applicable.

Shri Nikhil Das: I move that in clause 2, in the proviso to the proposed sub-section (1), line 1, after the words "for the purpose of religious worship" the words "or used by an educational or charitable institution" be inserted.

আমার অ্যামেন্ডমেন্টটি এ্যাক্সেপ্ট করে নিয়েছেন ?

The Hon'ble Syamadas Bhattacharya: Yes.

[3-55 -4-5 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that in clause 2, in the proposed sub-section (1), lines 1-5, the words "it is necessary so to do for maintaining supplies and services essential to the life of community or" be omitted.

এটা অমিট করতে বলছি এজন্য যে এই উক্তিটা এটা হবার পর যদি ইট ইজ অফ অপিনিয়ন দ্যাট সাপ্লাইজ অ্যান্ড সার্ভিসেস আর প:ওয়ার। এটা ব্যাপক অর্থে ব্যবহার হতে পারে। এই যে এক্সেসিভ পাওয়ার করার চেষ্টা হচ্ছে এই অ্যামেন্ডমেন্টএর ভেতর দিয়ে। তাই এই শব্দটা যদি থাকে তা হলে এটা ব্যাপক অর্থে ব্যবহার হবে এবং এক্সেসিভ ডেলিগেশন এটা বরাবরই থাকবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। কাজেই আমি মনে করি এই অবস্থায় আমার অ্যামেন্ডমেন্ট সরকারের মেনে নেওয়া উচিত। এই কারণে আমি মন্ত্রিমহাশয়কে একটা ঘটনার উল্লেখ করি ঐ প্রখ্যাত বেরুবাড়ীর ঘটনা। সেখানে ১৩০ জন উদ্বাস্তুর জন্য জলপাইগুড়ি জেলার শখাতি এলাকায় ১১৫ জন

উদ্বাস্তুকে আবার উচ্ছেদ করে দিয়ে সেখানে ৫২৩ একর জমি অ্যাকুইজিশন করা হয়েছে। সেই জায়গায় আমি কিছুতেই বুঝতে পারি না যে, ১০০ ঘর উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ১১৫ ঘর উদ্বাস্তুকে উচ্ছেদ করে ১১৫ ঘর উদ্বাস্তু আবার নূতন করে সৃষ্টি করার কি কারণ। যদি এই প্রভিশন থাকে তা হলে এর দ্বারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলতে পারবেন যে আমরা ভেবে দেখেছি, ইট ইজ এসেনসিয়েল ফর কমিউনিটি। কাজেই আমি মনে করি এই রকম একটা ভেগ টার্ম এখানে থাকা উচিত নয়। এটা বাদ দেওয়া হোক।

Shri Kashi Kanta Maitra: Sir, for clarification I may point out to the Hon'ble Minister that he need not be terrified by the use of the expression "is satisfied" because it is not a revolutionary expression and if he looks at section 6, he will find that the same word "satisfied" has been used.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I am sorry I cannot accept the amendments.

Mr. Speaker: I put all the amendments to clause 2 to vote.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that in clause 2, in the proposed sub-section (1), lines 1-3, the words "it is necessary so to do for maintaining supplies and services essential to the life of community or" be omitted, was then put and lost.

The motion of Shri Kashi Kanta Maitra that in clause 2, in the proposed sub-section (1), for the words "is of opinion" the words "is satisfied" be substituted, was then put and lost.

The motion of Shri Kashi Kanta Maitra that after the first proviso to proposed sub-section (1) in clause 2, the following further proviso be added, namely:

> "Provided further that the person or persons interested in the land or lands so requisitioned shall be afforded an opportunity of being heard on the service of notice in writing to such persons within a period of 30 days from the date of notification"

was then put and lost.

The motion of Shri Kashi Kanta Maitra that in clause 2, in the proposed sub-section (1), in the last line, for the words "with the requisitioning" the words "with such requisitioning" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 2, in the proviso to the proposed sub-section (1), line 1, after the words "for the purpose of religious worship" the words "or used by an educational or charitable institution" be inserted, was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

The motion of Shri Kashi Kanta Maitra that in clause 3, after proposed section 8A, the following be added, namely:

> "Such appeals shall be filed within a period of 90 days from the date of such Award and the provisions of section 5 of Indian Limitation Act shall apply"

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Second Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1962.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, under the Defence of India Rules of 1939 certain properties consisting of lands and buildings had been requisitioned. As it was necessary to continue powers of having the properties under requisition the Act was passed in 1951 conferring necessary powers on the Government of West Bengal. Sir, in view of the present emergency it is necessary that the powers should be retained. Therefore, the proposal is to extend the time limit for another period of three years.

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে কন্টিন্যুয়েন্স অফ পাওয়ার আরও বাড়াবার জন্য যে বক্তব্য পেশ করা হয়েছে, তার গুরুত্ব স্বীকার আমি স্বীকার করে নিয়েও যে জন্য ১২ বছরের পর আরও ৩ বছরের জন্য এই ক্ষমতা বাড়াবার জন্য বিলটা আনা হয়েছে। এই গুরুত্ব উপলব্ধি করলেও কয়েকটা কথা আমি মাত্র বলতে চাই। এর বিরোধীতা না হলেও এ সম্বন্ধে সরকারী পক্ষের কিছুটা হুসিয়ারী থাকা দরকার এবং জানা দরকার ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস্‌এর জন্য কিম্বা তার আগে জানি না এখানে যে ফিগার দেওয়া হয়েছে তাতে ৫০০ একর জমি এবং ১০০ খানা বাড়ী এর মধ্যে ইনক্লুডেড এবং তার জন্য ১৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। ১৬ লক্ষ টাকা খরচ হবার সম্ভাবনা আছে এবং আরও যদি বাড়ী ঘরদোর নেওয়া হয় তাহলে আরও খরচ হতে পারে। এই সম্পর্কে মোটামুটি আমরা জানতে চাই যে, এই যে পাওয়ার ৩ বছরের জন্য এসেছে এই পাওয়ার সম্পর্কে অন্য কোন কিছু আছে কি না? অর্থাৎ অন্যান্য যে সমস্ত জমিজমা নেওয়া ছিল তার সংগে কি এর কোন যোগ আছে, না শুধু ডি আই রুলস প্রয়োগ করে দিয়ে যে অ্যাকুইজেশন হয়েছে তার সংগে সম্পর্ক আছে। এসব আমরা পরিস্কার বুঝতে পারছি না। সেজন্য বলছিলাম যে এই পাওয়ার আমরা দিতে রাজী আছি—জাতীয় স্বার্থে এবং জনস্বার্থে দেশরক্ষার জন্য এই পাওয়ার দিতে হবে। কিন্তু সামান্য ১০০ খানা বাড়ী এবং ৫০০ একর জমির দিকে দৃষ্টি না দিয়ে আমাদের যখন এই পাওয়ার আছে তখন গভর্নমেন্ট এই এমার্জেন্সী পিরিয়ডএ এমার্জেন্সী সেক গভর্নমেন্ট থেকে এই বাড়ী ঘরদোর তৈরী করা যায় কি না এবং এগুলি ছেড়ে দেওয়া যায় কি না সেদিকে দৃষ্টি দেওয়া দরকার।

কাজেই আমি আর বিশেষ কিছু বলতে চাই না, শুধু এইটুকু বলতে চাই যে, এই বিলের গুরুত্ব আমি উপলব্ধি করি এবং এই বিলকে আরো ৩ বৎসর বাড়িয়ে নেবার দরকার আছে কি না সেটা আমাদের দেখতে হবে। যে কারণ দিয়েছেন সেই কারণের ফলেই আমরা ৫০০ একর জমি পেয়েছি, না অন্য কোন কারণ আছে, সেটা আমাদের বিস্তারিতভাবে জানালে ভাল হয়।

[4-5—4-15 p.m.]

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল আমাদের সামনে এসেছে এর একটা দুর্বলতা আছে। আমার মনে হয় আমার সংগে সকলেই একমত হবে যে, আমরা দীর্ঘদিন ধরে এই যে টাকা খরচ

করে আসছি তার প্রয়োজন ছিল কি না। অর্থাৎ এই যে ৫ শত একর জমি ও একশত বাড়ী, এর জন্য যে রিকুইজিশন আমরা করেছিলাম তার জন্য আজ ১৫ বৎসর ধরে তার টাকা আমরা গুনে চলেছি, এদিক এদিক থেকে সরকার বিবেচনা করছেন কি না। এবং এই জমি এইভাবে আরো কতদিন রাখা যেতে পারে অথবা আমরা তা কিনে নিতে পারি কি না অন্যভাবে। এই যে খরচ করে যাবো বৎসরের পর বৎসর এ সম্বন্ধে কোন আলোকপাত এই বিলের মধ্যে দেখতে পেলাম না। আমার মনে হয় সরকারী অফিসাররা এবং আমাদের সরকার এই বিষয় যদি একটু নজর দিতেন তা হলে এর পরিণতি এতদূর যেতো না। কারণ, এর মধ্যে কোন ব্যবস্থা রক্ষা করতে চান কি না সেটা বোঝা দরকার। কারণ ৫ শত একর জমির দাম তখনকার দিনে ক্যালকুলেশন করলে হয়ত ৫ লক্ষ টাকা হবে। এই বাড়ীগুলির দাম কত হবে তা হিসাব করলে আমার মনে হয়, এই ৫ শত একর জমির অ্যাকুইজিশন, রিকুইজিশনএর পক্ষে অ্যাক্টের মেয়াদ বাড়িয়ে দেবার যে ব্যবস্থা হচ্ছে তা না করে এই যে ৫ শত একর জমি ও বাড়ীগুলি আছে এইগুলি নাকচ করে দিয়ে এইগুলি সরকারী কফারের মধ্যে আনা যায় কি না, সে দিক থেকে বিবেচনা করার জন্য আমি বলছি।

Shri Siddhartha Shankar Ray: Sir, there is no doubt that this Bill is a necessary step and I am not opposed to it but I shall make one request to the Hon'ble Minister to see to it that the different legislations on requisitioning of land are put together and formed into a single enactment. Only 10 minutes ago we passed a Bill called the West Bengal Land Acquisition and Requisition (Second Amendment) Bill. Power under that Act can easily be exercised in respect of the subject matter of the present Bill which is being discussed now. The difficulty is that the citizens who are affected by orders passed under this Act find it impossible to get the correct position. Not only ordinary citizens but many of the honourable members who are lawyers will bear me out that they find it impossible to find which Act actually applies to the order of requisition. There are so many Acts on this subject—Requisition and Acquisition of Premises Act, West Bengal Land Acquisition and Requisition Act, etc. If all these Acts are taken together and one Act is passed, at least the citizens would know under what particular provision of law their properties were sought to be requisitioned. This is a suggestion I make most respectfully to the Hon'ble Minister-in-charge.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, the suggestion given by Shri Ray is really logical. I may tell the House that the Central Government has already taken a move in the matter.

The Law Commission in its tenth report has already given some suggestions for consolidating all laws with regard to requisition and acquisition of properties. Our State Government has also given its views with regard to these suggestions. It is expected that the Central Government will bring forward some consolidated laws in the matter.

With regard to the other suggestions made by the honourable members, I have taken note of them.

Sir, with these words I commend my motion to the acceptance of the House.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 *and* 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Fire Services (Amendment) Bill, 1962

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the West Bengal Fire Services (Amendment) Bill, 1962.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, it is a very simple measure for conversion into the metric system and I do not think I should take up the time of the House by a long speech. The Fire Services Act requires that some license should have to be taken for some combustible goods. There are certain measures of length which are given in the present Act in inches and feet. This Bill seeks to convert these into metric measures of length.

I hope this will be passed unanimously.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Fire Services (Amendment) Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Shops and Establishments Bill, 1962

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to introduce the West Bengal Shops and Establishments Bill, 1962.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to move that the West Bengal Shops and Establishments Bill, 1962, be taken into consideration.

ওয়েস্ট বেঙ্গল সপ্‌স অ্যান্ড এস্টাবলিশমেন্টস বিল, ১৯৬২ নূতন কোন আইনের প্রস্তাব নয়। বর্তমানে যে আইন চালু আছে—বেঙ্গল সপ্‌স অ্যান্ড এস্টাবলিশমেন্টস অ্যাক্ট, ১৯৪০—তারই অনেক জায়গায় বর্তমান কালের প্রয়োজন অনুযায়ী সংশোধন করবার জন্য নূতন বিল উপস্থাপিত

করেছি। স্বাধীনতা প্রাপ্তির পর এই কয় বৎসরে দেশের অবস্থার আমূল পরিবর্তন দেখা দিয়েছে। দোকান ও বিভিন্ন প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। কর্মচারীদেরও সংখ্যা বৃদ্ধি হয়েছে।

১৯৪০ সালে যে আইন করে কর্মচারীদের ওয়ার্কিং কন্ডিশন বেঁধে দেওয়া হয়েছিল, আজকের দৃষ্টিভঙ্গীতে তার বদল করার প্রয়োজন হয়েছে। কারখানার শ্রমিকরা ট্রেড ইউনিয়নের মাধ্যমে যে সুযোগ-সুবিধা আদায় করতে পারেন দোকান কর্মচারীদের পক্ষে তা এখনও সম্ভব হয় নি। সেইজন্য আইন করে যতটা সম্ভব এ'দের ওয়ার্কিং কন্ডিশন ও সার্ভিস কন্ডিশনস্-এর একটা সম্ভবপর মান নির্ণয় করা প্রয়োজন। একথা বলা বাহুল্য যে নিপুণ ও স্বেচ্ছাপ্রণোদিত কর্মী না থাকলে কোন প্রতিষ্ঠানের কাজ ভাল করে চলে না। আবার এইসব কর্মীদের বিশেষ সুখ সুবিধা না থাকার দরুন এ'রা ঠিকমত কাজও করতে পারেন না এবং বিভিন্ন প্রকার অসুবিধার সম্মুখীন হন। এ বিষয়ে আমাদের সামাজিক দৃষ্টিভঙ্গীর প্রয়োজন আছে।

[4-15—4-25 p.m.]

যদিও এইসব কর্মচারীগণ দেশের বহু শহরে বিক্ষিপ্ত হয়ে আছেন, সরকার এইসব কর্মচারীদের নিকট থেকে যুক্তভাবে অনেক আবেদন পেয়েছেন। আমরা তাঁদের অভাব-অভিযোগের কথা স্মরণ রেখে এই বিলটি প্রণয়ন করেছি।

আমরা গত কুড়ি বৎসরে দোকান কর্মচারীদের আইন চালু রাখতে গিয়ে যে সমস্ত বাধা-বিঘ্নের সম্মুখীন হয়েছি সেগুলি দূর করতে চেষ্টা করেছি।

এই আইন প্রণয়নে আমাকে শ্রমিক ও মালিক পক্ষের কথা চিন্তা করে অগ্রসর হতে হয়েছে। বহু ছোট ছোট দোকানমালিক রয়েছেন, যাঁদের পক্ষে বেশী আর্থিক চাপ সহ্য করা সম্ভব নয়। আমাদের দেশের ক্রেতাদের অবস্থার কথাও বিবেচনা করা দরকার। দেশের যে সামাজিক পরিবর্তন ঘটেছে, তাতে কর্মীসমাজের মধ্যে নূতন আশা-আকাঙ্খার জাগরণ হয়েছে। আজ তাকে স্বীকার করা প্রয়োজন।

এই আইন রচনার পূর্বে আমি বিভিন্ন প্রতিষ্ঠানের আবেদনগুলি ভালভাবে বিবেচনা করেছি। বিধানসভার বিভিন্নদলের বহু মাননীয় সদস্যদের সঙ্গেও আলোচনা করেছি। এই আইন সম্পর্কে বিভিন্ন মালিক পক্ষের প্রতিনিধি, বিভিন্ন চেম্বার ও কর্মচারী সঙ্ঘের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেছি। সকলের সঙ্গে পরামর্শ করে এবং আলোচনার সুযোগ নিয়ে এই বিলটির রূপ দেওয়া হয়েছে।

এই বিলটির মূল বিধানগুলি হচ্ছে—

১। ১½ দেড়দিন উপর্যুপরি ছুটি এবং তার সঙ্গে ন্যাশনাল হলিডের ব্যবস্থা।

২। এক এক অঞ্চলে একই সময় দোকান খোলা বা বন্ধ রাখার ব্যবস্থা ও সঙ্গে সঙ্গে ১½ দিনের ছুটি একই সময়ে করার ব্যবস্থা।

৩। কর্মচারীদের দৈনন্দিন ৮½ সাড়ে আট ঘন্টা ও সপ্তাহে ৪৮ ঘন্টা কাজ।

৪। ১২ বৎসর বয়সের কম কাহাকেও কাজে লাগান যাবে না। ১৫ বৎসরের কম ব্যক্তিকে রাত ৮টার পর কাজে খাটানো যাবে না।

৫। কোন নারী কর্মীকে সিনেমা ও থিয়েটার ব্যতীত এস্টাবলিশমেন্ট ফর পাবলিক এনটারটেনমেন্ট কিম্বা অ্যামিউজমেন্টএ সন্ধ্যা ছয় ঘটিকার পর বা দোকান কিম্বা বাণিজ্য প্রতিষ্ঠানে রাত্রি ৮ ঘটিকার পর কাজ করিতে দেওয়া হবে না।

৬। হোটেল রেস্তোরাঁ বা খাবার দোকান রাত্রি ১১টার পর বন্ধ থাকবে।

৭। কর্মচাদের বেতন দেবার দিন ধার্য এবং অনাদায়ে সহজে আদায় করার ব্যবস্থা।

৮। নারী কর্মীদের মেটার্নিটি লিভ দেবার ব্যবস্থা।

৯। দোকান বা বাণিজ্য প্রতিষ্ঠানের রেজিস্ট্রীকরণ। রেজিস্ট্রেশন ফি এক টাকার মধ্যে ধার্য হবে এবং রেজিস্ট্রেশন তিন বৎসর চালু থাকবে।

১০। কর্মীদের নিয়োগপত্র দেওয়ার ব্যবস্থা।

১১। মিথ্যা কাগজপত্র তৈরী করলে জেল বা জরিমানার ব্যবস্থা।

আমি বিলটির সম্বন্ধে কয়েকটি বিশেষ বিশেষ বিধানের কথা উল্লেখ করলাম। কি পরিপ্রেক্ষিতে আইনটি রচনা করা হয়েছে তাহা আমি পূর্বেই বলেছি। আমি এখন আপনাদের সমর্থনের জন্য বিলটি উপস্থাপিত করছি।

Mr. Speaker: All the amendments are in order and they are taken as moved.

Shri Apurba Lal Majumdar: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1963.

Shri A. H. Besterwitch: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June 1963.

Dr. Kanai Lal Bhattacharya: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1963.

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমাদের মন্ত্রিমহাশয় যে দোকান কর্মচারী আইন বা বিলটা নিয়ে এলেন, এই বিলটা বহুদিন ধরে আমাদের বিভিন্ন দোকান কর্মচারিবৃন্দ এবং দেশের জনসাধারণ চেয়েছিলেন। এই বিলটা আগে যেভাবে পাশ হয়েছিল, সেই বিলের অনেক পরিবর্তন ঘটেছে, অনেক উন্নতি ঘটেছে এবং কর্মচারীদেরও অনেক সুখসুবিধার ব্যবস্থা হয়েছে। একথা ঠিক যে হয়ত এই বিলটাতে কিছু কিছু ত্রুটি থেকে যেতে পারে। সেগুলির সংশোধনের জন্য আমাদের মাননীয় সদস্যরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, আমি আশা করি আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় সে বিষয়ে সহানুভূতির সহিত বিবেচনা করবেন। কারণ আমি দেখতে পাচ্ছি যে তাঁর মধ্যে একটা সহানুভূতির মনোভাব আছে এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি। এই দোকান কর্মচারীদের অবস্থার কথা আমরা সকলে জানি যে তাদের পরিশ্রম সমান এবং তাদের অত্যধিক অস্বাস্থ্যকর অবস্থায় অবর্ণনীয় অবস্থার মধ্যে তাদের কাজ করতে হয়। তাদের কোন রকম সুখ সুবিধার কোন অধিকারই আগে ছিল না। এই বিলে সেই অধিকার কিছু কিছু স্বীকৃত হয়েছে। কিন্তু আরো যে সমস্ত অধিকার তাঁদের দেওয়া উচিত ছিল, সেগুলি দেওয়া হয় নাই, বড় বড় দোকান আছে, আবার ছোট ছোট দোকানও আছে। বড় বড় দোকানের যারা কর্মচারী, তাঁদের বড় বড় দোকানদাররা যে সমস্ত সুখ-সুবিধা দিতে পারে, হয়ত ছোট ছোট দোকানদাররা তা দিতে পারে না। তাহলে বড় বড় দোকানের মালিকরা কর্মচারীদের যেটুকু সুখ-সুবিধা দিতে পারে, এই বিলে সে বিষয়েও কোন কোন ব্যবস্থা তাঁরা করেন নাই। যেমন কমলালয়, হরলালকা, বেঙ্গল স্টোরস, ওয়াছেল মোল্লা প্রভৃতি এই সমস্ত বড় বড় প্রতিষ্ঠান রয়েছে, যারা ইচ্ছা করলে তাদের কর্মচারীদের যে ন্যায্য পাওনা, বা তাদের জন্য যে আইন করা উচিত ছিল যে ভাবের, যেমন প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা এবং তাদের জন্য একটা ন্যূনতম বেতনের ব্যবস্থা, একটা গ্রেড প্রথার ব্যবস্থা, ইত্যাদি করতে পারত। এই সমস্ত বড় বড় দোকানদার, যারা বহু লক্ষ লক্ষ টাকা লাভ করে ব্যবসা করেন, তাদের এটা দেওয়া উচিত ছিল। অবশ্য, হয়ত ছোট ছোট দোকানদারদের পক্ষে এটা দেওয়া সম্ভব নয়।

তারপর কর্মচারীদের ছাঁটাইএর ব্যবস্থা রয়েছে। ছাঁটাই তারা করতে পারবে, কিন্তু তাদের পুনর্নিয়োগের কোন ব্যবস্থাই নেই। যাতে তাদের মধ্যে পুনর্নিয়োগের ব্যবস্থা হয়, সে বিষয়ে একটা ব্যবস্থা এই বিলে রাখা দরকার।

তারপর ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টএ তাদের যে সমস্ত সুযোগ বা সুবিধা তারা পাবে, তার মধ্যদিয়ে তাদের চাকরীর বিশেষ কোন নিরাপত্তার বিধান আমরা দেখতে পাচ্ছি না। সেদিক থেকে তাদের চাকরীর একটা নিরাপত্তা থাকে তার প্রতি সরকারের বিশেষ দৃষ্টি দেওয়া

দরকার। এ বিষয় যে সংশোধনী আছে, সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর ওভারটাইমএর ব্যাপারে যে বিধানের ব্যবস্থা করা হয়েছে, তাতে ছোটখাট দোকানের পক্ষে এটা যে কার্যকরী করার একটু অসুবিধা হতে পারে সে বিষয়ে সন্দেহ নেই কিন্তু বড় বড় দোকানের পক্ষে যে সমস্ত ব্যবস্থা আছে, অর্থাৎ ওভারটাইম হলে তারা দ্বিগুণ বেতন দিয়ে থাকে; সেই রকম ব্যবস্থা এখানেও থাকা দরকার।

তারপর অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে কাজ করতে হয়। সেদিক থেকে দেখা যায় অন্যান্য দেশে যাতে কর্মচারীরা স্বাস্থ্যকর স্থানে এবং স্বাস্থ্যকর পরিবেশের মধ্যে কাজ করতে পারে তার ব্যবস্থা আছে। কিন্তু আমাদের এখানে ঠিক সেইভাবে কাজের ব্যবস্থা হয় নি। সেদিক থেকে সরকারকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। তারপরেতে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ এবং বাংলা সরকারের অধীনস্থ অনেকগুলি প্রতিষ্ঠান আছে, যেগুলি নিশ্চয় এই আইনের আওতার মধ্যে আনা উচিত ছিল। কিন্তু কেন আনা হয় নি তা ভাল করে বুঝতে পারলাম না। যাই হোক, সেদিক থেকে আমার বক্তব্য বিশেষ কিছু নেই। এই বিলটাকে আমি সাধারণভাবে সমর্থন করছি এবং আমি আশা করি আমার যা বক্তব্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানালাম, তিনি সেগুলি বিশেষভাবে বিবেচনা করবেন।

Shri Gopal Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল আনবার সময় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন আজ পরবর্তী অবস্থায় এই দোকান কর্মচারী আইনের সংশোধন একান্ত প্রয়োজন হয়েছে। এটা খুবই ঠিক। ১৯৪০ সালের যে আইন, সেই আইন এখন নিশ্চয় অচল হয়ে গিয়েছে। কিন্তু অন্যান্য রাজ্যে ইতিমধ্যেই এই ধরনের আইন পাশ হয়েছে। কেবল দু-তিনটা রাজ্য বাদে আর সব রাজ্যে এই ধরনের আইন পাশ করে নেওয়া হয়েছে। আমাদের এই আইনে আশা করা গিয়েছিল যে অন্যান্য রাজ্যে এই আইনে যেসব সুযোগ সুবিধা কর্মচারীদের দেবার জন্য ব্যবস্থা আছে আমাদের এখানেও থাকবে। কিন্তু তা হয় নি। সে দিক থেকে বোধ হয় খুব যত্ন করে বিচার, বিবেচনা করে দেখা হয় নি; এবং যে সময় আমরা পেয়েছিলাম তার প্রকৃত সদ্ব্যবহার করা হয় নি।

[4-25—4-35 p.m.]

প্রথম কথা বলে নিতে হয় যে এই আইনে কিছু কিছু ইমপ্রুভমেন্ট বা উন্নতি হয়েছে। আগে ৫৬ ঘন্টা সময় ছিল সপ্তাহে এখন সেখানে ৪৮ ঘন্টায় নামানো হয়েছে, এটা ঠিকই উন্নতি হয়েছে। আগে স্প্রেড ওভার ছিল ১৪ ঘন্টা, এখন ১০ ঘন্টা করা হয়েছে, এটাও নিশ্চয়ই উন্নতি হয়েছে। মাইনের ব্যাপারে কর্মচারীদের মাইনে আদায় করার ব্যাপারে আগে যে নিয়ম ছিল তাতে মালিক-পক্ষকে শাস্তি দেওয়া যেত, কিন্তু কর্মচারীরা তাদের মাইনে আদায় করতে পারত না। একটা এসটাবলিশমেন্টে হয়তো ১৫ জন কর্মী আছে, তাদের ১,৫০০ টাকা মাইনে দেন, তারা কোন রকমেই মাইনে আদায় করার ব্যবস্থা করতে পারত না, সেই ব্যবস্থা ছিল না; হয়তো মালিক ৫। ১০ টাকা দিয়ে রেহাই পেতে পারত। এখন পেমেন্টএর ব্যাপারে কিছুটা উন্নতি হয়েছে একথা স্বীকার করতে হবে। কিন্তু অন্যান্য যেসমস্ত সুযোগ সুবিধার কথা বলা হয়েছে সেখানে কতকগুলি ত্রুটিও সংগে সংগে দেখা যায়। এটা মন্ত্রিমহাশয় বলেছেন এই আইন রচনা করার সময় বিভিন্ন স্বার্থ, কর্মচারীদের স্বার্থ, দোকানীদের স্বার্থ, সমস্ত কিছু বিবেচনা করে এই আইন রচনা করবার চেষ্টা করেছেন। কিন্তু কর্মচারীদের যে সমস্ত দাবী ছিল, ওয়ার্কিং আওয়ার্স, ওভারটাইম, লিভ ফেসিলিটিজ, উইকলী রেস্ট, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি এন্ড আই বেনিফিট এক্সটেনশন--এইগুলি তাদের দাবির মধ্যে ছিল। এসবগুলি যে এর মধ্যেও বিবেচনা করা হয়নি এটা এই আইন দেখেই বোঝা যাচ্ছে, কিন্তু যা আছে তার মধ্যে দেখা যাচ্ছে এই আইনটায় অ্যাপ্লিকেবিলিটির জায়গায় রয়েছে কার কার উপর প্রয়োগ করা হবে—সেদিকটা বিবেচনা করলেই দেখা যাবে যে, এমন প্রতিষ্ঠান অনেক বাদ পড়ে যেতে পারে যেহেতু নির্দিষ্ট এখানে কিছু নাই, এমন এমন প্রতিষ্ঠান আছে যেখানে হয়তো কর্মচারীরা বাদ পড়ে যেতে পারে। এবং এমন ওয়াইড অ্যাপ্লিকেবিলিটি যে, ম্যাসেঞ্জার, কেয়ারটেকার, বিয়ারার এই ধরনের

চারী হয়তো বাদ পড়ে যেতে পারে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, এই যে ওয়াইড অ্যাপ্লিকেবিলিটি এবং ওয়াইড স্কোপ এ সম্পর্কে চিন্তা করার প্রয়োজন ছিল, এবং এই জিনিষটা ভালোভাবে হওয়া দরকার। তারপর লিভএর ব্যাপারে—লিভের ব্যাপারে দেখা যায়, প্রিভিলেজ লিভএর কথা যেখানে বলা হয়েছে, ১৪ দিন ক্যাজুয়াল লিভ, ১০ দিন মেডিক্যাল লিভ, হাফ পে-তে কোন জায়গায় নাই, মেডিক্যাল লিভ হাফ পে-তে, কিন্তু এখানে একটা নতুন ব্যবস্থা করা হয়েছে মেডিক্যাল লিভ ১৪ দিন হাফ পে বেসিসএ হবে এখানকার নিয়মে। অন্যান্য রাজ্যে মেডিক্যাল লিভ হয় ফুল পে-তে। অন্ধ্রতে ১২ দিন, কিন্তু ফুল পে-তে। এইভাবে অন্যান্য রাজ্যের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে যে, যে সমস্ত ফেসিলিটিজ আমাদের এখানে প্রোভাইড করা হচ্ছে তা অন্যান্য স্টেট-এর চেয়ে কম। ওভারটাইমএর ব্যাপারে এখানে দেড়গুণ রাখা হয়েছে। হাউসিং ওয়ার্ক সম্পর্কে যেটা এই আইনে প্রোভাইড করা হয়েছে সেখানে অবশ্য মন্ত্রিমহাশয় পরে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন যে, রেস্টুরেন্ট ইত্যাদির জন্য ৯ ঘণ্টার জায়গায় ৮৷৷ ঘণ্টা করে দিয়ে অ্যাট পার নিয়ে আসা হয়েছে অন্যান্য এসটাবলিশমেন্টএর সঙ্গে—এটা ভালোই হয়েছে। কিন্তু স্প্রেড ওভারএর জায়গায় যেখানে ১০ ঘণ্টা বলা হয়েছে, অন্যান্য জায়গায় তাকে কন্ট্রাডিক্ট করা হয়েছে। সেকশন ৬এ যা প্রোভাইড করা হয়েছে তাতে আওয়ার্স অফ ওয়ার্ক এবং স্প্রেড ওভার-এর মধ্যে অসামঞ্জস্য থাকার দরুন কর্মচারীদের এমন অবস্থা দাঁড়াবে যে, ৮৷৷ ঘণ্টা কাজ করে ১৷৷ ঘণ্টার জন্য বাইরে যাবার সুযোগ থাকবে না—বস্তুতঃপক্ষে এটা এই দশ ঘণ্টা কাজের মধ্যেই যাবে এই সম্ভাবনা এই আইনের অ্যাপ্লিকেশনের মধ্যে দেখা যাচ্ছে। তারপর ন্যাশনাল হলিডে দুটো সাধারণতঃ আমরা বলি, ফিফটিনথ আগাস্ট, টুয়েন্টি-সিক্সথ্ জানুয়ারি। কিন্তু অন্যান্য জায়গায় যেটা করা হয়েছে পাবলিক হলিডে এবং ন্যাশনাল হলিডে সম্পর্কে কয়েকটা দিন বেঁধে দেওয়া হয়েছে। বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকম আছে। এখানে ন্যাশনাল হলিডের জন্য ২ দিনের বেনিফিট পাওয়া যাচ্ছে। পুজার ছুটির দিন যদি ধরা যায় পুজার মধ্যে যারা কাজ করবে তারা ওভারটাইমএর বেনিফিট পাবে না। এটা কন্সিডার করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলছি। এটা পরিবর্তন করে ন্যাশনাল হলিডে এবং পাবলিক হলিডের ফেসিলিটিজ দেওয়ার প্রশ্ন যদি সত্যিই বিবেচনা করা হয়ে থাকে তাহলে এটা পরিবর্তন করা দরকার। অন্যান্য রাজ্যে, বেশির ভাগ রাজ্যে ৭ দিন আছে। আমাদের এই রাজ্যে পাবলিক হলিডে এবং ন্যাশনাল হলিডে, সাবসটিটিউড লিভ ইত্যাদি সম্পর্কে সুবিচার যাতে করা হয় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এখন এ ছাড়াও যে পরিমাণ অ্যামেন্ডমেন্ট এসেছে তা থেকেই দেখা যাচ্ছে এই আইনের উন্নতি করার যথেষ্ট স্কোপ আছে। সুতরাং হেমন্তবাবু যে কথা বলেছেন, আমিও মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে অনেকগুলি অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করা যেতে পারে। মন্ত্রিমহাশয়ও পরে অ্যামেন্ডমেন্ট প্লেস করেছেন। সুতরাং এটায় আরো আলোচনার অবকাশ আছে - তাহলে হয়তো এটাকে ইমপ্রুভ করে শ্রমিকদের স্বার্থে নিয়ে নেওয়া যেতে পারে, এবং ছোট ছোট মালিকদের স্বার্থ যাতে বিপন্ন না হয় সেভাবেও এই উন্নতি করার স্কোপ আছে বলে আমি মনে করি। এই আইনটা যত তাড়াতাড়ি চালু করা যায় ততই ভালো, কারণ দীর্ঘদিন এই নিয়ে আন্দোলন চলছে বাইরে- একথা মন্ত্রিমহাশয় নিজেও স্বীকার করেছেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Amarendra Nath Basu:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিলটা উপস্থাপিত করেছেন এবং যেটা আইনে পরিণত হতে যাচ্ছে এর মধ্যে দিয়ে বাংলাদেশের বিপুল সংখ্যক দোকান কর্মচারীদের ভিতর একটা আশার আলো দেখতে পাওয়া যাচ্ছে। আমরা অনেক দিন ধরে চেষ্টা করেছিলাম এ রকম একটা বিল আনবার জন্য, এবং আমি এটা স্বীকার করব মন্ত্রিমহাশয়েরও ইচ্ছা ছিল এরকম একটা বিল যাতে তিনি বিধান সভায় আনতে পারেন, এবং সমস্ত কর্মচারীদের যে ইউনিয়ন এবং মালিকপক্ষ এদের সঙ্গে তিনি অনেকবার আলোচনা করে তাদের ভালো করবার চেষ্টা করেছেন। আজকে আমি তাঁকে আপনার মাধ্যমে একটা বিশেষ অনুরোধ করব যেসব সংশোধনী প্রস্তাব এসেছে, বিশেষ করে গোপালবাবু যেকথা বলেছেন, আপনি আর একটু বিবেচনা করে দেখবেন শ্রমিকদের এবং কর্মচারীদের কল্যাণের জন্য আরও একটু ভালোভাবে এই বিলটা আনতে পারেন কিনা। আজকে যে আমরা এটার সমর্থন করছি তার একমাত্র কারণ বর্তমানে

মনে এখন এই আশা জেগেছে যে এই বিলের মাধ্যমে তাদের দাবিদাওয়া নিয়ে আলাপ-আলোচন করার সুযোগ পাওয়া গেল—এটাই আজকে সবচেয়ে বড় কথা। আজ এই আশা নিয়ে আমি এই বিলটা পুরোপুরি সমর্থন করতে পারব বলে মনে করি এবং আশা করব আমাদের পক্ষ থেকে যেসব সংশোধন এসেছে সেগুলি তিনি গ্রহণ করবেন।

[4-35—4-45 p.m.]

Shri Nikhil Das:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এর আগে যে আইনটা ছিল ১৯৪০ সালে পাশ হয়েছিল এবং ১৯৫৪ সাল পর্যন্ত কিছু কিছু এ্যামেন্ডমেন্ট হয়েছে। কিন্তু এই আইন চালু করার ব্যাপারে আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে এই আইন ঠিক ঠিক ভাবে চালু হয়নি কেন হয়নি সে কারণগুলো বিস্তারিতভাবে আলোচনা করতে চাইনি। এই আইনের আওতায় তিন ধরণের সংস্থা আছে, কমার্শিয়াল এস্টাবলিসমেন্ট, ছোট দোকান, সিনেমাথিয়েটার আছে। এখন ছোট দোকানের সমস্যা বুঝতে পারি এক রকম, কিন্তু সিনেমা, কমার্শিয়াল এস্টাবলিসমেন্ট যেগুলোতে বিরাট মুনাফা হয়ে থাকে সেগুলোর এই আইনকে ফাঁকি দেবার চেষ্টা। যেমন কমার্শিয়াল এস্টাবলিসমেন্ট, আমি বলতে পারি, যেমন সংবাদপত্র প্রতিষ্ঠানগুলো সম্বন্ধে যদি জানা কিছু যায় তাহলে দেখবো, সংবাদপত্র প্রতিষ্ঠানের যেসমস্ত কেরাণী কাজ করেন, যেসমস্ত কর্মচারী কাজ করেন তাদের ক্ষেত্রে পুরানো যে আইন ছিল সে আইন চালু করা হয়নি, তাদের ক্ষেত্রে তা চালু হয়নি। এবং বহু ক্ষেত্রেই এ আইন চালু হয়নি এবং ইন্সপেক্টর বা যারা এসব তদারক করতেন, তাদের কিভাবে ভুলিয়ে টুলিয়ে সে আইন চালু করা না যেত—তারও বহু নিদর্শন বহু জায়গায় আছে। এ নিয়ে বারবার বলেছি এবং দেখেছি কিছু কিছু ফল হয়েছে, আবার কখনও কখনও হয়নি, ফাঁকি দেবার একটা জায়গা দেখা গেছে। আর একটা জিনিষ লক্ষ্য করেছি, কোথাও কেউ কাজ করছে, চাকরি চলে গেল, আমরা তার চাকরি নিয়ে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট অনুযায়ী হয়ত দরখাস্ত করলাম, সে দরখাস্ত করতে গিয়ে দেখলাম হয়ত সে চাকরি করে কি করে না এটাই প্রমাণ করতে পারলুম না, কারণ তাদের কোন অ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়া হোত না, কোন রেজেস্ট্রি তাদের ঠিকভাবে রাখা হত না। মাইনে যাতে দিত সেসব জিনিষ ঠিকভাবে থাকতো না। যার ফলে সে চাকরি করতো বা না করতো এই জিনিষটা তার মধ্যে থেকে খুঁজে বের করা যায়নি। তার ফলে দেখা গেছে এ জিনিষ আমরা পারিনি। এবার দেখেছি আমরা অ্যাপয়েন্টমেন্ট লেটার দেবার যে ব্যবস্থা সে ব্যবস্থা নতুন বিলের মধ্যে দেবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু কেউ যদি এই আইনকে ফাঁকি দেয়, ফাঁকি দেবার ব্যাপারে যে শাস্তি আছে, গতবারেও যে শাস্তি ছিল সে শাস্তিকে ভয় তারা করেনি, এবার হয়ত ইএ শাস্তিটা একটু বেড়েছে কিন্তু সে জায়গায় এমন কোন ব্যবস্থা করা যায় কিনা রুলস্-এর মাধ্যমে সেটা যখন আমাদের সাথে শ্রমমন্ত্রীর আলাপ-আলোচনা হয়েছিল তখন আমরা বলেছিলাম, রুলস্-এর মাধ্যমে এমন কোন ব্যবস্থা করা যায় কিনা যাতে এ ধরনের ফাঁকি দিতে কেউ সাহস করে না, এমন ধরনের একজেমপ্লারি পানিসমেন্ট দেওয়া যায় কিনা যে একজেমপ্লারি পানিসমেন্ট-এর ফলে এই ধরণের ফাঁকি দিতে কেউ সাহস করবে না। এ ধরণের কোন কাজ করা যায় কিনা? আর একটা কথা হচ্ছে যেটা, সেটা হচ্ছে আপনি জানেন যে সিনেমা ইন্ডাস্ট্রির কথা আলাপ-আলোচনার মাধ্যমে বলেছি তাতে বিরাট—যেখানে বই দেখান হয়- সেখানে বিরাট মুনাফা তারা করেন। একই আইনের মধ্যে ছোট দোকানদার, যেখানে কর্মচারী নেই বা একটা কর্মচারী কাজ করে তার সাথে বড় বড় মেট্রো থেকে আরম্ভ করে বড় বড় সিনেমাগুলো বা বড় বড় প্রতিষ্ঠানগুলোর কমার্শিয়াল এস্টাবলিসমেন্ট সেগুলো এইসব দিকে নজর দিতে গিয়ে এবং যারা কাজ করে তাদের যে পরিমাণ স্বার্থ রক্ষিত হওয়া দরকার তার সে পরিমাণ স্বার্থ এখানে রক্ষিত হয়নি। আমরা যদি সে দিকে লক্ষ্য রেখে চিন্তা করতাম, এ সবে যারা কাজ করে তাদের স্বার্থ রক্ষিত হয় সেখানে যদি গভর্নমেন্ট ক্ষমতা নিয়ে নিতেন ছোট যে দোকানগুলো আছে সেখানে রুলস প্রণয়ন করে এ ধরণের ব্যবস্থা তারা করতেন যে তাদের কিছু কিছু, যেমন সেই ছোট দোকান যার আছে সেখানে কিছু সুযোগ তাদের দেওয়া যায় তাহলে আমি মনে করতাম বিলের আরও সুযোগ-সুবিধা দেওয়া যায়। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই, সে কথা হচ্ছে এটা এই আইনের আওতায় যেসব কর্মচারীরা আসবে সে কর্মচারীদের ব্যাপারে কোন ছুটিছাটার

ব্যবস্থা ছিল না তেমনি আজ পর্যন্ত মাহিনার কোন ব্যবস্থা ছিল না। সিনেমা কর্মচারীদের ব্যাপারে মিনিমাম ওয়েজেস হয়েছিল এখন হাই কোর্টে-এ ঝুলছে। দোকান কর্মচারী বা অন্য সংস্থা যারা এস্টাবলিসমেন্ট-এ কাজ করে তাদের ব্যাপারে মিনিমাম ওয়েজেস নেই, মাহিনা সেও তাদের কোন নির্ধারিত নেই। যেখানে যে যা খুশী মাহিনাতে রাখতে পারছে, রাখছে। সিনেমা ইন্ডাস্ট্রি-র মিনিমাম ওয়েজেস হয়েছিল, সেটা গভর্নমেন্ট করেছিল, কিন্তু সেই নোটিফিকেশন নিয়ে আইনের ফাঁকড়া ওঠায় সেটাও হাইকোর্টে-এ ঝুলছে। এবং এই বিল সম্পর্কে আলোচনার মাধ্যমে যে কথাটা আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে রাখতে চাই তা হচ্ছে যেন এ ধরনের ব্যাপার আমরা করতে পারি যাতে তাদের মাহিনা সম্পর্কেও কিছু তারা রাখতে পারে। ছুটির ব্যাপারে উনি বলেছেন পরিবর্তিত অবস্থায় এই পরিবর্তিত আইন এসেছে। অন্য ব্যাপারে কিছু কিছু পরিবর্তন হয়েছে। কিন্তু লিভ-এর ব্যাপারে কোন পরিবর্তন হয়নি।

ঐ পুরান আইনে ১৯৪০ সালের আইনে ছুটি ছিল ১৪ দিন, সে ১৪ দিনই আছে আর আধা মাহিনা ছিল সে আধা মাহিনা আছে, এবং ক্যাজুয়াল লিভ যা ছিল তাই আছে, তার থেকে বাড়েনি। পরিবর্তিত অবস্থায় এই ছুটির জায়গায় কোন পরিবর্তন এই নূতন বিলে হয় নি। ওভারটাইম ব্যাপারে আর একটা কথা বলবো ফেস্টিভেল হলিডে, এই ফেস্টিভেল হলিডে-এর জায়গা নেই এবং দোকান কর্মচারীরা এই ফেস্টিভেল হলিডে পায় না, উৎসবের দিনে তাদের বেশি করে খাটুনী দিতে হয়। খাটতে হয়—তাদের কাজ করতে হয়, তাই প্রিভিলেজ লিভ-এর যে জায়গাটা তাদের বেশি ছুটি দেওয়ার প্রয়োজন ছিল। ন্যাশনাল হলিডের ব্যাপারে বলা হয়েছে। তারা ন্যাশনাল হলিডেতে যদি কাজ করে তবে ওভারটাইম দেওয়া হবে। ন্যাশনাল হলিডের ব্যাপারে তারা ঐ ন্যাশনাল হলিডে এঞ্জয় করতে পারবে কি পারবে না সে কথা গ্যারান্টি দেওয়া নেই। এই বিলে আছে ন্যাশনাল হলিডে-তে তারা যদি কাজ করে তাহলে তাদের ওভারটাইম দেওয়া হবে অর্থাৎ সেখানে তারা কাজ করতে পারবে একথা বলা হয়েছে, ওভারটাইম-এর ব্যাপারে দেড়া বলা হয়েছে। সব জায়গায় ডাবল যেখানে এখানে দেড়া কেন? বলা হয়েছে ১২০ ঘন্টা ওভারটাইম, এই ১২০ ঘন্টায় কটা দিন হয়? দেড়ার জায়গায় যদি ডাবল হয় তা ক পয়সা মালিকদের যাবে? তাই আমি বলবো আমরা এসব ব্যাপার সংশোধনে দিয়েছি এবং আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো যদি তিনি কিছু কিছু সংশোধন নিতে পারেন। আমার সর্বশেষ বক্তব্য হচ্ছে এটা যে পুরান যে আইন ছিল তার চেয়ে এ আইনের অনেক উন্নতি হয়েছে এবং যারা কর্মচারী তাদের অনেক উপকার হবে। এ আইনে আরো কিছু করা যায় কিনা সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এনেছেন সেটাকে আমি সমর্থন করতে উঠে দু-একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। লক্ষ লক্ষ দোকান কর্মচারী যারা হাডভাঙ্গা পরিশ্রম করে মালিকের মুনাফা করায় তারা যাতে সামান্যতম সুযোগসুবিধা পায় তারজন্য আমাদের তরফ থেকে বহুবার শ্রমমন্ত্রীর কাছে এবং সরকারের কাছে বহু ডেপুটেশন দেওয়া হয়েছে, বহু রকমের কথা বলা হয়েছে এবং তারপর আজকে দেখা যাচ্ছে যে শ্রমমন্ত্রী মহাশয় অত্যন্ত সাহসের সংগে এই বিলটা এনেছেন। বিলটা আনায় আর একটা অ্যাসপেক্ট আমরা দেখতে পাচ্ছি যে শ্রমমন্ত্রী মহাশয় এর আগের সেসনে বলেছিলেন তাঁর ইচ্ছা—সরকারের ইচ্ছা বলে আমরা জেনেছিলাম যে ১০০ টাকা মিনিমাম ওয়েজ যাতে হয় সেটা সরকার দেখবেন। এই বিলে একটা জিনিষ দেখতে পাচ্ছি যে সব কিছু দেওয়া হয়েছে, কিন্তু যেসমস্ত বড় বড় এস্টাবলিসমেন্ট সেখানে মিনিমাম ওয়েজ ধারাটা আজকে যখন নতুন করে নিয়ে আসা হয়েছে সেটা বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রয়োগ করা হল না কেন সেটা আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি। তিনি যখন এই হাউসে একথা ঘোষণা করেছিলেন তারপর যখন এই বিলটা নিয়ে এসেছেন বলেই এটা বললাম। তৃতীয় কথা হচ্ছে যে এই বিলে যেসমস্ত জিনিষ আছে তাতে দেখা যাচ্ছে যে অনেকগুলি জায়গায় কিছু কিছু কর্মচারী উপেক্ষিত হচ্ছে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় এমন একটা জায়গা থেকে এসেছেন যেখানে বিভিন্ন আড়তে কেনাবেচা হয় যেখানে অনেক রকম এস্টাবলিসমেন্ট আছে সেখানে কয়াল, মহালদার বলে বিভিন্ন শ্রেণী কাজ করেন। তাদের প্রাকটিক্যালি সার্ভিস-এর কোন গ্যারান্টি দেওয়া হয়নি। সেই কয়াল,

মহাজনদার ইত্যাদি, ছোট ছোট দোকানে দেখা যায় পার্ট টাইম ওয়ার্কার আছে, ফুল টাইম নেই। তারা তাদের দারিদ্র্যের সুযোগ নেয়। তাদের পার্ট টাইম থেকে ফুল টাইম করার বিষয়ে কোন সুস্পষ্ট গ্যারান্টি এই বিলে নেই। তৃতীয়তঃ হচ্ছে, মাননীয় নিখিলদাসবাবু বললেন সিনেমা ইত্যাদির অ্যামুয়েজমেন্ট অর এন্টারটেনমেন্ট যেসমস্ত ব্যবসা করে তাদের এ থেকে বাদ দেওয়া হয়েছে।

[4-45—4-55 p.m.]

আর একটা জিনিষ হচ্ছে, মাননীয় শ্রমমন্ত্রী জানেন দু-তিনজন ওয়ার্কার নিয়ে বিভিন্ন ছোট ছোট এস্টাবলিসমেন্ট আছে, যেমন কাঁচকল ইত্যাদি আছে। সেই সমস্ত জায়গায় যারা কাজ করে তারা কোন রকম বেনিফিট—ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এর বেনিফিট, ফ্যাক্টরী অ্যাক্ট-এর বেনিফিট—কোন রকম বেনিফিট পায় না। অথচ তাদের সম্পর্কে এক্সপ্রেসলি কিছু লেখা নেই —এর মধ্যে কিছু ইনক্লুড করা হয়নি। এখানে বলা দরকার যে তারা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট দ্বারা গভর্নড হবে কিনা। আর একটা জিনিষ হচ্ছে ছোট ছোট দোকান যে সমস্ত আছে সেখানে ল' এনফোর্স করতে গেলে কাদের কিছু কিছু অসুবিধা আছে সেটা দেখা দরকার। সেদিক দিয়ে এমন একটা ব্যবস্থা করা দরকার। যেন ছোট দোকানদারের সঙ্গে তার কর্মচারীদের কোন রকম কনফ্লিক্ট না আসে তার জন্য একটা জিনিষ সাজেস্ট করছি। আজকে আমি বলছি ভারত গণতান্ত্রিক সমাজবাদের প্রতিজ্ঞা নিয়েছে, তার মোকাবিলা হচ্ছে হিমালয়ের দুর্গম প্রান্তরে। একনায়কতন্ত্রের সঙ্গে গণতন্ত্রের সংঘাত হচ্ছে, সেই সংঘাতের মুখে দাঁড়িয়ে আমরা যে বিল এনেছি তার জন্য উদ্ধত একনায়কতন্ত্র আমাদের বুকের উপর আগুন জ্বালাচ্ছে তাদের সাবধান করে দেওয়ার জন্য আমরা আমাদের সমাজ ব্যবস্থাকে পরিবর্তন করে দেশে সত্যিকারের সমাজতন্ত্র প্রতিষ্ঠা করব। সেজন্য আমি আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

Shri A. H. Besterwitch: This Bill has been taken up in the latter part of the meeting today when I see all the seats practically empty. It is appreciated that the old Acts are being revised again and again. The last amendment to the Shops and Establishments Act was in 1954; and again we have got today another amendment in 1962. That clearly shows that in the Shops and Establishments Act there are many loopholes which have got to be plugged. When we look into the details of these Acts we find that the owners of the shops can with immunity violate them for the simple reason that though the laws are made here, unfortunately the conciliation officers are not taking steps to enforce the decision on the employers. They are more or less like letter boxes or post offices. Hence the delay in settling disputes is very serious. At the same time we find that the Shops and Establishments law is only meant for cities, towns, district towns and subdivisional towns. I think that this law should be enforced in the whole of West Bengal so that workers in every shop can enjoy its benefit. Since we are trying to remove the troubles of the workers, we must see that the employees are not going to suffer due to these laws for the simple reason that the employers will take advantage of these laws with a view to retrenchment of workers. The owners will not hesitate a little to retrench the workers and to put them in distress. They must have protection after the law is passed.

Shri Syed Abul Mansur Habibullah:

স্পীকার মহোদয়, আমি এই আইনের একটি বিষয় বিশেষ করে এখানে উত্থাপন করতে চাই। এখানে দেখা যাচ্ছে যে কোন অসুবিধা হলে ইন্সপেক্টর কোর্টে কোন মামলা রেফার না করলে তারা কেউ রেফার করতে পারবে না। এর থেকে সমস্ত আইনের ভিতরে ইন্সপেক্টরকে যেভাবে পাওয়ার দেওয়া হয়েছে তাতে আমার সন্দেহ হয় যে একদিকে—বলা উচিত কিনা জানি না—আপনারা নিশ্চয়ই বুঝতে পারেন যে ইন্সপেক্টর হেন জীব জগতে যেখানে আছে তার সেখানে একটা সুযোগ সুবিধা থাকে যার জন্য যতই অন্যায় অন্য লোকের উপর হোক তারা আর এগুতে পারবে না যেহেতু ইন্সপেক্টর মহোদয় সদয় হবেন না—এ রকম একটা ব্যবস্থা এখানে

আছে। আমি আইনের প্রয়োগ যেখানে দেখেছি সমস্ত জায়গায় আমাদের কলকাতাইয়া ভাষায় যাকে গ্যাড়াকল বলে তার দ্বারা মানুষ পীড়িত হচ্ছে। সেদিক দিয়ে সমস্ত বিলের মধ্য থেকে ইন্সপেক্টরের যতখানি প্রভাব আছে তা কি করে খর্ব করা যায় সেদিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে বলি।

Shri Kamal Kanti Guha:

স্পীকার, স্যার, আজকে মন্ত্রীরা সবাই খুব ধন্যবাদ পেয়েছেন। শৈলবাবু পেয়েছেন, শ্যামাদাসবাবু পেয়েছেন, কিন্তু বিজয়বাবুর পাথর চাপা কপাল দেখে দুঃখিত হলাম। যাই হোক একটা জিনিষ দেখতে পেয়েছি যে বিল এসেছে সেই বিলে বে-সরকারী প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে। কিন্তু যেটা আধা-সরকারী বা সরকার যেখানে সংশ্লিষ্ট রয়েছেন সেই সমস্ত দোকানগুলির কথা বলা হয়নি—যেমন রেলওয়ে স্টল এবং এয়ারপোর্ট-এ যে সমস্ত দোকান থাকবে তার কর্মচারীদের ভাগ্য কি হবে তার কিছু বলা হয়নি। রেলওয়ে স্টল-এ যে সমস্ত কর্মচারীরা কাজ করে তারা ভোরবেলা থেকে সমস্ত ট্রেণ যতসময় যাওয়া শেষ না হয়ে যায় ততসময় তাদের খাটান হয়—আশা করি মন্ত্রিমহাশয় সেদিকে লক্ষ্য রাখবেন। আর একটি করা হয়েছে যে সমস্ত হতভাগ্য কর্মচারীরা ছাঁটাই হয়ে যায় তাদের বলা হল তোমরা ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট বা প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট-এর কাছে দরখাস্ত করবে। যদি দেখা যায় ছাঁটাই বে-আইনী হয়েছে তাহলে ম্যাজিস্ট্রেট তাদের এক মাসের বেতন দেওয়া হোক বললে তবে মালিক দেবে। এখানে সমস্ত দোকান কর্মচারীদের উপর অবিচার করা হয়েছে এবং ম্যাজিস্ট্রেট-এর উপর একটা অপমানের ইঙ্গিত করা হয়েছে। ম্যাজিস্ট্রেটের উপর ছেড়ে দেওয়া হোক—তিনি কি বিচার করেন। তিনি যদি দেখেন কাউকে অন্যায় করে ছাঁটাই করা হয়েছে যার ফলে ওই কর্মচারী যখন ওই দোকানে কাজ নেয় তখন আর একটি বড় দোকানে চাকরির চান্স ছিল এবং সেই দোকানে চাকরি নিলে তার অধিকতর সুবিধা হত অথচ বর্তমান মালিকের আশ্বাসে সে তার দোকান ছেড়ে অন্যত্র যায়নি চাকরির নিরাপত্তার আশ্বাসে—সেখানে ম্যাজিস্ট্রেট-এর উপর সম্পূর্ণ বিচার ভার ছেড়ে দেওয়া উচিত

[4-55—5-3 p.m.]

মালিককে আমরা দেখেছি যে একটা কর্মচারী হয়ত ভাল একটা চাকরি পাচ্ছে, মালিক তাকে ছেড়ে দিল না। তারপরে একদিন মালিক তার খুশীমত কর্মচারীটিকে ছাঁটাই করে দিল। এতে করে তার আর একটা চাকরিও নষ্ট হল, এখানের চাকরিটাও চলে গেল। এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এক মাসের মাইনের কথা যা আপনারা বলেছেন সেটা উঠিয়ে দিন এবং সেখানে বলুন ম্যাজিস্ট্রেট যদি মনে করেন তাহলে তাকে পুনর্বহালের আদেশ দিতে পারেন অথবা দু-তিন মাসের বেতন দেবার অর্ডার দেবেন এবং সেটা কার্যকরী করবার ব্যবস্থা করবেন। এটা করা উচিত।

আর একটা করা উচিত। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দোকানের মালিক সম্বন্ধে বলেছি, আমাদেরও তাদের সম্বন্ধে সহানুভূতি আছে। আমরা জানি বহু উদ্বাস্তু দোকান কর্মচারী ছাঁটাই হয়েছে, বহু শ্রমিক কারখানা থেকে ছাঁটাই হয়েছে, বহু কৃষক ক্ষেত থেকে উৎখাত হয়েছে। তারা সামান্য মূলধন দিয়ে দোকান দিয়েছে, তাদের বেলায় যে আইন প্রযোজ্য, সেই আইনই প্রয়োগ হচ্ছে বড় বড় দোকান মালিকের বেলায়, যারা বড় বড় ফার্মের মালিক, যারা সেলস্ ট্যাক্স দেয়, ইনকাম ট্যাক্স দেয়। যে মালিকের মূলধন বেশী, তারা ইনকাম ট্যাক্স দেয়, সেলস্ ট্যাক্স দেয়, তাদের ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা থাকা উচিত। তা এই বিলে ব্যবস্থা হয় নাই। সাধারণ মালিকের বেলায় যেন এই আইন প্রযোজ্য না হয়—সেদিকে মাননীয় মন্ত্রি-মহাশয় লক্ষ্য রাখবেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দোকান কর্মচারী আইনের বিভিন্ন দিক সম্পর্কে যেসব কথা বলা হয়েছে, আমার বক্তব্যও এই ধরণের। তাদের সামাজিক মর্যাদা দেবার জন্য আনন্দিত হয়েছি। তবে এই আইনের প্রয়োগ প্রস্তুতির জন্য সাংগঠনিক প্রস্তুতি থাকাও দরকার। তার অভাব এখানে আছে বলে আমি মনে করি।

প্রথম হচ্ছে আইনটা এমনভাবে ব্যাপক যে অত্যন্ত ক্ষুদ্র মুদি দোকান থেকে আরম্ভ করে বড় বড় কমার্সিয়াল ফার্মের উপরও এটা প্রযোজ্য। যাতে আইন অস্ত্রের মত হাতিয়ার হল।

কিন্তু হাতিয়ার যন্ত্রতন্ত্র সব সময় প্রয়োগ করা যাবে না। চাষীরা গায়েগতরে কাজ করে ছোট ছোট জোতদারদের সংগে, সেই রকম ছোট ছোট দোকানের মালিকও গায়েগতরে কাজ করে। সেই দিকে তারা হাতিয়ার মনে করে না—আমরা শত্রু, মালিককে বা কর্মচারীকে জব্দ করবার জন্য। বুঝতে পারি এই সামাজিক মর্যাদা পল্লীতে পল্লীতে যেটা আরও বেশী ব্যাপকভাবে প্রয়োগ করা যায় হাতিয়ার স্বরূপে। তাদের যতটুকু দাবী আছে, তা আইনের দ্বারা পূর্ণ করতে গেলে যে পরিমাণ সাংগঠনিক প্রস্তুতি থাকা দরকার, তা তারা দিতে পারেনি। দৃষ্টান্তস্বরূপ বলতে চাই—মুর্শিদাবাদে যে শপ্ অ্যাসিস্ট্যান্ট এস্টাবলিসমেন্ট আছে, যে ইন্সপেক্টরের অফিস আছে, সরকারী সংগঠনের ব্যবস্থাকারী যে পরিদর্শক তার পেছনে থাকে, একদিন, দুদিন এমন কি পর পর তিনদিনও বন্ধ থাকে তার অফিস। খোঁজ নিয়ে জানতে পারলাম সেই পরিদর্শকের হাতে এতবেশী কাজ, এতবড় তার এলাকা, এতবেশী মামলা, সেই মামলার সাক্ষ্য দিতে দিতে মাসের বহুদিন বাইরে কেটে যায়। গোটা অফিসে কেউই থাকে না। সেই অফিসে ইন্সপেক্টরের অভাবে কার কাছে কি বলা যেতে পারে জিজ্ঞাসা করলে—একজন অফিসের পিয়ন বললে যে বাবু না এলে কিছু হবে না। কাজেই আমাদের এই সাংগঠনিক প্রস্তুতি সম্পর্কে মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন, যাতে করে ইন্সপেক্টর ডি এমের অফিসের কাছে থেকে কাজ করতে পারেন। ইন্সপেক্টরের অফিস এইভাবে হলে পরে ইন দি অ্যাবসেন্স অফ দি ইন্সপেক্টর, অন্য কেউ সেখানে কাজ করতে পারে। দিনের পর দিন এইরকম অফিস বন্ধ থাকলে পর যাদের সুবিধার জন্য এই আইন রচনা হ'ল, তা ব্যাহত হয়ে যাবে। এই ইন্সপেক্টরের অফিস যদি আউট অফ দি রীচ অফ হিউম্যান হ্যাবিটেশন হয়, তাহলে খুবই অসুবিধা হয়। এই শপ এস্ট্যাবলিসমেন্টস ইন্সপেক্টর-এর অফিসে যদি আউট অফ দি মার্কেট প্লেস হয়, সেটা যদি আউট অফ সাইট হয়, বা সাব-রেজিস্ট্রারের অফিসের কাছাকাছি না হয়, তাহলে জনসাধারণের খুবই অসুবিধায় পড়তে হয়। সেইজন্য আমি মনে করি অফিস এমন জায়গায় সেন্ট্রালী প্লেসড হওয়া দরকার যাতে সহজে শপ এস্ট্যাবলিসমেন্টস-এর ইন্সপেক্টরের অফিস গিয়ে লোকের বক্তব্য তারা হাজির করতে পারে। কাজেই এটার ব্যাপক ব্যাখ্যা হওয়া দরকার। দ্বিতীয়ত সেই ইন্সপেক্টরের অফিস যদি ট্রেজারী বা কলেকটরেটের অফিসের সংগে যুক্ত হয় তাহলে সবচেয়ে ভাল হয়। সেখানে এখন, এমন অফিসাররা থাকেন পার্শ্ববর্তী ঘরে, বা ঐ জায়গায় যাঁরা আসেন, তাঁরা শুনতে পারেন মিউচুয়ালী। এ সম্পর্কে নন-অফিসিয়াল ওয়েতে আমি ডি এম-এর সংগে আলোচনা করেছিলাম। তিনি বলেছিলেন হয়ত এমন হতে পারে কলেকটরেট অফিসের পাশের ঘর দিলাম, সেখানে ঐসব লোক তাদের আপত্তি শোনাবার জন্য অপেক্ষা করতে পারেন। কাজে কাজেই সরকারী ব্যবস্থাপনায় এটা আপনারা চিন্তা করতে পারেন। যে আইন আজ পাশ হতে চলেছে, সেটা দোকানকর্মচারীর স্বার্থে পাশ হচ্ছে সুতরাং তার সংগে আনুষ্ঠানিক অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাগুলিও উপযুক্ত হওয়া দরকার। এর জন্য আমি পুনরায় আবেদন করে, এই বিলকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

সাধারণভাবে যেসব সমালোচনা হয়েছে, তাতে এই বিলকে সমর্থন করা হয়েছে। এবং কয়েকটা জায়গায় যে অ্যামেন্ডমেন্টগুলি এসেছে, তাকে গ্রহণ করবার জন্য অনেকগুলি কথা বলা হয়েছে। আমি এই কথা বলতে চাই--যতগুলি অ্যামেন্ডমেন্ট এসেছে, আমি ভালভাবে পরীক্ষা করে দেখেছি এবং যে কয়টি গ্রহণ করা যায়, এবং যা গ্রহণ করলে আরও ভালভাবে আইনটি কার্যকরী হবে, আমি সেগুলি আইনত ল্যাংগোয়েজটা ঠিক করে অ্যামেন্ডমেন্ট দিয়েছি।

মাননীয় সদস্যারা নিশ্চয় লক্ষ্য করে থাকবেন আমার নামে পাঁচটা অ্যামেন্ডমেন্ট রয়েছে, এবং যতগুলি অ্যামেন্ডমেন্ট এসেছে, তার দু-একটা ছাড়া, আর সবগুলিই কভার করে যায়।

Mr. Speaker: Mr. Nahar, how long will you take?

The Hon'ble Bijoy Singh Nahar: I will take about 15 to 20 minutes

The Hon'ble Jagannath Kolay:

কালকের যে প্রোগ্রাম আছে, তাতে একটু প্রাওরিটি চেঞ্জ করতে হবে। কারণ, এখানে ফাইনান্স মিনিস্টার-এর এ্যাপ্রোপ্রিয়েশন বিল ও আর একটা ট্যাক্সেশন বিল আছে। ফাইনান্স মিনিস্টার

বা তাঁর ডেপ্যুটি মিনিস্টার, বা স্টেট মিনিস্টার কেউ উপস্থিত নেই। সেইজন্য আমার বক্তব্য এই বিলটি আগে ধরে, পাশ করে, তারপর ঐ এ্যাপ্রোপ্রিয়েশন বিল হবে।
This Bill must be passed first.

Mr. Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-3 p.m. till 12 noon on Thursday, the 20th December, 1962, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 20th December, 1962, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 191 Members.

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid)

[12—12-10 p.m.]

Proposal for opening an Employment Exchange Office at Krishnagar

1. (Admitted question No. 6.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state if the State Government has any plan of opening an Employment Exchange Office at Krishnagar ?

The Minister for Labour: As a District Employment Exchange is already functioning at Kalyani, district Nadia, there is no plan at present to open another such Exchange at Krishnagar.

Official publication setting out a full list of factories

2. (Admitted question No. 15.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) If the State Government has any official publication setting out a full list of factories located in West Bengal with mention of the types of goods manufactured therein, their registered address and number of employees; and

(b) If not, whether the Government propose to bring out such a publication.

The Minister for Labour: (a) No.

(b) Not at present.

Krishnagar Women's College

3. (Admitted question No. 16.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the women's hostel of the Krishnagar Women's College has been constructed;

(b) if so when this hostel would be thrown open to the girl students for accommodation; and

(c) what steps, if any, Government proposes to take for affiliating this college to the studies in Honours subjects, viz., English, Economics, Bengali, Sanskrit, Philosophy and History?

The Minister for Education:

(a) Yes, but electrification works have not been completed as yet.

(b) After completion of the electrification works.

(c) Students of this College who take up Honours in Bengali, Philosophy and Sanskrit have been permitted to attend the Honours classes held in the Krishnagar College and to appear at the Honours Examinations in these subjects as students of the Krishnagar Women's College. As regards other subjects steps may be taken if sufficient number of students apply and the College routines permit.

Food-grain license-holders

4. (Admitted question No. 13.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the respective figures as regards number of foodgrain license-holders in the State for the years 1958, 1959, 1960, 1961 and 1962;

(b) the relative figures of the price of rice and wheat in different districts;

(c) the extent of price-rise, if any, in each district, and

(d) the steps taken to prevent the price-rise.

The Minister for Food: (a) Statement—I is laid on the table.

(b) and (c) Statement—II is laid on the table.

(d) Supply of rice and wheat at fair prices is being made to consumers through Fair Price/Modified Ration Shops in the areas, where there is a demand for such supply. Distribution of Government stocks of rice and wheat is also being made to deserving persons through Gratuitous Relief and Test Relief Operations, as and when necessary. To augment supply in the markets, arrangements for importing Orissa's surplus rice and paddy under the Eastern Rice Zone Scheme are also continuing. Further, wheat is being issued by the Regional Director (Food), Government of India through trade channel, viz., chakkis and flour mills for ultimate issue of its products to consumers.

Statement-I referred to in reply to clause (a) of the unstarred Question No. 4.

Statement showing the number of foodgrains license-holders in the State for the years 1958 to 1962.

Year.		No. of license-holders.
1958	...	28,649
1959	...	29,175
1960	...	27,903
1961	...	28,133
1962	...	28,410

Statement—II referred to in reply to clauses (b) and (c) of the unstarred Question No. 4.

Statement showing average minimum retail prices of rice (in rupees per kilogram) in the districts of West Bengal as on 3-12-58, 2-12-59, 7-12-60, 6-12-61 and 5-12-62.

Districts	3-12-58.	2-12-59.	7-12-60.	6-12-61.	5-12-62.	Percentage increase (+) or decrease (−) of col. 6 over col. 2.
1	2	3	4	5	6	7
Calcutta	0.61	0.57	0.56	0.57	0.72	(+) 18.0
Burdwan	0.67	0.63	0.61	0.63	0.73	(+) 9.0
Birbhum	0.56	0.56	0.57	0.57	0.67	(+) 19.6
Bankura	0.64	0.53	0.52	0.52	0.63	(−) 1.6
Midnapore	0.60	0.56	0.51	0.52	0.66	(+) 10.0
West Dinajpur	0.68	0.59	0.52	0.60	0.61	( ) 10.3
Malda	0.54	0.51	0.55	0.59	0.61	(+) 13.0
Cooch Behar	0.57	0.60	0.62	0.59	0.66	(+) 15.8
Nadia	0.65	0.59	0.56	0.57	0.70	(+) 7.7
Hooghly	0.70	0.66	0.59	0.59	0.71	(+) 1.4
Howrah	0.67	0.59	0.58	0.57	0.72	(+) 7.5
Darjeeling	0.59	0.56	0.59	0.60	0.77	(+) 30.5
24-Parganas	0.63	0.60	0.56	0.56	0.70	(+) 11.1
Murshidabad	0.59	0.61	0.58	0.57	0.71	(+) 20.3
Jalpaiguri	0.58	0.60	0.60	0.60	0.75	(+) 29.3
Purulia	0.48	0.44	0.43	0.49	0.58	(+) 20.8
State Average	0.61	0.58	0.56	0.57	0.68	(+) 11.5

N.B.

(i) Retail prices of imported wheat were 40 nP. per kilogram in all areas of West Bengal during the years 1958 to 1961 (up to 31st May 1961).

(ii) Retail prices of imported wheat have been 40 nP. per kilogram in Calcutta and 43 nP. per kilogram in all districts since 1st June 1961.

Construction of bridges over the Churni and the Jalangi

5. (Admitted question No. 9.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) What steps, if any, the State Government is taking for early completion of the two motorable bridges over the river Churni at Ranaghat and the river Jalangi at Krishnagar on the Ranaghat-Krishnagar-Berhampore National Highway; and

(b) Within what time these two bridges and approach roads are expected to be completed?

The Minister for Development (Roads): (a) and (b) All possible steps are being taken for early completion of the bridges. It is expected that the bridges over the Jalangi and the Churni will be completed, with approaches by May, 1963 and May, 1964, respectively.

Road works in Nadia

6. (Admitted question No. 11.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) the roads that are proposed to be constructed in the district of Nadia during the Third Plan period; and

(b) if in view of the National Emergency Government proposes to have a net work of roads in the border district of Nadia.

The Minister for Development (Roads): (a) A statement is laid on the table.

(b) Government has no particular scheme for road work in Nadia to meet National Emergency.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 6.

DISTRICT: NADIA

Part—I Works in progress to be continued in the Third Five Year Plan.

Sl. No. Name of project.

1. Badkulla-Dognagar.
2. Debagram-Katwa-via-Akhanderia—a link road from Hijuli-Matiary.
3. Ranaghat-Aranghat.
4. Birahi-Madanpur-Kalyani.
5. Debagram-Tehatta (excluding bridge over Jalangi).
6. Karimpur-Natidanga-Nasirpur via Narayanpur.
7. Chapra-Gongra.
8. Chakdah-Bhagirathi Ferryghat.
9. Majdia-Banpur.
10. Chakdaha-Nimtala.
11. Krishnaganj-Gobindapur.
12. Bagula-Nonaganj.
13. Belpukur-Dhubulia.
14. Shantipur-Guptipara Ferry.
15. N. H. 34 Ravanbari via Payradanga.
16. Dignagar-Beliadanga-Baganchora.
17. Bridge over Churni at Hans Khali.
18. Bridge over Ichamati.
19. Banpore Gede.
20. Feeder road from N.H. 34 to Paglachandi Rly. Station.
21. Ranaghat Aranghata.
22. Majdia-Bhajanghat.
23. Chapra-Hridaypur.

DISTRICT: NADIA

Part—II New Projects to be taken up in the Third Five-Year Plan.

Sl. No. Name of project.

1. Upgrading Badkulla-Dignagar Road
2. Upgrading Debagram-Tehatta Road (excluding bridge over Jallangi).
3. Upgrading Chakdah-Bhagirathi Ferryghat Road.
4. Upgrading Chakdah-Nimtala Road.
5. Upgrading Krishnaganj-Gobindapur Road.
6. Upgrading Belpukur-Dhubulia Road.
7. Upgrading Bagula-Nonaganj Road.
8. Upgrading Santipur-Guptipara Ferry Road.
9. Upgrading the Road from N.H. 34 to Ravanbari via Payradanga.
10. Upgrading Dignagar-Beliadanga Road.
11. Bridge over Mathabhanga on Krishnagar-Majdia Road.
12. Mahisbathan-Muruthia.
13. Santipur-Bagauchora.
14. N.H. 34 to Simurali.
15. Bernia-Kulgachhi.
16. Bishnupur-Ainsmali.
17. Aranghata-Birnagar.
18. Tarapur-Balagarghat-Rabanbari.
19. Upgrading Krishnagar-Nabadwip Road.
20. Upgrading Majdia-Bhaganghat including construction of a culvert.

Rehabilitation of refugee families of Dhubulia Refugee Camp

7. (Admitted question No. 4.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) how many families of Dhubulia Refugee Camp have been given rehabilitation in different places during the years 1957, 1958, 1959, 1960, 1961 and 1962 up to date respectively;

(b) if the families given rehabilitation benefits have permanently settled in the respective localittes;

(c) if any of the families which has received rehabilitation benefit or grant is living or occupying hutments at Dhubulia Camp; and

(d) if so, their number and the reason of still occupying the hutments there?

The Minister for Refugee Relief and Rehabilitation:

	Year		Family
(a)	1957	...	22
	1958	...	99
	1959	...	108
	1960	...	274
	1961	..	559
	1962	...	399

(up to 12th December, 1962).

(b) The families went to the rehabilitation sites outside the State and within the State with the intention of settling permanently. No reports of large-scale desertion have been received from anywhere.

(c) Yes.

(d) 53 families. The reason is that they have become attached to the area economically to some extent from 1949 when they received loans.

Adjournment motions

Sir, I am in agreement substantially with the observations that have been made by my friend, Mr. Lahiri. I suggest that clause 10 should be recast and there should be two sub-clauses (1) and (2). The first sub-clause should be like this: No young person shall be required or permitted to work in any shop or establishment after eight o'clock post meridiem. Then no woman shall be allowed or permitted to work in this way. Sub-clause (2) should be inserted in this way: No woman shall be allowed to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem. Because if we say that we impose total prohibition on the employment of women, then it might be that certain persons might come forward and challenge the validity of the Act on the ground of violation of the provisions of article 16 of the Constitution. Therefore, in order to obviate that risk I suggested that regulation may be imposed in this way by saying that "no woman shall be allowed or permitted to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem".

The motion of Shri Kashi Kanta Maitra that for clause 10, the following be substituted, namely:—

"10. (1) No young person shall be required or permitted to work in any shop or establishment after eight o'clock post meridiem.

(2) No woman shall be allowed or permitted to work in any shop or establishment other than a cinema or a theatre after six o'clock post meridiem".

was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the following be added after clause 10(b), namely:—

"(c) in any hotel, restaurant, eating house or cafe without a special permit from the Commissioner of Police or the Superintendent of Police. Such permits may be issued only after the officer concerned is satisfied through proper enquiry that such women are not being or are not likely to be used for prostitution or any other immoral purpose."

was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 10A

Shri Kashi Kanta Maitra: Sir, I beg to move that after clause 10, the following new clause be inserated, namely:—

"10A. No term or condition of employment in any shop or establishment shall be valid if it requires any woman to remain single or renders her liable to dismissal or removal or discharge or any penalty on her marriage, during or in course of her employment."

Sir, this clause relates to the restriction on marriage of women employed in shops or establishments. I feel that the Government's attention should be focussed on this matter. I do not mind even if this is not accepted today but I feel that the attention of the House should be focussed on this matter because, Sir, during the last session in reply to one of my questions the Hon'ble Health Minister said that a large number of nurses who were employed by the State Government were removed from service either during the training period or in the course of their employment on the ground of their being married. Sir, this is a fantastic and ridiculous idea. I find there are quite a number of establishments or commercial houses in Calcutta where this clause is inserted in the letter of appointment that 'well, if you are married, if you do not remain single, then you are liable to be dismissed'. I feel that such a clause in the conditions of service is nothing but a prostitution clause, a heinous clause and such conditions should be immediately removed. I appeal to the Hon'ble Labour Minister to apply his mind to this aspect of the matter and to see that no club or establishment or commercial house can insist on such a clause—it should be immediately removed.

The Hon'ble Bejoy Singh Nahar:

আমি জানি না বিয়ে করলে চাকরি যায়, আমি এনকোয়ারী করব, কিন্তু এটা আমি এখানে গ্রহণ করতে পারব না।

The motion of Shri Kashi Kanta Maitra that after clause 10, the following new clause be inserated, namely:—

"10A. No term or condition of employment in any shop or establishment shall be valid if it requires any woman to remain single or renders her liable to dismissal or removal or discharge or any penalty on her marriage, during or in course of her employment."

was then put and lost.

Clause 11

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 11(a), line 2, for the words "fourteen days" the words "twenty-one days" be substituted.

I also beg to move that in clause 11(b), line 1, for the words "half pay" the words "full pay" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ১১-এ লিভ সম্পর্কে বলা হয়েছে. আমি এখানে মুভ করছি যে, ক্লজ ১১(এ)-তে ১৪ দিনের জায়গায় ২১ দিন করা হোক। (বি)-তে আছে সিক লিভ অন হাফ পে ফর ফোরটিন ডেজ—এখানে হাফ পে তুলে দিয়ে ফুল পে করা হোক। অ্যামেন্ডমেন্টস নং২৮-২৯ সম্পর্কে বলতে গিয়ে আমি যেকথা বলতে চাই, সেটা হচ্ছে, দোকান কর্মচারী যারা বা সিনেমা কর্মচারী যারা, তারা কোন উৎসবের দিনে ছুটি পায় না। উৎসবের দিনগুলিতে বেচা-কেনা বেশি হয়। সুতরাং প্রিভিলেজ লিভ যদি না বাড়িয়ে দেওয়া হয়, এবং সিক লিভ অন ফুল পে না করা যায়, তাহলে ইনজাস্টিস হবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই, যদিও আমরা দেখছি প্রতি ২০ দিনে ১ দিন ছুটি পাচ্ছে, অ্যানুয়াল লিভ সম্পর্কে যদি হিসাব করা যায়, তাহলেও দেখা যায় যে, ১৪ দিনের বেশি হয়—সেদিকে নজর রেখে এর জায়গায় ২১ দিন করা হোক। তারপর, অ্যামেন্ডমেন্ট নম্বর ২৮ এবং অ্যামেন্ডমেন্ট নম্বর ২৯ সম্পর্কে আরেকবার বলতে চাই, সিক লিভ যেখানে প্রোপোজ করা হয়েছে, আমি সাব-ক্লজ বি-তে হাফ পে-র জায়গায় ফুল পে করার জন্য বলেছি। আমি মন্ত্রীমহাশয়কে এই দুটো গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

এতগুলি অ্যাকসেপ্ট করতে পারব না, ছোটবড় দোকান আছে, সব একসঙ্গে করতে পারব না।

The motion of Shri Nikhil Das that in clause 11(a), line 2, for the words "fourteen days" the words "twenty-one days" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 11(b), line 1, for the words "half pay" the words "full pay" be substituted, was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 13, line 5, for the words "one and one-half times" the words "double" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, ওভারটাইম সম্পর্কে এই ক্লজটা, আমরা দেখছি অন্যান্য যে আইন চালু আছে তাতে ডাবল ওভারটাইম আছে, সেটা পরে ১॥০ হয়েছে, সেটা পালটে ডাবল করা হোক এই হচ্ছে আমার অ্যামেন্ডমেন্ট। এই প্রসংগে একটা কথা বলতে চাই, এটা খুব সাংঘাতিক বার্ডেন হবে তা নয়। আমরা বেঁধে দিচ্ছি বাই ক্লজ সিক্স (২)(বি)(১) যে, বছরে ১২০ ঘণ্টার বেশি ওভারটাইম হতে পারবে না, ওভারটাইম মাত্র ১২০ ঘণ্টা অ্যালাউ করছি। আমি বলতে চাচ্ছি, অন্যান্য যেসমস্ত আইন আছে তার সংগে ইন কনফরমিটি করে এটা ডাবল করা উচিত, যেখানে বর্তমানে ১॥০ হতে যাচ্ছে। এতে যে খুব বার্ডেন হবে দোকানদারদের তা নয়। লিভ প্রসংগে এখানে একটা কথা বলা দরকার মনে করি যে, আপনারা একজেমশ্‌ট করছেন যদি এমন কোন দোকান-দার থাকে, যদি মালিকই দোকানদার, কর্মচারী নাই, সেক্ষেত্রে এই আইনটা অ্যাপ্লাই করছে। যে দোকানে কর্মচারী আছে, কোন রিলেটিভ নাই, বা নিজে মালিক নয়, সেক্ষেত্রে এটার অ্যাপ্লি-কেবিলিটি নাই। এটাতে পয়সা খুব সাংঘাতিক কিছু একটা লাগছে না। অন্য সমস্ত আইনের সংগে ইনকনফরমিটি করার জন্য আমি অ্যাপিল করব ১½-এর জায়গায় ডাবল করা হোক।

Shri Gopal Banerjee: Sir, I beg to move that in the Explanation to clause 13, lines 2-4, for the words "on any day declared by notification by the State Government to be a National holiday" the words "on at least seven National and public holidays" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, লিভ সম্পর্কে মন্ত্রিমহাশয় বলেছেন যে, লিভ-এর যে ব্যবস্থা করা হয়েছে সেটা তিনি পরিবর্তন করতে চান না। তবুও আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, লিভ-এর বেনিফিট মেডিক্যাল লিভ ইত্যাদি সব মিলিয়ে ৩১ দিন হচ্ছে আমাদের এখানে। তিনি যদি অন্যান্য স্টেটের সংগে কমপেয়ার করেন, তাহলে দেখবেন সেখানে এর চেয়ে বেশি আছে বা লিভ-এর বেনিফিট অন্যান্য স্টেটের চেয়ে বেটার। আমাদের এখানে ন্যাশনাল হলিডে মাত্র ২ দিন রাখা হয়েছে। এখানে আমি বলতে চাই যে, যদি

at least 7 days national and public holidays.

হিসাবে দেওয়া হয়, তাহলে অ্যাট পার হয় উইথ আদার স্টেটস। তারপর, কর্মচারীদের পূজোর কয়টা দিনে অত্যন্ত বেশি খাটতে হয়। তাই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি ন্যাশনাল অ্যান্ড পাবলিক হলিডে যেখানে ২ দিন আছে সেটা ৭ দিন করা হোক।

The Hon'ble Bejoy Singh Nahar:

স্যার, নিখিলবাবু ১½-এর জায়গায় ডবল করতে বলেছেন, সেটা আমরা গ্রহণ করতে পারব না। আমি মাননীয় সদস্যকে একটা কথা মনে রাখতে বলব যে, দোকান অনেকরকম আছে সকলের উপর যদি একসংগে এক জিনিস চাপিয়ে দেওয়া হয় তাহলে বহু দোকান উঠে যাবে, তাতে কর্মচারীর লাভ হবে না। সেদিকে লক্ষ্য রেখে এই ব্যবস্থা করেছি যে, যাতে দোকানদারদের কোন অসুবিধা না হয়, এবং কর্মচারীরা যে অবস্থায় ছিল তা থেকে অনেক পরিবর্তন হবে না, সেদিকে লক্ষ্য

রেখে আমরা এটা গ্রহণ করতে পারব না। পাবলিক হলিডে সম্বন্ধে আমি আপনাকে বলছি যে, বাঙলাদেশে এই আইনের মাধ্যমে যে ছুটির ব্যবস্থা করা হয়েছে, তাতে অন্যান্য প্রদেশ থেকে অনেক বেশী আছে। অতএব এটা আর বাড়ান সম্ভবপর নয়। আমি সমস্ত অ্যামেণ্ডমেণ্টের আপত্তি করছি।

The motion of Shri Nikhil Das that in clause 13, line 5, for the words "one and one-half times" the words "double" be substituted, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that in the Explanation to clause 13, lines 2-4, for the words "on any day declared by notification by the State Government to be a National holiday" the words "on at least seven National and public holidays" be substituted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

[1-30—1-40 p.m.]

Shri Kashi Kanta Maitra: Sir, as my amendments have been accepted by the Hon'ble Minister, I do not move them.

The Hon'ble Bejoy Singh Nahar: Sir, I beg to move that in clause 14(1), for the words "shall be payable" the words "shall be paid" be substituted.

The motion was then put and agreed to.

Dr. Kanai Lal Bhattacharyya:
আগে নিখিলবাবুর অ্যামেন্ডমেন্টটা আছে; কাজেই তারটাই আগে প্লেস করা হবে। মিনিস্টারেরটা আগে প্লেস করা হবে কেন?

Mr. Deputy Speaker:
মিনিস্টারেরটাই আগে হবে।

Dr. Kanai Lal Bhattacharyya:
তা কেন হবে?

The Hon'ble Bijoy Singh Nahar:
আমি ও'রটা অ্যাকসেপ্ট করতে পারব না, কারণ, ওর ল্যাঙ্গোয়েজটা অন্যরকম আছে। ও'রা যদি আনেন, তাহলে আমাকে অপোজ করতেই হবে। ওর ল্যাঙ্গোয়েজ-এ একটু ভুল আছে।

Dr. Kanai Lal Bhattacharyya:
আপনি তো বাই অর্ডার প্লেস করবেন।

Mr. Deputy Speaker:
সেম অ্যামেন্ডমেন্ট হলে মিনিস্টারেরটাই আগে প্লেস করা হবে।

The question that clause 14 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Nikhil Das: Sir, I beg to move that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing six months of continuous service in any shop or establishment have his services terminated, without sufficient cause, and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed year of service."

Sir, I also beg to move that clause 15(2) be omitted.

ক্লজ ফিফটিনটা হচ্ছে খুব সিরিয়াস ক্লজ, এটার সম্পর্কে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করতে চাই, আমার অ্যামেণ্ডমেণ্ট-এর দিকে। এটা হচ্ছে চাকরী যাওয়ার ব্যাপার, টারমিনেশান অব সার্ভিস-এর ব্যাপার। এবং সেখানে টারমিনেশান অফ সার্ভিস সম্পর্কে বলা হচ্ছে যে ক্লজটা আছে যেটাকে আমি ঘুরিয়ে লিখতে বলেছি, সেই ক্লজটায় আছে

"No person shall after completing six months of continuous service in any shop or establishment have his service terminated, without sufficient cause, and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice."

আমার মনে হয় ক্লজটার মাধ্যমে আমাদের যে আলোচনা হয়েছিল তাতে এ ধরনের কিছু একটা হয়েছিল যে, যখন টারমিনেশান অফ সার্ভিসটা হবে, তখন কিছু এমপ্লায়রা বা ওয়ার্কাররা পায়, এবং সেই কিছু যদি দিতে হয়, অ্যান্ড শব্দটা যদি উইদাউট সাফিসিয়েণ্ট কজ-এর পরে না বসে, তাহলে কিছু দেবার যে স্পিরিটটা এই ক্লজ-এ দেওয়া হয়েছে, সেই স্পিরিটটা থাকে না, সুতরাং যখন আমাদের আলোচনা হয় তখন এই অ্যান্ডটা দিতে বলেছিলাম।

"Without sufficient cause and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice."

এই অ্যান্ডটা যদি না থাকে, স্পিরিটটা নষ্ট হয়ে যায়। আরো বলতে বলেছিলাম যে, ওয়ান ইয়ার-এর জায়গায় সিক্স মান্থস্, আমি করতে বলেছি, এবং খালি এক মাসের নোটিশ-এর জায়গাটা বাদ দিয়ে আমি তাদের গ্র্যাচুইটি অন্তত, যেমন একটা লোক ১০ বছর চাকরী করে, সে ১০ বছর চাকরী করলে কেবল ১ মাসের নোটিশ পাবে আর কিছুই পাবে না? আর তার টারমিনেশান অফ সার্ভিস হয়ে যাবে এটাও ঠিক নয়। আমার অ্যামেন্ডমেন্ট-এ যে কথাগুলো বলেছি সেটা হচ্ছে ওয়ান ইয়ার-টাকে সিক্স মান্থস করতে বলেছি, উইদাউট সাফিসিয়েন্ট কজ অ্যান্ড আনলেস-এর ভিতরে যে অ্যান্ডটা, সেটা আমি বসাতে বলেছি। এবং মনে হয় মন্ত্রিমহোদয়ের সাথে আমাদের যখন আলাপ হয়, তখন তিনি বলেছিলেন লোকগুলোর চাকরী গেলেও তারা যাতে বেনিফিট পেতে পারে, হঠাৎ যেন তাদের চাকরী না চলে যায়, এটা টারমিনেশান-এর ব্যাপার ডিসমিশাল ব্যাপার নয়। এ টারমিনেশান অফ সার্ভিস-এর ব্যাপার, মিস কণ্ডাক্ট হয়ে সে লোকটা ডিসমিসড হচ্ছে সে ব্যাপারে নয়, এবং তার মধ্যে ডিফারেন্সগুলি আমরা সবাই জানি। মিস কণ্ডাক্ট ডিসমিশাল-এর সাথে আর জেনারেল টারমিনেশান অফ সার্ভিস-এর মধ্যে কি তফাৎ আমরা সবাই জানি। সুতরাং এ ক্লজটা হচ্ছে, জেনারেলী, টারমিনেশান অফ সার্ভিস সম্বন্ধে এবং টারমিনেশান অফ সার্ভিস সম্বন্ধে যে জায়গায় জেনারেলী ওয়ার্কারদের কোন দোষ থাকে না, সে জায়গায় যাতে তারা কিছু বেনিফিট পায় সেজন্য একটা অ্যান্ড বসালে মোটামুটি স্পিরিটটা থেকে যায়। অবশ্য বাড়তি আমি কিছু বলেছি, যেমন তাদের একটা লোক কাজ করে—তার চাকরী চলে গেল। আমি বলেছি যেমন ধরুন ১০ বছর একটা লোক কাজ করার পর সেই লোকটার হঠাৎ চাকরী একদিন চলে গেল। নোটিশই কি সেখানে সাফিসিয়েণ্ট? এতদিন যে সেখানে কাজ করলো তার বদলে গ্র্যাচুইটি-র মতন একটা কিছু ১৫ দিন করে বছরে দেওয়া, সে ব্যবস্থার কথা আমি বলেছি। আমার অ্যামেন্ডমেন্ট-এ তিনটি পয়েন্ট আছে, এক বছরের

সার্ভিসকে আমি ছ' মাসের কন্টিনিউয়াস সার্ভিস করতে বলেছি, এবং এখানে অ্যান্ড একটা বসাতে বলেছি এবং আর একটা যোগ করতে বলেছি, একটা লোকের চাকরি যদি চলে যায়—তার কোন দোষ নেই, চাকরী তার চলে গেল এবং সেই জায়গায় সে যত বছর কাজ করেছে ১০, ১৫, ২০, ২৫ বছর সে কাজ করতে পারে এবং তার যদি কোনও দোষ না থাকে তার চাকরী চলে যায়, এবং তাহলে সে কি কিছুই পাবে না? এক মাসের নোটিস ছাড়া সে কি কিছুই পাবে না? আমি যে গ্র্যাচুইটির কথা বলেছি ফিফটিন ডেজ করে তাদের যেন গ্র্যাচুইটি দেওয়া হয়। এবং যদি অ্যামেন্ডমেন্টগুলি নেওয়া হয়, তাহলে ঐ যে সাব-ক্লজ (২)-তে যেটা আছে দ্যাট ইজ রিডান্ড্যান্ট। ঐ সাব-ক্লজ (২)-টা হচ্ছে আমার ঐ অ্যামেন্ডমেন্ট-এর অ্যান্ডটা যদি অ্যাকসেপ্ট করা হয়, তাহলে সাব-ক্লজ (২)-টা রিডান্ড্যান্ট। কারণ, সাব-ক্লজ (২)-এ বলা হয়েছে সাফিসিয়েন্ট কজ আছে কিনা সেটা বিচার করার জন্য, সুতরা আমার অ্যান্ডটা—ঐ টুকুই যদি নেওয়া হয় তাহলে সাব-ক্লজ (২)-টা দ্যাট ইজ রিডান্ড্যান্ট, এটা থাকার কোন দরকার করে না। এটাকে অমিট করার কথা আমি বলি। আমরা অনেকগুলি অ্যামেন্ডমেন্ট দিয়েছি, আলোচনায় তিনি অনেক গ্রহণ করেছেন, অনেকগুলি মাইনর অ্যাফেয়ার্সও গ্রহণ করে নিয়েছেন। কিন্তু, দিস ইজ এ ভাইটাল অ্যামেন্ডমেন্ট। লোকের চাকরি চলে যাবে, তার কোন দোষ নেই, সে অবস্থায় তার চাকরি চলে যাবে, তার গ্যারান্টিটা থাকবে না? ছোট দোকানের কর্মচারীরা এর মধ্যে সিনেমাও পড়ে যাচ্ছে, বিগ কমার্শিয়াল এস্টাব্লিশমেন্ট, পড়ে যাচ্ছে, সব কিছু পড়ে যাচ্ছে। তার দোষ নেই, এ অবস্থায় তার টারমিনেসান অফ সার্ভিস হয়ে যাচ্ছে এবং এতে তার গ্যারান্টি কোথায়? সে জায়গায় আমি বলছি যে, অ্যান্ড শব্দটা যোগ করে দেওয়া হোক, ঐ প্রভিসান করা হোক, যাতে সে গ্র্যাচুইটি প্রভিশান থাকে। আমি এই অ্যাপিলটা করছি। আমার অনেকগুলো অ্যামেন্ডমেন্ট—কোন অ্যামেন্ডমেন্ট নেওয়া হয় নি, আমি এই অ্যামেন্ডমেন্ট-এর প্রতি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এটা অন্ততঃ নেওয়া হয়, যাতে লোকের হঠাৎ চাকরি না চলে যায়।

[1-40—1-50 p.m.]

Shri Sambhu Charan Ghosh: I move that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing twelve months of continuous employment in any shop or establishment have his service terminated without sufficient cause and unless he has been given one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed twelve months of service."

আমার অ্যামেন্ডমেন্টের মধ্যে

Gratuity at the rate of fifteen days' wages

এটা রাখছি। অর্থাৎ চাকরি যাবার ক্ষেত্রে কর্মচারীদের এই সুযোগ-সুবিধা দেবার জন্য আমি এটা এখানে যোগ করতে চাই। আমি আশা করি মন্ত্রিমহাশয় এই অংশটা বিশেষভাবে বিবেচনা করে গ্রহণ করে নেবেন।

Shri Kamal Kanti Guha: I move that in clause 15(2), lines 16-19, for the words beginning with "pay one month's" and ending with "to be paid" the words "reinstate the person with back wages or the Magistrate shall order for such relief or compensation as deemed proper and fit" be substituted.

আমি আমার অ্যামেন্ডমেন্টে দিয়েছি যে, যার চাকরি চলে গেল সে তার চাকরি যাবার বিরুদ্ধে ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করলো। এবং আবেদন করার পর ম্যাজিস্ট্রেট যদি বিচার করে দেখেন যে তাকে অন্যায়ভাবে ছাটাই করা হয়েছে, সেখানে মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাতে দেখতে পাচ্ছি, তাকে এক মাসের কমপেনসেশন দেওয়া হবে। এখানে আমার বক্তব্য যে এটা উঠিয়ে

দেওয়া হোক এবং তাকে পুনর্নিয়োগ করার ব্যবস্থা করা হোক। অথবা ম্যাজিস্ট্রেট যে পরিমাণ ক্ষতিপূরণ উপযুক্ত মনে করবেন তাই তাকে দেওয়া হোক। ক্ষতিপূরণটা ম্যাজিস্ট্রেটের উপর ছেড়ে দেওয়া হোক, কিংবা তাকে পুনর্নিয়োগ করার ব্যবস্থা এই আইনের মধ্যে করা হোক।

The Hon'ble Bejoy Singh Nahar:
আমি সব অ্যামেন্ডমেন্টের আপত্তি করছি। এখানে 'অ্যান্ড' বসালে মানেটা অনেক উইক হয়ে যাবে এবং প্রায় উল্টো হয়ে যাবে। এখানে হচ্ছে,
Unless he has been given one month's notice in writing
সেটা হল কন্ডিশান প্রিসিডেন্ট, সেখানে 'অ্যান্ড' বসালে মানেটা উল্টো হয়ে যাবে। বরং 'অ্যান্ড' না বসালে মানেটা খুব ক্লিয়ার হচ্ছে। আমি সেইজন্য এর আপত্তি জানাচ্ছি। আর যেটা শম্ভুবাবু বলেছেন সেখানে 'ওয়ান ইয়ার'ই ভাল হয়, ১২ মান্থস ভাল হয় না।

Shri Nikhil Das:
স্পীকার মহোদয়, আমি আর একটা কথা চিন্তা করতে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি। 'অ্যান্ড' যদি না থাকে, তাহলে মনে হয় যদি সাফিসিয়েন্ট কজ থাকে, তাহলে মাত্র এক মাসের দিতে হবে, সাফিসিয়েন্ট কজ না থাকিলে এক মাসের দিতে হবে না। উইদআউট সাফিসিয়েন্ট কজ তাকে ডিসমিস করতে পারবে না সেটা
Unless he has been given one month's notice in writing
থাকলে হয় না, অ্যান্ড থাকলে সেটা হয়, সেজন্যে বলেছি অ্যান্ড আনলেস হি হ্যাজ বিন গিভ্ন। অ্যান্ড না হলে হয়, যদি সাফিসিয়েন্ট কজ না থাকে, তাহলে এটা দিচ্ছে; কিন্তু এমনি যদি ডিসমিস করে দেয় তাহলে কিছু দিচ্ছে না। এই পয়েন্টটা দেখুন। অর্থ একেবারে উল্টো হয়ে যাচ্ছে।

The Hon'ble Bejoy Singh Nahar:
আমি তো বলেছি এটা নিতে পারব না। 'অ্যান্ড' না দিলে আলাদা কিছু হবে না; অ্যান্ড দিলে আগে থেকে নোটিশ দিতে হবে সেটার উপর জোর থাকবে না।

Shri Nikhil Das:
স্যার, সেক্ষেত্রে মন্ত্রিমহাশয় এইভাবে ধরতে পারেন,
And unless he has been paid one month's wages.
অথবা
One month's notice in writing or one month's wages in lieu of notice.
অর্থাৎ নোটিশ তাকে দিতে হবে, নোটিশ না দিলে এক মাসের মাইনে দিতে হবে। এই দুটো 'অর'-এর মধ্যে আমার কোন ডিফারেন্স নেই।

The Hon'ble Bejoy Singh Nahar:
স্যার, আমাদের দুইজনের ইনটেনশন একই। যে তর্ক তোলা হয়েছে সে সম্পর্কে আমরা আমাদের আইনজীবীদের জিজ্ঞাসা করেছি। তাঁরা বলেছেন যে, যে পারপাস-এ করেছি তাতে অ্যান্ড থাকার দরকার নেই।

Dr. Kanai Lal Bhattacharyya:
স্পীকার মহোদয়, আমি মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করছি, এখানে যে ম্যাজিস্ট্রেট-এর উপর ভার দিয়েছেন সেটা না করে ডিস্ট্রিক্ট জাজ এবং মুনসিফ-এর উপর ভার দিলে তাতে ব্যাপারটা লিগ্যাল হত। আমাদের ওয়েজেস অ্যাক্ট ইত্যাদি ব্যাপারে যে কমপেনসেশন-এর ব্যবস্থা আছে তা সাধারণতঃ ডিস্ট্রিক্ট জাজ-এর উপর দেওয়া হয়েছে। এখানে ম্যাজিস্ট্রেট-এর উপরে দিয়েছেন, সেটা কি লিগ্যাল হয়েছে?

The Hon'ble Bejoy Singh Nahar:
মুনসিফ সব জায়গায় থাকে না, সেজন্যে ট্রাইং ম্যাজিস্ট্রেট বলা হয়েছে।

The motion of Shri Nikhil Das that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing six months of continuous service in any shop or establishment have his services terminated, without sufficient cause, and unless he has been given one month's

notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed year of service.".

was then put and lost.

The motion of Shri Nikhil Das that clause 15(2) be omitted, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that for clause 15(1), the following be substituted, namely:—

"(1) No person shall after completing twelve months of continuous employment in any shop or establishment have his service terminated without one month's notice in writing or has been paid one month's wages in lieu of such notice and unless he has been paid gratuity at the rate of fifteen days' wages for each completed twelve months of service."

was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that in clause 15(2), lines 16-19, for the words beginning with "pay one month's and ending with "to be paid" the words "reinstate the person with back wages or the Magistrate shall order for such relief or compensation as deemed proper and fit" be substituted, was then put and lost.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

The question that Clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Shri Nikhil Das: Sir, I beg to move that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other Registers as may be specified.".

১৭নং ক্লজে আমার অ্যামেন্ডমেন্ট-এ এই কথা আছে—১৭-তে কিছু কিছু ইমপ্রুভমেন্ট হয়েছে আগের চেয়ে। এই যে রয়েছে

The register of employees maintained and kept under sub-section (1) may, from time to time, be inspected and signed by the persons employed in the shop or establishment.

এই জায়গায় আমি বলেছিলাম একটা প্রোভিশন করা হোক,

Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other registers as may be specified.

কেন বলেছি, অ্যাডিশন করতে যে, অনেক সময় দেখা যায় যে, ওয়ার্কার কাজ করছে কিনা, কাজ করে কি না করে, তার কোন প্রমাণ নেই। আমরা দেখেছি একটা লোক কাজ করছে অথচ ডিসমিসড হয়ে গেল। আমরা কেস করলাম- মালিক পক্ষ থেকে বলা হ'ল লোকটা কাজ করে না। সেজন্যে বলছি, খাতাপত্রগুলি যদি ঠিকমত রাখা হয়, তাহলে সেই লোকটা যে কাজ করছে সেটা বুঝা যেত। অ্যাপয়েন্টমেন্ট লেটার-এর কথা বলা হয়েছে; কিন্তু অ্যাপয়েন্টমেন্ট লেটার একবার দিয়ে ছেড়ে দিলেন, তারপর তিন বছর, চার বছর, পাঁচ বছর কাজ করেছে। কিন্তু কাজ যে করেছে তার প্রমাণ কোথায়? সেজন্যে যে-কোন একটা রেজেস্ট্রি তাদের সই করার জন্য রাখা দরকার।

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.".

আমি ১৭নং-এ বলেছি ইচ এমপ্লয়ী ইন এনি সপ এটসেটরা-এর উদ্দেশ্য এই যে, আমরা দেখেছি, বিভিন্ন জায়গায় নিয়োগকর্তারা হাজিরা খাতা রাখলেও অনেক ক্ষেত্রে কর্মচারীদের হাজিরা খাতায় সই করতে দেওয়া হয় না। মন্ত্রীমহাশয়ও এটা জানেন, বিশেষ করে সিনেমাশিল্পে দেখেছি, সেখানে যেসমস্ত সাধারণ শ্রমিক কর্মচারী আছেন, মালিকরা ইচ্ছা করেই হাজিরা খাতায় তাঁদের সই করতে দেন না, এবং পে-রোল-এর ব্যবস্থা এমনই করে রাখেন, যাতে করে কোন কর্মচারীর চাকুরির অবস্থা সম্পর্কে প্রমাণসত্র না থাকে।

কোন কর্মচারীর পাঁচ বছরের কনটিনিউয়াস সার্ভিস হলেও তাকে পে-রোলে সই করতে দেওয়া হয় না, ভাউচারেও সই করতে দেওয়া হয় না। যারা পার্ট-টাইম ওয়ার্কারস, তাদের তো কোন কথাই নাই। তাদের কোন প্রভিডেন্ট ফান্ডের সুযোগ-সুবিধা নাই। মালিকরা কর্মচারীদের বঞ্চিত করবার জন্য পে-রোল, অ্যাটেন্ডেনস-রেজিস্টার ইত্যাদি নিজেরা রাখেন। কর্মচারীদের তাতে সই করবার সুযোগ দেওয়া হয় না। এ ছাড়া স্পেশালী আরো করা উচিত

Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.

আমি আশা করি মাননীয় শ্রমমন্ত্রীমহাশয় বিষয়টা ভাল করে বিবেচনা করে শ্রমিক কর্মচারীদের স্বার্থে এটা গ্রহণ করবেন।

The Hon'ble Bejoy Singh Nahar:

এই ১৭(২)-তে সই করবার ব্যাপার রয়েছে। কোথায় সই করবে, কিভাবে করবে- সেগুলি রুলসে আসবে, এখানে সেটা থাকবার দরকার নাই।

The motion of Shri Nikhil Das that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay and other Registers as may be specified.".

was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that after clause 17(2), the following be added, namely:—

"(3) Each employee in any shop or establishment shall be required and permitted to sign the attendance, pay roll and other registers as may be specified.".

was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 18, 19, 20 and 21

The question that clauses 18, 19, 20 and 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Shri Syed Abul Mansur Habibullah: Sir, I beg to move that in clause 22(2), lines 2-3, for the words "except upon complaint made by an Inspector appointed under section 19" the words "unless a complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate" be substituted.

আমি যে সংশোধন প্রস্তাব দিয়েছি, তাতে আমার বক্তব্য হচ্ছে যে, এখানে এই আইনের রুজে যা আছে, তার অর্থ দাঁড়াবে এই-কোন ভায়োলেশান হলে ইন্সপেক্টার ছাড়া এ বিষয়ে আর কেউ অভিযোগ আনতে পারবে না। এর অসুবিধা হচ্ছে- কোন কর্মচারী যতক্ষণ না ইন্সপেক্টারকে তার দুরবস্থা বা সেলারীটি সম্পর্কে সন্তুষ্ট করতে পারছেন, ততক্ষণ এই আইনের সুবিধা তিনি গ্রহণ করতে পারবেন না। অবস্থাটা দাঁড়িয়েছে এই, তাকে যে সাবস্ট্যান্টিভ রাইট দেওয়া হয়েছে, যা প্রসিডুরাল ব্যবস্থা দেওয়া হয়েছে, তাতে সেটা কেড়ে নেওয়া হয়েছে। আপনি ডান হাতে যা

দিয়েছেন, সেসমস্ত বাঁ-হাতে কেড়ে নিয়েছেন। সমস্ত কিছু কেড়ে নেওয়ার ব্যবস্থা হয়েছে এবং এই ইন্সপেক্টার বাহাদুরকে তা দিয়ে দেওয়া হয়েছে। এই করে আমলাতান্ত্রিক ব্যবস্থাটা পুরো-মাত্রায় বজায় রাখার নানা ব্যবস্থা এই আইনের মধ্যে রেখেছেন। এইরকমভাবে আমরা প্রতি জায়গায় আহত হচ্ছি।

আপনারা জানেন, সেকশান ফাইভে এনকোয়ারীর ভার দেওয়া হয়েছে, স্টেট অ্যাকুজিশান আইনে জমি চুরির তদন্তের ভার সেটলমেন্ট অফিসার বা রেভেনিউ অফিসারের উপর; যতক্ষণ না তাঁরা অভিযোগ আনছেন, ততক্ষণ সেটা কোর্ট বিচার করেন না। সুতরাং অভিযোগ আনার যে সাবস্ট্যানটিভ রাইট কর্মচারীর ছিল, সেটা আর এখন থাকছে না, একমাত্র সর্বময় ক্ষমতার অধিকারী ইন্সপেক্টার ছাড়া আর কেউ তা আনতে পারবেন না। এই কমপ্লেণ্ট সম্বন্ধে ডিপার্ট-মেন্টকে ওয়াকিবহাল করবার জন্য অ্যামেন্ডমেন্টে সুযোগ দেওয়া হয়েছে এই বলে—
Unless a complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate.
আমি অ্যামেণ্ডমেণ্টে বলেছি, কোর্টের কাছে ম্যাজিস্ট্রেটের কাছে যাওয়ার আগে কমপ্লেইণ্ট করা হোক ইন্সপেক্টারের কাছে। এই সুযোগ চাওয়া হয়েছে। টাইম নির্ধারণ করেছি পনের দিনের নোটিশ দিতে হবে। কোনমতেই আইনভঙ্গকারীকে সাজা দেবার জন্য অভিযোগ একমাত্র ইন্সপেক্টারই আনতে পারবে—এইরকম বিধি থাকা উচিত নয়—যেটা প্রসিডুরলি ব্যবস্থা রেখেছেন।

The Hon'ble Bejoy Singh Nahar:
স্যার, মনসুর হাবিব সাহেব যে কথাগুলো বলেছেন, তাতে মনে হয় সমস্ত আইনটা ভাল করে পড়ে দেখেননি। এ সম্পর্কে লেবার ডিপার্টমেণ্টে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এ সব এই রকম ল্যাঙ্গুয়েজ-এ তার প্রসিডিওর আছে। হয়ত ইন্সপেক্টর নিজে দেখলেন এই রকম হচ্ছে, তখন তিনি তার ব্যবস্থা করতে পারবেন কিংবা কোন দরখাস্ত এসেছে, তার উপর বিচার-বিবেচনা করে কোর্টে প্রসিকিউট করা হয় ইন্সপেক্টরের মাধ্যমে। তারপরে গভর্নমেণ্ট অর্ডার দেন পিটিশন দেখে। কাজেই সেই অধিকার ক্ষুণ্ণ হচ্ছে না। উনি যেটা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন—
Unless a complaint has been lodged before the Inspector.
ইন্সপেক্টর যদি গিয়ে দেখেন যে অন্যায় হচ্ছে, তাহলেও তিনি প্রসিকিউট করতে পারবেন না। যতক্ষণ না অভিযোগ আনছেন, ততক্ষণ কোন হেল্প বা প্রটেকশন দেওয়া হচ্ছে না। সেইজন্য আমি তাতে আপত্তি জানাচ্ছি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that in clause 22(2), lines 2-3, for the words "except upon complaint made by an Inspector appointed under section 19" th words "unless complaint has been lodged before the Inspector previous to complaint being put before a Magistrate" be substituted, was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 23, 24, 25 and 26

The question that clauses 23, 24, 25 and 26 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bijoy Singh Nahar: I beg to move that the West Bengal Shops and Establishments Bill, 1962, as settled in the Assembly, be passed.

Shri Somnath Lahiri:
মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের থার্ড রিডিং-এর আলোচনা শুরু করতে গিয়ে আমার মনে পড়ছে যে এই বিলের জন্য যাঁরা দায়ী অর্থাৎ সংঘবদ্ধ শ্রমিক, কর্মচারী, দোকান কর্মচারী—তাদের আন্দোলন এবং আমাদের শ্রমমন্ত্রী মাননীয় বিজয় সিং নাহার—তাঁদের আমরা অনেক ধন্যবাদ দিয়েছি। কিন্তু একটা ধন্যবাদ বাকী আছে বলে মনে পড়লো। সেইটা হচ্ছে—এই বিল সম্পর্কে, অনারেবল বিজয় সিং নাহারকে বলা যেতে পারে, তিনি এর পিতৃব্য। কিন্তু এর আসল পিতা হচ্ছেন আমাদের ভূতপূর্ব শ্রমমন্ত্রী আবদুর সত্তার মহাশয়। স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন সাত্তার মহাশয় যখন শ্রমমন্ত্রী ছিলেন তখন প্রথম এই বিল রচিত হয়েছিল। তারপর নানা রকম কার্যগতিকে সেই বিল আমাদের সভায় উপস্থিত হতে পারেনি। যাই হোক, সাত্তার মহাশয় যে সন্তানকে জন্ম দিয়েছিলেন, বিজয় সিং নাহার মহাশয় তাকে প্রতিপালন করে

আমাদের সামনে আজ এনেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দিই। কিন্তু বিশেষ করে সাত্তার মহাশয়কে ধন্যবাদ দেবার উদ্দেশ্য হচ্ছে বর্তমানে কংগ্রেসের দ্বারা ইনি পলিটিক্যাল শেক-এর মধ্যে পড়েছেন। কিন্তু ভাল কাজ করলে মানুষ তা ভোলে না।

যাই হোক, এখন এই বিল সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এই বিলটি আমি সমর্থন করি, এবং আমরা চাচ্ছি যে যত শীঘ্র সম্ভব বিলটি পাশ হোক, যদিও এই বিলের মধ্যে অনেক কিছু সংশোধন দরকার আছে বলে আমি মনে করি। সেই চেষ্টায় আমি সংশোধনী এনেছি এবং মাননীয় মন্ত্রী বিজয় সিং নাহার মহাশয়ও বলেছেন এই বিলে দোকান কর্মচারীদের যে একটা দারুণ উপকার হচ্ছে, তা নয়। তিনি বলেছেন বর্তমানে এই বিলে দোকান কর্মচারীদের ন্যূনতম সুখসুবিধার ব্যবস্থা করতে তিনি চেষ্টা করেছেন। কথাটা সত্য। কারণ, দোকান কর্মচারীরা চাকরি করার পরে মাইনে পাবে কি, পাবে না, এই সামান্য অধিকারটুকুও পূর্বে ছিল না; আজকে এই বিলে তার প্রস্তুতি হল। কাজেই, কি অবস্থা ছিল দোকান কর্মচারীদের তা এই বিলের দ্বারা স্পষ্ট প্রতীয়মান হয়। বলা যায় তাদের উন্নতিকল্পে, এই বিলে ন্যূনতম প্রচেষ্টা আরম্ভ করলাম। এখন এই বিলের থার্ড রিডিং-এ তার দোষ সম্পর্কে আলোচনাই হচ্ছে প্রধান কথা। অ্যামেন্ডমেন্ট যা নেবার তা হয়ে গিয়েছে। আর এখন কোন নূতনভাবে সংশোধন করার অবকাশ নেই। এখন দেখতে হবে বিল যেভাবে সংশোধিত হল, সেটা কিভাবে প্রযোজ্য হলে বিলের উদ্দেশ্য সাধিত হবে। একটা জিনিষ শ্রমমন্ত্রী মহাশয় মনে রাখবেন দোকান কর্মচারীদের ন্যূনতম স্বার্থ রক্ষিত করার জন্য এই বিল আমরা আনলাম অনেক দেরীতে। অন্য প্রদেশ আমাদের চেয়ে অনেক আগে এনেছে। কাজেই আজকে যখন আমরা তাদের চেয়ে অনেক বেশী দেরীতে আরম্ভ করলাম, তখন এর প্রয়োগ করবার কাজটা অনেক দ্রুতগতিতে চালাতে হবে, তাহলে অনেক প্রদেশের সংগে সমান হতে পারবো, এবং দোকান কর্মচারীদের অধিকার প্রতিষ্ঠিত করতেও অন্য প্রদেশের সংগে সমান হতে পারবো।

[2—2-10 p.m.]

সুতরাং প্রয়োগের দিক থেকে প্রথম কথা হল বিলটা যা গৃহীত হবে সেটা যাতে দ্রুতগতিতে সর্বক্ষেত্রে প্রযুক্ত হয় এবং যাতে সেটার লংঘন না হয় তার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করুন। আমি জানি না মন্ত্রিমহাশয় বাজারে ঘোরেন কিনা—আমি প্রত্যহ বাজার করি। এখন একটা আইন আছে, দেড় ঘন্টা ছুটির নিয়ম আছে। কিন্তু এই নিয়ম থাকা সত্ত্বেও অনেকেই এটা পালন করেন না—এটার প্রকৃত উদাহরণ হল ভবানীপুর থানা, তার পাশেই দোকান, কিন্তু তাহলেও নিয়ম প্রযুক্ত হয় না। সুতরাং আইন থাকলেই মানুষ রক্ষা পায় না। আইনকে দ্রুতগতিতে নিষ্ঠার সংগে এবং শৃংখলাবদ্ধভাবে প্রয়োগ করার ব্যবস্থা গ্রহণ করলে তবে সেই আইন কার্যকরী হয়। আশা করি মন্ত্রিমহাশয় সেই কথা স্মরণ রাখবেন এই বিলটা প্রয়োগের ব্যাপারে। তারপর দেখুন বিলের যেসমস্ত ধারা করা হয়েছে, তার একটা অংশ জনস্বার্থ রক্ষা করবার জন্য, শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য। কিন্তু সমস্ত দিকেই লক্ষ্য রাখা দরকার—ক্রেতা সাধারণের স্বার্থের দিকেও লক্ষ্য রাখতে হবে। আমরা যদি এমন নিয়ম করি যে, সকাল ৯টার আগে কোন দোকান খুলতে পারবে না তাহলে কলকাতার বহু লোকের অসুবিধা হবে। এতে করে কলকাতার বহু অঞ্চলের বহু মানুষের অসুবিধা হবে। কাজেই বিলে যে প্রভিশন করেছেন বিশেষ বিশেষ শ্রেণীর বা বিশেষ কোন ব্যবসার ক্ষেত্রে এই নিয়ম শিথিল করবার ক্ষমতা সরকারের থাকবে সেই ক্ষমতা রাখার যে দরকার নাই তা নয়, কিছুটা দরকার আছে, কিন্তু তার জন্যই বিশেষ করে এই আইনের আওতা থেকে দোকান বিশেষকে বাদ দেবার যে ক্ষমতা রয়েছে ক্লজ ৪(২)-তে, সেটা সঠিকভাবে প্রয়োগ করতে হবে কারণ যে কথা বিজয়বাবু বহুবার বলেছেন সেটা আংশিক সত্য, অর্থাৎ এই যে এক্জেম্পশন তাঁরা দিতে পারবেন, সেটা কিসের থেকে দিতে পারবেন? শুধু কি যাদের সকালে দোকান খোলার দরকার তারা দোকান খুলতে পারবে, বেশি সময় খোলা রাখা দরকার তারা বেশি সময় দোকান খোলা রাখতে পারবে—এটা কি শুধু এর মধ্যেই সীমাবদ্ধ থাকবে? তিনি যে ক্ষমতা নিয়েছেন তিনি বিস্তীর্ণ ও ব্যাপকভাবেই নিয়েছেন, কি বিষয়ে? এই যে ক্ষমতা তিনি নিয়েছেন তার মধ্যে বিষয় কি কি? কর্মচারীরা সময় মত মাইনে পাবে কিনা এ সম্পর্কে যে ধারা আছে তা ইচ্ছা করলে প্রযুক্ত নাও হতে পারে বিলের মধ্যে এমন বিধানও রয়েছে। কর্মচারীদের ওভারটাইমের যে হার দেড়গুণ পাবে

কিনা তারা তাও বিশেষ ক্ষমতার দ্বারা প্রযুক্ত হতে পারে কিম্বা নাও হতে পারে। তারপর সাপ্তাহিক ছুটিছাটা এবং অন্যান্য যৎসামান্য যেসমস্ত সুবিধা শ্রমিকদের দেওয়া হয়েছে সেগুলি ঠিকভাবে যাতে পেতে পারে সেদিক থেকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। মন্ত্রিমহাশয় বলেছেন ৮, ৯ ও ১০ ধারা ছাড়া সমস্ত ধারা এই বিশেষ ক্ষমতার আওতায় আসবে, ৫, ৬ ও ৭ ধারা, তারপর ১১নং ধারায় ছুটির যে সুবিধা দেওয়া হয়েছে, ইত্যাদি সমস্ত ধারা এই বিশেষ ক্ষমতার আওতায় আসছে, এমনকি সময়মতো মাইনে দেবার যে ধারাটা, সেটাও এর মধ্যে আসছে। এখন আমরা এই কথা বুঝি যে, যদি কোন দোকান একটা বিশেষ সময়ে বা উপলক্ষে বেশি সময় খোলা রাখার প্রয়োজন হয়, তাহলে এইসমস্ত ধারাগুলি যেরকম আছে ঠিক সেইভাবে প্রয়োগ করা যায় না—সুতরাং আজকে যখন আপনারা প্রয়োগের কথা ভাবছেন, তার জন্য চেষ্টা করছেন, তখন চিন্তা করে দেখতে হবে এসব ব্যাপারে অলটারনেটিভ ব্যবস্থা, বিকল্প ব্যবস্থা কিছু করা সম্ভব কিনা, যদি সম্ভব হয়, তাহলে সেই ব্যবস্থা সরকার যেন গ্রহণ করেন। সুতরাং এই থার্ড রিডিং-এ তাঁর কাছে আমাদের বক্তব্য। একটা জিনিস তাঁকে মনে রাখতে হবে যে, এই যে ব্যাপক ক্ষমতা সরকার নিলেন—এখানে মনসুর সাহেব সেই কথা বলেছেন এবং আরো অনেকে মনে করিয়ে দিয়েছেন, সরকার তো একটা অমূর্ত বা বিমূর্ত জিনিস নয়, সরকারের একটা মেশিনারী বা চ্যানেল আছে, সেই চ্যানেল হল ইন্সপেক্টর এবং এই যেসব ইন্সপেক্টর, তাঁরাও আমাদের মতো মানুষ আমাদের এই মাটির উপর অনেক জিনিস চলে—এই ইন্সপেক্টরদের উপর ব্যাপক ক্ষমতা দিলেন, এই ব্যাপক ক্ষমতা প্রয়োগের ভার ইন্সপেক্টরদের হাতে দিলেন। গভর্নমেন্ট-এর কাছে সুপারিশ করবার সুযোগ যখন উপস্থিত হল তখন একশ্রেণীর মালিক, যারা অন্যায় সুযোগ গ্রহণ করে তারা এইসমস্ত ইন্সপেক্টরদের উপর চাপ দিতে পারেন। এবং আমাদের শাসনযন্ত্রও এইজন্য বিখ্যাত নয় যে, সেই চাপ তাঁরা সবসময় রেজিস্ট করেন, এবং মালিকপক্ষ থেকে চাপ এলে তাঁরা অনেকসময় তাঁর কাছে আত্মসমর্পণ করেন বা করতে বাধ্য হন। সুতরাং শ্রমিকদের প্রতি ক্ষতি করার ক্ষমতা এঁদের আছে। যদি না শ্রমিকদের স্বার্থের দিকে লক্ষ্য রাখেন, এবং প্রয়োগের ক্ষেত্রে যদি কোথাও ত্রুটি থাকে, তাহলে তারা বানচাল করে দিতে পারে। সুতরাং এদিকে ডিপার্টমেন্ট এবং স্বয়ং মন্ত্রীমহাশয়কে খুব কড়া নজর রাখতে হবে যাতে করে যে ব্যাপক ক্ষমতা তাঁরা নিলেন তার অপপ্রয়োগ না হয়ে শুধু প্রয়োগ হতে পারে।

Shri Cirish Mahato: স্পীকার মহোদয়

রাজ্যের দোকানগুলির শৃঙ্খলাবদ্ধ পরিচালনা এবং নিয়োজিত কর্মচারীদের স্বার্থরক্ষার প্রয়োজনে নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজন সত্যই আছে। কিন্তু সমস্ত ব্যাপারটা কলকাতার বিশাল ব্যবসায় ক্ষেত্রের প্রতি লক্ষ্য রেখে করলেই চলবে না। রাজ্যের ছোট শহরগুলির ও গ্রামাঞ্চলগুলিরও সকল জায়গার অত্যন্ত ক্ষুদ্র দোকান ও দরিদ্র দোকানী জীবনের কথাও আমাদের মনে রাখতে হবে। দিনান্তে যাদের আয় অত্যন্ত কম তাদের এই নিয়ন্ত্রণ থেকে সম্পূর্ণ মুক্ত রাখা উচিত—এই আমাদের অভিমত। এই নিয়ন্ত্রণের মূল লক্ষ্য নিয়োজিত কর্মচারীদের স্বার্থ রক্ষা। এটাই একমাত্র লক্ষ্য বলা চলতে পারে। সুতরাং যারা দোকানে কর্মচারী নিয়োগ করে না—দোকানের মালিকই যেখানে দোকানের কর্মী, সেইসব ক্ষেত্রের জন্য এই আইনের প্রয়োগ রদ করে দেওয়া নিতান্তই উচিত। একেতো ধনতান্ত্রিক ধারা অনুসৃত এই দেশে বহু পুঁজির মালিক বড় দোকানদারদের কাছে ছোট দোকানদারেরা টিকতেই পারছে না। জীবিকার জন্য আশ্রয় নেই বলে প্রায়-অনাহারে থেকেও এইসব ছোট দোকানদারেরা দারিদ্র্যের প্রতীক এই দোকানগুলি আঁকড়ে আছে। শনি রবিবার বড় দোকানগুলি যখন বন্ধ থাকবে তখন ছোট দোকানদারগুলিকে দোকান চালাবার অধিকার দিলে খানিকটা তাদের আর্থিক সুযোগও মিলবে। কোনো ব্যবস্থা প্রয়োগ করতে গেলে জন-জীবনের বিভিন্ন ক্ষেত্রে তার ফলাফল কিভাবে ঘটতে পারে সেগুলির সম্যক ধারণা থাকা প্রয়োজন। শ্রমিক মজুর শ্রেণীর লোক যারা দিন আনে দিন খায় সপ্তাহে দেড় দিন বা শনি রবিবার বন্ধ থাকায় ছোট শহরে বা গ্রামাঞ্চলে তারা অত্যন্ত অসুবিধের সম্মুখীন হয়েছে। গ্রামে যেখানে একটি দোকান অথবা শহরে যে পাড়ায় একটি দোকান, সেখানে দোকান বন্ধ থাকলে দরিদ্র দৈনন্দিন ক্রেতাদের গুরুতর অসুবিধের সম্মুখীন হতে হচ্ছে। সারাদিনের কর্মক্লান্তির পর ক্ষুধার সময় তাড়াতাড়ি আহারের সামগ্রী কিনে নিয়ে রান্না করে যে ক্ষুন্নিবৃত্তি করবে তার উপায় নেই। তিন দিনের খাদ্যসামগ্রী একসঙ্গে

কিনে রাখবার সামর্থ্য তাদের নেই। এইরকম দরিদ্র ব্যক্তিদের সন্ধ্যায় ক্ষুধার সময় দূরে অন্য গ্রামে বা অন্য পাড়ায় দোকান খোলা থাকলে সেখান থেকে আহার্য সংগ্রহ করতে প্রাণান্ত হতে হয় অথবা সব দোকানই শনি রবিবারে একসঙ্গে বন্ধ থাকলে অনাহারেই থাকতে হয়। অথবা অত্যাধিক ক্ষতির মূল্যে প্রতিবেশীর কাছে আহার্য ঋণ করে ক্ষুধার শান্তি করতে হয় অভুক্ত পুত্র কন্যাদের মুখে এইভাবে দুটি কিছু দিতে হয় অথবা তাদের উপোসী রাখতে হয়।

[2-10—2-30 p.m.]

আইনের রচয়িতারা যদিও সাধারণ মানুষের এইসব দুঃখের পরিস্থিতির থেকে অনেক উপরে আছেন।

তবুও তাঁদের লক্ষ্য রাখা উচিত, সাধারণ মানুষের দুঃখের জীবন যেন তাঁদের আইন আরো দুঃখময় না করে।

ছুটির কার্যকালের সময় দরিদ্র দোকানদারদের অবাধ অধিকার দিলে—প্রতিযোগিতার ক্ষেত্রে তারা যেমন খানিকটা ন্যায়সঙ্গত সুযোগ পাবে তেমনি দৈনন্দিন ক্রেতাদেরও এই ব্যবস্থার ফলে সংকট থেকে বাঁচবার ব্যবস্থা দেওয়া হবে।

দৈনিক ২৫ টাকা, ৩০ টাকা বা ৫০ টাকা যারা বিক্রি করে অথবা ১০০ টাকার জিনিষই বিক্রয় করে, তারাও বিশেষ কিছু লভ্যাংশ পায় না, এই সব শ্রেণীগুলিকে নিয়ন্ত্রণের বাইরে রাখার ব্যবস্থা সমীচীন হবে।

নিতান্ত দরিদ্র দোকানদারদের কর্মচারী রাখিবার সঙ্গতি নেই।

ছোট দোকানদার যারা দৈনিক ৪০।৫০ টাকা বা ১০০ টাকার বিক্রয় করে এবং এক-আধজন কর্মচারী রাখে—কর্মচারী বিষয়ে এই নিয়ন্ত্রণ তাদের ওপর বহাল রেখে নিজেদের শ্রমে সপ্তাহব্যাপী দোকান চালাবার অধিকার তাদের দেওয়াই উচিত হবে।

দৈনিক কত টাকার বিক্রেতাকে পর্যন্ত এই সুযোগ দেওয়া সমীচীন হবে সেটা আলোচ্য লক্ষ্যের প্রতি দৃষ্টি রেখে স্থির করা যেতে পারে।

তবে এই নীতি আজ অনুসৃত হওয়া উচিত।

যাঁরা সিগারেটের প্যাকেটে দিনান্তে কয়েক টাকা খরচ করেন তাঁরা অত্যন্ত করভারে জর্জরিত দরিদ্র ব্যক্তির পক্ষে বৎসরে আর এক টাকা নতুন কর দিতে কি কষ্ট অনুভব করে তা হয়ত বুঝতে পারবেন না।

ধনী-দরিদ্র নির্বিশেষে সমস্ত দোকানদারদের প্রতি দোকান ফি—এই নূতন কর ধার্য করা আদৌ সমীচীন হচ্ছে না। চারিদিকে দরিদ্র দোকানদারেরা অত্যন্ত ক্ষুব্ধ ও আশঙ্কিত হয়েছে। আরও আশঙ্কিত হবে—প্রতি তিন বছরে ঐ এক টাকার জন্যে—এবং ঐ এক টাকাকে আশ্রয় করে ক্রমশই ফি বর্ধিত হবে এই আশঙ্কার জন্যে, এবং সরকারী যোগাযোগের সূত্র ধরে অসাধু কর্মচারীদের উপদ্রব ও অবৈধ ট্যাক্স আদায়ের রাজত্ব হবে এই গভীর উৎকণ্ঠার জন্যে।

আর একটি জিনিস মনে রাখতে হবে—দেশের অগণিত দরিদ্র ক্ষুদ্র দোকানদারদের বাসগৃহও ঐ দোকানটুকুই। সুতরাং তাতে তালা লাগাবার প্রস্তাবও উঠতে পারে না এবং এই অবস্থার সুযোগ গ্রহণ করে সরকারী কর্মচারীদের উপদ্রব করার আরও সুযোগও ঘটতে পারে একথাও মনে রাখতে হবে।

সেজন্য আজ আমাদের অনুরোধ দরিদ্র দোকানদারদের বাঁচাবার সুযোগ দিতে এবং তাদের ন্যায়সঙ্গত আশঙ্কাগুলিকে নিরসন করতে। নিয়ন্ত্রণ ব্যবস্থাকে উপযুক্তভাবে সরকার পরিবর্তিত করুন। সরকার যদি আজ তা না করেন তবে দরিদ্র দোকানদারেরা মনে করবে তাদের নিশ্চিহ্ন করে দিতে এবং পুঁজিবানদের অবাধ ক্ষেত্র দিতেই এই আইনের উদ্ভব হয়েছে, এবং দৈনন্দিন দরিদ্র ক্রেতারা, শ্রমিক, মজুরেরা মনে করবে তাদের দুঃখকষ্টের প্রতি সম্পূর্ণ উদাসীন সরকার দরিদ্র জনগণের শত্রু।

Shri Haridas Chakravarty:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই দোকান কর্মচারী বিলটা যা এখানে উত্থাপিত হয়েছে বা গ্রহণের জন্য এখানে পেশ হল এটার জন্য প্রথমেই বলতে হয় আমাদের মাননীয় শ্রমমন্ত্রী সবার কাছ থেকেই অভিনন্দিত হয়েছেন এবং আমার মনে হয় অত্যন্ত উপযুক্তভাবেই অভিনন্দিত হয়েছেন। কারণ প্রায় ৮ থেকে ১০ লক্ষ যে দোকান কর্মচারী আমাদের এ রাজ্যে আছে তাদের চাকরি সংক্রান্ত কোন নিয়মাবলী ছিল না। এক ১৯৪০ সালের পরে দীর্ঘ ২২ বৎসর কেটে গেছে। এই কয় বছরে তারা অত্যন্ত অসহায়ভাবে জীবনধারণের প্রয়োজনে বিভিন্ন দোকানে তাঁরা কাজ করেছে এবং কর্মচারী হিসাবে তাদের বেতন, ছুটি ইত্যাদি ব্যাপারে তাদের মালিকদের বা দোকানের মালিকদের স্বারস্থ হতে বাধ্য হয়েছেন এবং এ সম্পর্কে তাদের করণীয় কিছুই ছিল না, কোন আইনের সেংসান ছিল না বা আইনসম্মতভাবে কোন কিছু করতে পারত না। যে বিলটি আজকে পাশ হতে চলেছে সেখানে কতকগুলো ধারা বিশেষ করে কাজের ঘণ্টা, ছুটি ইত্যাদি এবং ওভারটাইম-এর যে ধারাটা আছে বিশেষ করে সে সম্পর্কে বলতে গেলে বলতে হয় নিশ্চয়ই তাদের জীবনধারণের যে প্রচেষ্টা এবং যে প্রচেষ্টার লক্ষ্যস্বরূপ তারা বিভিন্ন দোকানে নিযুক্ত আছেন এবং যার মারফতে তারা তাদের জীবনধারণের প্রণালীকে বাঁচিয়ে রেখেছেন তাঁরা নিশ্চয়ই সাহায্য পাবেন এ সম্পর্কে তাতে সন্দেহ নেই। কিন্তু আমার মনে হয়, যে কারণে আমাদের শ্রমমন্ত্রী অভিনন্দিত হয়েছেন তাঁর সে অভিনন্দন আরও বেশি পাওনা থাকলেও আশা করি সে অভিনন্দন তাঁকে দিতে পারব আগামী দিনে—যে আইন তিনি এখান থেকে পাশ করলেন—যা আমরা পাশ করছি তার জন্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে তাঁকে এ কথাও বলতে চাই যে, আমরা আগামী দিনে তাঁকে যেন আরও অভিনন্দিত করতে পারি। এ আইনের ধারাগুলি যখন বাস্তবে রূপায়িত হতে যাবে তখন যাদের লক্ষ্য করে যাদের জীবনের দিকে তাকিয়ে, যাদের সমস্যার দিকে তাকিয়ে এ আইন রচিত হল তাদের উপরে প্রয়োগের ক্ষেত্রে যেন সুযোগসুবিধাগুলি পেতে পারেন, এদিকে যেন লক্ষ্য থাকে। তার প্রধান কারণ হিসাবে বলছি যেটা মাননীয় সদস্য হাবিবুল্লা সাহেব বলেছেন যে, ইন্সপেক্টরদের সম্বন্ধে আমি মনে করি এটা বলা উচিত এবং মাননীয় শ্রমমন্ত্রী নিশ্চয়ই লক্ষ্য রাখবেন, কিন্তু একটু আগে তিনি জবাব দিয়েছেন যে, ইন্সপেক্টর মারফত ছিল। একটা সংশোধনীও ছিল হাবিবুল্লা সাহেবের তা ছাড়া তাঁরা যদি কোন দরখাস্ত করতে চান তা তাঁরা করতে পারেন। তার উত্তরে মাননীয় শ্রমমন্ত্রী বলেছেন, কেন, ইন্সপেক্টরদের ধারাটা রেখে দিয়েইতো তাদের আরও সুযোগসুবিধা দেওয়া হল, অর্থাৎ তাঁরা তো করতে পারেনই, যদি নিজেরা না করতে পারেন তাহলে ইন্সপেক্টর গিয়ে ওটা করে দেবেন। কিন্তু দুঃখের বিষয় আমাদের এই সামাজিক পরিবেশে বা বাস্তব অবস্থার দিকে তাকালে আমরা দেখতে পাই যে ইন্সপেক্টর জীব—যাঁরা নাকি আছেন অর্থাৎ আমার যে একটা অভাব হয়েছে—সে অভাব দূর করা প্রয়োজন সে প্রয়োজন আমরা বুঝে করার আগেই আমাদের সে অভাব দূর করার আগেই তাঁরা এগিয়ে এসে সচেষ্ট হন এমন ঘটনার নজীর খুব কম পাওয়া যায়; বরং এটার নজীর সবচেয়ে বেশি পাওয়া যায় ইন্সপেক্টরদের দরবারে বহুবার গিয়ে হাজির হওয়া সত্ত্বেও, আর্জি পেশ করা সত্ত্বেও ঘটনাগুলি ঠিক সময়মত গিয়ে সরকারী দপ্তরে পেশ হয় না, বা যদি হতে হয় এমন কিছু ব্যবস্থা ইনস্পেক্টর মহাশয়ের সঙ্গে করার দরকার হয় যেগুলি অনেক ক্ষেত্রে তারা করতে সক্ষম হন না তাদের অর্থনৈতিক কারণে, বা রুচিবোধের কারণেও। দ্বিতীয় প্রশ্ন হল এই আইনটি কার্যকরী হওয়ার পথে আমার মনে হয় আজকে যে কথাটা বলা দরকার কিছু কিছু তার অভাব থেকে গেল। সে কথাগুলি আমি এখানে সংক্ষেপে বলছি—যে, আগামী দিনে এই আইনটি যখন কার্যকরী হতে যাবে, তখন এদিকে যেন আমরা লক্ষ্য রাখতে পারি এবং বিশেষ করে মাননীয় শ্রমমন্ত্রী যেন লক্ষ্য রাখেন। কর্মচারী প্রভিডেন্ট ফান্ডের পরিকল্পনার আওতায় এদের নেওয়া হল না এই আইনে তার কোন ধারা থাকল না। যেমন এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীম যেটা আছে—যেটা বেশীর ভাগ এই ৮।১০ লক্ষ দোকান কর্মচারী স্বাস্থ্যের কারণে চিকিৎসা করাবার ক্ষমতা যাদের নেই এবং নেই এই কারণে একটি বড় প্রশ্ন যে তাদের আজ পর্যন্ত যে মিনিমাম ওয়েজ, ন্যূনতম মজুরী সেটা এই দোকান কর্মচারীদের বেলায় আমরা আজও স্বীকৃত করতে পারিনি। যদিও ধরুন সিনেমা কর্মচারীদের ক্ষেত্রে তা স্বীকৃত হয়েছে, মনে হয় এই বিষয়গুলি সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রী যদি তাঁর দৃষ্টি রাখেন এবং

আইনটি কার্যকরী করার সময় তিনি—আমরা যেগুলি এখনও করতে পারলাম না অথচ এগুলি করা উচিত, কারণ এরা আজকে সবচেয়ে অবহেলিত ছিলেন, এই অবহেলিত অবস্থা থেকে তাকে আইনের মারফৎ তাদের প্রতিষ্ঠা দেবার চেষ্টা করলাম এই আইনসভা থেকে আইন পাশ করে যাতে যথোপযুক্তভাবে কার্যকরী হয় সেদিকে নজর রাখবেন। ঠিক তেমনি যে ধারাগুলো যে সুযোগগুলো আইনের মারফতে এখুনি দিতে পারলাম না আগামী দিনে যাতে সেই সুযোগ বা অধিকারগুলো দেওয়া যায় তার জন্য তিনি যদি দৃষ্টি রাখেন তাহলে আমার মনে হয় যে অভিনন্দন তাঁকে আমরা দিলাম তা পুনর্বার সেভাবে অভিনন্দিত করতে পারি, সে সুযোগ তিনি নিজেই সৃষ্টি করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nani Bhattacharjee:

অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমমন্ত্রী মহাশয়ের যে বিল দোকান কর্মচারীদের ভাগ্যের উন্নতিকল্পে এখানে থার্ড রিডিং হচ্ছে সে বিলের দিকে তাকিয়ে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি, কারণ আমি মনে করি এ বিলের অসম্পূর্ণতা থাকা সত্ত্বেও এবং বিভিন্ন জায়গাতে ত্রুটি, কোথাও ছোট কোথাও বড় থাকা সত্ত্বেও দোকান কর্মচারীদের ভাগ্য পরিবর্তনের ক্ষেত্রে এ বিল অনেকখানি সহায়ক হবে এবং অনেক দূর পর্যন্ত তাদের উপকারে আসবে। অবশ্য অনেক যদির উপর নির্ভর করে যেমন এই বিল আইনে এখন পরিণত হবে তারপরে রুলস তৈরী হবে তার উপরে অনেক কিছু নির্ভর করছে এবং সেই রুলস--আশা করব আমরা শ্রমদপ্তর থেকে এমনভাবে তৈরী করা হয় যাতে এই আইনের বা এখন খসড়া আইন আকারে যেটা আছে সে আইনে পরিণত হল—এই আইনের যে স্পিরিট এবং যা লক্ষ্য সে লক্ষ্য অব্যাহত থাকা যাতে রুলের মধ্যে হয়। ত্রুটি এবং ফাঁক যেটা কিছু আছে, আমি বলেছি সেটার সম্বন্ধে একটা দৃষ্টান্তই দেওয়া যাবে, যেমন চাকরির নিরাপত্তা প্রসঙ্গে যেটা এতক্ষণ এখানে আলোচনা হল সে সম্বন্ধে বলা যায়। যেমন আমি চাকরি করছি সেখানে যখন আমাকে চাকরি থেকে সরিয়ে দেওয়া হবে তখন কি নীতি অনুসরণ করা হবে। একটা কথা ঠিকই শ্রমমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন এবং সেখানে আমরা সকলের সঙ্গে সবাই একমত, আমরা কেউই চাই না যে কোন মালিক সে হঠাৎ কোন কর্মচারীকে বিনা নোটিশে তাকে কর্মচ্যুত করে দিক।

[2-20-2-30 p.m.]

একটা কথা শ্রমমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন সেখানে আমরা সকলেই তাঁর সঙ্গে একমত যে আমরা কেউই চাই না যে কোন মালিক হঠাৎ কোন একটা কর্মচারীকে বিনা নোটিশে কর্মচ্যুত করে দেয়। অন্ততঃ এখানে যেভাবে আলাপ আলোচনা হয়েছে তাতে বোঝা যাচ্ছে যে সাফিসিয়েণ্ট কজ ছাড়া কারও চাকরি চলে যাক এটা আমরা কেউই চাই না। অর্থাৎ এখানে যে দুটি উদ্দেশ্য এই বিলের ১৫নং ক্লজে আছে সেই দুটি উদ্দেশ্য অব্যাহত রাখা দরকার। একটা হচ্ছে যথেষ্ট কারণ ছাড়া কারও চাকরি না যায় এবং বিনা নোটিশে কারও চাকরি না যায়-এই দুটি জিনিষ এর মধ্যে আনতে চাই। কিন্তু আমরা মনে করি যেভাবে এই আইন তৈরী হচ্ছে তাতে নানাভাবে তার অর্থ করার সুযোগ আছে। বিশেষ করে এই উপধারাটা যেভাবে রাখা হচ্ছে তাতে আমাদের সন্দেহ আছে। সেইজন্য আমরা এটা বদলানোর জন্য বলছি। সেটা হচ্ছে যে, যদি বরখাস্ত হয়ে গেল কোন কর্মচারী তাহলে সে ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করবে। ম্যাজিস্ট্রেট যদি প্রাইমা ফেসি কেসে দেখেন যে যথেষ্ট কারণ নেই তবু তাকে চাকরি থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে তাহলে সেক্ষেত্রে তাকে এক মাসের ওয়েজ দেবার ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ যথেষ্ট কারণ যদি না থাকে সেক্ষেত্রে হচ্ছে। কিন্তু যথেষ্ট কারণ যদি থাকে তাহলে আমাদের সন্দেহ আছে যে কর্মচারীকে কর্মচ্যুত করার ব্যাপারে মালিক যদি মনে করে এইটাই তার যথেষ্ট কারণ তাহলে সেক্ষেত্রে সে এক মাসের নোটিশ না দিয়েও তাকে কর্মচ্যুত করার অধিকার এই আইনের মধ্যে দিয়ে পেয়ে যাচ্ছে। সুতরাং সেদিক দিয়ে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করবো যেন রুলস তৈরী করার ক্ষেত্রে সে সম্বন্ধে বিশেষ সতর্কতা অবলম্বন করা হয়। এই প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, দোকানদার বা এস্টাবলিসমেণ্টের মালিক তারা যাতে তাদের কর্মচারীদের কর্মচ্যুত করার ব্যাপারে এই ধরণের অবাধ অধিকার না পায় সে বিষয়ে লক্ষ্য রাখবেন। এছাড়া এই বিলের মধ্যে এই রকম ত্রুটি-বিচ্যুতি আছে এবং কোন কোন জায়গায় ভাষাগত ফাঁক আছে তার সুযোগ

নিয়ে মালিক কর্তৃপক্ষরা কর্মচারীদের যেসমস্ত সুযোগ সুবিধা আছে তার থেকে তাদের বঞ্চিত না করতে পারে সেদিকে লক্ষ্য রেখে যখন রুলস তৈরী করা হবে সেই রুলস-এ যেন সে সতর্কতা অবলম্বন করা হয়, শ্রমমন্ত্রীর কাছে সেই আবেদন করছি। এর পরে একটা কথা শেষ করবার আগে বলতে চাই যে, রুলস তৈরী এবং আইন প্রয়োগ করার ব্যাপারের উপরেই আইনের স্বার্থকতা নির্ভর করছে। এটা সকলেরই জানা কথা যে বাংলাদেশের ১০ লক্ষ দোকান কর্মচারী খুব খারাপ অবস্থার মধ্যে ছিল। এটা সকলেই জানেন, বিশেষ করে বড় বড় এস্টাবলিশমেন্টে যারা কাজ করে তাদের কালেকটিভ বারগেন করার ক্ষমতা আছে এবং সেই কালেকটিভ বারগেনের জোরে তাদের ভাগ্য পরিবর্তনের ক্ষেত্রে কিছু দূর তারা এগুতে পেরেছে। কিন্তু মধ্যবিত্ত দোকানদার বা ফার্ম, যারা ২।১০ জন কর্মচারী নিয়োগ করে থাকে সেই সমস্ত কর্মচারীদের যে ভাগ্য তা অভাবনীয়। আগেও এই আইন চালু ছিল, অবশ্য অন্য আকারে ছিল, এই চালু থাকলেও সমস্ত কর্মচারীদের ক্ষেত্রে দোকানদারেরা বা সাধারণভাবে মালিকপক্ষ এই আইনকে বানচাল করে দেবার চেষ্টা করেছে। সেইজন্য শ্রমদপ্তর এবং সাধারণভাবে পশ্চিমবঙ্গ সরকারের কাছে এই দাবী করছি যেন কোন ফার্ম বা এস্টাবলিশমেন্ট এই আইনকে বানচাল করে দেবার সুযোগ না পায়, সেজন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন। এই যে খসড়া আইন পাশ হতে যাচ্ছে এই ব্যাপারে শ্রমমন্ত্রী মহাশয় এবং শ্রমদপ্তরকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের উপর যথেষ্ট আলোচনা হল। ডেপুটি স্পীকার মহাশয়কে আমি স্মরণ করিয়ে দিতে চাই--নিশ্চয়ই আপনার স্মরণে আছে যে, বৃটিশ আমলে একটি প্রতিক্রিয়াশীল সরকার এই আইন পাশ করেছিল। নাজিমুদ্দিন সরকার সহজে পাশ করেন নি--বহু আন্দোলনের পর এবং বহু অত্যাচারের পর একদিকে মালিকদের চক্রান্ত আর একদিকে দোকান কর্মচারীদের উপর বিরাট অত্যাচার চালিয়েছেন—তার উপর দিয়ে আমাদের কর্মচারীরা যে দাবি করেছিলেন সেই দাবি মেনে নিয়েছিলেন—তখনকার দিনে এই আইন হয়েছিল। আজকে যে উন্নততর আইন আসবে এটা স্বভাবতই আমরা আশা করেছিলাম। শ্রমমন্ত্রী যে অনেক নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে আইনটি এনেছেন সেজন্যে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি; কিন্তু অনেক জায়গায় কর্মচারীদের দাবিদাওয়া উপেক্ষা করেছেন সেদিকে তাঁর সহানুভূতিপূর্ণ দৃষ্টি আকর্ষণ করছি। আইনের মধ্যে দেখলাম না প্রভিডেন্ট ফান্ডএর ব্যবস্থা আছে। তিনি জানেন--তিনি বার বার বলেছেন যে, ছোট-বড় কর্মচারীদের মধ্যে পার্থক্য করতে চান না। আমি প্রশ্ন করি, কোন কোন দোকান দুই লক্ষ টাকা নিয়ে, পাঁচ লক্ষ টাকা নিয়ে চালাচ্ছে, আবার কেউ বা মাত্র পাঁচ হাজার টাকায় চালাচ্ছে—তিনি দুটিকে একসঙ্গে আনবেন কি করে? আমি এটা বুঝতে পারি নি। মূলধনের ব্যাপারে যে পার্থক্য রয়েছে, সুতরাং এখানে কর্মচারীদের ক্ষেত্রে আলাদা ব্যবস্থা থাকতে পারে। সেজন্যেই এ সম্পর্কে বার বার বলছি। যে কথা লাহিড়ী মহাশয় বলেছেন যে, এমন যারা—যেমন, ভুষিমালের দোকানদার বা সকালে চায়ের দোকান খুলে বসে তাদের কথা কি বড় বড় দোকানে যারা কাজ করে তাদের পক্ষে হতে পারে? সেখানে শ্রমমন্ত্রী মহাশয় যেকথা বার বার বলছেন যে, ছোট-বড় সবাইকে একসঙ্গে দেখব সেটা হতে পারে না। সেজন্যে বলছি প্রভিডেন্ট ফান্ডএর ব্যবস্থা নিশ্চয়ই তাঁর করা উচিত। একজন দোকান কর্মচারী দারিদ্র্যের মধ্যে চিরকাল কাজ ক'রে যাবে, কিন্তু যখন সে চলে যাবে তখন শূন্য হাতে চলে যাবে সেটা হতে পারে না। পেনশানএর ব্যবস্থা সম্পর্কে অন্যান্য ক্ষেত্রে যা হয়েছে এখানেও সেইভাবে দেওয়া উচিত। পেনশান না দিলেও গ্র্যাচুয়িটি দেওয়া উচিত। বার্ধক্যে সে শূন্য হাতে চলে যাবে এটা ঠিক নয়। এজন্যে একটা এককালীন গ্র্যাচুয়িটির ব্যবস্থা করা দরকার। এখানে বোনাসএর কোন কথা নেই। এক একটা প্রতিষ্ঠান দুই লক্ষ, পাঁচ লক্ষ টাকা লাভ করে, সেক্ষেত্রেও তারা কোন বোনাস দেয় না। বড় বড় দোকান-দারবা কেন বোনাস দিতে পারবে না একথা নিশ্চয়ই শ্রমমন্ত্রী বিবেচনা করবেন। বাসস্থান সম্বন্ধে নিশ্চয়ই চিন্তা করতে হবে। আপনি নিশ্চয়ই জানেন বড়বাজারে বহু লোক দিনের পর দিন বাস করে সিঁড়ির তলায়—দু' বছর পাঁচ বছর ধরে বাস করছে অথবা মোটর গ্যারেজে ২০।৩০ জন লোক বাস করে। কাজেই এখানে যারা বাইরে থেকে এসেছে অথবা স্থানীয় লোক নয় তাদের জন্য বাসস্থানের ব্যবস্থা করতে হবে। শ্রমমন্ত্রী অন্য কর্মচারীদের জন্য বাসস্থানের কথা ভাবছেন সেখানে এদের কথা কেন বিবেচনা করবেন না? অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে

এদের কাজ করতে হয়, অন্ধকার ঘর, স্যাঁৎসেঁতে ঘর। শ্রমিকদের স্বাস্থ্যরক্ষার ব্যাপারে নিশ্চয়ই সরকারের দায়িত্ব নিতে হবে। চাকরির স্থায়িত্ব সম্বন্ধে অনেকে বলেছেন। আমি বলি এই বিলের মধ্যে তার কোন ব্যবস্থা নেই—তাদের অনুগ্রহ করে যদি সাফিসিয়েন্ট কজ না থাকে তা হলে এক মাসের মাইনে কম্পেনসেশন দেবে।

[2-30—2-40 p.m.]

এখানে চাকরীতে পুনর্নিয়োগের কোন ব্যবস্থা নাই। সাফিসয়েন্ট কজ না থাকলে মালিক কর্মচারীকে ছাঁটাই করতে পারবেন না। কিন্তু পুনর্নিয়োগের কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে বলবো কারো চাকরী যাতে না যায়, এবং গেলেও তার পুনর্বহাল যাতে হতে পারে—তার ব্যবস্থা এর মধ্যে থাকা দরকার। এর মধ্যে দোকান কর্মচারীদের ন্যূনতম বেতনের কথা নাই, মিনিমাম ওয়েজ এক্ষেত্রে কেন মন্ত্রিমহাশয় আনবেন না--তা আমি বুঝতে পারি না। এই বিলের মধ্যে এমন কিছু একটা ব্যবস্থা থাকা উচিত ছিল যে ৫০ টাকা বা ৬০ টাকার কম কেউ বেতন পাবে না। তাহলে না হয় বুঝতাম। মিনিমাম ওয়েজও এখানে আনবেন না, নির্দিষ্ট মাইনেও উনি করতে পারবেন না। তাঁকে আমি অনুরোধ করবো যে মাইনে সম্পর্কে তাদের ন্যূনতম বেতন বলে দিতে হবে এই আইনের মধ্যে অথবা মিনিমাম ওয়েজ করে দিতে হবে।

(এ ভয়েসঃ আপনি তো একশো টাকা বলেছেন।)

একশো টাকা, দুশো টাকা কিছু আমি বলছি না। আপনি কি তাদের শেষকালে রাস্তায় দাঁড়িয়ে দেবেন? তাদের একটা অনিশ্চিত অবস্থার মধ্যে রাখতে পারা যাবে না, সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পনের দিনের অর্ধেক বেতনে সিক-লীভের যে ব্যবস্থা এখানে হয়েছে সে সম্বন্ধে একটু চিন্তা করে দেখুন। অসুস্থ হয়ে পড়লে সে খালি হাতে ঘরে ফিরে যাবে; সেখানে ছেলেপেলেদের খাওয়ার কি ব্যবস্থা আছে, নিজেরই বা খাওয়া-দাওয়ার কি ব্যবস্থা করছেন? আমি বলি সেখানে প্রথম পনেরদিনের পূর্ণ বেতন, আর তারপরের পনের-দিনের অন্তত অর্ধেক বেতন দেওয়া উচিত। তারপরে যেমন ব্যবস্থা হয় করবেন। এইটা আমি দাবী করছি।

তারপর মেটারনিটি লিভ সম্বন্ধেও কোন ব্যবস্থা এখানে নাই। আমি দাবী করছি—তিন মাস মেটারনিটি লীভ থাকবে সবেতন। প্রসবের পূর্বে দেড় মাস এবং প্রসবের পরে দেড় মাস।

তারপর ছোট ছোট দোকানদারদের সম্বন্ধে বলা হচ্ছে—অনেকে বলেছেন, আমিও বলছি—তাদের এই আইনের আওতা থেকে বাদ দেওয়া দরকার। দুশো টাকা একশো টাকা মূলধন নিয়ে যারা কাজ-কারবার করছে, তাদের জীবিকা নির্বাহের পথ বন্ধ করে দেবেন না- এই কথাই আমি বলছি।

শেষে ইন্সপেক্টরদের সম্বন্ধে বলছি। এই ইন্সপেক্টররাই অনেক সময় দুর্নীতির সৃষ্টি করেন। মালিকদের পক্ষ নিয়ে, মালিকদের কাছ থেকে ঘুষ নেওয়ার বহু অভিযোগ আছে। এই যে নূতন বিল একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে এসেছে, এখানে অন্ততঃ সরকারী কর্মচারীরা যেন দুর্নীতির প্রশ্রয় আপনারা না দেন এবং দোকানদারদের ও কর্মচারীদের উপর অত্যাচার করবার কোন সুযোগ সৃষ্টি করে না দেন, তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় দৃষ্টি রাখবেন। আবার এই বিল সম্পর্কে ভালভাবে চিন্তা করুন এবং পরে যাতে আরো ভালভাবে সুন্দরভাবে আর একটা বিল আসতে পারে—এই সম্পর্কে নিবেদন করে ও এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, I rise to congratulate the Hon'ble Labour Minister for having brought a Bill of this nature known as the West Bengal Shops and Establishments Bill. Sir, I know that he has taken a good deal of pains to do some good to a very large number of shop employees in the city and in Bengal. Sir, I am not very clear on certain points and as such I only ask the Hon'ble Minister to consider them. As I find from the

Bill it extends to the whole of Bengal—it applies to all the shops in Bengal. Like the Act of 1940, this Bill will also bring within its purview every shop as the Government will consider necessary but by the present Bill too much power is being given on the Government and things are being kept vague. Sir, I do not know if the shops in Chowringhee, Park Street, College Street, Harrison Road, etc., will be included in this Bill or not. I have nothing to say. I think the various amendments that have been suggested for the benefit of the employees should be duly considered by the Hon'ble Minister but we ought to know which shop is being included. I cannot think of a shop somewhere existing in the mofussil area—a small shop—being included in this Bill, not to speak of very small shops in Calcutta.

We are yet to know as to whether the Government has prepared a list of the shops to which the provisions of this Bill would be applicable. Not only this. The Government still retains its power to issue a notification for bringing shops in any area within the purview of this Act or to exempt from the operation of the Act any shop which they consider just and fair. These are vague things. If there were any schedule of the shops which are to come within the purview of this Act or any standards laid down for such inclusion, we could have understood the position. For a shop like a grocer's shop or mudikhana in the city, how can we expect the shop-keeper to maintain a proper register of establishments or to give appointment letters to its employees or keep an account of leave—sick leave, casual leave, etc.,—given to its employees or an account of the facilities that have been given here to the employees? But under the Act, the Inspector has got the power to force him to do these things. If he goes to a grocer's shop and asks the shop-keeper to bring out his register and if he fails to do so, then he will be penalised—he can be fined up to a limit of Rs. 500. We do not know whether the Inspector will exempt him or not. So, I would request the Hon'ble Minister to consider very carefully as to whether these classes of shops should not be absolutely excluded from the operation of this Bill. How can you expect that an illiterate person—who may be in charge of such a shop and who somehow or other maintains the shop—will maintain records and registers and go to the Registration Office for registering his shop? Just think of such shop-keepers who abound in the mofussil areas. My ideas may be condemned, but I would be happy to know that such shops would be excluded from the operation of this Bill.

This Bill relates to two things—first comes shops for the public and then their establishments. The amenities that have been provided in this Bill for the establishments may not come up to our expectations at the present moment, but certainly they will be of great benefit to a very large number of people. I hope the Hon'ble Minister will considr if he can provide further amenities to the employees.

Now, the Government will decide as to which days in an area the shop will remain closed for a day and a half. The public are very much interested in it. It is not known on which days in which area the shops will be closed and for how long. That is a power which is still kept in the hands of the Government. Of course, these are matters of detail which, I hope, the Hon'ble Minister will please consider for the benefit of the public.

Sir, I once again congratulate the Hon'ble Minister for this piece of legislation, but I hope my friend will consider sympathetically the points that I have raised.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয়, সকলেই এই বিলটির জন্য মাননীয় শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। আমি কিন্তু, এই বিলটি আজকে হাউসে আসার জন্য সর্বপ্রথম অভিনন্দন জানাচ্ছি বাংলাদেশের লক্ষ, লক্ষ দোকানকর্মচারীদের। ১৯৪০ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত বাংলা-দেশের লক্ষ লক্ষ দোকানকর্মচারী তাদের সঙ্ঘবদ্ধ সংগ্রামের মধ্য দিয়ে আজকে এই বিলটি হাউসের সামনে আনবার আপ্রাণ চেষ্টা করেছেন। কাজে কাজেই প্রথম যদি কাউকে অভিনন্দন জানাতে হয়, তাহলে বাংলাদেশের লক্ষ লক্ষ দোকানকর্মচারীদের অভিনন্দন জানাতে হবে।

[2-40—2-50 p.m.]

সুতরাং আমি প্রথমেই বাংলাদেশের সেই লক্ষ লক্ষ দোকানকর্মচারীকে অভিনন্দন জানাচ্ছি। আর, অভিনন্দন জানাচ্ছি মাননীয় শ্রমমন্ত্রীকে যাঁর শুভবুদ্ধির পরিচয় আমরা এই বিলের মধ্যে পেয়েছি। আমরা এই বিলে কিছু কিছু সংশোধনী এনেছিলাম এবং সেই সংশোধনীগুলি যদি গ্রহণ করা হত তাহলে এই বিলটি সর্বাঙ্গসুন্দর হত বলে মনে করি। কিন্তু তা যখন হয়নি তখন বিলটিকে মন্দের ভালো হিসাবে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, এই বিলকে আমরা অভিনন্দন জানালেও এই বিলকে কার্যকরী করার জন্য দায়িত্ব যাদের উপর আসবে তাঁরা এটাকে কতখানি আন্তরিকতার সঙ্গে কার্যকরী করবেন সে সম্বন্ধে আশঙ্কা করবার যথেষ্ট কারণ আছে। এই প্রসঙ্গে আমি সিনেমার মালিকদের কথা উল্লেখ করতে পারি। ১৯৬০ সালের ঘটনা আমরা জানি—শ্রমদপ্তর থেকে আইন হল সিনেমার কর্মচারীদের ন্যূনতম বেতন দেওয়া হবে, কিন্তু সেই আইনকে কার্যকরী করা যায়নি। বাংলাদেশের সিনেমা কর্মচারীরা আজ পর্যন্ত পুরাপুরিভাবে ন্যূনতম বেতন ব্যবস্থার সুফল পায়নি। আমি আশ্চর্য হয়ে গেলাম, সরকার সেই মালিকদের যারা ন্যূনতম বেতন আইন কার্যকরী করতে বাধা দিয়েছেন তাঁদের বিরুদ্ধে আইনসঙ্গত ব্যবস্থা গ্রহণ করতে সাহসী হলেন না। সুতরাং মালিকপক্ষ যাতে করে দোকানকর্মচারী আইনকে পুরাপুরিভাবে পালন করেন সেদিকে সরকারের তীক্ষ্ম দৃষ্টি রাখা দরকার। আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখেছি যে, একটা নির্দিষ্ট সময় পর্যন্ত দোকান খোলা রাখার নিয়ম থাকা সত্ত্বেও মালিকরা দোকান এমনভাবে খোলা রাখেন যার জন্য শ্রমিকদের দিনে ১১।১২ ঘন্টা খাটতে হয়। আমরা এ ঘটনা শপ ইন্সপেক্টরের নজরে এনেছি, কিন্তু কোন প্রতিকার হয়নি। এসব কথা আমরা শ্রমদপ্তরকে জানিয়েছি, তৎসত্ত্বেও মালিকপক্ষ বলেছেন আমরা দোকান খোলা রাখব। আমরা শুনেছি শ্রমদপ্তরের [illegible] সঙ্গে তাদের ১৫।২০ টাকার বন্দোবস্ত আছে। তাই আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই যে আইন আনলেন সেটা যাতে আমলাতান্ত্রিক শাসনশক্তির দ্বারা বানচাল না হয় সেদিকে যেন দৃষ্টি রাখা হয়। তারপর, আমি আমার সংশোধনী প্রস্তাবে বলেছি যে, পে-রোল-এ কর্মচারীদের দিয়ে সই করার ব্যবস্থা করার দরকার। বিভিন্ন শিল্পে নিয়োজিত কর্মচারীরা বছরের পর বছর কাজ করে যাচ্ছে, কিন্তু তারা সেই সমস্ত শিল্পে স্থায়ী কর্মচারীর কোনরূপ সুযোগ-সুবিধা পাচ্ছে না। ফলে তারা প্রভিডেন্ট ফান্ড ও অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। অনেক ক্ষেত্রে ভাউচারে পেমেন্ট হয়। মিনিমাম ওয়েজেজ অ্যাক্ট চালু করা হলেও অনেক জায়গায় তা থেকে শ্রমিক কর্মচারীদের বঞ্চিত করা হয়। এ সম্বন্ধে যেন শ্রমদপ্তর বিশেষ দৃষ্টি রাখেন। হাজিরা খাতা রাখা যেন বাধ্যতামূলক করা হয়। সকল শ্রমিকই যেন পে-রোলে সই করার সুবিধা পায়। সর্বশেষে, আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই বিলের ফাইনানসিয়াল মেমোর্যান্ডামে একটা কথা বলেছেন এক্সপেন্ডিচার অফ দি বিল ফ্রেম করতে খুব বেশি দেরী হবে না, কিন্তু তিনি একথাও বলেছেন

Such expenditure will be mainly on appointment additional staff.

আমি তাঁকে অনুরোধ করব, যে স্টাফ আছে তা দিয়েই এই আইনকে কার্যকরী করতে হবে, এডিশনাল স্টাফ-এর প্রয়োজন হবে না যদি তাঁদের আন্তরিকতা থাকে।

The Hon'ble Bejoy Singh Nahar:

ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের আলোচনায় অনেক মাননীয় সদস্য ধন্যবাদ জানিয়েছেন এই বিলকে। তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি এবং বিশেষ করে লাহিড়ী মহাশয়কে, তিনি সান্তার সাহেবের কথা উল্লেখ করেছেন। আপনারা সকলেই জানেন গত কয়েক বছর ধরে এই বিলটা

আনবার জন্য মন্ত্রিসভা থেকে চেষ্টা হয়েছে, কিন্তু যেমন করেই হোক, বিলটা এতদিন এসেও আসেনি। আমি বিশেষ চেষ্টা করেছি বিলটা যাতে এই সেসনএ আসে। তাই লাহিড়ী মহাশয় যে সাত্তার সাহেবকে এই প্রসঙ্গে স্মরণ করেছেন সেটা আনন্দের বিষয়। এই বিল তৈরি করতে আমরাও কেবল চেষ্টা করিনি, আমাদের দপ্তরের যেসব কর্মচারী আছেন তাঁরাও সকলে চেষ্টা করেছেন যাতে জনসাধারণের কোন অসুবিধা না হয়, দোকান-মালিক, বড় এবং ছোট, তাঁদেরও যাতে অসুবিধা না হয়, এবং কর্মচারীদের যাতে করে সুযোগসুবিধা দেওয়া যায় সেইভাবে এই বিল প্রণয়নের সকলেই চেষ্টা করেছেন। এই বিষয়ে আমরা অনেক মাননীয় সদস্যদের সহযোগিতাও পেয়েছি। নানা কথা তাঁরা জানিয়েছেন, অসুবিধার কথা জানিয়েছেন। আমি বিভিন্ন চেম্বারের সঙ্গে আলোচনা করেছি, তাঁরাও তাঁদের কথা জানিয়েছেন, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের সঙ্গে আমি আলোচনা করেছি, তাঁদের সুখসুবিধার কথা তাঁরা জানিয়েছেন এবং যদিও এখন পর্যন্ত কোন শক্তিশালী ও সবল ট্রেড ইউনিয়ন হয়নি তাহলেও ছোট ছোট এবং কমসংখ্যক যাঁরা সদস্য আছেন এইসব সংস্থার তাঁরাও অনেকে সহযোগিতা করেছেন এই বিল প্রণয়ন করবার জন্য। আমি তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমি জানি বিল হলেই হবে না, কারণ এটাকে প্রয়োগ করা ও কাজে লাগানো শক্ত এবং এর পরেই আরম্ভ হবে রুলস। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব, তাঁদের যদি কোন সাজেশন থাকে আমাকে জানাবেন, আমি চেষ্টা করব, যেখানে অসুবিধা তাঁদের সঙ্গে কনসাল্ট করব, এবং আমি আশা করি আমি তাঁদের সকলের সহযোগিতা পাব যাতে করে এই আইনের উদ্দেশ্যকে কার্যে রূপায়িত করতে পারা যায়। এই আইন প্রয়োগের জন্য আমি মনে করি আমাদের যে স্টাফ বর্তমানে আছে তা অনেক কম। এই আইনকে ভালোভাবে প্রচলন করতে গেলে আমাদের আরো স্টাফ-এর দরকার। আমি পূর্বেই জানিয়েছি স্টাফ বাড়াবার জন্য স্যাংশন নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আমি জানি আমাদের যাঁরা কর্মচারী আছেন, যেমন ইন্সপেক্টর রয়েছেন, তাঁরা অনেকেই ভালোভাবে কাজ করেন, হয়তো তাঁদের মধ্যে কয়েকজন ঠিক না হতে পারেন, কিন্তু তাঁদের লক্ষ্য করে অনেক সময় বলা হয় আমাদের স্টেট-এর ইন্সপেক্টররা খারাপ, তাঁদের সঙ্গে অনেক দোকানের মালিকের ব্যবস্থা আছে ইত্যাদি। আমি মনে করি এতে করে অন্যান্য সকলের প্রতি অন্যায় করা হয়, কারণ আমি জানি আমাদের ডিপার্টমেন্টের ইন্সপেক্টররা সততার সঙ্গে তাঁদের কাজ করার চেষ্টা করেন এবং করে। এই আইনকে কাজে লাগাবার জন্য আপনারা লক্ষ্য করে দেখে থাকবেন যে, জোনাল এরিয়ার ব্যবস্থা করা হয়েছে - আমি কলকাতা শহরের কথাই বলি কোন অঞ্চলের দোকান কখন বন্ধ থাকবে বা খোলা থাকবে তার জন্য বিস্তৃত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। যাতে কোনরকম গোলমাল না হয় তার জন্যই জোনাল সিসটেম-এর ব্যবস্থা রাখা হয়েছে যে অঞ্চলে বন্ধ থাকবে, সেই অঞ্চলে প্রতিটি দোকান বন্ধ থাকবে, একই সময়ে খুলবে ও বন্ধ হবে, এভাবে ব্যবস্থা করা হচ্ছে যাতে করে ক্রেতাদের কোনরকম অসুবিধা না হয়।

[2-50—3 p.m.]

তার সঙ্গে সঙ্গে চেষ্টা করা হবে আপনারা যেসব ছোট ছোট দোকান বা মুদিখানা দোকানের কথা বললেন কিংবা আরো ছোট ছোট দোকানের কথা বললেন সেসব দিকে নিশ্চয়ই লক্ষ্য রাখা হবে সকালবেলা চা খাওয়া দরকার। আমি জানি সোমনাথবাবুকে খুব সকালে চা খাবার জন্য দোকানে যেতে হয় সেখানের সেসব ছোট দোকানকে একজেমশন দেওয়া হবে। কিন্তু একজেমশন দেবার সময় দেখা হবে যে, চায়ের দোকান বলে সমস্তকে যদি একজেমশন দিই তাহলে অনেক লোক যেখানে কাজ করে সেখানে যদি একজেমশন দিই তবে কর্মচারীদের অনেক অসুবিধা হবে। যে অঞ্চলে যেখানে দরকার নিশ্চয়ই সেখানে দেওয়া হবে। বিশেষ করে যাঁরা নিজেরা কাজ করেন, নিজেরা দোকান চালান, কর্মচারী নেই, নিজেরা পরিশ্রম করেন, সেসব জায়গায় দেওয়া হবে। আমি পূর্বেই বলেছি অন্যত্র যেখানে দেওয়া হবে সেখানে কর্মচারী যাঁরা কাজ করেন, তাদের অসুবিধা না করে একজেমশন দেওয়া হবে। সেজন্য এত ওয়াইড পাওয়ার বিজয় ব্যানার্জী মহাশয় বললেন যে, এই ওয়াইড পাওয়ার সরকার হাতে রেখে দিয়েছেন কেন? এজন্য রাখা হয়েছে যাতে একজনের সঙ্গে ১০ জনের গোলমাল না হয়, যেখানে কর্মচারীর অসুবিধা নেই সেখানে তাঁরা একজেমশন না পান। সেজনাই এত ওয়াইড পাওয়ার সরকারের হাতে রাখা হয়েছে। এই যে বিল যখন নূতন পদ্ধতিতে তৈরি হচ্ছে সেখানে সরকারের নিশ্চয়ই ইচ্ছা যে, তাঁরা এটাকে কার্যকরী করবেন এবং যে নীতি নিয়ে এটা করা হচ্ছে তাকে যে রূপ দেওয়া হবে তাতে কোন

দ্বিধা বা সংশয় নেই এটা ভালভাবে করলেই হবে। সোমনাথবাবু যা বললেন তাতে তাঁকে বলতে চাই যে একজেমশন দেবার সময় ১½ দিন যাতে বন্ধ থাকে সেটা আমরা দেখবো। তিনি যেমন বললেন খাবারের দোকান, মুদির দোকান, তেমনি অন্যান্য জায়গায় এভাবেই একজেমশন দেব। আমি জানি না তিনি কোন মত নিয়ে বলেছেন কিন্তু একথা তাঁকে জানাতে চাই আইন যখন আমরা তৈরি করেছি তার যাতে ভালভাবে প্রয়োগ করা হয় কর্মচারীদের সুখসুবিধার ব্যাপারে আইনে যাতে অসুবিধা না হয়, সেদিকে লক্ষ্য রেখেই চেষ্টা করবো এই একজেমশনগুলি দেবার। কেবল কয়েকজন বন্ধুবান্ধবকে দেবো আর কাউকে দেব না এই ব্যবস্থা যে এর মধ্যে থাকবে এ দ্বিধা বা সংশয় যেন কারুর মনে না থাকে। তাদের স্বার্থ নিশ্চয়ই দেখা হবে। এই বিলের আওতায় তিন শ্রেণী পড়ে—একদিকে ক্রেতা, অন্যদিকে দোকানের মালিক এবং আর একদিকে কর্মচারী। কর্মচারীদের মঙ্গলের জন্য এই বিল বিশেষভাবে আনা হয়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গেই যাতে ক্রেতাদের অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখা হয়েছে, সেজন্য জোনাল সিসটেম যাতে পাশাপাশি খোলা থাকে তার ব্যবস্থা করা হয়েছে। রাত্রি ৮টার পর সাধারণভাবে যেন কোন দোকান খোলা না থাকে। কারণ দোকান খোলা থাকলে যেখানে কর্মচারীরা কাজ করে তাদের খুব অসুবিধা হবে—একটা দুটো দশটা থাকুক তাদের খুব অসুবিধা হবে যদি খুব বেশী রাত্র অবধি খোলা থাকে, সেজন্য আমরা চেষ্টা করছি এই বিলে আনবার যে, খাবারের দোকান যাতে রাত্র ১১টার পর বন্ধ হয়ে যায়, সেখানে যাতে কাজ না করতে হয়, বেশী রাত্রিতে বাড়ী ফিরতে না হয় সেদিকে লক্ষ্য রেখে এ বিল এনেছি। এবং আপনারা যে অনুমোদন দিয়েছেন তার জন্য ধন্যবাদ দিচ্ছি। এটা একটা নূতন এক্সপেরিমেন্ট হচ্ছে। আমাদের একটা সামাজিক ব্যবস্থা আছে, অনেকের অভ্যাস আছে রাত্র ১২টায় খাবার, অনেকের অভ্যাস আছে অফিসের পর রাত্রি ৭।৮টার পর কিনতে যাবার। এই রকমের বহু অভ্যাস যে আছে সেসমস্ত অভ্যাস বদলান উচিত দোকান কর্মচারীদের সুযোগ-সুবিধা দেবার জন্য—তারাও আমাদের দেশের মানুষ—যে সহযোগিতা সেই সহযোগিতা সাধারণ মানুষের কাছ থেকে আমরা কামনা করব। দিল্লীতে দেখেছি ৭টার পর দোকান বন্ধ হয়ে গেছে গোড়ায় সেখানকার লোকের অসুবিধা হয়েছিল, কিন্তু তেমনি সেখানকার যাঁরা অধিবাসী দোকানে কিনতে যান তাঁরা সেই অভ্যাস নিজেদের মধ্যে করে নিয়েছেন এবং তাঁরা গ্রাম্বল করেন না, কোন কথা বলেন না এবং যাদের যা দরকার তা ঠিক সময়মত কিনে নিতে পারেন। সঙ্গে সঙ্গে এটাও রয়েছে যে সপ্তাহে সব রবিবার দোকান বন্ধ হবে না, কিংবা একদিনে দোকান বন্ধ হবে না—এক একটা জোনে এক একদিন বন্ধ করবার ব্যবস্থা করা হয়েছে। ১½ দিন বন্ধ করবার ব্যবস্থা করা হয়েছে যাতে যারা কিনতে চান সেই জনসাধারণের কোন অসুবিধা না হয়। এই বিল সেই উদ্দেশ্য নিয়ে আমরা করেছি। শ্রীগোপালদাস অধিকারী মিনিমাম ওয়েজেস বেতন, বাসস্থান ইত্যাদির কথা বলেছেন। আমি এর পূর্বেই বলেছি এ বিলে সেগুলির স্কোপ নেই। এ সম্বন্ধে অন্য আইন রয়েছে সেই আইন দোকান কর্মচারীর উপরে প্রযোজ্য রয়েছে। প্রভিডেন্ট ফান্ড করতে চান সে ব্যবস্থাও এই আইনের ভেতর দিয়ে করা যেতে পারে—তবে কতটা করা, কোথায় করা, কখন করা উচিত সেটা প্রভিডেন্ট ফান্ড নিয়ম যখন চালু হবে তখন সেটা দেখা হবে। বোনাসের ব্যাপারে আমাদের যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট আছে তার মাধ্যমেই আদায় করতে পারেন। বহু দোকানেই আদায় হয়। আমরা বহু বোনাস ডিসপিউট দিয়েছি ট্রাইবুনালে। কর্মচারীরাও কিছু কিছু পেয়েছে। সেজন্য যে আইন চালু রয়েছে তারপর আর নূতন করে আইন আনবার ব্যবস্থা আমরা দেখি না।

মাননীয় বন্ধুরা বলেছেন আইনটা সারা বাংলাদেশে চালু করবার। কথা হচ্ছে, এটায় হয়ত তিনি একটু আশ্চর্য হয়ে যাচ্ছেন যে গ্রামে ছোট ছোট দোকান তাদের ক্ষেত্রে কি করে এটা চালু করা হবে। আমি জানাতে চাই সব জায়গায় আমরা হয়ত চালু করতে পারবো। বর্তমান পরিস্থিতিতে প্রত্যেক জায়গায় চালু করতে হলে নোটিফিকেসান দিতে হয়, সেখানে আমাদের কর্মচারী আছে কিনা, ব্যবস্থা আছে কিনা, দেখা সম্ভব কিনা সেগুলি দেখা হচ্ছে। কিন্তু সেটা আজকে কোন জায়গায় দোকান কর্মচারীর যদি ছুটি না হয়—তার মাহিনা না পান, তার আর সব উচিত মত ব্যবস্থা না থাকে তাহলে সেখানে নিশ্চয়ই এসব চালু করবো, সেসব সুখসুবিধা যাতে হয় সেদিকে আমরা দৃষ্টি রাখবো। এই ব্যবস্থা করবো যেখানে, গ্রামের মধ্যে ২।১ জন কর্মচারী যাঁরা কাজ করেন তাদেরও ছুটি মাহিনা যাতে হয় তার ব্যবস্থা করবো, এবং সেটা তবে ধীরে ধীরে হবে। মাননীয় বিজয়বাবু তিনি আইনজ্ঞ, তিনি জানেন একটা আইন

চালু হলে তা এক জায়গায় হবে আর এক জায়গায় হবে না বা একজন হলে হবে না তা নয়, এসব হবে এবং ধীরে ধীরে হবে, আমাদের সেদিকে লক্ষ্য আছে। আর একটা কথা অনেক খাতাপত্র না রাখাটা। ছোট ছোট দোকানের এতে অসুবিধা আছে, এ সম্বন্ধেও আমি আলোচনা করেছি অনেক ফর্মস আছে, অনেক রকম ব্যবস্থা আছে। ছোট ছোট দোকানগুলোর এতগুলির কাগজপত্র রাখার জন্য, যাতে দু-একটা ফর্মস হতে পারে বা একটা খাতা হতে পারে, সে চেষ্টাও করছি। এ বিষয়ে কেউ নূতন সাজেসান যদি দিতে পারেন কতটুকু কি করা যায় তাহলে তা নিশ্চয়ই গ্রহণ করবো। এখানে যতটা রাখা আছে ততটা যাতে না রাখা থাকে আমাদের সেদিকে লক্ষ্য রেখেই এই রুলস তৈরি করবো। এটা নূতন কিছু নয় বলে আমার মনে হয়। ২।১টা দোকান কর্মচারী পড়ে যাবে। দোকান কর্মচারী আইনের মধ্যে দেওয়া হয়েছে—তাদের অধিকার থাকবে সই করবার—নিজেদের খাতাপত্র দেখবার, হিসাব দেখবার এবং আরও বিস্তৃত বিবরণ তাতে দেওয়া থাকবে যাতে তাদের অন্যায় করে সই করিয়ে ঠকাবার চেষ্টা না হয়—এটা ধরারে চেষ্টাও করা হবে। আইনের ভেতর এমন কোন জিনিস বা আইন ফুল প্রুভড্ হওয়া সম্ভব নয় যে আইনকে ফাঁকি দেওয়া যায় না, আইনকে ফাঁকি দেবার চেষ্টা করলে তা দেওয়া যাবে এবং আমাদের উকিল বন্ধুরা অনেক সময় তাদের সাহায্যও করেন যাতে এ সবের ভেতর থেকে তাদের বাঁচান যায় কিনা। অতএব আমাদের সমবেত চেষ্টা হোক যাতে ফাঁকিতে না পড়ি, যাদের জন্য আইনকানুন তৈরি হচ্ছে তাদের সুব্যবস্থা হোক এ চেষ্টা আমরা করবো এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3—3-20 p.m.]

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the West Bengal Shops and Establishments Bill, 1962, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Shri Nepal Chandra Roy: On a point of information

আমি জানতে চাই—

Statesman Leader of the Opposition......

Mr. Speaker:: Mr. Roy, you could bring this up in the morning. You may mention it tomorrow but just now you should not do it. You had sufficient time before.

Shri Nepal Chandra Roy:

পেপারের কথা আমি বলছি না

After tiffin I shall raise this.

Mr. Speaker: This is not the time. Do it tomorrow. I shall hear everything you say on the matter tomorrow.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-20—3-30 p.m.]

The West Bengal Appropriation (Excess Expenditure, 1955-56, 1956-57, 1957-58 and 1958-59) Bill, 1962

The Hon'ble Sankardas Banerji: Mr. Speaker, Sir, I beg leave to......

Mr. Speaker: Mr. Banerji, no leave is necessary.

The Hon'ble Sankardas Banerji: Sir, I introduce the Bill.

[The Secretary then read the title of the Bill]

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1955-56, 1956-57, 1957-58 and 1958-59) Bill, 1962, be taken into consideration.

Under Article 266(3) of the Constitution of India, no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in this Constitution. Excesses over the voted grants and charged appropriations for the years 1955-56, 1956-57, 1957-58 and 1958-59 were shown by the Auditor General in the audit report on the Appropriation Accounts for the years 1955-56, 1956-57, 1957-58 and 1958-59 respectively and the reasons for the excesses in those years were duly considered by the Public Accounts Committee appointed by this House which has recommended that the excess expenditure under the voted and charged heads for each of these years be regularised by excess grants and charged appropriations. This Bill is introduced in pursuance of Article 205 of the Constitution of India read with Article 204 thereof to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal moneys required to meet the excess expenditure which have been so voted by the Assembly and also to regularise further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The details of the proposed appropriation will appear from the schedules to the Bill. With these words I commend my motion to the acceptance of the House.

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই যে বিল আমাদের সামনে উপস্থাপিত হয়েছে, এ সম্বন্ধে বলতে গেলে প্রথমে বলা যায় যে আমরা বছর বছর এই রকম অতিরিক্ত ব্যয়ের সম্মুখীন হচ্ছি। এই ১৯৫৬, ১৯৫৭, ১৯৫৮ সালের অতিরিক্ত ব্যয় সম্বন্ধে আজকে আমাদের ব্যবস্থা করতে হচ্ছে। এগুলো সময়মত না হওয়াটা আমাদের পক্ষে খুবই অসুবিধার ব্যাপার। আজকে এই যে অতিরিক্ত ব্যয়গুলো হচ্ছে এটা যখন বিচার করা যায়, তখন দেখা যায় আমাদের রাষ্ট্রের ব্যবস্থা সম্বন্ধে যে ব্যাপক আকারে অপচয় চলছে, সেগুলি সম্বন্ধে আমরা কতখানি ওয়াকিফহাল। পাবলিক অ্যাকাউন্টস্ কমিটি এই অপব্যয় সম্পর্কে বহুবার বহুক্ষেত্রে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন -এবং যেসমস্ত অপব্যয় ও খরচ-খরচা হয়, তা আদৌ কোন সুষ্ঠু নীতিতে হয় না। এই বিষয়ে বহু অভিযোগ হয়েছে। সরকার আমাদের কাছে আজ যখন এই ব্যয় অনুমোদনের জন্য আবেদন করছেন, তখন স্বভাবতঃই সেই অনুমোদন আসছে। যে ব্যয় সরকার করে ফেলেছেন—তারপর আর সরকারের প্রতি অনাস্থা না জানিয়ে তা মঞ্জুর করতে হয়। কিন্তু বছর বছর এই রকম অবস্থা রাষ্ট্রের আর্থিক অবস্থার দিক থেকে মোটেই আশাপ্রদ নয়—বিশেষ করে আমরা যখন আজকে এইরকম একটা জাতীয় সংকটের মধ্যে রয়েছি, তখন নিশ্চয়ই সরকারের দিক থেকে এই সমস্ত অপব্যয় বন্ধ করা উচিত। তাদের দিক থেকে কোন প্রতিশ্রুতি বা তাদের দিক থেকে, আমরা যে নানারকম দুর্নীতির অভিযোগ পাই, সে সম্বন্ধেও কোন প্রতিশ্রুতি আজকে দেখতে পাচ্ছি না। বহু জায়গায় এমন বহু টাকা ব্যয় হয়ে যাচ্ছে বিশেষ করে কতকগুলি বিভাগে যার হিসেবপত্র সরকার দিতে পারছেন না বা বছরের পর বছর এইরকম হিসেব না দেওয়ার টাকার অংকও দিন দিন বেড়ে যাচ্ছে। অডিট রিপোর্টে ও সেসমস্ত উল্লেখ করা হয়েছে। একটা খবরের কাগজে দেখলাম তাঁরা হিসেব করেছেন যে সেই টাকার অংক প্রায় একশো কোটি টাকার কাছাকাছি। এইরকম সরকার যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ পেশ করেছেন, আমরা তা মঞ্জুর করতে যাচ্ছি। এইভাবে যে ব্যয়, তা যাতে বন্ধ করা যায়, তার একটা সুষ্ঠু নীতি সরকারের তরফ থেকে ব্যবস্থা করা বা স্থির করা উচিত বলে আমি মনে করি।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই একসেস এক্সপেনডিচার-এর উপর যে ডিমান্ড ফর গ্র্যান্ট এসেছে আমাদের কাছে কনস্টিটিউশন-এর ২০৫ ধারা অনুসারে, সেই সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। এই একসেস এক্সপেনডিচার করার প্রভিশন কনস্টিটিউশন-এর ২০৫ ধারায় আছে

এবং ২৬৭(২) ধারায় যে কনটিনজেন্সি ফান্ড আছে, সেই ফান্ড থেকে প্রয়োজনমত একসেস এক্সপেনডিচার করার পারমিশন নিয়ে গভর্নরের কাছ থেকে টাকা আমাদের এক্সপেন্ড করা হয় আমার কথা হচ্ছে চার বছরের একসেস এক্সপেনডিচার ১৯৫৫-৫৬, ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮ ১৯৫৮-৫৯, এ সম্বন্ধে বলতে গিয়ে কালকে আমাদের অর্থমন্ত্রী বলেছেন পাবলিক অ্যাকাউন্টস কমিটির যদি কোন রেকমেন্ডেশন না থাকে এ ব্যাপারে, তাহলে ব্যবস্থা করা যায় না। কনস্টি-টিউশন স্টেটমেন্ট অব একসেস যেটা ব্যবস্থা করেছে, তাতে ডিম্যান্ড ফর একসেস ব্যাপারে পাবলিক অ্যাকাউন্টস কমিটির কাছে যাওয়ার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। ডিম্যান্ড ফর একসেস যে-কোন সময় করা যায়। কত ব্যাপারে ইররেগুলার এক্সপেনডিচারকে তারা রেগুলার করার জন্য রেকমেন্ডেশন করেছেন। সেদিকে দেখা যায়—তাঁরা যখন বলেছেন সেই ইররেগুলার এক্সপেনডিচারটাকে রেগুলার করতে, তারপরেও কয়েক বছর পেরিয়ে গেছে এই একসেস এক্সপেনডিচার সম্বন্ধে একটা স্টেটমেন্ট আনার ব্যাপারে। এটা অবশ্য বর্তমান অর্থমন্ত্রীর আমলে হয় নাই। তবুও তিনি যখন এখন অর্থমন্ত্রীর আসনে আছেন, তখন তাঁর কাছ থেকে এর উত্তর পাবো বলে আমি মনে করছি।

[3-30—3-40 p.m.]

অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলতে চাই এক্সেস যে ডিম্যান্ড তার সংগে পাবলিক অ্যাকাউন্টস কমিটির কোন সম্পর্ক নেই। ডিম্যান্ড ফর এক্সেস যেটা, সেটা কনস্টিটিউশনএর ২০৫নং ধারা অনুসারে আমাদের হাউসের সামনে আনা হয় এবং সেটা পাবলিক অ্যাকাউন্টস কমিটিতেও যাওয়ার প্রয়োজন আছে। খরচটা ঠিক হয়েছে কি না, সে সম্বন্ধে অডিটর্স রিপোর্ট আসলে পর, তবে সেটা পাবলিক অ্যাকাউন্টস কমিটির কাছে যাবে। কিন্তু এর আগে, অডিটর্স রিপোর্ট আসবার আগে ডিম্যান্ড ফর এক্সেস এক্সপেন্ডিচার হাউসের সামনে পেশ করা উচিত। এই যে এক্সেস এক্সপেন্ডিচার, এর ব্যাপারে বার বার আমরা দেখেছি, অডিটর্স রিপোর্টে আমরা দেখেছি আমাদের যখন বাজেট করা হয় এবং তারপর যখন সাপ্লি-মেন্টারী বাজেট করা হয়, তাতে দেখা যায়, বহু সময় এমন অনেক গ্রান্ট করা হয়, যেগুলি বাড়তি করে রাখা হয়, খরচ হয় না। আবার এমন কতকগুলি গ্রান্ট এস্টিমেট হয়েছে, যাতে বাড়তি খরচ করে থাকি। সাপ্লিমেন্টারী বাজেট করার সময়, আমরা যথেষ্ট নজর দিয়ে এই সাপ্লিমেন্টারী বাজেট করি না কেন? সেটাত বছরের শেষে করা হয়। যখন সাপ্লিমেন্টারী বাজেট হয় তখন থেকে লক্ষ্য রেখে, সেই এক্সেস সম্পর্কে আমাদের বক্তব্য রাখেন না কেন? সেটা রাখতে পাঁচ, সাত বছর কেন চলে যায়? আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই ধরনের দেরি না করে, ভবিষ্যতে এক্সেস এক্সপেন্ডিচারএর স্টেটমেন্টটা বছর বছর যেন আসে এবং অ্যাপ্রোপ্রিয়েশন বিলটাও যেন বছর বছর, ঠিক সময় মত আসে।

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে কথা বলতে গিয়ে আমার প্রথমে মনে হচ্ছে গতকাল এই বিল নিয়ে যখন আলোচনা চলছিল আমার বন্ধু মাননীয় সদস্য সামসুদ্দিন সাহেব একটা কথা বলেছিলেন যে, ক্ষমতায় এলে পর মানুষ অধঃপতিত হয়ে যায়, এবং ক্ষমতা যদি সীমাহীন হয় তাহলে তার অধঃপতনও সীমাহীন হয়। এই অধঃপতিত হয়ে যাবার আগে দায়িত্বজ্ঞান-হীনতাও বেশি বেড়ে যায়। তাই আজ আমরা দেখতে পাচ্ছি যে চার, পাঁচ বছর ধরে বাড়তি খরচ হয়ে গেল, তারপর একটা সাপ্লিমেন্টারী বাজেট করা হল এবং তারপরেও যে পাঁচ বছরের বাড়তি খরচ হল, সেটা আজ এখানে আমাদের অনুমোদনের জন্য পেশ করা হয়েছে এবং তা সমর্থন করবার জন্য অনুরোধ জানিয়ে আমাদের অর্থমন্ত্রী মহাশয় কালকে যখন জবাব দিচ্ছিলেন তখন তিনি এক জায়গায় বললেন মে'জ পারলিয়ামেন্টারী প্র্যাকটিসএর একটা জায়গায় এই কথাটা আছে। কথাটা শুনে আমি প্রথমে ঘাবড়ে গিয়েছিলাম। আমি এখানে নূতন সদস্য, আগেকার প্রসিডিং পড়ে দেখলাম পাঁচ বছর আগে যখন অ্যাসেমব্লিতে এক্সেস এক্সপেন্ডিচার বিল ও অ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছিল, তখন যে আলোচনা হয়, তার উপর তদানীন্তন অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়, তিনিও ঠিক একই কথা বলেছিলেন। তখনকার প্রসিডিং পড়ে মনে হল বর্তমান অর্থমন্ত্রী মাননীয় শঙ্করদাস ব্যানার্জি মহাশয় সেই জবাব পড়ে

এই ধরনের জবাব দিয়েছেন। অর্থাৎ সেইটাই তিনি বলেছেন। হয়ত তাঁর স্মরণ থাকতে পারে তখনকার অর্থমন্ত্রী জবাবের উত্তরে তদানীন্তন সদস্য সুবোধ বন্দ্যোপাধ্যায় মহাশয়কে এই কথা বলেছিলেন যে মে'জ পার্লামেন্টারী প্র্যাকটিশ যেখানে, যে দেশে আছে, সেই দেশের বাস্তব অবস্থার জন্য তা সৃষ্টি হয়েছিল এবং সেটা আমাদের দেশের বাস্তব অবস্থায়ও সৃষ্টি হতে পারতো। আপনি যে অর্থে এটা দাবী করছেন, সেই অর্থে এই দাবী নয়, আপনি তা ভেবে দেখবেন। আপনি দয়া করে এটা মনে করবেন না—যে যেহেতু আপনাদের সংখ্যাধিক্য আছে অতএব এই সভার বিরোধীপক্ষের মতামতে কিছুই হবে না। সেটা আপনাদের সংখ্যাধিক্যের জোরে আপনারা জেনে নিয়েছেন। যা কিছু প্রয়োজন এই সভায় পেশ করে, পাশ করিয়ে নেবেন। আমাদের মতামত রক্ষা করবার প্রয়োজন নেই। এই ধরনের মনোভাব যদি আপনাদের থাকে তাহলে বিধানসভার প্রতি যে শ্রদ্ধা দেখান দরকার, তা আপনারা দেখাচ্ছেন না, অশ্রদ্ধার মনোভাব দেখাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বারবার অর্থমন্ত্রী মহাশয়কে বলতে চাই ঐ পাবলিক অ্যাকাউন্টস কমিটি সম্বন্ধে সংবিধানে এমন কোন ধারা নেই যার বলে বলতে হয় পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে না গিয়ে তার রিপোর্ট না নিয়ে, এখানে এক্সেস এক্সপেন্ডিচার বিল আনা চলতে পারে না। আপনার মাধ্যমে বলবো—উনি যখন বিলটা এনেছিলেন তখন বলেছিলেন

On the recommendation of the Governor and on the recommendation of the Public Accounts Committee.

এটা তাঁর বলার দরকার ছিল না। কিন্তু এখানে প্রশ্ন হল পাবলিক অ্যাকাউন্টস কমিটির যে রিপোর্ট সেটা দয়া করে পরবর্তী বছরগুলি দেখাবার চেষ্টা করেন এবং তাঁদের রেকমেন্ডেশনগুলি কার্যকরী করবার চেষ্টা করেন তাহলে দেখা যাবে বহু আগেই চার, পাঁচ বছরের হিসাব এক সঙ্গে আসে। তার হিসাব তৈরী করবার ব্যাপারে এবং অডিট করবার ব্যাপারে অনেক সময় লাগবে তিনি বলেছেন। কিন্তু, এটা করতে গিয়ে পাঁচ বছর সময় লাগে বলে আমি মনে করি না। তিনি পাঁচ বছরের হিসাব এক সঙ্গে অডিট করে আনতে পেরেছেন। কিন্তু, এই পাঁচ বছরের হিসাব এক সঙ্গে না এনে, প্রতি বছর, বছর নিশ্চয় আনতে পারতেন। সুতরাং এই ব্যাপারে আপনি আর একটু বিবেচনার পরিচয় দেবেন এবং সভার অধিকার সম্পর্কে আর একটু সচেতন ও সচেষ্ট থাকলে পরে সভার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হবে বলে আমি মনে করি।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I would like to point out here about the delay in submission of materials for Appropriation Accounts. Failure has occured in spite of the fact that the occurrence of such delays has been commented upon in successive Audit Reports and was also brought to the notice of the Government during the year. The result of such delays in the submission of material for Appropriation Accounts is that the report furnished to the Legislature is incomplete in certain essential respects.

The Hon'ble Sankardas Banerji: I do not think I can inflict a speech with regard to this matter. I think they have not followed very carefully what I had to say. What I emphasised was that the Auditor General had not found anything which suffered from any misdeeds. Certain sums of money have been spent. I told the House quite plainly that it is far more desirable to have the excess expenditure placed before the House with all possible expedition. I have said so. I do not think that it is necessary for me to add anything more.

The motion of the Hon'ble Sankardas Banerji that the West Bengal Appropriation (Excess Expenditure, 1955-56, 1956-57, 1957-58 and 1958-59) Bill, 1962, be taken into consideration was then put and agreed to.

Clauses 1-3 and the Schedules I-IV

The question that Clauses 1, 2 and 3 and the Schedules I, II, III and IV do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1955-56, 1956-57, 1957-58 and 1958-59) Bill, 1962, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The motion was then put and agreed to.

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1962

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to introduce the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1962.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Sankardas Banerji: Sir, I beg to move that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1962, be taken into consideration.

Sir, for implementing the various development schemes and for fulfilling the objectives of a welfare State the need to raise resources is continually growing. In that context general level of taxation is bound to rise. We are doing our best to tap all possible sources of revenue. One source is the taxation on motor vehicles. It is, therefore, proposed to enhance the rates of tax on motor vehicles. Compared to the rates of taxes in other States of India, the West Bengal rates are quite low. The Motor Vehicles Taxation Enquiry Committee appointed by the Government of India in 1950 and the Transport Development Council have recommended that the rates of taxes on motor vehicles should be kept within the ceiling of 75 per cent. of the rates in force in Madras. This has been kept in view and even after the proposed enhancement the tax rates will remain very much below the ceiling. I may mention here that while in some other States there are additional taxes on motor vehicles such as wheel-tax, taxes on goods and passengers, etc., in West Bengal there is only the motor vehicles tax the rates of which are proposed to be increased.

[3-40—3-50 p.m.]

Sir, at this very stage I wish to inform the House that when the Stamp Bill was being considered, honourable members of this House told me that I did not consider the rates of Bihar, Orissa and so on and so forth. Now, I may inform my honourable friends that this time I have taken the precaution of doing that and the information that they will get will perhaps please them. Now, I am telling you what we have done. You know there are three kinds of ordinary motor cars which people are normally using these days because we have stopped import of foreign cars. These are Ambassador, Fiat and Standard which are the most ordinary cars. As regards Ambassar, the present rate in West Bengal is Rs. 60. I have doubled it, i.e., Rs. 120. In Madras I find it is Rs. 120 and in Bombay it is Rs. 120 and in our neighbouring State of Orissa it is Rs. 120. As regards Fiat cars, the present rate is Rs. 48 in West Bengal and we propose to raise it to Rs. 90. In Madras it is Rs. 120, in Bombay it is Rs. 120 and in Orissa it is Rs. 120. I do not think our friends in Orissa are very much richer than we are. If they can afford to pay, I dare say that people in Bengal can afford to pay as well. Then as regards the Standard 10 cars which are also small cars, Rs. 48 is the present tax in West Bengal and Rs. 72 is the proposed tax. The rate is Rs. 120 in Madras, Rs. 120 in

Bombay and Rs. 120 in Orissa. We have taken Orissa into consideration which is a neighbouring State. We have taken into consideration Madras and Bombay also because they are States of a like character.

Now, so far as 30-seater stage carriage buses are concerned, West Bengal at the moment charges Rs. 1,240 and we intend to raise it to Rs. 1,860. At first sight it may appear that the proposed increase in much too high but I dare say it is not. The figures that I now propose to give to this House will, if I may say so, come as a shock to the members. In Madras for identical 30-seater buses they charge Rs. 4,800. In Bombay they charge Rs. 2,320, and in Orissa they charge Rs. 3,600 plus standing accommodation at Rs. 40 per passenger. So, even now what we are trying to do by increasing we will still be far behind Madras, Bombay and Orissa. Even if you come to 40-seaters, the present-day tax is Rs. 1,460. We want to raise it to Rs. 2,190. In Madras, for the same 40-seater the tax is Rs. 6,400. In Bombay it is Rs. 3,120. And in Orissa it is Rs. 4,800 plus Rs. 40 per passenger for the standing accommodation. Now, the third category of vehicles which we have in mind are goods vehicles which carry freight. A goods vehicle weigh 24,000 lbs. which is equal to 10,884 kilograms. In Bengal at the moment the tax is Rs. 1,160. We want to raise it to Rs. 1,935. But let us see the comparable figures in the other parts of India. In Madras the charges are Rs. 3,200; in Bombay for freight carrying buses weighing 24,000 lbs. the tax is Rs. 5,500; and in Orissa it is Rs. 2,100. So, even after we raise the tax it will be far below the existing current rates to be found in Madras, Bombay and Orissa. I wish to add one more word for the information of the House. The lorries, the buses and the cars, which many of us use, are all of a standard pattern. If it is Ambassador it is manufactured in India. If it is Fiat, I think it is assembled in India. I am not much of a car expert. Standard 10 is also a small car available in India. In this country, you know the Tatas are manufacturing Mercedes Benz. Then we have Bedford, we have Leyland cars. These are the ordinary type of buses and lorries. In every part of India, more or less, we have to pay the same price, not that Bengal is in a particular disadvantage. The price of petrol again is not much cheaper anywhere else. In Bombay, in Madras, in Orissa, it is about the same. The lubricants and other thing are the same. Therefore, taking these figures into consideration, I do not think for a moment that the proopsed increase in any way would prove oppressive. Whether you are using a Mercedes Benz here, or using a Mercedes Benz in Bombay, or in Madras or Orissa, we have to pay the same price. It is manufactured by the Tatas. The price of petrol is there. The price of lubricant is there. Of course, many of you, gentlemen, must have noted that the number of lorries which are now being used, which come every day by the Grand Trunk Road via National Highway No. 34 to Calcutta, and from these vehicles the owners make an enormous sum of money. You know perhaps that they are combines I do not say anything about them but they are combines possessing a fleet of cars. Therefore, they are not likely to be affected at all.

One question was asked of me casually by an honourable friend of ours that now that you are increasing the tax in so far as the stage carriage is concerned, i.e., ordinary buses, will there be increase in fares? Well, I do not know. There may not be any increase. We will compare the rates elsewhere in other parts of India, and if there is any margin of profit, there will be no increase. It will entirely depend on how it is worked out. But so far as I have been able to inform myself by scrutinising the figures, the

[3-50—4 p.m.]

cost, the amount they spend on it, each person makes a net profit of at least Rs. 1,000 per lorry which works out to Rs. 12,000 a year. I do not think,

under the circumstances the Government is very wrong in trying to increas the tax on motor vehicles. I may remind you that in the Third Plan w propose to spend Rs. 293 crores. I dare say many of you know that Rs. 13 crores is to be contributed by this State for development purpose and th Centre will contribute Rs. 160 crores—thus a total of Rs. 293 crores. W have not been able to make much head way in trying to raise this mone for the development of our country. When this figure was arrived a originally my predecessor the late Dr. B. C. Roy who happened to b Finance Minister told this House that the State Government proposed t spend Rs. 341 crores. To that a question was asked as to wherefrom th money would come and Dr. Roy replied, by taxation. Of course we hav not been able to tax up to now. Honourable members who are intereste in the welfare of this country will certainly agree with me that we need more money for Education, for Irrigation, for Social Welfare. I think it is hardly possible for us to refuse money for these departments. I know there is Chinese aggression. I know the difficulty that we have got to pay large sums of money which were not envisaged at all when the budget was placed before the House in April last. No expenditure was anticipated on Civil Defence, on National Cadet Corps, National Volunteer Service and so on but large sums of money have been spent on these items and there is no other alternative but to raise taxes. Some friends have asked whether this is only for emergency period. Let me assure the House that it is not for the emergency period only but it is a permanent tax. There is no beating about the bush. This is a source of tax which can be tapped without causing oppression to the poor and middle class people. Only the rich class will be hit by it, or people who will trade in motor vehicles. Government thinks that it is a proper source to tap. (Dr. Kanai Lal Bhattacharyya: How much do you expect to get by this and how much you used to get before?) We shall get additional two crores.

Shri Nikhil Das: I move that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1963.

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটা মন্ত্রিমহাশয় এখানে এনেছেন, এটা তিনি যতই বলুন না কেন আমরা সর্বান্তঃকরণে সমর্থন করতে পাচ্ছি না, পারলে অবশ্য আনন্দিতই হতাম। উনি যে দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিলটা এখানে এনেছেন এটা সর্বৈব সত্য নয়, এবং যেভাবে জিনিষটা এখানে পেশ করলেন আমার মনে হয় তিনি একটু ঢেকে রেখে গেলেন। তিনি প্রথমে যে কথা বললেন, যে মোটরগাড়ীর জন্য যে ট্যাক্স বাড়াচ্ছেন সেটা সমর্থনযোগ্য। প্রাইভেট মোটরকার্স—আমার মনে হয় সেটা তিনি অন্যান্য প্রদেশে যা দেখেছেন আমাদের প্রদেশে তা কম ছিল, তা স্বীকার করি। অন্যান্য প্রদেশে যা ছিল বা আছে তার চেয়ে যদি বাড়ান আমাদের কোন আপত্তি নেই। আপনারা বলছেন যে তিনটি গাড়ী আমাদের ভারতবর্ষে আসে, সে তিনটি গাড়ীর ট্যাক্স কোন জায়গায় শতকরা ৫০ ভাগ, কোন জায়গায় শতকরা ১০০ ভাগ বাড়িয়েছেন, কিন্তু তার সঙ্গে একটা জিনিষ বললেন না। কোম্পানিজ অ্যাক্টএ যেগুলি রেজিস্ট্রেশন হয়েছে সেইগুলি প্রায় শতকরা ৩০০ ভাগ বাড়িয়ে দিলেও আমার আপত্তি নেই, কারণ সেগুলিতে মোটর ভেহিকলস ট্যাক্স যেটা বাড়াচ্ছেন তার শতকরা ৫০ ভাগ কোম্পানীজএর যারা ওনার তাদের দিতে হবে, বাদবাকী শতকরা ৫০ ভাগ আসবে ফ্রম দি ইনকাম ট্যাক্স। কাজেই আপনারা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ৫০ পারসেন্ট পাচ্ছেন সেটা আরও বাড়াতে পারেন আমার তাতে আপত্তি ছিল না। আমার হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে যে সমস্ত মোটরগাড়ী আছে এবং যেভাবে ট্যাক্স বাড়িয়ে যাচ্ছেন তাতে আমার মনে হয় প্রায় ৫০ লক্ষ টাকা শুধু এই মোটরগাড়ী থেকে পাবেন। তিনি যদি এটা আরও বাড়াতে পারতেন ভাল হত। কিন্তু যেটা আমার বক্তব্য সেটা হচ্ছে স্টেজ ক্যারেজ অর্থাৎ

বাস্। বাসগুলি আমরা দেখেছি অন্যান্য প্রদেশের বাসের যে ট্যাক্সএর পরিমাণ আমাদের প্রদেশে তার চেয়ে কম এবং এখন যেটা সমপর্যায় করছেন সেটাও কম। আমার কথা হচ্ছে সেই যে স্টেজ ক্যারেজএর ট্যাক্স বাড়াচ্ছেন বছরে অ্যাভারেজএ ৬০০ থেকে ৮০০ টাকা, সেটা খুব বেশী নয় অর্থাৎ মাসে বোধহয় ৫০ টাকা করে পড়ে, দিনে দুই টাকা পড়ে—এতে পরিমাণ খুব বেশী একটা বাড়াচ্ছেন বলে মনে হয় না। দিনে ৩০ টাকা করে যারা রোজগার করে তাদের পক্ষে এটা দেওয়া অসম্ভব নয়। এটা আমরা বুঝতে পারছি, কিন্তু আমাদের যেটা আশংকা সেটা হচ্ছে এই যে আজকে আমরা প্রচুর ট্যাক্স বাড়াচ্ছি এবং উনি বললেন যে প্রচুর ট্যাক্স বাড়ানর জন্য বাসের ভাড়া বাড়বে না এটা বলতে পারছেন না। আমি জিজ্ঞাসা করছি আজকে কেন্টরূপে অর্থমন্ত্রী ট্যাক্স বাড়ালেন, কালকে কালীঠাকুর রূপে পরিবহণমন্ত্রী হিসাবে বাসের ভাড়া যে বাড়াবেন না সেটা তিনি স্পষ্ট বললেন না। এই বাসের ভাড়া বাড়ানর একটা প্রচেষ্টা হয়েছিল তার মধ্যে আমাদের ক্যালকাটা স্টেট কর্পোরেশন যে যুক্তি দিয়েছিলেন সেটা অত্যন্ত হাস্যকর ছিল। যেহেতু এক নয়া পয়সা করে পাওয়া যাচ্ছে সেজন্যে ৭ জায়গায় ৮, ১১ জায়গায় ১২, ১৭ জায়গায় ১৮ করা হোক। যথার্থ অঙ্ক কষে দেখা গেল আসলে কি হয় এবং জনমতের চাপ এল, তখন তাঁরা পিছিয়ে গেলেন। ইতিমধ্যে বছরে যে ৬০০ টাকা থেকে ৮০০ টাকা করা হ'ল এতে তারা একটা অজুহাত পাবে। মোটামুটি এটা হ'ল একটা ডাইরেক্ট ট্যাক্স কিন্তু এটা একটা ইনডাইরেক্ট ট্যাক্সেশনও বটে। আজকে যদি বাস্এর ট্যাক্স বাড়ান, কালকে বাসের ওনার এবং আপনি নিজে পরিবহণ মন্ত্রীরূপে বলবেন বাসের ট্যাক্স বেড়েছে, সুতরাং ভাড়া বাড়ান উচিত, অন্ততঃ এক নয়া পয়সা করে বাড়ান উচিত। এক নয়া পয়সা করে বাড়ালে শতকরা ১০ ভাগ বাসের ভাড়া বেড়ে যাবে। একটা মোটামুটি হিসাব করলে দেখা যাবে যে শতকরা ১০ভাগ বাসের ভাড়া বেড়ে গেলে তাতে প্রতি বাস থেকে দশ টাকা বেশী ইনকাম হবে। অর্থাৎ এই ট্যাক্স করার জন্য বাসের মালিক, ক্যালকাটা স্টেট কর্পোরেশন এবং অন্যান্য জায়গায় বাসের মালিকেরা তারা আরও ৮ টাকা করে বেশী রোজগার করবে। সেটা কিন্তু জনসাধারণ পকেট থেকে দিচ্ছেন। সুতরাং এই বিলের মধ্যে একটা ইনডাইরেক্ট ট্যাক্সেশনএর ব্যবস্থা রয়েছে। কাজেই আমি বলব এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের বক্তব্য কি তা পরিষ্কার করে আজকে বলতে হবে· আজকে যে ট্যাক্স বাড়াচ্ছেন তার ফলে যে বাসের ভাড়া বাড়বে না এটা বুঝিয়ে বলতে হবে। তারপর আসে ট্রাকস, আজকে যুদ্ধ পরিস্থিতির জন্য উত্তরবঙ্গের রেলে মাল যাচ্ছে না ট্রাকের উপর বেশীর ভাগ নির্ভরশীল করছে মাল সরবরাহের। আজকে দেখতে হবে জিনিষপত্রের দাম না বাড়ে। সেজন্যে যদি ট্রাকএর ট্যাক্স আজকে বাড়ে, তাহলে ট্রাকএর মালিকের চাহিদাও বাড়বে এবং জিনিষপত্রের ট্রান্সপোর্ট ভাড়া সেটা তারা বাড়িয়ে দেবে তাতে উত্তরবঙ্গে জিনিষপত্রের দাম আবার বেড়ে যাবে এবং তার জন্য দায়ী হবেন অর্থমন্ত্রী মহাশয়। সুতরাং আমার মনে হয় এগুলি তিনি চিন্তা করে দেখলে ভাল করবেন। আমার বক্তব্য মোটরকার যা আছে তার উপর ট্যাক্স আরও বাড়িয়ে দিন কিন্তু মোটর বাস এবং ট্রাকএর অন্ততঃ যতদিন পর্যন্ত চীনের সঙ্গে আমাদের যুদ্ধ চলছে ততদিন এই ট্যাক্স এইভাবে বাড়িয়ে এবং জিনিষপত্রের দাম ফলতঃ বাড়িয়ে দেবেন না, তাহলে দেশে এমন একটা পরিস্থিতি আসবে যাতে আমরা যে সকলকে সঙ্ঘবদ্ধ করছি চীনের বিরুদ্ধে তাদের সকলের মনে সন্দেহ জাগবে যে এই সরকার আমাদের উপর আবার ট্যাক্স চাপাচ্ছে। কাজেই সেদিক বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং অনুরোধ করছি এই বিল এখন প্রত্যাহার করে নিন, আবার জানুয়ারী মাসে এই বিল রি-ড্রাফট করে নিয়ে আসুন, আমরা সর্বসম্মতিক্রমে সেটা পাস করে দেব।

[4—4-10 p.m.]

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় স্পীকার, স্যার, অর্থমন্ত্রী মহাশয় নতুন করে মোটরগাড়ীর উপর ট্যাক্স ধার্য করার প্রস্তাব এনেছেন সে সম্বন্ধে কানাইবাবু যা বলেছেন প্রায় সব ব্যাপারেই আমি তাঁর সঙ্গে একমত। আমাদের দেশে যে কোন পরিস্থিতিতে হোক কোন ট্যাক্স বৃদ্ধি করলে এবং বিশেষ করে যানবাহনের উপর ট্যাক্স বৃদ্ধি করলে তার সুদূরপ্রসারী ফল একটা আছে, যেমন তুলনামূলকভাবে অন্যান্য প্রদেশের চেয়ে আমাদের প্রদেশে যানবাহনের উপর ট্যাক্স কম। কিন্তু একথা জানতে হবে একথা আমাদের স্বীকার করতে হবে যে আমাদের দেশে যাতায়াতের খরচ কম, ভাড়া কম।

এই অবস্থায় নতুন করে ট্যাক্স বাড়লে সরকারের যতই সদিচ্ছা থাকুক, মালিক প্রতিটি ক্ষেত্রে ঐ ট্যাক্সের নাম করে ভাড়া বাড়াবে এবং জিনিষপত্রের দাম তাতে বৃদ্ধি পাবে। কয়লার দাম বাড়বে কারণ, কয়লা গাড়ীতে আসে এবং অন্যান্য জিনিষপত্রের দাম বাড়বে। শঙ্করদাসবাবুকে তাই বলব ট্যাক্স সত্যিই আজকে দরকার দেশের বর্তমান সঙ্কটের শেষ পর্যন্ত; কিন্তু মোটরগাড়ীর উপর যদি ট্যাক্স বাড়ান হয় এবং কলকারখানায় যে সমস্ত গাড়ী তার রেট যদি বোম্বে, মাদ্রাজ ইত্যাদির মত করেন, কিছুদিনের জন্য সেটা ভাল করে চিন্তা করে দেখবেন।

আর একটি প্রশ্ন আমি করছি—সাথে সাথে এই বিল ১৯৩২ সালে এই অ্যাক্ট চালু হয়েছিল এবং স্পষ্ট তাতে লেখা হয়েছিল—এটার উদ্দেশ্য হচ্ছে রাস্তাঘাটের উন্নতি সাধনের জন্য এই ট্যাক্স এবং এই ট্যাক্সের একটা অংশ, অন্যান্য প্রদেশে যেভাবে পৌরসভাগুলিতে দেওয়া হয়, উনি বললেন অন্যান্য প্রদেশের তুলনায় কম ট্যাক্স ধার্য করা হচ্ছে, সেইভাবে আমাদের দেশের পৌর-সভাগুলিকে দেওয়া হবে কি না। যে রেটে মাদ্রাজে দেওয়া হয়, বোম্বে দেওয়া হয়, আমাদের পশ্চিমবঙ্গের পৌরসভাগুলিকেও সেই রেটে এর অংশ দেওয়া হবে কি না আমি জানতে চাচ্ছি। আমি বলছি মোটর ভেহিকলস ট্যাক্স সেটা ঐসব প্রদেশের পৌরপ্রতিষ্ঠানকে দেওয়া হয়, আমাদের বাংলাদেশেও সেই রকম হারে দেওয়া হবে কি না! এর প্রধান উদ্দেশ্য ১৯৩২ সালে যখন এই আইন চালু হয়, তখন উদ্দেশ্য ছিল রাস্তাঘাটের উন্নতিসাধন ও উন্নতি বিধানের জন্যই এই ট্যাক্স আদায় করা হবে। সুতরাং এটা পৌরসভাকে দেওয়া হবে কি না—সেই প্রশ্ন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhushan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1963.

আমি এই মোটর ভেহিকলস ট্যাক্স (অ্যামেণ্ডমেণ্ট) বিল সম্বন্ধে এখানে দু-চারটি কথা বলতে চাচ্ছি। প্রথমতঃ উনি যেভাবে বিলটা এনেছেন তাতে প্রথম দিকটা দেখলে আমরা সাপোর্ট করতে পারি। আরো বলতে চাই শুধু সাপোর্ট নয়, বলি আরো বাড়িয়ে দিন—আপত্তি নাই। অর্থাৎ সিডিউলএর ক্লজ ওয়ানে যেটা আছে, সেটার সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলতে চাচ্ছি যে আরো বেশী করুন আপত্তি নাই। কারণ, মোটর রাখার যাদের লাকসারি ক্ষমতা আছে, তারা আরো বেশী দিক—আমাদের আপত্তি নাই। কিন্তু এই যে দুটো সাব-ক্লজ আছে থ্রি অ্যাণ্ড ফোর, এতে যা আছে, কোম্পানী রেজিস্ট্রেশন ফি যেটা, তা আরো বাড়িয়ে দিন; এতে সাধারণ লোকের কোন ক্ষতি হবে না। কারণ যারা মোটর রাখতে পারে, তাদের খরচ করবার ক্ষমতা আছে। আরো একটু বেশী করে তারা খরচ করুক। কিন্তু আমি বলতে চাচ্ছি যেটা সিডিউল এ-টু, তাতে যেগুলি আছে সে সম্বন্ধে আমি তীব্র বিরোধিতা করছি। কারণ, এমন আমাদের কোন আইন নাই—যে আইনে বাসের মালিক, তাদের আমরা ভাড়া বাড়ানো হতে নিবৃত্ত করতে পারি। (মাননীয় অর্থমন্ত্রী :—আছে।) না, নেই। (মাননীয় অর্থমন্ত্রী :—দেখিয়ে দেব।) আপনি দয়া করে দেখিয়ে দিন। কাজেই আমি জানি তাদের উপর ট্যাক্স বা ভাড়া বাড়লে আপত্তি থাকতো না। কিন্তু এই যে মোটর ভেহিকলস ট্যাক্স বেড়ে যাচ্ছে এর সুযোগ নিয়ে আরো বেশী ভাড়া মালিকরা বাড়াবে। আমাদের মুখ্যমন্ত্রী সেন মহাশয় তিলপাড়া ব্রীজের ব্যাপারে ব্রীজ ট্যাক্স ক্যাম্পেন করেছিলেন, অর্থাৎ সেখানে প্রত্যেকটা বাসের উপর দু-টাকা থেকে পাঁচ টাকা ট্যাক্স করা হয়েছিল। তার পরিণাম কি দাঁড়ালো, না, যে ভাড়া আগে দু-আনা ছিল, সেটা বাড়িয়ে চার আনা করা হলো। তর ফলে হলো ৩৪ জন লোক যেখানে বাসে চাপে, সেখানে লোক-প্রতি দু-আনা করে বেড়ে যাবার ফলে দু-টাকা গভর্নমেন্টের ঘরে যাচ্ছে, আর দু-টাকা চার-আনা মালিকরা লাভ করছে। এই টাকা দিচ্ছে প্যাসেঞ্জার যারা গরীব মানুষ, যারা বাসে চাপে। সাধারণতঃ গরীবদের উপর ইনডাইরেক্ট ট্যাক্স হবে। সেইজন্য বলতে চাই দয়া করে সিডিউল এ-টু সম্বন্ধে মন্ত্রিমহাশয় একটু বিবেচনা করুন।

তারপর সিডিউল এ-ওয়ান, এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে আপনি আরো বেশী করে ট্যাক্স বাড়িয়ে দিন। আমাদের তরফ থেকে একথা পরিষ্কার করে বলছি যে এ সম্বন্ধে আমরা আপনাদের সহযোগিতা করতে রাজী আছি। আমরা জানি তা উনি করতে পারবেন না। কারণ ক্লাস ক্যারেক্টার মানুষের জীবনে বড় কথা।

[4-10—4-20 p.m.]

এই জন্য আমি বলছি যে তিনি সাধারণতঃ যাতে গরীবের ক্ষতি হবে, সেটাই করবেন, আর মুখে সব সময় বড় বড় করে বলবেন আমি গরীবদের কোন জায়গায় টাচ করছি না।

সেই জন্য আমি আপনার মাধ্যমে ওঁকে অনুরোধ করছি ক্লজ (২)(এ)-টা কনসিডার করুন এবং এর ভাড়াগুলি যেন কমিয়ে দেন।

তারপর আপীলএর যে প্রভিশন রেখেছেন ঐ ক্লজ ৭(এ)-তে—সেখানে আমার বক্তব্য স্টেট গভর্নমেন্ট যেটা প্রেসক্রাইব করবেন বলেছেন, এটা না রেখে, স্পেসিফিক প্রভিশন করে দিন। অর্থাৎ

Principal civil court in the district, that is District Judge.

তার কাছে আপীলএর প্রভিশন রাখা হোক। আপনি জানেন, সেটা স্পেশিফিক্যালী এখানে মেনশন না করলে কি অসুবিধা হয়। আমরা যে অবস্থায় পড়ি তা তিনি জানেন। ভাগচাষ বোর্ডকে অনেক জায়গায় দেখেছি খামখেয়ালী ভাবে এস ডি ওর কাছে ব্যবস্থা করার জন্য স্পেসিফিক্যালী পাঠিয়ে দেওয়া হয় এবং এস ডি ও'র কাছে, এক্জিকিউটিভ হেডএর কাছে কিভাবে বিচার হয় তা উনি জানেন। সেইজন্য পরিষ্কারভাবে এই অ্যাক্টে ব্যবস্থা রাখা হোক ডিস্ট্রিক্ট জজ্ যেমন কমপেনসেশন অ্যাক্ট বা মিনিমাম ওয়েজেস অ্যাক্টএর ব্যাপারে থাকেন, সেই রকম এখানেও একটা স্পেসিফিক প্রভিশন করে দেওয়া হোক। সেকশন ৯(বি)-তে যেখানে বলা হচ্ছে নট বিলো সাচ র‍্যাঙ্ক সেখানে এটা স্পেসিফাইড করে দেওয়া হোক। অ্যাক্টে এটা স্পেসিফায়েড না করলে, ওঁদের এক্জিকিউটিভএর ইচ্ছামত হলে, আমাদের লেজিসলেটিভ কন্ট্রোল থাকে না এবং তার ফলে ওঁরা যা ইচ্ছা তাই করে থাকেন। সেই জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, আমি যে কয়েকটি বিষয় এখানে রাখলাম, সেগুলি বিবেচনার জন্য এই বিলটি পাবলিকএর কাছে সার্কুলেশনএর জন্য পাঠান হোক।

Shri Deb Saran Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নব নিযুক্ত ট্যাক্স মন্ত্রী যেভাবে নির্বিচারে ট্যাক্স বাড়ানর পরিকল্পনা গ্রহণ করেছেন, তাতে মনে হয় আমাদের পশ্চিমবঙ্গ সরকার একেবারে দেউলিয়া হয়ে গিয়েছেন। তিনি কার্যভার গ্রহণ করে সেই অবস্থা দূর করবার জন্য যেখানে যেটুকু সুযোগ আছে ট্যাক্স বাড়ানোর, সেই পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন। তিনি এই ট্যাক্স বৃদ্ধির পক্ষে তার স্বভাবসিদ্ধ কায়দায় যেসব যুক্তির অবতারণা করেছেন, তার একটা লক্ষ্য করেছি। তিনি হঠাৎ খুব গরীবের দরদী সেজেছেন। প্রত্যেকটি ট্যাক্স বৃদ্ধির ব্যাপারের সঙ্গে তিনি এই কথা বলেছেন যে, এই ট্যাক্স গরীবদের দিতে হবে না, এই ট্যাক্স বড়লোকদের দিতে হবে। এটা আমি মনে করি দুরাত্মার ছল ছাড়া আর কিছু নয়।

The primary prices of Deshi White and Tossa variety had all along been igher in Murshidabad district than the derivative prices in relation to the alcutta operational minimum of Rs. 30 per maund for Assam Bottom.

The prices actually prevailing varied from Rs. 28 to Rs. 21, White ariety and between Rs. 29.25 nP. and Rs. 27 in respect of Murshidabad ossa Bottom variety during the period from September to November in he primary markets, that is, the cultivators sold at this rate. The secondary rices, however, ranged between Rs. 30.25 nP. to Rs. 25.50 nP. and s. 30.50 nP. to Rs. 28 in respect of the two varieties during the same eriod.

It will appear that jute fibres in Murshidabad actually obtained prices bove the local derivative prices in relation to the Calcutta operational inimum of Rs. 30 per maund. The question of stabilising raw jute prices as engaging Government's attention from the beginning and measures that ave been taken by the Government of India are as follows:

(1) Rs. 30 per maund (basis Assam Bottom) at Calcutta has been fixed by the Government of India as unofficial minimum for raw jute and it has been envisaged that all other commercial varieties of jute should obtain price in parity with the Calcutta minimum.

(2) The Government of India has asked the State Trading Corporation to build a buffer stock for supporting the operational minimum by effecting purchase whenever the price trend goes below Rs. 30.

(3) Marketing co-operatives have been geared up with the help of Marketing Officers and all purchases of jute by the State Trading Corporation will be from Co-operatives through the West Bengal Apex Co-operative Marketing Society Ltd., and the National Agricultural Co-operative Marketing Federation acting as principal.

(4) State Trading Corporation will pay 90 per cent. of the value of jute consignment of co-operative jute against R/R and the balance 10 per cent. within 45 days after final assessment of weight, quality, etc. The National Agricultural Co-operative Marketing Federation will collect the sale proceeds and the West Bengal Apex Society will distribute it to the consignor co-operatives.

(5) Negotiations are being made by the N.A.F.E.D. with State Trading Corporation to arrange for advance from State Trading Corporations and to Co-operatives against stocks held by the latter and pledged to State Trading Corporation which for reasons might not be readily moved over rail or road.

For effective participation in the price support scheme a target of 6.5 lakh maunds of jute have been distributed to 26 large-sized Marketing Co-operatives and 8 Service Societies in West Bengal for sale to the State Trading Corporation. The West Bengal Apex Socity has already pledged to tender 60,000 mds. of Jute to State Trading Corporation in December, 1962 and has indicated to N.A.F.E.D. its readiness to tender 3½ lakh maunds more in January, 1963. The Co-operation Department has rendered financial assistance to a number of co-operatives for purchasing baling plants and jute grading parties of the Agriculture Department have been assisting Co-operatives in grading their jute stock. Arrangements have also been made in consultation with the Director-General of Movements, West Bengal, to sponsor movement of co-operatives' jute to State Trading Corporations godown through the Additional Director of Agriculture (Marketing), West Bengal.

Apart from the foregoing measures the Jute Commissioner of Government of India has asked the I.J.M.A. to revive the minimum purchase quota of raw jute with immediate effect under the Jute and Jute Goods Control Order. The minimum purchase quota for the I.J.M.A. member-mills has been fixed at 9 lakh bales or 4.5 millions each for November and December, 1962. The Jute Commissioner has sought to ensure jute purchase quotas for November at a minimum of 2.25 lakh bales per week for the I.J.M.A. mills and 11,000 bales for mills outside the I.J.M.A., and regulation of purchase of jute by the mills during peak arrival period of the co-operative in the three months beginning from October, 1962.

In their order of 26-11-62, the Forward Markets Commission have also fixed minimum prices for jute of different commercial varieties and have imposed prohibition of transaction under the Transferrable Specific Delivery Control below the minimum.

Points of information

Shri Hemanta Kumar Basu:

স্যার, অন এ পয়েণ্ট অফ ইনফরমেশান, আমি বলতে চাই, আমার অ্যাডজোর্নমেণ্ট মোশ:ন-এ আপনি কনসেণ্ট রিফিউজ করেছেন। সে বিষয়ে আমি কিছু বলতে চাইছি না। কিন্তু আমি চীফ মিনিস্টারকে পত্র দিয়েছিলাম অ্যাসেম্বলী অধিবেশনের পরে সিভিল ডিফেন্স এবং প্রাইস ইনক্রিজ সম্বন্ধে আলোচনার জন্য। সিভিল ডিফেন্স সম্বন্ধে আজকে আলোচনা হবে, কিন্তু প্রাইস ইনক্রিজ সম্পর্কে কোন আলোচনা হচ্ছে না। পশ্চিমবংগ সরকার এবং ভারত-সরকার চেণ্টা করছেন কি করে জিনিসের দাম কমান যায়, কিন্তু জিনিসের দাম বেড়েই চলেছে। নর্থ বেঙ্গল-এ ৪৪ টাকা চা'লের দাম হয়েছে। সেজন্যে সরকারের কি পলিসি সেটা জানবার জন্য যে অ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছিলাম কিংবা চীফ মিনিস্টারকে চিঠি লিখেছিলাম সে সম্বন্ধে চীফ মিনিস্টার যদি কিছু বলেন ভাল হয়।

Mr. Speaker: Mr. Basu, I fully appreciate year statement, but I think on this point you can also say something during the discussion that we will have on Civil Defence today, with which D.I. Rules are also concerned.

Shri Nepal Chandra Roy:

স্যার, আমার একটা কথা জিজ্ঞাসা করার আছে......।

Mr. Speaker: Mr. Roy, I think it is not proper that a member wil

Reporting of proceedings in newspaper

[12-10—12-20 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার স্যার, গতকাল আনন্দবাজার পত্রিকায় একটা সম্পাদকীয় স্তম্ভে আমার সম্পর্কে যে মন্তব্য করা হয়েছে, সে বিষয়ে আমার দৃষ্টি আকর্ষণ করেছে। সেই পত্রিকায় আমার সম্পর্কে ব্যক্তিগতভাবে গতকাল যে মন্তব্য করা হয়েছে, আমি অত্যন্ত স্পষ্টভাবে বলতে চাই যে সংবাদের ভিত্তিতে মন্তব্য করা হয়েছে, সেই সংবাদ সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন। গত ১৮ই তারিখে যাদবপুর বিশ্ববিদ্যালয় সংশোধনী বিলের আলোচনা প্রসঙ্গে আমি যে সংশোধনী প্রস্তাব এনেছিলাম, তার সম্বন্ধে বক্তৃতা প্রসঙ্গে আমি এই কথা বলেছিলাম, সেকশান ফোরেতে তিনটা ক্লজ অ্যাড করবার কথা বলেছিলাম,

এক হলো

"two members elected by guardians of the students of the University;

দ্বিতীয় ক্লজ হল

two members, elected by guardians of the students of the institutions, established, maintained or managed by or affiliated to the University;

এবং তিন নম্বর হলো

one member, elected by the West Bengal College and University Teachers' Association".

এ ছাড়া কোথাও আমি ছাত্র প্রতিনিধি গ্রহণের কথা বলিনি। আগেও তা বলিনি, এখনও তা বলি না। অথচ এই মন্তব্য যার উপর ভিত্তি করে রচনা করা হয়েছে, সেখানে ধরে নেওয়া হয়েছে আমার প্রস্তাবে আমি ছাত্র প্রতিনিধি নেবার কথা বলেছিলাম। এ বিষয়ে আমি মাননীয় স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি আশা করি মাননীয় স্পীকার মহাশয় এ সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন।

Mr. Speaker: Mr. Ghosh, I am sorry that your speech has been misreported in the press. I hope it will be corrected by a fresh statement by the press.

Leader of the Opposition

Shri Nepal Chandra Roy:

স্যার, আমি যেটা বলতে চেয়েছিলাম- আমরা সব সময় আমাদের পার্টি লীডার, লীডার অফ দি গভর্নমেণ্ট পার্টি এবং অপজিশান পার্টির লীডার যিনি থাকেন হাউসে, প্রয়োজনমত তাঁদের কাছে যেয়ে থাকি, কিন্তু অপজিশান পার্টির লীডার যিনি ছিলেন, কমিউনিস্ট পার্টির লীডার, তিনি বর্তমানে জেলখানায় আছে। এখন বিভিন্ন কাগজে দেখছি--স্টেটসম্যান লিখছে একরকম, আনন্দবাজার লিখছে একরকম, যুগান্তর লিখছে একরকম। আবার কেউ বলছেন লাহিড়ী মশায়কে ভবানীবাবু চিঠি লিখেছেন অপজিশান লীডার বলে। আর একটা কাগজ লিখছেন লাহিড়ী মশায় যখন ফ্রন্ট বেঞ্চ দখল করেন নি, তখন তিনি এখনো লীডার নন।

Mr. Speaker: Mr. Roy, may I ask you how you are concerned with this matter? Rather I am concerned because I have to call the Leader of the Opposition or the leaders of the different parties. You should have no such difficulties.

Shri Nepal Chandra Roy:

ধরুন কোন অসুবিধায় বা বিপদে পড়লাম, তখন আমাদের অপজিশান পার্টি লীডারের কাছে যেতে হয়। এমতাবস্থায় এখন যখন কেউ নাই, তখন আমরা যেন মা-হারা ছেলের মত বসে থাকবো।

Change of the name of West Bengal into Bengal

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই। আমাদের পশ্চিম-বঙ্গের নাম বদল করে 'বাংলা' নাম রাখার প্রস্তাব কি পশ্চিমবঙ্গের মন্ত্রীসভা ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে পাঠিয়েছেন? এটা আমি জানতে চাই, এ সম্বন্ধে একটা খবর বেরিয়েছে কিছুদিন আগে যে, পশ্চিমবঙ্গের নাম বদল করে শুধু বাংলা নাম রাখার প্রস্তাব তাঁরা দিল্লীতে পাঠিয়েছেন।

Mr. Speaker: Now, let us come to the most important matter.

Estimates Committee

Shri Somnath Lahiri:

স্যার, একটা জিজ্ঞাস্য আছে, মাননীয় মুখ্যমন্ত্রী পরশুদিন বলেছিলেন, এই অধিবেশন চলার মধ্যে এস্টিমেট কমিটি গঠন করা সম্বন্ধে জানাবেন। আজকে শুনছি শেষ দিন, আজকে তিনি তা জানাবেন?

The Hon'ble Profulla Chandra Sen:

আজকে তো শেষ দিন নয়! আরো হাউস চলবে।

Chinese Consulate

Shri Kamal Kanti Cuha:

স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র একটা জরুরী প্রশ্ন তুলেছিলেন, চাইনীজ কনসুলেট সম্বন্ধে। কিন্তু সে সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা ভুল তথ্য আমাদের কাছে পরিবেশন করেছেন। কাশীকান্তবাবু বলেছিলেন, সকালে হোটেলে বসে টাকা লেনদেন করেছেন; আর মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন মধ্যাহ্নে করেছেন।

Mr. Speaker: Mr. Guha, I told you the other day that we will have to follow a particular procedure. If you now bring up new matters, that will be irregular.

Shri Kamal Kanti Cuha:
তা হলে কখন বলব?

Mr. Speaker: If you bring it in a regular manner, I will give you every scope.

Changing the name of the State

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমি যে প্রশ্ন করেছিলাম - পশ্চিমবাংলার নাম বদল করে শুধু বাংলা করার সিদ্ধান্ত কি ঠিক? এর জবাব মন্ত্রীমহাশয় দেবেন না।

Mr. Speaker: He has heard it. He may make a statement at his convenience. I cannot ask him to make a statement just now.

Special Debate in connection with Civil Defence Measures

The Hon'ble Profulla Chandra Sen:

সিভিল ডিফেন্স সম্বন্ধে আমি খুব সংক্ষেপে, সামান্য দু-চারটে কথা বলবো।

সিভিল ডিফেন্স-এর জন্য যেসকল মেশিনারী দরকার, তা আমরা ধীরে ধীরে সংগ্রহ করছি, গড়ে তুলছি। আমরা সমস্ত বাংলাদেশের ডিফেন্সের জন্য একজন ডিরেক্টার নিয়োগ করেছি। তাঁর এ সম্বন্ধে অভিজ্ঞতা আছে। আর কলকাতার জন্য আমরা একজন কন্ট্রোলার নিয়োগ করেছি। এঁরা বাদে আমরা প্রায় ২০০ লোক আরও নিয়োগ করেছি, তাঁদের মধ্যে ওয়ার্ডেন ইত্যাদি আছে।

আমাদের এই কাজ করতে গেলে ট্রেনিং-এর দরকার, সেইজন্য আমাদের কলকাতায় যিনি কন্ট্রোলার অব সিভিল ডিফেন্স, তিনি ট্রেনিং সেন্টার কতকগুলি আরম্ভ করে দিয়েছেন। কতকগুলি কলকাতায় হয়েছে, আর তা বাদে জলপাইগুড়ি এবং শিলিগুড়িতে ট্রেনিং দেবার ব্যবস্থা হচ্ছে। আমাদের সিভিল ডিফেন্স কাজের জন্য সর্বসমেত মোট দু-লক্ষ লোকের প্রয়োজন। আমরা আশা করছি এই দুই লক্ষ লোক পাবো যাঁরা স্বেচ্ছাসেবক বা স্বেচ্ছাসেবিকা হিসাবে কাজ করবেন। এ বাদে আমরা প্রত্যেক শহরে গৃহরক্ষী দল তৈরি করছি। গ্রামাঞ্চলে ও কলিকাতায় এই গৃহরক্ষী দল তৈরি করতে আরম্ভ করেছি।

সিভিল ডিফেন্স সম্বন্ধে এমন কতকগুলি বিষয় আছে যা আমরা এখানে খোলাখুলিভাবে ঠিক আলোচনা করতে চাই না। তবে মোটামুটিভাবে বলতে চাই, এর জন্য যে মেশিনারীর প্রয়োজন আমরা তা ধীরে ধীরে গড়ে তুলছি।

[12-20—12-30 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই সিভিল ডিফেন্স সম্বন্ধে আলোচনা করবার জন্য যে একটা দিন ধার্য করা হয়েছে, তাতে আমি আশা করেছিলাম মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা এই সিভিল ডিফেন্স সম্বন্ধে সরকার কি বন্দোবস্ত করেছেন, সে সম্বন্ধে একটা তথ্যপূর্ণ বক্তব্য পাবো। এখানে এসে আমরা কিছুই পেলাম না, উপরন্তু, আমি দেখলাম ঘড়ির ঠিক এক মিনিটের মধ্যে তিনি তাঁর বক্তব্য পেশ করেছেন। তার ভিতর এমন কিছু নেই, যা নিয়ে এই বিতর্কের অবতারণা করা যেতে পারে।

যাই হোক, যদিও সিভিল ডিফেন্স সম্বন্ধে আমরা মোটামুটিভাবে যা দেখছি, সে সম্বন্ধে দু-চারটে কথা আপনার সামনে বলতে চাই, এবং আশা করি মন্ত্রিসভা সে সম্বন্ধে তাদের কি বক্তব্য আছে, আমাদের জানাবেন। মাননীয় স্পীকার মহাশয়, চীনা আক্রমণের পর আমাদের দেশে যে অবস্থা সৃষ্টি হয়েছে, তাতে ইচ্ছায় হোক, অনিচ্ছায় হোক, আমাদের আজকে যুদ্ধের দিকে টেনে নিয়ে গিয়েছে, এবং একটা যুদ্ধ আমাদের ঘাড়ের উপর চাপিয়ে দিয়েছে। এই যুদ্ধের প্রতিরক্ষার বন্দোবস্ত আমাদের কেন্দ্রীয় সরকার করছেন। সে সম্বন্ধে আলোচনার স্কোপ আমাদের নেই। কিন্তু সামরিক প্রতিরক্ষা ছাড়াও, অসামরিক ব্যবস্থা যেটা, যার ভার আমাদের স্টেট গভর্নমেণ্টের উপর রয়েছে এবং আমাদের প্রতিরক্ষা ব্যবস্থার প্রতি আমাদের দেশের সাধারণ লোকের মনোভাব গড়ে তোলা একান্ত প্রয়োজন্ এবং এই প্রতিরক্ষা ব্যবস্থার পিছনে তাদের সঙ্ঘবদ্ধ করার দায়িত্ব যেমন আমাদের সরকারের রয়েছে, তেমনি সঙ্গে সঙ্গে আমাদের প্রদেশের প্রতিটি রাজনৈতিক দলেরও আছে। সেদিক দিয়ে যদি বিচার বিবেচনা করে দেখি তাহলে দেখি যে এই অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা আমরা যতখানি আশা করছিলাম সেইভাবে এগোচ্ছে না। যদিও প্রফুল্লবাবু আমাদের সামনে বললেন যে ধীরে ধীরে আমাদের কাজ এগুচ্ছে। আমি জানতে চাই যে, এ আর পি এবং হোমগার্ড সিভিল ডিফেন্সের প্রধান অঙ্গ, সে সম্বন্ধে সরকার কতখানি এগিয়েছে এই দুমাসের মধ্যে। আমরা আশা করেছিলাম যে প্রফুল্লবাবুর কাছ থেকে এ সম্বন্ধে কিছুটা শুনতে পাবো। কিন্তু, সে সম্বন্ধে কিছুই শুনতে পেলাম না, যেটুকু তথ্য আমরা তার কাছ থেকে পাচ্ছি তা থেকে বলতে পারি যে, এ আর পি এবং হোমগার্ড অত্যন্ত শ্লথ গতিতে এগিয়ে চলেছে। আমার মনে হয় যে, এইরকম একটা মনোভাব আমাদের দেশে এসেছে যে যখন চীন সৈন্য প্রত্যাহার করে নিয়েছে এবং যখন পশ্চাৎ অপসরণ করছে, তখন বোধ হয় চৈনিক আক্রমণ আর হবে না—এইরকম মনোভাব আমরা আজকে দেশের মধ্যে দেখতে পাচ্ছি। আমি মনে করি, সেইজন্য বোধ হয় আমাদের এই সিভিল ডিফেন্সের কাজ অত্যন্ত শ্লথ হয়ে গিয়েছে। স্যার, এইটুকু আমি বলতে পারি, আমার যা ধারণা তা হচ্ছে চীনেরা যে আজ পশ্চাৎ অপসরণ করেছে তা আমাদের উপর আরও জোর প্রত্যাঘাত করবার জন্যই। সেইজন্য এই সময়ের মধ্যে তারা সব দিক দিয়ে নিজেদের প্রস্তুত করবার চেষ্টা করছে। আমি জানি না যে, প্রতিরক্ষা ব্যবস্থা আমাদের কি ধরনের হচ্ছে। সে সম্বন্ধে আমি আশা করি পণ্ডিত নেহরুর নেতৃত্বে সমস্ত ভারতবর্ষে এই যুদ্ধ প্রস্তুতি চলেছে এবং সামরিক প্রতিরক্ষা ব্যবস্থা দ্রুতগতিতে এগিয়ে চলেছে। কিন্তু আজকে এই পশ্চিমবঙ্গের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা শ্লথ গতিতে চলেছে। সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। আমি মনে করি যেসময়ের মধ্যে আজকে

চীনারা নিজেদের তৈরি করে নিচ্ছে, সেই সময়ের মধ্যে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা আমরা ততখানি প্রস্তুত হতে পারছি না। আজকে এ আর পি-র কথা বলুন, আজকে ওয়ার্ডেন সার্ভিসের কথাই বলুন, ক্যাজুয়েলটি সার্ভিসই বলুন, আর ফায়ার ফাইটিং সার্ভিসই বলুন এই তিনটে সার্ভিসে এক ভলেন্টিয়ার নেবার জন্য ফর্ম ফিলাপ করা ছাড়া আর কোন কিছু হয়েছে বলে আমার মনে হয় না। যেভাবে এটা করা উচিত ছিল সেইভাবে হচ্ছে না। এ সম্বন্ধে এখনও সাধারণ মানুষকে ওয়াকিবহাল করা হয় নি। ওয়ার্ডেন সার্ভিসের কথা বলতে পারি চীফ ওয়ার্ডেন নিযুক্ত করা হয়েছে কিন্তু পোস্ট ওয়াডেন, সেকটার ওয়াডেন এখনও পর্যন্ত সমস্ত জায়গায় নিযুক্ত করা হয়ে উঠে নি। ফায়ার ফাইটিং সার্ভিসে ঐ একই কথা বলা যায়। সেন্ট জন অ্যাম্বুলেন্স তারা কাজ করছে, তা ছাড়া আমরা আর চোখে কিছুই দেখতে পাচ্ছি না। এ ছাড়া সাইরেন বাজিয়ে এয়ার রেড সংকেত দেবার কথা আছে, কিন্তু তা অত্যন্ত অপর্যাপ্ত বলে মনে করি। শুধু তাই নয়, এটা হাস্যাস্পদ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সাইরেন বাজানোর দিন বেশীর ভাগ জায়গায় তা শোনা যায় নি—যেখানে দুই অশ্ব শক্তিযুক্ত হওয়া উচিত, সেখানে ½ অশ্ব শক্তি সাইরেন আমাদের থাকায় কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চল তা লোকে শুনতে পায় নি এবং যে কটি থাকা দরকার তার অর্ধেকেরও কম আমাদের আছে। এ ছাড়া আমরা দেখতে পাচ্ছি যে, ব্ল্যাক আউট করার ব্যাপারে সরকার পক্ষ থেকে এখনও কোন প্রচেষ্টা গ্রহণ করা হয় নি। একটা জিনিস আমি লক্ষ্য করেছি যে, ইস্টার্ন রেলওয়ের হাওড়া স্টেশনে ব্ল্যাকআউট-এর রেলওয়ে কর্তৃপক্ষ খুব ভাল ব্যবস্থা গ্রহণ করেছেন এবং তাদের কাজ অতি দ্রুত গতিতে এগিয়ে চলেছে, যদিও এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। স্টেট গভর্নমেন্টের কাজে অত্যন্ত গাফিলতি দেখা যাচ্ছে। হোমগার্ড সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি, আজ যেভাবে লোকের মনে উৎসাহ দানা বেঁধে উঠেছিল এই হোমগার্ডের মধ্য দিয়ে আমরা ভেবেছিলাম যে, হাজার হাজার যুবক এর ভিতর দিয়ে রাইফেল ট্রেনিং নেবে, তা না হলেও, ডিসিপ্লিন শেখবার জন্য মিলিটারী ড্রিল এবং প্যারেড করানো হবে, কিন্তু আমরা দেখলাম যে, মাত্র ২০০ থেকে ৪০০ মেম্বার নেওয়া হোল এবং এমনভাবে বেছে বেছে নেওয়া হল, যে বেশীরভাগ ক্ষেত্রেই যারা উৎসাহী, তারা এর মধ্যে স্থান পেলেন না। আমি হাওড়া জেলার কথা বলতে পারি যে, হাওড়া জেলার ২০০ জন নেওয়া হবে ঠিক হয়েছিল, সেখানে মাত্র ৫০ জন নেওয়া হয়েছে। আমরা বার বার শুনেছিলাম যে, সমাজবিরোধীদের এর মধ্যে নেওয়া হবে না। কিন্তু আমরা দেখতে পেলাম শিবপুর থানা আর একদিকে জগহাটি থানা এর মধ্যে যে ২-৪টি লোক সমাজবিরোধীর যারা লীডার, যারা চোলাই মদ তৈরি করে, যারা অ্যান্টি সোস্যাল এক্টিভিটিজ করে তাদের এর মধ্যে নেওয়া হয়েছে। আমি এস পি-র কাছে নাম পাঠিয়ে দিয়েছি, তাতে আমি বলেছি এই ধরনের লোককে যখন প্যান্ট পরে হাওড়া ময়দানে কুচকাওয়াজ করতে দেখে, তখন সাধারণ মানুষের হোমগার্ড সম্বন্ধে যে ধারণা হয়, সেটা আপনারা বিচার করে দেখুন। এইভাবে হোমগার্ড তৈরি হচ্ছে। এখানে এমনভাবে একটা দলীয় রাজনীতি করা হচ্ছে কংগ্রেসের পক্ষ থেকে যেটার আমি তীব্র প্রতিবাদ করি। কংগ্রেসে যারা হোমরা-চোমরা এবং কংগ্রেস দলীয় লোক ছাড়া যারা হোমগার্ডের ভিতরে নাম লিখিয়েছিল তাদের প্রত্যেকের নাম কেটে দেওয়া হয়েছে, ফরওয়ার্ড ব্লকের তো দূরের কথা। মাননীয় স্পীকার মহাশয়, এই এ আর পি অর্গানাইজ করার ব্যাপারে আমি যেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে এই যে আমাদের কংগ্রেসের ছাড়া অন্য দলের লোক তাদের কোনরকম দায়িত্বশীল পদে নেওয়া হচ্ছে না। শুধু তাই নয়, যারা শুধু ভলেন্টিয়ার হিসাবে নাম লিখিয়েছে তাদেরও সেই নাম কেটে দেওয়া হয়েছে। আমি একজন অর্ডিনারী ওয়ার্ডেন হিসাবে ফর্ম ফিল-আপ করেছি, জানি না নাম কেটে দেওয়া হবে কিনা। এখানে নেপালবাবু কলকাতার কথা বলেছেন, আমি তাঁকে বলতে পারি ডিস্ট্রিক্ট নাম্বার টু চীফ ওয়াডেন শ্রীমিহির গাঙ্গুলী নিযুক্ত হয়েছে। ফরওয়ার্ড ব্লকের দুইজন একটিভ ওয়ার্কার তারা সেকটার ওয়াডেন হিসাবে কাজ করবেন বলে ফর্মে সহি করে দিয়েছিলেন। সেখানে তাদের পোস্ট ওয়ার্ডেন জানিয়েছেন, চীফ ওয়ার্ডেন শংকু বিশ্বাস তাদের জানিয়েছেন যে, পুলিসের আপত্তির জন্য এদের দুজনকে সেকটার ওয়ার্ডেন হিসাবে গ্রহণ করা গেল না। আমি জানতে চাই যে, এতে পুলিসের কি আপত্তি থাকতে পারে। এইভাবে তারা এ আর পি সার্ভিসের মধ্যে রাজনীতি প্লে করাচ্ছেন। আমি এখানে একটা কথা বলতে চাই, এ আর পি এবং হোমগার্ড ছাড়া যেসমস্ত কমিটি আছে, গ্রাম থেকে আরম্ভ করে ডিস্ট্রিক্ট পর্যন্ত যে নীতি কংগ্রেস তরফ থেকে গ্রহণ করেছেন তা ঠিক কনজিনিয়াল নয় এবং আজকে দেশের যে পরিস্থিতি, তাতে এইভাবে কখনও চাহিদা মেটানো সম্ভব হবে না।

[12-30—12-40 p.m.]

হয়ত তাঁরা চতুর্থ নির্বাচনের গ্রাউন্ড তৈরি করতে পারেন, কিন্তু এর দ্বারা আমি এটুকুন বলতে পারি যে, দেশের স্বার্থ ব্যাহত হবে। স্যার, যে স্টেট কমিটি তৈরি করা হয়েছে তাতে আমাদের পক্ষ থেকে হেমন্তবাবুকে নেওয়া হয়েছে এবং বিভিন্ন যেসব ডিস্ট্রিক্ট কমিটি তৈরি করা হয়েছে, তাতে কিছু কিছু জায়গায় আমাদের গ্রহণ করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যে, এই কমিটিগুলোতে যখন গ্রহণ করা হয় তখন আমাদের পার্টিগুলোর সঙ্গে কোনরকম কনসাল্ট করা হয় নি কেন, তাতে তাঁদের পক্ষ থেকে যে জবাব দিয়েছিলেন সেটা আমি বলছি। আমাদের বলা হয়েছে যে, শ্রীমতী ইন্দিরা গান্ধী যিনি সেন্টারে সেন্ট্রাল সিটিজেন কমিটি-র সভানেত্রী, তিনি আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে যে একটা চিঠি লিখেছেন সেই চিঠিতে তিনি বলেছেন

Members should also be chosen in their personal capacity without consideration of their party affiliation.

এই লাইনটা আমাদের দেখিয়ে বলা হয় যে, পার্টি অ্যাফিলিয়েশন-এর জন্য কোনরকম কমিটিতে নেওয়া হবে না, নেওয়া হবে অন পার্সোনাল ক্যাপাসিটি। কিন্তু হাওড়া জেলায় যে কমিটি হয়েছে সেটা নাকি প্রথমে হাওড়ার ডি এম করেছিলেন, কিন্তু আমাদের জানান হল যে ডি এম করেন নি, সেটা করেছেন আমাদের মুখ্যমন্ত্রী। সেই কমিটির মধ্যে যে নাম হয়েছে তাতে বলেছেন যে, প্রেসিডেন্ট ডিস্ট্রিক্ট কংগ্রেস কমিটি, জেনারেল সেক্রেটারি, ডিস্ট্রিক্ট কংগ্রেস কমিটি শ্রীমতী ইন্দিরা গান্ধী যেখানে ব্যক্তিগত চিঠিতে শ্রীপ্রফুল্ল সেনকে লিখেছেন যে-কোন পার্টি কনসিডারেশন এর মধ্যে থাকবে না, এমন ব্যক্তিকে গ্রহণ করা হবে, সেখানে আমি জানতে চাই যে, প্রেসিডেন্ট কংগ্রেস কমিটিকে কিভাবে মুখ্যমন্ত্রী নিলেন, জেনারেল সেক্রেটারি কংগ্রেস কমিটিকে মুখ্যমন্ত্রী কিভাবে নিলেন? যদি নিতে হয় রবীন্দ্রনাথ সিংহ, যিনি প্রেসিডেন্ট, কংগ্রেস কমিটি, তাঁকে নিন। কিন্তু, প্রেসিডেন্ট ডিস্ট্রিক্ট কংগ্রেস কমিটি, জেনারেল সেক্রেটারি ডিস্ট্রিক্ট কংগ্রেস কমিটিকে কেন নেওয়া হয়, এবং সেখানে কেন ফরওয়ার্ড ব্লকের অন্যান্য পার্টির লোককে এই সিটিজেন কমিটিতে নেওয়া হয় নি? এইভাবে প্রেসিডেন্ট ডিস্ট্রিক্ট ফরওয়ার্ড ব্লক, সেক্রেটারি, ডিস্ট্রিক্ট ফরওয়ার্ড ব্লককে নেওয়া হচ্ছে না এবং সেখানে বলা হচ্ছে, পার্টির সঙ্গে কনসাল্ট করা হবে না। যেভাবে যেখানে সুবিধা হবে সেইভাবে যদি করেন, তাহলে এর দ্বারা আমরা যদি বলি যে দলীয় স্বার্থসিদ্ধি করা হচ্ছে, তাহলে কি অন্যায় হবে? সেজন্য আমি বলছি, আজকে যে অবস্থা সৃষ্টি হয়েছে সেটাকে সম্যকভাবে উপলব্ধি করবার চেষ্টা করুন। চীনের যুদ্ধবাজ নেতারা আজকে একটা যুদ্ধ আমাদের ঘাড়ের উপর চাপিয়ে দিয়েছেন। আজকে যদি মনে করা যায় যে, তারা ওয়ার্ল্ড ওপিনিয়ন-এ পিছিয়ে গেছে, আর তারা এগিয়ে আসবে না, তাহলে আমি মনে করি যে, অত্যন্ত ভুল হবে। তারা ওয়ার্ল্ড ওপিনিয়ন-এর থোড়াই কেয়ার করে। তাদের এই যে যুদ্ধবাজনীতি এই যুদ্ধবাজনীতি থেকে সোভিয়েট রাশিয়ার মত কমিউনিস্ট পার্টিও এক ইঞ্চি নড়াতে পারেনি। ওয়ার্ল্ড ওপিনিয়নকে তারা থোড়াই কেয়ার করে। কাজেই এই যুদ্ধ তারা আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়েছে। এই যুদ্ধের যতক্ষণ পর্যন্ত না শেষ পরিণতি হয়, ততক্ষণ পর্যন্ত এই যুদ্ধ আমাদের চালিয়ে যেতে হবে। এ সম্বন্ধে যদি কারুর কোন ভ্রান্ত ধারণা থাকে, তাহলে আমি মনে করব যে, সেটা অত্যন্ত ভ্রান্ত ধারনা। এই জিনিসটা পশ্চিমবঙ্গের কংগ্রেস কমিটিকে বিশেষভাবে অনুভব করতে বলছি। আজকে পণ্ডিত নেহরু যে নেতৃত্ব দিয়েছেন আমি মনে করি সেটা সঠিক নেতৃত্ব। আমাদের পার্টি মনপ্রাণ দিয়ে সহযোগিতা করার আশ্বাস কংগ্রেসকে এবং গভর্নমেন্টকে দিয়েছেন। কিন্তু আমরা দেখছি যে আমরা যেভাবে জিনিসটা গ্রহণ করেছি, আজকে পশ্চিমবঙ্গের কংগ্রেসের নেতৃত্ব ঠিক সেইভাবে জিনিসটা গ্রহণ করছেন না। তাঁরা মনে করছেন যে, আজকে দেশের এই অবস্থার মধ্যে তাঁরা কি করে দল বাড়াতে পারবেন। তাঁদের বড় দল, তাঁদের দল বড় করবার কি আর প্রয়োজন আছে? তাঁরা আজ ক্ষমতায় বসে আছেন, আমি তাদের আহ্বান করব, আজকে দেশের যা পরিস্থিতি সেই পরিস্থিতির মধ্যে তাঁদের নেতৃত্ব গ্রহণ করা উচিত। আজকে দেশের সমস্ত লোক যেভাবে এগিয়ে এসেছে তাতে তাদের সঙ্ঘবদ্ধ করার চেষ্টা যদি না করেন তাহলে দেশ কোনদিকে যাবে সেটা একটু চিন্তা করা দরকার। আমরা যেভাবে তাদের সহযোগিতা দিচ্ছি সেই সহযোগিতা তাঁরা গ্রহণ করছেন না। প্রত্যেকটা ব্যাপারে সন্দেহ, শুধু সন্দেহ নয় আমার মনে হয় দেশপ্রেমিক কিনা সেটা তাঁরা সন্দেহ করেন না। আজকে যদি আমাদের সহযোগিতা গ্রহণ করেন তাহলে যদি আমাদের

দল তাঁদের চেয়ে বড় হয়ে যায় এবং ভবিষ্যতে যদি তাদের বিরোধীদল হিসাবে প্রকাশিত হতে হয়, এটাই তাঁদের ভয়। আমি মনে করি এই ভয় কাটিয়ে উঠে আজকে একটা বিশেষ নেতৃত্বের প্রয়োজন এবং সেই নেতৃত্ব নিতে আপনারা এগিয়ে আসুন।

Shri Panchu Gopal Bhaduri: Mr. Speaker Sir, brevity is the soul of wit, সেদিক দিয়ে বিবেচনা করলে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য এত সংক্ষিপ্ত যে, তাঁর ব্রেভিটির জন্য তাঁর উইট সম্পর্কে তারিফ না করে পারা যায় না। তিনি সংক্ষিপ্ত বক্তব্যে মোটামুটি আমাদের সামনে কোন জিনিসই পরিষ্কার করেন নি। এই সম্পর্কে আমাদের যা জানা আছে তার ভিত্তিতে বক্তব্য রাখতে হবে। সেদিক থেকে দেখতে গেলে বেসামরিক প্রতিরক্ষার মধ্যে কয়েকটা ভারতীয় বিদেশী আক্রমণকারীকে ফ্রন্ট-এ পরাজিত করা। তার পেছনে দেশের মধ্যে বেসামরিক প্রতিরক্ষা প্রস্তুতি গ'ড়ে তোলা একান্ত প্রয়োজন। তার মধ্যে অর্থ, স্বর্ণ, রক্ত, সংগ্রহ একটা কাজ, এ আর পি, হোম গার্ড গড়ে তোলা আর একটা কাজ। উৎপাদন বৃদ্ধি, আর মূল্য বৃদ্ধি প্রতিরোধ করা আর একটা কাজ। এই কাজগুলি মোটামুটি করা দরকার। এবং যদি প্রথম এই কাজগুলি দেখি, তাহলে পশ্চিমবাংলায় দেখতে পাব একটি নাগরিক কমিটি গ'ড়ে উঠল যার ২৮ জন সদস্য। সেই ২৮ জন সদস্যের মধ্যে এই হাউস-এর দিকে যদি চাওয়া যায় তাহলে দেখতে পাওয়া যাবে, শাসকগোষ্ঠীর পার্টির কিছু মন্ত্রী এবং তাঁদের পক্ষের দুইজন ভাল লোক শ্রীঅতুল্য ঘোষ ও মৈত্রেয়ী বসু আছেন। তাছাড়া কয়েকজন ধনী, যেমন বিড়লা, সিংহানীয়া, স্যার বীরেন, ডালমিয়া, জৈন প্রভৃতি এবং প্রত্যেক চেম্বার অফ কমার্সকে রিপ্রেজেন্ট করেন এরকম ব্যক্তি আছেন। কিন্তু এ ছাড়া সেখানে এই হাউসকে রিপ্রেজেন্ট করেন বিরোধী দলের লোক যারা নির্বাচনে ভোটের দিক থেকে দেখলে দেশের অর্ধেক জনসাধারণের যারা প্রতিনিধিত্ব করছেন, তাঁর কোন প্রতিনিধি সেখানে নেই। তেমনি তাঁর ঝোঁকটা হচ্ছে শ্রমিক, কৃষক ও মধ্যবিত্তকে বাদ দিয়ে। অবশ্য কংগ্রেস দলে যিনি আছেন, তাঁকে বাদ দিয়েই বলতে চাই, এই ঝোঁকটা হচ্ছে ধনী মালিকদের নিয়ে চলা এবং তাঁদের দিয়েই প্রতিরক্ষা কমিটি গ'ড়ে তোলা। এই ঝোঁকটা একটা অশুভ ঝোঁক, ভারতবর্ষের অর্থনৈতিক প্রগতি এবং সমাজতন্ত্রের যে সাধারণ লক্ষ্য, তার সঙ্গে এ মতের খাপ খায় না। এবং যেটা একমাস আগে এই হাউস যখন খুবই বিক্ষুব্ধ তখন আমরা বিনীতভাবে সকলের বিবেচনার জন্য যেটা রেখেছিলাম, সেটা হচ্ছে যে একটা জাতি শুধু মাত্র রণক্ষেত্রে জেতে না, তার যে মূল্যবোধ গণতান্ত্রিক এবং অন্যান্য জিনিস সম্পর্কে তার যে শাশ্বত মূল্যবোধ সেগুলি বাদ দিয়ে কোন জাতি জিততে পারে না। জিতলেও কিসের জন্য জিতেছে সেটা সম্পূর্ণ করে গুলিয়ে যায়। সেদিক দিয়ে যদি আমরা দেখি তাহলে দেখব আমাদের যুদ্ধে জয় করতে হবে এবং যুদ্ধজয় করে, সন্তোষজনকভাবে যুদ্ধের মীমাংসা করে তারপর আমাদের অর্থনৈতিক স্বাধীনতার পথে এগোতে হবে এবং সমাজতান্ত্রিক রাষ্ট্র গড়ে তুলতে হবে। তার মধ্যে যে লক্ষ্য, সে লক্ষ্য বিপন্ন হচ্ছে। এই ধরনের যে জাতি ও ঐক্য গড়ে তুলছি, সেগুলো আমরা দেখতে পাচ্ছি শ্রমিক কৃষক বিরোধী ঐক্য হিসাবে প্রতিভাত হচ্ছে। আমি একটা ছোট্ট ঘটনা তুলে ধরতে পারি, মিস্টার স্পীকার স্যার, সেটা হচ্ছে ঠিক এই প্রতিরক্ষার ব্যাপারে শ্রমিক অঞ্চলে ব্যাপকভাবে দেখা যাচ্ছে মালিক পক্ষের হাতে ক্ষমতার প্রাচুর্য এসে পড়েছে। এবং এই প্রতিরক্ষা ব্যবস্থাকে অবলম্বন করে প্রত্যেক এলাকাতে এইভাবে শ্রমিক দলন, শ্রমিক পীড়ন ইত্যাদি চলছে।

[12-40—12-50 p.m.]

আমরা চতুর্থতঃ বলেছি উৎপাদন বৃদ্ধির চেষ্টা। উৎপাদন বৃদ্ধির জন্য প্রত্যেকটি কারখানাতে বর্ধিত কার্যকরী কমিটির মিটিং করে যেখানে উৎপাদন বৃদ্ধির জন্য আমরা এগোচ্ছিলাম, উৎপাদন বৃদ্ধির অগ্রণী যেসমস্ত শ্রমিক তার বেশীর ভাগ যায়গায় তারা গ্রেপ্তার হয়ে যাচ্ছে। আমি যে এলাকা থেকে এসেছি সেই রিষড়া, শ্রীরামপুর এলাকা, সেখানে অগ্রণী শ্রমিকরা, যারা উৎপাদন বৃদ্ধির জন্য অগ্রণী, তারা দেশরক্ষায় অর্থ এবং রক্ত দান সম্পর্কেও অগ্রণী, তাদের গ্রেপ্তার করা হচ্ছে। এবং উৎপাদন বাড়াবার জন্য একটা বিভিন্ন ইউনিয়নের প্রতিনিধির সম্মেলন, শ্রীইন্দ্রজিৎ গুপ্ত, এম পি, যার সভাপতিত্ব করছিলেন, সেই সম্মেলনকে ভেঙ্গে দেওয়া হল এবং ভেঙ্গে দেবার জন্য যারা অগ্রণী হয়ে গেলেন তারা অনেকেই, আমরা শুনলাম, ঐ এলাকার

ওয়ার্ডেন, ঐ এলাকার হোম গার্ডের যারা অন্তর্ভুক্ত লোক, তারা অগ্রণী হয়ে গিয়ে ঐ সম্মেলন, উৎপাদন বৃদ্ধির যে সম্মেলন, সে সম্মেলনকে তাঁরা ভেঙ্গে দিলেন। আর একটি ঝোঁক, সেটা আমি দেখতে পাচ্ছি অশুভ ঝোঁক, সেটা হচ্ছে মূল্য বৃদ্ধি সম্পর্কে, পণ্ডিত নেহরুর ঘোষণা সত্ত্বেও তা প্রতিকারের জন্য অগ্রণী না হওয়া। মূল্য বৃদ্ধির জন্য কিছুক্ষণ আগে এই হাউসে শ্রীহেমন্ত বসু বললেন যে, মূল্য বৃদ্ধির ঝোঁক দেখা যাচ্ছে এবং সেটা দমন করবার জন্য কোন কার্যকরী ব্যবস্থা নেই। সত্যি সত্যি যদি দেশের লোকের মনোবল ঠিক রাখতে হয়, তাহলে মূল্যবৃদ্ধি প্রতিরোধ করতে হবে। মূল্যবৃদ্ধি প্রতিরোধ না করতে পারলে দেশের অগণিত গরীব জনসাধারণ তাদের জীবনযাত্রা দুর্বহ হবার সঙ্গে সঙ্গে তাদের মনোবলও আস্তে আস্তে ভেঙ্গে পড়তে থাকবে। সেদিক থেকে মূল্যবৃদ্ধি প্রতিকারের কোন কার্যকরী কথা মুখ্যমন্ত্রী এই সভায় বললে আমরা খুসী হবো। আর একটি কথা, যেটি দলগত কথা, সেটা কানাইবাবু তুলেছেন যে এই প্রতিরক্ষা ব্যবস্থার মধ্যে দিয়ে নিছক দলগত মনোবৃত্তি প্রতিভাত হচ্ছে। আমরা খুব খুসী হতাম, যদি কলকাতাতে যে জনরক্ষার জন্য হোম গার্ডের ব্যবস্থা হচ্ছে, দল হচ্ছে, তার ভিতর হেমন্তবাবু, অমর বসু, নারায়ণ রায় প্রভৃতি এইসমস্ত লোক তাদের এলাকার সর্বজনমান্য তাদের অন্তর্ভুক্ত করা হোত। যদি তাদের আমরা দেখতাম যে বিরোধী দলের হয়েও তাঁরা এ আর পি-র মধ্যে চিফ ওয়ার্ডেন হয়ে এসেছেন তাহলে আমরা বুঝতাম যে দেশবাসীর আত্মবোধ, দেশবাসীর আত্মবিশ্বাস জাগিয়ে তোলার জন্য দলমত নির্বিশেষে চেষ্টা করা হচ্ছে। কিন্তু তার অভাব দেখছি। আশা করি প্রফুল্লবাবু স্টেটসম্যান লাইক কোয়ালিটির পরিচয় দিয়ে এই নীতি সংশোধন করে নেবেন। তৃতীয় আর একটি কথা, সেটা অত্যন্ত একটি অশুভ ঝোঁক। দেশে পণ্ডিত নেহরু যেসমস্ত মূল নীতিগুলি প্রচার করেছেন এবং আমরা একমাস আগে বলেছিলাম এবং আজকে আরো জোরের সঙ্গে বলতে পারি যে, যুদ্ধ শুধু রণক্ষেত্রে হয় না, যুদ্ধ শত্রুর নীতির দিক দিয়ে দুনিয়ার রাজনৈতিক মঞ্চে তাকে কোনঠাসার মধ্যে দিয়ে, বিচ্ছিন্ন করার মধ্যে দিয়ে যুদ্ধ জয়লাভ করতে হয়, সেদিক দিয়ে জোট নিরপেক্ষ নীতি এবং শান্তির প্রতি অক্ষুণ্ণ বিশ্বাসের ঘোষণা ইত্যাদি যেসমস্ত কথা পণ্ডিত নেহরু বার বার ঘোষণা করেছেন তাই পণ্ডিত নেহরু এবং ভারতবর্ষকে দুনিয়ার সমাজেতে সর্বজনপ্রিয় করেছে, এবং সেইটাই চীনের পশ্চাদপসরণের জন্য বৃহৎ কারণ বলে মনে করা যেতে পারে। এবং যদি ভারতবর্ষকে বিশ্ব যুদ্ধ করার থেকে কোন কিছু জিনিস বাঁচিয়ে থাকে, সেটা হচ্ছে পণ্ডিত নেহরু ঘোষণা করেছেন কমিউনিজম অ-কমিউনিজমের যুদ্ধ ভারতবর্ষে হচ্ছে না, একটা আক্রমণকারী দেশ ভারতবর্ষকে আক্রমণ করেছে, তাকে প্রতিরোধ করে, তাকে তার সীমানায় ফিরিয়ে দেওয়া এই হচ্ছে যুদ্ধ। এবং শান্তি সম্পর্কে পণ্ডিত নেহরু যে ঘোষণা করেছেন, সেই ঘোষণার সম্পূর্ণ পরিপন্থী প্রচার পশ্চিমবঙ্গে হচ্ছে। যেন পণ্ডিত নেহরুর অল্টারনেটিভ জাতীয় নেতা হিসাবে শ্রীকারিয়াপ্পা টুর করলেন। তাঁর মিটিংগুলি কংগ্রেস কর্মীরা সংগঠন করে দিলেন। সেখানে পশ্চিমবঙ্গের হয়ত স্বার্থ থাকতে পারে, কোথায়ও হয়ত কমিউনিস্ট দলন করতে হবে, কিন্তু কারিয়াপ্পা ত শুধু কমিউনিস্ট দলন করলেন না তিনি ত পণ্ডিত নেহরুর বিরুদ্ধেও একটা আঘাত দিয়ে গেলেন। সেখানে ভারতবর্ষের যে মূল নীতি, যার ভিত্তিতে কংগ্রেস দাঁড়িয়ে আছে, ভারত-সরকার দাঁড়িয়ে আছে, ভারতবর্ষের জনগণ দাঁড়িয়ে আছে, এবং ভারতবর্ষের পতাকা জগৎসমাজে উড্ডীন হয়ে রয়েছে সেই পতাকাকে ভূলুণ্ঠিত করবার জন্য পণ্ডিত নেহরুর নীতির বিরুদ্ধে সেই আক্রমণ কারিয়াপ্পা সারা দেশময় করে গেলেন। আমি যে এলাকা থেকে এসেছি, সেখানে দেখলাম কংগ্রেসের খুব নামকরা লোকেরা, তারা আহ্বায়ক হয়ে সভা ডাকলেন, তাদেরই লোকেরা মাইকে করে ফুকে সভার ব্যবস্থা করলেন, কারিয়াপ্পা বক্তৃতা করলেন। তিনি একদিকে-ত কমিউনিস্ট দমন করলেনই, কিন্তু আর একদিকেতে তিনি পণ্ডিত নেহরুর নীতিগুলিকে আঘাত করে গেলেন। অর্থাৎ পশ্চিমবঙ্গের দলগত স্বার্থসিদ্ধি হয় তাতে ভারতবর্ষের জাতীয় নীতি ব্যাহত হয়ে যাক এই যদি মনোভাব হয় পশ্চিমবঙ্গের শাসক পার্টির, তাহলে অত্যন্ত দুঃখের কথা। কাজে কাজেই আমি অনুরোধ জানাবো এই প্রতিরক্ষা ব্যবস্থার মধ্যে এই দলগত নীতি অনুসরণ না করে জাতীয় যে নীতি পণ্ডিত নেহরুর নেতৃত্বে অনুষ্ঠিত হচ্ছে, আসুন আমরা সকলে মিলে সেই নীতির পিছনে দাঁড়িয়ে ভারতবর্ষকে অজেয় করে তুলি এবং আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে নিশ্ছিদ্র করে তুলি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত মহাযুদ্ধের সময় যারা সিভিল ডিফেন্সে ছিল এবার ঠিক তার উল্টো—তখন ইংরাজের খয়ের খাঁ যাঁরা তারা ছিল এ আর পি-তে, অর্থাৎ আমাদের বিরোধী দলের কমিউনিস্ট বন্ধুরা। এবার তারা বাদ, কারণ এবার ন্যাশনাল ডিফেন্স। আর একটা আমি বলি, সেটা হচ্ছে গত যুদ্ধের সময় অ্যারোপ্লেনের গতি ছিল, বোম্বারগুলির, ১৫০ থেকে ২০০ মাইল ঘণ্টায়; এখন সেই জায়গায় দেখা যাচ্ছে সুপারসনিক জেট ১৩ শত মাইল ঘণ্টায় গিয়ে বোম্ব করে আসবে। গতবার ৫ শত হাজার পাউণ্ডের বোম পড়লেই আমাদের বিরাট বিরাট জায়গার ক্ষতি হোত, এবার ১০ হাজার পাউন্ড, ২০ হাজার পাউন্ড বোম্ব তৈরী হয়েছে, তা সারা দেশকে নষ্ট করে দেবে। আমি সেইজন্য বলছি এবার সিভিল ডিফেন্সের যে ব্যবস্থা হচ্ছে, অবশ্য সিভিল ডিফেন্সের ব্যবস্থা আমাদের করতে হবে, কারণ, ইনসেনডিয়ারি বম্ব যেগুলি পড়বে ছোট ছোট, সেগুলি আগুন জ্বালিয়ে দেবে, আমরা ঘরে ঘরে লোক ঠিক করে সেগুলিকে নিভাবো। আমাদের বন্ধু ডাঃ কানাই ভট্টাচার্য যেকথা বললেন, রাস্তার লাইটগুলিতে ঠোঙ্গা লাগান হয়নি এখনও, গাড়িতে এখনও করা হয় নি, কথাগুলি তিনি বলেছেন ঠিকই, গত যুদ্ধের এক্সপিরিয়েন্স থেকে। এবার হয়ত তিনি লক্ষ্য করে দেখবেন কলকাতার বড় বড় রাস্তাগুলি যেখানে আগে তিনটি করে ৫০০ পাওয়ারের বালব জ্বলতো সেখানে এখন ৫০ বা ১০০ পাওয়ারের একটা বালব জ্বলছে। এবারকার বোম্বিং টারগেটকে দেখে বোম্ব করা হবে না। তার কারণ হচ্ছে এবার কারপেট বোম্বিং হবে। কলকাতা শহরে হয়ত দুই হাজার বোম্বার এলো এবং বোম্ব করে চলে গেল। ঠিক সেইজন্য ৫ হাজার ফিট উপর থেকে তারা বোম্ব করবে। ৫ হাজার ফিট উপর থেকে, যারা এক্সপিরিয়েন্সড ম্যান তাদের কাছ থেকে শুনেছি, বর্তমানে যে স্ট্রীট লাইট আছে সে লাইট দেখা যায় না। চাঁদের আলোর কত মনে হবে, শহর বা অন্য কিছু মনে হবে না। সেদিক থেকে কর্পোরেশনের তরফ থেকে এবং সিভিল ডিফেন্সের যিনি নাকি কন্ট্রোলার, তিনি সেটার ব্যবস্থা করেছেন। আরো করা উচিত আমরা একটু স্লো হয়ে গিয়েছি। আমি সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করবো। আমি জানি এতে দু'-এক লক্ষ টাকার প্রয়োজন নয়, এক কোটি টাকার উপরে খরচ হবে বাৎসরিক। আমি শুধু কলকাতার কথা বলছি সমস্ত বাংলাদেশের কথা বলছি না, তার জন্য আরো বেশী টাকার প্রয়োজন। সেইজন্য টাকার যে প্রয়োজন সেই টাকা সম্বন্ধেও সরকারকে চিন্তা করতে হবে। কারণ, শুধু লোক নিলেন, ধরুন যেখানে ২০০ লোক প্যারেড করছে সেখানে ১০ হাজার লোক নিলেন, তাহলে সঙ্গে সঙ্গে তার সাজসরঞ্জাম চাই, অফিসার চাই, ট্রেনিং দেবার জন্য ট্রেনিং মাস্টার চাই, তাতে পয়সার দরকার।

[12-50—1 p.m.]

এই দিকে ট্যাক্স বাড়ালে চেঁচামেচি করছেন। পয়সা তো ট্যাক্স থেকে আসবে, তাছাড়া তো আসবে না। সেইজন্য সেদিকেও চিন্তা করতে হচ্ছে সরকারকে। আর যেটা হোমগার্ড সম্বন্ধে বলেছেন, এই হোমগার্ডের মধ্যে কিছু কিছু যে অবাঞ্ছিত লোক যাবে না একথা হলফ করে বলতে পারি না। পি ডি অ্যাক্টের যারা আসামী, পি ডি অ্যাক্টে যারা জেল খেটে এসেছে তারাও এতে নাম লিখিয়েছে। অবশ্য আমরা জানি কয়েকদিন পরে তাদের সেখান থেকে বিদায় নিতে হবে কারণ তাদের পুলিস ভেরিফিকেসন হবে। একটা জিনিস আমি বলে রাখি আমরা লক্ষ্য করে দেখেছি পুলিসও যে ধোয়া তুলসীপাতা তা নয়। পুলিসের মধ্যেও অনেক প্রো-কমিউনিস্ট পারসোনেল আছে। তাদের দলীয় লোককে হোমগার্ডে ও সিভিল ডিফেন্সে তারা পুস করবার চেষ্টা করছে। কাজেই লোকাল থানা, এস বি-র কাছে এই ভেরিফিকেসনের ভার দিলেই হবে না, সেখানে একটা স্ক্রুটিনি কমিটি করা দরকার। সেখানে আমাদের বামপন্থী বন্ধুদের মধ্যে কমিউনিস্টরা বাদে অন্যান্য বামপন্থী বন্ধুরা এবং আমরা সিলেক্ট করে একটা স্ক্রুটিনি কমিটি করব। ডক্টর কানাই ভট্টাচার্য বললেন যে, খারাপ খারাপ লোককে প্যারেড করতে দেখে ভাল লোক যারা তারা এতে যাবে না। কাজেই একটা স্ক্রুটিনি কমিটি করা দরকার যাতে খারাপ এবং বাজে লোকেরা এর মধ্যে না যায়। উনি যেটা বললেন পার্টির লোক হিসেবে তার সঙ্গে আমি একমত নই—হয়ত কোথায়ও হতে পারে। আমি জানি আমার এলাকায় ইলেকসনে যিনি আমার সঙ্গে বিরোধিতা করেছেন, ফরোয়ার্ড ব্লকের লোক, কানাইবাবুর দলের লোক তাঁকে বলেছিলাম আপনি আসুন আমাদের পোস্ট ওয়ার্ডেন হিসেবে থাকবেন আর আমি আপনার নীচে সিকিউরিটি

ওয়ার্ডেন থাকব। আপনি আমার বস্ থাকবেন। কিন্তু তিনি আসেন নি। আমি টেলিফোন করেছি, ও'দের যিনি কাউন্সিলার আছেন তাঁকেও ইনভাইট করেছি সেই পোস্ট ওয়ার্ডেনের পোস্ট নেবার জন্য বা সাবডিভিসনাল ওয়ার্ডেন হবার জন্য। এখানে যেটা উনি ভাবছেন সেটা হচ্ছে হয়ত আমরা পার্টিগত স্বার্থসিদ্ধির জন্য এই অর্গানাইজেসন করেছি। চীনারা যদি আসে তাহলে কংগ্রেসীকে কেবল বেছে বেছে মারবে না, কমিউনিস্টরা হয়ত এড়িয়ে বাঁচতে পাবেন, কিন্তু আপনারা বাঁচতে পারবেন না। এখানে পার্টিগত কোন জায়গা হতে পারে না। গভর্নমেন্ট পলিসি যদি তাই হোত তাহলে হেমন্তবাবু অ্যাডভাইসরি কমিটিতে থাকতে পারতেন না, পি এস পি-র সুনীল দাসও থাকতে পারতেন না। আমরা কংগ্রেস পার্টি হিসেবে সকলকেই চাই, ন্যাচারালী আমাদের কাছে ইনস্ট্রাকসন এসেছে কমিউনিস্ট পার্টিকে বাদ দিয়ে সকলের সঙ্গে একই প্ল্যাটফর্মে বক্তৃতা করব, একই কথা বলব। সকলে মিলে একই সঙ্গে যুদ্ধোদ্যমে সাহায্য করব। কোন জায়গায় অন্য রকম হতে পারে তা অস্বীকার করি না। কিন্তু কোন জায়গায় যাতে তা না হয় তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। আমরা যে সমস্ত ন্যাশনালিস্ট পার্টি আছি যাদের শিকড় এ দেশে তারা সকলেই এক সঙ্গে এই যুদ্ধোদামে সাহায্য করতে পারে। আমরা সকলে ঐক্যবদ্ধ হয়েছি। কোলকাতায় আমরা দেখেছি বহু ক্ষেত্রে বহু ফরোয়ার্ড ব্লকের লোক নিয়েছি, পি এস পি-র লোক নিয়েছি এই সিভিল ডিফেন্সের ব্যাপারে। হোমগার্ড ব্যাপারটা এখনও খুব ভাল করে স্টাডি করিনি। শুনেছি সেখানে কিছু অনাচার চলেছে। সেটা স্ক্রুটিনি করা দরকার। আমি যে সাজেসন দিলাম এই রকম স্ক্রুটিনি কমিটি হলে পর কোনরকম আনডিজায়ারেবল এলিমেণ্টস এর মধ্যে আসতে পারবে না। আমার বন্ধু পাঁচুবাবু বললেন কমিউনিস্ট পার্টির লোক নেওয়া দরকার, আমি তার ঘোরতর বিরোধিতা করি। আমাদের বাংলাদেশের সমস্ত স্বাধীনতাকামী মানুষ, দেশপ্রেমী মানুষ এর বিরোধিতা করবে। কেননা, এখনও পর্যন্ত আমরা তাঁদের রূপ পরিস্কারভাবে দেখতে পাইনি। আমরা তাঁদের বিশ্বাস করি না, দেশও তাঁদের চায় না, তাঁদের বিশ্বাস করে না। আমি তো সরকারকে বলবো এ'রা প্রমাণ করুক এ'রা দেশপ্রেমিক। এ'রা নেহরুর নাম যতই নিক, এ'দের যে চৌ-এন্ লাইয়ের মুখস রয়েছে সেটা আমরা জানি। এ'রা নেহরুর আচকানের তলায় মুখ লুকাবার যতই চেষ্টা করুন না কেন, এ'দের আমরা বিশ্বাস করি না। সুতরাং আর আমরা ভুল করবো না। হয়ত আমাদের নেতৃবৃন্দ ভুল করে থাকতে পারে, আমরা তার মাসুল দিচ্ছি। সেই ভুল করে আমাদের এতগুলি জোয়ানের প্রাণ গিয়েছে, সেই ভুলের জন্য মাসুল দিতে হয়েছে। কাজেই আমরা আর ভুল করবো না। আমাদের ভয় এইজন্য যে এরা হচ্ছে শনিগ্রহ। এরা যার দিকে তাকাবে, নজর দেবে, তার সর্বনাশ হবে। এ'রা আমাদের ডিফেন্স মিনিস্টার কৃষ্ণ মেননকে এমন তুলে ধরে-ছিলেন, এমন প্রশংসা করলেন, যে শেষ পর্যন্ত তিনি বাধ্য হলেন পদত্যাগ করতে। এ'রা আজকে নেহরুর প্রশস্তি গাইছে। ভগবান যেন না করেন নেহরুর কিছু হয়। কিন্তু এ'দের নজর পড়লে তাঁর সর্বনাশ হতে পারে, এটা আমি জোর গলায় বলতে পারি। তাই আমি বলছি, আমি হাত জোড় করে বারবার বলছি ভারতবর্ষের স্বাধীতা রক্ষার জন্য পণ্ডিত নেহরুর প্রয়োজন আছে, ভারতের ৪৪ কোটী নরনারীর স্বাধীনতা রক্ষার জন্য নিশ্চয় পণ্ডিত নেহেরুজীর প্রয়োজন আছে, কিন্তু দয়া করে আপনারা পণ্ডিত নেহেরুর নাম করবেন না। তাঁর নাম আপনারা করলে আমি এই কথা বলতে বাধ্য হব, আরও লোক ক্ষেপে যাবে। যাই হোক, স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের সমস্ত মেম্বরদের, আপনি ধরে নেবেন কমিউনিস্ট মেম্বরদের বাদ দিয়ে বলছি, আমি চাই যাঁরা এম এল এ আছেন, তাঁরা সকলে সিভিল ডিফেন্স এবং হোমগার্ড বাহিনী যেটা তৈরি হবে তাতে যোগ দিন। এখানে যদি কেউ মনে করেন আর এস পি বুঝি একটু শক্তিশালী হয়ে গেল, বা ফরওয়ার্ড ব্লক একটু শক্তিশালী হয়ে গেল, বা আমরা একটু নীচে নেমে গেলাম, অথবা কেউ যদি মনে করেন কংগ্রেস পার্টি দলীয় স্বার্থ নিয়ে লড়াই করছে তাহলে ভুল করা হবে। কারণ এখানে হচ্ছে জয়েন্ট ফ্রন্ট। এখানে আমাদের ভিন্ন কথা নেই। অবশ্য ইলেকসন যখন আসবে তখন রাজনীতির লড়াই করবো। কিন্তু এটাত ঠিক, এ দেশ আমাদের - আমাদের এই মাতৃভূমিকে আমাদের সকলকে মিলে রক্ষা করতে হবে। যদি কেউ ভেবে থাকেন, যেমন ডাঃ ভট্টাচার্জি বলেছেন চীনেরা চলে গিয়েছে, অতএব আমরা যেন একটু শিথিল হয়ে গিয়েছি, তাহলে ভুল বোঝা হবে। চীনেরা চলে যায়নি, এখনও তারা ভারতভূমি ত্যাগ করে চলে যায় নি। এখনও তারা এদিক ওদিক ঘোরাফেরা করছে। আমাদের লোকের মনে তারা একটা কি যেন এনে দিয়েছেন, যার ফলে লোকে বলতে শুরু করেছে যুদ্ধ ত থেমে গিয়েছে, আর কি দরকার এসব করার।

অতএব এটা সম্পূর্ণ ভুল ধারণা। এই ধরনের ভুল ধারণা নিয়ে, তাঁরা কিছুদিন আগে চৌ-এন লাই সাহেবকে বলেছিলেন একটু ধাক্কা দাও ভারতভূমিকে, তাহলে দেখবে ভারতবর্ষের ৪৪ কোটী নরনারী তোমার পায়ে লুটিয়ে পড়বে। সেটা একটু এডভান্স বলেছিলেন জ্যোতিবাবু। তাই অবস্থাটা একটু খারাপ হয়ে পড়েছে। কারণ তিব্বতীরা দেশ ছেড়ে পালিয়ে গেল কিন্তু, ভারতবর্ষে ৪৪ কোটী মানুষ থাকে, তাদের ভারতভূমিকে দখল করা দু-চারজন কমিউনিস্ট-এর কাজ নয়, বা দু-চার লক্ষ কমিউনিস্টের কর্ম নয় যে, ভারতভূমিতে এইরকম অপপ্রচার করে ভারতবর্ষকে দখল করবে। সেইজন্য আমি বারবার করে এ'দের হুঁসিয়ার করেছি—এ'রা যে অপপ্রচার করছেন, [এখানে নীলবাতি জ্বলে ওঠে] স্যার, আমি আরও তিন, চার মিনিট সময় চাই। তাঁরা সেটা প্রচ্ছন্নভাবে করছেন। আমরা আজ কি দেখছি? তাঁরা জায়গায়, জায়গায় কমিউনিস্ট পোস্টার দিচ্ছে, 'পণ্ডিত নেহেরুর হাতকে জোরদার করো।' 'প্রতিক্রিয়াশীল থেকে হুঁসিয়ার, সাবধান।' আমি তাঁদের প্রশ্ন করি আজ ভারতবর্ষে প্রতিক্রিয়াশীল কারা? ভারতবর্ষে যদি প্রতিক্রিয়াশীল কেউ থাকে, বেইমান কেউ থাকে, তাহলে সে কমিউনিস্ট পার্টির লোক, আর কোন পার্টির লোক নয়। আর সব পার্টির লোক হচ্ছে প্রগতিশীল, তারা দেশরক্ষার জন্য রক্ত দিচ্ছে, প্রাণ দেবার জন্য এগিয়ে যাচ্ছে। তাই স্যার, আমি বলছি এ'রা ভুলে যাচ্ছেন গত মহাযুদ্ধের সময়, এ'রা কি বলেছিলেন প্রতিক্রিয়াশীল অ্যাংলো-অ্যামেরিকানের কাছে? আমরা জানি গত মহাযুদ্ধের সময় এ'দের পিতামহ স্ট্যালিন সাহেব নিল ডাউন হয়ে, গলায় গামছা দিয়ে ঐ প্রতিক্রিয়াশীল অ্যামেরিকান রুজভেল্ট সাহেবের সঙ্গে হাত মিলিয়ে, গলবস্ত্র হয়ে বলেছিলেন "প্রভু ঐ হিটলারের কবল থেকে বাঁচাও, আমাদের খাদ্য দাও, বস্ত্র দাও, অস্ত্র দাও।" তাঁদের কাছ থেকে হাজার হাজার কোটী টাকা নিয়ে বসে আছেন, এখনও পর্যন্ত তা এ'রা শোধ করেন নি; সে কথা কি এ'রা ভুলে গিয়েছেন? আজকে আমেরিকা, ইংলন্ড আমাদের সাহায্য করবার জন্য এগিয়ে আসছে যখন চীনেরা আমাদের মায়ের আঁচল ধরে টানাটানি করছিল। এই বেইমান কমিউনিস্টরা যখন ভারতমাতার আঁচল ধরে টানাটানি করছে—তখন বিদেশী রাষ্ট্রেরা এসেছে আমাদের হাতকে জোরদার করতে, এই সময় এ'রা বলছেন প্রতিক্রিয়াশীল আমেরিকা থেকে দূরে থাকো। কেন আমরা চিরকাল এই বন্ধুত্বের কথা বলবো না? সুতরাং তোমরা যতই বলো, যতই কাঁদো, আমেরিকা, ইংলন্ড, অস্ট্রেলিয়া, প্রভৃতি এইরকম সাতটি দেশ, সবাই, যারা আমাদের যুদ্ধে সাহায্য করছে, তাদের সঙ্গে আমরা চিরকাল বন্ধু হিসাবে থাকবো। কমিউনিস্ট কখনও কারও সঙ্গে বন্ধুত্ব স্থাপন করতে পারে নি। কমিউনিস্ট কখনও কোনদিন কারও বন্ধু হয়েছে পৃথিবীর ইতিহাসে নেই। অতএব কমিউনিস্টদের আমরা কখনও বন্ধু হিসাবে মনে করতে পারি না, কোনদিন মনে করতে পারবোও না।

[1—1-10 p.m.]

Shri Nani Bhattacharjee:

শ্রদ্ধেয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে আর একটু বিস্তৃত রিপোর্ট আশা করেছিলাম অসামরিক প্রতিরক্ষার ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই সম্বন্ধে। এর আগে প্রায় মাস খানেক আগে ২৮এ নবেম্বর তারিখে এখানে বাংলাদেশের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা কিভাবে হবে সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত গ্রহণ করে-ছিলেন। এবং সেখানে কতকগুলি নীতি ঠিক করা হয়েছিল—তার মধ্যে প্রথম নীতি হচ্ছে যে পশ্চিম বাংলায় সিভিল ডিফেন্স অর্গানাইজেসন এমনভাবে গড়ে তুলতে হবে যেটা পিপলস ওন অর্গানাইজেসন হবে এবং সেটা ব্যুরোক্রেটিক অর্গানাইজেসন হবে না। সে সম্বন্ধে পরিষ্কার ঘোষণা ছিল সেই সময়। আমি সেই সঙ্গে আর একটি বিষয় লক্ষ্য করেছি। সেখানে প্রোগ্রামের মধ্যে ছিল যে কতকগুলি এরিয়া সিভিল ডিফেন্স-এর আওতায় নিয়ে আসা হবে। সেগুলি হচ্ছে কলকাতা, হাওড়া, বরানগর থেকে কাঁচড়াপাড়া পর্যন্ত, আর এদিকে বজবজ অন্য দিকে শিল্প এলাকাগুলি যেমন দুর্গাপুর, আসানসোল, খড়্গপুর এবং উত্তরবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, কালিম্পঙ এবং শিলিগুড়ি, এই সমস্ত অঞ্চলে যাতে সিভিল ডিফেন্স অর্গা-নাইজেসন তাড়াতাড়ি গড়ে উঠে গণতান্ত্রিক ভিত্তিতে গড়ে উঠে পিপলস ওন অর্গানাইজেসন হিসাবে গড়ে ওঠে সেই কথাটা মাসখানেক আগে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবু সাংবাদিকদের সভায় সেই সময় ঘোষণা করেছিলেন। সেই নীতির ভিত্তিতে সেই সমস্ত অঞ্চলে (অন্য অঞ্চলের কথা আমি বলবো না) সেই সমস্ত অঞ্চলে কি ধরণের প্রতিরক্ষা সংগঠন কিভাবে

গড়ে উঠবে—জেলা থেকে আরম্ভ করে মহকুমা থানা গ্রামাঞ্চল সে সম্বন্ধে বিস্তৃত রিপোর্ট আশা করি তিনি যখন তাঁর শেষ বক্তৃতা দেবেন তখন তিনি এ সম্বন্ধে আলোকপাত করবেন। যেটুকু রিপোর্ট আমরা পেয়েছি সেই ধরনের সংগঠন গড়ে ওঠে নি এবং পশ্চিমবঙ্গ সরকার খুব দুঃখের হলেও আমি বলবো সময়ের সঙ্গে তাল ফেলে চলতে পারছেন না। আমি গত অধিবেশনে পরিষ্কারভাবে বলেছি এবং এখানে আরও অনেকে বলেছেন যে চীনের যুদ্ধ বিরতি এবং চীন যে পিছিয়ে সরে যাচ্ছে সেই অবস্থাটা যেন দেশের মধ্যে আত্মসন্তুষ্টির মনোভাব না আনে, নিশ্চিন্তভাবে মনোভাব না আনে, বিশেষ করে ভারত সরকার কি বংলা সরকার-এর মনোভাবে নিশ্চিন্ততার মনোভাব যেন না আনে। অন্যদিকে এই সুযোগে দ্বিগুণ তৎপরতার সঙ্গে আমাদের তৈরি হতে হবে। দেশ রক্ষার যে সমস্ত ত্রুটি বা অসামরিক ক্ষেত্রে যে সমস্ত ত্রুটি এবং অপূর্ণতাগুলি রয়েছে তা যেন আমরা তাড়াতাড়ি কাটিয়ে উঠতে পারি। সেই দিকে তাকিয়ে একথা বলা জরুরী হয়ে উঠেছে যে পশ্চিমবঙ্গ সরকার সময়ের সঙ্গে তার ফেলে এখনও চলতে পারছেন না। ধরা যাক সেই সময়ে প্রোগ্রামের মধ্যে ছিল যে ২ লক্ষ ভলেন্টিয়ার ফোর্স সংগ্রহ করা হবে। আজ এক মাস চলে যাচ্ছে এই ঘোষণা করার পরে কত হাজার ভলেন্টিয়ার ফোর্স বংলাদেশে সংগৃহীত হয়েছে এ সম্বন্ধে আমাদের রিপোর্ট থাকা দরকার। এতে পরিষ্কার বোঝা যাবে যে আমরা কতদূর এগিয়েছি। অন্যদিকে বিভিন্ন বিষয়ে হোমগার্ড বাহিনী এবং গহরক্ষী বাহিনীর এখানে কি পরিমাণ লোককে শিক্ষিত করে তোলা হয়েছে সে সম্পর্কে পরিষ্কারভাবে কেন আদৌ কোন রিপোর্ট মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে পেলাম না। গৃহরক্ষী বাহিনী রিক্রুটমেন্ট সম্বন্ধে বহু দৃষ্টান্ত দিতে পারি। সেখানে নানা অজুহাতে যারা নাম লিখিয়েছিল তাদের নাম বাদ দিয়ে দেওয়া হয়েছে। অনেক ক্ষেত্রে অনেক কথা বলা হয়েছে সেগুলির সম্বন্ধে সত্য মিথ্যা যাচাই করে নেওয়া দরকার। সেখানে সার্কুলার পর্যন্ত এসেছে যে রেসপেকটেবলেব মধ্যে থেকে যেন নেওয়া হয়। চা-বাগান এলাকার কথা বলছি। সেখানে ম্যানেজার, অ্যাসিস্টেযান্ট ম্যানেজার এবং কর্মচারীদের মধ্যে থেকে নেওয়া হয়েছে। কিন্তু কর্মচারীদের সঙ্গে ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজারদের এক সঙ্গে ড্রিল করতে হবে এই লজ্জায় ম্যানেজার, অ্যাসিণ্ট্যান্ট ম্যানেজার তাদের নাম কাটিয়ে নিয়েছে। কিন্তু ওখানকার যারা শ্রমিক যারা লিডিং ওয়ার্কার তাদেরকে গৃহরক্ষী বাহিনীতে রিক্রুট করা হয় নি। তেমনি আবার বহু অবাঞ্ছিত লোককে যারা অ্যান্টিসোস্যাল ওয়ার্কে লিপ্ত আছে তাদের নেওয়া হচ্ছে এবং শেখানো হচ্ছে। কিন্তু যারা সাহসী এবং যারা বিভিন্ন কাজকর্ম এগিয়ে থাকে যারা পাঁচজনের উপকার করে তাদেরকে নেওয়া হয় নি। এর ভূরি ভূরি দৃষ্টান্ত বিভিন্ন জেলা থেকে দেওয়া যায় এবং দিতে পারা যায়। এ আর পি ট্রেনিং-এ যে সমস্ত প্রোটেকসন নেওয়া দরকার সে সম্বন্ধে শিক্ষা দেওয়ার জন্য আমরা শুনেছি যেমন কলকাতার জন্য ব্যবস্থা গ্রহণ করছেন, তেমনি উত্তরবঙ্গের জলপাইগুড়িতেও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই বলে ঘোষণা করা হয়েছে। কিন্ত নিষ্প্রদীপ মহড়া ছাড়া আর কোন ব্যবস্থাই গ্রহণ করা হয় নি উত্তরবঙ্গে। এই অবস্থা চলছে। সে সময় বলা হয়েছিল যে ভলেন্টিয়ার ফোর্স গৃহরক্ষী বাহিনী যাদের নিয়ে গঠিত হবে তাদের ইউনিফর্ম দেওয়া যাবে না। কিন্তু আমি বলতে পারি পুলিসের যারা বড় কর্তৃপক্ষ যারা এই ব্যবস্থাপনায় আছেন তাদেরকে আমি বলেছিলাম যে এখনই ইউনিফর্মের দরকার নেই, ইউনিফর্ম যখন পাওয়া যাবে তখন সরবরাহ করলেই চলবে। এখন না হয় তারা মালকোচা মেরেই শিখবে, এখন তারা ড্রিল শিখুক, ডিসিপ্লিন মুভমেন্ট কিভাবে হয় তা শিখুক এবং অন্যান্য যে সমস্ত বিষয়ে শেখার দরকার তা তারা শিখুক। তারা বলেছিলেন যে রাইফেলের বড় অভাব সেইজন্য রাইফেল ট্রেনিং এখনই সব জায়গায় চালু করতে পারছেন না। আমি বলেছি রাইফেল দেওয়া না হয় তারা লাঠি দিয়েই শিখুক। দুই একটা রাইফেল দেওয়া হোক, তা দিয়ে তারা রাইফেল ট্রেনিং শিখতে পারে এবং সেইভাবেই আমরা বলেছিলাম এবং এক মাস আগেও যে ঘোষণা ছিল তাতেও এ কথাটা ছিল, বিশেষ করে জলপাইগুড়ি এবং কোচবিহার এই দুটো জেলা সম্বন্ধে এ বিষয়ে পরিষ্কার ঘোষণা ছিল। কিন্তু এখানে বলা হয়েছিল যে সেখানে রাইফেল সুটিংয়ের যে সমস্ত বন্দোবস্ত হওয়া দরকার সেগুলি হয়ে গিয়েছে। অথচ উত্তরবঙ্গে সেইরকম ন্যাশনাল ভলেণ্টিয়ার রাইফেল বাহিনী গঠন করা বা লোক সংগ্রহের চেষ্টা আমরা দেখি নি। অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সম্বন্ধে ২।৩টি জিনিস বলা দরকার। সেটা হচ্ছে এই যে ফ্রন্টে যখন যুদ্ধ চলে দেশের

লোককে নানাভাবে তৈরি থাকতে হয় তখন। যুদ্ধবিদ্যা সম্বন্ধে তৈরি থাকতে হয়। কমপালসারি যুদ্ধবিদ্যা ট্রেনিংয়ের কথা নীতিগতভাবে স্বীকার করেছিলেন কিন্তু সেই কমপালসারি মিলিটারী ট্রেনিং ব্যাপারে এখনও পর্যন্ত কিছুই করা হয় নি।

[1-10—1-20 p.m.]

সেটা যেমন একটা কথা অন্য দিকে ইন্ডাস্ট্রিয়াল ট্রাস বা ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন যাতে বাড়ে এগ্রিকালচারাল প্রোডাকশন যাতে বাড়ে সেদিকে নজর দেওয়া উচিত। সেদিকে আমরা দেখেছি আজকে ইণ্ডাস্ট্রিয়াল ট্রাস-এ রেজলিউশন হয়েছে যে প্রত্যেকটা ট্রেড ইউনিয়ন, কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন থেকে আরম্ভ করে প্রত্যেকটা ট্রেড ইউনিয়ন যে ইন্ডাস্ট্রিয়াল ট্রাস-এ স্বাক্ষর করেছে এবং অন্যান্য ট্রেড ইউনিয়ন অঙ্গীকার করেছেন যে, ইণ্ডাস্ট্রিয়াল ট্রাস তাঁরা মানবেন এবং ইমপ্লিমেন্ট করবেন। তাঁরা এটা কার্যতঃ ইমপ্লিমেন্ট করছেন বলে জানি, কিন্তু এটা করতে গিয়ে কতকগুলি যে বিপদে পড়েছি সেগুলি আমি দেখাচ্ছি। মনীন্দ্র কটন মিলের কথা ধরুন, সেখানে ৬০টা তাঁত বন্ধ হয়ে আছে এবং ১ মাসের মধ্যে ৩০টা তাঁত বন্ধ হয়েছে. স্টেপ অফ প্রোডাকশন যেখানে বলা হচ্ছে সেখানে ৯০টা তাঁত বন্ধ হয়ে গেছে, ঠিক তেমনি ছোট ছোট শিল্প ইঞ্জিনীয়ারিং শিল্প, স্বর্ণশিল্প বন্ধ হয়ে যাচ্ছে। এ অবস্থায় পড়ে যেগুলোর প্রতিকার পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে হবে অবিলম্বে সেগুলি চিন্তা করা দরকার। তেমনি চা বাগানের ক্ষেত্রেও ধরুন। চুনীয়া ঝোরা চা-বাগানের কর্মচারীরা ৩ মাসের পর্যন্ত বেতন পাচ্ছেন না, এইভাবে অনেক জায়গার কর্মচারীরা ২ মাসের বেতন পান নি এবং এমন কি ৬ মাস পর্যন্ত বেতন পান নি; আমরা ডেপুটি কমিশনার, এস পি, অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, ডেপুটি লেবার কমিশনার, লেবার কমিশনারকে বলেছি, অথচ আজ পর্যন্ত বেতন দেবার যে ব্যবস্থা তা হয় নি। হয়ত এর মধ্যে এক মাসের বেতন দিয়ে থাকবে কিন্তু এ অবস্থা সেসব জায়গায় চলছে। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস একতরফা নয়। ২ তরফা হওয়া উচিত। আমরা আমাদের দায়িত্ব পালন করেছি কিন্তু মালিকরা তাঁদের দায়িত্ব প্রতিপালন করেন না, তাঁরা তাঁদের দায়িত্ব প্রতিপালন যাতে করেন সেই ব্যবস্থা গভর্নমেন্টএর তরফ থেকে যদি যথোচিত না হয় তাহলে মুস্কিল, সে দিকে গভর্নমেন্ট কতখানি করছেন—সে সব বন্ধ করার জন্য সে সব জানা দরকার। প্রাইস লাইন সম্বন্ধে একই কথা এগুলি অসামরিক প্রতিরক্ষার মধ্যে পড়ে, আপনারা জানেন সেন্ট্রাল সিটিজেন্স ইকনমিক কমিটি তৈরী হয়েছে, এখানেও ইকনমিক কমিটি হয়ত তৈরী হবে সেই ইকনমিক কমিটির চার্জএ শঙ্করদাস বাবু থাকবেন, সেখানে হোল্ডিং প্রাইস লাইন একটা হবে—বাংলাদেশে যাতে প্রাইস ঠিক থাকে সেটা দেখা একটা অন্যতম কর্তব্য হবে এই সাব-কমিটির, কিন্তু আমরা দেখছি জিনিষপত্রের দাম বাড়ছে, বিশেষ করে উত্তরবঙ্গে ইতিমধ্যে শুনেছি যে জিনিষপত্রের দাম অত্যধিক বেড়ে গিয়েছে। অবশ্য নূতন ধান ওঠবার পর ধানের দাম কিছুটা নেমেছে এই অবস্থা চলছে। এই রকম ভাবে দেখা যায় যে প্রাইস লাইন সম্বন্ধে ভালভাবে করার ব্যবস্থা রাখতে হবে, অন্যদিকে গ্রামে হোক সহরে হোক জনসাধারণের মধ্যে যে স্বতঃস্ফূর্ত জাগরণ দেখা দিয়েছে দেশরক্ষার ব্যাপারে স্বতঃস্ফূর্ত জাগরণের উপরে প্রতিরক্ষা ব্যবস্থার বনিয়াদ গড়ে তুলতে হবে, সেখানে পার্টিবাজী করা উচিত নয়। সেজন্য সংখ্যাগরিষ্ঠ হিসাবে কংগ্রেস যদি মনে করেন দেশরক্ষার কাজ তাঁদেরই এবং এই আপতকালীন অবস্থার সুযোগ নিয়ে তাঁরা তাঁদের দলীয় সংহতি বাড়াবার চেষ্টা করবেন অন্য দলগুলিকে নষ্ট করবার চেষ্টা করবেন, তাহলে তাঁরা ভুল করবেন এবং তাতে হয়ত তাঁদের দল বাঁচবে, তাতে দেশ বাঁচবে না, কারণ দেশ সমস্ত দলের উর্ধ্বে. শাসন ক্ষমতা আজকে কংগ্রেসেরই আছে সুতরাং তাঁদের দিক থেকে এ উদারতা দরকার, তাঁদের দিক থেকেই সবচেয়ে বেশী গণতান্ত্রিক ব্যবহার দেশ চায়। সেদিকে তাকিয়ে তাঁরা চলবেন এ প্রত্যাশা আমি রাখবো।

Shri Somnath Lahiri:

স্যার, ক্যাবিনেট মিনিস্টার কাউকে দেখছি না, কে নোট নিচ্ছেন?

The Hon'ble Smarajit Bandyopadhyay: I am taking notes.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে আলোচনার অবতারণা করা হয়েছে তার সম্বন্ধে আমার পূর্বে যাঁরা বলে গেলেন তাঁদের সঙ্গে অনেক বিষয়েই আমরা একমত। তথাপি আমাদের পার্টির তরফ থেকে আমরা এই ন্যাশনাল ডিফেন্সটাকে কিভাবে দেখি এটা আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। ন্যাশনাল ডিফেন্স এই কথাটা তখনই আসবে বা এসেছে যখনই ন্যাশনাল ওয়ার এফোর্ট-এর প্রয়োজন ছিল। উইদাউট ন্যাশনাল ওয়ার এফোর্ট, ন্যাশনাল ডিফেন্স-এর কোন প্রশ্ন আসে না, ন্যাশনাল ওয়ার ওয়েজ হওয়া ছাড়া। সেদিক দিয়ে ন্যাশনাল ডিফেন্স আজকে দেখতে হবে ন্যাশনাল ওয়ারটা যেটা আমাদের ঘাড়ের উপর এসে চেপেছে সেটাকে আমরা কিভাবে কত সুন্দরভাবে ও সুস্থভাবে এগিয়ে নিয়ে গিয়ে আমাদের ভারতবর্ষের সত্যিকারের বিজয় আমরা গঠন করতে পারি সেটার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। সেদিকে একটা কথা হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে ডিফেন্সএর ব্যাপারে একটা কথা

The best defence rests on best mobilisation of national forces.

এটা চিরন্তন কথা, বিশেষতঃ বিংশ শতাব্দীর প্রথম ভাগ থেকে যে সমস্ত যুদ্ধ হয়েছে সে যুদ্ধ থেকে এবং বিশেষ করে দ্বিতীয় মহাযুদ্ধ থেকে এটা পৃথিবী গ্রহণ করেছে। সেটা হচ্ছে কি? না, দ্বিতীয় মহাযুদ্ধে কি দেখা গেল, দ্বিতীয় মহাযুদ্ধে দেখা গেল যে, যখন প্রথম যুদ্ধ আরম্ভ হল, হওয়ার পর ফ্রান্সের রণাঙ্গনে একটা লাল সৃষ্টি হচ্ছে। ফ্রান্সের সে সময়ে যারা শাসক গোষ্ঠী ছিলেন এখন আমাদের এখানের কংগ্রেসের মত তারা এই ওয়ার এফোর্টএর জন্য যথেষ্ট চেষ্টা করলেন। কি করলেন, ম্যাজিনো লাইন আরো সুরক্ষিত করলেন, তারা বিভিন্ন দিকে ওয়ার এফোর্টএর অন্যান্য ফৌজের দিকে নেভির দিকে বেশী জোর দিলেন, আর্মডা বেশী তৈরী করলেন, কিন্তু তারা পিউপিল মোবিলাইজেশন-এর দিকে বেশী লক্ষ্য রাখলেন না, লক্ষ্য না রাখার ফলে কি হল? পিউপিল ইকনোমিক ফ্রন্ট কোলাপ্স করতে লাগলো, তারপর যাঁরা দ্বিতীয় মহাযুদ্ধের ইতিহাস জানেন তাঁরা দেখেছেন যেই কোলাপ্স করতে আরম্ভ করলো ইকনোমিক ফ্রন্ট, সেই সুযোগে নাজি জার্মেনী [illegible] কলম তারা তার মধ্যে মধ্যে ঢুকে গেল, তারপর যখন সুরু করলো জার্মানী ব্লিৎজ-[illegible] দেখা গেল যে ম্যাজিনো লাইন যেমনকার তেমনি থাকলো, ফৌজ যেমনকার তেমনি থাকলো ফ্রান্সকে সারেন্ডার করতে হলো, ব্লিৎজক্রিগ-এর কাছে শুধু নয়, পিউপিলএর ইমমোবাইলিটির কাছেও, এই যে শিক্ষাটা এ শিক্ষাটা আমাদের গ্রহণ করতে হবে, যখন ন্যাশনাল ডিফেন্স সম্বন্ধে আমরা আলোচনা করি এবং ন্যাশনাল ডিফেন্স আমাদের অবশ্য কর্তব্য হয়ে দাঁড়িয়েছে আবার দ্বিতীয় মহাযুদ্ধে রাশিয়ায় দেখুন ঠিক তার উল্টো হয়েছে—স্ট্যালিনগ্রাডের প্রতিটি ঘরে ঘরে দোতলায়, একতলায় যুদ্ধ আরম্ভ করলো এবং যখনই জার্মান আর্মি যেখানে গিয়েছে পিউপিল সেখানে রেজিসট্যান্স দিয়েছে, এই দুটো অবস্থা থেকে আমাদের শিক্ষালাভ করতে হবে তার কারণ এ শিক্ষালাভ না করলে আমরা পূর্বে যেভাবে বিজ্ঞতার ভাণ করে উড়িয়ে দিয়েছি তার ফলে আমরাই শেষ পর্যন্ত ধ্বংস হয়ে যাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে মোবাইলাইজেশন এই মোবাইলাইজেশন করবার দায়িত্ব কার? আমাদের পার্টির মতে—

To get a good mobilisation, it is incumbent upon the Government and the people

যে

what we are fighting for and what we are fighting against.

আমরা কিসের বিরুদ্ধে যুদ্ধ করছি এবং কিসের জন্য যুদ্ধ করছি। এই জিনিসটা যদি আমাদের মধ্যে না থাকে তাহলে জনসাধারণের মনের মধ্যে আমরা কখনও ওয়ার মোবাইলাইজেশন ঠিক মত করতে পারবো না, কতকগুলো অফিসিয়াল ব্যুরোক্রেসী সৃষ্টি করবো কিন্তু সেটা ঠিক হবে না। আজকে জীবনের মূল্যটা কি হবে সেটাই আজকে যুদ্ধের মধ্য দিয়ে আমাদের সামনে এসে দাঁড়িয়েছে, পৃথিবীর সামনে এসে দাঁড়িয়েছে দি ভ্যালুজ অফ লাইফ, আমাদের যে পবিত্র মাতৃভূমি তার উপর অত্যন্ত ধূর্ত অত্যন্ত আনপ্রিন্সিপলড এবং ক্লেভার একটি রাষ্ট্র যাকে আমরা নাম দিতে পারি রেড বুলস্ অফ এসিয়া তারা আমাদের সততার সুযোগ নিয়ে আমাদের বিশ্বাসের সুযোগ নিয়ে, তাদের প্রতি যে সহৃদয়তা তার সুযোগ নিয়ে তারা আমাদের

উপর ঝাঁপিয়ে পড়ে আমাদের মাতৃভূমিকে আজকে অত্যন্ত জঘন্যভাবে আক্রমণ করেছে। যখন করেছে তখন নিশ্চয়ই তাদের একটা উদ্দেশ্য আছে। লক্ষ লক্ষ সৈন্য চসই সমুদ্রের মত হিমালয় থেকে নিয়ে বমডিলা পর্যন্ত এলো, চলে গেল, একটা উদ্দেশ্য নিয়েই তারা করছে। তারা একেবারে বিনা উদ্দেশ্যে যাচ্ছে না। সেই উদ্দেশ্যটা কি সেটা আমাদের জানা দরকার, চিন্তা করা দরকার। সে উদ্দেশ্য কি? কেন চীন লক্ষ লক্ষ সৈন্য নিয়ে আমাদের দেশে ঝাঁপিয়ে পড়লো অকারণে এবং কেনই বা এ যুদ্ধ হচ্ছে? সেটাই হচ্ছে আমাদের এখন চিন্তার কথা—অত্যন্ত সহজ কথা—আজকে ডেমোক্রেটিক সোস্যালিজম্, সোস্যালিস্টিক ফ্রেমিং এই যে ইন্ডিয়া গ্রহণ করেছে, যে পদ্ধতিতে সোস্যালিজমকে আনতে চাইছে সেই পদ্ধতিতে এইটা আজকে যাচাই হতে আরম্ভ করেছে। এবং সে যাচাই হচ্ছে এই ইন্ডিয়া এমনভাবে চলেছে যাতে সমস্ত অ্যালায়েড ফোর্সেস পৃথিবীর অর্থাৎ ইস্ট-বলুন ওয়েস্ট বলুন তার পিসের মধ্যে শান্তির সময়ে সমস্ত অ্যালায়েড ফোর্সকে নূতন পথ দেখিয়েছে এই নন্‌অ্যালায়েডভাবে কিভাবে ডেমোক্রেটিক সোস্যালিজম করা যায় এবং সেটাকে আজ যদি প্রথমেই অঙ্কুরে বিনাশ না করা যায় তাহলে টোটালিটেরিয়ান ফিলসফি তা আঘাত খাবে। তারই জন্য চীনকে উদ্বুদ্ধ করেছে আমরা মনে করতে পারি। নতুবা লক্ষ লক্ষ সৈন্য নিয়ে পাঠাবার মত এতখানি তাদের পরিকল্পনা আছে বলে আমরা মনে করি না, এবং তাহলে দেখা যাচ্ছে স্যার,

What we are fighting against—"We are fighting against unabashed and glorified slavery—we are fighting against the fettered land for a free and unified world based on justice, equity and sobriety."

[1-20—1-30 p.m.]

আমাদের ফাইট হচ্ছে তারই জন্য তারই বিরুদ্ধে এবং এরই জন্য সেটা আমাদের জানা দরকার। তারপর আর একটা কথা হচ্ছে আমাদের মবিলাইজেশন-এর দায়িত্ব কার? এটা আমি আগেই বলেছি। আমাদের পার্টির তরফ থেকে আমরা বলতে চাই যে

Praja Socialist Party firmly believes that it is the party in power which is primarily destined to.

আমরা বাইরে থেকে চিৎকার করলে হবে না গভর্নমেন্টাল সেট আপ-এর দরকার। যাদের হাতে গভর্নমেন্ট আছে তাদেরই দায়িত্ব। ইতিহাস তাদের উপর দায়িত্ব ন্যস্ত করেছে যে কি ভাবে মবিলাইজেশন-টা হবে। আমরা যে মেমোর‌্যান্ডাম দিয়েছিলাম ২৯এ নভেম্বর চীফ মিনিস্টারের কাছে তিনি এখানে উপস্থিত নন, তিনি সেই মেমোর‌্যান্ডাম সম্বন্ধে অধিকাংশ বিষয়ে একমত হয়েছিলেন। সেই মেমোর‌্যান্ডাম-টার একটা বেসিস হচ্ছে এই যে আমরা তাতে কি বলেছিলাম

We have placed our services at the disposal of the nation.

আমাদের পার্টির তরফ থেকে বলা হয়েছিল

We have placed our services at the disposal of the nation. It is for the Chief Minister as the leader of the State to suggest how best to utilise them.

এটা তাঁর কাছ থেকে আমরা সাজেসান চেয়েছিলাম তার আমরা প্লেজ করেছিলাম। তারপরে আর একটা কথা হচ্ছে এই অর্গানাইজ করবার জন্য পাওয়ারফুল ডিফেন্স করবার জন্য অর্গানাইজ করবার জন্য আমরা মনে করি যে আমরা—আমাদের গভর্নমেন্টের তরফ থেকে বোল্ড প্রোগ্রাম হওয়া উচিত এবং সেই প্রোগ্রামগুলির মধ্যে কতকগুলি জিনিষ ইনক্লুড করা উচিত, সেটা হচ্ছে এই যে

Price line is as important as the defence line.

প্রাইস লাইন হচ্ছে ডিফেন্স লাইন-এর মত, যারা সামনে যুদ্ধ করছে তাদের যতখানি দায়িত্ব প্রাইস লাইনটাকে বজায় রাখা ঠিক ততখানিই দায়িত্বপূর্ণ বলে আমরা মনে করি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস এবং রিট্রেঞ্চমেন্টের যে স্টপেজ সেটাও একটা মস্ত বড় অঙ্গ—এটার সম্বন্ধে ননীবাবু বলে গিয়েছেন আমি আশা করি এটা হওয়া উচিত। তৃতীয় কথা হচ্ছে যে, ওয়াটারওয়ার্কস সম্বন্ধে একটা বেশি এমফ্যাসিস হওয়া উচিত এবং বিভিন্ন বিষয়ে সমস্ত দলকে নিয়ে এন্টিন্যাশনাল দল বাদ দিয়ে—কমিউনিস্ট পার্টি বাদ দিয়ে, বিভিন্ন ডেমোক্রাটিক অর্গানাইজেশন-কে নিয়ে একটা কমিটি গঠন করা উচিৎ এবং বিভিন্ন স্তরে তাদের সত্যিকারের ক্ষমতা তৈরী করার যে মাধ্যম সেই

আবার করলে আমরা মনে করি যে, আমাদের কার্য আজকে জয়যুক্ত হবে। আমাদের দেশ এক রোডের মুখে দাঁড়িয়েছে। আসুন, আপনারা ওপক্ষে আমরা এপক্ষে আজকে অত্যন্ত সহযোগের সঙ্গে এগিয়ে যাই, এগিয়ে গিয়ে আমরা পৃথিবীকে দেখাই যে, আমাদের যে ঐতিহ্য পিতা-পিতামহরা রেখে গিয়েছেন, আমাদের যে ইতিহাস আছে, সেই ইতিহাসকে আমরা অত্যন্ত দায়িত্ব সহকারে পালন করে পৃথিবীতে নূতন নজিরের সৃষ্টি করেছি, যেখানে আমরা একদিকে হাঙ্গার এবং স্টারভেশনের বিরুদ্ধে লড়াই করেছি—আর একদিকে বিরাট ঐক্য সৃষ্টি করে এক নূতন জগৎ সৃষ্টির সূচনা করেছি। এই বলেই আমি শেষ করছি।

Shri Anil Maitra:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা বিষয়ে আজকে যে বিতর্ক এখানে হচ্ছে তাতে বিভিন্ন মাননীয় সদস্য এবং বিশেষজ্ঞরা মনে করেন যে, বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা এবং দেশের প্রতিরক্ষা ব্যবস্থা, এই দুটির উপর সমান গুরুত্ব দেওয়া দরকার। বর্তমান যুদ্ধে শুধু প্রতিরক্ষা ব্যবস্থা করলেই দেশে যুদ্ধের জয় সুনিশ্চিত হয় না। তার সঙ্গে সঙ্গে প্রতিরক্ষা ব্যবস্থা করা প্রয়োজন। আজ অতর্কিতে আমাদের দেশ আক্রান্ত হয়েছে। প্রতিরক্ষা ব্যবস্থা আমাদের সেরকম ছিল না। তার জন্য বিভিন্ন দেশ থেকে সাহায্য আমাদের নিতে হচ্ছে এবং সেই সাহায্য পাবার পর আমরা যথেষ্ট শক্তিশালী হয়ে প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য চেষ্টা করে যাচ্ছি এবং হচ্ছে। আজকে প্রতিরক্ষা ব্যবস্থা যদিও যথেষ্ট পরিমাণে নেই তবুও আমাদের কাজ শুরু হয়েছে। তবে আমি বলব বর্তমানে যে অবস্থার মধ্যে থেকে আমাদের বেসামরিক প্রতিরক্ষার কাজ আরম্ভ হয়েছে তাতে যদিও বর্তমানে খুব বেশি কাজ দেখানোর মত হয় নি, জনসাধারণকে বুঝাবার মত হয় নি, তবুও প্রস্তুতির দিক থেকে আমি বলব এই কাজের সূচনা সমস্ত দিকে হয়েছে। এই বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থায় কলকাতা শহরের একটা বিভাগের সংগঠনের কাজে স্বেচ্ছাসেবক হিসাবে থাকতে পেরে নিজেকে ধন্য মনে করছি। আজকে দেশের অর্থনৈতিক অবস্থার দিকে এবং দেশের প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে প্রভূত অর্থের প্রয়োজন সেদিক দিয়ে আজকে সরকার আমাদের জানিয়েছেন যে, বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য দেশের জনগণের মধ্যে দেশপ্রেমের যে উদ্দীপনা এসেছে তার মধ্যে থেকে স্বেচ্ছাসেবক হিসাবে এবং স্বেচ্ছাদান হিসাবে,—শ্রমদান শুধু নয়—তাদের কাছ থেকে বিভিন্ন দান গ্রহণ করা হচ্ছে। আজকে এই প্রতিরক্ষা ব্যবস্থার জন্য ওয়ার্ডেন সারভিস, সিভিল ডিফেন্স প্রভৃতি বিভিন্ন সারভিস হয়েছে। এই ওয়ার্ডেন সারভিস সম্পর্কে, যার সঙ্গে আমি জড়িত—আমি বলতে চাই, এই কলকাতা শহরকে ৮টা বিভাগে ভাগ করা হয়েছে। এবং কয়েকটি থানা নিয়ে এক একটা বিভাগ তৈরি হয়েছে এবং সেই বিভাগের প্রত্যেকটি থানার উপর একজন বা দুইজন সংগঠক আছেন। তারপর গতবারের এ আর পি-র মত কলকাতা শহরে যেভাবে পোস্ট ক'রে ভাগ করা হয়েছিল এবারও সেইভাবে ভাগ করা হয়েছে। কিন্তু গতবারে আপনারা জানেন যে, বাড়ি রিকুইজিশন করে সেখানে সরকার থেকে পোস্ট করা হয়েছিল, এবারে এই পোস্ট করবার জন্য যারা অস্থায়ীভাবে ঘর ও টেলিফোন ইত্যাদি দিচ্ছে তা স্বেচ্ছাদান হিসাবেই গ্রহণ করা হচ্ছে। আমি আনন্দের সঙ্গে বলতে চাই আমার বিভাগ, অর্থাৎ যে বিভাগটি আমার উপর ন্যস্ত হয়েছে, তার বেশির ভাগ পোস্ট স্বেচ্ছাদান হিসাবে পেয়েছি, তারা স্বেচ্ছায় ঘর ও টেলিফোন ব্যবহার করবার জন্য দিয়েছে। আজকে বহু ডাক্তার, সম্ভ্রান্ত ব্যক্তি, উচ্চপদস্থ ব্যক্তি সেক্টর ওয়ার্ডেন হিসাবে কাজ করবার জন্য স্বেচ্ছায় এগিয়ে আসছে।

[1-30—1-40 p.m.]

প্রত্যেক পল্লীতে পল্লীতে আজকে প্রতিরক্ষায় সাহায্য করবার জন্য সংগঠন বা সমন্বয় কমিটি গঠিত হয়েছে। সেই এলাকার যাঁরা বিশিষ্ট ব্যক্তি তাঁরা বিভিন্ন পল্লীতে সভা ক'রে বিভিন্ন কাজ করবার জন্য পাড়ার যুবকদের ও দায়িত্বশীল ব্যক্তিদের উদ্দীপ্ত করছেন। সেদিক থেকে আজকে আমরা যথেষ্ট সাহায্য এবং সাড়া পাচ্ছি। কিন্তু সেই সঙ্গে সঙ্গে একথাও বলব আজকে সমস্ত অসামরিক ব্যবস্থা স্বেচ্ছাদানের উপর সম্ভবপর। আজকে সরকারকে তাঁদের ন্যূনতম যেসব জিনিস প্রয়োজন, যেমন ক্যাজুয়ালটি সার্ভিসের জন্য গাড়ি প্রয়োজন, ইকুইপমেন্ট প্রয়োজন সিভিল ডিফেন্সের জন্য, তার জন্য সরকার থেকে অর্থ দেওয়া প্রয়োজন। সাধারণ মানুষের কাছ থেকে যে সাহায্য ও সহযোগিতা পাওয়া যাচ্ছে সেটার সদ্ব্যবহার করা

দরকার। কলকাতা শহরে এই অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করা যাতে সম্ভবপর হয় সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে প্রচার করা প্রয়োজন তা সম্ভবপর হচ্ছে না। কারণ আজ অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যা করা দরকার, শ্রদ্ধেয় সভ্য নেপালবাবু বলছেন যে, গত যুদ্ধের অভিজ্ঞতায় দেখা গেছে, সব জিনিস আমাদের কাজে লাগে না। তার সংগে প্রয়োজন হয়ে পড়ে দ্রুততর বিমান, বোমা, আরও ভারী বোমা। কাজেই নূতনভাবে এই সিভিল ডিফেন্স ও এ আর পি সম্বন্ধে চিন্তা করা হচ্ছে। সেদিক থেকে আজকে সেইসব শিক্ষা ও প্রচার দরকার। আজকে যে ওয়ার্ডেন, সেক্টর ওয়ার্ডেন হচ্ছে তার শিক্ষা দেওয়া প্রয়োজন। আগামীকাল ২২ তারিখ থেকে কলকাতায় এই রকম ১১টি শিক্ষাকেন্দ্র খোলা হচ্ছে। যেখানে প্রত্যেকটি কেন্দ্রে ৮০ জন অসামরিক ওয়ার্ডেন সার্ভিস শিক্ষা পাচ্ছে। কলকাতা শহরে ৪০টি ফার্স্ট এইড পোস্ট খোলার সিদ্ধান্ত হয়েছে। সেখানে তাদের শিক্ষা দেবার ব্যবস্থা হচ্ছে। কোর্স করা হয়েছে ১৫ দিনের। যেহেতু ১১টি করা হয়েছে তার আগে যারা শিক্ষা দেবেন তাদের শিক্ষা দেবার জন্য ১৫ দিনের ট্রেনিং কোর্স খোলা হয়েছিল। সেখান থেকে যারা বেরিয়েছে তাদের সাহায্যে ১৫টা সেন্টারে শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়েছে। কলকাতায় সিভিল ডিফেন্সের যে কাজ সেই কাজ যদি ভালভাবে করতে হয় তা হলে ১ লক্ষ ২৫ হাজার লোক প্রয়োজন হবে। স্বেচ্ছাসেবী হয় ভাল, অন্যথায় তাদের মাইনে দেবার প্রয়োজন হবে। কলকাতা শহরে ঠিক অত লোক না নিয়ে নিউ ক্লাস হিসেবে ছোট করে শিক্ষিত করবার জন্য প্রতিদিন অত লোক নেওয়া সম্ভবপর নয়। কলকাতা শহরে ৫ হাজার ওয়ার্ডেন, ওয়ার্ডেন সার্ভিসে স্বেচ্ছাসেবক নেওয়া হচ্ছে এবং আরও বিভিন্ন সার্ভিসের জন্য ব্যবস্থা করা হয়েছে। কলকাতা শহরে আলোর মাস্ক দেবার ব্যবস্থা হচ্ছে। কাগজেও হয়ত আপনারা দেখে থাকবেন কলকাতা শহরের স্ট্রীট লাইটে মাস্ক দেবার জন্য কর্পোরেশনকে নির্দেশ দেওয়া হয়েছে। কর্পোরেশনও এই দায়িত্ব গ্রহণ করেছে এবং এর মধ্যে কলকাতা শহরে বেশি পাওয়ারের যেসব বাল্ব ছিল তাও মিনিমাম করা হয়েছে। যানবাহন চলাফেরা করার জন্য যেটুকু প্রয়োজন, যেখানে ৩০০, ৪০০, ৫০০, ৬০০ পাওয়ারের বাতি ছিল সেখানে একটি বাতি দিয়ে চালাবার ব্যবস্থা হচ্ছে। অচিরে কলকাতা শহরকে নিষ্প্রদীপ করবার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কলকাতা শহরে আপৎকালীন অবস্থার সময় প্রিকশনারি মেজার হিসেবে কলকাতা শহরে যদি জল সরবরাহ বন্ধ হয়ে যায় বা ক্ষতি হয় তার জন্য ছোট ছোট টিউবওয়েল করবার দায়িত্ব দেওয়া হয়েছে এবং কর্পোরেশনও সেদিকে অগ্রসর হচ্ছেন, দায়িত্ব গ্রহণ করেছেন। রাস্তা ইত্যাদি রিপেয়ার করবার জন্য কলকাতা কর্পোরেশন ও পি ডবলিউ ডি ইত্যাদি তাদের উপর দায়িত্ব ন্যস্ত হয়েছে। বিভিন্ন বিষয়ে চেষ্টা করা হচ্ছে এবং আমরা আশা করছি প্রত্যেকটি কাজে খুব শীঘ্র ন্যূনতম যেটুকু করা প্রয়োজন তা করা সম্ভবপর হবে। আমি শুধু সাধারণ একজন স্বেচ্ছাসেবক হিসেবে বলব যে, আজকে সরকার যে কথাটা বলছেন সিভিল ডিফেন্সের ব্যাপারে, অর্থ বরাদ্দের ব্যাপারে, ফাইনেন্স ইত্যাদির ব্যাপারে তার অডিট করে দেখে টাকা বরাদ্দ না করে যেন একটা মিনিমাম টাকা এইজন্য ধার্য করেন অতি শীঘ্র অসামরিক প্রতিরক্ষার জন্য যে অর্থ প্রয়োজন হবে সেটা স্যাংশন করবার জন্য যেন কালবিলম্ব না হয়। যাতে যখন যে টাকা দরকার তা অতি শীঘ্র কলকাতার কন্ট্রোলার পেতে পারেন সেই ব্যবস্থা যেন করা হয়।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সরকারপক্ষের কথা শুনে আমাদের মনে হচ্ছে তাঁরা যেন মনে করছেন যুদ্ধটা এখনও দূরের বস্তু, দেশ রক্ষার কাজ ধীরেসুস্থে করলে চলবে; আস্তে আস্তে আমরা এগিয়ে যেতে পারি, তারপর একদিন আমরা যথাসময় প্রস্তুত হয়ে পড়বো। এটা আমাদের সরকার পক্ষ থেকে যা বক্তব্য শুনেছি, সেটা শুনে তাই মনে হয়। কিন্তু, আমাদের মনে রাখতে হবে আজ আমাদের দেশ আক্রান্ত এবং যারা আক্রমণ করেছে তারা শক্তির দিক থেকে অত্যন্ত দুর্ধর্ষত বটেই, তা ছাড়া তাদের দেশের সকল মানুষকে এই যুদ্ধের প্রস্তুতির দিকে লাগাতে পেরেছে। সেই শত্রুর বিরুদ্ধে, সেই আক্রমণকারীর বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের যদি দেশকে রক্ষা করতে হয়, তাহলে আমাদেরও সেই প্রস্তুতিটা ততখানি দরকার। শুধু তাই নয়, সেই প্রস্তুতি তো চাই-ই, উপরন্তু আরও অনেক কিছু দরকার। কারণ, আমাদের দেশের মানুষের যুদ্ধের অভিজ্ঞতা কোনদিন ছিল না। কাজেই সেদিক থেকে আমাদের এই প্রচেষ্টা আরও কত ব্যাপক,

কত দ্রুত, কত তীব্র হওয়া দরকার, সেটা আমি সরকার পক্ষকে হৃদয়ঙ্গম করতে বলি। আজ এই দায়িত্বটা তাঁদের, কারণ দেশকে তাঁরাই তৈরী করবেন। আজ আমাদের দেশের সকল লোকের মনে যে দেশরক্ষার প্রেরণা জেগেছে, এটা সকলেই স্বীকার করছেন; এবং সরকার পক্ষও বলেছেন, আজ দলমত নির্বিশেষে আমরা সকলেই দেশ রক্ষার জন্য এগিয়েছি, দেশে তার একটা ঢেউ বয়ে যাক। কিন্তু যদি কোন একটি লোককে জিজ্ঞাসা করে দেখা যায় যে, আপনি দেশরক্ষার জন্য কি করছেন? তার একটিমাত্র কথা, আমি জানি—তিনি বলবেন, আমি দেশরক্ষার জন্য লড়তে প্রস্তুত, দেশরক্ষার জন্য কাজ করতে প্রস্তুত. কিন্তু আমি জানি না, আমাকে কি করতে হবে। একমাত্র ঐ একদিনের রোজ বা কিছু পয়সা দেওয়া ছাড়া, বা কারখানার উৎপাদন বাড়ান ছাড়া, আমাকে আর কি করতে হবে জানি না। অর্থাৎ সরকারপক্ষের কাছে এই যে অপূর্ব সুযোগ এসেছে, আমাদের কাছে, দেশের মানুষের মনে যে প্রেরণা জেগেছে, সেটা তাঁরা দেশরক্ষার কাজে সম্পূর্ণভাবে ব্যবহার করতে পারছেন না; আর তা দেশরক্ষার কাজে ব্যবহার করতে না পারার ফলে, দেশকে গঠন করবার জন্য যে একটা সুযোগ এসেছে, সেই সুযোগকেও তারা নিতে পারছেন না।

[1-40—1-50 p.m.]

একটা দৃষ্টান্ত দিই—কালকে কাগজে বেরিয়েছে দিল্লীতে ট্রেঞ্চ কাটা হচ্ছে কনট্রাক্টর দিয়ে। অথচ যদি আমরা পাড়ায় পাড়ায় কমিটি তৈরি করতে পারতাম কমিটির কাছে ট্রেন্ড লোক দিয়ে যদি তাদের এ আর, প্রিকসান সম্বন্ধে বক্তব্য রাখতে পারতাম, তাদের কাছে জেনারেল ডিরেকশান দিতেন যে, কিভাবে এ আর এর বিরুদ্ধে দাঁড়াতে হবে, তাহলে শুধু যদি আপনারা মাটিতে দাগ দিয়ে দিতেন, তাহলে আমি জানি যে প্রেরণা মানুষের মধ্যে জেগেছে, তাতে তারা নিজেরা স্বেচ্ছায় ট্রেঞ্চ কাটতে পারত। কিন্তু তা হয় নি, কনট্রাক্টর দিয়ে কাটান হচ্ছে। গত মহাযুদ্ধের অভিজ্ঞতা আমাদের আছে, তাতে আমরা দেখেছি ট্রেঞ্চগুলি শেষপর্যন্ত কি হয়েছে—যাদের বাড়িতে পায়খানা নাই, তাদের ব্যবহারের জায়গা হয়েছে। আমরা যদি পাড়ার লোককে তৈরি করতে না পারি, কমিটি যদি ঠিকমত না হয়, ভলেনটিয়ার যদি ঠিকমত তৈরি না থাকে, তাহলে এ আর পি, ট্রেঞ্চগুলি কন্ট্রাক্টর দিয়ে তৈরি করতেই হবে এবং তাতে পাড়ার লোকের সেদিকে খেয়াল থাকবে না, সেগুলি দেশরক্ষার জন্য হয়ত কাটা হয়েছে, কিন্তু সেগুলি ইতিমধ্যে নোংরা ও অপরিস্কার হয়ে পড়েছে। কিন্তু যদি আমরা দেশের লোককে তৈরি করতে পারতাম, তাহলে এগুলি এইরকম অবস্থা হত না। দেশরক্ষা কতগুলি ফিজিক্যাল অপারেশন দিয়ে বা কতকগুলি টেকনিক্যাল অপারেশন দিয়ে শুধু হয় না। আলো বাতির জোর কমান হয়েছে ভাল কথা, ডোম কমান হয়েছে, এগুলো হচ্ছে টেকনিক্যাল ব্যাপার, কিন্তু আসলে মন দিয়ে লড়াই করতে হবে, চেতনা দিয়ে লড়াই করতে হবে। আজকে যদি এমন ব্যবস্থা হত যে প্রত্যেক ফ্যামিলি থেকে ভলানটিয়ার নেওয়া হয়েছে এবং প্রত্যেক লোককে কোন না কোন যুদ্ধের কাজ করতে হচ্ছে, এবং প্রত্যেক লোকের যদি তাদের কাজ জানা থাকত, তাহলে কোনদিন কোন যুদ্ধ এলে সে তার ফ্যামিলিকে ঠিক জায়গায় নিয়ে কাজ করতে পারত। তা নয়, কোন রাস্তায় ওয়ার্ডেন অফিস হয়েছে, অন্য রাস্তার লোক জানতে পারবে না এই হয়েছে অবস্থা। সেইজন্য আমি বলছি এটা ব্রডবেসড হওয়া দরকার। কার্যতঃ আমরা দেখছি দেশরক্ষার নামে পলিটিক্স করা হচ্ছে। হাওড়া জেলায় অসংখ্য ছেলে হোমগার্ডে নাম লিখিয়েছিল, কিন্তু বেছে বেছে ১০ পার্সেন্ট নেওয়া হয়েছে মাত্র, ২০০ লোক ভর্তি করা হয়েছে। আর আমরা বলছি আমাদের ট্রেন্ড পারসোনেল নেই। আমি বলি যেসব রিটায়ার্ড মিলিটারী অফিসার, তাঁদের দিয়ে ট্রেন্ড করান যেতে পারে। সেইরকম কোন মনোভাব নেই। সেই জন্য বলছি এটা মোর ডেমোক্রেটিক ও ব্রডবেসড হওয়া উচিত। তারপর, প্রোডাকসানের কথা ধরুন। সেখানে নানারকম সমস্যা দেখা দিচ্ছে। কুসুমিকা আয়রন ওয়ার্কস, সেখানে ৭০ জন লে অফ হয়ে আছে। বারবার এ সম্পর্কে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু কিছুই করা যাচ্ছে না। বহু কারখানা আছে যাদের নোটিশ দেওয়া হল এবং তারা প্রোজেক্টের কাজ করত, সেগুলি বন্ধ করবার জন্য, কারণ তারা ভাবল এবারে সব মিলিটারী অর্ডার আসবে, যেসব জায়গায় ৩০-৪০ জন ওয়ার্কার কাজ করে, তারা টাকা-পয়সা জোগাড় করে সামরিক মাল জোগাড় করল, কিন্তু এখন শোনা যাচ্ছে যে, অর্ডার পাওয়া যাবে না। এইরকম অবস্থা হয়েছে। এইজন্য আমি বলছি যে, এই অল্প সময়ের মধ্যে দেশরক্ষার ব্যবস্থা তাড়াতাড়ি করতে হবে। আমাদের পার্টির আর সি পি আই-এর কোন লোককে নেওয়া হচ্ছে না। তবে কি আমি বলব যে, সবাই চীনাপন্থী হয়ে গেল? চার

হাজার, আট হাজার লোক নাম লিখিয়েছে, তার মধ্যে মাত্র ২০০ জন লোককে নেওয়া হয়েছে, আমি বলি বাকি সব চীনা পন্থী হয়ে গেল? আজকে কংগ্রেসের তরফ থেকে রাজনীতি করা হচ্ছে। সেইজন্য আমি সরকারের কাছে অনুরোধ করছি যে দেশরক্ষার কাজ অত্যন্ত দ্রুত গতিতে এবং ব্রডবেসড ভাবে এবং ডেমোক্রেটিক ওয়েতে চালান উচিত, তবেই আমরা দেশরক্ষার কাজে দ্রুতগতিতে এগিয়ে যেতে পারব।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Deputy Speaker, talking about the civil defence measures, it is very surprising and, at the same time, regrettable that the highest body of civil defence known as the Citizens Committee at one time and the Civil Defence Committee at another has met only once and that three weeks back. If an important body like that neglects its duties, what can we expect from other bodies who are working in the mofussil under them? From what we are seeing in the districts as well as in Calcutta, it is obvious that there is a lot of enthusiasm, there has been offer of services by millions, but that sense of seriousness is not to be found in the Government, in the authorities. In short, the Government measures have not kept pace with the enthusiasm and the offer of services by the people. Please excuse me for saying that.

Now, the civilians have to play a very big role or as important a role—when the war is in operation—as the military fighting personnel in the front. They can contribute in a hundred and one ways for the defence of the country. If they follow certain precepts about Dos and Don'ts, the country's defence will not be jeopardised. I wonder if such precepts about Dos and Don'ts have been printed, published and circulated all over the country. I will, therefore, give a few Dos and Don'ts. Among the Don'ts are: Don't get panicky. Panic is a contagious disease—it spreads. If I am paniky, my neighbour would be more panicky. In this connection I may cite the concrete example of Great Britain during the Second World War. After the fall of Dunkirk, the Britishers had only one asset and that was the morale of the citizens of London. Even after the fall of Dunkirk, when everything seemed bleak and dark, the ultimate victory came to the allies.

Another Don't is don't listen to others who say "I have heard so and so say such and such". Try to go to the base of the thing, but do not pass it on to others. Don't be a scare-monger and don't indulge in loose talks. All these jeopardise defence in no small measure.

Among the Do's is we should all contribute what we can in cash and in kind. We should educate our neighbours and tell them what to do, and, more than that, tell them what the Government has done for defence and what they are required to do.

[1-50—2 p.m.]

Keep your eyes and ears alert, be very vigilant—if in your neighbourhood or in the villages some strangers come in any guise or garb report it to the nearest police-station. These are the duties of the citizens. These may be circulated all over the country. I do not know if it has been done.

Besides that, I have a few suggestions to make to the Government. Going round the villages in the mofussil I have come across Community Centres. The Community Centres would be very handy to propagate what the Government are doing and what the people are expected to do. These Community Centres have a Supervisor. These Community Centres have a radio. They listen to the radio but they do not invite other villagers to come and sit down and listen to the radio, nor do they tell them what is the position. This is all about Civil Defence.

The difficult terrain and the climatic condition prevailing in the area from where I hail, can well be defended—or can be defended best by organising a local militia. It will cost less; it will prove more effective. The difficulty of the terrain would also call for training in guerilla warfare. In the difficult terrain of Burma during the Second Great War we all remember the name of General Wingate—how he trained the people to achieve victory over the Japanese.

One more suggestion is that in the name of the emergency the small educational, social and economic welfare projects for border areas should not be cut down. If possible, they should be augmented to boost up the morale of the people.

As I said previously on the floor of this House, the administrators should be well selected. The administrators in the districts of the border areas should be dynamic personalities to fit in with the spirit of the time, to fit in with the spirit of the people.

With these words I conclude.

Shri Narendra Nath Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা সত্য যে, ভারতবর্ষ যুদ্ধ চায়নি, এবং আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু শেষ পর্যন্ত চীনের সঙ্গে বন্ধুত্ব রক্ষা করতে চেয়েছিলেন। কিন্তু, কমিউনিস্ট চীন ভারতবর্ষের ঘাড়ে যুদ্ধ চাপিয়ে দিয়েছেন। একথা সত্যি যে, আমরা ভারতবাসীরা যুদ্ধপ্রিয় জাতি নাই, এবং যুদ্ধ সম্বন্ধে আমাদের অভিজ্ঞতাও নাই। আমরা স্বাধীনতা অর্জন করেছি অহিংস আন্দোলনের মধ্যে দিয়ে। কাজেই আজকে বিপদ যখন আমাদের ঘাড়ে এসে চেপেছে, তখন এই বিপদের সম্মুখীন হবার জন্য সমগ্র জাতিকে তৈরি হতে হবে। যতদূর সম্ভব তাই আজকে সমগ্র দেশে প্রস্তুতির প্রয়োজন রয়েছে এবং যত দ্রুত সম্ভব সেই প্রস্তুতির প্রয়োজন রয়েছে এই যুদ্ধে জয় হবার জন্য। এই যুদ্ধ জয়ের জন্য দুটো রাস্তা রয়েছে, একটা সামরিক, আর একটা অসামরিক। সামরিক দিকটা আমাদের যাঁরা সৈন্য পরিচালনা করেন তাঁরা দেখবেন।

আজকে জনসাধারণ যেভাবে সাড়া দিয়েছেন, এই সাড়া যদি আমরা কাজে লাগাতে না পারি তাহলে সেটা আমাদের জাতির পক্ষে দুর্ভাগ্যের পরিচায়ক। কাজেই আজকে জনগণের এই সাড়া কিভাবে কাজে লাগান যেতে পারে এবং যত শীঘ্র সম্ভব এটাকে কাজে লাগানর সম্পর্কে সঠিক পরিকল্পনা প্রয়োজন। আজকে চীন যুদ্ধবিরতি ঘোষণা করে জাতির সামনে বিভ্রান্তির সৃষ্টি করেছে। বমডিলা প্রভৃতি জায়গা থেকে তাদের সৈন্যবাহিনী সরে গিয়েছে, তাতে আমাদের কারও কারও মনে সন্দেহ হচ্ছে যে আর চীন যুদ্ধ করবে না। কিন্তু এদিকে কমিউনিস্ট চীন ভারতকে আল্টিমেটাম দিয়েছে, এখানকার চীনাদের উপর নাকি অত্যাচার করা হচ্ছে—তাই তারা জাহাজ পাঠাবেন, তাদের নেবার জন্য। কাজেই এইসব দেখে বুঝা যাচ্ছে যে যুদ্ধ আমাদের এত সহজে শেষ হবে না এবং যুদ্ধ বিরতি সাময়িক ব্যাপার, যা থেকে কমিউনিস্ট চীন সময় নিচ্ছে প্রস্তুতির জন্য, যাতে এর পরে যখন আসবে তখন কঠোরভাবে আক্রমণ করবে। এবং এই ব্যাপক আক্রমণের জন্য সমগ্র জাতিকে আজ তৈরি হতে হবে। এজন্য আজ প্রয়োজন হচ্ছে সিভিল ডিফেন্স বা অসামরিক প্রস্তুতি। এর জন্য দরকার হচ্ছে কয়েকটি বিভাগ—একটি হল এ আর পি, যাতে আমাদের এখানে বম্বিং যদি হয়, সেখান থেকে জনসাধারণকে রক্ষা করা এবং আত্মরক্ষার ব্যবস্থা করা। এই সঙ্গে আমাদের সমস্ত ব্যবস্থাকে সচল রাখবার আর একটি দিক, হোম গার্ড। আমাদের এখানে যুদ্ধের জন্য যে অর্থ ব্যয় দরকার তা সংগ্রহ করা দরকার। আজ জনসাধারণ কিভাবে অর্থ দান করছেন, আমাদের মুখ্যমন্ত্রী এবং মাননীয় গভর্নর যেখানেই যান, জনসাধারণ আকুল আগ্রহে যা পাবেন, তাই দান করেন। এখনও বহু লোক এদেশে তাদের শেষ দান দিতে প্রস্তুত আছেন, সেগুলি সংগ্রহ করা দরকার। আমার বক্তব্য হচ্ছে প্রতিটি এলাকায় এইরকমভাবে অর্থ বা অলঙ্কার সংগ্রহের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র কমিটি গঠন করে দেওয়া উচিত। গভর্নমেন্টকে আইন করে ব্যবস্থা করতে হয়েছে, যাতে এই অর্থ অপচয় না হয়। তা সত্ত্বেও প্রতিটি এলাকায় বহু লোক রয়েছে, যারা অর্থ দিতে আগ্রহান্বিত হয়ে আছে।

[2—2-10 p.m.]

আমাদের প্রাইস লেভেল যাতে ঠিক থাকে, দ্রব্যমূল্য বৃদ্ধি যাতে না হয়, তার ব্যবস্থা করা হবে। এজন্যে আমাদের যারা ব্যবসাদার, তারা গভর্নমেন্টের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু অতীতের অভিজ্ঞতা থেকে যা দেখা যায় তা থেকে আমাদের শিক্ষাগ্রহণ করতে হবে। যাতে আমাদের অত্যাবশ্যক জিনিসপত্রের মূল্যবৃদ্ধি না হয় তার ব্যবস্থা সরকারকে গ্রহণ করতে হবে। এজন্যে প্রতিটি পল্লীতে প্রতিরোধ কমিটি গঠন করা দরকার। এ ছাড়া প্রোডাকশন বাড়ানর জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন, তা আগেই বলেছি। আজকে এ আর পি সম্বন্ধে আমাদের যথেষ্ট প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। গত মহাযুদ্ধের সময় আমাদের এ বিষয়ে প্রথম শিক্ষা হয় যে, এ আর পি-র প্রয়োজন আছে, তখন আমাদের দেশরক্ষার প্রয়োজন ছিল না—আমরা পরাধীন ছিলাম, কিন্তু আমাদের আত্মরক্ষার জন্য ওটা শিখতে হয়েছিল। আমার মনে আছে, কংগ্রেস কর্মী হিসাবে আমাকে গভর্নমেন্ট অফিসারদের কাছে এ আর পি শিক্ষা করতে হয়েছিল ফায়ার সার্ভিস, ফায়ার ফাইটিং, ইত্যাদি শিখে নিয়ে জনসাধারণকে শেখাতে হয়েছে। আজ আমরা স্বাধীন হয়েছি, আমাদের সেই লব্ধ স্বাধীনতা রক্ষা করার দায়িত্ব আমাদের রয়েছে। আজ জনসাধারণের এসব ব্যাপারে আগ্রহ অনেকগুণ বেড়ে গিয়েছে। আজ কলকাতাকে ৮টি ভাগে ভাগ করা হয়েছে, প্রত্যেকটিকে একজন করে ডিভিশন্যাল ওয়ার্ডেন-এর আন্ডারে দেওয়া হয়েছে, এবং প্রত্যেক ভাগে তিনটি করে থানা দেওয়া হয়েছে। আমার মনে হয় এটা অত্যান্ত বেশী হয়েছে, এটাকে ডিসেন্ট্রালাইজ করে এক একজন ডিভিশন্যাল ওয়ার্ডেন-এর আন্ডার-এ দুইটির বেশী থানা দেওয়া উচিত নয়। তা যদি না হয়, তাহলে বেশী এলাকা একজনের হাতে রাখলে বোমা পড়লে ডিভিশন্যাল ওয়ার্ডেন-এর যে দায়িত্ব থাকবে তা পালন করা অসম্ভব হবে। সেজন্যে এটাকে আরও ছোট ছোট ভাগ করে দেওয়ার প্রয়োজন রয়েছে। এই যে ওয়ার্ডেন-এর মধ্যে নানারকম নেওয়া হয়েছে, আমার মনে হয় এটা নিয়ে অতীতের যে অভিজ্ঞতা আছে তাতে মনে হয়, যারা সত্যিকারের এদের মধ্যে উৎসুক তাদের নেওয়া উচিত, তাদের টেনে এনে এই কাজে নেওয়া দরকার। দ্বিতীয় জিনিস হচ্ছে হোম গার্ড, যদিও একথা অস্বীকার করার উপায় নেই যে, কিছু কিছু অবাঞ্ছিত লোক এর মধ্যে আছে, হয়ত পুলিসের রেকমন্ডেশান-এ তারা এসেছেন, অথবা পুলিসের সংগে মাখামাখি যাদের আছে তাদের সুপারিশে আছেন, এটা উচিত নয়। আমার মনে হয়, এটাকে আবার পরীক্ষা করে দেখে জনসাধারণের আস্থাভাজন লোকদের নেওয়া উচিত। তাছাড়া এন সি সি অফিসার প্রতিটি পল্লীতে আছেন তাদের সামরিক শিক্ষা আছে, তাদের উপর প্রয়োজন হলে হোম গার্ড-এর দায়িত্ব দিলে জনসাধারণকে এ বিষয়ে শিক্ষা দেবার ব্যবস্থা ভাল হতে পারে। আমি মনে করি এদিকে বিশেষ লক্ষ্য রাখার প্রয়োজন আছে। আজকে অর্থ সংগ্রহের যে ব্যাপার রয়েছে তার জন্য কলকাতার শিল্পাঞ্চলের প্রতিটি ফ্যাক্টরির কর্মচারীরা দান করতে অগ্রসর হয়েছে। ওয়ার্কাররা প্রত্যেক মাসের একদিন করে ওভারটাইম খেটে দিতে চায়। আজকে কিন্তু দুঃখের বিষয় কোন কোন ফ্যাক্টরী বা প্রতিষ্ঠান যেখানে কমিউনিস্ট ডোমিনেটেড ইউনিয়ন আছে, সেখানে এর ব্যতিক্রম দেখছি। নাহার রাবার ফ্যাক্টরী এন্টালিতে, এখানে যারা কর্মী আছেন তারা চেয়েছিলেন ওভারটাইম কাজ করতে এবং ওভারটাইম করলে তারা একদিনের পের চেয়ে বেশী দিতে পারে। ফ্যাক্টরীর ওনার-এর উচিত তাকে সেখানে ওভারটাইম কাজ করার সুযোগ দেওয়া, যাতে সেই টাকা ওয়ার ফান্ড-এ দিতে পারে। কিন্তু আমি জানি এখানে একজন ডিরেক্টর আছেন ওই কমিউনিস্ট ইউনিয়ন-এর আওতায়। তারা একদিনের বেতন কেটে নিচ্ছেন, কিন্তু ওভারটাইম করতে দেন না। এরকম অত্যাচার হচ্ছে কমিউনিস্ট কন্ট্রোল ইউনিয়ন যেখানে আছে সেখানে কর্মীদের ওভারটাইম দাবী সত্ত্বেও তারা তা করতে পান না। এগুলি আমাদের দেখা দরকার। এ আর পি-র ব্যাপারে আমাদের সরকার অগ্রসর হয়েছেন। সাইরেন নিয়ে এখানে আলোচনা হয়েছে। গত সাইরেন টেস্ট ব্যর্থ হয়েছে। যিনি এর চার্জ-এ, তিনি ইংরেজের আমলেও পুলিস বিভাগে ছিলেন, কেন এরকম ফেইল করল জানি না। সে সময় যে সাইরেন বেজেছিল তা আমাদের মনে আছে। সেরকম কেন এবার হল না, তা অনুসন্ধান করতে হবে। গভর্নমেন্ট প্রতিটি হাসপাতালে কতকগুলি করে বেডস রেখেছেন, তাতে জনসাধারণের অসুবিধা হবে। কলকাতায় প্রতিটি এলাকায় কর্পোরেশন-এর হেলথ সেন্টার আছে, এগুলিতে যদি বেডস রাখা যায়, তাহলে বিপদের সময় ফায়ার এইড দিতে এইসব বেড-এ নেওয়া যেতে পারে। ফার্স্ট টাইম এইড সেন্টার কতকগুলি খোলা হয়েছে। কিন্তু, সেগুলিতে ট্রেনিং-এর জন্য যাতে ফার্স্ট এইড শিক্ষা আরও প্রসার হয়, সেটা দেখা দরকার।

শ্রীঅনাদি দাস বলেছেন যে, গভর্নমেন্ট যেভাবে চলছেন আস্তে আস্তে অগ্রসর হচ্ছেন তাতে কাজ বেশী হচ্ছে না। একথা সত্য আমাদের কাজ বেশী অগ্রসর হয় নি। গভর্নমেন্ট শুরু করেছেন। আমার মতে আরও তাড়াতাড়ি হোক। চীন আসবার আগে আমরা যেন সমস্ত সমাজ ব্যবস্থাকে সচল রাখতে পারি। কোনদিক থেকেই যেন আমরা অপ্রস্তুত না থাকি—সর্ববিষয়ে আমাদের প্রস্তুত থাকতে হবে।

Shri Kamal Kanti Guha:

সভাপতি মহাশয়, এই আলোচনা সভায় যোগদান করতে যে উৎসাহ নিয়ে এসেছিলাম সেটা নষ্ট হয়েছে, কারণ, বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে ঠিক হয়েছিল চীফ মিনিস্টার তাঁর বিবৃতি এই হাউস-এ রাখবেন এবং তার পরিপ্রেক্ষিতে আমরা আলোচনা করব। কিন্তু, এখন দেখছি বিজনেস অ্যাডভাইসরি কমিটির সুপারিশ অনুসারে চীফ মিনিস্টার তাঁর যে বক্তব্য এখানে রাখলেন সেটা অত্যন্ত অবহেলাপূর্ণ এবং অবজ্ঞাপূর্ণ। আমি মনে করি আজকের দিনে আমাদের উপর যখন বিপদ রয়েছে, যখন সারা দেশের মানুষ উৎকণ্ঠায় দিন যাপন করছে, ঠিক সেই সময় আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যে ধরনের বিবৃতি রেখেছেন সেটা অত্যন্ত অন্যায়। আমি আপনার মাধ্যমে সরকার পক্ষকে একটি কথা বলতে চাই। গত নবেম্বর মাসে চাইনীজ অ্যাগ্রেশনের পরিপ্রেক্ষিতে আলোচনা হয়েছিল এবং এই সভায় বলা হয়েছিল, আমাদের এই আশ্বাস দেওয়া হয়েছিল আপনারা ফিরে যান, নিজ নিজ এলাকা ঠিক করুন, সরকার সর্বতোভাবে আপনাদের সহায়তা করবেন। আমরা ফিরে গিয়েছিলাম, কিন্তু আমরা দেখেছি সরকার যে প্রতিশ্রুতি এই হাউস-এ দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি পালনের কোনরকম তৎপরতা, কোনরকম সদিচ্ছা সরকারের নেই। আপনি জানেন, সারা বাংলাদেশে হোম গার্ড গঠিত হয়েছে। আমি হোম গার্ডের সদস্য হতে ফর্ম ফিলআপ করেছিলাম, তখন আমাকে বলা হয়েছিল, এটা ২৮এ নবেম্বরের কথা, আমাকে এস পি বললেন, এর চেয়ে গুরুত্বপূর্ণ কাজে আপনাকে থাকতে হবে সেজন্য আপনি হোম গার্ড-এ থাকবেন না। ২৯এ নবেম্বর আমি আই সি-কে বললাম, আপনাদের প্রতিরক্ষা কমিটি সম্পর্কে কি করলেন? ডি সি বললেন যে, আমরা প্রয়োজন অনুভব করছি না।

[2-10—2-20 p.m.]

কি রকম ভাঁওতাবাজী, কি রকম একটা অভিসন্ধিমূলক কথা শুনতে পেলাম। এস পি বলছেন ২৮ তারিখে, আপনি হোম গার্ডে থাকবেন না, একটা গুরুত্বপূর্ণ কাজে থাকতে হবে বিভিন্ন কমিটিতে। আর ২৯এ নবেম্বর ডি সি বলছেন কোন কমিটি করবার প্রয়োজনীয়তা নাই। আজ হোম গার্ডের কথা উঠেছে, আমরা দেখছি বহু লোকের নাম দেওয়া হয়েছে তাতে। অথচ যাঁরা ফরওয়ার্ড ব্লকের সংগে সংশ্লিষ্ট তাঁদের নাম বাদ দেওয়া হয়েছে। পক্ষান্তরে দেখছি যাদের ক্রিমিন্যাল কনভিকশান হয়েছে, যাঁরা জালিয়াতি করেন, তাঁরা ও সি-র সুপারিশে হোম গার্ডের সদস্য হয়েছেন। এই সুযোগে ও সি, পুলিস অফিসাররা এই ধরনের হোম গার্ডের সদস্য নিয়ে আরো দুর্নীতির পথ প্রশস্ত করে নেবে, দেশের এই দুর্যোগের মধ্য দিয়ে। এই হোম গার্ডের কথা গত নবেম্বর মাসে এই হাউসে বলেছিলাম, একটা কমিটি করুন এবং সেই কমিটিতে বিভিন্ন জাতীয়তাবাদী দলের নেতাদের নিন এবং তাঁদের সংগে পরামর্শ করে কাকে এর মধ্যে নেওয়া উচিত তা ঠিক করুন। যেটা নেপালবাবু বলছেন, আমিও সে কথা তখন বলেছিলাম, সেটা সরকার শোনেন নি। এঁরা পার্টিবাজী করে সুবিধা করে নেবেন। আমি বলছি যতখানি সুযোগ-সুবিধা করে নেবার তা আপনারা করে নিন। যতদিন চীন দস্যু ভারতভূমিতে রয়েছে, ততদিন আপনারা ক্ষমতায় থেকে ইচ্ছামত নিজেদের বড় করবার ইচ্ছা এবং অপরকে অযথা দাবিয়ে রাখার ইচ্ছা দমন করুন। আমাদের এখানে প্রতিরক্ষার ব্যবস্থা যা দেখছি, যা নেপালবাবু বললেন যে ব্ল্যাক আউট মানে হচ্ছে বাতির পাওয়ার কমিয়ে দেওয়া, যাতে উপরে বেশী আলো না যায়। আবার উত্তরবংগে দেখেছি—কোচবিহার জেলার ডি সি-র নির্দেশে এইসমস্ত গাড়ির হেড লাইট অর্ধেক কালো করে দেওয়া হয়েছে, ঠোঙ্গা পরিয়ে দেওয়া হয়েছে। যা কিছু প্রয়োজন, সেটা করুন। তার চুলচেরা বিচার করতে চাই না। ঠোঙ্গা পরানোর কথা ওঠে না। হেড লাইট অর্ধেক কালো করে দেওয়া হোক। আমি বলছি, বাস্তবে কলকাতা বাংলাদেশের এক অংশ, একই শাসনের অধীন হলেও উত্তরবংগের ডি সি এক কথা বলছেন ব্ল্যাক আউট সম্পর্কে, আর কলকাতায় আর একরকম হতে পারে, এটা আমি বুঝতে পারি না। চীনা কেন—ভুটানের লোক, এমন কি সিকিমের লোকও আমাদের এই

ভারতভূমি দখল করতে পারে, এই অসঙ্গতির মধ্য দিয়ে। যেমন আমরা দেখেছিলাম লক্ষ্মণ সেনের সময় সতের জন অশ্বারোহী সৈন্য এসে বাংলাদেশ দখল করে নিয়েছিল তেমনি এই অপদার্থ সরকার ক্ষমতায় থাকলে সিকিমের লোক এসেও বাংলাদেশ দখল করে নিতে পারবে।

মিঃ ডেপুটি স্পীকার স্যার, যে কমিটি করা হয়েছে, যেখানে তিনটা সাব কমিটি করা হয়েছে, সেখানের তিনজন সদস্য আছেন। আমাদের একজনকেও সেখানে নেওয়া হয় নাই। পক্ষান্তরে দেখছি শৈলবাবুর একজন আত্মীয়কে তিনটা কমিটিতে নেওয়া হয়েছে। অথচ আমাদের একজনকেও একটা কমিটিতে নেওয়া হয় নাই। এই অবস্থা যদি চলে, তাহলে আমাদের দেশের লোক তা আদৌ সহ্য করবে না। আমি তাদের বলবো, দেশের লোক রাষ্ট্রকে বেশী বড় মনে করেন, মাতৃভূমিকে বেশী বড় মনে করেন, পার্টির চেয়ে।

আমি আর একটা কথা বলতে চাই, আজকে ভারতবর্ষের ঘাড়ে দুটো ভূত চেপেছে, একটা হচ্ছে আমেরিকান ভূত, কিছু কিছু লোকের উপর চেপেছে, আর একটা হচ্ছে রাশিয়ান ভূত। এই রাশিয়ান ভূত আজ সর্বনাশ করতে উদ্যত হয়েছে। এই রাশিয়ান ভূতের ভয়ে আমরা দেখছি আমাদের দেশের বড় বড় নেতারা আজকে রাশিয়াকে তোয়াজ করতে চেষ্টা করছে। যার ফলে ইউনিভার্সিটির ঘটনা, চায়না কনস্যুলেটের ঘটনা, সব চাপা দেওয়া হয়েছে বলে মনে করি। চায়না কনস্যুলেট সম্বন্ধে আমাদের চীফ মিনিস্টার যে বিবৃতি দিয়েছেন, তা অসত্য বলে আমি মনে করি। আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল সকালে হোটেলে বসে টাকা লেন-দেন হয়েছে। কাশীকান্ত বাবুও বলেছেন তাই। আর মুখ্যমন্ত্রী মহাশয় পাস কাটিয়ে গিয়ে বলেছেন মধ্যাহ্নে কোন লেন-দেন হয় নাই। আমি মনে করি এটা হচ্ছে সত্যকে চাপা দেওয়া। যদি তাঁর সাহস থাকে তিনি জবাবে বলুন সকালে হোটেলে সালাউদ্দিনের সাথে, আতাউর রহমানের সাথে চীনা কনস্যুলেটের লোকেরা বসেনি? মুখ্যমন্ত্রীর সাহস থাকে একথা বলুন চীনা কনস্যুলেটের লোকরা, তাঁরা যখন ডিক্লারেশান দেয়, হাউস ছেড়ে দেবার সময়, তাদের বাড়ি ছেড়ে দেওয়ার সময় রিভলভারের কথা ছিল, দমদমে কাস্টমসের কাছে যখন তারা ডিক্লারেশান দেয়, তখন সেখানে তারা রিভলভার দেখাতে পারে নি—একথা সত্য কিনা আমরা মুখ্যমন্ত্রীর মাধ্যমে জানতে চাই।

আমি আর একটা কথা বলতে চাই, আজকে আমাদের দেশে আমরা দেখছি কমিউনিস্টরা নূতন ধুয়া তুলেছে। তারা 'নেহরু কি জিন্দাবাদ' বলছে। তারা রক্ত দিতে চাচ্ছে, টাকা দিতে চাচ্ছে। কিন্তু, একটা কথা বলি, টাকা দেওয়া, রক্ত দেওয়া বড় কথা নয়। সেই আনন্দমঠের কথা স্মরণ করতে বলি। সেই অন্ধকার সমুদ্র থেকে তিনবার গর্জন উঠলো যে তুমি কি দিতে পারো? তার উত্তর হল, জীবন দিতে পারি। তার উত্তরে বলা হল জীবন তুচ্ছ, জীবনত সবাই দিতে পারে। তখন প্রশ্ন হল, তাহলে আর কি দিতে পারি? তার উত্তর হল—ভক্তি দাও। আজ দেখছি সেই ভক্তি কমিউনিস্টদের মধ্যে নেই। যেমন আমরা দেখতে পাচ্ছি উত্তরবঙ্গে আজ তারা পঞ্চম বাহিনীর কাজ চালিয়ে যাচ্ছে, এবং তার সাথে সাথে সেখানকার পুলিস অফিসার, পুলিস কর্মচারীরা তাদের কাজে সহায়তা করছে। আমি নিজে দিনহাটার ওসির কাছে কমপ্লেন করেছিলাম। আমি বলেছিলাম দিনহাটায় আজকে এই যে ছাত্ররা ডিফেন্স ফান্ডে টাকা দেওয়ায় বাধা দিচ্ছে, বা বাধা সৃষ্টি করছে, তার বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা অবলম্বন করেছেন? সেখানকার সেই ও সি কোন ব্যবস্থা করা দূরে থাক, আমার বিরুদ্ধে পর্যন্ত কমপ্লেন করেছেন।

আমার শেষ কথা হচ্ছে, আমরা বিভ্রান্তের মধ্যে থাকতে চাই না। আমরা সোজাসুজিভাবে আজকে পরিষ্কার পথে যেতে চাই। আজকে আমরা দেখছি দুটো ফান্ডে টাকা তোলা হচ্ছে। একটা হল ন্যাসনাল ডিফেন্স ফান্ড, আর একটা হচ্ছে, ইন্ডিয়া এড ফান্ড। ইন্ডিয়া এড ফান্ডের টাকা তুলছেন অতুল্যবাবু, আর ন্যাসনাল ডিফেন্স ফান্ডে টাকা তুলছেন প্রফুল্লবাবু। শিলিগুড়িতে একই সিটিং-এ দুজনকে দু' ফান্ডে টাকা দেওয়া হল। এটা একটা বিভ্রান্তিকর ব্যাপার। এ সম্বন্ধে আমরা জিজ্ঞাসা করছি। এই ঘটনাটা শিলিগুড়িতে হয়েছে। আগে পরিষ্কারভাবে ঠিক করুন, কোন্ ফান্ডে আমরা টাকা দেবো। কোন্ ফান্ডে আমরা টাকা দেবো, এটা জানান দরকার, তা না হলে আমাদের দেশের লোক বিভ্রান্ত হয়ে পড়বে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকের এই গুরুত্বপূর্ণ অধিবেশনে আমার প্রথমেই মনে পড়ছে গত অধিবেশনে চীনা আক্রমণের উপর যে বেসরকারী প্রস্তাব নিয়ে আলোচনা করেছিলাম তখন কংগ্রেস দলের অন্যতম নেতা ডাঃ প্রতাপচন্দ্র বলেছিলেন যে, আমরা পরাধীন দেশে জন্মগ্রহণ করেছি। কিন্তু, আজ আমরা স্বাধীন হয়েছি, এবং আজ স্বাধীন দেশের নাগরিক হিসাবে বলতে পারি। কিন্তু, আজ কোথায় সেই সিরিয়াসনেস? আমরা ত দেখতে পাচ্ছি যে কংগ্রেস দল আদৌ সিরিয়াস নন। তাঁদের চেয়ে আজকে এখানকার অপজিসান মেম্বাররা অনেক সিরিয়াস। অপজিসানের মেম্বাররা অনেকেই খুব মনোযোগ সহকারে বক্তৃতায় অংশগ্রহণ করে বিতর্কে যোগদান করেছেন। কিন্তু, কংগ্রেস দলের সদস্যরা, সেই উৎসাহ, সেই সিরিয়াসনেস দেখাচ্ছেন না। এটা বড় লজ্জার কথা, দুঃখের কথা। আমি আশা করেছিলাম আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় এখানে উপস্থিত থাকবেন; কেন না, তাঁর কাছে আজ আমি চ্যালেঞ্জ রাখছি এবং প্রস্তুত আছি এর জন্য জবাবদিহি করতে। যদিও তিনি উপস্থিত নেই, তাঁর দলের পক্ষ থেকে, কেবিনেটের পক্ষ থেকে প্রতিনিধি হিসাবে যাঁরা এখানে রয়েছেন, তাঁরা আমার প্রশ্নগুলি নোট করবেন এবং আশা করি তার জবাব দেবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাঁদের এ কথা আমি বারবার বলে দিতে চাচ্ছি, আমাদের মধ্যে যে ধোঁয়াটে ভাব সৃষ্টি হচ্ছে, তার জন্য দায়ী মূলতঃ এক শ্রেণীর রাজনৈতিক নেতারা। কিছুদিন আগে ক্রুশেভ সাহেব সুপ্রীম সোভিয়েট প্রেসিডিয়ামের এক সভায় যে ভাষণ দিয়েছেন, তারপরে কি আর আমাদের মনে কোন সংশয় থাকতে পারে, রাশিয়ার মতিগতি সম্বন্ধে? সোভিয়েট রাশিয়ার সেই কমিউনিস্ট ভূমিকা কি হতে পারে? তাঁরা চীন সম্পর্কে বলে গিয়েছেন, চীন সমাজতান্ত্রিক রাষ্ট্র এবং চীন কাউকে আক্রমণ করেছে, একথা বলা মানে একটা স্ল্যান্ডার। তাঁরা ভারতবর্ষের বেলায় বলেছেন, ভারতবর্ষকে চীন আক্রমণ করে নি। তাহলে যারা ফুট হিল পর্যন্ত এলো, তারা কি সব মায়া, অশরীরী আত্মা? এইরকম বিভ্রান্তি ও ধোঁকাবাজীর তাঁরাও আশ্রয় নিয়েছেন। সুতরাং আজকে তার থেকে স্পষ্ট হয়ে যাওয়া উচিত যে, ওয়ার্লড কমিউনিজিমের ভূমিকা কি? ওয়ার্লড কমিউনিজম কখনও অহিংসার পথে যাবে না। ওয়ার্লড কমিউনিজম সেই হিংসাত্মক পথে, লড়াইয়ের পথের মধ্য দিয়ে যাবে। এই তার নীতি। সুতরাং আজও দেখছি কংগ্রেস নেতারা স্পষ্ট ভাষায় ঘোষণা করেছেন যে, এই লড়াই গণতান্ত্রিক সমাজবাদের সংগে কমিউনিজমের লড়াই। তাঁরা বলছেন না যে এই লড়াই গণতন্ত্রের সংগে গণতান্ত্রিক সমাজবাদের সংগে লড়াই; সমাজতান্ত্রিক কমিউনিজের লড়াই। তাই আজ এই ওয়ারফেয়ার।

[2-20—2-30 p.m.]

দ্বিতীয় কথা, আমার বন্ধু মাননীয় সদস্য ভাদুড়ী মহাশয় জেঃ কারিয়াপ্পা সম্পর্কে বলেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি যে জেঃ কারিয়াপ্পা কি তাঁদের চেয়ে কম পেট্রিয়ট? তিনি একজন যুদ্ধের নেতা ছিলেন। এই কারণে কি কারিয়াপ্পাকে ডাস্টবিনের মধ্যে ফেলে দিতে হবে? তাঁকে কি ইতিহাসের ডাস্টবিনে ফেলে দিতে হবে? তিনি একদিন ইংরাজ সাম্রাজ্যবাদী সংগঠনে সমর বিভাগের অধিনায়ক ছিলেন, সেইজন্য কি আজ স্বাধীন ভারতে তাঁর স্থান নেই? তাহলে তাঁরা বুকে হাত দিয়ে বলুন। লেফ্‌টেনেন্ট জেনারেল চৌধুরী তিনিও তো সা[illegible]দের সৃষ্ট লোক। তাঁর প্রতি কি আমাদের আস্থা নেই? লক্ষ লক্ষ সৈনিক জওয়ান তারা লড়াই করছে তারা কি আজ ভাদুড়ী মহাশয়ের নিয়োজিত লোক? তারা পণ্ডিত নেহরু ও কংগ্রেস সরকার কর্তৃক সবাই নিয়োজিত। আজ বহু লোকই এঁদের দ্বারা নিয়োজিত নয়। তবে কি তাদের আমরা সবাইকে বর্জন করতে যাচ্ছি? তৃতীয় কথা, কারিয়াপ্পা সাহেব কোন জায়গায় বলেন নি যে, আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরুর বিরুদ্ধে তিনি কখনই কিছুই বলেন নি। আমরা দেখেছি কংগ্রেসের বড় বড় মন্ত্রীরা, নেতারা তাঁরা তার সংগে এক সভায় বক্তৃতা করেছেন। আমরা দেখেছি জেলপুরে জওয়ানদের সভায় তিনি বক্তৃতা করেছেন। কেন তবে কারিয়াপ্পার বিরুদ্ধে এই ধরনের বিভ্রান্তি এবং এই কুৎসিত প্রচার তারা রাখছেন। এইজন্যই কি তারা দেখছেন, জনতাকে তিনি জাগিয়ে তোলবার চেষ্টা করছেন। অতি সহজ সরল কথা বলে জনতার মধ্যে যে সুপ্ত

দেশপ্রেম আছে তাকে জাগিয়ে তুলছেন। আমি আজ এই কথা বলছি আপনারা মনেপ্রাণে বিশ্বাস করুন—আমি অন্ততঃ বিশ্বাস করি, যে কথা বিশ্বকবি বলেছেন, "কার ভয়ে তুমি ভীত, সে অন্যায় ভীরু তোমার চেয়ে, যখনই জাগিবে তুমি তখনই পালাইবে ধেয়ে, যখনই দাঁড়াবে সম্মুখে তার, তখনি সে পথ কুক্কুরের মত সঙ্কোচে সন্ত্রাসে, যাবে মিশে, দেবতা বিমুখ তারে কেহ নাহি সহায় তাহার, মুখে করে আস্ফালন, জানে সে হীনতা আপনার মনে মনে"। এই বিশ্বাস আমি চাই, আজকে নেতারা, দেখান তাদের আচরণের মধ্য দিয়ে, তাঁদের কর্তব্যনিষ্ঠার মধ্য দিয়ে, তাঁদের বক্তব্যের মধ্য দিয়ে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেদিন আমি বিধানসভায় মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম কনসুলেটের ব্যাপার নিয়ে। আজ আমি কতকগুলো প্রশ্ন এখানে রেখে যাচ্ছি এবং এই প্রশ্নগুলির আমি উত্তর চাই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাচ্ছি

Is it not a fact that the Chowringhee Sales Bureau had written a letter to the Chinese Consulates at Calcutta agreeing in writing that they were prepared to purchase the furniture, crockeries and other effects and belongings?

এবং সেই চিঠি আজ তারা প্রডিউস করুন আমাদের কাছে। তারপর দ্বিতীয় প্রশ্ন হ'ল, যখন সেই চৌরঙ্গী সেলস ব্যুরো কিনবার জন্য চেষ্টা করেছিলেন, তখন চৌরঙ্গী সেলস ব্যুরোর পক্ষ থেকে বলা হয়েছিল যে, সিকিউরিটি কন্ট্রোল ডিপার্টমেন্ট আমাদের অনুমতি দিয়েছিল। আমার তৃতীয় প্রশ্ন হ'ল মুখ্যমন্ত্রীর কাছে যে, সিকিউরিটি কন্ট্রোল ডিপার্টমেন্টের আদৌ কোন এক্তিয়ার আছে কিনা? তাদের কোন কম্পিটেন্স বা কোন অথরিটি আছে কিনা? আমি চ্যালেঞ্জ করছি—তাদের নেই। আইনতঃ আমি জানি—আইনজীবী হিসাবে আমি বলছি—কাস্টমস রুলস-এর দিকে লক্ষ্য রেখে আমি বলছি এবং চ্যালেঞ্জের সুরে আমি বলতে চাই যে, কাস্টমস রুলস অনুযায়ী যখনই এম্ব্যাসী বা কন্সুলেট-এর কোন আসবাবপত্র বা জিনিসপত্র এদেশে আমদানি করা হয় তখন তার লিস্ট তৈরি হয়, ফর্মে তা সাহি করা হয় এবং বোর্ড অফ রেভেনিউর অনুমতি ব্যতিরেকে কাস্টমসের অনুমতি ব্যতিরেকে, কোন ব্যক্তি এইসব আসবাবপত্র কিনতে পারে না। তাহলে দেখা যাচ্ছে, বোর্ড অফ রেভেনিউ কি তাদের অনুমতি দিয়েছেন। আমি জোরের সঙ্গে বলে যাচ্ছি আপনারা অনুসন্ধান করুন বোর্ড অফ রেভেনিউ কোন অনুমতি দেন নি, চৌরঙ্গী সেলস ব্যুরোকে এইসব আসবাবপত্র কেনবার জন্য। আমি এখানে আরও বলতে চাচ্ছি যে, মাননীয় শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়, এখানে তিনি নেই, এটা খুব দুঃখের কথা, এটা বাজারের প্রচার, বিভিন্ন মহল থেকে আমাদের কানে খবর এসেছে তাঁর নিশ্চয়ই জানা উচিত একথা—যখন এল আই সি এই সমস্ত আসবাবপত্র আটক করে রেখেছিলেন তখন এল আই সি অফিসারের কাছে শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নামে টেলিফোন যায়

"Well, how is it that you have detained these articles which have been auction-purchased by Chowringhee Sales Bureau. I am asking you, whether it is a fact".

এবং মাননীয় শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নাম নিতে সাহস পায় কি করে চৌরঙ্গী সেলস ব্যুরো? আজকে তার রেপুডিয়েশন আমরা চাই। এবং তিনি বলুন এবং আমি দাবী করছি চৌরঙ্গী সেলস ব্যুরোকে কাটগড়ায় দাঁড় করানো হোক। তার পরের প্রশ্ন হচ্ছে রিভলবারের কথা। আইনতঃ আমরা জানি যখন এই কনসুলেটের স্টাফ দমদম গিয়েছিলেন এবং যখন এয়ারপোর্টে গিয়েছিলেন, তখন তাদের আইনতঃ ডিক্লেয়ারেশন দিতে হয়, কাস্টমসের কাছে দিতে হয়, সিকিউরিটি পুলিসের কাছে দি'ত হয় তারা কি কি জিনিস বিলংগিংস নিয়ে যাচ্ছে। সেই লিস্ট তারা মিলিয়ে দেখুন তার মধ্যে ১৭টা রিভালবারের কথা আছে কি? তার মধ্যে ১৭টা রিভালবারের কথা নেই। কাস্টম ডিপার্টমেন্টের কাগজপত্র আপনারা পরীক্ষা করে দেখুন, যে কাস্টমসের কাছে তাদের কোন ডিক্লেয়ারেশন আছে কিনা। কাস্টমের কাছে তারা কোন ডিক্লেয়ারেশন দেয় নি। তারপরের প্রশ্ন হচ্ছে, চৌরঙ্গী সেলস ব্যুরো সম্পর্কে। এইমাত্র আমার কাছে খবর এসেছে চৌরঙ্গী সেলস ব্যুরো আজ কাস্টমস সীজ করেছে। এটা আপনার জানা দরকার। এই বিধানসভায় আমরা এই প্রশ্ন তুলেছিলাম বলে এই জিনিস হয়েছে। গণতন্ত্রে এ জিনিস হয়ে থাকে। আজ জনমতের চাপে সেটা করতে হয়েছে। মুখ্যমন্ত্রী তাদের ক্লিন ভিজ দিয়ে দিলেন। ক্লিন সার্টিফিকেট দিয়ে দিলেন যে না ওসব কিছু না; তবে কেন আজ কাস্টমস চৌরঙ্গী সেলস ব্যুরোতে তালা লাগিয়ে দিয়েছেন এবং সমস্ত জিনিস সিজ করে

নিয়েছেন। আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি, সেইসব সৎসাহসী এবং অনেস্ট অফিসার কাস্টমস ডিপার্টমেন্টের, যারা ভারতবর্ষের বিভিন্ন স্থান থেকে এই ডিপার্টমেন্টে এসেছেন আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমি আজ দুঃখের সংগে বলছি যে বহু জিনিস এই পাঁচ দিনের মধ্যে পাচার হয়ে গিয়েছে। আমি আজকে জিজ্ঞাসা করতে চাই এই কনসুলেট অফিসে ৫টা ট্রান্সমিটার সেট ছিল, সেগুলি কোথায় গেল? আরও দুঃখের কথা, মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় বল্লেন, হোটেলের বিলের কথা তিনি সম্পূর্ণভাবে উপেক্ষা করে গেলেন। আমি বুঝি আনন্দবাজার সম্বন্ধে বলতে পারেন, যুগান্তর সম্বন্ধে বলতে পারেন, তারা দলের মনোভাব নিয়ে লেখেন কিন্তু সরকারী মহল থেকে যেটা আমরা শুনি যে স্টেটসম্যানের রিপোর্টিং খুব অবজেক্টিভ রিপোর্টিং হয়, তারা নাকি কোন পলিটিক্স করে না, স্টেটসম্যান যারা পড়েন তারা নিশ্চয়ই দেখেন—১৫ই ডিসেম্বর তারিখের স্টেটসম্যান পড়ে আমি শুনাচ্ছি—লিখেছেন

"Mr. Tang and other six Chinese employees of the Consulate-General left the building shortly before lunch and stayed in a Calcutta hotel before boarding a plane at Dum Dum for Peking".

তাদের আজকে চ্যালেঞ্জ করুন। স্টেটসম্যান কেন এই রিপোর্ট পাবলিস করে? স্টেটসম্যান বলেছে যে তারা হোটেলে গিয়েছিলেন এবং আমি বলছি যে তারা গ্রেট ইস্টার্ন হোটেলে গিয়ে উঠেছিলেন। তারা বলেছেন যে লাঞ্চ তারা সেখানে খাননি। তবে সেদিন তারা লাঞ্চ খেলেন কোথায়? কোন একটা জায়গায় তারা নিশ্চয়ই গিয়েছিলেন কারণ আসবাবপত্রগুলি তারা আগেই গুটিয়ে নিয়েছিলেন। সেদিন কনসুলেট অফিসে অরন্ধন ছিল। তাহলে তারা আহারাদি করলেন কোথায়? মধ্যাহ্ন ভোজন করলেন কোথায়? হোটেলেই তারা গিয়েছিলেন এবং হোটেলেই তাদের সেই ডিল হয়েছে। তারপরের প্রশ্ন হচ্ছে ২০ হাজার টাকার তথ্য মাননীয় মুখ্যমন্ত্রী কোথা থেকে পাচ্ছেন? নিশ্চয়ই তিনি পাচ্ছেন চৌরঙ্গী সেলস ব্যুরো যে কাগজপত্র দাখিল করেছে তার থেকে। আমি এই বিধানসভায় গত বাজেট সেসনে আন্ডার ইনভয়েসিং-এর কথা বলেছিলাম। আমি বলছি যে দেড় লক্ষ টাকার বেশী দাম যে আসবাবপত্র সেটা ২০ হাজার টাকায় থ্রো-ওয়ে প্রাইজে তারা বিক্রি করে দিয়ে চলে যাচ্ছে। এইভাবে আমাদের দেশকে দুর্নীতির পঙ্ক তিলকে ডুবিয়ে দিয়ে যাচ্ছে। আজকে এইভাবে সিকিউরিটি ডিপার্টমেন্ট থেকে বিভিন্ন দপ্তরের বড় বড় অফিসাররা দুর্নীতি, চোরাবাজারী ঘুষকে প্রশ্রয় দিচ্ছেন। এবং এইভাবে দেশকে পঙ্ক-কুণ্ডে নামিয়ে নিয়ে যাচ্ছে। দেশকে এরা ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। আমাদের সিকিউরিটি কন্ট্রোলে যেসমস্ত লোক আছে তারা আমাদের মনোবল ভেঙ্গে দিচ্ছে। সিভিল ডিফেন্সের কোন আলোচনা আমরা করতে চাই না। এইসমস্ত ফিফথ কলাম এইসমস্ত স্পাই যারা কাজ করছে তাদের আজকে ম্যাস করুন এবং তা যদি করতে না পারেন তাহলে সিভিল ডিফেন্সের কোন কথা আমি বলবো না। আজকে আমরা দেখেছি যে তেজপুরে কি হয়েছে। আমি আজকে সমস্ত দায়িত্ব নিয়ে বিরোধী দলের সদস্য হিসাবে বলতে চাই যে, যখন তাওয়াং ফল করলো, তখন থেকেই আমাদের জানা উচিত যে আসামের কি অবস্থা। লজ্জার কথা, ঘৃণার কথা, ধিক্কারের কথা যে সেদিনের বড় বড় অফিসাররা বলেছিলেন আসাম ক্যান অ্যাডপ্ট দি সেইম, আমি নাম করতে চাই না, ভারত-বর্ষের কোন একটি প্রদেশের কংগ্রেসের মুখ্যমন্ত্রী দিল্লীর ডিফেন্স কাউন্সিলে গিয়ে বলেছিলেন, অ্যাট লিস্ট তেজপুর ক্যানট বি ডিফেন্ডেড। আমি তাই দেখি তেজপুরে ইভাকুয়েশন হয়ে গেল। তাই লক্ষ লক্ষ টাকা কারেন্সি নোট জ্বালিয়ে দেওয়া হল। এইরকম বীভৎসতা আমরা দেখে-ছিলাম। কে জানে বাংলাদেশে এইরকম কাজ হবে না যদি আজ সিকিউরিটি পুলিসের দুর্নীতিবাজ লোকদের আপনারা সায়েস্তা করতে না পারেন। আমি দুঃখের সংগে বলছি আমি মাননীয় মুখ্যমন্ত্রীর প্রতি অকুণ্ঠ শ্রদ্ধা রাখি, আমি তাঁকে শ্রদ্ধা করি এই জন্য যে, তিনি কমনার থেকে এসেছেন। তিনি অনেক এক্সেসেবল, তিনি অপোজিশানের পয়েন্ট অফ ভিউ শোনেন। আমি আজকে বলছি দুঃখের সংগে বলছি, দেশের এই দুর্দিনে কংগ্রেস সরকার সচেতন নন। দেশের দুর্দিন এইজন্য নয় যে, কংগ্রেসের মধ্যে প্রেস্টীয়িটিজম নাই, দেশের দুর্দিন এইজন্য নয় যে, কংগ্রেস দেশকে লিড দিতে প্রস্তুত নয়, দেশের দুর্দিন এইজন্য যে, দেশের মধ্যে একটা কমপ্লাসেন্সিভ এটিচিউড গড়ে উঠেছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কংগ্রেস সদস্যদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করবো যে, আপনারা এই কমপ্লেসেন্সির বিরুদ্ধে দাঁড়ান।

माননীয় মুখ্যমন্ত্রী তাঁর কলিং এটেনসন রিপোর্টে বলেছেন, হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড য বেরিয়েছে যে,

"Mr. Sen's statement ran: The report that the Chinese Consul-General and other Chinese Officials met secretly four Indians in a room in a respectable hotel in Calcutta on December 14, 1962 and during the meeting.

তারপর এটা শুনুন খুবই ইম্পর্ট্যান্ট।

the furniture and other household effects of the Consulate were purchased by Chowringhee Sales Bureau for a sum of Rs. 20,000".

আমি জিজ্ঞাসা করতে চাই হু উইল নোটিশ—কে নোটিশ করবে? চৌরঙ্গী সেলস ব্যুরো যেদিন পজেসন নিয়েছিল তার সাথে তারা বলেছিল যে, আমাদের এখানে এত কার্টিজ, এত বোতল মদ রয়েছে। এইসমস্ত জিনিসপত্র এখানে রয়েছে। তারা জানায় নি। তাহলে কে নোটিশ করবে? যদি কমপ্লেন ফাইল করে থাকে তাহলে আমি জানতে চাই যে সে কমপ্লেন কোথায়? সেটা লিখিতভাবে ইন রাইটিং আছে কিনা? আমি আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই—তিনি বললেন যে, ফার্নিচার তারা নিয়েছেন—ফার্নিচার ফর পারসোন্যাল এফেক্ট—বোমা, রিভলবার কি এইসব পারসোন্যাল এফেক্টস?

[2-30—2-50 p.m.]

তাহলে ফার্নিচারএর বিল হচ্ছে কিন্তু ফার্নিচার চলে যাওয়ার সঙ্গে সঙ্গে পাওয়া যাচ্ছে এ সব জিনিষ, এ ভাবে আপনারা দেখুন যে কিভাবে তাঁকে বিভ্রান্ত করছে। আমি বলছি, দুঃখের সঙ্গে বলছি যে, হোম সেক্রেটারী তাকে মিসলিড করছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি তিনি নেতৃত্ব আজকে দিন, দেশ তাঁর কাছে নেতৃত্ব চাইছে। এটা তিনি যেন প্রেস্টিজ ইস্যু না করেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি জানিয়ে দিতে চাই তিনি যদি মনে করে থাকেন যে হোম সেক্রেটারী তাঁকে এটা প্রেস্টিজ ইস্যু বলে দেখাবেন

Don't fizzle out of the statement. If you stick to this statement, then you are sadly mistaken, I am telling you, on the face of it. You will eat the humble pie and all the documents will be produced before the House, and before the bar of public opinion you will stand condemned; and those who are misleading our beloved Chief Minister will be condemned—of course, I do not know whether they will be hanged but they will be certainly condemned.

আজ দুঃখের কথা দেশ কি এভাবে চলবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এসেছি আজকে একটা দারুণ সঙ্কটের মুহূর্তে। আজকে সত্যিকারের আমরা কি দেখাচ্ছি—আমরা জানি যারা পঞ্চম বাহিনীর কাজ করছে, কিভাবে মরালকে ভাঙ্গাবার চেষ্টা করছে—এ সম্বন্ধে আমরা সচেতন কিন্তু সঙ্গে সঙ্গে যে পুলিশ এখানে এ কাণ্ড করছে চৌরঙ্গী সেলস ব্যুরোর মালিক মাড়োয়ারী বন্ধু তিনি মাড়োয়ারী একজন মস্ত বড় মাথা—মিস্টার ক্যাসিয়ক্ তিনি এ মাল কিনেছেন, তাঁর ছেলে দীর্ঘ ১২ বছর ধরে চাইনীজ কনসুলেটএর সঙ্গে যাতায়াত করেছে

He acted as a go-between between the Chinese Consulate on the one hand and the Sales Bureau on the other.

কিন্তু কেন আজ তাকে পুলিস ডিপার্টমেন্ট ধরে নি? দুঃখের সঙ্গে বলছি আমার জেলায় আবার দেখি মুসলিম অঞ্চলের মধ্যে অকারণে প্রীতির সঞ্চার করা হচ্ছে, নোয়াপাড়া অঞ্চল যেখানে—সেখানে আমি বহুভাবে দেখেছি মুসলমানদের অটুট মনোবল, সেখানে গ্রামের লোকের মিথ্যা কমপ্লেন্টের ভিত্তিতে বিভীষিকার সৃষ্টি করা হচ্ছে। মুসলমানদের মধ্যে ত্রাস সৃষ্টি করা হচ্ছে। তারা ডিফেন্স ফান্ডএ টাকা দিচ্ছে, তারা এগিয়ে এসে সরকারকে সাহায্য করছে, তবু আমরা দেখছি যে গ্রামের লোকের এই রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য ব্যাপকভাবে সেখানে ধড়পাকড় হচ্ছে এবং বিভীষিকার সৃষ্টি হচ্ছে—আমার কাছে কাগজপত্র অসংখ্য রয়েছে। যাতে লিখছে আপনি আমাদের বাঁচান—সেখানে বলা হচ্ছে, যান পি এস পি দলকে ভোট দিয়েছেন, তারা বাঁচাবেন আপনাদের। এইভাবে রাজনৈতিক প্রতিহিংসা আপনারা নেবেন না। আপনাদের কাছে অনুরোধ করছি যে, আজকে

সংগ্রামের কথা আপনারা বলুন—মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি আজ তিনি নেতৃত্ব দিন আমরা তাঁর সঙ্গে আছি। দেশকে বাঁচাতে হবে। আর মাননীয় কমিউনিস্ট দলের সদস্যদের বলছি, পণ্ডিত জওহরলাল নেহরুর প্রতি ঐ নকল শ্রদ্ধা আপনারা আর দেখাবেন না, ঐ নাটুকেপনা বন্ধ করুন যে অশ্বত্থামা হত ইতি গজ; ভূমিকা আমরা জানি, যখন মহাভারতে বলা হয়েছিল অশ্বত্থামা হত তখন বিরাট জোরে আওয়াজ হল ইতি গজঃ—যখন বলা হল তখন এমন জোরে ঢাক ঢোল বাজল কেউ জানতে পারলে না। এরা পণ্ডিত জওহরলাল নেহরুর কথা বলছেন কিন্তু কোথাও তো বলছেন না—

We are behind the Government of India, we are behind all aims of the Government of India, we are for successful prosecution of the national war.

একথা তো তাঁরা বলছেন না; ও'রা তো একথা বলছেন না—

We are behind the Prime Minister of India, we are behind the President of India.

ও'রা বলছেন—

We are behind Prime Minister Nehru.

এর মানে কি আছে আজকে? আমরা কি প্রধানমন্ত্রী নেহরুকে কোন শ্রদ্ধা করি আজকে? তিনি বহু যুদ্ধের যোদ্ধা—আমরা তাঁর পেছনে আছি তিনি সেটা ভাল রকমে জানেন। তাই তাঁর প্রতিরক্ষা কমিটিতে আমাদের দলের চেয়ারম্যানকেও তিনি স্থান দিয়েছেন, সেটা তিনি জানেন তাই শেষে বলবো, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে কণ্ঠস্বর মিলিয়ে বলুন—

If India dies, who lives and if India lives who dies?

আজ চাই তিনি এই সংগ্রামের ধ্বনি আওয়াজ তুলে বলুন যে কথা বিদ্রোহী নজরুল বলেছিলেন—"বিদ্রোহী রণক্লান্ত, আমি সেইদিন হব শান্ত যবে উৎপীড়িতের ক্রন্দনরোল, আকাশে বাতাসে ধ্বনিবে না, যবে অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না"।

জয়হিন্দ।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[2-50—3 p.m.]

Messages

Secretary (Shri A. R. Mukherjea): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:

"The West Bengal Legislative Council at its meeting held on the 20th December, 1962, considered (1) The West Bengal Taxes on Entry of Goods in Local Areas Bill, 1962, (2) The Indian Stamp (West Bengal Second Amendment) Bill, 1962, and (3) The Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1962, and returned them to the West Bengal Legislative Assembly without any recommendations.".

Special Debate in connection with Civil Defence Measures

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, we were discussing civil defence measures taken by Government as a result of Chinese aggression. Frankly speaking, I am disappointed to hear the speech of the Hon'ble Chief Minister. It is a disappointment not to me personally but it is a disappointment to know that matters are being moved very slowly, as has admittedly been said by the Hon'ble Minister. Sir, excepting machineries set up very slowly, appointment of Controller and Director.

and some such other things, we have not proceeded any further. We have just now been told by one of our honourable friends that the Advisory Committee met only once. Sir, as I said, it has caused disappointment not to me personally, but it is a disappointment to thousands of people living in the city and outside, magnificently responding to the call of the country by donating blood and giving all they had, and by offering their services in any shape or form. Sir, it is a further disappointment to me because as a member of the House I came here with an expectation to know as to how best I could help in the civil defence measures as I would hear something from the Chief Minister, but up till now I have not been able to get anything as to what is being done with regard to these matters. I thought that perhaps I might be the only one not knowing these things, but in this House I hear others also saying that they knew nothing about the measures that were being taken about civil defence. Sir, we are at war with an enemy. Are we to move slow? Are we to move in this leisurely fashion to protect the rights of millions of people? The war is not against a party. It is not a war against this party or that party. It is a war against India. As an Indian I feel not only for the protection of myself or my children, but for the protection of everybody living here in this city, specially in Bengal and we want to know what arrangements have been made by the Government. Sir, I said and I repeat that the speech of the Hon'ble Chief Minister ending only in two minutes, the steps taken so far, have disappointed me. I say that the work that has been done, the way in which the Government have moved, does not befit a responsible Government. In Delhi, I saw in the papers that thousands and lakhs of people are coming forward to join in the war efforts—for rescue operations, motor driving, fire fighting and all these things but here we are still in the speech-making stage, still in the stage of spinning and thinking over the composition of different bodies and committees—how to direct the activities of the Civil Defence Committee. Sir, I do not care whether anybody takes me or not, but I am entitled, as a matter of my right—as an Indian, I must know—to know what Government is doing—whether it is doing its duty or not—whether it is doing its duty properly. Sir, this is not the way to do things when the country is at war. I therefore think that immediate steps should be taken not in a leisurely fashion and not take men belonging to a particular party, men of their choice, but men of the city. Everyone is competent to do something and they should be taken. If there are anti-national elements bring them out with vigour, with all the strength. Don't say vaguely that everybody cannot be taken into confidence. Mobilise public opinion, mobilise everybody living here in this city and get rid of those who are anti-national. Ask every man, woman, boy, girl to shoulder the responsibility to defend our country. But this is not the way of doing things when the country is attacked, when there is aggression. We are still hearing speeches but speeches cannot stop aggression. I think enough speeches have been delivered on the floor of this House and aggressors should have left if speeches could drive them away. Sir, action is necessary. Let us stop speaking and work more. Have you made arrangements for hospital beds. In Delhi they have arranged for 1000 beds but here no arrangements have been made for air raid precautions or providing beds during air raid attacks. Then there should be arrangements for water-supply. During the British regime during the last war when A.R.P. people were called the henchmen of the British Government 1000 tube wells were sunk for alternative watersupply. No arrangements for alternative watersupply have yet been made. They should be made at once—within a specified time, say within a month or two—1000 tubewells should be sunk. It will not do to say that the Controller would do it. What about the Civil Defence Committee—sometimes it is called Citizens Committee—what is

[th]eir duty—or the duty of Warden or Post Wardens, etc. Last night I was invited to attend a meeting; there the people did not know the duty of wardens—no outlines were there.

[3—3-10 p.m.]

Therefore, it is the duty of the Government to give us an outline of what they propose to do in this connection. Only an Advisory Committee has been formed and this Committee met only once and nothing has materialised.

Sir, I would appeal to the Hon'ble Chief Minister—I am saying this not in anger but more in sorrow, I am not criticizing his action because I know the time has changed and this is not the time to criticize anybody's action—but I would appeal to him that this is not the way to do work of such an important nature affecting the lives of millions of people. He should take the people into his confidence. There is no question of leader of this or that party—I do not care who is the leader, I do not care if I am not taken in any such Committee—but I want to ask you what have you done? You should do things in a proper way. That is what I want. I do not want that you must take me or somebody else into the Committee. Once again I appeal to the Chief Minister to let us know what his scheme is and what he proposes to do. If he wants to do anything, let him do it immediately, otherwise let him not do anything at all.

Shri Shamsuddin Ahmed:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীন আমাদের দেশ আক্রমণ করেছিল কেন এর কারণ যদি সাধারণভাবে অনুধাবন করবার চেষ্টা করি তাহলে নিশ্চয়ই একথা মানব যে শুধু কয়েক হাজার বর্গমাইল ভূমি গ্রাস করা তার লক্ষ্য নয়, সারা এশিয়ায় যে দুটি রাষ্ট্রব্যবস্থা আজ প্রতিযোগিতায় নেমেছে ভারতবর্ষ এবং চীন—এই দুটো রাষ্ট্রের আনুসঙ্গিক বৈষয়িক ক্ষেত্রে কার শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন হবে এই তার একটি লক্ষ্য নিশ্চয়ই এটা উল্লেখ করা যায়। চীন আমাদের দেশ আক্রমণ করে যেপথে আমরা এগুতে চাইছি সেটা ব্যাহত করতে চায়—পৃথিবীর কাছে প্রমাণ করতে চায়, বিশেষ করে এশিয়াবাসীর কাছে প্রমাণ করতে চায় যে, রাষ্ট্রব্যবস্থা হিসাবে তারা যে ব্যবস্থা পরিচালনা করছে তা আমাদের ব্যবস্থার চেয়ে শ্রেষ্ঠতর। সেজন্য আজ কখনও যুদ্ধ করছে, কখনও পিছিয়ে যাচ্ছে এবং আমাদের বাধ্য করছে আমাদের যে সম্পদ রয়েছে তা যুদ্ধের কাজে নিযুক্ত রাখতে। আমাদের বৈষয়িক উন্নয়নের ক্ষেত্রে যে সম্পদ এবং টাকাপয়সা নিয়োজিত করব ভেবেছিলাম তা ঠিক রাখতে দিচ্ছে না যাতে এইভাবে আমাদের বৈষয়িক ব্যাপারে পরাজয়ের মাঝখান দিয়ে এশিয়ার মাঝে নিজেদের বিজয়ী প্রতিপন্ন করতে পারে। তাদের এই অভিসন্ধির বিরুদ্ধে আমাদের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা কি করা উচিত, কি ধরনের সেটা হবে শুধুমাত্র হোম গার্ড বা শুধুমাত্র এ আর পি আমাদের একমাত্র অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা হবে এটা আমি মনে করি না। আমাদের মনে রাখতে হবে আমাদের জনকল্যাণমূলক রাষ্ট্রে যে সমস্ত প্রতিশ্রুতি জনসাধারণকে আমরা দিয়েছি, সে সব কার্যক্রম আমাদের অব্যাহত রাখতে হবে। তা রাখতে না পারলে আমাদের জনজীবনে নানা বিপর্যয় দেখা দেবে। তারা এখন যা পাচ্ছে, যেটুকু সুখ-সুবিধা ভোগ করছে যদিও অপর্যাপ্ত তাও তারা পাবে না—যেটুকু সুখের মুখ দেখেছিল তাও দেখতে পাবে না। তাই যদি অবস্থা দেখা দেয় তাহলে মনে করতে হবে হোম ফ্রন্টে আমাদের পরাজয় ঘটেছে। সেজন্যে সরকার যে সমস্ত কাজে হাত দিয়েছিলেন, যে সমস্ত বৈষয়িক উন্নয়নমূলক কাজ হাতে নিয়েছিলেন সেগুলিকে আরও বেশি সাফল্যমণ্ডিত করতে হবে। আমার মনে হয় পশ্চিমবাংলা সরকার এবিষয়ে ঠিকমত সচেতন নয়। আজ আমাদের অনেকগুলি শাসনতান্ত্রিক অধিকার খর্ব হয়েছে, নিশ্চয়ই সেটা সময়ে খর্ব করা দরকার এবং যার যা প্রাপ্য আছে, যাকে যা দেওয়ার আছে, যার জন্য যা করার আছে, তার আমরা সম্যক এবং সমানভাবে করে যাবো। এবং এই কাজ করতে হলে চীনের আক্রমণকে কেন্দ্র করে দেশের মাঝখানে, জনসাধারণের মাঝখানে, যে স্বতঃস্ফূর্ত অভিব্যক্তি, যে দেশকে বাঁচানোর জন্য, দেশের

উন্নয়নের জন্য, দেশের কাজ করবার জন্য, দেশের গৌরবকে বাড়িয়ে তোলবার জন্য, প্রত্যেকটি জনসাধারণ যেভাবে এগিয়ে এসেছিলেন, আমরা কি তাদের সেই উৎসাহকে, সেই উদ্দীপনাকে কেন্দ্রীভূত করে কাজে লাগানোর যোগ্য ব্যবস্থা করতে পেরেছি? আমরা যে অসামরিক প্রতিরক্ষা কমিটিগুলো গঠন করবো, তার কাজই হবে এই যে আমাদের শাসন কর্তৃপক্ষ এবং জনসাধারণের উদ্দীপনা এই দুয়ের মাঝখানে এই কমিটিগুলো সংযোগ রক্ষার কাজ করবে। শাসন কর্তৃপক্ষ যখন এই কমিটিগুলোর কাছে বলবেন জনসাধারণের কাছে আমরা এই প্রত্যাশা করি, জনসাধারণ এই এই কাজ করবে, এইভাবে তারা উৎপাদন বাড়াবে, এই এই কাজে তারা রাষ্ট্রের সহযোগিতা করবে, সঙ্গে সঙ্গে সেই সমস্ত কমিটিগুলো যারা জনসাধারণের সত্যি সত্যি প্রতিনিধিমূলক কমিটি, তারা জনসাধারণকে সেই কাজ করবার জন্য মুহূর্তে মুহূর্তে উদ্বুদ্ধ করে তুলবে, সেই কাজ করতে অনুপ্রাণিত করবে। কিন্তু আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যে কমিটিগুলো গঠন করা হয়েছে, আমি মুখ্যমন্ত্রীকে নিজের বুকে হাত দিয়ে জিজ্ঞাসা করতে বলবো—তিনি কি মনে করেন যে কমিটিগুলো আমাদের আপামর পশ্চিমবঙ্গের জনসাধারণকে অসামরিক প্রতিরক্ষার কাজে যে প্রয়োজন শাসনকর্তৃপক্ষ চাইবেন তাঁরা কি উদ্বুদ্ধ করতে পারবেন তাদের? আমি আপনার কাছে একটা উদাহরণ রাখি—আমার কাছে বীরভূম জেলা ম্যাজিস্ট্রেট একটা চিঠি দিয়ে পাঠালেন যে তুমি আমাদের অসামরিক প্রতিরক্ষা কমিটির মেম্বর হয়েছ। তার দু-দিন পরে একটা স্পেশ্যাল ম্যাসেঞ্জার দিয়ে আর একটি চিঠি পাঠালেন যে যে কমিটি করা হয়েছে, সেই কমিটি মাননীয় মুখনমন্ত্রী কর্তৃক অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়েছে। কি হবে জানি না। পরে শুনলাম যে কমিটি ভেঙ্গে দিয়ে আর একটা কমিটি তৈরী করা হয়েছে। বস্তুতঃ এটা আমার ব্যক্তিগত প্রশ্ন নয়। যে কোন লোক আজকে ধরুন একজন লোক যদি মনে করে আজ আমি নির্ভরযোগ্য, কাল আমি নির্ভরযোগ্য নই, আপনি কি করে তার মরমের মাঝখানে উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার করতে পারেন? আমি তো প্রতিজ্ঞাবদ্ধ, আমি তো প্রতিশ্রুতিবদ্ধ—সরকার চান বা না চান, আমার যা করার আছে, আমার বিবেক, আমার বুদ্ধি দেশরক্ষার কর্তব্য বলে যা আমায় বলে দেবে, যে অনুশাসন আমি আমার নিজের মাঝখান থেকে পাব, তা আমি পালন করবো—কেউ আমাকে স্বীকার করুক বা না করুক, বা কেউ আমাকে কিছু বলুক বা না বলুক নিশ্চয়ই আমি করে যাব। কিন্তু আপনাকে সকল লোকে মিলে সকল মানুষের উৎসাহকে সঙ্ঘবদ্ধ করতে হবে। সেই কাজে জনসাধারণের যারা সত্যি সত্যি প্রতিনিধি, তাদের তাঁরা কাজে লাগাতে পারেন! শুধু মাত্র হোম গার্ড করা, বা এ আর পি অর্গানিজেশন করা আজকে কাজ নয়, আজকে আমাদের প্রয়োজন আছে গ্রামে গ্রামে ভূমিসেনা গঠন করা। গ্রামে গ্রামে কৃষিক্ষেত্রে ফসল ফলবে এবং আমাদের খাদ্যদ্রব্য, আমাদের প্রতিদিনের প্রয়োজনীয় সামগ্রী আমরা স্বল্পমূল্যে পাব। তবেই জনসাধারণ নিশ্চয়ই দেশরক্ষার জন্য এগিয়ে আসবে। দেশ বলতে তাকে বুঝি যে দেশে আমি আমার সমগ্র অধিকার নিয়ে সুস্থ সবলভাবে খেয়ে পরে শিক্ষার অধিকার নিয়ে বেঁচে থাকতে পারবে, সেই আমার দেশ। সেই দেশের গৌরব রক্ষা করবার জন্য আমি আমার প্রাণ দিতে—অকুণ্ঠচিত্তে প্রাণ দিতে প্রেরণাবোধ করবো। কিন্তু সেই দেশ গড়বার জন্য যে আমরা এগিয়ে যাচ্ছি, সেই অর্থে কি আমরা অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলবার দিকে আমাদের কি কিছুমাত্র ঝোঁক আছে? এই কথা মনে করলে কিছুমাত্র অন্যায় হবে না—শুধুমাত্র রাজনৈতিক দলের জন্য দলীয় স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে আমরা অসামরিক প্রতিরক্ষাকে ব্যবহার করছি। আমরা এখানকার সংখ্যাগরিষ্ঠ দলের যে অধিনায়কত্ব, সেই নেতৃত্ব আমরা মাথা নীচু করে মেনে নিতে রাজী আছি। জনসাধারণ তাঁদের হাতে শাসন ক্ষমতা দিয়েছেন। কিন্তু এই উদারতাই তাঁদের কাছে প্রত্যাশা করবো যে তাঁরা জনসাধারণকে সঙ্গে নিয়ে দেশরক্ষার কাজে এগিয়ে যাবেন। দেশ থাকলে আপনারা আছেন, দেশ থাকলে আমরা আছি; দেশ না থাকলে আপনারাও থাকবেন না, দেশ না থাকলে আমরাও থাকবো না। এই কথাটা অনুগ্রহ করে শাসন কর্তৃপক্ষ যেন না ভোলেন। এই বিনীত অনুরোধ তাঁদের সামনে আমি রাখতে চাচ্ছি। আজকে শিল্পে শিল্পে স্বেচ্ছাশ্রমদান করবার জন্য শ্রমিকদের আমাদের সংগঠিত করবার দরকার আছে। গ্রামে গ্রামে আমাদের গ্রামের কাজ করবার জন্য লোক সংগঠিত করবার দরকার আছে। প্রত্যেকটি মানুষকে আমার যুদ্ধের বার্তা, আমার প্রয়োজনের বার্তা পৌঁছে দেবার জন্য প্রচারের উপযুক্ত ব্যবস্থা থাকার দরকার আছে। সেদিকে কি আমরা এগিয়েছি? আমরা কি সেদিকে কোন কাজ করেছি? সব কাজের জন্য প্রচুর অর্থের প্রয়োজন হয় না। অল্প অর্থেও বহু ভাল এবং সৎ কাজ করা যায় এবং যে যে

করা সম্ভব, সেই সেই কাজগুলোর দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে এবং যে কথাটা বলেছিলাম এখনো আপনাদের পক্ষে, আপনাদের শাসন কর্তৃপক্ষের কাছে এখনো যথেষ্ট সময় আছে যে আমাদের শাসন কর্তৃপক্ষ এবং জনসাধারণকে মাতৃভূমি রক্ষার প্রেরণা এই দুয়ের মাঝখানে এই কমিটিগুলোকে এমন করে প্রোজেক্ট করুন যাঁরা সত্যি সত্যি প্রেরণা এবং উদ্দীপনা গড়ে তুলতে পারেন। গ্রামে গ্রামে আপনারা ভূমিসেনা, শিক্ষাসেনা গঠন করুন। শিল্পে শিল্পে আপনারা যারা স্বেচ্ছায় শ্রমদান করবে তাদের কাজে লাগান। শিক্ষার যে নতুন ব্যবস্থা করতে হবে, তার জন্য বহু শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা দরকার। সেদিকে আপনারা প্রেরণা গ্রহণ করুন। আমার মনে হয় এই কাজগুলো করতে পারলে শুধু আমরা দেশরক্ষা করছি না, দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি। যুদ্ধ সময় বাদ দিয়ে আমাদের যে করণীয় গঠনমূলক কাজ থাকবে, সে কাজ আমরা করে যাব। দুটো কাজকে এক সাথে সমান প্রেরণা ও উদ্দীপনার মাঝখানে আমরা সফলকাম করে তুলতে পারবো। সেই কাজের দিকে আপনারা এগিয়ে আসবেন—এ আশা আমি রাখি।

[3-10—3-20 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:
মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকের এই গুরুত্বপূর্ণ দিনে কোন তথ্যপূর্ণ বিবৃতি না দেওয়ার ফলে আমি হতাশ হয়েছি, তাহলেও তিনি পূর্বে যে কতকগুলি বিবৃতি দিয়েছিলেন, তার একটা অংশ নিয়ে আমার বক্তব্য আরম্ভ করছি। তিনি গতকাল বলেছেন—
reports of anti-national activities were published in some newspapers
এবং তা অতিরঞ্জিত বলেছেন। ঠিক, কিন্তু আমি আশা করি মুখ্যমন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন ঐ সব ঘটনা অসত্য নয়। আমরা অবাক হয়ে যাই এইসব ঘটনা একটার পর একটা করে দিনের পর দিন চলতে থাকবে, আর এ'রা বিবৃতি দেবেন বিভিন্ন দেশদ্রোহী কার্যকলাপের উপর খুব কড়া নজর রাখছি কিন্তু ঘটনা চলতেই থাকবে। আজ চীনেরা সরে যাচ্ছে বটে, কিন্তু চীনের সঙ্গে যাদের সংযোগ, সোজা কথায় যাদের বলা চলে "চীনা জোঁক", তারা থাকবে। চীনা জোঁক সাধারণতঃ দেখা যায় না কিন্তু যেখানে ধরে, সে আর ছাড়ে না; ক্ষত করে দেয়, পঙ্গু করে দেয় মানুষকে। সেই চীনা জোঁক আজ সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে পড়েছে এবং উত্তরবঙ্গেও ছড়িয়ে গেছে সেখানে ইন্টেলেকচুয়াল রেজিমেন্টেশন চলেছে।

আমি বলতে চাই একটা পুস্তক সম্পর্কে "নেপালী আমা" বই। নেপালী ভাষায় একটা বই বেরিয়েছিল, যার কথা দুটো খবরের কাগজে প্রকাশিতও হয়েছিল। সেই বইটার মধ্যে প্রতি ছত্রে ছত্রে রয়েছে বৃহত্তর নেপাল গঠনের পরিকল্পনা। যেনতেন-প্রকারেন সে ভারতের সংহতি নষ্ট করবার কথা। আমি অবাক হয়ে যাই সেই বইটা যদিও আজকে প্রকাশ্যে বাজারে বিক্রয় হচ্ছে না, সেই বইটা আশ্রয় নিয়েছে ঐ বস্তিতে, ক্ষেতখামারে। আর—আর যিনি লেখক তিনি প্রকাশ্য দিবালোকে শিলিগুড়ি, দার্জিলিং প্রভৃতি স্থানে ঘুরে বেড়াচ্ছেন, সরকার তার বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। কেননা, যেহেতু তিনি ১১ টাকা ২৫ নয়া পয়সা দিয়ে কংগ্রেসের সদস্য। তাই সরকার যদি বলেন ত তার সাত খুন মাফ হয়ে যাবে, তবে বলার কিছু নেই। আজকে এই যে ইনটেলেকচুয়াল রেজিমেন্টেশন, তার আর একটা উদাহরণ দিচ্ছি। ঐ উত্তরবাংলায় নেপালী, ভুটিয়া আছে, আর আছে রাজবংশী সম্প্রদায়ের লোক, তাদের কানে কানে গোপনে বলা হচ্ছে তোমাদের সাথে চীনাদের সাংস্কৃতিক যোগ রয়েছে অর্থাৎ ঐ বইটার মধ্যেও লেখা আছে
they have got the social and cultural affinity with that of the Chinese.

কি সাংঘাতিক কথা। তারা এইটা প্রচার করছেন যে তোমাদের মধ্যে চীনের একটা অদ্ভুত মিল আছে, একটা অদ্ভুত সাংস্কৃতিক সংযোগ আছে। এই প্রচার কার্য বন্ধ হওয়া দরকার। আজ তেমনি এখানেও সহরের বুকের উপর দেখছি অন্যভাবে প্রচার কার্য চলেছে। আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা নষ্ট হয়ে যাচ্ছে—এই ধুয়া তুলে কলকাতা সহরের রাস্তায় রাস্তায় গান গেয়ে বেড়ান হয় "আমরা যুদ্ধ চাই না, শান্তি চাই, হিন্দী চীন ভাই ভাই"। আমি জানি এসব অপপ্রচারের জন্য ময়নাগুড়ি থানার দু-চারজন লোককে গ্রেপ্তার করে রাখা হয়েছে। কিন্তু

গ্রেপ্তারের মধ্যেই কি আমাদের সব কাজ শেষ হবে? এই যে ইনটেলেকচুয়াল রেজিমেন্টেশন চলেছে, তার বিরুদ্ধে দরকার পশ্চিমবঙ্গের প্রচার দপ্তরের সক্রিয়তা। কিন্তু প্রচার দপ্তর আজ সে বিষয় সম্পূর্ণ নিষ্ক্রিয়। এ'দের নিষ্ক্রিয়তার কথা বলে শেষ করা যাবে না। এ'দের ১৮ মাসে বছর হয়। এই অবস্থা চলেছে। আমার সর্বশেষ কথা হল যদি সত্যিকারে আজকে এই সমস্ত অপপ্রচার এবং এই সমস্ত ধীরে ধীরে যেসব ষড়যন্ত্র চলেছে তা বন্ধ করতে চান, তাহলে সরকারী প্রচার দপ্তরকে আরও শক্তিশালী করে গ'ড়ে তোলা একান্ত প্রয়োজন এবং তাহলেই আমার মনে হয় "গুজবে কান দেবেন না" এই পুস্তক বার করার সার্থকতা খুঁজে পাবেন। আমি উত্তরবঙ্গ সম্পর্কে কয়েকটা ঘটনার কথা বললাম। এখন আমি কতকগুলি সাজেশন রাখছি সরকারের কাছে এবং আশা করবো সরকার সেগুলি বিশেষভাবে বিবেচনা করবেন। আমি বলতে চাচ্ছি—

(১নং) পঞ্চম বাহিনীর অপপ্রচার ও কার্যকলাপকে বন্ধ করতে হবে।

(২নং) সীমান্তে প্রয়োজনীয় রাস্তাঘাট এবং সেতুগুলি নির্মাণ।

(৩নং) সর্বসাধারণের সুবিধার জন্য উত্তরবঙ্গে একটা ছোট প্রশাসনিক মহাকরণ স্থাপন।

(৪নং) হোম গার্ড সম্বন্ধে উল্লেখ করে কিছুক্ষণ আগে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে সহরে, সহরে হোম গার্ড গঠন করা হচ্ছে। আমি বলবো শুধু সহরে নয়, প্রয়োজন আছে ঐ চীনের রকম সকম দেখে, গ্রামের বুকের উপরও হোম গার্ড গঠন করা। তাই এই প্রস্তাবগুলি আমি করছি এবং গ্রহণের জন্য সরকারের কাছে রাখছি। গ্রামের কৃষক ও শ্রমিকদের এবং মধ্যবিত্তদের নিয়ে গ্রামে গ্রামে, বস্তিতে বস্তিতে, হোম গার্ড গঠন করা হোক।

সবশেষে সবচেয়ে প্রধান বিষয় যেটা আমি বলতে চাই, মুখ্যমন্ত্রীও মাননীয় মন্ত্রী খগেনবাবুও তরুণবাবু উত্তরবাংলার বিভিন্ন জনসভায় বক্তৃতা করেছেন, তাঁরা সেখানে কি দেখেছেন—তাঁরা দেখেছেন সেখানকার মানুষ হাজার হাজার মানুষ লাখ লাখ মানুষ দেশের ডাকে এগিয়ে এসেছিল সেইসব জনসভায়, তারা অর্থ দিয়েছে, স্বর্ণ দিয়েছে, তারা সব কিছু দিতে প্রস্তুত আছে কিন্তু দুঃখের সঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি যে, নেতৃবৃন্দ যদিও বিধানসভার মধ্যে দাঁড়িয়ে বড় বড় বুলি কপচাচ্ছেন যে দেশ বড় দল ছোট, কিন্তু আসলে দেখা যাচ্ছে সেইসব জনসভায় তারা আজও তে-রঙ্গা চরখা মার্কা কংগ্রেসী পতাকা ছাড়তে পারেন নি। আজকে এই বিপদের দিনেও তাঁরা যদি দেশের চেয়ে দল বড় মনে করে থাকেন তাহলে আমরা কিছুতেই দেশকে রক্ষা করতে পারবো না। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সবাইকে এই অনুরোধ করতে চাই যে, আসুন সবাই মিলে দেশ রক্ষার কাজে আজ দেশে যে জাতীয় ঐক্য প্রতিষ্ঠা হয়েছে তাকে বাস্তব রূপ দিবার জন্য চেষ্টা করি এবং দেশ গ'ড়ে তোলার কাজে আত্মনিয়োগ করি। তাহলে আমরা দেশকে গ'ড়ে তুলতে পারব সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

Shrimati Biva Mitra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমরা একটা পরিস্থিতির মাঝখানে এসে পড়েছি, চীন আজকে ভারতকে আক্রমণ করেছে, অতর্কিত আক্রমণ করেছে। যুদ্ধের কথা যখন আমরা ভাবি নি, যখন আমরা ভেবেছিলাম কেমন করে দেশ গঠন করবো, কেমন করে আমাদের দেশকে সব দিক থেকে এগিয়ে নিয়ে যাব, খাদ্য সম্বন্ধে কেমন করে স্বাবলম্বী করবো, শিক্ষা সম্বন্ধে কৃষ্টি সম্বন্ধে কেমন করে দেশকে এগিয়ে নিয়ে যাবো, ঠিক সেই সময় চীন আমাদের দেশকে আক্রমণ করেছে। আজকে এতক্ষণ ধরে যত বক্তৃতা শুনলাম তাতে আমার মনে হয় চীন তৈরী ছিল যুদ্ধ করবার জন্য। সে ১৫ বৎসর ধরে তৈরী হয়েছিল। আমি যখন একটা চীনের উপর আর্টিকল পড়েছিলাম চন্দ্রশেখরনের—তিনি সেই আর্টিকলে লিখেছিলেন যে, চীন এই যুদ্ধের জন্যে প্রস্তুত হচ্ছে। তাদের ঐ যে কমিউন যেখানে মানুষের চিড়িয়াখানা, যেখানে মানুষ থাকতে পারে না, যেখানে নারী পুরুষ এক সঙ্গে থাকে, একই পোষাক পরে, সেটা হচ্ছে চীন দেশ। এছাড়া আর কোথাও এটা সম্ভব হতে পারে না। এই কমিউনগুলি অর্থাৎ চিড়িয়াখানাগুলি যুদ্ধের জন্য

মানুষকে তৈরী করবার জন্যই তৈরী হয়েছিল। চীন নিজের দেশকে খাদ্য সম্বন্ধে স্বাবলম্বী না করে মানুষকে নিপীড়ন করে দুর্ভিক্ষের সামনে নিয়ে এসেছে। তারপর ভারতবর্ষকে আক্রমণ করেছে। এই ভারতবাসী যারা শান্তি চেয়েছিল, যারা পঞ্চশীলে বিশ্বাস করেছিল, তাদের উপরে আজ তারা আঘাত করেছে। তাই আজকে আমাদের প্রস্তুতের কথা অনেক শুনতে পাচ্ছি। কিন্তু আমি এটা আপনাদের জিজ্ঞাসা করি, স্পীকারের মাধ্যমে যে আমাদের প্রস্তুত হতে হলে একদিনে কি তা হবে। প্রস্তুতের জন্য ট্রেনিং চাই। চীন প্রস্তুত হয়েছিল, তারা তো মারশাল রেশ —যুদ্ধ করাই তাদের পেশা— কিন্তু ভারতবাসীর যুদ্ধ করা পেশা নয়। চীন একটা দেশ, তাদের ঐতিহ্য, তাদের দর্শণ, তাদের সংস্কৃতি, সম্পূর্ণ আলাদা। আমরা কি তাদের ফলো করবো? সে কথা ঠিক নয়। কারণ আমাদের সংস্কৃতি, আমাদের ঐতিহ্য, আমাদের ধর্মপথ সেই নীতিতে আমরা চলবো। অতএব আজকে যে চীন আক্রমণ করেছে তারপর আমাদের প্রস্তুতির প্রশ্ন এসেছে। প্রস্তুত হওয়ার জন্য সারাটা দেশে আজ সাড়া পড়ে গেছে। আজ সিভিল ডিফেন্সের কথা। আমার স্মরণ ছিল না এ কথা, আমি হয়তো বলতাম না। কিন্তু যখন সিভিল ডিফেন্সের সেন্টারগুলি চালু হয়ে গেছে। একথা আপনারা সবাই জানেন যে ট্রেনিং না হলে কোন কাজ করা যাবে না। তাই জন্য ট্রেনিং সেন্টারগুলি চালু হয়ে গেছে। জায়গায় জায়গায় সিভিল ডিফেন্স কমিটি তাদের ট্রেনিং-এর কাজ সুরু করে দিয়েছে। সিভিল ডিফেন্সে কয়েকটি ভাগ আছে—প্রথম হচ্ছে ক্যাজুয়েলটি। একটু আগে এখানে কেউ বলেছেন ইন্ডিয়া ডিফেন্সের কথা। আমার স্মরণ ছিল না এ কথা, আমি হয়তো বলতাম না। কিন্তু যখন সিভিল ডিডফেন্স এডের কথা উঠেছে তখন আমি বলছি আজ সরকার তাদের সর্বতোভাবে সাহায্য করছে। আমি জানি না কারা এটা অর্গানাইজ করছে, এবং কিভাবে এটা হয়েছে, কিন্তু আমি বলবো সিভিল ডিফেন্স কমিটি আজ কলকাতার ৮০টি ওয়ার্ডে ৮০টি সেন্টার খুলেছে। কলকাতার প্রতিটি নাগরিককে নিয়ে ফার্স্ট এড ট্রেনিং এবং মহিলাদের হোম নার্সিং শিক্ষা দেওয়ার কাজ সুরু করেছে। এবং তাদের কাজ অনেক অগ্রগতির পথে এগিয়ে চলেছে। এই কমিটির কাছে রেকর্ড থাকছে যখন দেখা যাবে দুর্ঘটনা এলো তখন তারা পাড়ায় পাড়ায় এ কাজ করবে। আরও অনেক কাজ তারা করছেন। আপনারা জানেন ওমেন সিটিজেন্স কমিটি থেকে তাদের ১ লক্ষ ১৫ হাজার টাকার উল কিনে দেওয়া হয়েছে এবং এখানে এসে মহিলারা সকাল থেকে রাত অবাধ বিনা পারিশ্রমিকে কাজ করছে। যারা মহিলা সমিতি থেকে খেটে খান তারাই কাজ করছেন। তার জন্য আজকে বলতে পারি আমাদের দেশ যখন তৈরী ছিল না, চীন তখন আক্রমণ করেছে তার পর চারি দিকে সাজ রব পড়ে গেছে। শিশু, বৃদ্ধ, আবালবনিতা ছুটে এসেছে এই যুদ্ধের কাজে সাহায্য করবার জন্য। চীন যে অন্যায়ভাবে আক্রমণ করেছে সেই অন্যায় যুদ্ধকে তারা প্রতিহত করবে। কারণ ন্যায়দণ্ড ভারতের হাতে। ভারত নিশ্চয়ই এই যুদ্ধে জয়ী হবে। সেইজন্য আজকে প্রস্তুতির কোয়েশ্চেনের মধ্যে অনেকগুলি কথা এখানে উঠেছে। এই সিভিল ডিফেন্সের কথা যেটা আমি বলেছি তার মধ্যে কয়েকটি ডিপার্টমেন্ট আছে। তার প্রথম সুরু হয়েছে ক্যাজুয়েল্টি ট্রেনিং এবং এর মধ্যে দুটো ডিপার্টমেন্ট আছে। প্রথম হচ্ছে রেসকিউ, এ আর পি ওয়ার্ডেন আর দ্বিতীয় হচ্ছে কমিউনিকেশন। এর এক এক করে কাজ এগিয়ে যাচ্ছে। কিন্তু আমি বলতে পারি এক দিনে সব কাজ হয় না। তারজন্য প্রস্তুতি দরকার, ট্রেনিং দরকার। আজকে যার ট্রেনিং নাই তাকে কমিটির মধ্যে কিভাবে নিয়ে যেতে পারে। অ্যাম্বুলেন্স সে কি করে চালাবে। অজ কার এক রকম চালাবে, অফিসার কার এরকম চালাবে, ডিফেন্সের কার এক রকম চালাবে। ফায়ার-ব্রিগেডের যার অভিজ্ঞতা নাই সে কি করে কাজ করবে? সেজন্য আজকে একথা বলতে চাই স্পীকার মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে—আজ মহিলাদের সম্পর্কে বোধ হয় তাঁর ধারণা আছে যে সিভিল ডিফেন্স এবং হোম গার্ড সম্বন্ধে মহিলারা কাজ করতে পারবে না। এখানে অনেক বলেছেন যে অনেককে কোন কমিটিতে নেওয়া হয় নি। আমি একথা জানাতে চাই যে সবাই কমিটিতে থাকতে পারে না। কিন্তু কাজের বেলায় সবাই আসতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি মহিলাদের একটু ভালভাবে দেখেন তাহলে আমরা খুশী হই এবং আমরাও কাজে এগিয়ে যেতে পারি। আমাদেরও শক্তি আছে। যখন রুশ ও জার্মাণ গ্রেট ওয়ার হয়েছিল তখন রুশ মহিলারা কিভাবে মানুষকে সাহায্য করেছিল? তারা

রাস্তায় গাড়ী চালিয়েছে, তারা সিভিল ডিফেন্সের ভার হাতে নিয়েছিলেন এবং সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের ভার হাতে নিয়েছিলেন। কিন্তু আমি বলতে পারি যে আজকে ভারতবর্ষের মহিলারাও কোন অংশে কম নয়। সেদিনের কথা ভুলে যাওয়া উচিত নয়, যেদিন ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে এই মহিলারাই আমাদের সদস্য মাননীয় শান্তি দাস ও বীণা ভৌমিক রিভলবার নিয়ে এগিয়ে গিয়েছিলেন এবং তাঁরা সাকসেসফুলি বেরিয়ে এসেছিলেন। সেইজন্য আজকে স্পীকার মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এ বিষয়ে একটু নজর দেন। বার্লিনে ওয়ারফ্রন্টে সকল পুরুষছেলেরা চলে গিয়েছিল, সেই সময় মহিলারাই তাদের দেশ রক্ষা করেছিল। একথা ভুললে চলবে না। আমি মাননীয় শামসুদ্দীন ভাইকে অভিনন্দন জানাই তিনি যে বলেছেন সিভিল ডিফেন্সের কাজ এবং দেশ রক্ষার কাজে আমরা কন্ট্রিবিউসন করতে পারি সে কথা যেন আমরা ভুলে না যাই।

আমরা যেন গঠনমূলক কাজ করে যাই, আমরা যেন দেশের খাদ্য পরিস্থিতি সম্বন্ধে ভুলে না যাই, তাহলে জানবেন যে, এই সমস্ত যে পঞ্চম বাহিনীর দল আছে, তারা কি করবে, তারা আমাদের এই সামরিক প্রচেষ্টাকে ব্যাহত করবে; এখন তাদের সাহস হয় কর্নারে কর্নারে গিয়ে লুকিয়ে মিটিং করা, রাত্রি এগারটার পর মিটিং কর—তাদের সাহস হয় সি পি আই বলে পোস্টার লেখা—এ সাহস তাদের কোত্থেকে আসে, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে এ সম্বন্ধে একটু জানাতে চাইছি, অধ্যক্ষ মহাশয়, তেজপুরের কথাটা বলে শেষ করছি।

Mr. Speaker: Mrs. Mitra, your time is up.

Shri Nikhil Das:

অধ্যক্ষ মহাশয়, অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা পশ্চিমবাংলায় কি হয়েছে সে সম্পর্কে আলোচনা করবার জন্য আজকে এখানে সমবেত হয়েছি। কিন্তু সবচেয়ে দুঃখের ব্যাপার যেটা, গত ২১এ নবেম্বর আমাদের অ্যাসেমব্লি অধিবেশন বন্ধ করে দেওয়া হল এই কারণে যে, দেশ অত্যন্ত বিপদের সামনে। সুতরাং আমাদের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা এবং সামরিক প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করে গড়ে তুলতে হবে, সেজন্য অ্যাসেমব্লি সেসন বন্ধ করে দেওয়া হল; তারপর এই ১ মাস পরে আমরা আবার বসেছি। এই ১ মাসে আমাদের যে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা তাতে যে কি কি কাজ হল, কি কতটা আমরা এগালুম সে সম্পর্কে যে বিবৃতি বা রিপোর্ট আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে আশা করেছিলাম তা তিনি কিছুই দেন নি, তিনি যে রিপোর্ট দিলেন আজকে অধিবেশনের প্রথমে তা হচ্ছে ২২ তারিখে অর্থাৎ ২২।২৩এ নভেম্বর বিভিন্ন খবরের কাগজে যে বিবৃতি বেরিয়েছিল তার চেয়ে এত টুকু বেশী তিনি দিতে পারেন নি। এটা অত্যন্ত দুঃখের ব্যাপার যদি বাস্তবিকই তিনি কোন খবর আমাদের কাছে না দিতে পারেন কোন বিবৃতি আমাদের কাছে না দেন তাহলে সিভিল ডিফেন্স মেজার উপরে কোন আলোচনা ডাকার এই যে প্রহসন এটা প্রহসনের পর্যায়েই থেকে যায়, কারণ সিভিল ডিফেন্স মেজারের উপরে আলোচনা যদি ১টি দিন ধার্য করা হয় এবং সে দিন সরকার পক্ষ থেকে কি কাজ করা হয়েছে তার যদি বিবৃতি না থাকে তবে আলোচনা করার কি দরকার আছে তা অন্ততঃ আমার ক্ষুদ্র মাথায় আসছে না। মুখ্যমন্ত্রী বলেছেন অনেক গোপনীয় আছে তা তিনি এখানে বলতে পারছেন না এবং এই গোপনীয় ব্যাপারগুলো তিনি গোপনেই রাখুন, আমরা জানতে চাই না, আমরা সাধারণ মানুষ। পশ্চিমবঙ্গের মানুষ, যুদ্ধ যদি হয়, আক্রমণ যদি হয় এবং তার জন্য ঘটনা যা ঘটবে তাতে আমাদের সম্পূর্ণ সম্পর্ক রয়েছে এবং সে সম্পর্ক সেখানে রয়েছে এবং তাতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটুকু জানবার পূর্ণ অধিকার আমাদের আছে বলে মনে করি। আমরা দেখেছি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সিভিল ডিফেন্সএর ব্যাপার তারা নাইন পয়েন্ট টাস্ক, এই নাইন পয়েন্ট টাস্কের ব্যাপারে বিভিন্ন রাজ্যে কি কি কাজ করা হবে তাতে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীর উপর দায়িত্ব দেওয়া হয়েছে, কিন্তু সেই সেই যে নাইন পয়েন্ট টাস্ক তার প্রতিটি জায়গার কাজ পশ্চিম বাংলার ক্ষেত্রে কি হয়েছে তা আমরা জানলাম না। সেখানে ছিল শ্রমিকদের ভিতর থেকে শ্রমিক বাহিনী গঠন করতে হবে, যাতে সেখানে প্রোডাকশন হয়, জমির যাতে ঠিকঠিক উৎপাদন হয়, তার জন্য ভূমি সেনা গ্রহণ করতে হবে, ভলেনটিয়ার সার্ভিস কোর্স করতে হবে, উওমেন ভলেনটিয়ার করতে হবে, ট্রান্সপোর্ট কোর্স করতে হবে, ন্যাশনাল ভলেনটিয়ার রাইফেলস্‌) খুলতে হবে, ফার্স্ট এড কোর্স, ফায়ার ফাইটিং ও হোম গার্ড ইউনিট করতে হবে। এই

যে নয়টি কাজের জন্য স্বেচ্ছাসেবক বাহিনী এর কতটুকু আমাদের পশ্চিম বাংলা অগ্রসর হয়েছে সে সম্পর্কে কোন বিবৃতি আমাদের কাছে নেই, সেই সম্পর্কে আলোচনা করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। তাই মোটামুটি পলিসির ক্ষেত্রে ২।১টা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই আমাদের মুখ্যমন্ত্রী, ও প্রধান মন্ত্রীর বিবৃতি যা আমরা খবরের কাগজে দেখেছি বা রেডিওতে বক্তৃতা শুনেছি তাতে আমরা লক্ষ্য করেছি এ যুদ্ধকে তাঁরা সর্বাত্মক যুদ্ধ বলেছেন, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ তাঁরা চেয়েছেন এবং জনসাধারণের সক্রিয় অংশ গ্রহণের উপর তাঁরা বলেছেন এই যুদ্ধে জিতবো কি না জিতবো তা নির্ভর করবে। কিন্তু এই যে গত দু মাস—এই দু মাসে সরকারের তরফ থেকে যে প্রচেষ্টা হয়েছে সে প্রচেষ্টায় জনসাধারণকে অংশগ্রহণ করবার যে কার্যক্রম গ্রহণ করা উচিত ছিল সে কার্যক্রম গ্রহণ করা হয় নি। এটা হচ্ছে প্রথম অভিযোগ, সরকারের বিরুদ্ধে এবং এই অভিযোগের কথাই যেটা জোর করে বলতে চাই, সে কথা হচ্ছে গত সেসানে আমরা যখন ছিলাম ২১ তারিখের কথা আজও আমার মনে আছে, ২০ তারিখে খবর বেরলো বমডিলার পতন হয়ে গেছে—ফুটহিল পর্যন্ত ওরা চলে এসেছে এবং তার পরের খবর তেজপুর থেকে সমস্ত লোক ভেগে চলে যাচ্ছে, সরকারের দপ্তরের মাথায় যিনি আছেন তিনিও পালিয়ে চলে এসেছেন। রিজার্ভ ব্যাঙ্ক-এর নোটগুলি পুড়িয়ে ছাই করে দেওয়া হচ্ছে, এ ধরনের অবস্থার উপরে আমাদের সেসন তখন বন্ধ করে দেওয়া হয়েছিল। কিন্তু এই ১ মাসে কি দেখছি, ১ মাসে তার পরের যে সাংগঠনিক কাজগুলো করা দরকার ছিল তা হয় নি।

[3-30—3-40 p.m.]

একটি কাজ মাত্র ও'রা করেছেন সেই কাজ হচ্ছে কংগ্রেস দলের শক্তি ও'রা কি করে বৃদ্ধি করতে পারেন, কংগ্রেস দলকে কি করে জোরদার করতে পারেন এবং অন্য দলগুলোকে কি ক'রে জনসাধারণের কাছে হেয় ক'রে দিতে পারেন। অন্য দেশপ্রেমিক লোকগুলোকে না নিয়ে কি করে সংগঠন করতে পারেন এদিকে তাঁরা গেছেন। একটি উদাহরণ দেব, মুর্শিদাবাদ নাগরিক কমিটি গঠন হয়েছে আমি শুনেছি, কিন্তু ঐ কমিটি যাদের নিয়ে গঠিত হয়েছে তাদের যে চেহারা সে চেহারার প্রতি আমি একবার দৃষ্টি আকর্ষণ করতে চাই। নেপালবাবু বলেছেন, ব্রিটিশ আমলে যে সিভিল ডিফেন্স কমিটি ছিল এখন তার মধ্যে পার্থক্য আছে, তখন তার মধ্যে যাঁরা ছিলেন এখন তার মধ্যে তাঁরা থাকবেন না। কিন্তু লক্ষ্য করলে দেখতে পাওয়া যাবে ব্রিটিশ আমলের ব্রিটিশএর খয়ের খাঁ যারা সেই সব শিল্পপতিরা ব্রিটিশ আমলেও সেসব কমিটির মধ্যে ছিলেন। এখনকার কমিটিগুলোকে যদি আমরা অ্যানালাইজ করে দেখি তা হলে দেখব সেই ধরনের রাই বাহাদুর গোষ্ঠীর লোক এবং সেই ধরনের রায়বাহাদুর শিল্পপতি লোক চোরাকারবারী ব'লে তাঁরা বিভিন্ন জায়গায় পরিচিত, তাঁরাও সেই অ্যাডভাইসরি কমিটির মধ্যে আছেন। মুর্শিদাবাদের কমিটির কথা বলছিলাম—আমার দলের লোকের কথা আমি বলতে চাই না। ত্রিদিববাবুর কথা বলতে চাই না এবং মুর্শিদাবাদে আমার দলের জায়গা কোথায় তা আমি বলতে চাই না। শশাঙ্কশেখর সান্যাল, তিনি আমার দলের লোক নন, তিনি সেখানে পূজ্য লোক—তাঁকে লোকে সম্মান করে, সেই শশাঙ্কবাবুর মত লোক তাঁকেও মুর্শিদাবাদের কমিটিতে নেওয়া হয় নি। অথচ নেওয়া হয়েছে রায়বাহাদুরকে যাঁকে ইংরাজ আমলে প্রতিটি লোক জানত তিনি ইংরাজের খয়ের খাঁ-গিরি করেছেন। এই ধরনের সিটিজেন অ্যাডভাইসরি কমিটি যদি হয় তাহলে জনসাধারণের মনে কি উৎসাহ হবে কি আশা হবে, জনসাধারণের মনে কি আকাঙ্ক্ষা, উদ্দীপনা হবে—সে কথাটা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। স্যার, আমাদের উৎপাদন বাড়াতে হবে, দেশে শান্তি রাখতে হবে। অর্থনৈতিক ব্যবস্থা যাতে বিপর্যস্ত না হয় তার দিকে লক্ষ্য রেখে করতে হবে, এবং সে জায়গায় ২।১টা কথা আমি বলতে চাই। আজ হোসিয়ারি মিলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, আজকে চর্মশিল্প বন্ধ হয়ে যাচ্ছে, আজকে পাওয়ারলুম ইউনিট যেগুলি আছে—৫০০ পাওয়ারলুম ইউনিট ছিল সেগুলো আজকে বন্ধ হয়ে গেছে। স্বর্ণালঙ্কার শিল্পী যাঁরা তাঁদের আজকে কাজ নেই। এক লক্ষ লোক তারা বেকার হয়ে যাচ্ছে—এই এত লোক যদি তারা বেকার হয়ে যায় এই শিল্পে যদি এই ধরনের সঙ্কট দেখা দেয় তাহলে অর্থনৈতিক ব্যবস্থার উপরে যে চাপ পড়বে তার ফলে আমাদের আভ্যন্তরীণ যে অবস্থা হবে তাতে কি আমাদের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার হয়ে উঠবে? এবং এগুলো কেন হচ্ছে তা আমি বলে দিতে চাই। পশ্চিম বাংলার যে ব্যবসা তা আজও

নিয়ন্ত্রিত হয় বড়বাজার থেকে, হোসিয়ারি মিলগুলো তাদের কাছ থেকে সুতো নিয়ে যায়। ছোট ছোট মিল মূলধন তাদের বেশি নেই। পাওয়ারলুম ইউনিটগুলো তাদের কাছ থেকে সুতো নিয়ে যায়, তাদের কাছে যারা সরবরাহ করে বড়বাজার, তারা আজ স্তব্ধ হয়ে বসে আছে, তারা ধারে বা বাকিতে কোন জিনিস দিচ্ছে না। এই যে বড়বাজারের ব্যবসায়ী যারা বাংলাদেশের ব্যবসাকে নিয়ন্ত্রণ করে, তারা এই চীনা যুদ্ধের সুযোগে বাংলাদেশের শিল্পের উপর আঘাত হানতে চায়, তাই আজ শিল্প দুরবস্থায় এসে দাঁড়িয়েছে। এদিকে নজর দিতে হবে। লোকের জীবনের দিকে নজর দিতে হবে। দ্বিতীয়তঃ আজ ইমার্জেন্সির ব্যাপার, শান্তিরক্ষা আমাদের করতে হবে, কিন্তু কারখানাগুলোর দিকে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ছাঁটাই সেখানে চলছে, কারখানার এক একটি ডিপার্টমেন্ট সেখানে বন্ধ হয়ে যাচ্ছে এবং সেখানে বারবার আবেদন করেও যে পরিমাণ সুফল সেখান থেকে পাওয়া উচিত তা পাওয়া যাচ্ছে না। গ্রামাঞ্চলের দিকে যদি চাই তা হলে দেখব ধানকাটার মরশুম সেখানে আসছে, আজকে ধানকাটার সময়ে দেখছি বর্গাদার উচ্ছেদ করবার যে চেষ্টা সে চেষ্টা হচ্ছে। যারা জমিতে চাষ করে ফলিয়ে ছিল, ফসল যখন জমিতে উঠেছে, জমির ফসল থেকে তারা আজ উৎখাত হয়ে চলে যাচ্ছে, সেই ফসল তারা কাটতে পারছে না। গ্রামাঞ্চলে আজকে সার্টিফিকেট জারী হচ্ছে, কৃষিঋণ জোর করে আদায় করবার আদায় করবার চেষ্টা চলেছে। এই ধরনের ঘটনা গ্রামাঞ্চলে হচ্ছে। তার ফলে গ্রামাঞ্চলের মানুষ যারা তাদের মধ্যে যে প্রেরণা জাগা উচিত বা জেগেছিল তা স্তিমিত হয়ে যাচ্ছে। এই যে অর্থনৈতিক ব্যবস্থা যার উপর ভিত্তি ক'রে মানুষের প্রেরণা জাগরিত হবে সেদিকে সরকারকে অত্যন্ত প্রখর নজর দিতে হবে। সে ধরনের ব্যবস্থা করা দরকার। তাই যে কথা আমি বলতে চাইছিলাম সিভিল ডিফেন্স মেজার্সএর ব্যাপারে, এই যে অর্থনৈতিক অবস্থা তাকে আজকে শক্তভাবে দাঁড় করাতে হবে। তা যদি করাতে হয় তা হলে জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ করতে হবে এবং সেই সক্রিয় অংশ গ্রহণ করাতে যা যা করা দরকার তা করতে হবে। আমি মনে করি ঠিক ঠিক দেশপ্রেমিক যারা, যারা জনসাধারণের প্রতিনিধি তাদের সকলকেই নিতে হবে। আমি দেখছি কলকাতায় যে কমিটি করা হয়েছে তাতে জনসাধারণের প্রতিনিধি বিজয়বাবু—যিনি একটু আগে বক্তৃতা করলেন—তিনি নেই। এই কমিটিতে কে আছেন না আছেন জানি না। হয়ত দু'-চারজন ভাল লোকও আছেন, কিন্তু সেই কমিটিতে কয়জন সাংবাদিক আছেন, কয়জন লেখক আছেন, কয়জন সাহিত্যিক আছেন, যাদের সঙ্গে জনসাধারণের অঙ্গাঙ্গী সম্পর্ক আছে তাদের কয়জন আছে। বিভিন্ন জেলায় যে কমিটি গঠিত হয়েছে তার ভিতরে কারা আছেন এবং এই যে বেসরকারী কমিটিগুলি হয়েছে, এই যে নাগরিক কমিটি হয়েছে এ জায়গায় আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে এইগুলিকে ঠিক ঠিক ভিত্তি করে জনসাধারণের মধ্যে প্রেরণা জাগাতে পারেন সেদিকে যেন দৃষ্টি দেন। আমার তৃতীয় কথা গুজবের দিক। এটা বড় সাংঘাতিক, যুদ্ধের সময় গুজব বড় সাংঘাতিক জিনিষ। আমি দেখছি আমাদের যে পশ্চিমবঙ্গ কমিটি তাতে পাবলিক রিলেশনস সাব-কমিটি একটি আছে, এবং সেই পাবলিক রিলেশনস সাব-কমিটির চার্জে আছেন তুষারকান্তিবাবু। কিন্তু গুজব সম্পর্কে আমি একটা কথা বলতে চাই, গুজব সাধারণ মানুষের মনোবলকে নষ্ট করে দেয়, মানুষের যে প্রেরণা তা ঠিক জায়গায় চালিত হতে দেয় না। সেদিক দিয়ে আমি প্রশ্ন করতে চাই, আজকে বিভিন্ন খবরের কাগজে, বিভিন্ন বক্তৃতায়, বিভিন্ন প্রচার যেভাবে হওয়া উচিত ছিল তা পশ্চিম বাংলায় কোথায়? পশ্চিম বাংলার বিভিন্ন এলাকায় বিভিন্ন জেলায় যদি যাই তা হলে কি দেখব, আমাদের অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে কাজগুলি জনসাধারণের করা উচিত সে সম্পর্কে প্রচার কোথায়, পুস্তিকা কোথায় এবং জনসাধারণের কাছে তা পৌঁছে দেবার ব্যবস্থা কোথায়? আমাদের সেই ব্যবস্থা অত্যন্ত দুর্বল। সেই ব্যবস্থা, সেই প্রচেষ্টা যাতে ঠিকভাবে চলে তার জন্য প্রয়োজনীয় কাজগুলি করা দরকার। এই কাজগুলি হচ্ছে না। এইজন্য যে জনসাধারণের সক্রিয় অংশ গ্রহণের জায়গাতে সরকারের যে কার্যক্রম গ্রহণ করা উচিত ছিল তা গ্রহণ করেন নি, সেইজন্য কাজ হয় নি। আমার তৃতীয় কথা আমি বলতে চাই, সেটা হচ্ছে এই যে, আমরা অত্যন্ত বিপদের সম্মুখে আছি। হয়ত মনে হতে পারে যে, আজ তো গুলীবর্ষণ হচ্ছে না, সীমান্তে যুদ্ধবিরতি ব্যবস্থা চলছে, কিন্তু একটি কথা আমি খেয়াল রাখতে বলি, আজও আমাদের দেশের অনেক জমি চীনা সৈন্যরা দখল ক'রে বসে আছে এবং প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন যে, ৮ই সেপ্টেম্বরের রেখার ওধারে যতদিন চীনারা না যাবে ততদিন চীনাদের সঙ্গে

আমাদের কোন মীমাংসাই হতে পারে না। এই থেকেই বোঝা যায় যে, আমাদের এখনও যুদ্ধের অবস্থাই চলছে। আপস-আলোচনার পথ এখনও উন্মুক্ত হয় নি। তা যদি হয় তা হলে সিভিল ডিফেন্সের জন্য যে কাজগুলি করা উচিত ছিল তা কেন করা হয় নি? যে কথা কংগ্রেস তরফের কাছে বলেছি, সরকারী তরফের কাছে বলেছি তা হচ্ছে তাদের দায়িত্ব অসীম। দেশের শাসনক্ষমতা তাঁদের হাতে, দেশের সমস্ত সম্পদ তাঁদেরই হাতে, তাই দেশের দুর্দিন বা সুদিন সেটা নির্ভর করছে তাদেরই উপর। তাই আমি তাঁদের কাছে আবেদন করি, আপনারা দেশকে আজ বাঁচান—এই আবেদন ক'রে আমার বক্তব্য আজ শেষ করছি।

[3-40—3-50 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার স্যার, আমি আশা করেছিলাম আমাদের দেশ বর্তমানে বিরাট সংকটের মধ্য দিয়ে যাচ্ছে, তার প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে কোন বিতর্কের প্রয়োজন হবে না। প্রতিরক্ষার ব্যাপারে সরকারের পক্ষ থেকে যে দল নিরপেক্ষ নীতির কথা বলা হয়েছিল তাতে আমরা আশ্বস্ত হয়েছিলাম। কিন্তু এখন দেখছি যে জাতীয় প্রতিরক্ষা ব্যবস্থার একটা বিরাট গলদ রয়ে গিয়েছে। সে সম্পর্কে যদি দু-চার কথা না বলি তাহলে দেশের প্রতি, জাতির প্রতি আমার যে কর্তব্য রয়েছে তা ঠিকমত পালন করা হবে না। আমার বলার মধ্যে আমি সরকারের নীতির ধ্বংসাত্মক সমালোচনা নিশ্চয়ই করব না। আমি গঠনমূলক সমালোচনাই করব এবং কতকগুলি প্রস্তাব সরকারের কাছে রাখব। আশা করব তারা সেগুলি ভালভাবে বিবেচনা করবেন।

জাতীয় প্রতিরক্ষা ব্যাপারে সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল জাতীয় সংহতি এবং সকলের সহযোগিতার ভিত্তির উপর তাদের নীতি নির্ধারিত হবে। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সরকার নীতি নির্ধারনের ক্ষেত্রে দলীয় রাজনীতিকেই প্রাধান্য দিয়েছেন। আমরা আশা করেছিলাম যে বিধানসভার সকল সদস্যদের তারা বিশ্বাস করবেন, অন্ততঃ যে সমস্ত দেশপ্রেমিক রাজনৈতিক প্রতিষ্ঠান এখানে আছে তাদের প্রত্যেকটিকে তারা তাদের কন্ফিডেন্স-এ নেবেন—তাদের পরামর্শ নিয়ে সরকার তাদের সমস্ত বক্তব্য খোলাখুলি রাখবেন। কিন্তু কথা হচ্ছে যে জাতীয় সংহতির কথা তারা বলেন আমরা দুঃখের সংগে লক্ষ্য করেছি সেই জাতীয় সংহতি রক্ষার ব্যাপারে তারা ব্যর্থ হয়েছেন। আমি দুটি ঘটনার উপর জোর দিয়ে বলতে পারি যেখানে জাতীয় সংহতি নষ্ট হতে চলেছে সেখানে সরকার যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন নি। গতকাল যে ঘটনা ঘটেছে সেটা সকলেই জানেন। এ বি টি এ চীনা বাহিনীর আক্রমণ সম্পর্কে দ্বিধাগ্রস্ত মনোভাব দেখিয়েছেন, সেখানে নিশ্চয়ই জাতীয় সংহতি নষ্ট হবার উপক্রম হয়েছে। সরকার জানতেন এক শ্রেণীর মানুষ আছেন যারা শিক্ষক সমাজকে বিভ্রান্ত করতে চান। তারা যেভাবে আজকে সমস্ত বাংলাদেশের মুখের উপর কলঙ্ক লেপন করেছে সেটা অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা। এ বি টি এ-র আলোচনা হয়েছিল, গোপন অধিবেশনে তারা ঠিক করেছিলেন চীনের আক্রমণের পরিপ্রেক্ষিতে তাদের কি নীতি হবে—সেখানে কংগ্রেস-পক্ষের বহু শিক্ষক প্রতিনিধি উপস্থিত ছিলেন কিন্তু কেউ প্রতিবাদ করেন নি এবং অন্যান্য প্রতিনিধিদের সেখানে কিছু বলবার সুযোগ দেওয়া হয় নি। সরকারের এটা জানা উচিত ছিল যেখানে এরকম একটা প্রতিষ্ঠান দেশের সংহতি নষ্ট করছে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা সরকারের অবশ্যকর্তব্য। তাই আমার বক্তব্য হচ্ছে এই সংকটময় মুহূর্তে সরকারের উচিত বাংলাদেশের যে কয়টি বিশ্ববিদ্যালয় আছে তাদের ভাইস-চ্যান্সেলরদের আহ্বায়ক করে ন্যাশনাল টিচারস ফ্রন্ট গড়ে তোলা যাতে সংহতি গড়ে তোলার ব্যাপারে শিক্ষকসমাজ উপযুক্ত ভূমিকা গ্রহণ করতে পারে। ন্যাশনাল ফ্রন্ট ছাত্রদের প্রেরণা দিতে পারবে। বিভিন্ন কলেজ ইউনিয়নএর ব্যাপারে দেখা গিয়েছে সেখানে একদল ছাত্র অপর দল ছাত্রের বিরুদ্ধে উস্কানিমূলক বক্তৃতা দেয়, মারধর করে। সেখানে ছাত্রদের সমস্ত ঐক্য ব্যাহত হচ্ছে। ছাত্রসমাজ দেশের একটা বিরাট শক্তি, কিন্তু সেই শক্তিকে সংহত করার কোন প্রচেষ্টা সরকারের পক্ষ থেকে হয় নি। সেখানে পরিষ্কারভাবে দেখা যাচ্ছে যে টিচার্স ফ্রন্টএ কোন প্রচেষ্টা করছে না, কিন্তু কংগ্রেস পার্টির পক্ষ থেকে প্রতিটি বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে তুলবার চেষ্টা দেখা যাচ্ছে। কিন্তু এর দ্বারা ছাত্র বা শিক্ষকদের সংহতি গড়ে তোলা যাবে না। সেজন্যে আমি মনে করি বাংলাদেশের বিভিন্ন প্রতিষ্ঠান অপেক্ষা একটা ন্যাশনাল ফাইটিং ফ্রন্ট গড়ে তোলার চেষ্টা করা উচিত যারা শত্রুর বিরুদ্ধে স্বাধীনতা রক্ষার

সংগ্রামে অংশ গ্রহণ করতে পারে। স্যার, সরকার সহযোগিতার কথা আমাদের বারবার বলেছেন। আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না। একটি ঘটনা আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। গত পরশু আমাদের শহরে তিনি (মুখ্যমন্ত্রী) গিয়েছিলেন জাতীয় প্রতিরক্ষা তহবিলে দান গ্রহণ করবার জন্য। সেই জনসমাবেশে আমি দেখেছিলাম কংগ্রেস নেতারা ছিলেন। কিন্তু সেই হুগলী শহরের একজন মানুষকে যাকে সমস্ত বাংলাদেশের মানুষ শ্রদ্ধা করে, যিনি শ্রীঅরবিন্দের সহকারী ছিলেন, কানাইলালের যিনি মন্ত্রগুরু ছিলেন—সেই বর্ষীয়ান মহান নেতা অধ্যাপক শ্রীজ্যোতিষ ঘোষ মহাশয়কে দেখতে পেলাম না। তাঁকে একটি নিমন্ত্রণপত্র দেওয়া হয় নি। ৮০ বছর তাঁর বয়স হয়েছে—রোগশয্যায় আছেন—তাঁকে সেখানে ডাকা হ'ল না যদিও আমাদের মুখ্যমন্ত্রী সেই চুঁচুড়া শহরে দান গ্রহণ করতে গিয়েছিলেন। এটা আমরা সেই শহরের অধিবাসী হিসেবে লজ্জা হিসেবে গ্রহণ করেছি। আমাদের শহরে মুখ্যমন্ত্রী গেলেন, কিন্তু আমাদের শ্রদ্ধেয় মাস্টার মহাশয় জ্যোতিষচন্দ্র ঘোষের কাছে একটা নিমন্ত্রণপত্র গেল না।

আর একটা ঘটনা আমরা সেদিন লক্ষ্য করেছি—মাননীয় মুখ্যমন্ত্রীর সেই চুঁচুড়া যাবার পথে একটা দুর্ঘটনা ঘটেছিল—বৈদ্যবাটি স্টেশনে রেল লাইনের কাছে একটি ৮ বছর বয়স্ক বালক তাঁদের গাড়িতে চাপা পড়েছিল, আমরা আশা করেছিলাম একথাও শোনা গেছে যে স্বয়ং মুখ্যমন্ত্রী সেই গাড়িতে ছিলেন এবং তাঁদের সেই গাড়িতে একটি ছেলে আট বছর বয়স চাপা পড়েছিল—তিনি তারপরে চুঁচুড়া গিয়ে সভা করলেন, কিন্তু সেই ছেলের সম্পর্কে, সেই দুর্ঘটনা সম্পর্কে কোন কথা বললেন না। আমরা পরে যখন কাগজে দেখলাম, পরে যখন ঘটনা শুনলাম—আমরা অত্যন্ত বিস্মিত হয়েছি যে, অন্ততঃ এই জাতীয় প্রতিরক্ষার সময় যেখানে সমস্ত মানুষের বেদনাকে আমরা অন্যদিকে কনভার্ট করি, আমাদের শক্তিকে মজবুত করবার চেষ্টা করছি, সেখানে যদি ঘটনার কথা সত্য হয়, তার অন্ততঃ এইটুকু দুঃখ প্রকাশ করা উচিত ছিল বলে আমরা মনে করি। তার মধ্যে আমাদের সংহতিকে সমস্ত রকম মানুষের ফিলিংসগুলোকে আমরা মোবিলাইজ করতে পারতাম। কাজে কাজেই আজকে সরকারের কাছে আবেদন করব যেকথা তাঁরা গোড়ায় ঘোষণা করেছিলেন যে, জাতীয় সংহতিকে গড়ে তুলতে হবে, সেই সংহতির কথা চিন্তা করে তাঁরা যেন সেই বাস্তব কার্যপন্থা গ্রহণ করেন এবং সহযোগিতার কথা—যে কথা বিভিন্ন সদস্য বলে গিয়েছেন সেখানটায় যেন পার্টির কথা না থাকে। এখানে দেশপ্রেমিক প্রতিটি রাজনৈতিক দল, দেশপ্রেমিক প্রতিটি মানুষকে কমিটিতে নিয়ে অন্ততঃ এই দেশরক্ষার কাজে তাদের সেবা করার সুযোগ দেওয়া হোক।

স্যার, এ ছাড়া আমি কতকগুলো প্রস্তাব সরকারের কাছে রাখতে চাই। সে প্রস্তাবগুলো হচ্ছে এই যে, আজকে আমরা জাতীয় সংহতির কথা বলি, ঐক্যবদ্ধ ভারতবর্ষ, আজকে চীন আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে একথা আমরা বলি, এই ঐক্যবদ্ধ ভারতবর্ষের দুজন মহামানব স্মরণীয়—স্বাধীনতা আন্দোলনের মহান নেতা—নেতাজী সুভাষচন্দ্র এবং মহাত্মা গান্ধী। আমি সরকারের কাছে আবেদন করব যে, কেন্দ্রীয় সরকারের কাছে তাঁরা সুপারিশ করুন যে, গান্ধীজী এবং নেতাজীর নামে ব্রিগেড রচনা করা হোক। তার মধ্য দিয়ে যেসমস্ত জোয়ানরা স্বাধীনতা রক্ষার্থে এগিয়ে যাবে, তারা অনুপ্রেরণা পাবে, আরও উৎসাহ পাবে। আমরা দেখেছি, নেতাজী যখন আজাদ হিন্দ ফৌজ গড়ে তুলেছিলেন, তখন তিনি মহাত্মা গান্ধী ব্রিগেড, মৌলানা আজাদ ব্রিগেড গড়েছিলেন। আজ স্বাধীনতা রক্ষার আন্দোলনকে শক্তিশালী করা সম্ভব হ'বে, সমস্ত দেশপ্রেমিক লোককে একটি জায়গায় নিয়ে আসা যাবে, যদি আমরা এই দুজন মহান দেশপ্রেমিক নেতার প্রতি আমাদের শ্রদ্ধা প্রদর্শন করি।

বাঙ্গালী রেজিমেন্ট সম্পর্কে আমার শ্রদ্ধেয় নেতা হেমন্তবাবু বলে গিয়েছেন। কিন্তু কাগজে দেখেছি যে, বঙ্গীয় সাহিত্য পরিষদ একটা প্রস্তাব গ্রহণ করেছেন, সেই প্রস্তাবে বলা হয়েছে যে, বাঙ্গালী রেজিমেন্ট গঠন করার জন্য নাকি প্রয়োজন হয়েছে এই পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন করে "বাংলা" নাম করা এবং এই মর্মে পশ্চিম বাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন। আমি কোন দীর্ঘ আলোচনায় না গিয়ে বলতে পারি যে, বাঙ্গালী রেজিমেন্ট গঠন করার ক্ষেত্রে পশ্চিম বাংলার নাম পরিবর্তন করে বাংলা রাখার কোন প্রয়োজন

নাই। এই সম্পর্কে বহু বিতর্কের অবকাশ আছে, বহু বক্তব্য আছে। তবে এই অনুরোধ সরকারের কাছে রাখব যে, বাঙ্গালী রেজিমেন্ট করা হোক। কিন্তু পশ্চিমবঙ্গের নামকে পরিবর্তন করার যেন কোনরকম দুঃসাহস তাঁরা না দেখান।

তারপর আর একটি প্রশ্ন যে আজকে আমরা দেখেছি বিভিন্ন গ্রামে ঘুরে ঘুরে, সেখানকার স্তম্ভ যদি আপনারা পড়ে থাকেন, তা হলে দেখবেন সেখানে পরিষ্কারভাবে লেখা আছে যে, আজকে পৌষ মাস, এই পৌষ মাসেতে সোনার দাম বাজারে বেশ বেড়ে যাচ্ছে। কেন? যেখানে জাতীয় প্রতিরক্ষা তহবিলে সোনা দেবার জন্য মানুষ এগিয়ে এসেছে, বাংলাদেশের মানুষ আজ পর্যন্ত ৩১ লক্ষ টাকার সোনা দিয়েছে, সেখানেতে আজকে কিছু স্বার্থান্বেষী মানুষ, মুনাফা-খোর মানুষ এই সোনার দামকে বাড়াবার চেষ্টা করছে। এই বিষয়ে সরকারের উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা উচিত বলে আমি দাবি করি।

তারপর আর একটি প্রশ্ন যে আজকে আমরা দেখেছি বিভিন্ন গ্রামে ঘুরে ঘুরে, সেখানকার পাটের দামকে কমিয়ে সেখান থেকে কম দামে পাট বিক্রী করবার জন্য চাষীদের উপর চাপ সৃষ্টি করছে পাটের মহাজনরা, সরকারের কাছে এ বিষয়ে নিশ্চয়ই খবর আছে। অন্ততঃ সরকারের এ বিষয়ে একটু কড়া দৃষ্টি রাখা দরকার যাতে করে এই ৩০ লক্ষ পাটচাষী আজকে বাংলায় মার না খায়, পাটের দাম যেন সরকারের নির্ধারিত দামের কমে তাদের বেচবার জন্য বাধ্য না করা হয়।

আজকের সংবাদপত্রে দেখা যায়, কেন্দ্রীয় সরকার এই যুদ্ধকালীন জরুরী অবস্থার জন্য ৫০ লক্ষ টন খাদ্যশস্য মজুত করবার জন্য বিভিন্ন রাজ্যের মন্ত্রীদের কাছে আবেদন করেছেন। আমরা একথা গোড়াতেই বলেছিলাম যে আপৎকালে খাদ্যশস্য মজুত করা প্রয়োজন এবং সেটা সেকেণ্ড লাইন অফ ডিফেন্স হিসেবে ব্যবহার করা যেতে পারে। এই সময় নতুন ফসল উঠছে, এখন যদি গ্রামে গ্রামে এইভাবে খাদ্যভাণ্ডার গঠন করার চেষ্টা করা হয়, তাহলে জরুরী অবস্থার মোকাবিলা করার ক্ষেত্রে আমরা এক ধাপ এগিয়ে যাবো। সঙ্গে সঙ্গে আমি আর একটি বিষয় সম্মানীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শৈলবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে একটি কথা কিছুদিন আগে কাগজে বেরিয়েছিল যে মনোজ বসু "চীন দেখে এলাম" বইটা লিখেছেন এবং তার সম্বন্ধে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে—চীন সম্পর্কে সেখানে একটা প্রশস্তি দেওয়া হয়েছে। আজকের এই অবস্থায় দেশের তরুণ সমাজের মনকে কলুষিত করে দেওয়ার ও বিভ্রান্তির পথে চালাবার চেষ্টা হয়েছে। "চীন দেখে এলাম" তার বিরুদ্ধে বিক্ষোভ আমরা শুনেছি। কিন্তু মাননীয় মন্ত্রী শৈলবাবু তিন সপ্তাহ চীন ভ্রমণ করার পরে ভিজিট টু চায়না বলে একটা বই লিখেছিলেন,এই বইটি সম্পর্কে আমাদের বক্তব্য, তাঁর কাছে জানতে চাই--যে বইটিতে চীন সম্পর্কে বহু কথা বলা হয়েছে এবং সেই সম্পর্কে তাঁর বক্তব্য এই অ্যাসেম্বলির মধ্যে দাঁড়িয়ে অন্ততঃ আমরা শুনতে চাই। অথবা কাগজ মারফৎ সেই বই সম্পর্কে তাঁর পরিষ্কার বক্তব্য জানিয়ে দিলে আমরা বাধিত হব।

[3-50—4 p.m.]

Shri Jagadish Chandra Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, উত্তর বাংলার সিভিল ডিফেন্স সম্পর্কে সরকার কি ব্যবস্থা করেছেন বিশেষ করে উত্তর বাংলার কেন্দ্রস্থল শিলিগুড়ি ও তৎপার্শ্ববর্তী অঞ্চলের জন্য কি ব্যবস্থা করেছেন, সেই সম্পর্কে আমি এখানে আলোচনা করব। মূল আলোচনায় যাবার আগে আমি দুটো জিনিস বলতে চাই। কোচবিহারের একজন সদস্য বলেছেন শিলিগুড়িতে ৯ই ডিসেম্বর যে সভা হয়েছিল, তাতে মুখ্যমন্ত্রী মহাশয়কে কিছু অর্থ দেওয়া হয়েছে ন্যাশনাল ডিফেন্স ফান্ডে এবং পশ্চিম বাংলার কংগ্রেস সভাপতি অতুল্যবাবুকেও কিছু অর্থ দেওয়া হয়েছে। একটা ভুল রিপোর্ট তিনি পেয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয়কে ৩৪ হাজার টাকা দেওয়া হয়েছিল ন্যাশনাল ডিফেন্স ফান্ডের জন্য। আর প্রদেশ কংগ্রেস সভাপতি অতুল্যবাবুকে শিলিগুড়ি মহকুমার বিভিন্ন মণ্ডল কংগ্রেসের পক্ষ থেকে ও বিভিন্ন কংগ্রেস সমর্থকদের পক্ষ থেকে ৪ হাজার ৭ শ টাকা দেওয়া হয়েছে। সে টাকা ন্যাশনাল ডিফেন্স ফান্ডের জন্য নয়। সে টাকা সম্পূর্ণ কংগ্রেস সংগঠনের জন্য দেওয়া হয়েছে।

আর একটা ভুল কথা বলেছেন শ্রীঅমর রায় প্রধান। আমি জানি না সেটা ঠিক কিনা। তিনি বলেছেন নেপালী ভাষায় একটা বই বের হয়েছে—সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি হয় নাই? তবে আমি যতদূর জানি—একটা নেপালী বই আম্মা—শিলিগুড়ি কেন্দ্রে বেরিয়েছিল। তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের সরকারী কর্তৃপক্ষ যথেষ্ট সজাগ ছিলেন এবং তার বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন। এক ভদ্রলোককে কিংবা একাধিক লোককে এ সম্পর্কে গ্রেপ্তার করা হয়েছে। [এ ভয়েসঃ তার লেখককে গ্রেপ্তার করা হয়েছে কি?] তা আমি বলতে পারব না। একজন কিংবা একাধিক গ্রেপ্তার হয়েছে। কে লেখক, কে প্রকাশক —তা আমি জানি না। উত্তর বাংলার বিভিন্ন প্রতিনিধি এখানে রয়েছেন, তাঁরা সেকথা বলতে পারেন।

Dr. Kanai Lal Bhattacharya: There is none in Treasury Bench.

[এ ভয়েস! ঐ তো চাদর আছে।]

Shri Jagadish Chandra Bhattacharjee:

উত্তরবঙ্গের সিভিল ডিফেন্স সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে আমি শিলিগুড়ি সম্পর্কে বিশেষভাবে আলোচনা করবার আগে মুর্শিদাবাদ জেলা ও হুগলী জেলার কথা আলোচনা করব। মুর্শিদাবাদের একটা সিনেমা হলের মালিক এবং হুগলী জেলার একটা সিনেমা হলের মালিক —সিনেমা হলের বিশেষ কোন শ্রেণীর যা ইনকাম হবে তা যুদ্ধ চলা পর্যন্ত ন্যাশনাল ডিফেন্স ফাণ্ডে দিবেন, এই কথা তাঁরা ঘোষণা করেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের এবং লজ্জার সঙ্গে বলতে হয় যে, মুর্শিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেটকে সেই সম্পর্কে একটা চিঠি তিনি দিয়েছিলেন। সেই ভদ্রলোকের চিঠির আজ পর্যন্ত ম্যাজিস্ট্রেট কোন জবাব দিলেন না সে অর্থগ্রহণ করতে তিনি রাজী কিনা! হুগলীর জেলা ম্যাজিস্ট্রেট চিঠির উত্তরে জানিয়েছেন—হ্যাঁ, আপনার অর্থ নেওয়া হবে। পশ্চিম বাংলা সরকার এগিয়েছেন, পশ্চিম বাংলার মানুষও এগিয়েছেন পশ্চিম বাংলার বিভিন্ন দেশপ্রেমিক, রাজনৈতিক দলও এগিয়েছেন। কিন্তু একথা বলতে দ্বিধা নাই যে, পশ্চিম বাংলা সরকারী কর্মচারী এগিয়ে যান নি। হুগলীর জেলা ম্যাজিস্ট্রেট এগিয়েছেন ন্যাশনাল ডিফেন্স ফাণ্ডে টাকা নেওয়ার জন্য। কিন্তু মুর্শিদাবাদ জেলার জেলা ম্যাজিস্ট্রেট একজন সিনেমা হলের মালিকের টাকা নেবেন কি নেবেন না আজ পর্যন্ত তা ঠিক করতে পারলেন না। আজ যদি এই অবস্থা হয় তা হলে সিভিল ডিফেন্সের অবস্থা অন্যান্য জেলায় কি হয়েছে একটু বিচার করে দেখবেন। এর পর আমি উত্তর বাংলার কথায় আসি। কালকে পর্যন্ত আমার কাছে খবর এসেছে যে, শিলিগুড়ি শহর সম্বন্ধে সারা ভারতবর্ষে একটা আলোড়ন হয়েছে, ভারতের বিভিন্ন জায়গা থেকে নেতৃবৃন্দ এসেছিল সামরিক বেসামরিক বিভাগের নেতৃবৃন্দ এসেছিল, কিন্তু তার ব্যবস্থা কি হয়েছে। কালকে পর্যন্ত খবর যে ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট এখনও পর্যন্ত যায় নি। অর্থাৎ অসামরিক বিভাগ থেকে কিভাবে ফায়ার ফাইটিং শিক্ষা দেওয়া হবে তার কোন ব্যবস্থা এখনও পর্যন্ত হয় নি। যদিও থিওরিটিক্যালি সব ব্যবস্থা হয়েছে হাওড়া থেকে একজন ডি এস পি গিয়েছেন—তিনি শিলিগুড়ির অনেক মানুষকে জ্ঞান দান করেছেন, শিক্ষা দিয়েছেন, কিন্তু তিনি ইকুইপমেন্ট দিতে পারেন নি। কি চমৎকার ব্যবস্থা হয়েছে। একথা বলতে আমার দ্বিধা নাই, বাংলাদেশের মানুষ আজ এগিয়ে যাচ্ছে দেশরক্ষার জন্য কিন্তু পশ্চিম বাংলা সরকারী কর্মচারীরা এখনও টাইম বেঁধে ১০টায় অফিসে আসেন, ৫টায় বেরিয়ে যান। লাল ফিতা খুলেন না। এই যদি অবস্থা হয় তা হলে নেফায় যখন চীনারা এসেছিল তখন তাদের কমিউনিস্টরা পথ দেখিয়ে দিয়েছিল টর্চলাইট জ্বালিয়ে। সেইরকম আমার মনে হয় উত্তর বাংলার কমিউনিস্টরা পথ দেখিয়ে চলেছেন। এই তো সেদিন ৬ই ডিসেম্বর তারিখে শিলিগুড়ি মহকুমার নিশ্চিন্তপুর চা-বাগানে কমিউনিস্ট বন্ধুরা ইউনিয়নে বল্লেন যে, আমাদের নেতা জ্যোতি বসু—তিনি এখন জেলে আছেন সোমনাথ লাহিড়ীর কথা আমরা মানি না। ইনি হচ্ছেন কংগ্রেসের জেজুড়। মহা মুশকিলের কথা এই যে, উত্তর বাংলার বিভিন্ন চা-বাগানে ও বিভিন্ন গ্রামে কমিউনিস্টদের ঘাঁটি রয়েছে, গুপ্তচরদের ঘাঁটি রয়েছে সরকার তাদের খবর বেশ ভালভাবেই জানেন কিন্তু তাদের গ্রেপ্তার করা হয় নি। জনসাধারণ আজ বিক্ষুব্ধ হয়েছে। কিন্তু সরকারী কর্মচারীরা বলে যে তারা ভাল হয়ে গিয়েছে। আমি বলি মোটেই তারা ভাল হয় নি। এখনও রাত্রের অন্ধকারে তারা মিটিং ডাকছে। যুদ্ধের নামে তারা চাঁদা আদায়

করছে। কিন্তু সরকারী তহবিলে চাঁদা জমা পড়ছে না। তারপর আমি যা বলছি যে, ঠিক হল যে, শিলিগুড়ি শহরে ১৭৫০ জন ভলান্টিয়ার নেওয়া হবে, ৫ হাজার জন যুবক তৈরি হল ভলান্টিয়ার হবার জন্য—মাত্র ৫ শত যুবকের নাম লিস্ট করা হল। ঠিক হল ২ শত জন সিভিক গার্ড নেওয়া হবে—মাত্র ৫০ জনকে নেওয়া হয়েছে। সংবাদপত্রে প্রায়ই আমরা যে ছবি দেখি যে, মেয়েরা রাইফেল চালাচ্ছে আমার মনে হয় একই ছবি দুইবার করে দেওয়া হচ্ছে। যাই হোক শেষে আমি একটি কথা বলতে চাই যে, সরকার এখনও সচেতন হউন, উত্তর বাংলায় দেশদ্রোহীরা অত্যন্ত সজাগ. সরকারের উচিত এদের উপর তীক্ষ্ণতম দৃষ্টি রাখা এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে সংক্ষিপ্ততম ভাষণ দিয়েছেন তা শুনে আমি অত্যন্ত আশ্চর্যান্বিত হয়েছি। তিনি তার সংক্ষিপ্ততম ভাষণের মধ্য দিয়ে যদি এমন কিছু বলতেন তা হলে আমরা আলোচনা করতে পারতাম এবং আমাদের আলোচনা করার সুবিধা হোত। এই অন্তঃসারশূন্য ভাষণের মধ্য দিয়ে কতকগুলি বিষয়ে আমাকে বিচলিত করে তুলেছে। তিনি বলেছেন ধীরে ধীরে আমরা হোম-গার্ড অর্গানাইজ করতে আরম্ভ করেছি। আজকে যখন শিয়রে চীনা দস্যুরা যে কোন মুহূর্তে আমাদের উপর ঝাঁপিয়ে পড়তে পারে যখন সমস্ত কাজ হচ্ছে স্টেট অব ইমারজেন্সি—অত্যন্ত দ্রুত গতিতে করা উচিত--হোমগার্ড বাহিনী দ্রুত গতিতে গঠন করা উচিত তখন তিনি আমাদের শুনালেন যে আমরা ধীরে ধীরে হোমগার্ড বাহিনী করছি। এই হোমগার্ড বাহিনী গঠন সম্পর্কে আমাদের এখানকার সদস্য জগদীশবাবু বলেছেন। আজ সাধারণ মানুষের মধ্যে এই বাহিনী সম্পর্কে অত্যন্ত উৎসাহ দেখা দিয়েছে এবং এতে দলে দলে সকলে যোগদান করতে ইচ্ছুক। আমাদের কুচবিহার জেলায় ১০০ জনকে নেওয়ার কথা হয়েছিল কিন্তু মাত্র ৮৩ জনকে নেওয়া হয়েছে। সেখানে দরখাস্ত করেছিল প্রায় ৭৫০টি। তাও আবার সরকার থেকে তাদের কোন রকম ট্রেনিং-এর ব্যবস্থা করা হচ্ছে না। আজ কুচবিহারে পাড়ায় পাড়ায় সমস্ত ছেলেরা প্রাক্তন মিলিটারীর মাধ্যমে ড্রিল ও সামরিক কায়দায় শিক্ষিত হবার চেষ্টা করছে। আজকে সরকারের মাধ্যমে হোমগার্ড তৈরী হচ্ছে বিভিন্ন জায়গায় সেটা একটা তামাসার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ও-সি তার নিজেদের পেটোয়া লোক নিয়ে এবং এস-পি তার নিজেদের লোক নিয়ে ড্রিল করতে আসে এবং খানিকটা গল্প-গুজব করে, ইয়ারকি মারে, তারপর চলে যায়। এইসব ব্যাপার নিয়ে উত্তর বাংলায় জনসাধারণের মধ্যে ভয়ানক বিক্ষোভ আরম্ভ হয়েছে। আজকে আমাদের বুঝতে হবে যে হোমগার্ড বাহিনী গঠন করার উদ্দেশ্য কি? এই বইটার মধ্যে হোম-গার্ড বাহিনী সম্বন্ধে স্পষ্ট ভাষায় দেওয়া আছে।

> "The Home Guard is not, therefore, merely a body of observers and reporters nor is it an organisation of semi-policemen with rather less authority than the village constable. It is the only possible counter to present-day attack in depth. The Home Guard is a technical necessity arising from the whole history and recent development of mechanised tri-dimensional total war."

তাহলে আপনারা বুঝতে পারছেন যে হোমগার্ড বাহিনী গঠন করবার প্রয়োজনীয়তা কতখানি। দ্বিতীয় মহাযুদ্ধের সময় যখন নাজির দ্বারা বিভিন্ন দেশ আক্রান্ত হয়েছিল তখন এই বাহিনী দ্বারাই তাদের দেশ রক্ষিত হয়েছিল। তারা এই বাহিনী দ্বারাই তাদের দেশ রক্ষা করেছিল। আজকে হোমগার্ড ট্রেনিং-এর ব্যবস্থা থাকা দরকার। সেটা সম্পর্কে আমাদের পরিষ্কার ধারণা থাকা উচিত। এই বইয়ে লেখা আছে

> "The Home Guard is a serious combatant force, essential to modern warfare. The training time available for Home Guards is very limited."

আজকে আমাদের সময় অত্যন্ত কম এবং যখন হোমগার্ড সম্বন্ধে সকলেই আমরা একমত, তখন আমাদের দেখা উচিত যে কিভাবে এই অল্প সময়ের মধ্যে আমরা এই বাহিনীকে শিক্ষিত করে

ভুলতে পারি। আর একটি কথা স্পীকার মহাশয় আপনার মাধ্যমে সদস্যদের কাছে রাখতে চাই যে দুই মাস হল সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়েছিল যে উত্তর বাংলার সমস্ত বয়স্ক যুবক, যুবতীদের রাইফেল ট্রেনিং দেওয়া হবে। কিন্তু সরকারের তরফ থেকে একটি মাত্র রাইফেলও সেখানে যায় নি। আপনারা যে কাগজে দেখেছেন যে রাইফেল নিয়ে ড্রিল করা হচ্ছে তা হচ্ছে ডামি রাইফেল। উত্তর বাংলায় আজ পর্যন্ত কোন রাইফেল দেওয়া হয় নি। তারপর স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে উত্তর বাংলায় এখনও পর্যন্ত পঞ্চম বাহিনী অত্যন্ত তৎপর। কিছুদিন আগে চাইনিজ এগ্রেসনের উপর এই হাউসে যে আলোচনা হয়েছিল সে সম্পর্কে আমরা তখন হাউসকে ওয়াকিবহাল করেছিলাম। এই কিছুদিন পূর্বে কুচবিহারে ভিক্টোরিয়া কলেজের সামনে প্রকাশ্যে একটা বুলেটিন প্রকাশিত হয়েছিল। সেই বুলেটিনের নাম "চাইনিজ ইয়োথ বুলেটিন"। এর মধ্যে চীনা বাহিনীর, চীনা বিমান বাহিনীর গুণকীর্তন করা হয়েছে, চীনা বাহিনী কিরকম তৎপর সেসব কথা বলা হয়েছে। আর একটা কথা এর মধ্যে দেওয়া আছে সেটা হল ইয়াঙ্কিজ গেট আউট। আজকে বিভিন্ন রাষ্ট্র আমাদের স্বাধীনতা রক্ষার জন্য সহৃদয়তার হাত প্রসারিত করেছে তাদের মধ্যে আমেরিকা একজন—সেই ইয়াঙ্কিদের সম্বন্ধে বুলেটিন-এ দেওয়া হয়েছে। সেই বুলেটিন
published by All China Youth Federation and all China Students Federation, Peking, China.

আজকে সরকারের সেসব দিকে নজর রাখা উচিত। আরও একটা কথা আমি আপনার মাধ্যমে সদস্যদের জানাতে চাই—এই হোমগার্ড তৈরী করার ব্যাপারে কুচবিহারে বিশেষ করে ভয়ানক বিক্ষোভ সৃষ্টি হয়েছে, ভয়ানক আলোড়ন চলছে। এ বিষয়ে অনেক যুবক বিরক্তিবোধ করে মুখ্যমন্ত্রীর কাছে তারা পদত্যাগ পত্র পাঠিয়েছেন। সেই হোমগার্ডের এমন একজন লোককে কম্যানড্যান্ট করা হয়েছে যিনি পূর্বে ছিলেন কম্যুনিস্ট, কম্যুনিস্ট পার্টি থেকে তাঁকে কি করে তাড়িয়ে দেওয়া হয় তা জানি না, তারপরে তিনি কংগ্রেসে ঢোকার চেষ্টা করেন, কিন্তু কংগ্রেস তাঁকে গ্রহণ করেননি। তারপর তিনি আসামে গিয়ে বাঙ্গাল খেদা আন্দোলন করেন, আমাদের বাংলাদেশের আসামীদের ক্ষেপিয়ে দেবার চেষ্টা করেছিলেন। আজকে সেই ঘৃণিত ব্যক্তিকে কুচবিহার হোমগার্ড বাহিনীর অধিনায়ক করা হয়েছে। আরও শুনলে আশ্চর্য হবেন এমন কিছু সমাজবিরোধী লোককে হোমগার্ডের গ্রুপ ক্যাপ্টেন করা হয়েছে যাকে কুচবিহারের মানুষ ঘৃণার চোখে দেখেন। আপনারা আরও শুনলে আশ্চর্য হবেন যে হোমগার্ড বাহিনীর ব্যাপারে আমরা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যখন তিনি কুচবিহারে গিয়েছিলেন। পশ্চিম বাংলার চীফ সেক্রেটারী আর গুপ্ত, আই-সি-এস-এর কাছে বিস্তৃতভাবে সবকিছু জানিয়েছি। কিন্তু আজ পর্যন্ত সে সম্পর্কে কোনরূপ ব্যবস্থা করা হয়নি বলে আমাদের কুচবিহারের মানুষ অত্যন্ত ব্যথিত। সেজন্য আমি আবার পশ্চিম বাংলা সরকারকে অনুরোধ জানাচ্ছি যে, তাঁরা যেন স্বাধীনতা নিয়ে ছেলেখেলা না করেন, দেশের স্বাধীনতা নষ্ট করবার জন্য যেন ব্যবস্থা না করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mono Ranjan Baksi:

মাননীয় স্পীকার মহাশয়, কম্যুনিস্ট চীন ভারত আক্রমণ করার সঙ্গে সঙ্গে আমাদের দেশে একটা বিরাট গণ জাগরণ দেখা দিয়েছে। আমরা জানি যে আমাদের বীর জোয়ান যারা সীমান্তে ভারতের স্বাধীনতা রক্ষা করবার জন্য নিজেদের জীবন পর্যন্ত দান করছিলেন ঠিক সেই সময় তাঁদের পাশে আমাদের সাংবাদিকগণ তাঁদের সেই সমস্ত আলোকচিত্র গ্রহণ করে সংবাদপত্রের মাধ্যমে যে সংবাদ বা চিত্র তুলে ধরে পল্লী অঞ্চলের জনসাধারণের মনে একটা গণ জাগরণ এনে ছিলেন বা অনুপ্রেরণা এনেছিলেন, তারই পরিপ্রেক্ষিতে পল্লী অঞ্চলের প্রতিটি মানুষ সরকারকে সাহায্য করবার জন্য ও সর্বোপরি দেশের স্বাধীনতা রক্ষা করবার জন্য তাঁরা এগিয়ে এসেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে এই সিভিল ডিফেন্স-এর আলোচনা প্রসঙ্গে আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে পারলাম যে আমরা ধীরে ধীরে এগিয়ে যাচ্ছি। এ বিষয়ে আমার একটা কথা মনে পড়ে টু বি-অর নট টু বি, দ্যাট ইজ দি কোশ্চেন, কাজেই সিভিল ডিফেন্স যাকে বলে এই ওয়ার এমারজেন্সি পিরিয়ড-এ সেটা ধীরে ধীরে না গিয়ে ওয়ার এমারজেন্সি-কে আরও দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাওয়া কর্তব্য বলে আমি মনে করি এবং সে সম্পর্কে আমি আপনার মাধ্যমে আমার বক্তব্য পেশ করছি।

[4-10—4-20 p.m.]

এবং সঙ্গে সঙ্গে এই কথা বলছি ভারত যখন স্বাধীন হয় নি ঠিক সেই সময় মহান নেতা নেতাজী বিদেশে গিয়ে সিঙ্গাপুরে ইম্ফল গিয়ে খুলেছিলেন সুইসাইড স্কোয়াড, যারা স্বাধীনতা চায়। সেসমস্ত ভারতবাসী তাদের নাম লেখান হাতের আঙ্গুলের রক্ত দিয়ে কিন্তু সেই রকম সুইসাইড স্কোয়াড এখানে তৈরি হয় নি। হোমগার্ডের আহ্বান পাবার সঙ্গে সঙ্গে পল্লী অঞ্চলের দূর দূরান্ত থেকে যুবকরা এগিয়ে এসেছেন সব রকমে সাহায্য করবার জন্য —হোম গার্ডে নাম লেখাবার জন্য। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, আমি জানাতে চাই যে সরকারী কর্মচারীদের কাছ থেকে সেরূপ সহানুভূতির মনোভাব পাওয়া যায় নি। আমি নিজে ব্যক্তিগত-ভাবে জানি বর্ধমানে আউসগ্রামে ২নং উন্নয়ন সংস্থায় দেখেছি সেখানে এস ডি ও বলেছেন যে, আমরা কেবল ডিফেন্স সার্টিফিকেট বেচতে পারি আর কিছু নয়। এই যদি সরকারী কর্মচারীদের মনোভাব হয় তা হলে সিভিল ডিফেন্স কি করে কার্যকরী হবে? কি করে সরকারের আইনগুলো বাস্তবে রূপায়িত করা যাবে তার জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আমি নিবেদন করছি।

Shri Susil Kumar Das Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অসামরিক প্রতিরক্ষা মানে আত্মরক্ষা। আজকে আমাদের দেশ এক ঘৃণিত চক্রান্তকারী শত্রুর দ্বারা আক্রান্ত হয়েছে। আমাদের সামরিক বাহিনীও এগিয়ে গিয়েছিল, তারা রক্তদান করেছে তারা আত্মদান করেছে, কিন্তু আজকে একথা সবাইকে স্বীকার করতে হবে যদি সীমান্তে একটি জোয়ানকে এগিয়ে যেতে হয় তার পেছনে অন্ততঃ একশত জনসাধারণকে সাহায্যের জন্য এগিয়ে আসতে হবে। এই যে যোগাযোগ একে বলা যায় প্রতিরক্ষা। প্রতিরক্ষা মানে আমি আজকে এখানকার আলোচনার মাধ্যমে কিছু কিছু কথা বুঝতে যা পেরেছি অনেক সদস্য তাতে একটু ভ্রান্ত ধারণা নিয়েছেন। কেউ কেউ মনে করেন অসামরিক প্রতিরক্ষা মানে এ আর পি আর সিভিক গার্ড অর্গানিজেশন। কিন্তু অসামরিক যদি সত্যকার বলতে হয় তা হলে যে কথা আমি বলেছি, একজন জোয়ানের পেছনে ১০০টা লোককে দাঁড়াতে হবে। তার জন্য আত্মত্যাগ বিভিন্ন রকম দরকার। তাদের খাওয়াতে হবে তার জন্য খাদ্য উৎপাদন করতে হবে, খাদ্য সঞ্চয় করতে হবে, তাদের কাপড় দিতে হবে, তাদের আচ্ছাদন দিতে হবে, তার জন্য বস্ত্র উৎপাদন বাড়াতে হবে। আমরা যাঁরা অসামরিক তাঁদের বস্ত্র ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে, আর তাদের অস্ত্র দিতে হবে। সেজন্য যারা কলকারখানায় কাজ করেন সেখানে যারা মজুর, সেই মজুর ভায়েদের সঙ্গে মালিকদের এমন সম্পর্ক গড়ে তুলতে হবে যাতে সেখানকার উৎপাদন বৃদ্ধি পায়। আমাদের দেশ এখন স্বাধীনতার যে মূল্য তা বুঝতে পেরেছে। কাজেই যখন এই প্রতিরক্ষার জন্য আমাদের দেশের মহান নেতারা ডাক দিয়েছেন তখন দেশের লোক ত্যাগ করবার জন্য তৈরি হয়েছেন। প্রতিরক্ষার যে অংশটুকু আমরা জানি বা আমরা মনে করছি সেটা হচ্ছে সেই এ আর পি, হোম গার্ড অর্গানিজেশন যার সম্বন্ধে কিছু কিছু আলোচনা হয়েছে। আমি মনে করি যে, কলিকাতা বা সমস্ত বাংলার লোকের উপর যাদের উপর এই ভার দেওয়া হয়েছে তারা খুবই কর্মক্ষম এবং তাদের পরিচালনায় এই কাজ এগিয়ে চলেছে।

আজকে অধৈর্য হবার কিছু নেই, হতাশ হবার কিছু নেই। বর্তমান যুদ্ধের সঙ্গে গত সামগ্রিক সর্বাত্মক যুদ্ধের যদি তুলনা করেন তা হলে আপনারা দেখতে পাবেন পৃথিবীতে সবচেয়ে গত যুদ্ধে বেশি তৈরি ছিল জাপান ও জার্মানি। একমাত্র তৈরি ছিল না ইংলন্ড। কিন্তু আপনারা সকলেই জানেন যে তার পরিণতি কি হয়েছে। যারা সবচেয়ে বেশি তৈরি ছিল আজকে তাদের কি অবস্থা, এবং যারা সবচেয়ে তৈরি কম ছিল তারা—তাদের ধৈর্য ছিল, তাদের তৈরি করবার ক্ষমতা ছিল—তাই আজকে পৃথিবীর বুকে সুনাম নিয়ে বেঁচে আছে। তাই আমাদেরও হতাশ হবার কিছু নেই। আমরা ধীরে ধীরে এগিয়ে যাব, আমাদের সংগঠন এগিয়ে চলছে এবং চলবে এই বিশ্বাস আমাদের নিশ্চয়ই আছে। কিন্তু আজকে আমাদের এই এ আর পি সম্বন্ধে যে কথা উঠেছে, অনেক সদস্যই বলেছেন যে, এর ভিতর শুধু কংগ্রেস ছাপওয়ালা লোকেরাই ঢুকেছে। আমি কলকাতার কথা বলতে পারি যে, কলকাতাকে ৮টি ভাগ করা হয়েছে, তার ভিতর ছাপওয়ালাদের কথা যদি বলেন তাহলে মাত্র ৩ জন এর মধ্যে আছে। একজন আমি, আর একজন আমার শ্রদ্ধেয় বন্ধু অনিল বাবু, আর একজন কর্পোরেশনের ছাপ মারা মিহির-

বাবু। এ ছাড়া আর কেউ নেই। আর যে ৫ জনকে নিয়ে দল তৈরি করা হয়েছে তাদের সম্বন্ধে কোন আলোচনা করা চলে না, তারা এই কমিটিতে ঢুকেছেন তাদের ক্ষমতা এবং জনপ্রিয়তা নিয়ে। কাজেই সেখানে দুর্নীতি হবে বলে আমি মনে করি না। অসামরিক প্রতিরক্ষা বিষয়ে অনেকের ধারণা কিছু নেই। আমি শুধু আপনাকে জানাতে চাই এই ৮টি ভাগের মধ্যে ওয়ার্নিং সিস্টেম রয়েছে। এই ওয়ার্নিং সিস্টেমের একদিন যে সাইরেন দেওয়া হয়েছিল সেটা খুব সাফল্যমণ্ডিত হয় নি। কারণ যে সাইরেন ফিট করা হয়েছিল তা ছিল থ্রি-ফোর্থ হর্স পাওয়ার, বর্তমানে যে সাইরেন ফিট করা হয়েছে তা হচ্ছে এইট হর্স পাওয়ার। কাজেই এই ওয়ার্নিং সিস্টেম ভাল কাজ করবে। দ্বিতীয়তঃ ওয়ার্ডেন সার্ভিস। ওয়ার্ডেন সার্ভিসএ কলকাতায় ২৫৮টি পোস্ট সৃষ্টি করা হয়েছে এবং প্রত্যেক পোস্টে ২০ জন করে সেক্টর ওয়ার্ডেন থাকবে। ননীবাবু এখানে রেসপেক্টেবল মেনের কথা বলেছেন, কিন্তু আমার মনে হয় তিনি ভুল করেছেন। এখানে রেসপেক্টবল নয়, যারা দায়িত্বশীল মানুষ তাঁদেরই সেক্টর ওয়ার্ডেন করা হবে এই যে নির্দেশ করা হয়েছে সেটা ঠিকই করা হয়েছে। তারপর ইন দিস স্টেট, ক্যাজুয়াল সার্ভিস, ফার্স্ট এইড ট্রেনিং সার্ভিস, হসপিট্যাল অ্যারেঞ্জমেন্টএর ব্যবস্থা হয়েছে। একথা অনেক সভাই জানেন না যে, হাসপাতালের ভিতরে অনেক বেড এইজন্য রক্ষিত আছে। এছাড়া আমাদের কমিউনিকেশন সার্ভিস এবং অন্যান্য সার্ভিসের কথা যা বলা হয়েছে তারজন্য সব থেকে বড় জিনিস অর্থের প্রয়োজন। আমাদের মিনিমাম ডিমান্ডের জন্য যে অর্থের প্রয়োজন তা আমাদের নাই। তাই আমি আমাদের অর্থমন্ত্রীর কাছে একটা কথা রাখতে চাই যে, অনেক ট্যাক্স তিনি করেছেন, আমাদের অসামরিক প্রতিরক্ষার জন্য যদি দরকার হয় তা হলে পার ক্যাপিটা ৫ কি ১০ নয়া পয়সা ট্যাক্স ধার্য করুন এবং এতে আমার মনে হয় কোন সভ্যেরই বিশেষ আপত্তি হবে না। কারণ অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা হচ্ছে একমাত্র ব্যবস্থা যা দিয়ে আমরা যুদ্ধ প্রচেষ্টাকে বাঁচিয়ে রাখতে পারি।

[4-20—4-30 p.m.]

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয় আজকে যে আলোচনা হল সে আলোচনা থেকে আমরা দেখলাম যে যুদ্ধ করবার জন্য, প্রতিরক্ষা করবার জন্যে, গতবারে যখন আমরা এই অ্যাসেম্বলিতে বসেছিলাম তখন সরকারী মহলে তো বটেই অন্য মহলেও যে উন্মাদনা ছিল, যে তেজ ছিল তা কমে এসেছে। যেজন্য এই কথাটা বলছি, আলোচনাটাকে কেউ কোন, অন্ততঃ সরকারী পক্ষ দেখলাম কোন গুরুত্বই দিলেন না, যোগদান করবার বিশেষ দরকার মনে করলেন না। এবং তাঁদের যেসমস্ত রথী-মহারথী গতবারের আলোচনার সময় অংশ গ্রহণ করেছিলেন উল্লেখযোগ্যভাবে আজকে সেই সমস্ত রথীমহারথীদের কাউকে উপস্থিত হতে দেখলাম না। কাজেই সিভিল ডিফেন্স, নাগরিক প্রতিরক্ষার ব্যাপারে তাঁদের খুবই আগ্রহ আছে মনে করবার কোন কারণ পাচ্ছি না। অন্ততঃপক্ষে যে উন্মাদনা নিয়ে তাঁরা গত অধিবেশনে যুদ্ধের কথা বলেছিলেন, সঙ্গে সঙ্গে যে উন্মাদনা নিয়ে এখানকার কমিউনিস্ট নিধনের কথা বলেছিলেন আজকে তার কোনটাই নেই। এই লক্ষণটা খুব ভাল নয়। কারণ আমাদের সামনে যদি যুদ্ধ মিটে যায়, শান্তি প্রতিষ্ঠিত হয়, যার জন্য পণ্ডিত নেহরু আপ্রাণ চেষ্টা করছেন, পৃথিবীব্যাপী সমস্ত আফ্রো-এশিয়ান দেশগুলি চেষ্টা করছে, খুব ভাল কথা, কিন্তু যদি না মেটে, যদি যুদ্ধ চলে তা হলে পরে আমরা যেরকম ঢিমে তেতালায় অগ্রসর হয়েছি কিংবা অগ্রসর হচ্ছি বলাও খুব কঠিন, তাতে কি করে আমরা আত্মরক্ষা করব? সুতরাং আমরা সরকারপক্ষের কাছে এটাই নিবেদন করব যে, যেরকম সংক্ষিপ্ত ভাষণ মুখ্যমন্ত্রী দিলেন এখন পর্যন্ত আয়োজনও সেই রকমই সংক্ষিপ্ত। কাজেই আয়োজনটা যেন বাড়ান হয়। ধরুন আমি প্রথম কথা আজকে জিজ্ঞাসা করি, প্রতিরক্ষা তহবিল সম্বন্ধে। কারণ আমরা দেখছি সিভিল ডিফেন্সই বলুন, আর মিলিটারি ডিফেন্সই বলুন তহবিল হচ্ছে প্রথম কথা। প্রতিরক্ষা তহবিলের জন্য আমরা দেখছি সাধারণ মানুষ অকাতরে দান করছে। ব্যাঙ্কের কর্মচারীরা শুনেছি ৫০ হাজার টাকা তুলেছেন, মার্কেনটাইল অফিসের কর্মচারীরা শুনেছি এক লক্ষ টাকা তুলেছেন, জয় কারখানার শ্রমিকরা শুনেছি এক লক্ষ টাকা তুলেছেন, কত জায়গায় কত সাধারণ মানুষ, ভিখারী পর্যন্ত দান করতে অগ্রসর হয়েছে, খুব আনন্দের কথা, ভরসার কথা। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও সত্য যে কয়েক দিন আগে পর্যন্ত যে টাকা উঠেছে তার মোট পরিমাণ ১

কোটি ৬৩ লক্ষ টাকা। সারা ভারতবর্ষে যা উঠেছে তার শতকরা ১০ ভাগ মাত্র। এখন আমাদের পশ্চিম বাংলা, যা সারা ভারতবর্ষের মধ্যে শিল্পে সমৃদ্ধিতে প্রথম না হলেও দ্বিতীয়, অন্ততঃ সেই পশ্চিম বাংলায় যদি এত দিনের চেষ্টায় মাত্র এক কোটি ৬৩ লক্ষ টাকা উঠে থাকে তাহলে নিশ্চয়ই বুঝতে হবে যে, অনেক লোক যাদের দেবার ক্ষমতা আছে তাঁরা দিচ্ছেন না। আমরা দেখছি শ্রমিকরা দিচ্ছেন, কৃষকরা দিচ্ছেন, ভিখারীরা পর্যন্ত দিচ্ছে তার সংগে সংগে যদি যাঁদের বাস্তবিকই বিপুল দেবার ক্ষমতা আছে তাদের সংগে যুক্ত হত তাহলে অনেক বেশি আমরা তুলতে পারতাম। আমি ৫টা লিস্ট যা এ পর্যন্ত বেরিয়েছে হিন্দুস্থান টাইমস কাগজে কয়েকদিন আগে পর্যন্ত, সেই ৫টা লিস্ট তন্ন তন্ন করে খুঁটিয়ে দেখতে বলেছিলাম একজন বন্ধুকে। তিনি বললেন এই ৫টা লিস্টের মধ্যে কোথাও আমি বিরলা, টাটা, সিংঘানিয়া, জৈন, স্যার বীরেন ইত্যাদির নাম খুঁজে পেলাম না। হ্যাঁ, তাঁদের কোম্পানী যেসমস্ত, টাটা ব্রাদার্স, বিরলা কোম্পানী, কি অমুক কোম্পানী, চাঁদা দিয়েছেন কিন্তু সেটা তাঁদের ব্যক্তিগত দান নয়, তাঁদের ব্যক্তিগত উপার্জন থেকে নয়। কারখানার শ্রমিক সেখানে খেতে পায় না, তা সত্ত্বেও দাঁতে দাঁত চেপে এক দিনের মজুরী দিতে এগিয়ে এসেছে, আবার ভবিষ্যৎ মাসে দিতে পারবে সেই আশায় রয়েছে, সেখানে আমরা কেন এই কোটিপতিদের নিজেদের ব্যক্তিগত আয় থেকে চাঁদা দেবার তালিকায় লক্ষ লক্ষ টাকার অংক দেখতে পাচ্ছি না। এটা খুব সংগত প্রশ্ন এবং স্বাভাবিক প্রশ্ন। আমি চাই যে মন্ত্রিসভার পক্ষ থেকে যিনি বলবেন তিনি অন্ততঃ আমাদের জানাবেন যে এই সমস্ত ধন কুবের, তাঁরা তাঁদের ব্যক্তিগত তহবিল থেকে কত টাকা চাঁদা দিয়েছেন। সেটা জানার আমাদের দরকার আছে।

[4-30—4-40 p.m.]

আরও আমি জিজ্ঞাসা করতে চাই যে নাগরিক প্রতিরক্ষা কমিটিই বলুন, আর অন্য যে সরকারী প্রতিরক্ষা কমিটিই বলুন, তার যে সব সভ্য আছেন, খুব ভাল ভাল লোক আছেন, আমি একটা প্রশ্নের জবাব চাই সরকারের কাছ থেকে—সেই কমিটির প্রত্যেকটি সভ্য কি চাঁদা দিয়েছেন? সোজা কথা। নাম ধরে ধরে বলুন যে কোন সভ্য কত চাঁদা দিয়েছেন ব্যক্তিগতভাবে এবং যদি কেউ না দিয়ে থাকেন, তা আমাদের জানবার অধিকার আছে, প্রয়োজন আছে। যে মানুষ টাকা থাকা সত্ত্বেও কমিটিতে বসতে পারবে, কিন্তু হয়ত টাকা দিতে প্রস্তুত থাকবে না, প্রতিরক্ষা কমিটিতে বা কোন কমিটিতে বসবার পক্ষে সেই মানুষ হবে সম্পূর্ণ অযোগ্য। আমি জানি না সকলে দিয়েছেন কি দেন নাই। কিন্তু আমাদের জানবার অধিকার আছে, প্রয়োজন আছে যে প্রত্যেকে দিয়েছেন কিনা!

তারপরে দেখুন নাগরিকদের যেসমস্ত সিভিল ডিফেন্স মেজার তার দুর্বলতা ও ত্রুটি ইত্যাদি সম্বন্ধে অনেক সদস্য অনেক কথা বলেছেন, আমি আর তার উপর বাড়াতে চাচ্ছি না। আমি শুধু একটা জিনিস উল্লেখ করছি যে, ধরুন, হোমগার্ড, প্রসংগক্রমে আর একটা কথা বলে রাখি, নেপালবাবু একটা কথা বলেছিলেন যে, গতবারে গত মহাযুদ্ধের সময়ে প্রতিরক্ষার জন্য যে সিভিল ডিফেন্স ব্যবস্থা হয়েছিল, তখন কমিউনিস্টরা নাকি তা পরিচালনা করেছিলেন। আমি বলব তখন তাঁর বয়স বোধ হয় অল্প ছিল। কাজেই তার খবর তিনি জানেন না, তিনি সেই সময়কার সংবাদপত্র খুঁজলে দেখতে পাবেন, তখন আমি নিজে সিভিল ডিফেন্সে নাইট ওয়াচার সামান্য, এ আর পি ওয়ার্ডেন হবার জন্য দরখাস্ত করেছিলাম, কিন্তু আমার সেই দরখাস্ত রিজেক্টেড হয়েছিল। যা হোক, এটা প্রসংগক্রমে এল—আমি যেটা বলতে চাচ্ছি, সেটা হচ্ছে ধরুন হোম গার্ড কি হয়েছে? বিশেষ কিছু হয় নাই। তার মধ্যে আমিও যাচ্ছি না। জানা কথা, তাঁরা চেষ্টা করবেন। তাতে কি হবে! কিন্তু দৃষ্টিভঙ্গিটা কি? তবে আমি নিজে গেলে হয়ত জবাব পাব না, সেইজন্য আমি লোক পাঠিয়েছিলাম জানবার জন্য যে, কি ধরনের লোক হোমগার্ডে নেওয়া হবে বলে তার কর্তৃপক্ষ মনে করছেন? জবাবটা এই পেলাম—কি ধরনের লোক, সিলেকশনের কনসিডারেশন কি?

প্রথমতঃ সেটেলড ইন লাইফ অর্থাৎ যাঁরা নিজের খরচ নিজে চালাতে পারবেন, বাড়িঘরদুয়োর আছে কিংবা উপায়-উপার্জন আছে, শুধু তাঁদেরকে নেওয়া হবে। দেশপ্রেমই একমাত্র বিবেচ্য নয়, সংগে সংগে অর্থও আছে কিনা বিবেচনার বিষয়, খেয়ে পরে চালাতে পারবেন কিনা।

দ্বিতীয়তঃ বলা হয়েছে, প্রধানতঃ নন-পলিটিক্যাল লোকদের নেওয়া হবে এবং এই ধরনের আভাষ দেওয়া হয়েছে যে, হোমগার্ড দপ্তর, হোমগার্ড বিভাগটা প্রধানতঃ এসেনসিয়াল পুলিসের যে ব্যবস্থা, তার একটা এক্সটেনশন। এখন আমি বলছি না যে, তাঁরা যে নীতিগুলি করেছেন, সেই নীতি আমাদের বিবেচনা করা দরকার। পুলিসের একটা এক্সটেনশন হিসেবে যদি আমরা হোমগার্ডকে দেখি, তাতে কিছু কাজ হতে পারে না—আমি বলি না. পুলিস দিয়েও তো কাজ হয়, চুরি-চামারি ধরা হয়, রাস্তায় গোলমাল বন্ধ করা হয়। সুতরাং হোমগার্ড দিয়ে হয়ত সে কাজ হতে পারে। কিন্তু আজকের মুহূর্তে যদি আমরা মনে করি যে, যুদ্ধের পরিস্থিতি আছে এবং সেই পরিস্থিতিতে মানুষের প্রাণ দেওয়া নেওয়ার প্রশ্নের সামনে হোমগার্ডকে গিয়ে দাঁড়াতে হবে, তা হলে এই ধরনের মানুষ থেকে কি আমরা কোন ভরসা পেতে পারি? তা পারি না। এই ধরনের মানুষই সেখানে প্রয়োজন হয়, যার প্রচণ্ড পলিটিক্যাল কনভিকশন আছে, প্রচণ্ড দেশপ্রেম আছে, যে প্রাণ বিসর্জন করবার জন্য ঘৃণাক্ষরেও ইতস্ততঃ করবে না। সেই ধরনের মানুষকে পেলে আমরা আরও ধন্য হব, আরও ভাল হবে। এই ধারণা যদি থাকত, তা হলে আমরা বুঝতাম যে, প্রতিরক্ষার প্রয়োজনে উপযোগীভাবেই হোমগার্ড রিক্রুটমেন্ট প্রিন্সিপল ঠিক হয়েছে। কিন্তু যতটুকু আমি খবর পেলাম, আমি আগেই বললাম, এই নীতিতে চোর ধরা যেতে পারে, আগুন লাগলে জল ঢালা যেতে পারে, কিন্তু মানুষকে মৃত্যুর সামনে মুখোমুখি দাঁড়িয়ে লড়াই করবার অনুপ্রেরণা জাগানো কঠিন।

তারপর আমি এর ডিটেলস-এ আর যাচ্ছি না, সকলে বলেছেন। এখন আসল কথাটা কি? প্রতিরক্ষা খুব বেশি অগ্রসর হয় নি। কারণ যতদূর আমি জানি আমাদের টাকা খুব বেশি নাই। প্রথম দিকে এখানকার আমাদের পশ্চিম বাংলার কর্তৃপক্ষ এবং দিল্লীর কর্তৃপক্ষ মিলে শুনেছি ২০ কোটি টাকার একটা পরিকল্পনা করেছিলেন, যেটা কম্প্রিহেনসিভ প্ল্যান, তারপর তার সামারি করে একটা এসেনসিয়াল প্ল্যান ৯ কোটি টাকা—এইরকম হয়েছিল। কিন্তু কোন কোটি টাকা—আমরা শুনেছি—কেন্দ্র থেকে পাওয়া যায় নি। যার ফলে প্রতিরক্ষার আগ্রহ, টাকা থাকলে দেখতে পাই আমাদের রুলিং পার্টির আগ্রহটা বাড়ে। যেহেতু এখানে টাকা বিশেষ নাই, সেহেতু আগ্রহও তাদের বেশি অগ্রসর হতে পারছে না। সেটা আগ্রহও হতে পারে, অনাগ্রহও হতে পারে, আমি কোন অন্যায় তাঁদের বিরুদ্ধে আরোপ করতে চাচ্ছি না। বাস্তবিক টাকা যদি সেই পরিমাণ না থাকে, এই যে বলেছেন জগদীশবাবু এ আর পি ইকুইপমেন্ট নেই মানি প্রব্লেম। মানুষের মনে মানুষের ভালবাসা আছে, মানুষের আগ্রহ আছে দেশের জন্য মরবার; কিন্তু এ আর পি হেলমেট তো নাই! তা যোগাড় করতে হবে, কিনতে হবে। পোষাক চাই, স্টিরাপ পাম্প চাই, বালতি চাই। আমি দেখেছি গত মহাযুদ্ধের সময় কলকাতা শহরে যাঁরা ছিলেন, তাঁরা সকলে জানেন অন্ততঃ বৃটিশ সাম্রাজ্যবাদ, সেও অন্ততঃ ঘরে ঘরে যেটুকু ব্যবস্থা করেছিলেন, তার ধারের কাছ দিয়েও আজ পর্যন্ত আমরা যেতে পারি নি। কিন্তু কথা হচ্ছে, যে কাজ হচ্ছে, যতখানি অগ্রসর হব, যতখানি ঠেলাঠেলি করা যায়, করে তা করবার চেষ্টা করতে হবে। হয়ত এমন সময় আসবে যখন আমাদের এই সিভিল ডিফেন্সের যে টেকনিক্যাল অর্গানিজেশন, যে সাংগঠনিক ব্যবস্থা, তার হয়ত উন্নতি হবে, কিন্তু তাই দিয়ে কি আমরা প্রতিরক্ষা করতে পারব, শুধু যদি টেকনিক্যালি, অর্গানিজেশনালি, ইম্প্রুভ করে? আমার মনে হয় না। প্রতিরক্ষার যে আয়োজন, যে ব্যবস্থা আমরা করছি, তার পেছনে একমাত্র ভিত্তি হল আমাদের দেশের মানুষের মন। আমাদের দেশের মানুষের মনকে যদি যার জন্য আমরা লড়ছি, যার জন্য আমরা যুদ্ধ করছি, যে লক্ষ্যের দিকে আমরা অগ্রসর হচ্ছি, সেই লক্ষ্য সম্বন্ধে দৃঢ় সংঘবদ্ধ করে রাখা যায়, যদি সেই লক্ষ্য ও আদর্শের প্রতি মানুষকে সুসংহত করে রাখা যায়, অবিচল নিষ্ঠা যদি থাকে, তাহলে সেই প্রচেষ্টার বনিয়াদ, যে বনিয়াদের উপর আমরা অনেক কিছু ত্রুটি, অনেক কিছু অসম্পূর্ণতা থাকা সত্ত্বেও খাড়া হয়ে দাঁড়াতে পারব। কাজেই পরিষ্কারভাবে আমাদের দেশের মানুষের মনোবল বৃদ্ধি করা, সংগঠিত করা আজ প্রয়োজন হচ্ছে। সিভিল ডিফেন্সের দিক থেকে আমার ধারণা যে, প্রচারের মাধ্যমে এবং প্রচার নিয়ন্ত্রণ মারফত আমরা এই দুটো কাজ করতে পারব। তাই হচ্ছে আজকে আমাদের সামনে সবচেয়ে বড় প্রয়োজন। সেইদিক দিয়ে আমাদের আদর্শটা কি, যুদ্ধের লক্ষ্য কি? আমরা কি শুধু ভূমির জন্য লড়াই করছি? না। আমাদের জাতির প্রধান নেতা প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু বলেছেন, কেবল ভূমিরক্ষার জন্য আমরা সংগ্রাম করছি না, আমরা সংগ্রাম করছি স্বাধীনতা রক্ষার জন্য, জোট নিরপেক্ষ নীতিসকল রক্ষার

জন্য, সাম্রাজ্যবাদের বিরোধিতা করবার জন্য, সংবিধান প্রদত্ত গণতান্ত্রিক অধিকার ও গণতান্ত্রিক জীবনধারাকে রক্ষা করবার জন্য। আমাদের প্রধানমন্ত্রী এবং জাতির নেতা পরিষ্কার ঘোষণা করেছেন যে, এই যুদ্ধের মধ্যের পাশবিকতাকে আমরা বর্জন করব, সত্যকে আমরা মরতে দেব না, মানুষ্যত্বকে রক্ষা করব, মানুষ হয়ে মানুষের মত আদর্শের জন্য লড়াই করব, মানুষের মহান আদর্শ নিয়ে বাঁচবে—এই হচ্ছে আমাদের যুদ্ধের লক্ষ্য। এই লক্ষ্য যদি আমরা সমস্ত মানুষের মনে চূড়ান্তভাবে গেঁথে দিতে পারতাম! সেই লক্ষ্যে যদি সমস্ত মানুষকে অনুপ্রাণিত করে টেনে আনতে পারি, তা হলে এর মধ্যে অনেক দুর্বলতা ও ত্রুটি থাকলেও আমরা লক্ষ্যে পেৌছাতে পারব। কিন্তু এ বিষয়ে গুরুতর ত্রুটি দেখা যাচ্ছে। আমি সবিনয়ে মন্ত্রিমহাশয়কে বলতে চাই ছোটখাট কয়েকটি উদাহরণ দিয়ে, তার মধ্য দিয়ে ত্রুটিটা পরিষ্কার হয়ে আসবে।

প্রথমে ধরুন, গণতান্ত্রিক অধিকার ও মানুষের জীবন রক্ষা করার প্রয়োজনের কথা। আমি আগেই বলেছি জয়া কারখানা, সেই একটা কারখানায় সাড়ে পাঁচ হাজার শ্রমিক কাজ করে। তাঁরা প্রায় এক লক্ষ টাকা তুলে নিয়ে দিয়েছেন তাঁদের মজুরি থেকে প্রতিরক্ষা তহবিলে। সেই কারখানা এখন যুদ্ধের নাম দিয়ে, যুদ্ধের আগে সেখানে ব্যবস্থা ছিল, যে-কোন ব্যাপারে মালিক এবং ইউনিয়ন একসঙ্গে বসে আলাপ-আলোচনা করে, একটা সিদ্ধান্ত করে কারখানার কাজ চালান বিরোধ নিষ্পত্তি করে; এখন যুদ্ধের অবস্থা দেখে মালিক বললেন যে, আর ঐ টু পার্টি বৈঠক-টৈঠকের প্রয়োজন নাই। এখন আমি যা বলব তোমরা তাই করবে। যে শ্রমিকরা অর্থ নিয়ে এগিয়ে এল প্রতিরক্ষার জন্য, যাদের দান বোধ হয় মালিকের চাইতে বেশি- আমি জানি না, জয়া কারখানার মালিক লালা শ্রীরাম ব্যক্তিগতভাবে কত লক্ষ টাকা দিয়েছেন প্রতিরক্ষা তহবিলে? এত বড় কারখানা এই জয়া কারখানা--সেখানকার শ্রমিকরা তাদের দিন মজুরির থেকে বাঁচিয়ে এই এক লক্ষ টাকা দিয়েছেন, আরও হয়ত পরে দেবেন।

[4-40 – 4-50 p.m.]

প্রথম দিনেই বলি হোল তার সেই গণতান্ত্রিক অধিকার, যার দ্বারা তার নিজের স্বার্থ রক্ষা করছে, মালিক তার সুযোগ গ্রহণ করছে। আর একটা উদাহরণ দিচ্ছি কেশরাম কটন মিলের একজন শ্রমিক তার নাম মনিরাম সাহা, সে ওখানকার ওয়ার্কার্স ইউনিয়নের এ্যাসিসটেন্ট সেক্রেটারী এবং কেশরাম কটন মিলের প্রভিডেন্ট ফান্ডের-এর বোর্ড অব ট্রাস্টিদের মধ্যে একজন সভ্য। সেই ছেলেটি ৮।১২।৬২ তারিখে প্রায় ২৫০ সি সি প্রতিরক্ষার জন্য রক্ত দান করেছে। এবং সে বোর্ড অব ট্রাস্টিতে প্রস্তাব নিয়ে এসেছে প্রভিডেণ্ট ফান্ড-এ যে এক লক্ষ টাকা জমা আছে সেই টাকা প্রতিরক্ষা তহবিলে দান করা হোক। মালিকপক্ষ তা অগ্রাহ্য করেছে। ৮ তারিখে সেই ছেলেটি রক্ত দান করেছে আর ১৮ই তারিখে তাকে কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে। আর একটি ছেলে ৮ তারিখে সে রক্ত দান করছিল এবং যখন সে রক্ত দান করছিল তখন সে অসুস্থ হয়ে পড়ে। ১৩ই তারিখে আবার কাজে যোগদানের জন্য সে দরখাস্ত করেছিল। কিন্তু তাকে আর কাজে নেওয়া হোল না। প্রতিরক্ষার নামে মালিক পক্ষ যে ক্ষমতা পেয়েছে সেই বলে যে মানুষ প্রতিরক্ষার নামে রক্ত দিল, পরিকল্পনা দিল, সেই মানুষকে প্রত্যাখ্যান করলেন, কারখানা থেকে বের করে দিলেন। তারপর আর একটা উদাহরণ দেওয়া আবশ্যক। গণতান্ত্রিক অধিকার রক্ষার ব্যাপারে, যার মধ্যে দিয়ে মানুষের মনোবল খারাপ হতে পারে এবং হলে খুব দুঃখজনক ব্যাপার এবং যার প্রতিবিধান করবার জন্য সরকারের সতর্ক দৃষ্টি থাকা দরকার সেই দৃষ্টির কিছু কিছু অভাব পরিলক্ষিত হচ্ছে। এই হোল গণতান্ত্রিক অধিকারের কথা। আর আমাদের কি আদর্শ আছে যা যুদ্ধের লক্ষ্য সম্বন্ধে আমাদের প্রধানমন্ত্রী রক্ষা করবার জন্য প্রাণপন চেষ্টা করছেন। কাশীকান্তবাবু এবং নেপালবাবু প্রায় একই সঙ্গে বলেছেন যে আপনারা মহাশয় পণ্ডিত নেহরুর নাম দেবেন না। কারণ তাদের মুস্কিল হচ্ছে। কারণ নাম নিলে পণ্ডিত নেহরুর যে নীতির জন্য দাঁড়িয়েছেন সেই নীতির বিরোধিতা করতে তাদের অসুবিধা হয়। তারা আসলে সেই নীতির বিরোধী। নেপালবাবু খোলাখুলিভাবে বলেছেন যে হ্যাঁ আমাদের ওপর তলার লোকদের কারও কারও এই ধারণা আছে যেটা ঠিক ধারণা নয়, তাদের আইডিয়াটা ভ্রান্ত। কাশীকান্ত-বাবু যদিও খোলাখুলি বলেন নি কিন্তু তারা যেভাবে প্রচার করেন তাতে মোটের উপর পণ্ডিত নেহরুর যে নীতি সেই নীতির বিরোধিতা করে থাকেন। তারা যে সংবাদপত্রের খুব ভক্ত

আনন্দবাজার পত্রিকা যার ঘটনা উল্লেখ করে কাশীকান্তবাবু প্রতিদিন একটা করে আস্ফালন এখানে করেন, সেই আনন্দবাজারের নীতি যে মার্কিন সাম্রাজ্যবাদের পায়ের তলায় আমাদের স্বাধীনতা বিকিয়ে দাও এদেরও বক্তব্য প্রায় সেই রকমই হয়ে দাঁড়াচ্ছে। কাজে কাজেই আমরা যদি পন্ডিত নেহরুর নাম নিই খুব অসুবিধা হয় তাদের। আমরা পন্ডিত নেহরুর নাম এজন্য নিই না যে আমরা বাঁচবো কি বাঁচবো না। পন্ডিত নেহরুর নীতির নাম আমরা এজন্য নিই যে পন্ডিত নেহরু কংগ্রেসের নেতা কোন সন্দেহ নেই এবং পন্ডিত নেহরু দেশের প্রধানমন্ত্রী। কংগ্রেসের যারা বন্ধু তাদেরও তিনি প্রধানমন্ত্রী, প্রজা সোস্যালিস্ট যারা তাদেরও তিনি প্রধানমন্ত্রী। আমরা যারা কমিউনিস্ট আমাদেরও প্রধানমন্ত্রী। সমস্ত জাতির প্রতি তাঁর দায়িত্ব। সমস্ত জাতি যে অংশ থেকে আসুক না কেন এই প্রধানমন্ত্রীর দিকেই চায়। কারণ তিনিই হচ্ছেন জাতির প্রতীক যে প্রতীক মারফত আমাদের ভারতবর্ষের যুদ্ধ নীতি প্রকাশিত হচ্ছে এবং পরিচালিত হচ্ছে। যদি আজকে আমাদের যুদ্ধনীতি সম্বন্ধে কিছু সিদ্ধান্ত গ্রহণ করতে হয়, কোন বক্তব্য রাখতে হয় তাহলে পন্ডিত নেহরুর কথা অবলম্বন করেই অগ্রসর হতে হয়। তাতে যদি কেউ রুষ্ট হন তার মানে তাঁর নীতিটা তাঁর পছন্দ নয় এই দাঁড়াচ্ছে। যাই হোক পন্ডিত নেহরুর এখন এই যে নীতি—পন্ডিত নেহরু কি বলেন। আমরা এখানে অনবরত শুনি কমিউনিস্ট চীন —হ্যাঁ চীন কমিউনিস্ট তাতে সন্দেহ ছিল না—কিন্তু পন্ডিত নেহরু বলেন অত বার বার তোমাদের কমিউনিস্ট চীন বলা ঠিক নয়। কমিউনিস্টদের মধ্যেও মতভেদ আছে। (লাফটার...) হাঁসির কথা নয় এটা বাস্তব কথা। সকলেই জানে কমিউনিস্টদের মধ্যে মতভেদ আছে। পৃথিবীর মধ্যে যে কমিউনিস্ট মত প্রবল সেই মতের পক্ষে যে সমস্ত দেশ যে সমস্ত মানুষ তারা শান্তির স্বপক্ষে। সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে এবং শান্তির স্বপক্ষে পন্ডিত নেহরু তাঁর দূরদৃষ্টি দিয়ে এ কথাটা বুঝতে পেরেছেন। কাজেই বলেন তুমি যদি অনবরত কমিউনিস্ট চীন বল তাহলে তোমরা চেষ্টাটা হয় কমিউনিস্টদের যে পার্থক্য আছে—প্রবলতর যে কমিউনিস্ট শিবির, তার যে বক্তব্য আছে সেই বক্তব্যের সাহায্য এবং সুযোগ থেকে নিজেদের বিচ্ছিন্ন করা অর্থাৎ নিজের পায়ে নিজের কুড়ুল মারা। কাজেই এখানে আনন্দবাজার পত্রিকার এবং কাশী-কান্তবাবুর পার্টির বক্তৃতাটা তাই যে আমাদের রুশ বিরোধী হতে হবে, নিরপেক্ষতার বিরোধী হতে হবে, আমাদের নেহরু বিরোধী হতে হবে এবং সেই ধরনের প্রচার তারা করে থাকেন। ধরুন আমি একটা উদাহরণ দিই এবং আলোচনার জন্য সেই উদাহরণ দেওয়া প্রয়োজন। আনন্দবাজারের বক্তব্য এবং তাদের প্রচার লক্ষ্য করা দরকার। আনন্দবাজার পত্রিকা বলেন যখন ভারতবর্ষের লোকেরা সোভিয়েট দেশ থেকে মিগ বিমান পাবেন এবং মিগ বিমান তৈরীর কারখানায় সাহায্য পাওয়া যাবে তখন আনন্দবাজার প্রতিদিন এই খবর আগ্রহ সহকারে প্রকাশ করেছেন যে মিগ বিমান কিছুতেই পাওয়া যাবে না সোভিয়েট রাশিয়ার সংগে বন্ধুত্বের কোন সম্ভাবনা নাই। তারপরে দেখুন ছাত্রদের উপর আক্রমণের ব্যাপারে আনন্দবাজার কি হুল্লোড় না করলো। যখন দেখলো কথাটা এমনকি ভাইস চ্যান্সেলর এবং তার কমিটি স্বীকার করলেন না তখন ছাত্রদের ছেড়ে এখন ভাইস চ্যান্সেলরকে আক্রমণ করতে আরম্ভ করলো। তারপর চাইনিজ কনসুলেটের ব্যাপার নিয়ে তারা যে জল ঘোলা করবার চেষ্টা করলো সেই জল ঘোলা সার্থক হোল না। সেই সংবাদটা যে সম্পূর্ণ মিথ্যা তা প্রমাণ হয়ে গেল। আনন্দবাজার পত্রিকার প্রচারের ধরণটা কি: আজকে আনন্দবাজার পত্রিকা দেখুন—আমাদের যেটা আপত্তি সেটা দেখলেই বুঝতে পারবেন এই দুটো হেডিং আছে একটা হচ্ছে "নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সভা পন্ড" আর একটা হচ্ছে 'অপরাধ ধরতে কর্তৃপক্ষের ব্যর্থতা'। অর্থাৎ সভা পন্ড করাই তার প্রধান উৎসাহ। এবং গভর্নমেন্ট অপরাধটা ধরতে পারছেন না সেটা প্রচার করাই তাদের প্রধান উদ্দেশ্য। মুস্কিল হচ্ছে এইখানে যে দেশের মধ্যে প্রত্যেকেরই আইন সংগত অধিকার আছে, দেশের মধ্যে যে অবস্থার সৃষ্টি করা হচ্ছে তাতে অরাজকতাই প্রশ্রয় পাচ্ছে। সম্পাদকীয় আনন্দ-বাজারে কি মত? —আজকে আনন্দবাজারের সম্পাদকীয়তে আছে স্থানে অস্থানে পঞ্চশীলের জন্য বিলাপ করিয়া কি লাভ? অথচ অন্যের কথা না হয় ছাড়িয়া দিলাম স্বয়ং প্রধানমন্ত্রী তাহাই করিতেছেন। গোষ্ঠীহীন রাজনীতির প্রতি আসক্তি এখনও তার কমে নাই এবং সুযোগ পাইলেই তিনি তাহার প্রশস্তি গাইতেছেন। জোট নিরপেক্ষতার মহিমা প্রচার কীর্তন করিবার সুযোগ ভবিষ্যতে যথেষ্ট পাওয়া যাইবে। আজ তাহার মূল্য কানা কড়িও নহে। এই যে নীতি আনন্দবাজার কর্তৃক প্রচারিত হচ্ছে এবং যে নীতির অনেকখানি কাশীকান্তবাবু সমর্থন করছেন এবং সেই নীতি কি আমাদের যুদ্ধের জন্য প্রধানমন্ত্রী যে নীতি প্রচার করছেন যে নীতির

ভিত্তিতে সরকারী কার্যকলাপ পরিচালিত হবে তার সমর্থন ও পোষকতা করছেন কি? করছেন না—অথচ আমরা দেখছি আনন্দবাজার কর্তৃপক্ষ শ্রীঅশোক সরকার প্রতিরক্ষা কমিটির মস্তবড় হোমরা চোমরা লোক। কাজেই আমাদের ভাবতে হবে যদি আমরা দেখি যিনি এই নীতি প্রচার করছেন তিনিই আবার প্রতিরক্ষার একজন হোমরা চোমরা তাহলে বুঝতে হবে প্রতিরক্ষার মধ্যে এই নীতি অন্ততঃ কিছুটা ব্যাহত হওয়ার সম্ভাবনা আছে। এবং সরকারের এর প্রতি দৃষ্টি আকর্ষিত হওয়া দরকার। তিনি বলেছেন চল আমাদের তিব্বত আক্রমণ করতে হবে। ভারত সরকারের নীতি কিন্তু তা নয়। ভারত সরকার মনে করেন, তিব্বত আক্রমণের ধুয়া যদি আমরা তুলি তাহলে আমাদের জাতীয় ন্যায্যতা সম্বন্ধে অনেকের মনে সন্দেহ হবে। ক্যারিয়াপ্পা আমাদের কেস দুর্বল করছেন। তিনি আরও যেসমস্ত কথা বলেছেন তার মধ্যে আমি যাচ্ছি না, সেজন্য আমার আশ্চর্য লাগে যখন দেখি পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী শৈলবাবু কারিয়াপ্পার সঙ্গে তিন দিন আগে একসঙ্গে সভা করেন। কারিয়াপ্পার নীতি যখন সরকারী নীতির সঙ্গে সম্পূর্ণরূপে মেলে না তখন কংগ্রেস সরকারের ও'র সঙ্গে সহৃদয়তা না করলেই চলতে পারে—তাহলে সাধারণ মানুষ বোঝে যে কংগ্রেস সরকার নীতিতে অটল আছে, নইলে সন্দেহ হতে পারে যে কংগ্রেস সরকার নীতিতে অটল নেই। তারপর আমি আর একটা কথা বলে শেষ করবো যে আমাদের শ্রমমন্ত্রী শ্রীবিজয় সিং নাহার মহাশয় হুগলি জুট মিলে গেলেন, সেখানকার প্রধান ইউনিয়ন লাল ঝান্ডা ইউনিয়ন। সেই প্রধান ইউনিয়ন-এর লোকেরা প্রধানতঃ তহবিল সংগ্রহ করার চেষ্টায় নেমে এক হাজার টাকা সংগ্রহ করলেন এবং মালিকের মারফৎ বিজয়বাবুকে ডেকে তাঁর হাতে হাজার টাকা দিলেন। বিজয়বাবু বক্তৃতায় বললেন যে তোমরা লাল ঝান্ডা ইউনিয়ন ছেড়ে দাও। আমি জিজ্ঞাসা করতে চাই যে, সরকারের যা নীতি শ্রমদপ্তরের তা কেন্দ্র থেকে নির্ধারিত হচ্ছে, সেটা আপনার ইউনিয়ন-এর পোষকতা করতে পারেন কিন্তু অন্য যে সমস্ত রেকগনাইজড সেণ্টার আছে তার বিরোধিতা করতে পারেন না—সেই ভিত্তিতেই কাজকর্ম তৈরী হয়। কয়েকদিন আগে কেন্দ্র থেকে ইণ্ডাস্ট্রিয়্যাল ট্রুস-এর বৈঠক হল, তাতে আমরা সবাই উপস্থিত ছিলাম এবং সকলেই আমরা একমত হয়ে ইণ্ডাস্ট্রিয়্যাল ট্রুস নীতিটা স্বীকার করি। আমি জানতে চাই একজন শ্রমমন্ত্রী হয়ে সরকারী নীতির পোষকতা করতে গেলে বিজয়বাবুর পক্ষে এই স্ট্যান্ড নেওয়া কি করে সম্ভব হয়। কাজেই আমি জানাতে চাই যে প্রতিরক্ষা ব্যবস্থার সঙ্গে সঙ্গে মানুষের মনোবল বাড়ানোর প্রচেষ্টার দিকে নজর দেবেন এবং আমার প্রশ্নগুলোর জবাব দেবেন।

The Hon'ble Bijoy Singh Nahar:

স্যার, আমার কথা যখন উঠেছে আমি আপনার কাছ থেকে সময় চেয়ে নিচ্ছি দু-একটি কথা বলবার। মাননীয় সদস্য শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় আমার কথা বলে বলেছেন যে, আমি নাকি টাকা নিয়েছি এবং যাঁরা টাকা দিয়েছেন তাঁদের গালাগালি করেছি। একথা কিছুদিন আগে তাঁদের কাগজে আমার সম্বন্ধে লিখেছেন, আমাকে তাঁদের পক্ষ থেকে যে চিঠি দিয়েছেন আমি তার জবাব দিয়েছি যে তাঁরা যে রিপোর্ট করেছেন তার মধ্যে ভুল আছে, সব সত্যি কথা বলেন নি। আমি টাকা নিয়েছি এবং শুধু ওখানে নয় বহু লাল ঝান্ডা ইউনিয়নও আমায় টাকা দেন। আমি সব জায়গায় এই কথা বলেছি যে, যারা দেশদ্রোহিতা করে, আজকের দিনে যাঁরা কাজকে বানচাল করবার চেষ্টা করছেন, যাঁরা চীনের সঙ্গে যুক্ত হয়ে দেশকে বিকিয়ে দেবার চেষ্টা করছেন তাঁদের সঙ্গে সকলের সংস্রব ত্যাগ করা উচিত। একথা আমি সব জায়গায় বলি, এখনও বলছি। সেখানে যদি লাল ঝান্ডা থাকে নিশ্চয়ই তাদের ছেড়ে দেওয়া উচিত। তারা যদি সেখানে কোনরকমভাবে এমন ব্যবস্থা করে যাতে কাজের বানচাল হয় নিশ্চয়ই ছেড়ে দেওয়া উচিত। আমি আপনার মাধ্যমে সদস্যদের বলতে চাই এখনও তাঁদের দলের যত ইউনিয়ন আছে তার মধ্যে বড় বড় অনেক ইউনিয়ন চেষ্টা করছে সমস্ত কাজকে বানচাল করবার জন্য। এটা আমি দৃষ্টান্ত দিয়ে বলতে চাই—সময় সংক্ষেপ যদি দরকার হয় আপনাদের জানিয়ে দেব, আপনাদের বাটা এবং টেক্সম্যাকো-র কথা ডিটেলস বলতে পারি যে, কিভাবে সেখানে বানচাল করবার চেষ্টা করছেন একের পর এক। এখানে একটু পূর্বে সোমনাথবাবুর বক্তৃতা শুনেলেন, তিনি খুব সাটল ওয়েতে চেষ্টা করেছেন চাঁদার কথা তুলে, চাঁদা যাতে না ওঠে সে রকমভাবে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন অর্থাৎ টাটা বিড়লা নাকি টাকা

দেয়নি, শ্রমিকরা কেন টাকা দেবে? গরীব শ্রমিক যারা দৈনন্দিন রোজগার করে তারা কেন টাকা দেবে, যদি বিড়লা টাটা না দেয়? তিনি প্রশ্ন করেছেন যাঁরা ডিফেন্স কমিটির সদস্য হয়েছেন তারা টাকা দিয়েছেন কিনা? আমি জানাতে চাই তাঁরা প্রত্যেকেই টাকা দিয়েছেন। এসব কথা না জেনে যদি তিনি হাউসে বিভ্রান্তি প্রচার করেন তাহলে খবরের কাগজে বড় বড় করে তাঁর নাম লেখা হবে এবং তাঁর ইউনিয়নের কর্মীরা রব তুলবে যেহেতু সোমনাথবাবু বলেছেন যে তাঁরা টাকা দেননি অতএব আমরাও টাকা দেব না। এই রকম বানচাল করবার মন নিয়ে আপনারা কাজ করছেন বলে জনসমাজ দেশের লোক আপনাদের ধিক্কার দিচ্ছে। এই রকম মন নিয়ে আপনারা কাজ করবেন না আমি এই দিকেই আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-50 - 5 p.m.]

তারপরে আমি বলছি যে..............(শ্রীসোমনাথ লাহিড়ী: লিস্ট আপনি পাবলিশ করেন।) পাবলিশ কেন, আমি আপনারা চিঠি দিলে ওপেনলি যে কোথায় কোথায় এরূপ হচ্ছে -আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি। আপনারা খুব জোর গলায় বাটা কোম্পানী সম্বন্ধে বলেন, কিন্তু আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে তারা কিভাবে বানচাল করবার চেষ্টা করেছে। বাটা কোম্পানীর ইউনিয়ন সম্পূর্ণভাবে কমিউনিস্ট পার্টির হাতে রয়েছে। সেই বাটা কোম্পানীর এক্সিকিউটিভ কমিটি একটা প্রস্তাব গ্রহণ করলেন যে যুদ্ধে সহায়তা করবার জন্য আমাদের চাঁদা দিতে হবে এবং তাঁরা বলে দিলেন যে, যার যা ইচ্ছা চাঁদা দাও। এই চাঁদা এক দিনের দিতে হবে না আধদিনের দিতে হবে সেসব কিছুই বলেননি, যার যা ইচ্ছা দাও। যখন এই সংবাদ জানতে পারে শ্রমিকরা যাঁরা সেখানে কাজ করে তাঁরা বিক্ষুব্ধ হলেন এবং এর বিরুদ্ধে প্রতিবাদ করলেন। তাঁরা যে দাবী জানালেন তার ফলে ইউনিয়নের সাধারণ সভা ডাকতে হলো এবং সেই সাধারণ সভায় প্রস্তাব হলো যে আমরা প্রতিমাসে একদিনের বেতন দিতে চাই। এক্সিকিউটিভ কমিটি তাঁদের রায় পুনর্বার বিবেচনা করে তাঁরা নিজেদের কথা বললেন। (শ্রীননী ভট্টাচার্য, বাটার কথা নয়, এটা বোধ হয় জয়া-তে হয়েছে।) না বাটার কথাই বলছি। আমরা সাধারণভাবে চাঁদার কথাই বলবো কারণ সেখানে তিনি শ্রমমন্ত্রীর কথা বলেছেন। আমি জানাতে চাই যেখানে এরকম বিভ্রান্ত হয় সেখানে আমাদের বলবার অধিকার আছে যে সেইসব ইউনিয়ন থেকে প্রত্যেকের বেরিয়ে আসা উচিত। তারপর ইউনিয়ন কি করলেন? তাঁরা প্রথমে প্রস্তাব গ্রহণ না করে মালিকের সঙ্গে কথা বলতে আরম্ভ করলেন যে কি করা যায় যাতে এক দিনের না দিতে হয়। সাধারণভাবে তাঁরা মালিকের কাছে বললেন যে, একদিন যেদিন বন্ধ থাকে, সেই ছুটির দিন আমাদের কাজ করতে দাও এবং ডবল মাহিনা দাও, অর্ধেক মাহিনা আমাদের প্রতিটা শ্রমিক রাখবে এবং অর্ধেক সরকারকে দেবে, একথা মালিক স্বীকার করেন নি। মালিক যখন স্বীকার করলেন না এবং শ্রমিকদের যখন চাপ ছিল তখন ওঁরা প্রস্তাব গ্রহণ করলেন যে, এক দিনের যদি তাঁদের কাজ করতে দেন তা হলে তারা এক দিনের মাহিনা দেবেন। তাঁদের মাহিনা বেশি মাহিনা নয়, তাঁরা অর্ধেক টাকা দেবেন স্বীকার করলেন এবং একদিনের টাকা দিয়েছেন। দ্বিতীয় মাসের জন্য সে ইউনিয়ন এখনও প্রস্তাব নেন নি এবং টাকাও দেন নি। এইভাবে বিভ্রান্ত করবার তাঁরা চেষ্টা করছেন। যেখানে বড় বড় ইউনিয়ন, কমিউনিস্ট পার্টির ইউনিয়ন আছে সেখানে আই টি ইউ সি-র ইউনিয়ন। আমি এরকম একটা নয় ২ ঘণ্টা ধরে বলতে পারি কোথায় কি হচ্ছে। এইভাবে সাবটল্ ওয়েতে বিভ্রান্ত ক'রে আপনি শ্রমমন্ত্রীকে অ্যাটাক ক'রে কিছু সুযোগসুবিধা করতে পারবেন না এবং যেকথা বলেছি সেকথা বারে বারে বলব এবং বলব যে যেখানে অন্যায় করছেন, যেখানে দেশদ্রোহিতা করবার চেষ্টা করছেন সেখান থেকে বা সেই দল থেকে নিশ্চয়ই ছেড়ে আসা উচিত।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রারম্ভিক বক্তৃতা সংক্ষিপ্ত হয়েছে বলে অনেকে ক্ষুব্ধ হয়েছেন, বিশেষ করে আমার বন্ধু বিজয় ব্যানার্জি মহাশয়। আমি যদি সংক্ষিপ্ত ভাষণ না দিতাম তা হলে বিজয়বাবু হয়ত এত কথা বলতে পারতেন না। কাজেই সংক্ষিপ্ত বক্তৃতা দিয়ে আমি ভালই করেছি—অন্ততঃ ওঁর সুবিধা ক'রে দিয়েছি। প্রতিরক্ষা সম্বন্ধে এখানে অনেক আলোচনা হ'ল এবং এটা ঠিক যে, আমাদের বন্ধু শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী এবং

শ্রীসোমনাথ লাহিড়ী তাঁরা পণ্ডিত নেহরুর নীতিকে আমাদের এধারের কেউ কেউ মানেন না বলে আলোচনাও করেছেন, আমি কিন্তু মনে করি তাঁদের এটা ভ্রান্ত ধারণা, কেননা আমাদের এ পক্ষের প্রত্যেকেই পণ্ডিত নেহরুর নেতৃত্ব ষোল আনাই মেনে নিয়েছেন, এবং তাঁরা সকলেই বিশ্বাস করেন তাঁর যে পররাষ্ট্র নীতি এবং তাঁর যে নিরপেক্ষ নীতি—তাতে তিনি কোন গোষ্ঠীর অন্তর্গত হন নি, এবং এটায় তিনি লোকসভার সমর্থন পেয়েছেন, আমাদের এখানেও সমর্থন পাবেন। কাজেই তাঁর একথা বলা ভুল যে, পণ্ডিত নেহরুর নেতৃত্ব আমাদের এদিকের অনেকে মানেন না। বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় বা আমাদের এপক্ষের শ্রীনেপাল রায় মহাশয় যে কথা বলেছেন তা পণ্ডিত নেহরুর নীতিবিরোধী বলে আমি মনে করি না। সোমনাথবাবু যেটা বলেছেন সেটা না বুঝেই বলেছেন। আমাদের এখানে প্রতিরক্ষা সম্বন্ধে খুব ডিটেল আলোচনা করা সম্ভবপর নয়, কেন না, ডিটেল আলোচনার এটা ঠিক জায়গা নয়। তবে মোটামুটিভাবে আমি এটা বলতে চাই যে, আমাদের কলকাতা শহরে বা অন্য শিল্পাঞ্চলে প্রতিরক্ষার জন্য আমরা সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করছি। আমাদের ওদিককার একজন মাননীয়া সদস্যা বলেছেন যে, এই প্রতিরক্ষার কাজে ট্রেনিং দরকার, শেখা দরকার। এবং যদি আমরা না শিখে কাজ করতে যাই তা হলে ভুল হবে। আমাদের অনেকেরই এই রকম ধারণা যে আমরা সেই ১৯৩৯, '৪০, '৪২, '৪৪ বা '৪৫ সালেই বাস করছি। এটা ঠিক নয়। আমরা এখন ১৯৬২ সালে বাস করছি। এবং এর মধ্যে সব দিক দিয়ে অনেক পরিবর্তন ঘটেছে। এইসব পরিবর্তনের কথা স্মরণ রেখে আমাদের কাজ করতে হবে। একজন কি দুইজন সদস্য উল্লেখ করেছেন যে, আমাদের এই প্রতিরক্ষা তহবিলে গরিব লোকেরা অর্থ দিয়েছে, নিম্ন-মধ্যবিত্তরা অর্থ দিয়েছে, মধ্যবিত্তরা অর্থ দিয়েছে কিন্তু ধনীরা দেয় নি। এটাও সত্য নয়। ধনীরা, যারা কোম্পানি থেকে দিয়েছেন তাঁদের সেটা তাঁদের দেওয়া মনে করি না, কিন্তু ব্যক্তিগত-ভাবে ধনীরাও অর্থ দিয়েছেন। তাদের ঘরের মেয়েরা এসে সোনা দিচ্ছে, গহনা দিচ্ছে এবং প্রত্যহই দিচ্ছে। কাজে কাজেই সর্বশ্রেণীর লোকই দেশের এই সংকট সময়ে স্বার্থত্যাগ করতে প্রস্তুত হয়ে আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের এখানে কমিউনিস্ট বন্ধুরা কে কোন্ পন্থী তা আলোচনা করে বিশেষ কোন লাভ নেই, তবে আমি এইটুকু বলতে পারি যারা জাতীয়তাবাদী কমিউনিস্ট, যদি কেউ থাকেন, বোধহয় আছেন, আমরা তাদের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত আছি। তবে আমাদের মধ্যে এবং অনেকের মনেই এই ভ্রান্ত ধারণা আছে যে, পশ্চিমবঙ্গের অধিকাংশ কমিউনিস্ট কর্মী চীনপন্থী। সেইজন্য তাদের সম্বন্ধে যে সন্দেহ বা মনোভাব আছে তা দূর হয় নি। আমি সেইজন্য যারা জাতীয়তাবাদী কমিউনিস্ট যদি কেউ থাকেন, বোধ হয় এখানে আছেন, তাঁরা এ বিষয়ে অবহিত হবেন এবং এই পক্ষের যে সন্দেহ রয়েছে সেই সন্দেহ দূর করবেন। এখানে কোন কোন বন্ধু উল্লেখ করেছেন চাইনিজ কন্সোলেটের ব্যাপার। আমি পূর্বেই এই হাউসে বলেছি এটা সম্পূর্ণ মিথ্যা কথা। আমি কালকেই আবার অনুসন্ধান করেছিলাম এবং অনুসন্ধান করে আমি এটা জেনেছি, এবং তা আবার উল্লেখ করছি যে, তাদের একটা বন্দুক ও রিভলবার ছিল, তারা তা নিয়ে গিয়েছে এবং তাদের ওখানে যে মদ ছিল, যে কয়েক বোতল, সেই মদও আমরা সব পেয়েছি। তার আগে যদি তারা গোপনে কাউকে মদ খেতে দান করে থাকে তা আমি জানি না ; কি তাদের ওখানে নেমন্তন্ন করে নিয়ে গিয়ে খাইয়ে থাকে বা ককটেল পার্টি দিয়ে থাকে তা আমি জানি না এবং টাকা দেবার যে কথা এখানে উঠেছে তাও সর্বৈব মিথ্যা। আমি সমস্ত এখানে খুলে বলতে পারি না, এইটুকু মাত্র দৃঢ়তার সঙ্গে বলতে পারি যে, তাদের বন্দুক তারা নিয়ে গিয়েছে এবং যে কয়েক বোতল ১২ বোতল মদ, তা পাওয়া গিয়েছে তার বেশি তারা রেখে যায় নি এবং তাদের যে বন্দুকের লাইসেন্স তা তারা দিয়ে গিয়েছে। তাদের যে একটা বড় বন্দুক ছিল তা নিয়ে যেতে সবাই দেখেছে। কাজে কাজেই এ সম্বন্ধে কোন সন্দেহের কারণ নেই। আর দ্বিতীয় কথা হচ্ছে তাদের যে ফার্নিচার তা কাশ্যপ নিয়েছে, কি মোঙ্গলা নিয়েছে তা আমি জানি না। তবে তাদের ফার্নিচার বিক্রয় করবার অধিকার আছে, আমাদের বোর্ড অব রেভিনিউ থেকে অনুমতিপত্র নেবার প্রয়োজন ছিল না। কাজে কাজেই এই সম্বন্ধে আর বেশি বলে সময় নষ্ট করতে চাই না। আমাদের এখানে কেউ কেউ বলেছেন যে, হাওড়া জেলার নাগরিক কমিটিতে আমরা সব এক দলের লোক নিয়েছি। সব নাম আমি জানি না, তবে যা মনে আছে, সেখানে হাওড়া জেলার সিটিজেন্স কমিটিতে শ্রীকানাইলাল ভট্টাচার্য আছেন। তিনি নিশ্চয়ই কংগ্রেসের লোক

[5—5-5 p.m.]

নন। শ্রীবিজয়কুমার মণ্ডল, এম এল এ আছেন—তিনি নিশ্চয়ই কংগ্রেসের লোক নন। শ্রীসহৃদ বিশ্বাস এবং আমার পুরাতন বন্ধু শ্রীশিবনাথ ব্যানার্জি আছেন এ'রা কেউ কংগ্রেসের লোক নন। তা হলে একথা নিশ্চয়ই সত্য নয় যে, সব কংগ্রেসের লোক নিয়ে এটা করা হয়েছে। আর আমাদের মাননীয় মন্ত্রী শ্রীশৈলকুমার মুখার্জির একজন আত্মীয় আছেন। তাঁর অপরাধ এই যে, তিনি হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান। এই যদি তাঁর অপরাধ হয় তা হলে আমি নাচার—আমার আর কিছু জবাব দেবার নেই। আমি শুধু এটাই বলছি যে, আমাদের প্রতিরক্ষার ব্যাপারে আমরা সকলের সহযোগিতা কামনা করি। তার মানে এই নয় যে, প্রত্যেক কমিটিতে প্রত্যেক দলকে নিতে হবে। আজকে আমাদের সব জেলায় হোম গার্ডস ১২ই ডিসেম্বর পর্যন্ত —সদস্যরা জানেন আমাদের ১৩ই নভেম্বর আমরা ওয়েস্ট বেঙ্গল হোম গার্ডস রুলস জারি করি--তার পরে এক মাসের মধ্যে আমরা হাওড়া জেলায় ৫০০, হুগলিতে ৩০০, বর্ধমানে ২০০, বীরভূমে ১০০, ২৪-পরগনায় ১০০, বাঁকুড়ায় ১০০, মেদিনীপুরে ৪০০, কোচবিহারে ৪০০, জলপাইগুড়িতে ৭৫০, দার্জিলিঙে ৪০০, পশ্চিম দিনাজপুরে ১০০, মুর্শিদাবাদে ২০০, পুরুলিয়ার ১০০, নদিয়ায় ২০০, মালদহে ২০০ এবং কলকাতায় এক হাজার করেছি এবং আরও ধীরে ধীরে হচ্ছে। আমি গত অধিবেশনে উল্লেখ করেছিলাম এবং আবারও করছি যে, আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৫০ হাজার ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স তৈরি আছে—তার মধ্যে ইতিমধ্যেই সাড়ে সাত হাজারকে আমরা ডেকেছি, কাজে নিয়োগ করেছি এবং আরও করব। আগামী মাসে বোধ হয় আড়াই হাজার নেওয়া হবে। আমাদের তা হলে ৪০ হাজার লোক রিজার্ভ আছে--এটা মস্ত বড় জোর। আমি যখন বিভিন্ন জায়গায় গিয়েছি যেমন কোচবিহার, শিলিগুড়ি ইত্যাদি জায়গায় তখন দেখেছি আমাদের ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সএর লোকেরা কাজ করছে, পাহারা দিচ্ছে। সেজন্যে আমি প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম দুই লক্ষ লোকের উপর দরকার। অনেক লোক এগিয়ে আসছে। আমার মনে হয় তারা স্বেচ্ছাসেবক, স্বেচ্ছাসেবিকা হিসাবে কাজ করবে। আমাদের মাননীয়া সদস্যা বিভা মিত্র বললেন —মেয়েদের কেন আমরা ডাকছি না। আমি বলছি মেয়েরা কাজ নিশ্চয়ই করবেন। তাঁরা ইতিমধ্যেই অনেকগুলি ফার্স্ট এড সেন্টারএর সঙ্গে যুক্ত হয়েছেন এবং তাঁরা ভাল কাজ করছেন। আমাদের যে ডিফেন্স অফ ইন্ডিয়া এড কমিটি আছে তাতে অনেকগুলি ফার্স্ট এড সেন্টার এবং নার্সিং সেন্টার খুলেছে। ডিফেন্স অফ ইন্ডিয়া এড কমিটি যে টাকা তুলেছেন তা ন্যাশনাল ফান্ডএ জমা দিয়েছেন এবং এখন যে টাকা তুলেছেন তা আমাদের ন্যাশনাল ডিফেন্স ফান্ডএ জমা দেবেন। আমরা তাদের কাছ থেকে কিছু টাকা পেয়েছি—উল কিনবার জন্য জওয়ানদের পাঠাবার জন্য। সেই সমস্ত তাদের কাছ থেকে আমরা পেয়েছি এবং আমাদের অনুমোদনান্তে তারা সেই অর্থ ব্যয় করছেন। আমাদের এই সব কাজের জন্য কয়েক কোটি টাকা দরকার। আমাদের জিনিস পত্র, ইকুইপমেন্টস কিছু কিছু আসতে শুরু করেছে এবং আমাদের প্রতিরক্ষা কাজ ধীরে ধীরে অগ্রসর হচ্ছে এবং এমনভাবে মজবুতভাবে বুনিয়াদ ঠিক করব যাতে ভবিষ্যতে যদি কোন বিপদ আসে আমরা আমাদের দেশকে প্রাণ দিয়ে রক্ষা করতে পারব।

Mr. Speaker: The discussion is over.

The House stands adjourned till 7th January, 1963, at 12 noon.

Adjournment

The House was accordingly adjourned at 5-5 p.m. till 12 noon on Monday, the 7th January, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 7th January, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KSHAB CHANDRA BASU) in the Chair, 12 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State, 10 Deputy Ministers and 181 Members.

[12—12-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Drainage from Dubda basin in Midnapore district

***1.** (Admitted question No. *33.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলায় এগরা থানার দুবদা বেসিনের জল যে খাল দিয়া সমুদ্রপুর স্লুইশ হইতে সমুদ্রে পড়ে তাহা বেঙ্গল সল্ট কোম্পানী অবরোধ করিয়া জলনিকাশ পথের অসুবিধা সৃষ্টি করিয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) দুবদা বেসিনের জল আংশিকভাবে পাঁচবনি (সমুদ্রপুর) স্লুইস দিয়া নির্গত হয়। এই স্লুইস হইতে জল বাহির হইবার জন্য কয়েকটি খাল আছে। বেঙ্গল সল্ট কোম্পানী এই সকল খালের একটির (পাঁচবনি) উপরে ক্রস বাঁধ নির্মাণ করিয়াছে।

(খ) ক্রস বাঁধটি সরাইবার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি ক্রস বাঁধ ছাড়াও খালটির দুই পাড় এবং আরো বহু অংশ তাঁরা অধিকার করে নিয়েছেন একথা জানেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

না জানি না, একটা ক্রস বাঁধ ছিল, সেটা তুলে দেবার ব্যবস্থা হয়েছে।

Drainage Scheme for Contai basin

***3.** (Admitted question No. *40.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) কাঁথি বেসিনের জল নিকাশী পরিকল্পনার প্রথম পর্যায়ের কার্য কবে আরম্ভ হইবে;

(খ) ঐ প্রথম পর্যায়ের কার্য তালিকার মধ্যে মশাগাঁ লকগেট নির্মাণের ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) কাঁথি সহরের মধ্যে কাঁথি-মেদিনীপুর রাস্তার উপর কাঁথি ক্যানেলের মুখের স্লুইশটীও নির্মাণ হইবে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

(ক) আগামী বৎসরে (১৯৬৩-৬৪) এ কাজটি আরম্ভ করিবার পরিকল্পনা আছে।

(খ) আছে।

(গ) হ্যাঁ।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি প্রথম পর্যায়ে কত টাকা খরচ করা হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

১৯৬৩-৬৪ সালে ২ লক্ষ টাকা ধরা আছে।

Residence of Desapran Birendranath at Contai

***2.** (Admitted question No. 39.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে দেশপ্রাণ বীরেন্দ্রনাথের কাঁথি সহরস্থ বসতবাটী দেনার দায়ে বিক্রয় হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, তাহা পুনরুদ্ধার করিয়া জাতীয় সম্পত্তিরূপে পরিগণিত করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নের জবাব দিয়েছেন "না"। দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের কাঁথি শহরস্থ বসতবাটি দেনার দায়ে বিক্রী না হলেও নীতি হিসাবে কাঁথি জাতীয় বিদ্যালয় সেই বাড়ীতে যা চলছিল সেটা জাতীয় সম্পত্তিরূপে পুনরুদ্ধার করার কথা সরকার চিন্তা করছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দেশপ্রাণ বীরেন্দ্রনাথের বাড়ি বিক্রী হয়েছে বলে সরকার জানেন না।

Shri Sudhir Chandra Das:

সরকার সেই খবর না জানলেও তাঁর সেই বসতবাটি জাতীয় সম্পত্তি হিসাবে সরকার গ্রহণ করতে চান কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের বসতবাটি সরকার কিনে নেবেন বলে আমার কাছে কোন প্রস্তাব আসে নি, এলে বিবেচনা করে দেখব।

Shri Balai Lal Das Mahapatra:

এই বসতবাটি পুনরুদ্ধার করবার জন্য মুখ্যমন্ত্রীকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছিল এটা জানেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid)

Transportation of tea from North Bengal Districts

12. (Admitted question No. 2.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that about 15 million Kg. tea is awaiting transportation from North Bengal districts, viz., Jalpaiguri and Darjeeling, to Calcutta; and

(b) if so, what steps have so far been taken for its speedy transportation?

The Minister for Commerce and Industries: (a) Government of West Bengal have no specific information. According to the information available with the Tea Board, the movement of tea from estates in the Dooars and Darjeeling has been and continues to be normal. The Tea Board has no information that there is any unusually high accumulation of tea with the gardens in that area.

(b) It is understood that Government of India have introduced a Goods Transport Service from Dhubri to Siliguri. Government of West Bengal have a proposal to organise a Goods Transport Service from Siliguri to Calcutta, but it will take time before the actual operation begins

Electrification of Science Building, Laboratory, etc., of Krishnagar Collegiate School

13. (Admitted question No. 12.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the Science Laboratory and Workshop attached to Krishnagar Collegiate Shcool have not been provided with electricity and that because of non-supply of electricity, valuable equipment, machines, lathe, tools are lying idle and unutilised;

(b) if so, the reasons thereof; and

(c) what steps Government propose to take for providing electric connection to those new Science Building, Laboratory, etc.?

The Minister for Education: (a) The electrification work has been taken up by the Chief Engineer, Construction Board, and internal wiring has been completed.

The power-driven machines and lathes could not be used to the full extent for want of electric connection. All other tools and equipment are in use.

(b) The work was held up for a long time due to financial objection of the Accountant-General, West Bengal, against getting the work done by the West Bengal State Electricity Board, which was at first entrusted with the work.

(c) The external service connection is expected to be done shortly. The Chief Engineer, Construction Board, has also been requested to expedite the work.

Progress of work entrusted to the Calcutta Metropolitan Planning Organisation

14. (Admitted question No. 19) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) what progress has so far been made by C.M.P.O. in regard to the work entrusted to it;

(b) how many employees are at present employed under C.M.P.O. and if the scales of pay of these employees are at par with the scales of pay available to the State Government employees of respective cadres;

(c) if not, the reasons thereof; and

(d) how many officers of C.M.P.O. are drawing a monthly salary of Rs. 2,000 or more and Rs. 1,000 or more and their names and respective qualifications?

The Minister for Development: (a) A statement is placed on the Table. Detailed report is under preparation and will be issued shortly.

(b) (i) Gazetted—53, Non-Gazetted—206, Class IV Staff—96.

(ii) The scales of pay of the employees of C.M.P.O. are analogous to the scales of pay available to the State Government employees of respective cadres.

(c) Does not arise.

(d) A statement is enclosed herewith.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 14

1. The C.M.P.O. has been entrusted with the preparation of a comprehensive development plan for the Calcutta Metropolitan area to secure the health safety and welfare of the inhabitants of the area. The plan will include the programme and policy for tackling problems of water supply, sanitation, drainage, traffic and transportation facilities, housing including slum clearance, general economic development, and improvement of social amenities for an area of about 400 square miles on either side of the river Hooghly from Bansberia to Uluberia on the west and from Kalyani to Budge Budge on the east covering two corporations, 33 municipalities and 37 urban units. The task is complicated and vast and must necessarily have to be undertaken in two phases, viz., short term programme and long term programme. The emergent and critical problems that threaten to overwhelm the Calcutta Metropolitan District are to be met by short term programme, which could move into execution very quickly while collection of data and essential studies required for the long term planning is in progress.

2. Short term schemes undertaken so far include the following:

1. Emergency Water Supply Scheme for Greater Calcutta (already submitted to Government for sanction).
2. Additional crossing of the Hooghly river (preparation of the engineering plan by Consulting Engineers, Messrs. Rendel, Palmen and Tritton is in progress).
3. Emergency Slum Clearance and Prototype Housing Scheme (ready for submission to Government).

4. Emergency Slum Improvement Scheme (likely to be completed by January, 1963).
5. Emergency Sewerage Scheme for Tollygunge and Cossipore-Dum Dum areas (likely to be ready by the end of January, 1963).
6. Remodelling of traffic at Howrah station (the plan is ready, estimates are under preparation).
7. Plant for two new townships (nearing completion).

The C.M.P.O. has also given assistance in the preparation of the plant for the port of Haldia and investigation of the break-down of conservancy system in Calcutta.

3. For preparation of the long-term Master Plan, the C.M.P.O. has undertaken a number of surveys, studies and collection of data on land planning, socio-economic planning, planning for traffic and transportation, housing, slum clearance, slum improvement and Master Plan for the water supply, sewage disposal and drainage, provision of health facilities and social amenities. The following is a report of up-to-date progress in these studies:

Aerial Photography Section

Aerial photographs and maps are replicas of parts of the earth's surface or selected features of it. While photographs and maps cannot take the place of field work, they are more than replicas of the area of study, synthesizing tools as well.

Photographs of 1,250 square miles have been taken and interpreted. The objective is:

(i) Assessment of land for future urban expansion.

(ii) Assessment of surface and sub-surface drainage conditions around the Calcutta Mertopolis.

(iii) Assessment of existing land use and to channelise them into best possible directions.

Findings of studies from aerial photographs.—(i) Relationships between the built-up and non-built-up areas—their functional characteristics and contiguity.

(ii) Selection of sites for expansion of urban development which is already taking place in an unplanned way.

(iii) Proposal for a new alignment for Dum Dum Highway has been submitted to Development Corporation, West Bengal, for their consideration.

(iv) Proposal for an alternative alignment connecting Vivekananda Bridge Approach Road and Jessore Road has been submitted to the I.D.A.

(v) Alternative proposal for NH2 (Byepass) from Baidyabati to Magra has been submitted to the Chief Engineer, Special Roads, I.D.A.

(vi) A study for a Bridge approach for the proposed Bridge over the Hooghly connecting NH6 is under way.

Land Planning Section

With the help of aerial photographic interpretation, this Section is finding out suitable urban land within easy reach of Calcutta. Seven such areas have been selected. Analysis of costs of different schemes have been prepared. Time-cost study from work to journey through these areas to the centre of the city has been completed.

Traffic Section

Objective.—An overall transportation plan for the next 25 years to give better transport facilities to the public of the Calcutta Metropolis.

Studies conducted.—I. Hooghly River Crossing Study.—(a) Background

(b) Description of origin destination surveys.

শ্রমের মর্যাদা দেওয়া হবে কিনা, মানুষকে স্বাবলম্বী হতে সাহায্য করবে কিনা, সকলের পারস্পরিক কো-অপারেশন-এর ভিত্তিতে আমাদের গ্রামোন্নয়ন পরিকল্পনাগুলি বাস্তবে রূপায়িত হবে কিনা সন্দেহ আছে। আজকে জেলা পরিষদের যাঁরা মেম্বার তাঁরা প্রত্যক্ষ বা সাক্ষাৎ ভোটে যান না, তাঁরা যাবেন আঞ্চলিক পরিষদ থেকে। সর্বোচ্চ হচ্ছে জেলা পরিষদ, তার নিচে আঞ্চলিক পরিষদ। এখন আমাদের জেলায় যখন এটা কার্যকরী হবে তখন তার চেহারা কি হবে? কি তার চেহারা দাঁড়াবে? চেহারা দাঁড়াবে এই জেলা পরিষদ তৈরি হবে আঞ্চলিক সভাপতিগণ নিয়ে, আঞ্চলিক সভাপতি নিয়ে প্রথমত ঠিক করা হয়েছে আঞ্চলিক সভাপতি ভিন্ন অঞ্চলের পক্ষ থেকে আর মেম্বার্ট কেউ এতে আসতে পরছেন না। অতএব যাঁরা সভাপতি নির্বাচিত হবেন আঞ্চলিক পরিষদের মধ্যে তারা আসতে পারবেন জেলা পরিষদে। তারপর আসছে সমস্ত মহকুমার মধ্যে যত অধ্যক্ষ আছেন তাঁদের ভোটে মাত্র একজন অধ্যক্ষ আসবেন। তারপর আসছে একজন পৌর সভাপতি অর্থাৎ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান তিনি নমিনেটেড হবেন। তিনি মনোনীত হয়ে আসবেন এবং আরো আছেন দুইজন মহিলা এবং একজন পশ্চাতবর্তী জাতি বা সমাজের পক্ষ থেকে একজন তাঁরা মনোনীত হয়ে আসবেন। তারপর সঙ্গে আছে স্কুল বোর্ড-এর সভাপতি তারপর সঙ্গে আছে এ্যাসোসিয়েট মেম্বার অর্থাৎ যাঁরা এম এল এ, এম এল সি, এম পি তাঁরা আসছেন তাঁরা আবার অ্যাসোসিয়েট মেম্বার থাকার দরুন ভোটের কোন অধিকার নাই। এবং সঙ্গে সঙ্গে আসছেন জেলা পঞ্চায়েত অফিসার তাঁদের উপরে যিনি একজিকিউটিভ অফিসার হিসাবে কাজ করবেন তাঁরই সব থেকে বেশি কর্তৃত্ব কার্যকরী হবে বলে আমাদের বিশ্বাস। তার উপরও জেলা পরিষদের এ সমস্ত কাজ দেখবার জন্য সরকারী কর্মচারী ইত্যাদি সমস্ত ব্যবস্থা ও বিধি শৃঙ্খলা দেখবার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের উপরে সুপারভিসন-এর ব্যবস্থা। ঠিক এইভাবে বুঝুন এত বাধা এত বেরিয়রস এত অতিক্রম করতে করতে এসে জেলা পরিষদের নেতৃত্ব কোথায় এসে দাঁড়াবে? আঞ্চলিক পরিষদে আসবেন যাঁরা, অঞ্চলের অধ্যক্ষ অঞ্চলের যাঁরা প্রধান, অঞ্চল পরিষদের যাঁরা সভাপতি হয়েছেন তাঁরাই আসবেন। সমস্ত জেলা ভিত্তিতে এমন কোন বিশিষ্ট, এমন কোন নেতৃত্বকে মানুষ যাচাই করতে পারবে না, পছন্দ করতে পারবে না, যাঁকে সরাসরি ভোট দিয়ে তার জেলা শাসক পঞ্চায়েতের রাজে পাঠাতে পারে। এখানেই সব থেকে বেশি তীব্র বিক্ষোভ এবং তীব্র প্রতিবাদ। একটা জেলায় ২০, ২২, ২৫ লক্ষ লোক আছে সেই জেলার পঞ্চায়েত রাজ তৈার হবে তার অধিবাসী সাবালক মাত্রই বোঝবার চেষ্টা করুক, যে আমাদের নেতৃত্ব আমরাই পাঠাচ্ছি। ওপর থেকে একটা সংখ্যক নেতৃত্ব যাক, সকলে যেক তা আমি চাই না। এক্স-অফিসিও রাখুন, জেলা ম্যাজিস্ট্রেটের কাজ রাখুন, চীফ সেক্রেটারীর কাজ রাখুন, অন্যান্য অফিসারদের কাজ রাখুন আমাদের আপত্তি নাই। অনেক জায়গায় নিয়ন্ত্রিতভাবে পশ্চিমবঙ্গ সরকারের কাজের পরিকল্প ব্যবস্থা থাক তাতে আমার আপত্তি নাই। কিন্তু যে দৃষ্টিভঙ্গী, যে আদর্শ, যে লক্ষ্য নিয়ে জেলা পরিষদ তৈরি হবে, আমার মনে হয় সেই দৃষ্টিভঙ্গী সেই আদর্শ এবং সেই লক্ষ্যকে যদি রূপায়িত করতে হয়, সাক্ষাৎ লোকের সঙ্গে যোগাযোগ সহযোগিতা এবং সাক্ষাৎ ভোটের মাধ্যমে জেলা পরিষদের নেতৃত্ব গঠিত হওয়া উচিত। আমার জেলায় ভেবেছিলাম আঞ্চলিক পরিষদের সভাপতিগণ ইত্যাদি ধরে যে জেলা পরিষদ গঠিত হবে, তার ৫০ জন মেম্বার যে জেলা পরিষদের চারে এই বিলেতে দেওয়া হয়েছে, তাতে আমার মনে হয় ৫০ জনের মধ্যে সমস্ত কায়েমী স্বার্থের প্রতিনিধি সংখ্যা শতকরা ৭৫ থেকে ৮০ থাকবেন। আমার জেলায় যা প্রতিক্রিয়া হওয়া সম্ভাবনা তা আমি দেখছি, এইভাবেই একটা গ্রামের অধ্যক্ষ, সাধারণভাবে প্রত্যক্ষ ভোটের মারফতে গ্রামের অধ্যক্ষ আমাদের হতে পারে। সাধারণ লোকের নির্বাচিত প্রতিনিধি হতে পারে। গ্রাম পঞ্চায়েত থেকে অঞ্চল পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত প্রত্যক্ষ ভোট গ্রহণের মারফতে যেতে পারে। কিন্তু অঞ্চল পঞ্চায়েতের পর আর কোন সাক্ষাত প্রতিনিধিত্ব একেবারে নাই। অঞ্চল পঞ্চায়েতের পর আঞ্চলিক পরিষদ হবে, সেখানে আঞ্চলিক পরিষদের অবস্থা কি? সেখানে হচ্ছে অঞ্চল প্রধানগণ আসবেন এবং বাই পি ইউ বি অর্থাৎ ইউনিয়ন বোর্ডের সভাপতিগণ আসবেন। গ্রাম অধ্যক্ষগণের মধ্যে, একজন মাত্র আসবেন অধ্যক্ষ দ্বারা নির্বাচিত হয়ে, দুইজন মহিলা, একজন পশ্চাদপদ জাতির পক্ষ থেকে তারা মনোনীত, এবং দুজন তারা প্রধান এবং অধ্যক্ষ দ্বারা নির্বাচিত হবেন। এইভাবে আমি যা বলছিলাম সে কথা, যে, যদি আজকে আমাদের নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে নূতন বাংলার পত্তন করতে হয় সংবিধানের দৃষ্টিকোণ নিয়ে—ডাঃ রাধাকৃষ্ণণ আমাদের রাষ্ট্রপতি—সেই দৃষ্টিভঙ্গীকে

Adult franchise without human dignity is meaningless.

তার যদি প্রকৃত মর্যাদা দিতে হয়—আমার মনে হয় জেলা পরিষদের বা মূলতঃ কাঠামো পরিবর্তন করা দরকার এবং প্রত্যক্ষ ভোটের মারফতে বিশেষ সংখ্যক প্রতিনিধি রাখা উচিত, যে প্রতিনিধি এসে নূতন নেতৃত্ব, নূতন আদর্শ, নূতনভাবে বাংলাদেশকে তৈরি করতে পারে পরিকল্পনা, সহযোগিতা এবং উন্নয়নের মারফতে। এই কথা বলেই আপনাদের কাছ থেকে বিদায় নিলাম।

[12-50—1 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা, জেলা পরিষদ বিল, সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রস্তাব পেশ করতে গিয়ে আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন যে, ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী থেকে যে কয়েকটি আইন তৈরি হয়েছে এটা তাদের মধ্যে অন্যতম। অর্থাৎ তিনি বলেছেন যে, এর দ্বারা আমাদের বাংলাদেশে একটা নূতন যুগের সূচনা হতে চলেছে। একথাও শুনলাম এর ভিতর দিয়ে আমাদের বাংলাদেশের জেলায় নাকি একটা বৈপ্লবিক পরিবর্তনের সূচনা হচ্ছে, বৈপ্লবিক পরিবর্তন নাকি আসছে। কিন্তু বিলটা ভালভাবে পড়ে সেকথা ত মনে হলই না বরং এই কথাই মনে হল যে যতই মন্ত্রিমহাশয় এই বিলের বিশেষণ দেন না, এটা বলতে বাধ্য হব এই বিলটা যেভাবে রচিত হয়েছে যদি ঠিক সেইভাবে পাশ হয় তাহলে আমাদের বাংলাদেশের স্বায়ত্ত-শাসনমূলক যেসব প্রতিষ্ঠানগুলি আছে তা না এগিয়ে গিয়ে বরং পিছিয়ে আসবে। অর্থাৎ এটা একটা রেট্রোগ্রেড স্টেপ, প্রগ্রেসিভ স্টেপ নয়। আমার মনে হয় এই বিলটা লেজিসলেটিভ ডিপার্টমেন্ট থেকে গভর্নমেন্টকে রচনা করে দিয়েছেন। এটা মন্ত্রিমহাশয় ভালকরে বোধ হয় পড়ে দেখেন নি। এর ভিতর সত্যিই আগের ডিস্ট্রিক্ট বোর্ডের যে ক্ষমতা ছিল, যেভাবে পরিচালিত হোত, সেইভাবে জেলা পরিষদের সেই ক্ষমতা সত্যিই থাকছে কিনা এবং জেলা পরিষদের সেইভাবে নির্বাচন হচ্ছে কিনা—সেটা তাঁকে একটু চিন্তা করে দেখতে বলছি। আমি তাঁকে বলছি যে, তিনি যেন এই জিনিসটা একটু ভালভাবে বিবেচনা করেন। আগে ডিস্ট্রিক্ট বোর্ডের কিছু কিছু ফাংশন ছিল, পাবলিক হেলথ ছিল, এডুকেশন ছিল, রোড ইত্যাদি ছিল, এই সমস্ত কাজ তাদের করতে হোত এবং তাদের নির্বাচিত হতে হোত। কিভাবে নির্বাচিত হোত? যদিও তখন ফ্র্যানচাইস লিমিটেড ছিল তাহলেও তাদের ডাইরেক্ট ভোটের মধ্যে দিয়ে আসতে হোত। এবং সেই জেলা বোর্ডের হাতে সমস্ত ক্ষমতা ছিল, কোনরকম ইন্টারফেয়ারেন্স উপর থেকে ছিল না। তারা যেটা ভাল মনে করতো সেইভাবে তারা কাজ করতে পারতো। তারপর সরকার তার স্বাস্থ্য বিভাগ নিয়ে নিলেন। নিয়ে ভালই করেছেন। কারণ বোর্ডের অত টাকা নেই। তারপর রাস্তাঘাট মেরামতের দায়িত্ব নিলেন, এবং এডুকেশন ব্যাপারে ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশনকে নিয়ে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড করলেন। এখন ডিস্ট্রিক্ট বোর্ডের কোন ক্ষমতা নেই, টাকাও নেই। এখন এটা ঠুটো জগন্নাথ হয়ে বসে আছে, তার জায়গায় জেলা পরিষদ গঠন করা হচ্ছে, ভাল কথা। কিন্তু এখানে একটা বড় কথা জুড়েছেন যে, জেলার মধ্যে যেসমস্ত ডেভেলপমেন্ট ওয়ার্কস হচ্ছে সেই ডেভেলপমেন্টের কাজ কো-অর্ডিনেট করার জন্য এবং জনসাধারণ যাতে সহযোগিতা করেন তার জন্য এই জেলা পরিষদ গঠন করা হচ্ছে। এবং আগে ডিস্ট্রিক্ট বোর্ডের যেসমস্ত কাজ ছিল সেগুলি ছাড়াও, অর্থাৎ এই জেলা পরিষদের উপর দায়িত্ব কিছু দেওয়া হচ্ছে এটা তাঁরা বলতে চান। কিন্তু বিলের ভিতর তা কি আছে? কিংবা এটা কি তাঁরা সত্যিই করতে পারবেন? সে সম্বন্ধে আমি আলোচনা করতে চাই। প্রথম কথা হচ্ছে জেলা পরিষদ তাঁরা তৈরি করছেন, আমি কেন বলছি এটা রেট্রোগ্রেড স্টেপ, ডিস্ট্রিক্ট বোর্ডে মেম্বাররা নির্বাচিত হয়ে যান

by restricted franchise no doubt,

কিন্তু এখানে ইলেকসনের কোন প্রভিশন নেই। এরা আসছে ইনডাইরেকটলি ইলেকটেড হয়ে। তাও আবার সব জায়গায় ইলেকটেড নয়, নমিনেটেড হয়ে। প্রথম কথা অঞ্চল প্রধানরা পরিষদের মেম্বার হবেন। তাদের কেন করা হবে? সেখানে অন্ততঃ ইনডাইরেকট ইলেকশনও করে দেন তাহলেও ভাল হবে। যারা গ্রাম পঞ্চায়েতের মেম্বার আছেন তাদের ভোটে নির্বাচন করুন, অন্ততঃ কিছুটা তাদের নির্বাচনের ভিতর দিয়ে আসার সুযোগ দিন। আঞ্চলিক পরিষদের প্রধান অর্থাৎ প্রেসিডেন্ট, তিনি হয়ত এমন লোক হতে পারেন যিনি পঞ্চায়েতের অধ্যক্ষ হতেও পারেন নাও হতে পারেন। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে ইলেকশনটা আরো একটু ব্রড-বেসড্ করুন।

দ্বিতীয় কথা হচ্ছে এখানে নমিনেটেড মেম্বার্স রাখার কোন স্কোপ নেই এবং আপনারা চাইছেন জনসাধারণের সঙ্গে যোগাযোগ রাখতে যাতে আমাদের যে সমস্ত ডেভেলপমেন্ট-এর কাজ হচ্ছে সেগুলি যাতে ঠিকমত করা হয়। তা যদি না হয় তাহলে নমিনেটেড মেম্বার রাখার কোন প্রয়োজন নেই—নমিনেটেড মেম্বারর্সদের সঙ্গে জনসাধারণের যোগাযোগ নিশ্চয়ই থাকবে এটা বলতে পারেন না, বরং ইলেকটেড মেম্বার্স-এর সাথে জনসাধারণের যোগাযোগ থাকবে, আছে এবং থাকতে বাধ্য। মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে নমিনেট করবেন, কিন্তু কেন তাকে এভাবে নেওয়া হবে? ডিস্ট্রিক্ট বোর্ডএ মিউনিসিপ্যালিটির একজন মেম্বারকে নমিনেট করা হবে কোন প্রয়োজনে? এটা করলে অন্যায় হবে যদি একজন মিউনিসিপ্যালিটির মেম্বারকে এনে দেন এর মধ্যে। তিনি আসতে পারবেন কিনা তার ঠিক নেই—তার নিজস্ব মিউনিসিপ্যালিটিতে বহু ঝামেলা আছে। তার অনেক কাজ আছে, আমি মনে করি এরকম কোন লোককে মেম্বার করার কোন প্রয়োজন নেই।

তৃতীয়তঃ হচ্ছে অ্যাসোসিয়েট মেম্বারস। আপনারা এম পি, এম এল এ, এম এল সি-দের যদি মেম্বার করতে চান তাহলে তাদের ফুল ফ্লেজড করুন নতুবা দরকার নেই। তার কারণ হচ্ছে তাদের সঙ্গে জনসাধারণের যোগাযোগ আছে, কাজেই তাদের যদি রাখতে হয় তাহলে ফুল ফ্লেজড মেম্বার করুন তাদের ভোটিং পাওয়ার থাক। জেলা পরিষদ চালনার ব্যাপারে তাদের পরামর্শ এবং সহযোগিতা নিন—শুধু অ্যাসোসিয়েট মেম্বারের নয়, তাদের সমস্ত দিক থেকে জেলা পরিষদের কাজে পার্টিসিপেট করতে দিন। যদি মনে করেন পিপলস পার্টিসিপেশন দরকার এই ডেভেলপমেন্টএর কাজে তাহলে যে সমস্ত এম পি, এম এল এ, এম এল সি পিপলস দ্বারা ইলেকটেড তাদের ফুল ফ্লেজড মেম্বার করুন।

আমার নেক্সট পয়েন্ট হচ্ছে ডিস্ট্রিক্ট—রিগার্ডিং পাওয়ার্স অ্যান্ড ফাংশনস। ডিস্ট্রিক্ট বোর্ড-এর অনেক পাওয়ার্স অ্যান্ড ফাংশনস ছিল সেগুলি আস্তে আস্তে সরকার কেড়ে নিয়েছেন তারপর জেলা পরিষদ গঠন করেছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তিনি এই যে এখানে পাওয়ার অ্যান্ড ফাংশনস-এর এত বড় লিস্ট করে দিয়েছেন, এগুলি কি সত্যি তারা করতে পারবে? যেমন একটা জিনিষ—ওয়াটার সাপ্লাই এবং পাবলিক হেলথ। এখন এটা গভর্নমেন্ট ডিপার্টমেন্ট থেকে করছে—তারা জেলায় জেলায় আর ডব্লিউ এস কমিটি করেছে, সেখানে ডাইরেক্টলি পি ডব্লিউ ডি-র একজন অ্যাসিট্যান্ট ইঞ্জিনীয়ার আছেন—তার মাধ্যমে ওয়াটার সাপ্লাইএর বন্দোবস্ত হচ্ছে। পাবলিক হেলথএর অনেক কাজ—স্যানিটেশন, ভ্যাক্সিনেশন ইত্যাদির জন্য ডিস্ট্রিক্ট হেলথ সেন্টারএ একজন লোক আছেন (গভর্নমেন্ট অ্যাপয়েন্টেড) তিনি করেন। আমি জিজ্ঞাসা করতে চাই এই যে গভর্নমেন্ট সেট আপ আছে জেলা পরিষদে কিভাবে তারা কাজ করবে? বিলে সে সম্বন্ধে কিছু নেই—আইনে কিছু নেই। বিলে কোন জায়গায় বলা নেই যে সরকারের পাবলিক হেলথ-এর ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট অথবা পাবলিক হেলথ-এর অন্যান্য যে সমস্ত ডিপার্টমেন্ট আছে তারা জেলা পরিষদের সঙ্গে কিভাবে সহযোগিতা করে কাজ করবে এবং জেলা পরিষদের সেখানে কি ক্ষমতা থাকবে তা এই বিলে নেই। সেটা রুলস-এর মধ্যে দিলে চলবে না—বিলের মধ্যে রাখতে হবে। তাদের ক্ষমতা কি হবে এবং কিভাবে সেইসব ক্ষমতা প্রযুক্ত হবে? দ্বিতীয় কথা হচ্ছে পাওয়ার্স অ্যান্ড ফাংশনস সম্বন্ধে আপনারা বলতে পারেন সেই ১৯৩০ সালের যে প্রাইমারী এডুকেশন অ্যাক্ট যার দ্বারা ডিস্ট্রিক্ট-এ যে বোর্ড গঠিত আছে তাকে ভাঙবার চেষ্টা করছি, কিন্তু আসলে আগে যা ছিল তাকেই বজায় রাখবার চেষ্টা করা হচ্ছে। আমি মনে করি এই বিল যিনি রচনা করেছেন হি ইজ অ্যান আর্ক রিঅ্যাকশনারী। তিনি চান না কোন ডেভেলপমেন্ট আমাদের হয়, তা না হলে বিলকে আরও রেভলিউশনারী ওয়েতে করা যেত। আপনারা ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডটি এর সঙ্গে জুড়ে দিচ্ছেন একটা আইনের ফ্যাকড়া দিয়ে। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে প্রাইমারী অ্যাক্ট অনুযায়ী কিছু কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। কিন্তু এই আইনের দ্বারা সেই ক্ষমতা খর্ব করা হয়েছে। ডিস্ট্রিক্ট স্কুল সাব-কমিটি করে দিলেন এই আইনের দ্বারা। এই আইনের মধ্যে বললেন—তারা পলিসি সেট আপ করবে। কি পলিসি করবে?

[1—1-10 p.m.]

প্রাইমারী এডুকেশন অ্যাক্ট যা আছে তাতে গভর্নমেন্ট এডুকেশন পলিসি কি হবে? ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড ফলো করবো? আবার কি পলিসি করবো? বিভিন্ন ডিস্ট্রিক্টের জন্য বিভিন্ন পলিসি হবে? এটা আমার মনে হয় এত কামব্রাস হয়েছে যে সেটা ফাংলেসাস বলে মনে হচ্ছে। এটা ঠিক ওয়ার্ক করবে বলে মনে হয় না। এটা মাননীয় সিলেক্ট কমিটির মেম্বারদের বিশেষভাবে চিন্তা করতে বলি। এর একটা বিশেষ পরিবর্তন করা দরকার।

তৃতীয়তঃ, সেকেন্ডারী এডুকেশনের উল্লেখ এই বিলে আছে যে সেকেন্ডারী এডুকেশন জেলা পরিষদ দেবে, এই সেকেন্ডারী এডুকেশন তারা ইম্পার্ট করতে পারবে। এর পাওয়ার্স অ্যান্ড ফাংশনস সম্বন্ধে আপনি বলেছেন—

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনি পূর্বের টার কথা বলেছেন? এখনকার বিলেতে ওটা বাদ দেওয়া হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

ও, সেকেন্ডারী এডুকেশন বাদ দিয়েছেন, ভাল করেছেন। তাহলে অবশ্য সে সম্বন্ধে বলবার কিছু নাই।

তারপর হচ্ছে একজিকিউটিভ অফিসার আপনি অ্যাপয়েন্ট করছেন। এই একজিকিউটিভ অফিসার্স, যারা কর্মচারী জেলা পরিষদে আছেন, তাঁদের উপর ক্ষমতা থাকবে। কিন্তু সংগে সংগে আপনি বলছেন ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার--তিনি সেক্রেটারী থাকবেন। তাই না? তিনিই বাজেট পেশ করবেন। আমার বক্তব্য হচ্ছে তাহলে চেয়ারম্যানের ফাংশন কি থাকবে? What will be the function of the Chairman?

যিনি জেলা পরিষদের চেয়ারম্যান হবেন, তার বাজেট পেশ করবার কোন অধিকার থাকবে না। তিনি শুধু কি নামেই বৈপ্লবিক পরিবর্তনের কথা বলছেন? একজন অফিসার জেলা পরিষদের বাজেট পেশ করবে যে নাকি Associate member. He is an associate member, he is not a full-fledged member.

The Hon'ble Saila Kumar Mukherjee:

আবার আপনি পুরানো বিলের উপর আলোচনা করছেন।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনার ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার বাজেট পেশ করবে। সেটা চেয়ারম্যান কেন করবে না? এই হচ্ছে প্রথম কথা।

আর দ্বিতীয় কথা হচ্ছে আপনি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর উপর একটা ওভারঅল কন্ট্রোল দিয়েছেন ওভার দি অফিসার্স, আমি জিজ্ঞাসা করছি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কেন মিউনিসিপ্যাল অফিসারের উপর- কোন এমপ্লয়ির উপর এই ওভারঅল ক্ষমতা আছে—যে ক্ষমতা তাদের মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী দেওয়া হয়েছে? আপনি কি মনে করছেন এর দ্বারা বৈপ্লবিক পরিবর্তন হচ্ছে? কিম্বা এখন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর ডিস্ট্রিক্ট বোর্ডের যারা অফিসার আছে, তাদের উপরও কোন ক্ষমতা আছে? কাজেই এটা যদি আমি বলি এ একটা রেট্রোগ্রেড স্টেপ হচ্ছে এই বিলের মারফৎ—আপনি কি তা অস্বীকার করবেন? এটা ঠিক বৈপ্লবিক পরিবর্তন হচ্ছে না। সেই জন্য আমি অনুরোধ করবো আপনাকে যে আপনি আরো ভালভাবে বিলটা পড়ে দেখবেন। এই বিল পড়ে আমার তা মনে হয় না যে কোন বৈপ্লবিক পরিবর্তন এর দ্বারা সাধিত হচ্ছে।

আর একটি পয়েন্ট আছে—এই স্ট্যান্ডিং কমিটির মধ্যে কোন অ্যাসোসিয়েট মেম্বার নেন নাই। কেন নেন নাই? যদি এম এল এ-দের রাখতে হয় স্ট্যান্ডিং কমিটিতে, তাহলে অ্যাসোসিয়েট মেম্বার করে রাখা উচিত নয়, তাদের ফুল-ফ্লেজড মেম্বার করা উচিত। যাঁরা সিলেক্ট কমিটির মেম্বার আছেন, তাঁদের কাছে এ সম্বন্ধে বিবেচনা করবার আবেদন জানাচ্ছি।

তারপর আপনি যেটা করেছেন অঞ্চল পরিষদ, এটার সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর মধ্যে একটা কনফিউসান হচ্ছে। কনফিউসান হচ্ছে এই জন্যে যে, আপনি বলছেন অঞ্চল পঞ্চায়েত একটা এরিয়া, অঞ্চলের কথা বলেছেন। আবার আপনি ব্লক লেভেল্‌এর এরিয়াকে যদি অঞ্চল পরিষদ বলেন, তাহলে দেখুন সেখানে কি রকম কনফিউসান হয়। বিলে আছে যে অঞ্চলটা অঞ্চল পঞ্চায়েত, সেই অঞ্চলটাই আবার অঞ্চল পরিষদ। অঞ্চল পরিষদ এবং আবার অঞ্চল পঞ্চায়েত বলছেন, এই দুটার মধ্যে অঞ্চল পরিষদের ডিলিমিটেশন বেশী। সুতরাং এর মধ্যে কনফিউশান আছে। এইভাবে আইন করা যায় না। এখানে নামটা একটু পরিবর্তন করে দেবেন, তা না হলে অত্যন্ত কনফিউসান হবে।

আমার আর একটি বক্তব্য হচ্ছে—ঐ একই কথা যে, জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের যে গুটিকতক ক্ষমতা আছে, সেগুলির মধ্যে ক্ল্যাশ লাগা সম্ভব রয়েছে। যেমন উদাহরণ দিয়ে বলতে পারি যে, জেলা পরিষদের রাস্তা আছে, টিউবওয়েল আছে, পাবলিক হেলথ আছে সবকিছু আছে এবং অঞ্চল পরিষদকেও সেই সমস্ত দেওয়া হয়েছে। কিন্তু সেগুলি যদি একটু ডিফাইন করে দেন বিলে তাহলে ভাল হয়। অর্থাৎ কোন্ কোন্ এলাকার টিউবওয়েল বা রাস্তাটা অঞ্চল পরিষদ করবে, এবং ওভারঅল ওয়াটার সাপ্লাই, সেটা জেলা পরিষদ করবে, না, অঞ্চল পরিষদ করবে,—এ সম্বন্ধে বিলে যদি একটু ডিফাইন করা থাকে তাহলে ক্ল্যাশ লাগার সম্ভাবনা কম থাকবে।

আমার শেষ বক্তব্য হচ্ছে অঞ্চল পরিষদের উপর বি ডি ও, সাবডিভিশনাল অফিসারদের একটা ক্ষমতা, ওভারঅল কন্ট্রোল থাকবার কথা এই বিলে আছে, সেটা যেন রিমুভ করা হয়। আমি এক কথায় বলতে চাই আপনি যদি সত্যিই বৈপ্লবিক পরিবর্তন করতে চান, তাহলে অফিসারদের যে ক্ষমতাগুলি আপনি দিয়েছেন, সেগুলি যেন না দেওয়া হয়। সেই ক্ষমতাগুলি আপনি তাঁদের দেবেন না, তা না হলে লোকাল সেলফ্ গভর্নমেন্ট হবে না; এবং তাহলে এই সমস্ত অফিসাররা তাদের উপর ডোমিনেট করে, অন্যায় ভাবে যে ক্ষমতা আপনি দিচ্ছেন, সেই ক্ষমতা তারা নিজেরা কবলগত করবে এবং সত্যিই পিপলস্ রিপ্রেজেন্টেটিভ, যারা ইলেক্টেড হয়ে এখানে এসেছেন, তাঁরা বিশেষ কোন কাজ করতে পারবেন বলে আমার মনে হয় না। সেইজন্য এই বিলে যে সমস্ত ফ্যালাসিগুলি আছে, সেগুলি দেখিয়ে দিলাম এবং আশা করি সিলেক্ট কমিটিতে সেইভাবে রদবদল হয়ে এই বিল আমাদের সামনে আসবে।

Shri Nathaniel Murmu:
মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই বিলটি আজকে সিলেক্ট কমিটিতে পাঠানর জন্য যে অনুমোদন এই সভা থেকে দেওয়া হচ্ছে তার জন্য আমি খুসী হয়েছি। কারণ, এই বিলটি আসার পরে, প্রথমতঃ ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় যে কথাগুলি বলেছেন, সেগুলি আমাদেরও মনে হয়েছে। এ ছাড়াও আরও অনেকগুলি অন্য কথা আমার মনে হচ্ছে, সেগুলি সব সীমাবদ্ধ সময়ের মধ্যে বলা সম্ভব নয়। একটা জিনিষ লক্ষ্য করছি যে আজ কয়েক বৎসর থেকে অফিসারদের মধ্যে, সমাজতন্ত্র ধাঁচের নাম করে যাঁরা ক্ষমতায় আসীন আছেন, সেই দলের তরফ থেকে যে শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া হচ্ছে, সেটা হচ্ছে—স্বৈরাচারী শাসনব্যবস্থা, গণতন্ত্রের ঘোমটা, তার মধ্যে খুব নিপুণভাবে দেওয়া হয়েছে। এই জেলা পরিষদ বিলটি যদি বিস্তারিতভাবে অনুধাবন করি তাহলে দেখতে পাবো এই ঘটনাটা এখানেও ঘটেছে। প্রসংগত আমি খুব খারাপ কথা বলছি, ফ্যাসিস্টবাদের কথা বলছি। কাজেই আমার কথাটা শোনার পরে মন্তব্য করবেন। ফ্যাসিস্টবাদ আমরা দেখেছিলাম ইউরোপে হিটলারী ফ্যাসিস্টবাদের এক রূপ, এবং মুসোলিনী ফ্যাসিস্টবাদের আর এক রূপ আমরা দেখেছিলাম। হিটলারী ফ্যাসিস্টবাদের রূপে আমরা দেখেছি ডান্ডা মেরে জনসাধারণের যে গণতান্ত্রিক অধিকার তা কেড়ে নেওয়া হয়েছে। কিন্তু মুসোলিনীর বা ইটালীর যে ফ্যাসিস্টবাদ, তার রূপ অন্য রকম। সেটা সমাজতন্ত্রের উপর করা হয়েছে। সেখানে ডান্ডাবাজী বেশী ছিল না। গণতন্ত্রের নাম করে যে আইনকানুন ও শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া হয়েছিল, তার মধ্যে ধারা, উপধারা, এমনভাবে সংযোজিত ছিল যে সরকার ইচ্ছা করলে এবং সরকারের অধিষ্ঠিত দল ইচ্ছা করলে যে কোন মুহূর্তে যে কোন বিষয়, যে কোন ক্ষমতা জনসাধারণের কাছে থেকে কেড়ে নিতে পারত। এই জেলা পরিষদ বিলে ঠিক সেই কথাটা রয়েছে। গণতন্ত্রের যে সব চেয়ে বড় অভিব্যক্তি অ্যাডাল্ট ফ্রানচাইজ সেটা এই বিলে

সম্পূর্ণ অনুপস্থিত রয়েছে। ইনডাইরেক্ট ইলেকশন যেটা হচ্ছে, সেটাও যতদূর সম্ভব সীমাবদ্ধ করার চেষ্টা তাঁরা করেছেন। উদাহরণস্বরূপ বলা যায় যে, একটা মহকুমার মধ্যে যে অঞ্চল প্রধানগুলি থাকবে, সেই অঞ্চল প্রধানগুলির অঞ্চল প্রধানরা ভোট দেবেন। তারপর একটা মহকুমায় একজন মাত্র সদস্য তাঁরা নির্বাচিত করতে পারবেন। সেখানে অ্যাডাল্ট ফ্রানচাইজ যদি না করেন, তাহলে অন্ততঃ ইনডাইরেক্ট ইলেকশন, সর্বশেষ ধাপে যেতে সরকার পিছিয়ে যাচ্ছেন কেন, আমি সেটা বুঝতে পারছি না। গ্রাম সভায় যাঁরা নির্বাচিত হন, তাঁদের অ্যাডাল্ট ফ্রানচাইজএর প্রতিনিধি হিসাবে ভোটার হবার অধিকার থাকে। সুতরাং গ্রামসভায় সদস্যদের যদি ভোটাধিকার দেওয়া হয় এবং যাঁরা ইলেকটেড হবেন, এ'রা যদি অঞ্চল পঞ্চায়েতের সদস্য হন, এবং একটা মহকুমা থেকে যাতে অন্ততঃ দুজন হন, সেইটুকু যদি সরকার করতেন, তাহলে মনে করতাম কিছুটা গণতন্ত্রের মর্যাদা তাঁরা রেখেছেন। অন্যদিকে এইভাবে নমিনেটেড এবং ইলেকটেড হয়ে যেসব সদস্যরা আসবেন, সেই সমস্ত সদস্যরা যাতে কোন সময় কোন প্রকার সরকারের প্রতিক্রিয়াশীল পলিসির বিরুদ্ধে দাঁড়াতে না পারেন তার জন্য খুব সুন্দর ব্যবস্থা করা হয়েছে। সেটা হচ্ছে এই—যে কোন নির্বাচিত সদস্য যদি ছয় মাসের বেশী জেলে থাকেন বা কনভিক্টেড হন তাহলে তাঁর সদস্যপদ বাতিল হয়ে যাবে। এবং সেটা যদি কোন রাজনৈতিক কারণে বা গণ-আন্দোলনের ফলে তার কারাবাস হয় তাহলেও তার সদস্যপদ বাতিল হয়ে যাবে। এটা কেন হবে তা আমরা বুঝতে পারছি না। কারণ, গণতান্ত্রিক আন্দোলনে বা বিভিন্ন রকম রাজনৈতিক আন্দোলন করবার অধিকার আমাদের রয়েছে। আমরা দেখেছি—বিভিন্ন রকম আন্দোলন হয়েছে, এবং বিভিন্ন আন্দোলনে, আজকে আমাদের শাসন ক্ষমতায় যে দল আসীন রয়েছে, সেই কংগ্রেসী দলের নেত'রাও আন্দোলনে যোগদান করে জেল খেটেছেন; তাঁদেরও আজকে গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার ক্ষুণ্ন করা হচ্ছে। রাজনৈতিক আন্দোলন বা কোন অর্থনৈতিক আন্দোলনের ভিত্তিতে যে আন্দোলন করা হয়, এবং তার ফলে যদি কেউ ছয় মাসের বেশী জেল খাটেন, তার সদস্যপদ বাতিল হবে, এই রকম একটা বিধান এখানে রয়েছে—যার ফলে দেখা যাচ্ছে যে সমস্ত রকম আন্দোলনকে স্তব্ধ করবার ব্যবস্থা, একটা ষড়যন্ত্র এই বিলের মধ্যে রয়ে গিয়েছে। বিলে এমন কতকগুলি ধারা সন্নিবেশিত করা হয়েছে যার ফলে, কমিটির সদস্যরা বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন থেকে যাতে বিরত থাকেন, তাদের উপর সেই রকম একটা চাপ সৃষ্টি করা হচ্ছে।

তৃতীয়তঃ, এক্জিকিউটিভ অফিসারদের সম্বন্ধে যেটা জেলাভিত্তিতে বা অঞ্চল পরিষদ ভিত্তিতে রাখা হচ্ছে; সেখানে তাদের উপর যে ক্ষমতা দেওয়া হয়েছে, এবং সেই ক্ষমতার উপর যে চেক আপ দেওয়া আছে, তা অত্যন্ত খারাপ। ডাঃ কানাইলাল ভট্টাচার্জি মহাশয় বলেছেন যে অ্যাসোসিয়েটেড মেম্বার হিসাবে এম এল এ, এম পি-দের এই কমিটির মধ্যে রাখা উচিত। যাঁরা অ্যাডাল্ট ফ্রানচাইজএর ভোটে নির্বাচিত হয়েছেন এবং যাঁরা বিভিন্ন কাজকর্মের দিকে খোঁজখবর রাখেন, যাঁরা রাজনৈতিক আন্দোলনের সকল শ্রেণীর সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত থাকেন, এই রকম ভাবের রাজনৈতিক জ্ঞান সম্পন্ন নির্বাচিত প্রতিনিধিদের এই কমিটিতে অ্যাসোসিয়েট সদস্য হিসাবে রাখা উচিত। কিন্তু তা করা হচ্ছে না এবং তাঁদের বিভিন্ন স্ট্যান্ডিং কমিটিতেও নেওয়া হচ্ছে না। কিন্তু লোকচক্ষুর আড়ালে গণতান্ত্রিক অধিকারকে গলা টিপে

[1-10—1-20 p.m.]

মারার এই যে প্রবণতা রয়েছে তাতে আমি খুব স্পষ্টভাবে একথা বলতে চাই যে, এই রকম অবস্থা থেকে আস্তে আস্তে দেশের মধ্যে ফ্যাসিজম এসে যাবে সেই সম্ভাবনা রয়েছে এখানে। তাই আমার বক্তব্য, সিলেক্ট কমিটি আজকে যখন গঠিত হচ্ছে, যাঁরা তার মধ্যে আছেন, ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি আছেন, তাঁরা যেন এই বিলটা বিবেচনা করার সময় দয়া করে সহানুভূতির সঙ্গে এই কথাটা বিবেচনা করেন। তিনি আজকে এখানে বলেছেন একটা বৈপ্লবিক পরিবর্তন আসছে, সেটা আসা উচিত এবং হওয়া উচিত এবং সেটা হবে যদি সিলেক্ট কমিটি এটা ঠিকমত কার্যকরী করেন এবং অ্যাডাল্ট ফ্রানচাইজ না হলেও যাতে ইনডাইরেক্ট ইলেকশন-এ সর্বশেষ পর্যায়ে ভোটাধিকার প্রদত্ত হয় এবং গ্রামসভার মেম্বাররা ভোট দিতে পারেন এবং এম এল এ ও এম পি-রা এর ফুল-ফ্লেজড মেম্বার হতে পারেন সে ব্যবস্থা করা দরকার এবং তার সংগে সঙ্গে এই কথাও বলা দরকার এখানে যে রাজনৈতিক কারণে যাঁরা কারাবরণ করবেন বা কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করার

ফলে যাঁরা ৬ মাসের বেশী জেল খাটবেন তাঁরা এর মধ্যে থাকতে পারবেন না—এই যে বিধান এখানে রয়েছে এই বিধান উঠিয়ে দেওয়া উচিত, এবং পরবর্তী অধিবেশনে যদি সংশোধিত আকারে সেই রকম একটা জেলা পরিষদ বিল পাশ হয় তাহলে এর দ্বারা বৈপ্লবিক পরিবর্তন না হলেও একটা পরিবর্তন আসবে দেশে যা দেশকে ফ্যাসিবাদের দিকে নিয়ে যাবে না, দেশকে মঙ্গলের দিকে নিয়ে যাবে।

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বাধীনতা আসার পর আমরা আশা করেছিলাম জেলা পরিষদ বিল যেটা এনেছেন, সেটা আরো গণতান্ত্রিক হবে, কিন্তু দুঃখের বিষয়, এর দ্বারা গণতন্ত্রের সমাধি রচনা করা হচ্ছে বলে আমি মনে করি। কেন? জেলা বোর্ডের যে ক্ষমতা আছে, জেলা বোর্ডে কোন সরকারী মনোনয়ন হয় নি—জেলা বোর্ড সরকারী একজিকিউটিভ অফিসার কন্ট্রোল করবে কেন? ব্রিটিশ আমলে জেলা বোর্ডে আমাদের যে ক্ষমতা ছিল আজ স্বাধীন আমলে জেলা পরিষদের অধীনে সেই ক্ষমতার চেয়ে আরো বেশি ক্ষমতা আমরা পাব বলে আশা করেছিলাম, কিন্তু এখন দেখছি সেই ক্ষমতা লোপ করে দিয়ে জেলা বোর্ডের যে গণতান্ত্রিক অধিকার ছিল তাকে লোপ করে তাকে মনোনয়ন এবং সরকারী প্রভাব দ্বারা প্রভাবান্বিত করার চেষ্টা করা হচ্ছে, এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক বলে মনে করি। এই সরকারী প্রভাব থেকে মুক্ত না করতে পারলে পঞ্চায়েতরাজ স্থাপনের যে কথা মন্ত্রিমহাশয় বলেছেন সেই পঞ্চায়েতরাজের মূল-মন্ত্রের সমাধি হয়ে যাবে। কেন এই সরকারী মনোনয়ন? আগে যখন ডিস্ট্রিক্ট বোর্ডএ সরকারী কর্মচারী ছিলেন না তখন কি জেলা বোর্ডগুলি পরিচালিত হচ্ছিল না? জেলা বোর্ডগুলি তো ফাংশন করছিল। একটু আগে কানাইবাবু বলেছেন জেলা বোর্ডের অধীনে যে সমস্ত ডিপার্ট-মেন্টস ছিল তাদের সমস্ত ক্ষমতা ও দায়িত্ব এদের উপর দেওয়া হয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে, আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট এবং অন্যান্য সদস্যরা পরোক্ষ ভোটে নির্বাচিত হন, এবং তাঁরাই আবার পরোক্ষ ভোটে জেলা পরিষদে যাবেন। যদি তাঁরা পরোক্ষভাবে নির্বাচিত না হয়ে গ্রামসভার প্রত্যক্ষ ভোটের দ্বারা নির্বাচিত হয়ে আসতেন তাহলেও একটা কথা হত। আগের দিনে জেলা বোর্ডগুলির উপর ট্যাক্স, সেস্ ইত্যাদি আদায়ের ভার ছিল। ব্রিটিশ আমলে জেলা বোর্ডের সদস্য হিসাবে যাঁরা নির্বাচিত হয়েছেন তাঁরা আরো বেশি প্রসারিত ভোটে, বেশি লোকের ভোটে নির্বাচিত হয়ে এসেছিলেন, এবং তাঁরা তাঁদের দায়িত্ব পালন করেছিলেন। কিন্তু আজকে সেই ক্ষমতা হরণ করে এমন একটা পরিষদ খাড়া করা হচ্ছে যার উপর সরকারী নিয়ন্ত্রণ ও সরকারী মনোনয়ন অত্যধিক বেশি। এটা গণতন্ত্রের মূলনীতির বিরোধী বলেই আমাদের বিশেষ আপত্তি। আমি মনে করি সিলেক্ট কমিটি এটা বিশেষ করে বিবেচনা করে দেখবেন। দ্বিতীয়তঃ, মিউনিসিপ্যালিটির প্রেসিডেন্ট,—এ সম্বন্ধেও কানাইবাবু বলেছেন, আমিও তার প্রতিবাদ করছি। তারপর প্রেসিডেন্ট, স্কুল বোর্ড, এটা একটা অদ্ভূত ব্যাপার। স্কুল বোর্ড নিয়ে অনেক প্রতিবাদ করা হয়েছে, কারণ এটা অগণতান্ত্রিক পন্থায় গঠিত হয়েছে। এতে ডিস্ট্রিক্ট বোর্ড এবং ইউনিয়ন বোর্ড নির্বাচন করে পাঠান, যার ফলে সেখানে সরকারী দলেরই প্রভাব বেশি। একথা মনে রাখবেন, স্কুল বোর্ডএর মাধ্যমে একদলীয় শাসনের যে কুফল তা আজও আমরা অনুভব করছি, আজও তাকে নানা রকম কাজে ব্যবহার করা হয়, এবং আজও তাকে নিয়ে কুৎসিত ব্যাপার চলছে। সেই স্কুল বোর্ড-এর প্রেসিডেন্টকে এক্স-অফিসিও করে ঢুকিয়ে দেওয়া হয়েছে জেলা পরিষদে অগণতান্ত্রিকভাবে, এটার আমি দৃঢ় প্রতিবাদ করি।

[1-20—1-30 p.m.]

অ্যাসোসিয়েট মেম্বার-এর কথা তুলেছেন, অ্যাসোসিয়েট মেম্বার যদি রাখতেই হয়, তাহলে তার ঐ ভোটের পাওয়ার—ভোট দিয়ে তাকে রাখতে পারি, এখানে দেখলাম একটি ক্লজ-এ এম পি অর এম এল এ'স আছে, এটা এম পি অ্যান্ড এম এল এ'স হওয়া উচিত ছিল, সকলেই নির্বাচিত হয়েছেন। কোন ক্ষেত্রে কি, কোথায় কংগ্রেস থাকলে নোব আর বিরোধী থাকলে নোব না এম পি অর এম এল এ'স কথাটি আমাদের কাছে খুব ঠেকেছে, আশা করি এ বিষয়টা নিশ্চয়ই বিবেচনা করে দেখার দরকার হবে। এখানে আবার ছাটাই প্রশ্ন দলীয় নীতিতে আসতে পারে, আসার সম্ভাবনা রয়েছে বলে আমি তুলছি। এম পি অর এম এল এ, সুতরাং আমরা চাই এম পি

অর এম এল এ'স যারা গণভোট নিয়ে এসেছেন তাদের নিশ্চয়ই অ্যাসোসিয়েট মেম্বার করান এবং তাদের ভোট দেবার অধিকার দেন এ আমরা চাই। কন্ট্রোলার আপনার, চীফ একজিকিউটিভ অফিসার আপনার, মাননীয় মন্ত্রিমহাশয় এটা যে কেন এনেছেন, আবার সেই সরকারী নিয়ন্ত্রণ। আমি প্রথমেই বলেছিলাম যে জেলা পরিষদের মধ্যে সরকারী নিয়ন্ত্রণ আনা হয়েছে। মনোনয়ন এনে গণতন্ত্রের সমাধি করা হয়েছে, তারই প্রমাণস্বরূপ চীপ একজিকিউটিভ অফিসারকে খাড়া করে অফিসার-এর উপরে পূর্ণ নিয়ন্ত্রণ রাখা হয়েছে, কন্ট্রোল রাখা হয়েছে, এটা কখনও গণতন্ত্রের পূর্ণ বিকাশের লক্ষণ নয়, ক্রমোন্নতির লক্ষণ নয়, এটা আরও পিছিয়ে যাবার কথা হয়েছে, আরো গণতন্ত্রকে সমাধি করা হয়েছে বলে মনে করি। সেই কারণে আমি মোটামুটি অনাস্থাসূচক প্রস্তাবের ক্লজটিও সরকারের কাছে রাখা হয়েছে এমন কি স্টেট গভর্নমেন্ট, যেখানে আঞ্চলিক পরিষদে সদস্য নির্বাচন করবেন স্টেট গভর্নমেন্ট, যেখানে আপনাদের ব্লক ডেভেলপমেন্ট গঠিত হয় নি যেখানে, সেখানেও ক্ষমতা রাখা হয়েছে স্টেট গভর্নমেন্ট, নমিনেট করে দেবেন, এটা থাকা উচিত নয়। আমরা কেবল মনোনয়ন থাকা এবং সরকারী নিয়ন্ত্রণের কথা জোর করে বলতে চাই, কেন না আজকে আর বেশী খুচরো আলোচনা হবে না আজকের মূল নীতি নিয়ে বলতে চাই যে আমরা দেখতে চাই জেলা পরিষদ বিলকে সম্পূর্ণ সরকারী প্রভাব থেকে মুক্ত হোক—এ বিল মনোনয়ন থেকে মুক্ত হয়ে সত্যকার একটি গণতান্ত্রিক জেলা পরিষদ গঠিত হোক এটা আমরা দেখতে চাই, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Gopal Banerjee: I won't speak.

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদ বিল আজকে যে আনা হয়েছে সেটা আজ সিলেক্ট কমিটিতে যেতে চলেছে সেই মুহূর্তে আমার মনে হয় একটা দিকে বিবেচনা হয় নি, তা হ'ল চ্যাপটার আই-তে বলা হচ্ছে—

It extends to the whole of West Bengal, except the areas to which the provisions of the Calcutta Municipal Act, 1951, the Bengal Municipal Act, 1932, the Cooch Behar Town Committee Act, 1903, the Cooch Behar Municipal Act, 1944.

সম্পর্কে যেখানে বাদ দেওয়া হচ্ছে কিন্তু এর আগে আমরা জানি, বিগত বাজেট অধিবেশনের সময় আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে টাউন কমিটি সম্পর্কে আমরা ব্যবস্থা অবলম্বন করছি কিন্তু এই গণতান্ত্রিক অধিকার দেবার সময় অর্থাৎ এই জেলা পরিষদ বিল আনার সময় টাউন কমিটি অ্যাক্ট সম্পূর্ণরূপে বাদ দেওয়া হল, জানি না কিভাবে এই কোচবিহার টাউন কমিটি আছে সে সব এলাকায় মানুষরা কি গণতান্ত্রিক অধিকার পাবে তারা। অর্থাৎ কোচবিহার টাউন কমিটি এলাকার মানুষ যেভাবে আজও সেখানে জোড়াবলদের দ্বারা শোষণ হচ্ছে, জোড়াবলদ কথাটা আমার নিজের বানানো কথা নয়, কারণ মাননীয় মন্ত্রিমহাশয় যদি খোঁজ করেন তাহলে দেখবেন কোচবিহার জেলার হলদিবাড়ী টাউন কমিটি যারা মনোনীত সদস্য তারা বিগত ২ বৎসর আগে কোচবিহার যে জজ্‌কোর্ট আছে সেখানে একটা মামলা লড়েছিলেন, কারণ, কেন জোড়াবলদ তাঁদের বলা হয়েছে, এবং তারা হেরে গিয়েছিলেন সে মামলায়। কাজেই জোড়া বলদের যে শাসন তা কবে বন্ধ হবে বুঝতে পারি না। এই জেলা পরিষদ বিল আনবার সময় সরকারের উচিত ছিল টাউন কমিটি এলাকার মানুষদের সম্পর্কে চিন্তা করা, কিন্তু তা করা হয় নি। আমার দ্বিতীয় কথা আমি বলতে চাই, ডিস্ট্রিক্ট বোর্ড যখন জেলা পরিষদে রূপান্তরিত হতে চলেছে, তখন আমরা দেখছি জেলা বোর্ডের শাসন কালে, জেলা বোর্ডের ইদানীংকালে যে শাসন ব্যবস্থা আছে তাতে যাঁরা সদস্য আছেন তাঁদের টি এ বিলেই সব টাকা চলে যায়, তাঁদের যে বাজেট হয় সেই বাজেটে রাস্তাঘাট, চিকিৎসার জন্য কোন টাকা থাকে না, তারা আশা করেছিল এই বিলে সেটার পরিবর্তন হবে। কিন্তু এই বিল এমনভাবে করা হয়েছে যাতে করে শুধু মাত্র সরকারী কর্মচারীদের পুরোপুরি কর্তৃত্ব থাকবে। সাধারণ মানুষের কোন উপকার হবে না। সুতরাং বিলটা যখন সিলেক্ট কমিটিতে যাচ্ছে তখন সাধারণ মানুষের যাতে উপকার হয়, দেশের মানুষের যাতে উপকার হয়, সেইভাবে যেন সিলেক্ট কমিটি বিচার করে দেখেন।

Shri Deb Saran Ghosh:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় আজকে যে জেলা পরিষদ বিল এই সভায় পেশ করেছেন তা সিলেক্ট কমিটিতে প্রেরণের সিম্ধান্ত গৃহীত হল, এটা খুব যুক্তিসংগত হয়েছে বলে মনে করি। তার কারণ হচ্ছে বিলটা আগাগোড়া ত্রুটিপূর্ণ, যদিও মন্ত্রিমহাশয় তাঁর প্রস্তাবনায় বলেছেন যে, বৈপ্লবিক পরিবর্তন আনবার জন্য এই বিলটা আনা হয়েছে। আমার তা মনে হয় না। কারণ এর আগে অন্যান্য বিল, বিশেষ করে পঞ্চায়েত বিলে যে অধিকার দেওয়া হয়েছিল এই জেলা পরিষদ বিলে সেই অধিকার খর্ব করা হয়েছে। প্রাপ্ত বয়স্ক লোকদের ভোটাধিকারের ভিত্তিতে, যে বিধি পঞ্চায়েত বিলে ছিল, সেই ব্যবস্থা এই বিলে রদ করা হয়েছে। বিশেষ করে যেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে বিভিন্ন সংস্থা চালানর কথা সরকার তরফ থেকে বলা হয়, সেখানে এই জেলা পরিষদ বিলে আমরা দেখছি সরকারী আমলাতান্ত্রিক ব্যবস্থায় পূর্ণভাবে তাদের ক্ষমতা কায়েম রাখার চেষ্টা করা হচ্ছে। পঞ্চায়েত ব্যবস্থার ভিতরেও আমরা দেখছি যে বি ডি ও, এবং পঞ্চায়েত অফিসারদের দাপট। আমরা প্রত্যাশা করেছিলাম এই পঞ্চায়েত ব্যবস্থার ভিতর দিয়ে গ্রামীণ ব্যবস্থার উন্নতি সম্ভবপর হবে। কিন্তু তা সম্ভবপর হয় নি। কারণ এখানে আমরা দেখেছি এই আমলাতান্ত্রিক ব্যবস্থা দেশের কাজ করার পক্ষে বাধা সৃষ্টি করে। পঞ্চায়েত প্রথায় আসল কাজ কিছু হয় না, শুধু ফাইল ওয়ার্ক হয়, আর কিছু হয়নি আজ পর্যন্ত। জেলা পরিষদের মাধ্যমে মন্ত্রিমহাশয় যে কথা বুঝাবার চেষ্টা করেছেন বা বলার চেষ্টা করেছেন যে জেলার সর্বাঙ্গীণ উন্নতির জন্য একটা বৈপ্লবিক পদ্ধতি বা আইন চালু করার চেষ্টা হচ্ছে তা আমরা মনে করি না। আমরা দেখছি এখানে সরকারী কর্মচারীদের যে আমলাতান্ত্রিক ব্যবস্থা সেটাকেই সম্পূর্ণভাবে বহাল রাখা হয়েছে। কাজেই আমি মনে করি না যে এর মধ্যে দিয়ে কোন বৈপ্লবিক পরিবর্তন হবে। বিলের সমস্ত ধারা সম্পর্কে আলোচনা করলে দেখা যায় বহু ত্রুটি এর মধ্যে আছে। আর এখানে আর একটা জিনিষ সম্পর্কে আলোচনা করে সকলেই বলেছেন অ্যাসোসিয়েট মেম্বার সম্বন্ধে যে এম এল এ, এম পি, এম এল সি, তাদের কেন সেই ভোটাধিকার থাকবে না? আমার, সৌভাগ্যক্রমেই হোক বা দুর্ভাগ্যক্রমেই হোক, আরো কয়েকটি সভা মনোনীত হয়েছি এবং আমরা দেখেছি সরকারী কর্মচারী ও উপরওয়ালা যে সমস্ত সদস্য আছেন তাঁরা যে সমস্ত বক্তৃতা দেন আমাদের কাজ হচ্ছে সেখানে উপস্থিত হয়ে সেই বক্তৃতা শোনা। আমার মনে হয় মত প্রকাশের সুযোগ যদি না থাকে, সেখানে এস ডি ও, জেলা ম্যাজিস্ট্রেট যে বক্তৃতা দেবেন তাই শোনার সুযোগ আমাদের করে দেওয়া হয়েছে। তাছাড়া আর কোন সুযোগ আমাদের দেওয়া হচ্ছে না, সেই জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি যে, অ্যাসোসিয়েট মেম্বার হিসাবে এম এল এ, এম পি-দের রাখবার প্রয়োজনীয়তা যদি তিনি উপলব্ধি করেন তাহলে তাদের ভোটের অধিকার দেওয়া যুক্তিসংগত বলে মনে করি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, জেলা পরিষদ বিল পেস করে আমাদের মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী এটিকে সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছেন। তবে সিলেক্ট কমিটিতে না বলে সেটাকে রি-ড্রাফটিং কমিটি বললে বোধ হয় আরও সঙ্গত হত, কেন না, যে কাজের ভার দিচ্ছেন সেটা হচ্ছে বিলকে রি-ড্রাফটিং করতে এবং ড্রাফটিং সময় যে সমস্ত আমলাতান্ত্রিক গলদ এর মধ্যে রয়েছে তা ভাল করে সংশোধন করতে হবে। সম্প্রতি অনেক মহল থেকে ছড়াক ছড়াক করে গালি বলা হয় এটা বা সেটা হ'ল রিভলিউশনারী। রিভলিউশন কথার মানে কি সেটা একটু ভেবে দেখে শৈলবাবু ব্যাখ্যা করেন ভাল হয়। রিভলিউশন-এর মানে যদি এই হয় যে সমাজ ব্যবস্থাকে আমূল পরিবর্তন, তার মানে যদি এই হয় যে গ্রামাঞ্চলের ভূমিসংস্কার হবে কৃষকের স্বার্থে, কৃষক জমি পাবে এবং তার মানে যদি বিপুল আগ্রহ জন্মাবে উৎপাদন বাড়াবার জন্য এবং সমবায় পদ্ধতিতে এবং আঞ্চলিক কৃষি পদ্ধতির দিকে এগিয়ে যাব সেই যে ব্যবস্থা, সেই ব্যবস্থা আনবার চেষ্টা গ্রামাঞ্চলে নিশ্চয়ই একটা বৈপ্লবিক প্রচেষ্টা বলে পরিচিত হতে পারে। আমার যতখানি মনে হয় বলবন্ত রাও মেটা কমিটি রিপোর্টে যেটা তিনি বলেছেন—মেটা কমিটি যখন সমবায় পদ্ধতি পরীক্ষা নিরীক্ষা করেছিলেন তখন তারা বলেছিলেন এর ভিতরে গ্রাম্যতার অভাব এবং

তার ফলে গণ-উদ্যোগ তার ভিতরে দেখা যায় না। সেই গণ-উদ্যোগের জন্য সমস্ত পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে জাগাতে পারি তাহলে তার প্রথম পদক্ষেপ হচ্ছে সাধারণ লোকের উদ্যম নিয়ে কোন একটা ব্যবস্থাকে কার্যকরী করতে হলে তার ভিতর থেকে প্রত্যক্ষ ভোটের অধিকার কেড়ে নেওয়া তার বিরুদ্ধে ব্যবস্থা। রেভলিউশন যেটা বলছেন হয়ত শাসক পার্টি রেভলিউশনএর কথা ভেবেছেন এটা হতে পারে—এটুকু তাদের প্রতি শুভেচ্ছা জানাতে প্রস্তুত আছি। কিন্তু তারা যাদের মারফৎ এই বিল ড্রাফট্ করেছেন এবং তাদের আশেপাশে সুযোগসন্ধানী যে বহু লোক আছেন তাঁরা গ্রামাঞ্চলে রেভলিউশন চাইছেন না, কাউন্টার-রেভলিউশন চাইছেন, তাই বহু রেভলিউশনারী মেজার্স সাবটেজ করার চেষ্টা হয়েছে ড্রাফটিংএ তা প্রতিপন্ন হয়েছে। বলবন্ত রাও মেটা কমিটি গণ-উদ্যোগ জাগাবার কথা বলেছেন এবং যে গণ-উদ্যোগের অভাব দেখেছিলেন, সমস্ত উন্নয়ন পরিকল্পনার মধ্যে যে একটা ইন্টিগ্রেটেড জেলা পরিষদ বিল যার মধ্যে সমস্ত গ্রাম্যজীবনকে এক সংগে গ্রথিত করে নোতুনভাবে গঠন করার চেষ্টা হচ্ছে তার মধ্যে যদি গ্রামের লোকের কনস্ট্রাকটিভ ডাইনামিক উৎসাহ জুড়ে দেওয়া না হয়, সেখানে যদি চোথা চোথা বাছাই করে লোক উপরে তোলা হয়, তার উপরে জেলা ম্যাজিস্ট্রেট, মহকুমা ম্যাজিস্ট্রেট তাদের অধিকার রাখা হয় এবং তার উপরে মন্ত্রিসভার বিপুল বিবিধ অধিকার রাখা হয়, তাহলে এই জিনিষটা বিপ্লবের হাতিয়ার বিপ্লবের বাহন হবে না, প্রতি-বিপ্লবের বাহন হবে। সেজন্য সিলেক্ট কমিটিতে যাঁরা যাচ্ছেন তাঁদের দুরূহ কাজ হবে এবং সেজন্য নার্ভাস ফিল করছি। এখানেতে মনোনয়ন ব্যবস্থার পরিবর্তন করতে হবে। এখানে ভোটের ক্ষমতা তার ভিতরে আরও খানিক গণতন্ত্রীকরণ করতে হবে এবং আমলাতান্ত্রিক হস্তক্ষেপ এবং মন্ত্রিসভার হস্তক্ষেপ যতখানি সম্ভব কমাতে হবে। এ না করলে এর বৈপ্লবিক চরিত্র অন্ততঃ প্রগ্রেসিভ চরিত্র ফুটিয়ে তোলা যাবে না।

দ্বিতীয়তঃ ঐ যে আমার পূর্ববর্তী কোন একজন বক্তা বলেছিলেন যে স্কুল বোর্ডটি আছে, এর ভেতরে কতকগুলি স্ট্যান্ডিং কমিটি—সাব-কমিটি হিসেবে ঢুকিয়ে দেওয়া হয়েছে, যার ফলে স্কুল বোর্ডের গঠনতন্ত্র আপনি কিছুতেই গণতন্ত্রসম্মত বলতে পারেন না। কাজে কাজেই স্কুল বোর্ডটি পুনর্গঠন করে তাকে এর ভেতর ঢোকাতে হবে। তাহলে আজকের এইযে শিক্ষা, এডুকেশন, যেটা নূতন গ্রাম্যজীবনে স্বতঃস্ফূর্ত হয়ে উঠবে, যার মধ্যে গ্রামের লোক উদ্যোগী হতে পারবে এবং সংগঠিত প্রচেষ্টা করে দৈনন্দিন [illegible] যা কিছু প্রয়োজন হবে সেটা নিজেরা উৎপন্ন করবে, সমবায় ভিত্তিক কৃষি হবে এবং শিক্ষিত গ্রাম্য সমাজ ক্রমান্বয়ে উন্নতির দিকে এগিয়ে চলবে। এই যে গ্রামের ভবিষ্যৎ উন্নতির যে চিত্র, সেই উন্নতির চিত্র এর ভেতর দিয়ে প্রতিফলিত হচ্ছে না। এর ভেতর প্রতিফলিত হচ্ছে ঠিক এর উলটো জিনিষ, যা আজকে গ্রামের মধ্যে দেখতে পাচ্ছি। কৃষি ব্যবস্থার ভেতর ভূমিসংস্কার অর্ধেকটা হয়েছে। মধ্যস্বত্ব চলে গেছে: কিন্তু কৃষকরা জমি পায় নাই। একদল বড় জোতদার, বড় ব্যবসাদার, তারা সমস্ত গ্রাম্য সমাজের ভেতর নূতন শাসকশ্রেণী হিসাবে দেখা দিয়েছে। এরা গ্রামে রাষ্ট্রীয় শাসকদের হাতিয়ার হয়ে থাকবে। গ্রামের কৃষক গ্রামে এক দুর্বিসহ বোঝা বহন করে চলবে। এই সিলেক্ট কমিটির যারা মেম্বার, তাঁদের কাছে আমার আবেদন, স্বায়ত্তশাসন মন্ত্রীর কাছে আমার আবেদন, তাঁরা এ জিনিষটা সম্বন্ধে বিবেচনা করবেন। মন্ত্রী মহাশয় পাঞ্জাব আইনের কথা বলেছেন, কয়েকটা রিপোর্ট তিনি দেখিয়েছেন। তিনি বিপ্লবের কথা বলেছেন। তিনি যে জীবন-যাত্রার মান পরিবর্তন করবেন, তার মূল পরিবর্তন হচ্ছে অর্থনৈতিক উৎপাদনের ক্ষেত্রে, সেখানে মালিকানা সম্বন্ধে, শোষণের দিকে আপনাদের শাসক পার্টির যে ঝোঁক আছে, তার বদলে উৎপাদকের দিকে যদি সেই ঝোঁক না এসে পড়ে বা সাধারণ কৃষক সমাজকে আপনারা ব্যাপকভাবে উদ্দীপ্ত করে তুলতে না পারেন, তাহলে ব্যর্থ এই চেষ্টা। সেইজন্য আপনাদের অনুরোধ করবো সত্যি যদি একটা বৈপ্লবিক বিল করতে চান, বৈপ্লবিক পরিবর্তন করতে চান, তাহলে হাউসের এই দিক থেকে আমরা দু' হাত তুলে আপনাদের সহযোগিতা করতে রাজী আছে। যেমন আগে একটা বিলে শুনেছিলাম যে কৃষকদের ক্ষেত্রে একদিকে ভিটে জমি নিষ্কর করা হবে এবং অন্যদিকে ছয়বিঘা ফসলী জমির নামমাত্র খাজনা হবে এই রকম আইন হয়েছিল, যা শেষ পর্যন্ত চালু হয় নাই। বোধ হয় সেটা প্রগ্রেসিভ বলে ধামাচাপা পড়ে আছে। সেই ধরনের আইন আরো প্রগ্রেসিভ করে চালু করুন এবং এর সংগে গ্রথিত করে সেই চেষ্টা করুন। সেই পর্যায় সিলেক্ট কমিটিতে দেওয়া

যাবে কি না জানি না। এর ভেতর প্রতিক্রিয়াশীল ধারাগ্ুলি যা আছে, তা পরিবর্তন করতে হবে এবং বিপ্লবের যে উদ্দেশ্য ও লক্ষ্য, তা এর মধ্যে গ্রথিত করতে হবে। অবশ্য তা অত্যন্ত দুরূহ কাজ। শৈলবাবুর আশা ও ইচ্ছা যদি আন্তরিক হয়, তাহলে এই রকম পরিবর্তনে নিশ্চয়ই তিনি রাজী হবেন। আমি আশা করতে থাকবো—তিনি সেই রকম বৈপ্লবিক পরিবর্তন করতে রাজী হবেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kamal Kanti Guha:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী জেলা পরিষদ বিল সিলেক্ট কমিটিতে পাঠাবেন বলে আমাদের জানিয়েছেন। কিন্তু তার আগে আমরা, যারা এই হাউসের সদস্য, আমাদের কতকগুলি অ্যামেন্ডমেন্ট এখানে রাখতে চাই। আমরা মনে করেছিলাম যে জেলা পরিষদ বিল এমন একটি আকারে, এমন একটি চরিত্র নিয়ে এখানে উপস্থিত হবে যাতে এই বিলের মধ্য দিয়ে সাধারণ মানুষের যে সুযোগ-সুবিধা, সাধারণ মানুষের যে অধিকার, তা প্রতিষ্ঠিত হবে। কিন্তু এই বিলটি আসার পরে আমরা দেখছি যে সে ধরনের সদিচ্ছা সরকারের নেই।

[1-40—1-50 p.m.]

প্রথমত যে কথাটা অন্যান্য মাননীয় সদস্যারা বলেছেন, সেই কথাটা আমিও বলতে চাই যে জনসাধারণের প্রত্যক্ষ প্রতিনিধি এই পরিষদে নেওয়া হচ্ছে না। সেখানে বলা হয়েছে প্রধান এবং অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট ও অধ্যক্ষদের প্রতিনিধিদের এই কমিটিতে নেওয়া হবে। কিন্তু আমার বক্তব্য এই, যে আমরা দেখেছি গ্রামাঞ্চলে অনেক সময় যারা [illegible] লোক, গ্রামাঞ্চলে যারা অর্থবান, বিত্তবান লোক তারা নানা রকম অসৎ উপায় অবলম্বন করে তারা নির্বাচিত হন, এবং তাঁরাই এখানে আসেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে যদি প্রত্যক্ষ নির্বাচনের ব্যবস্থা করা যায় তাহলে জনসাধারণের যারা প্রকৃত উপকারী এবং দরদী প্রতিনিধি, তারা এই পরিষদে আসতে পারবে। কিন্তু সেই ব্যবস্থায় কুঠারাঘাত করা হয়েছে। আর একটা ব্যাপার এই পরিষদ সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি যে সরকারী কর্মচারীরা ভীড় করে এসে পড়ছে এবং তাঁদের ক্ষমতা সব দিক দিয়ে প্রাধান্য লাভ করবে। যদিও বলা হয়েছে যাঁরা সহযোগী সদস্য, তাঁরা চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান হতে পারবেন না। কিন্তু, দেখা যায় যে যেখানে ডি-সি বা ডিরেক্টার অফ পঞ্চায়েত, অথবা অঞ্চল পঞ্চায়েত, অথবা বি-ডি-ও অথবা এস-ডি-ও প্রভৃতি যাঁরা থাকবেন এবং এই গ্রাম থেকে নির্বাচিত হয়ে এসে যাঁরা প্রেসিডেন্ট বা ভাইস প্রেসিডেন্ট হবেন, তাঁরা ঐ ডি-সি এবং ডিরেক্টার অব পঞ্চায়েত ও এস-ডি-ও, বি-ডি-ও প্রভৃতিদের নির্দেশে চলতে বাধ্য হবেন। এটা আমরা দেখেছি। এখানে, মন্ত্রিমহাশয় হয়ত বলবেন তা হয় না। কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা দেখেছি এটা হয়। কোনও কোনও সদস্য তা উপেক্ষা করতে পারে না। সেইজন্য আমার বক্তব্য ছিল এই যে ম্যাজিস্ট্রেট এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ডি-সি বা বি-ডি-ও এদের আপনারা বাইরে রাখুন পরামর্শদাতা হিসাবে; তাঁরা বাইরে থেকে নির্দেশ দেবেন, সাজেসান দেবেন এবং গভর্নমেন্ট তাঁদের সেই নির্দেশগুলি নিয়ে যাতে গঠনমূলক কার্যে রূপায়িত করতে পারেন তার ব্যবস্থা করবেন। অর্থাৎ তাঁরা সহযোগিতা করবেন কমিটিতে বাইরে থেকে, এই রকম একটা ব্যবস্থা এই বিলের মধ্যে থাকা উচিত ছিল।

আর একটা কথা শৈলবাবুকে বলতে চাই। আজকে দেখতে পাচ্ছি যে যেখানে বি-ডি-ও অথবা ডিরেক্টার অব পঞ্চায়েত, এঁদের এই কমিটির সভ্য করা হবে। কিন্তু, এখানে উনি বলেছেন যে ২৫ বছরের নীচে যাঁরা থাকবেন, তাঁরা এই কমিটির সদস্য হতে পারবেন না। উনি হয়ত এই কথা মনে করেছিলেন যে, যাঁরা অঞ্চল পঞ্চায়েতের প্রধান বা অঞ্চল পরিষদের প্রতিনিধি হিসাবে এই জেলা পরিষদে আসবেন, তাঁরা ২৫ বছরের নীচে হলে আসতে পারবেন না। কিন্তু, শৈলবাবু কি জানেন, এই আইন করার ফলে অনেক বি-ডি-ও, অনেক ডিরেক্টার অব পঞ্চায়েত এই কমিটিতে আসতে পারবেন না? কারণ, যাঁরা হালে বি, এ, পাশ করে গ্র্যাজুয়েট হয়ে বি-ডি-ও বা ডিরেক্টার অফ পঞ্চায়েত হয়েছে, তাদের কারও কারও বয়স হয়ত ২২।২৩-এর বেশী হবে না; তাঁরা এই কমিটির সদস্য হতে পারবেন না। কাজে কাজেই এটা আপনার সংশোধন করতে হবে। এবং আমি সেখানে বলি—সংশোধন করতে গিয়ে আপনি আর একটা কাজ করুন, যাঁরা ভোটার হবেন, যাঁরা প্রাপ্ত বয়স্ক হবেন, তাঁরা সেখানে দাঁড়াতে পারবেন অথবা নির্বাচিত হয়ে আসতে

পারবেন। এই কথাটা বলে দিতে হবে। আমি বলি আপনাকে এই কথা বদলাতে হবে যে, ২৫ বছরের নীচে যাঁরা তারা এর মেম্বার হতে পারবেন না। তাহলে যেসব বি-ডি-ও যাঁদের বয়স ২৫ এর নীচে আছে তাঁরা জেলা পঞ্চায়েতের মেম্বার হতে পারবেন না। কাজেই এটা যখন বদলাবেন তখন অনুগ্রহ করে যাঁরা বেসরকারী প্রতিনিধি থাকবেন তাঁদের বেলায়ও এটা প্রয়োগ করবেন বলে আমি আশা করি। আর একটি কথা আমি এখানে বলব যে, এই জবরদস্তি কিভাবে চলছে, কিভাবে সরকারের রুদ্র শাসন সব সময় সবার উপরে চাপিয়ে দেওয়া হচ্ছে। বলা হচ্ছে যে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট জেলা পরিষদের সদস্য হবেন। তিনি যদি জেলা পরিষদের সদস্য হতে রাজী না হন তাহলে অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট পদ থেকে তাঁকে সরে যেতে হবে। এটা কি রকম কথা আমি বুঝতে পারছি না যে লোকটি অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট নির্বাচিত হবেন তাঁর যদি অন্য কোন অসুবিধা থাকে জেলা পরিষদের সভ্য হতে, তাহলে তাঁকে আঞ্চলিক প্রেসিডেন্টের পদ থেকে সরিয়ে দেওয়া হবে। এটা হচ্ছে খামখেয়ালির কথা, এটা জবরদস্তির কথা। তার মানে হচ্ছে যে আমরা তোমাদের যে দিক দিয়ে চলতে বলব সেই দিক দিয়ে তোমাদের চলতে হবে, তা না হলে তোমাদের কোন রকম স্বাধীনতা বা ক্ষমতা আমরা দেব না। এই জিনিসই শৈলবাবু আমাদের বোঝাতে চাচ্ছেন। শৈলবাবু আর একটি জিনিস এর মধ্যে করেছেন জেলা পরিষদ বা আজকে অঞ্চল প্রধান বা অধ্যক্ষ—এই সমস্তের মধ্যে আজকে বহু রাজনৈতিক দলের লোকেরা আসছেন, যদিও সরকারের তরফ থেকে বলা হচ্ছে এই যে পঞ্চায়েতের ব্যবস্থা এর মধ্যে কোন রকম দলীয় রাজনীতি থাকবে না। কিন্তু আমরা দেখছি প্রকৃতপক্ষে আমাদের হউক বা আপনাদের হউক, যখন নির্বাচন হয় তখন দলগত ভাবেই হয় সিম্বল যদিও না থাকে, সেখানে আপনি যেটা করেছেন কেউ যদি ৬ মাসের বেশী জেল খাটে সে সদস্য হতে পারবে না। আপনি একথা বলুন যে একনাগাড়ে ৬ মাসের বেশী যদি জেল হয়, এমন অপরাধ যদি কেউ করে তাহলে সে সদস্য হতে পারবে না। কিন্তু আইনে সেটা স্পষ্ট লেখেন নাই যে এক নাগাড়ে ৬ মাসের জেল হয়েছে। সেখানে পরে যদি আপনি ব্যাখ্যা করেন যে অমুক আন্দোলনে তুমি ১ মাস জেল খেটেছিলে পরের আন্দোলনে ২০ দিন খেটেছিলে তার পরের আন্দোলনে দেড় মাস খেটেছিলে এই করে ৬ মাস হয়ে গিয়েছে অতএব তুমি থাকতে পারবে না। সেজন্য আমি বলছি যে আপনি এখানে বলুন যে এক নাগাড়ে ৬ মাসের বেশী জেল খাটে তাহলে সে সদস্য হতে পারবে না। আর একটা কথা আমি বলতে চাই যে জেলা পরিষদের আয় কি ভাবে হবে। এখানে আপনি বলেছেন যে ফেরী ঘাট থেকে তাদের আয় হবে, জেলা পরিষদের ফান্ড হবে। এখানে আর একটি জিনিষ আমি সংযোগ করতে বলছি যে আপনারা হাটকেও জেলা পরিষদের অধীনে আনুন। বিশেষ করে আমরা দেখি উত্তর বাংলায় হাটগুলি অত্যন্ত অবহেলিত অবস্থায় থাকে। সেখানে ইজারাদারদের ল্যান্ড রিফর্ম অফিস থেকে হাটগুলি ইজারা দেওয়া হয়, তারপর আর কোন রকম সংস্কার করা হয় না। ইজারাদারদের লক্ষ্য থাকে যে তারা এত টাকা দিয়ে ডেকে নিয়েছে তারা কি করে বেশী মুনাফা করবে, কি করে বেশী লাভ করবে, তারা কোনদিন সংস্কার করে না। আর সরকারী কর্মচারীরা মনে করেন যে তাঁরা অকশান করে দিয়েছেন, সুতরাং তাঁদের কর্তব্য শেষ হয়ে গিয়েছে। তার ফলে আজ গ্রামাঞ্চলের প্রাণ-কেন্দ্রে এই হাটগুলির কোন সংস্কার হয় না। সেইজন্য আমি বলি হাটগুলি যদি জেলা পরিষদের মধ্যে আনেন তাহলে দুটো কাজই হবে। তা না হলে গ্রামাঞ্চলের এই প্রাণকেন্দ্রগুলি সংস্কারের অভাবে ব্যবসা-বাণিজ্য অনেক ক্ষেত্রে বিশেষ করে বর্ষার সময়ে একেবারে অচল হয়ে যায়। এতে জেলা পরিষদের আয়ও বেড়ে যাবে এবং গ্রামের প্রাণকেন্দ্রগুলি জনসাধারণের হাতে আসবে এবং তাতে জনসাধারণের সুবিধা হবে এবং হাটগুলির সংস্কার হবে। আমার শেষ কথা অফিসারদের চাপ কমিয়ে রাখুন। আপনি বলেছেন বৈপ্লবিক পরিবর্তন হবে। আমি আশা করি এটা আন্তরিকভাবে সদিচ্ছা নিয়ে আপনি এই কথা বলেছেন, সেই সদিচ্ছাকে বাস্তবে রূপায়িত করতে হলে যে বাধাগুলি সরকারী অফিসারদের বাধা সেটা আপনি দূর করুন, সাধারণ মানুষের হাতে ছেড়ে দিন। পরীক্ষা করে দেখুন এই বৈপ্লবিক পরিবর্তন সাধারণ মানুষ আনতে পারে, না, সরকারী কর্মচারীদের দ্বারা এটা হয়। আমার মনে হয় এইভাবে যদি বেসরকারী প্রতিনিধিদের হাতে ছেড়ে দেন তাহলে আপনার ইচ্ছা আরও ভালভাবে বাস্তবে রূপায়িত হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2 p.m.]

Shri Abdul Bari Moktar:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই জেলা পরিষদ বিল ইনট্রোডিউস করার পর আমাদের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এটা সিলেক্ট কমিটিতে পাঠিয়েছেন এর জন্য আমি সত্যই আনন্দিত। এবং আরও আনন্দিত হব যেদিন এই বিল পরিষ্কারভাবে প্রকৃত গণতান্ত্রিক ভিত্তিকে এই বিলের পুনর্বিন্যাস করে ভালভাবে রচিত হয়ে আবার এখানে আসবে। এই বিলে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই দেখেছেন যে জেলা পরিষদ গঠন করা হচ্ছে সেটা প্রত্যেক জেলায় একটি একটি করে হবে। এতে যে ধরণের মেম্বার নিয়ে গঠিত হতে যাচ্ছে সেটা কতটুকু গণতান্ত্রিক ভিত্তিতে হচ্ছে সে বিষয়ে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। তাই এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর পূর্বে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই জিনিষটা রাখতে চাই যে জেলা পরিষদের প্রত্যেকটা ক্লজ সাবক্লজ যদি আমরা দেখি তাহলে দেখতে পাব আঞ্চলিক পরিষদের সমস্ত প্রেসিডেণ্টকে নিয়ে এক্স অফিসিও মেম্বার করে রেখে দেওয়া হয়েছে। এখানে এটাকে ব্যাপকভাবে ইলেকশানের মাধ্যমে আপাততঃ দৃষ্টিতে যদি আনা সম্ভব না হয় তাহলে আমার মনে হয় এই কথা বলা নিশ্চয় অসংগত হবে না এটা যদি করা যেত যে

One member must be elected by the Anchalik Parisad.

আঞ্চলিক পরিষদ কয়েকটি অঞ্চল নিয়ে যখন একটা আঞ্চলিক পরিষদ গঠিত হবে। এখন আঞ্চলিক পরিষদের শুধু প্রেসিডেণ্টকে এক্স অফিসিও মেম্বার না করে নিয়ে ওখানে যদি বলা যায় যে

One member must be elected by the members of the Anchalik Parisad.

তাহলে নিশ্চয় আমার মনে হয় আমরা এগিয়ে যেতে পারতাম খানিকটা। যে লোকটাকে আঞ্চলিক পরিষদের মেম্বার করে রাখা হয়েছে যাকে দেশের শাসন এবং শোষন উভয় ক্ষমতা দেওয়া হয়েছে, তাকে আবার পুনরায় টেনে নিয়ে জেলা পরিষদে বসান হচ্ছে। এটা কি ধরণের কথা যে একই লোক দুইবার দুইরকম পজিসন হোল্ড করবে? সে যদি জেলা পরিষদের চেয়ারম্যান হয়ে যায় তা হলে কি প্রকারের ক্ষমতা এসে দাঁড়াবে। যাতে করে বুঝতে পারা যায় জেলা থেকে আরম্ভ করে গ্রাম পঞ্চায়েত পর্যন্ত একই লোকের কন্ট্রোলে সমস্ত কিছু চলছে। কাজেই আমি আশা করব এই রকম যেসমস্ত ধারাগুলি আছে সেইগুলি আমূল পরিবর্তন মন্ত্রিমহাশয় করবেন। আর একটা কথা

One Adhyaksha from the territorial limits of each Anchal Panchayat elected by the Adhyakshas of that area in such manner as may be prescribed.

ওয়ান পারসান অধ্যক্ষ যারা গ্রাম পঞ্চায়েতের প্রেসিডেন্টরূপে দেখা দেবে—একটা জেলা থেকে একটা হোল সাব-ডিভিসন—আমাদের মুর্শিদাবাদ জেলার কথা ধরা যাক।

প্রত্যেক মাননীয় সদস্যরা তাঁদের কেন্দ্রের কথা ধরে নিন যে, সেই সাব-ডিভিশনএর মধ্য থেকে ১ জন অধ্যক্ষ আসবেন। অধ্যক্ষ কেন আসবেন? সেখানে ওয়ান পারসন করা হোক। আমি আশা করি সেটা অধ্যক্ষের মধ্যে সীমাবদ্ধ রাখবেন না। গ্রাম পঞ্চায়েতের অনেক অধ্যক্ষ আছেন যাঁরা এখনও অধ্যক্ষ গ্রাম পঞ্চায়েতের সীল মারতে গিয়ে ঐ অধ্যক্ষ নীচে দিকে দেয় আর উপর দিকে দেয় অফিসিয়াল অ্যাড্রেসটা—যদি লেখা যায় সাব-ডিভিসনাল অফিসার, ব্যারাকপুর, তা হলে এ রকম ধরনের কথা যেমন অধ্যক্ষ গ্রাম পঞ্চায়েত অমুক, সে লিখবে গ্রাম্য পঞ্চায়েত অধ্যক্ষ নীচের দিকে সীল মেরে দিয়ে উপরের দিকে সই করে দিল এইরকম লোককে নমিনেটেড করে নিয়ে এসে ইলেক্টেড করে নিয়ে এসে আবার জেলা পরিষদে বসানো হবে। কাজেই সেখানে এনাফ ক্ষমতা দেওয়া হোক মানুষের—সকল স্তরের মানুষকে পার্টিসিপেট করবার অধিকার দেওয়া হোক যে সেখানকার লোকেদের অধ্যক্ষ না বলে ওয়ান পারসন বলে আপনি অনুগ্রহ করে একথাটা বলুন যে, ওয়ান পারসন ইলেক্টেড বাই দি অধ্যক্ষস। তা হলে আমরা খানিকটা উপরের দিকে উঠতে পারি, আমরা অন্ততপক্ষে একথা বলতে পারি যে, গ্রামের যেমন ইলেকশনটা জনসাধারণের মাধ্যমে হয়েছে তেমনি সেই জনসাধারণের নির্বাচিত প্রার্থীরা আর একটি লোককে মনোনীত করে বা নির্বাচিত করে পাঠিয়েছেন কিন্তু এতে করে দেখা যাচ্ছে এই ঐ একই লোক

অধ্যক্ষ হয়েছে। আপনারা তাকে ইলেক্টেড করাবেন হোল সাব-ডিভিসন নিয়ে সে লোকটা কি রকম ধরনের হবে, যেরকম আমি উপমা দিলাম সেরকম কিনা তাকে নিয়ে জেলা পরিষদের সত্যকারের কাজ হবে কিনা। দেশের একটা আমূল পরিবর্তন করে, দেশের সামগ্রিক উন্নয়নের যারা অংশীদার হবে—যে সমস্ত লোকেদের নূতন লোককে আপনি নিয়ে আসবেন এ বিষয় সেদিক থেকে আমরা বলব যে, আপনি একটু এদিকে দৃষ্টি দিয়ে এটাকে রিকনসিডার করতে বলবেন। তারপর এ চেয়ারম্যান অফ দি মিউনিসিপ্যালিটি প্রথম কথা মিউনিসিপ্যালিটি অ্যাক্টএর সংগে আমাদের জেলা পরিষদ বিলের কোন রকম মিল নাই তাদের সংগে। তাদের জুরিসডিকশন এবং আমাদের জেলা পরিষদের জুরিসডিকশন সম্পূর্ণ আলাদা। মিউনিসিপ্যাল এরিয়া জেলা পরিষদ বিলের মধ্যে পড়ে না, তাদের নেওয়াই একদিক দিয়ে অবান্তর যদি আপনি নেন তা হলে একথাই বলব। আপনি কোন মিউনিসিপ্যালিটির লোককে নেবেন এটা ঠিক আমরা বুঝতে পারছি না। আমাদের হয়ত কোন কোন জেলায় ৪টা মিউনিসিপ্যালিটি আছে, কোনটায় তিনটা, কোনটায় দুটা, এই রকম মিউনিসিপ্যাল এরিয়া যেখানে আছে সেখান থেকে আপনি যে অ্যাক্টিভ চেয়ারম্যানকে নিয়ে আসবেন, সেখানে তা না করে একথাটা বলুন যে,

One member elected by the members of each of the Municipalities.

একথা বললে আমার মনে হয় যে, খানিকটা আরও আমরা উপর দিকে উঠে এটা মানুষের সামনে আমরা দেখাতে পারি যে, এটাও খানিকটা এগিয়ে গিয়ে কাজ হয়েছে। কাজেই জেলা পরিষদ বিলে, তারপর এসোসিয়েট মেম্বারএর কথা আপনি যেহেতু বলেছেন যে, এখানে যারা এক্সিকিউটিভ অফিসার আছেন তাঁদেরকে নিয়ে আসা সত্যিকারের কি যুক্তি আছে, তাদের না আনলে বা না আসলে এই যাঁরা পাবলিক রিপ্রেজেন্টেটিভস আসবেন এই ভেরিয়াস ওয়েজ, তাঁরা কি এসে বোর্ড চালনা করতে পারবেন না? তাঁদের কি মস্তিস্কে একথা কুলবে না যে, জেলা পরিষদ কি করে চালাতে হয়, এই ভয়েই কি তাঁদেরকে আনা হচ্ছে, না, এখন আর কোন অন্তরায় আছে যার জন্য সাব-ডিভিশনাল অফিসারকে নিয়ে এসে এর মধ্যে যুক্ত করে দেওয়া হয়েছে? সাব-ডিভিশনাল অফিসারকে আপনি বাদ দিন। যাঁরা এক্সিকিউটিভ অফিসার আমার মাননীয় বন্ধু সদস্য শ্রীদেবশরণ ঘোষ মহাশয় বলে গিয়েছেন একটা কথা যে, আমরা ইতিমধ্যেই কোন কোন কমিটির মেম্বার থাকার সুযোগ পেয়েছি। ওনাদের সকল সদস্যই পেয়েছেন বা আপনারা জানেন যে আমাদের

Sub-divisional Food and Relief Committee, District Food and Relief Committee.

তাতে আমরা সকলেই মেম্বার আছি, সেই সমস্ত মিটিং-এ যখন যাই তখন আমরা দেখি সেখানে চেয়ারম্যান যে কথা বলেন সে কথা শ্রবনান্তে বাড়িতে ফিরিয়া আসিতে হয়। বহু কনসোলেশন নিয়ে ফিরে আসতে হয়। এই রকম ধরণের যদি ঐ সমস্ত লোকেদের এনে হাজির করে সেই কনসোলেশন নেবার যদি আপনি ইচ্ছা করেন তাহলে আমার কিছু বলবার নাই। কিন্তু যদি গরীব দেশের জনসাধারণকে সামগ্রিক উন্নয়ন কাজে পার্টিসিপেট করবার মত সম্পূর্ণ সুযোগ দেন তাহলে আমি বলবো একথা যে আপনি এর একটি পুনর্বিন্যাস করে একটু ভাল করে রচনা করবেন এবং রচনা করলে পরে সেই সিলেক্ট কমিটি থেকে ফিরে আসলে পরে আমরা যেন একথা মনে করতে পারি, আমরা জানি একটা কাজ করতে গেলে খানিকটা ত্রুটি বিচ্যুতি নিশ্চয়ই থাকে, কিন্তু এমন ত্রুটি বিচ্যুতি থাকা নিশ্চয়ই সম্ভব হবে না বা একথা মেনে নেওয়া যাবে না যেটা হয়তো আমাদের পক্ষে সম্ভব ছিল। কাজেই যে সংশোধনী করবার আমাদের যে ক্ষমতা আছে বা আপনি পারবেন ডেপুটি স্পীকার মহাশয়, আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে একথা রাখতে চাই যে আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদগুলোকে এমনভাবে রচনা করুন যাতে করে বোর্ডে গিয়ে যেন কোন রকম অন্তরায় না হয় যে কথা শুনে কোন মেম্বার আবার ফিরে আসলো, তার ভোট দানের অধিকার থাকলো না। যার ভোট দেবার অধিকার নাই সে কি পার্টিসিপেট করবে? তার কথার কতটুকু মূল্য হবে যার ভোট দেবার অধিকার নাই? সেখানে যাদের কথা বলব এ্যাকসেপ্টেড অর নন এ্যাকসেপ্টেড তার কোশ্চেন আসে না, কেন না ভোট সে দিতে পারবে না, কাজেই সেই সমস্ত লোকেদের এত বড় আত্মসম্মান আছে যারা সারা বাংলাদেশের দ্বারা সভার সদস্য হয়ে এসেছেন যারা ভারতবর্ষের পার্লিয়ামেন্ট-এর মেম্বার হয়ে আছেন, যাঁরা রাজ্য সভার মেম্বার আছেন, যাঁরা কাউন্সিল মেম্বার আছেন—সেই সমস্ত লোকদের গণ্যমান্য, শিক্ষিত, সুধী বিবেচনা

[2—2-10 p.m.]

প্রসূতে, সামাজিক লোকদের নিয়ে আপনারা যেখানে দিচ্ছেন, আর তাঁদেরকে আপনারা বলছেন যে তাঁদের কোন রকম ভোটের অধিকার থাকবে না। যদি এই রকম হয় তাহলে সেই সমস্ত লোকেরা কতটুকু ভাল অভিপ্রায় নিয়ে সেই সমস্ত বোর্ডে গিয়ে কাজ করবে আমি, ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে সবিনয় নিবেদন পূর্বক বলতে চাই যে আপনি এই বিষয় ভালভাবে চিন্তা করে, কনসিডার করবেন যে এই জিনিষটা যেরকম ধরণের লোকদের নিয়ে করতে যাচ্ছেন তাতে তাঁদের ভোট দানের অধিকার দেবেন। তাঁরা কথা বললে পরে এই বিধানসভা থেকে আরম্ভ করে গ্রামীণ বাংলা পর্যন্ত যে সংযোগ স্থাপন হবে সেই স্থাপনের মধ্যে দিয়ে সমস্ত কাজের বিশ্লেষণ, ত্রুটি বিচ্যুতি, এর ভাঙ্গাগড়া এবং এর পরিবর্তন অপরিবর্তনের নানা রকম কারণ এসে যাবে। কাজেই এই স্ট্যান্ডিং কমিটির যে সমস্ত কথা হচ্ছে, স্ট্যান্ডিং কমিটি যেরকমভাবে ফর্মেশন হবে সেই রকমভাবে যদি স্ট্যান্ডিং কমিটি গঠিত হয়, তাহলে গ্রামীণ বাংলাতে কাজ হবে। আর কোন পক্ষপাতিত্বের মন না নিয়ে যদি কাজ করা যায় তাহলে নিশ্চয়ই বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন হবে এ বিষয় কোন সন্দেহ নেই। সেদিক থেকে স্ট্যান্ডিং কমিটির তরফ থেকে আমি এ কথা বলি যে, যেসমস্ত কমিটির নাম দিয়েছেন আপনি, সেই সমস্ত কমিটি যদি ফর্মেশন করে কাজ করা আরম্ভ হয় তাহলে নিশ্চয়ই ভাল কাজ হবে। কিন্তু ভাল কাজ করার জন্য যেসমস্ত কাজ করণীয় আমরা তার এখানে দু-একটা কথা রাখতে পারছি বা পারছি না, আপনি সমস্ত পয়েন্টসগুলিকে নিয়ে সিলেক্ট কমিটিতে গিয়ে যাতে আমাদের এই কথাগুলি থাকে সে বিষয় আপনি সচেষ্ট হবেন। এই বিষয় আমার একটা নিবেদন থাকলো। কাজেই এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhoy Pada Saha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের স্বায়ত্ত্বশাসন মন্ত্রিমহাশয় যেভাবে জেলা পরিষদ বিল রচনা করে এই হাউসে উপস্থিত করেছেন, অবশ্য তিনি সিলেক্ট কমিটিতে এই বিল পাঠাচ্ছেন, এই বিলের যেভাবে তিনি উদ্দেশ্য বর্ণনা করেছেন বিল পড়ে সেই উদ্দেশ্য যে কতখানি সফল হবে সে বিষয় যথেষ্ট সন্দেহ আছে। কারণ, আমরা প্রত্যক্ষভাবে, গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, এই যে প্রতিষ্ঠান হয়েছে এই প্রতিষ্ঠান দিয়ে জনসাধারণের কতটুকু আশা আকাংখা সফলতা লাভ করেছে সেটা আমরা হাড়ে হাড়ে বুঝেছি। কারণ সেই সংস্থা দিয়ে সরকারী কর্মচারীদের রাজনীতি করবার বিশেষ একটা সুযোগ লাভ হয়েছে এটা আমরা দেখতে পাচ্ছি এবং এই জেলা পরিষদ বিলেও ঠিক সরকারী কর্মচারীদের জেলায় একটা রাজনীতি করবার সুযোগ এনে দিচ্ছেন, এটা এই বিলে আমরা দেখতে পাচ্ছি। কারণ গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতে বি-ডি-ও, সুপারভাইজার ইত্যাদি তাঁরাই হচ্ছেন সর্বেসর্বা, জনসাধারণ কেউ নয়। তাঁরা এই সংস্থার মধ্যে দলাদলি সৃষ্টি করে দিচ্ছেন। কাউকে লাভ দেখিয়ে, স্বার্থ দেখিয়ে দলে টেনে এনে অন্য দলকে বঞ্চিত করে এইভাবে তাঁরা গ্রামে গ্রামে গ্রাম্য রাজনীতি করছে এটা আমরা প্রত্যক্ষ দেখেছি। কারণ আমি একজন অঞ্চল পঞ্চায়েতের সদস্য। আমার এই বি-ডি-ও, সুপারভাইজার, পি-ডি-ও, এস-ডি-ও-দের কার্যকলাপ দেখে ধারণা হয়েছে যতই আমরা আইন কানুন করছি দেশের জনসাধারণের ভাল করবার জন্য সব আইন কানুনের সংগে দেখি সরকারী কর্মচারীদের কতকগুলি লোকের সুযোগ সুবিধা দেওয়া হয়েছে—জনসাধারণকে নাকে দড়ি দিয়ে টানাটানি করা হচ্ছে, তাদের হতাশায় ডুবিয়ে দেওয়া হচ্ছে। জনসাধারণ যখন অঞ্চল পঞ্চায়েত আইন হয় এদেশে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত চালু হতে থাকে তখন দেখেছি তাদের কত আশা আকাঙ্ক্ষা যে এই প্রতিষ্ঠান দিয়ে আমাদের অনেক কিছু লাভ হবে। তারপর যখন সেটা চালু হল, দেখা গেল কি জঘন্য দলাদলি মারামারি সৃষ্টি হচ্ছে এবং তার মূলে এই সরকারী কর্মচারীরা। তারা এক দলকে হাতে রাখে আর এক দলকে পেষে। তাদের সেখানে আসল উদ্দেশ্য কিসে তাদের নিজেদের সুযোগ সুবিধা সেই অঞ্চল থেকে নিতে পারা যায়। এটা করতে গেলে ওই দলাদলির সৃষ্টি করতে হয়। এইভাবে আমাদের প্রতি পাড়াগাঁয়ে একটা অসম্ভব রকম আবহাওয়ার এই অঞ্চল পঞ্চায়েতে, গ্রাম পঞ্চায়েতে এই সব চলছে। সেইভাবে একটা জেলা পরিষদ গঠন করে আবার একটা দলাদলির জায়গা সৃষ্টি করা হচ্ছে। সেজন্য আমার মনে হয় এই আইন পরিবর্তন করা দরকার। অবশ্য আমরা যারা আছি বা মন্ত্রীরা যাঁরা আছেন তাঁরা মনে করতে পারেন বা

আশা করতে পারেন যে আমরা যে বিল রচনা করেছি যে আইন করছি এই আইন দিয়ে দেশের সুখ সুবিধা, জনসাধারণের সুখ সুবিধা আনব। কিন্তু আসলে হচ্ছে তার উল্টো। কেন উল্টো হচ্ছে? আমরা ঠিকভাবে ভবিষ্যৎ ভাবতে পারছি না যে আইন হলে দেশের মানুষের সুবিধা সেইভাবে আইন আমরা তৈরী করতে পারছি না, সেজন্যে এরকম হচ্ছে। একটা গোজামিল দিয়ে দিয়ে একটা যবথব করে আমরা দেশ চালাচ্ছি। জনসাধারণ দেখছে আইন হচ্ছে অথচ তারা যে তিমিরে সেই তিমিরেই আছে। জনসাধারণের মধ্যে কোন উদ্দীপনা, আশা-আকাঙখা আমরা সৃষ্টি করতে পারছি না। এই যে বিপ্লবের কথা বলছি আইন উত্থাপিত করে, কিন্তু কার্যত দেখছি জনসাধারণের কোন চেতনা নেই, নড়ন নেই, চড়ন নেই। আমাদের আইনসভার দিকে তাদের দৃষ্টি নেই। আমরা বসে বসে এইভাবে দিন কাটাচ্ছি এবং আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রীর কাছে অনুরোধ জানাব তিনি এমনভাবে আইন করুন যাতে সরকারী কর্মচারীদের দলাদলি সৃষ্টি করার সুযোগ না থাকে। জনসাধারণ তাকে সমর্থন করবে এবং তাঁর দীর্ঘ জীবন কামনা করবে।

Shri Abani Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, এই জিলা পরিষদ বিলটি আনার উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে এর উদ্দেশ্য হচ্ছে ডেমোক্রেটিক ডিসেন্ট্রালাইজেশান, কেন্দ্রীভূত শক্তি আমরা বাদ দিতে চাইছি। দেশের মধ্যে বিকেন্দ্রীকরণ হবে এর দ্বারা বলা হচ্ছে। তা ছাড়া মন্ত্রীমহাশয় এই বিল ব্যাখ্যা করবার সময় বললেন যে, এই বিলের মাধ্যমে গ্রামীণ সমাজ ব্যবস্থার মধ্যে তিনি একটা বিপ্লব আনতে পারবেন এই আশা রাখেন। এখন প্রশ্ন হচ্ছে এই বিল যে আকারে এসেছে তাতে সেই উদ্দেশ্য সফল হবে কিনা? এই বিলের আকার যদি ব্যাখ্যা করি তাহলে দেখছি গ্রাম পঞ্চায়েত থেকে যদি শুরু করি, তার উপরে অঞ্চল পঞ্চায়েত, তার উপরে জেলা পরিষদ। এখানে গ্রাম পঞ্চায়েত বলতে বুঝি গ্রামের প্রত্যেক লোক পঞ্চায়েতের মেম্বার তারা ভোটের অধিকার পান, তারা নির্বাচন করেন, করে অঞ্চল পঞ্চায়েতের মেম্বার নির্বাচিত হয়।

[2-10—2-20 p.m.]

এই অঞ্চল পঞ্চায়েতের মেম্বার নির্বাচিত হবার পরে তার উপর ধাপ থেকে আমরা দেখতে পাচ্ছি —নির্বাচন আর হচ্ছে না। মানুষ সাধারণভাবে তাঁরা একবারই নির্বাচিত করবেন। ঐ গ্রাম-পঞ্চায়েতের নির্বাচন আর বাকি যে ধাপগুলি তৈরি হবে, তা ঐ নির্বাচনের মাধ্যমে হচ্ছে না। সেখানে হচ্ছে অঞ্চল পঞ্চায়েত তার অধ্যক্ষ যাঁরা হচ্ছেন, সেই একটা গোষ্ঠীর গুটিকয়েক লোক থেকে আবার আর একটা আঞ্চলিক পরিষদ; তারপরে আবার একটা জেলা পরিষদ। আবার তারপর তার মধ্যে নমিনেটেড লোক থাকছে। এতে করে গণতন্ত্রের বিকাশ হচ্ছে কিনা এই প্রশ্ন আমাদের মনে সাধারণত আসে। এর দ্বারা বিকেন্দ্রীকরণ হচ্ছে না, কেন্দ্রীকরণ হয়ে যাচ্ছে। কারণ, আঞ্চলিক পরিষদের গঠনটা বা জেলাপরিষদের গঠনটা সাধারণ লোকের ভোটের মাধ্যমে হ'ল না। এটা হ'ল ঐ আঞ্চলিক প্রধানদের মধ্যে একটা ভোট। আমরা যখন চাচ্ছি দেশের বেশীর ভাগ মানুষ শাসন ব্যবস্থার মধ্যে থাকুক, শাসন ব্যবস্থা চালাবার শক্তি অর্জন করুক, তখন তাদের এইভাবে আমরা কি সেই বেশীর ভাগ লোককে সেই শিক্ষা দিতে পারছি বা শিক্ষার মধ্যে টেনে নিয়ে আটক করে রাখতে পারছি? না, আমরা ঐ গুটিকয়েক লোককে যাঁদের একবারই ইলেক্ট করা হয়েছে, তাঁদেরই নেড়ে-চেড়ে এদিক-ওদিক বসিয়ে দেওয়া হচ্ছে। তাই আমাদের ধারনা হচ্ছে এতে বিকেন্দ্রীকরণ না হয়ে কেন্দ্রীকরণ হচ্ছে। আবার এ-ও আমরা দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে রয়েছে—সরকারের ক্ষমতা থাকছে যে কোন লোককে, তাঁরা যদি মনে করেন, যে-কোন সময়ে সেখান থেকে ছাড়িয়ে দিতে পারেন।

Then where is democratic decentralisation? This is undemocratic centralisation.

এই দিকটা আমি সরকারকে পরীক্ষা করে দেখতে বলবো এই প্রসঙ্গে। জেলা বোর্ড তথা লোক্যাল বডিগুলিকে যে স্বায়ত্তশাসন দেওয়া হয়েছে, সে সম্বন্ধে আমি মন্ত্রীমহাশয়কে একটা কথা স্মরণ করতে বলি এই যে, লোক্যাল বডি বা স্বায়ত্তশাসন বডিজ, মিউনিসিপ্যালিটী ও ডিস্ট্রিক্ট বোর্ড তৈরি হয়েছিল, সেটা বৃটিশ আমলে। অনেক সংগ্রাম করে সেটা তৈরি হয়েছে। তার উদ্দেশ্য ছিল এই দেশের সাধারণ মানুষ, স্থানীয় লোক শাসন চালাবার মত একটা শিক্ষা

...ক এবং সেই শিক্ষালাভ তাঁরা করতেছিলেন এবং করার উদ্দেশ্য নিয়েও কিন্তু এই ডিস্ট্রিক্ট বোর্ডগুলি আজ ঠিকভাবে চলছে না। তার একটা পরিবর্তন করা প্রয়োজন একথা আমরা স্বীকার করি। আজ তিনি যে বিল, যে আইন এখানে এনেছেন তার দ্বারা গণতান্ত্রিক বিকাশ হচ্ছে কিনা—এই প্রশ্ন আমাদের মনে জাগছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আপনি একটু পরীক্ষা করে দেখুন যে, সত্যিকারের ডেমোক্র্যাটিক ডিসেন্ট্রালাইজেশান করছেন কিনা! It is becoming just the other way round.

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, when I came to this House this morning I thought that this Zilla Parishads Bill would be referred—and it has been rightly referred—to a Joint Committee and therefore there was no scope for discussion but having been given an opportunity to speak, I feel it my duty to make some comments on the Bill.

Sir, I congratulate the Hon'ble Minister-in-charge of Local Self-Government for having introduced a revolutionary Bill, as he said, following the trail of other revolutionary pieces of legislation which this House passed only recently, namely, the Estates Acquisition Act, the Panchayet Act, etc. Sir, it is in keeping with the principles of the Constitution that powers should be decentralised and that more power should be given to the people. Sir, all that is needed—if it is really the intention of the Government to pass such a Bill—is to test the sincerity of the Government as to whether they really like the people to have control in the affairs of their country or in the building up of their villages and in doing things as they like.

Sir, I regret to find that this piece of legislation has not given the power to the people at all. The Government has retained its power, the power of nomination, as it was in the days of British rule—the alurement, viz. 'you behave properly, I will give you the nomination'—the temptation, 'behave properly as I expect you to do, I will give you nomination'. This is the basis of the Bill which is against all principles of democracy, all canons of democracy, which is against the idea contained in the Constitution.

Sir, looking at the constitution of the Zilla Parishad I find it mentioned in section 4 that a Zilla Parishad should be composed of members—Presidents of Anchalik Parishads and if there be no Anchalik Parishad in any block the Government will come in and appoint a person residing in the block as a member. Why? The Government should find out ways and means to give the choice to the people and not take the power in its hands to nominate a person in such cases.

Then again, a Chairman of a municipality in the district is appointed by the State Government. Why? Government wants to retain the control and therefore a Chairman has got to be appointed as a member of the Zilla Parishad.

Thirdly, Sir, about the President of the District School Board. If you remodel the District Board by forming this Zilla Parishad, why not remodel the District School Board altogether? You know the persons who can serve the interest of the Government most. Therefore, you try to get them in as members of the Zilla Parishad. That, Sir, is the basis of the Bill. It is not a democratic Bill at all. I also find a provision in the Bill that a Chairman would have to carry out the directions of the Government—he is supposed to do it—otherwise he will be penalised or driven out from the Body. The Government has retained the power in its hands. Sir, if you trust the people, trust them wholeheartedly, or don't trust them at all. If Government thinks that Government whip hand must always be there to control and guide the activities of the people, there is no necessity of passing this Bill at all.

Sir, it is very sweet to hear, this is a revolutionary change. Undoubtedly it is. In our Constitution it is there that all the powers should be given to the people, but not in a way by which Government will control the destinies of the people and direct them as they like. Sir, if it is intended to give more power to the people, give it, be sincere in your intention, not in a round about way to keep the power to yourself depriving the people of their rights.

Sir, I know that 36 members have been appointed as members of the Select Committee to consider the Bill. I am sure the honourable members will look into that aspect of the Bill where the democratic principles have been negatived and the rights of the people taken away. Sir, I do not oppose it because I sit here and, therefore, I am to oppose. No. Only the other day I had occasion to congratulate the Hon'ble Minister because of that adult franchise. True, he has got some revolutionary ideas, as he said, and it is a revolutionary piece of legislation. I wish he followed in action the revolutionary spirit about which he mentioned in drafting this piece of legislation, and not in this round about way by keeping the control in tne hands of the Government.

Sir, by the people, I mean people of all classes, of all parties, irrespective of the parties or political consideration. Sir, take the people into confidence, no matter to which party they belong. They may or may not belong to a particular party. If you want to give powers to the people trust the people. If you do not trust the people at all, legislation is no remedy.

With these words, Sir, I make my observations and I sit down.

[2-20—2-30 p.m.]

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল যুক্ত প্রবর সমিতিতে প্রেরণ করবার যে প্রস্তাব করা হয়েছে এবং সে সম্বন্ধে এখানে যে আলোচনা হয়েছে তা আমি গভীর মনোনিবেশ সহকারে শুনেছি। সমস্ত প্রশ্নের জবাব দেওয়া বিধেয় নয়, কারণ এই সমস্ত প্রশ্নই এই হাউসের দ্বারা নির্বাচিত ৩৬ জন সদস্যবিশিষ্ট সিলেক্ট কমিটি পুঙ্খানুপুঙ্খরূপে বিবেচনা করবেন। সুতরাং বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়া এই অবস্থায় প্রাসঙ্গিক নয় বলে আমি তার অবতারণা করব না। কিন্তু দু-একটি মৌলিক প্রশ্নের অবতারণা করেছেন বিরোধীপক্ষের কয়েকজন মাননীয় সদস্য, আমি সেগুলি সম্বন্ধে জবাব দেব, কারণ সে সম্বন্ধে আমাদের পরিষ্কার ধারণা হওয়া প্রয়োজন বলে মনে করি। একটা হচ্ছে, এই বিলের প্রতিটি স্তরে গণতান্ত্রিক অধিকার ও প্রাপ্তবয়স্ক ভোটাধিকার দেওয়া হয় নি বলে এটাকে অনেক মাননীয় সদস্য অগণতান্ত্রিক আখ্যায় অভিহিত করেছেন। দ্বিতীয় হচ্ছে, একটি বন্ধু বলেছেন এতে গণতন্ত্রের সমাধি রচনা করা হয়েছে। আর শেষকালে শ্রদ্ধেয় বন্ধু প্রবীণ নেতা পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় বলেছেন আমি বোধ হয় "বৈপ্লবিক" কথাটার মানে জানি না, বিপ্লব সম্বন্ধে আমার ধারণা নাই। তিনিও একে অগণতান্ত্রিক আখ্যায় ভূষিত করেছেন। তার একটা কারণ হল সর্বস্তরে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ক্ষমতা এই আইনে দেওয়া হয় নি। আজকে গণতন্ত্রের পূজারীদের কাছে আমার বিনীত নিবেদন, সরকার তো গণতন্ত্রের পূজারীদের কাছে মতামত জানবার জন্য এই বিলটা সার্কুলেট করেছিলেন জনমত সংগ্রহের জন্য। কিন্তু দুঃখের বিষয় সরকার পশ্চিমবাংলার প্রত্যেকটা জেলার বিভিন্ন প্রতিষ্ঠান এবং জেলা বোর্ড বা স্বায়ত্তশাসনমূলক কাজে যাঁরা লিপ্ত থাকেন তাঁদের মতামত পেয়ে উপকৃত ও অনুগৃহীত হলেও যাঁরা নিজেদের গণতন্ত্রের পূজারী বলে অভিহিত করেন, তাঁদের কাছ থেকে একটি মতও পান নি। যদি আমরা তা পেতাম তাহলে সরকার নিশ্চয়ই যেমন তাঁদের প্রথম খসড়া পরিবর্তন করেছেন তেমনি গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা দেখাবার জন্য সেগুলিও বিবেচনা করতেন। মতামত প্রকাশের জন্য যে সুযোগ দেওয়া হয়েছিল, সেই সুযোগের সদ্ব্যবহার না করে সরকারকে জনসাধারণের সামনে গণতন্ত্রের সমাধি রচনার দায়ে অভিযুক্ত করা হলে আমি বলব সেটা সমীচীন হয় না। তৃতীয়ত অনেকে বলেছেন প্রাপ্তবয়স্ক ভোটাধিকার তিনটি স্তরে দিলে এটা সম্পূর্ণ

গণতান্ত্রিক পদ্ধতি হত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় মাননীয় সদস্যরা এই বিলটা ভালো করে পড়ে দেখেন নি—যেমন একজন মাননীয় সদস্যকে আমি দেখিয়ে দিলাম—তিনি বলেছিলেন, এটা নাকি আমার সেক্রেটারি লিখে দিয়েছেন, তিনি একটা পুরানো বিলের উপর আলোচনা করে চলেছিলেন। আজকে যদি মাননীয় সদস্যরা এই বিলের মৌলিক বিষয় অনুধাবন করে দেখতেন, তাহলে তাঁরা দেখতেন প্রতি স্তরে বাংলাদেশের সাড়ে তিন কোটি লোকের মধ্যে শতকরা ২০ ভাগ শহরবাসী বাদ দিয়ে ৩ কোটি লোকের নতুন সমাজ ব্যবস্থা বাংলাদেশেই সর্বপ্রথম করা হচ্ছে। তার মধ্যে যদি আপনি প্রতি স্তরে অ্যাডাল্ট ফ্র্যানচাইজ দেন, তাহলে আপনিই গণতন্ত্রের সমাধি রচনা করবেন। কারণ, এই যে প্রতিষ্ঠানগুলি গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত স্তর, এটাই হচ্ছে প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের বেস স্ট্রাকচার, এবং তার পরে নির্বাচন করছেন আঞ্চলিক পরিষদ এবং অন্যান্য জেলা পরিষদ-এর মধ্যে একটা সামঞ্জস্য এবং সমন্বয় এবং সংযোগ রাখা হচ্ছে, যাতে প্রত্যেক স্তরের মধ্যে একটা পারস্পরিক যোগাযোগ অব্যাহত থাকে—এবং এর মধ্যে কোন কনফ্লিকটিং পাওয়ার্স নাই, এগুলি সবই কো-অর্ডিনেটিং অ্যান্ড ইন্টিগ্রেটিং পাওয়ার্স হিসাবে কাজ করবে। অনেকে বলেছেন এই কো-অর্ডিনেশন এবং ইন্টিগ্রেশন-এর দিকটা এই বিলে উপেক্ষা করা হয়েছে। এই বিলের মূল উদ্দেশ্য হচ্ছে, যে গ্রামীণ সমাজ ২০০ বৎসর ইংরাজ শাসনে উপেক্ষিত ছিল, তাদের কাছে বিজ্ঞানের বার্তা পৌঁছে দেবার কোন সুযোগ ছিল না, সেই গ্রামীণ সমাজকে কৃষ্টিতে, শিল্পে, কুটিরশিল্পে, স্বাস্থ্যে, পশুপালনে নতুন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে তাদের মধ্যে নতুন ভাবধারা সঞ্চারিত করার যে কাজ এতদিন সরকারী ব্যবস্থাধীন ছিল, সেটা নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে সম্পন্ন করে কি করে গ্রামীণ সমাজের উন্নয়ন করা যায় এটা হচ্ছে তারই একটা প্রাথমিক প্রচেষ্টা। আমাদের স্বায়ত্তশাসন ব্যবস্থায় যেসমস্ত ত্রুটি-বিচ্যুতি রয়েছে সেগুলি সংশোধন করার এই হচ্ছে প্রাথমিক প্রচেষ্টা। ভারতবর্ষের আর কোন প্রদেশে, আর কোথাও এইরকম প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা রাখা হয়নি। যেমন বিধানসভা এবং লোকসভার মধ্যে কোন কনফ্লিক্ট নাই, তাদের আলাদা আলাদা ক্ষমতা তেমনি গ্রামসভা এবং অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদের ক্ষমতা প্যারালাল এবং পরস্পর সামঞ্জস্যপূর্ণ, কো-অর্ডিনেটিং এবং ইন্টিগ্রেটিং। সেজন্য বেসিক ফাউন্ডেশান, প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারাই হচ্ছে। শুধুমাত্র তিনটি ক্ষেত্রে নমিনেশান-এর ব্যবস্থা রাখা হয়েছে—এটাকে অ-গণতান্ত্রিক আখ্যা দেওয়া হয়েছে। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি, মাননীয় সদস্যরা এটা ভালোভাবে অনুধাবন করার চেষ্টা করেন নি। এক একটা জেলায়—ধরুন মেদিনীপুর বা চব্বিশপরগনা জেলায় এই বিলের ধারা অনুসারে ৪০-৪৫ জন বেসরকারী নির্বাচিত প্রতিনিধি আসবেন। আজকে আমরা আমাদের নারীদের সমস্ত অধিকার দিয়েছি। যদি নারীরা আসবার সুযোগ না পান, যদি আমাদের অনুন্নত সম্প্রদায়ের লোক আসবার সুযোগ না পান, তাহলে যে সরকার গণতান্ত্রিক ভিত্তিতে প্রতিষ্ঠিত, যে সরকার প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত, সেই সরকারের দায়িত্ব সম্যক্ পালিত হবে না। আজকে আমাদের সমাজ উন্নয়ন পরিকল্পনায় নারীজাতি ও অনুন্নত জাতি যাতে অংশগ্রহণ করতে পারে, তার জন্যই এই মনোনয়নের ব্যবস্থা রাখা হয়েছে। যারা নারীজাতিকে সমান মর্যাদা দেন, আমি আশা করি তাঁরা এই মনোনয়ন ব্যবস্থাকে অ-গণতান্ত্রিক আখ্যা দেবেন না। এ সম্বন্ধে দু-একটা বন্ধু বলেছেন, যেহেতু একটা জায়গায় বি ডি ও-কে এক্সিকিউটিভ অফিসার করা হয়েছে, এবং ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার—এ'রা উক্ত ২৬ জনের মতো ভোট দিতে পারবেন না, তাঁরা অ্যাসোসিয়েট মেম্বার, সুতরাং তাঁরা প্রভাবিত করতে পারবেন না—এটাকে অ-গণতান্ত্রিক বলা হয়েছে। বলা হয়েছে, সরকার তাদের কুক্ষিগত করে রাখবার চেষ্টা করছেন, কিন্তু আমার মনে হয় মাননীয় সদস্যরা সরকারী লোক দেখলেই ভয় পান। চলতি কথায় বলে, ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেই ডরায়।

[2-30—3 p.m.]

সেই পুরান দিনের কথা ছিল—পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডর পায়—আজকে সে বিদেশী শাসনের সিঁদুরে মেঘও নেই আর বিদেশী শাসনে লাঞ্ছিত, প্রপীড়িত অত্যাচারের পোড়া গরুও নেই, আজ দেশের জাতীয় সরকার আপনাদেরই নির্বাচিত। সুতরাং পুরাতন দৃষ্টিভঙ্গী নিয়ে সরকারের একজন অফিসারকে দেখা আজকের দিনে সেটা অ-গণতান্ত্রিক বলে আমি মনে করি। কেন বি-ডি-ও কে পঞ্চায়েতের মধ্যে দেওয়া

হয়েছে ? আজ এই ১০ বৎসরে আমরা কি করেছি ? একটি নূতন ক্যাডার তৈরি করা হয়েছে ভারতবর্ষে যা ছিল না, সেটার নাম ন্যাশনাল এক্সটেনশান সার্ভিস। সর্ব-ভারতীয় ভিত্তিতে ইণ্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস আছে, পুলিস সার্ভিস আছে, ফরেন সার্ভিস আছে, অ্যাকাউণ্টস সার্ভিস আছে, ন্যাসনাল এক্সটেনশান সার্ভিস আছে। ১৯৫৪ সাল থেকে সর্ব-ভারতীয় ভিত্তিতে করা হয়েছে, তারা গ্রামে যাচ্ছে, কারা তারা ? এই স্বাধীন ভারতের নূতন ছেলে শিক্ষালাভ করেছে কম্পিটিশন-এর মধ্যে পাবলিক সার্ভিস কমিশন-এর মাধ্যমে। মন্ত্রীদের উমেদারী করে নয়। সেখানে তারা গ্রামে কাজ করতে যাচ্ছে। আজও যারা অজ্ঞ গ্রামবাসী—তাদের না আছে স্বাস্থ্য, না আছে শিক্ষা, তারা কিছুই জানে না। তাদের যদি সেই বিজ্ঞানের বার্তা পৌঁছে দেবার জন্য সেই ইলেকশান অফিসাররা কাজ করেন, তাদের যদি এই প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত করে দেওয়া হয় তাহলে সেগুলো কি সরকারের কুক্ষিগত হবে ? আইনটি যদি ভাল করে পড়েন, দেখবেন তাদের উপর কন্ট্রোল সরকারের নয় জেলা পরিষদের। সরকারের কন্ট্রোল শুধু একটা ডিসিপ্লিনারী এক্শন, একটা চাকরী বা সরিয়ে দেওয়ার পথে। যেহেতু তাদের ন্যাশনাল এক্সটেনশান সার্ভিস সরকারের মতানুপেক্ষ, কন্ট্রোল জেলা পরিষদের।

'আর একটি কথা, আমার বন্ধু পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় বলেছেন, আমি সম্ভবতা বৈপ্লবিক রিভলিউশনারি বলেছিলাম বলে, তিনি ব্যঙ্গোক্তি করেছেন, আমি বিপ্লবের মানে বুঝি না। আমি স্বীকার করছি পাঁচুবাবুর দল যে দৃষ্টিতে বিপ্লব দেখেন, সেটা আমি গ্রহণ করি না বা স্বীকারও করি না। আমি মনে করি জগতে রক্তাক্ত বিপ্লব, লোকক্ষয়ী বিপ্লব, মানুষের ধ্বংসকারী বিপ্লব ছাড়াও শান্তিপূর্ণ বিপ্লব সম্ভব। ভারতবর্ষ মহাত্মা গান্ধীর নেতৃত্বে সারা বিশ্বে প্রমাণ করে দিয়েছে এবং পৃথিবীর অন্য দেশ সে নীতি বৈজ্ঞানিক দৃষ্টিতে আজ সমালোচনা করছে, দেখছে যে, জগতে শান্তিপূর্ণ বিদ্রোহ সম্ভব। সুতরাং এই শান্তিপূর্ণ বিদ্রোহ, বিপ্লব আনবার প্রচেষ্টাকে যদি তিনি বলেন যে, আমি বিপ্লবের মানে জানি না, আমি তাঁর কাছে স্বীকার করছি, তাঁদের যে দল, যে বিপ্লব নীতি নিয়ে বা বিপ্লব প্রচার করছেন সে বিপ্লবের সঙ্গে আমাদের দলের কোন মতৈক্য নেই, সংস্রব নেই। আমরা নূতন বিপ্লব আনতে চাই। শান্তিপূর্ণভাবে যা আনবার প্রচেষ্টা করছি।

তৃতীয় কথা শেষকালে এই অ্যাডাল্ট ফ্র্যানচাইজ না করায় আমাকে বলেছেন অ-গণতান্ত্রিক। আমি স্মরণ করিয়ে দিতে চাই, আমি চায়না গিয়েছিলাম, সেখান থেকে তাদের ইলেকটোরাল লজ কিনে এনেছি- এখনও আমার গ্রন্থাগারে আছে, সেই চায়না নীতিকে তিনি যদি মনে করেন সেটাই হচ্ছে বিশ্বের গণতান্ত্রিক নীতি সেখানে শুনবেন কি ভাবে এই নির্বাচনগুলি হয় ? নিজের চোখে দেখে এসেছি এবং কিনে এনেছি। এই গ্রামসভা নির্বাচিত হয় প্রাপ্তবয়স্ক ভোটাধিকারে ভোট দিয়ে ব্যালট পেপার-এর মাধ্যমে গোপনে নয় প্রকাশ্যে হয়, হাত তুলে, তাঁরা করলেন গ্রামসভা ইলেকটোরাল লজ অফ চায়না। পড়ে দেখবেন সেই গ্রামসভা নির্বাচন করেন ইনডাইরেক্ট ইলেকশন-এ মহকুমা সভা, সেই মহকুমা সভা নির্বাচন করেন ইনডাইরেক্ট ইলেকশন-এ জেলা সভা, সেই জেলা সভা নির্বাচন করেন ইনডাইরেক্ট ইলেকশন-এ প্রাদেশিক সভা, স্টেট পিউপিলস কংগ্রেস সেই প্রাদেশিক সভা নির্বাচন করেন ইনডাইরেক্ট ইলেকশন-এ ন্যাশনাল পিউপিলস কংগ্রেস, অর্থাৎ লোকসভা। যদি তাঁদের মতে গণতন্ত্রের বিশ্বপূজারী নব্য চীন এই নীতি গ্রহণ করতে পারে তাহলে আজ তাঁরা কি করে একথা বলেন ? আজকে সেখানে আমরা প্রাপ্তবয়স্ক ভোটাধিকারে অঞ্চল পঞ্চায়েত দিয়েছি, আমরা যেখানে বিধানসভায় প্রাপ্তবয়স্ক ভোটাধিকার দিয়েছি, লোকসভায় প্রাপ্তবয়স্ক ভোটাধিকার দিয়েছি, আমরা প্যারালাল ইন্সটিটিউশন সেখানে করছি না, কো-অর্ডিনেটিং ইন্টারগ্রেটিং ইন্সটিটিউশন যদি প্রথম পর্যায়ে প্রাপ্তবয়স্ক ভোটাধিকার করি এবং তার উপর্যুপরি ২টি স্তরে না করি তা হলে গণতন্ত্রের সমাধি রচনা করা হচ্ছে না এবং স্বাধীন ভারতবর্ষের গণতন্ত্রকে শক্তিশালী সমৃদ্ধ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে বিলের মোশন দিয়েছি, আমি আবার বলছি ঐ তারিখ বদলে দিতে চাই, ২৮এ ফেব্রুয়ারি যেটা ছিল সেটা দয়া করে ৩০এ জুন পর্যন্ত করে আমার প্রস্তাব আমি সভার সকলের সামনে রাখলাম এবং নারায়ণবাবুর বদলে ওরা সনৎ রাহা মহাশয়কে দিয়েছেন সেটা গ্রহণ করে নিচ্ছি।

Mr. Deputy Speaker: I think the House has no objection if the name of Dr. Narayan Chandra Roy be substituted by the name of Shri Sanat Kumar Raha.

[There was no objection]

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the West Bengal Zilla Parishads Bill, 1962, be referred to a Joint Committee of both Houses consisting of 36 Members; 30 Members from this House, namely:

(1) Shri Ajoy Kumar Mukherjee,
(2) Shri Khagendra Nath Das Gupta,
(3) Shri S. M. Abdullah,
(4) Shri Santi Gopal Sen,
(5) Shri Ashadulla Choudhury,
(6) Shri Ramendra Nath Dutt,
(7) Shri Ambika Charan Das,
(8) Kumar Jagadish Chandra Sinha,
(9) Shri Narendra Nath Sarker,
(10) Shri Asoke Krishna Dutta,
(11) Shri Krishna Kumar Shukla,
(12) Shri Rajkrishna Mondal,
(13) Shri Abani Kumar Basu,
(14) Shri Kanai Lall Dey,
(15) Shri Ananga Mohan Das,
(16) Shrimati Tusar Tudu,
(17) Shri Debendra Nath Mahato,
(18) Shri Gokul Behari Das,
(19) Shri Ananda Gopal Mukhopadhyay,
(20) Shri Baidya Nath Banerjee,
(21) Shri Sunil Das Gupta,
(22) Shri Deo Prakash Rai,
(23) Shri Nani Bhattacharjee,
(24) Shri Kashi Kanta Maitra,
(25) Shri Somnath Lahiri,
(26) Shri Syed Abul Mansur Habibullah,
(27) Shri Sanat Kumar Raha,
(28) Shri Nagen Dolai,
(29) Shri Amarendra Nath Basu, and
(30) The Minister-in-charge of the Department of Local Self-Government and Panchayats (the mover),

and 6 Members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of Members of the Joint Committee;

that the Committee shall make a report to this House by the 30th June, 1963;

that in other respects the rules and procedure of this House relating to the Committees will apply with such variations and modifications as the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House names of the Members to be appointed by the Council *to* the *Joint Committee.*

was then put and agreed to.

[At this stage the House was adjourned till 3 p.m.]

[After adjournment.]

[3—3-3 p.m.]

The West Bengal Control of Processions and Assemblies Bill, 1962

The Hon'ble Jagannath Kolay:

স্যার, আজকে এই বিলটা স্থগিত রাখবার জন্য বলছি। কারণ, এই বিলটা সম্বন্ধে আমাদের পার্টিতে আরো কিছু আলোচনা করবার আছে। কাজেই আমি অনুরোধ করবো আজকে এখন হাউসকে অ্যাডজোর্ন করা হোক, কালকে বারোটায় আবার আমরা মিট করবো।

Mr. Speaker: The House has to be adjourned for the day to meet tomorrow at 12 noon. In the event of the Control of Processions and Assemblies Bill not being moved tomorrow, then I will take up the Board of Secondary Education Bill tomorrow at 12 noon. The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 3-3 p.m. till 12 noon on Tuesday, the 8th January, 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th January, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 12 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State, 9 Deputy Ministers and 178 Members.

STARTED QUESTIONS
(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Fall in price of raw jute

***4.** (Admitted question No. *3.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if the Government is aware of the sudden and sharp fall in the price of raw jute in this State and the reasons thereof; and

(b) whether the State Government proposes to take steps to stabilise the price of jute?

The Hon'ble Smarajit Bandyopadhyay: (a) Yes, the reasons may be summarised as follows:—

(i) Absence of adequate interest of the buyers and consequential disequilibrium in supply and demand.

(ii) Transportation difficulties for diversion of wagons for defence supplies.

(iii) Temporary accumulation of stocks at loading points initially and thereafter at destination railheads.

(iv) Panic in the minds of growers and their urge to sell the produce quickly at any price.

(b) Yes.

Shri Kashi Kanta Maitra: Is the Hon'ble Minister aware that particularly in the border districts, viz. Nadia, Murshidabad and certain other districts there has been a very sharp fall in the price of jute?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Yes, there has been fall in the price of jute throughout West Bengal, particularly in northern districts. As far as Nadia is concerned, I can tell the honourable member that in the last week of December, 1962, it varied from Rs. 26 to Rs. 27. It was Rs. 28 to Rs. 29 in September, 1962.

Shri Kashi Kanta Maitra: Has the Hon'ble Minister made any comparative study as regards the rate of fall obtaining in Nadia, Murshidabad and other districts and in Calcutta?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Yes, we had a comparative study. If the honourable member gives me notice I can give the figures.

Shri Kashi Kanta Maitra: Can the Hon'ble Minister tell us if the fall in prices all over is identical, or it varies from place to place?

The Hon'ble Smarajit Bandyopadhyay: It varies from district to district.

Shri Kashi Kanta Maitra: Is the Hon'ble Minister particularly aware that in the border districts of Nadia and Murshidabad serious allegations have been made that corrupt practices are being indulged in by jute traders functioning in league with the border police?

The Hon'ble Smarajit Bandyopadhyay: I have no such information.

Shri Kashi Kanta Maitra: Is the Hon'ble Minister aware that jute is being sold at a throw-away price, particularly in East Pakistan?

The Hon'ble Smarajit Bandyopadhyay: Yes, it is lower than that in India.

Shri Kashi Kanta Maitra: Is the Hon'ble Minister also aware that this jute which is being sold at a throw-away price in East Pakistan, is being smuggled into Nadia and Murshidabad and sold at a low price to crush the local mrket?

The Hon'ble Smarajit Bandyopadhyay: I have no information I have seen it in the papers.

Shri Kashi Kanta Maitra: Has the Hon'ble Minister received any allegation as such—I made an allegation—against the police for indulging in corrupt practices?

The Hon'ble Smarajit Bandyopadhyay: I have no information.

Shri Nani Bhattacharjee:

উত্তর বাংলায় বিশেষ করে কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় যাঁরা পাটের মহাজন, তাঁরা পাট কিনেন নি অক্টোবরের শেষ থেকে নবেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত, যার ফলে চাষীরা পাটের দাম পায়নি এটা সত্য কিনা?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আগেই বলেছি উত্তর বাংলায় দর খুব কমে গিয়েছে।

Shri Nani Bhattacharjee:

সেটার কারণ কি এই যে, মহাজনরা অক্টোবর মাস থেকে আরম্ভ করে নবেম্বর-এর প্রথম সপ্তাহ পর্যন্ত পাট কিনেন নি একদম?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আমি আগেই বলেছি
absence of adequarte interest of the buyers.

Shri Sailendra Nath Adhikary:

সরকারের তরফ থেকে কো-অপারেটিভ-এর মাধ্যমে কিছু কিছু পাট খরিদ করবার প্রচেষ্টা হয়েছে কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

হ্যাঁ, কো-অপারেটিভ মারকেটিং সোসাইটির মাধ্যমে সরকার এনকারেজ করেন।

Shri Sailendra Nath Adhikary:

কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির মাধ্যমে এই যে পারচেজ হচ্ছে তাকে বড় বড় মিল ওনারস-দের এজেন্টরা ইউটিলাইজ করছে কিনা, এ খবর অনারেবল মিনিস্টার রাখেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

না, আমি এমন কোন খবর রাখি না।

Shri Kashi Kanta Maitra: Has the Government any policy at the moment to buy up the entire jute stock to stablise the price apart from the co-operative societies?

The Hon'ble Smarajit Bandyopadhyay: For the information of the honourable member I may say that the Government of India have been asked to move for taking proper action. Minimum operational price has been fixed at Rs. 30 per maund (basis Assam bottom) at Calcutta. All other varieties should obtain price in parity with Calcutta minimum. The Government of India have asked the State Trading Corporation to build a buffer stock to support the above price and the marketing co-operatives have been geared up. For effective participation in the price support scheme, a target of 6.5 lakh maunds of jute has been distributed to 26 Large-sized Marketing Co-operatives and 8 Service Societies in West Bengal for sale to State Trading Corporation. The Co-operation Department have rendered financial assistance to a number of co-operatives for purchasing baling plants and the jute grading parties of the Agriculture Department have been assisting the co-operatives in grading their jute stock. The Jute Commissioner, Government of India, has asked the IJMA to revive the minimum purchase quota of raw jute with immediate effect. Their minimum purchase quota has been fixed at 9 bales each for November and December 1962.

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, মুর্শিদাবাদ জেলায় পাটের দর ৩০ টাকার অনেক নীচে নেমে যায়, এবং পল্লীঅঞ্চলে, যেমন দয়ারামপুর, ফিরোজপুর ইত্যাদি ভিলেজে ১৫-১৬ টাকায় বিক্রি হয়েছে, তদুপরি ঢলতা ইত্যাদি আদায় করার ফলে পাটের দাম আরো কম পাওয়া যায়। এই বিষয় সরকার অবগত আছেন কিনা, থাকলে প্রতিকারের কোন চেষ্টা করেছেন কিনা?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মুর্শিদাবাদ জেলা সম্পর্কে বলতে পারি সেপ্টেম্বরে ২৯ টাকা থেকে ৩০ টাকায় বিক্রী হয়েছে, ডিসেম্বরে ২৮ থেকে ২৯৷৷০ টাকায় বিক্রী হয়েছে এটা সেকেন্ডারি মার্কেট, প্রাইমারি মার্কেটে ২৮ টাকায় সেপ্টেম্বরে, ডিসেম্বরে ২২ টাকা থেকে ২২৷৷০ টাকা। ঢলতা সম্পর্কে যা বলছেন, আমাদের একটা

Warehouse Co-operative Bill, Market Regulation Bill

আসছে, তাতে এগুলি রেগুলেট করা হবে।

Shri Sanat Kumar Raha:

চাষীদের কাছ থেকে ৪০ কিলোগ্রামে এক মণ নেওয়া হচ্ছে, এর প্রতিবিধানের জন্য সরকার কিছু করছেন কিনা?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মাননীয় সদস্যকে আমি জানাতে পারি আমাদের এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর কয়েকটা বিল পেন্ডিং আছে,

Corporation Bill, Market Regulating Bill.

এই বিলগুলিতে আমরা এইসমস্ত রেগুলেট করতে পারব।

Shri Sailendra Nath Adhikary:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি-- ক্রপ, মিডল, বটম -এই যে তিনরকম রেট, এই রেটগুলি বিভিন্ন গঞ্জে পারচেজ করবার সময় কো-অপারেটিভ ট্রেডারস্ ফলো করছে কিনা?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আমি আগেই বলেছি, আমাদের এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে একটা গ্রেডিং পার্টি হয়েছে, এই গ্রেডিং পার্টি চাষীদের গ্রেডিং শেখাচ্ছে যাতে সবরকম ভালমন্দ একটু বিক্রী করে চাষীরা ক্ষতিগ্রস্থ না হয়।

Shri Kashi Kanta Maitra: *Is the Hon'ble Minister aware that despite Dr. Roy's bold announcement as regards the minimum price of jute, in Calcutta the Jute Hessian Exchange entered into the market in the role of sellers and they tried to undersell jute and thereby bring down the price of jute? Is he aware of it?*

The Hon'ble Smarajit Bandyopadhyay: I am not aware of it. You may ask the Hon'ble Commerce and Industry Minister about it.

[12-10—12-20 p.m.]

Modified ration dealers

***5.** (Admitted question No. *14.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the number of modified ration dealers in West Bengal districtwise;

(b) if all these ration dealers are running their shops; and

(c) if not, the reasons thereof?

The Hon'ble Charu Chandra Mahanti: (a) A statement is laid on the table districtwise.

Statement referred to in reply to clause (a) of the Starred Assembly Question No. *5

Name of the area district.	No of Fair Price Modified Ration dealers as on 23-12-62.
Calcutta Industrial Areas	3,193
24-Parganas	1,232
Nadia	739
Murshidabad	749
Jalpaiguri	291
Malda	103
West Dinajpur	244
Darjeeling	274
Cooch Behar	151
Bankura	694
Burdwan	895
Birbhum	526
Hooghly	533
Howrah	482
Midnapore	764
Purulia	204

(b) Not all at present.

(c) There is no sufficient demand from the consumers mainly due to appearance of new crops in the market.

Shri Sudhir Chandra Das:

ধান ওঠেনি বলে রেশনের দোকানে চাল সরবরাহ স্বাভাবিকভাবে হয়নি—এটা কখন দিতে পারবেন জানাবেন কি?

The Hon'ble Charu Chandra Mahanti:

চাল সরবরাহ দিতে পারছি না এটা আপনাকে কে বলল?

Shri Sudhir Chandra Das:

আপনার এ্যানসারটা আর একবার বলুন।

The Hon'ble Charu Chandra Mahanti: The demand from the consumers is less. Therefore, some of the ration shops are not functioning.

Shri Sailendra Nath Adhikary:

আপনি বললেন যে,
some of the ration shops function
করছে না, কিন্তু কতগুলো ফাংশান করছে জানাবেন কি?

The Hon'ble Charu Chandra Mahanti:

এখন ৩ হাজার ৬০৬টা
ration shops not functioning in all the districts.

Shri Kashi Kanta Maitra: Is the Government contemplating any measure so as to compel the modified ration shops to start resuming their functions?

The Hon'ble Charu Chandra Mahanti: No, when there is not sufficient demand from the consumers, why should we compel the dealers to stock rice and wheat?

Shri Kashi Kanta Maitra: Is it due to the fact that because of the low quality of rice, there is less demand on the part of the consumers? Is he aware of it?

The Hon'ble Prafulla Chandra Sen: That is a matter of opinion.

Shri Kashi Kanta Maitra: I am afraid, it is not a matter of opinion. I would request the Hon'ble Minister to explain how it is a matter of opinion.

The Hon'ble Charu Chandra Mahanti: Of course, there are some varieties of rice for which there is less demand on the part of the consumers.

Shri Sudhir Chandra Das:

এই ক্ষেত্রে দেখা যাচ্ছে এখনও পর্যন্ত রেশনের দোকানে চাল সরবরাহ নেই, শুধুমাত্র গম আছে এটা কি সত্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

সমস্ত রেশনের দোকানে চাল এবং গম একসঙ্গে দেওয়া হয়, কেবলমাত্র গম কোন রেশনের দোকানে দেওয়া হয় না।

Shri Kashi Kanta Maitra: Modified ration shops
চালু না হলে লোকের যে অসুবিধা হবে সেটা কি মন্ত্রিমহাশয় স্বীকার করেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

রেশন শপ তখন চালু হবে, যখন লোকে চাল এবং গম কিনতে যাবে।

Shri Kashi Kanta Maitra:

কিছুদিন পূর্বে নদিয়া জেলার ডেভেলপমেন্ট কাউন্সিল-এর যে সম্মেলন হয়, তাতে সেখা S.D.O. 60 per cent. of the modified ration shops are not *functioning* *এটা স্বীকার করেছিলেন, এবং সেখানকার সাব-ডিভিশনাল অফিসার অভিযোগ করেছিলেন যে, এর জন্য মডিফায়েড র‍্যাশন শপস যারা চালু করছেন তাদের গাফিলতি আছে। এই ব্যাপারে যদি তদন্ত করেন তাহলে* *full facts will come to light.* এটা কি করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্ন তো ছিল না।

Shri Kashi Kanta Maitra: Sir............

Mr. Speaker: Mr. Maitra, your question has been sufficiently answered.

Fixation of maximum price of rice

***6.** (Admitted question No. *20.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) এ বছর ধানের সর্বোচ্চ মূল্য নির্ধারণের বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা; এবং

(খ) বিবেচনা করিলে এ সম্পর্কে সিদ্ধান্ত কবে ঘোষিত হইবে?

The Hon'ble Charu Chandra Mahanti:

(ক) বর্তমানে এরূপ কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

আপনি কি জানেন এখন এই পৌষ মাসেও চব্বিশপরগনা এবং মেদিনীপুরে ধানের দাম ১৫-১৬ টাকা উঠেছে।

The Hon'ble Charu Chandra Mahanti:

হাঁ, জানি।

Shri Sudhir Chandra Das:

ধানের দাম বাড়বে এটা কি মন্ত্রিমহাশয় অনুভব করেন।

The Hon'ble Charu Chandra Mahanti:

কমবে বলে আশা করি।

Shri Sudhir Chandra Das:

এই বৎসর ধানের উৎপাদন পশ্চিমবাংলায় গত বৎসরের চেয়ে কম না বেশী?

The Hon'ble Charu Chandra Mahanti:

সমান সমান আছে বলে মনে করি।

Shri Sudhir Chandra Das:

আপনি জানাবেন কি চাল সরবরাহ ও গম সরবরাহ, যে কথা মন্ত্রিমহাশয় উত্তর দিলেন, গত বৎসরের মত তা কি র‍্যাশন দোকানে রাখতে পারা যাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই।

Enlistment of Home Guards

***7.** (Admitted question No. *51.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) the number of persons so far enlisted as Home Guards;

(b) the basis for such enlistment; and

(c) the functions of these Home Guards?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) 5,385;

(b) on the basis of the West Bengal Home Guards Rules, 1962;

(c) the functions of these Home Guards are—

(i) to assist the police force in the protection of the civil population against the forces of crime and disorder;

(ii) to work in close touch with the Civil Defence organisation;

(iii) to perform such duties in connection with the protection of persons, the security of property or the public safety as the State Government may from time to time by rule assign to them.

Shri Sanat Kumar Raha:

বিভিন্ন জেলায় হোম গার্ড সংখ্যা নির্ধারণ করা হয়েছে সেটা পপুলেসন-এর ভিত্তিতে না-কি, এ বিষয় জানান দরকার, দ্বিতীয়তো হোম গার্ড-এ যারা কাজ করবেন তাদের কোন সময় কোন কাজের জন্য পেমেণ্ট বা অনারারিয়াম দেওয়া হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

কতকটা পপুলেশন-এর ভিত্তিতে।

Shri Sailendra Nath Adhikary:

এই হোম গার্ড যে নেওয়া হচ্ছে, এই হোম গার্ড-এর ব্যাপারে সরকারের তরফ থেকে এমন কি কোন ইন্সট্রাকশন আছে পুলিস সুপারিন্টেন্ডেন্ট-এর উপরে যে ডিসক্রিমিনেশন করা হবে regarding political parties or affiliation to political parties.

The Hon'ble Prafulla Chandra Sen:

না, এরূপ পলিটিক্যাল পার্টির সম্বন্ধে কিছু বলা হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

বিভিন্ন জেলায় হোম গার্ড কমিটি বা সিভিল ডিফেন্স কমিটি গঠিত হয়েছে আমাদের কাছে রিপোর্ট এসেছে সেসমস্ত কমিটিতে একটি মাত্র দল কংগ্রেস দল ছাড়া নেওয়া হয় নি। যদিও অনারেবল চীফ মিনিস্টার গত সেসন-এ বলেছিলেন যে নেওয়া হয় নি। বর্ধমানের দাশরথী তার মত মাননীয় লোক বললেন, তিনি বললেন, তাকে নেওয়া হয় নি। মেদিনীপুর, পুরুলিয়াও এই হয়েছে। এ বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয় কি বলবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

দল নিরপেক্ষ এ সমস্ত কমিটি গঠিত হয়েছে, আমি অন্যান্য জেলার কথা জানি না, তবে মাননীয় শৈলবাবু বলছেন হাওড়া জেলায় কানাইবাবু ও শিবনাথবাবু আছেন।

Shri Kamal Kanti Guha:

মুখ্যমন্ত্রী মহাশয় যখন দল নিরপেক্ষতার কথা বললেন, আমরা বিহারে দেখেছি যে সেখানে প্রেসিডেন্ট কংগ্রেস কমিটিকে নেওয়া হয়েছে কিন্তু প্রেসিডেন্ট ফরওয়ার্ড ব্লককে কমিটিতে নেওয়া হয় নি কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

President, Congress Committee

হিসাব নেওয়া হয়েছে কি, নাম হিসাবে নেওয়া হয়েছে জানি না, তবে মনে হয় নাম হিসাবে নেওয়া হয়েছে।

[12-20—12-30 p.m.]

Shri Somnath Lahiri:

এই হোমগার্ড নিয়ন্ত্রণ কি সাধারণভাবে পুলিশ ডিপার্টমেন্টের হাতে?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, সাধারণভাবে এবং বিশেষভাবে।

Shri Nani Bhattacharjee:

হোম গার্ড বাংলাদেশে কত রিক্রুট করা হয়েছে? তার টারগেটটা বলতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা বলতে পারি না। তবে ৩১এ ডিসেম্বর পর্যন্ত আমরা২৮,০৬৭টি অ্যাপ্লিকেশন পেয়েছি। যেমন যেমন ট্রেনিং-এর ব্যবস্থা করতে পারবো সেইভাবে সংখ্যাও বাড়াতে থাকবো।

Shri Sanat Kumar Raha:

এই হোম গার্ড রিক্রুটমেন্টের মান কি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যোগ্যতার মান হবে তারা কর্মঠ হবে, তারা নিয়মানুবর্তী হবে, তারা আদেশ পালন করতে পারবে।

Shri Nani Bhattacharjee:

এই হোম গার্ড রিক্রুট করার সময় কোন ডিসক্রিমিনেট করা হয় কিনা? কোন কোন জায়গায়, যেমন আমার জেলায় রেসপেক্টেবল লোকদের নেওয়া হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

রেসপেক্টেবল নেওয়া হবে, কি ডিস-রেসপেক্টেবল নেওয়া হবে তা জানি না।

Shri Nani Bhattacharjee:

এইরকম কোন সারকুলার দেওয়া হয়েছে কিনা গভর্নমেন্টের তরফ থেকে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না।

Shri Sailendra Nath Adhikary:

হোম গার্ড রিক্রুটমেন্টের ক্ষেত্রে সমস্ত জায়গায় কি একই নীতি প্রযোজ্য হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, সরকার থেকে একরকম নীতির কথাই উল্লেখ করেছে।

Enlistment for A.R.P. work

***8.** (Admitted question No. *52.) **Shri Jagat Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) the number of persons so far enlisted for A.R.P. work; and

(b) what measures have so far been taken for A.R.P. work?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) 1,460 persons up to 20th December, 1962.

(b) A statement is placed on the table of the House.

Statement referred to in reply to clause (b) of starred question No. 8

Measures so far taken for A.R.P. work.

In West Bengal A.R.P. (Civil Defence) measures are being organised for the following areas:—

(1) Calcutta city.

(2) Indutrial areas of the 24-Parganas district, consisting of 19 Municipalities from Budge Budge to Kanchrapara, together with some urbanised fringes.

(3) Municipal areas of Howrah and Bally, together with urbanised fringes.

(4) Industrial areas of the Hooghly district, consisting of 11 towns from Uttarpara to Bansbaria.

(5) Industrial areas of the Burdwan district extending from Durgapur to Chittaranjan.

(6) Kharagpur town.

(7) Jalpaiguri and Alipurduar towns in the Jalpaiguri district.

(8) Cooch Behar town.

(9) Darjeeling, Kalimpong and Siliguri towns in the Darjeeling district.

For organising Civil Defence, including A.R.P. measures, a Director of Civil Defence has been appointed for the State. Whole-time Controllers of Civil Defence have been appointed for the bigger areas and part-time Controllers for the smaller ones. Officers commanding the Services have been appointed for all the areas. The Controllers and their officers have started recruiting personnel for the various Services. The total number of persons enlisted up to 20th December, 1962, is 14,060.

Further recruitment for filling up about 250,000 vacancies is continuing. The persons already enlisted are being trained. For the purpose of training, some officers were sent to the Government of India's Emergency Training Institute at Nagpur. A School for training Civil Defence workers has been started in Calcutta, at which Instructors are being trained. Another Institute for training the persons in fire-fighting and rescue work has been started under the Director of Fire Services in Behala.

For Factories and essential Services, the managements have been advised and have started Civil Defence work, which will be done in co-operation with the organisations set up by the Government.

Slit trenches have been dug for protection in some of the Civil Defence areas. This has been done mostly by voluntary labour.

For securing the equipment required for the Civil Defence Services, a special organisation under a Controller of Purchase and Stores has been set up. Steps are being taken for securing equipment. Some sirens have already been secured and steps are being taken to secure more.

Some medical equipment have been received from the Government of India.

Sites for establishing Civil Defence units, such as, Central and Report Centres, First Aid Posts, Wardens Posts, Depots, etc., have been selected in some cases and preparations are in progress for making them fit for use.

The Fire Services are being strengthened and hospital arrangements expanded. Steps are also being taken for providing alternative sources of supply, in case the public utilities are interfered with or damaged during air raids.

Preparations have also been made for enforcing lighting restrictions, when decided upon.

Arrests for black-marketing or profiteering

***9.** (Admitted question No. *54.) **Shri Tarun Kumar Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Anti-Corruption and Enforcement) Department be pleased to state how many persons have so far been arrested for black-marketing or profiteering since the declaration of Emergency?

The Hon'ble Prafulla Chandra Sen: 60 persons in the district and 297 persons in Calcutta—totalling 357 persons.

Dr. Narayan Chandra Roy:

আমার সাপ্লিমেন্টারি হচ্ছে, এই ব্ল্যাকমার্কেটিয়ার্স, প্রফিটিয়ার্সদের ব্যাপারে যাতে শুধু ছোট ছোট দোকানের উপর না হয়ে যেখানে ফ্যাক্টরি প্রডাকশন ও কেন্দ্রীয় প্রডাকশন হচ্ছে, সেখানেও যাতে যেতে পারেন তার সম্বন্ধে কি নীতি নির্ধারিত হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা হল প্রপোজাল ফর অ্যাকশন।

Dr. Narayan Chandra Roy:

এ সম্বন্ধে আপনাদের নীতি কি নির্ধারিত হয়েছে সেটা জানতে চাই?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্ন এখানে আসে না।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received five Calling Attention notices on the subject of—

(1) Steady rise in small-pox cases in Calcutta—by Shri Sambhu Charan Ghosh.

(2) Wastage of money on purchasing fire fighting equipment in West Bengal—by Shri Nikhil Das.

(3) Shifting of the Headquarters of D.V.C. from Calcutta to Maithon—by Dr. Narayan Chandra Roy.

(4) Smuggling of rice from North Bengal to Tibet—by Shri Sunil Das Gupta.

(5) Notice by the Government for realising arrear rents, loans, etc. from the peasants—by Shri Sanat Kumar Raha.

I have selected the last one submitted by Shri Sanat Kumar Raha regarding realising arrear rents, loans etc., from the peasants and I request the Minister concerned to make a statement or to give a date for making such a statement.

Statement in reply to Calling Attention Notice

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহোদয়, এ বছর ফসলের অবস্থা দেখে মনে হয় না যে, সাধারণভাবে খাজনা পরিশোধ করতে কৃষকদের কোন অসুবিধা হবে। খাজনা তাঁদের আয়ের সামান্য অংশমাত্র। ১৯৩৭ সালের পর থেকে কোন খাজনা বৃদ্ধি করা হয় নি, বরং ১৯৪০ সালে যেখানে গড় খাজনা ছিল ফসলের শতকরা ১৫ ভাগ, এখন তা নেমে শতকরা ৩ ভাগে এসে দাঁড়িয়েছে। দেশের এই সংকট এবং আমার ও মুখ্যমন্ত্রীর আবেদনের প্রত্যুত্তরে বহু কৃষক স্বেচ্ছাপ্রণোদিত হয়ে তাঁদের দেয় খাজনা পরিশোধ করে সরকারকে সাহায্য করছেন। আদায়ের জন্য কঠোর ব্যবস্থা কদাচিৎ গ্রহণ করা হয়। এরূপ ব্যবস্থা গ্রহণের কোন প্রয়োজন হবে না যদি মাননীয় সদস্যগণ এ বিষয়ে সরকারের সংগে সহযোগিতা করেন এবং সকলের নিকট আবেদন জানান যাতে তাঁরা তাঁদের দেয় টাকা পরিশোধ করে এই সংকটের সময় সরকারকে সাহায্য করেন।

Statement in reply to Calling Attention Notice

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, with reference to calling attention notice of Shri Nikhil Das, I have to state that it is not known how far the Prime Minister has been correctly quoted. According to the press reports he is reported to have discouraged (1) observance of black-out, (2) digging of trenches and making underground shelters, and (3) purchase of fire fighting equipments. The motion, however, relates only to the third item, namely, purchase of fire fighting equipments. As regards fire fighting equipments, these are of two types, namely, trailer pumps used by the fire brigade, and stirrup pumps used by individuals for fighting small fires particularly at the incipient stage. It is not known which particular type of fire fighting equipments has been referred to in the newspaper.

In November 1962 the Government of India wanted to know our total requirements of trailer pumps and stirrup pumps and our tentative calculations, namely, 340 trailer pumps and ancillaries and 21,000 stirrup pumps, were communicated to the Government of India. We have not purchased any trailer pumps or stirrup pumps yet. Neither have the Government of India supplied any for civil defence purposes. We have not even asked for any separate allotment of money for the purchase of fire fighting equipments, either trailer pumps and their accessories or stirrup pumps. It has been ascertained from the Local Self-Government and Panchayats Department that they too have not asked for any money on account of civil defence for purchase of fire fighting equipments from the Government of India far from having purchased any. It appears, however, that in 1959-60 they (the Local Self-Government and Panchayats Department) requested the D.G.S.&D. for supply of fire fighting equipments for normal purposes for a sum of about Rs. 5 lakhs. This has nothing to do with the present emergency. Of this, during 1961-62, four sets only of fire engines were supplied and the cost involved amounted to about Rs. 1,70,000. It is not understood on what information the statement in question has been made.

The other two points of the statement attributed to the Prime Minister relate to (1) observance of black-out, and (2) digging of trenches and making underground shelters. As regards observance of black-out, this has not been done in the State as a whole. Some action on these lines was taken by the local officers in the North Bengal districts when the instructions of the Government of India regarding the implementation of civil defence measures were communicated to them. It is believed that the local military authorities also advised the District Officers accordingly. This information need not perhaps be made public.

As regards digging of trenches and constructing other shelters, the Government of India advised the State Government at the begnning of December 1962 in a letter that no expensive air raid shelters should be built but slit trenches may be dug where open space is available through voluntary efforts as far as possible.

[12-30—12-40 p.m.]

The question of baffle walls was under examination and until furth instructions such walls might not be constructed. There has been i instruction since then and we have been working according to this directive

The number of slit trenches dug in this State is rather small. In most cases trenches have been dug by voluntary. unpaid labour. Government have not yet spent any money on digging slit trenches. There has been no instruction from the Government of India discouraging the digging of slit trenches.

Dr. Narayan Chandra Roy: Before you proceed further

আমি একটা কথা বলতে চাই স্যার, আমার একটা কোশ্চেন দেওয়া ছিল, ফর ওরাল অ্যানসার, কিউ ৫৩: আমি আজ হোম ডিপার্টমেন্ট থেকে একটা খবর পেলাম

This session is going to end very soon. My question was "the number of persons arrested under Defence of India Act or other Preventive Acts etc."

কিন্তু যেহেতু এই সেসান শীঘ্র বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং আমি রিকোয়েস্ট করছি আমাদের হোম মিনিস্টারকে

If he can give an answer. I would like to convey my request to the Home Minister.

Mr. Speaker: It has been done.

Report of the Business Advisory Committee

Mr. Speaker: The Business Advisory Committee at its meeting held on the 7th January, 1963, in my Chamber, considered the question of allocation of time for the remaining Bills to be disposed of during the current session. The recommendations of the Committee as to allotment of time for the same are –

(1) the West Bengal Control of Processions and Assemblies Bill, 1962 —8 hours

(2) the West Bengal Board of Secondary Education Bill, 1962—30 hours

(3) the West Bengal Dramatic Performances Bill, 1962 - 6 hours.

The Hon'ble Jagannath Kolay:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে বিজিনেস অ্যাডভাইসরি কমিটির নির্ধারিত তিনটি বিল এখানে উত্থাপন করবার কথা ছিল, সে সম্বন্ধে আপনার কাছে জানাচ্ছি যে

The West Bengal Control of Processions and Assemblies Bill and the West Bengal Dramatic Performances Bill, 1962

এই দুটো বিল আমরা এই সেসানে আনবো না। অতএব আমরা শুধু

West Bengal Board of Secondary Education Bill

এই সেসানে আনছি এবং তার জন্য আলোচনার সময় নির্দিষ্ট হয়েছে ৩০ ঘণ্টা।

Mr. Speaker: Leaving these two the report as amended is confirmed.

Shri Somnath Lahiri:

স্যার, আমি আপনার মারফত একটা কথা জিজ্ঞাসা করতে চাই চীফ মিনিস্টারকে, এর আগের অধিবেশনে তিনি বলেছিলেন যে, এস্টিমেট কমিটি গঠন করা সম্বন্ধে কি করা হবে তা এই সেসানে তিনি জানাবেন। সেইজন্য আপনার মাধ্যমে চীফ মিনিস্টারকে অনুরোধ করছি, এই এস্টিমেট কমিটি গঠন করা সম্বন্ধে তিনি কি সিদ্ধান্ত করেছেন, সেটা যেন তিনি জানান।

Drawing attention

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, I am drawing your attention to a matter of unusual public importance. The Hindusthan Standard in its issue, dated the 5th January, 1963 published a report dealing with the deliberations of the Executive Committee of the Congress Parliamentary Party, at a meeting held at Delhi. It transpired from the report that a complaint was made and the substance of the complaint is that an Airlines Company was entrusted with the work of airdropping vlauable blankets,

medicines etc., meant for the people fighting in forward areas. Instead of stopping those articles, goods or stores, they sold them in the open market in Calcutta. This is a horrid revelation. We all feel disgraced and humiliated since the city of Calcutta has been named. I feel that this transaction or this sort of thing amounts to stabbing in the back of the heroic jawans in action who are the sinews of war, fighting with their blood, toil and tears. I feel that the Hon'ble Chief Minister owes it to the State and to the House to make a statement any time and to assure the House that he will make an investigation into the matter. That will help detection of the crime. This is a serious matter and we feel that the real criminals who are involved in this very nefarious and shady transaction should be punished.

Sir, I want to hear something from the Hon'ble Minister.

Mr. Speaker: I think it has been noted by the Hon'ble Minister.

The Hon'ble Prafulla Chandra Sen: I shall enquire and find out what is the matter.

Estimates Committee.

Shri Somnath Lahiri:

আমার প্রশ্নের জবাব আপনি দিলেন না' আমারটা কি হল, এষ্টিমেটস কমিটি গঠন করা সম্বন্ধে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি ত বলেছি এষ্টিমেটস কমিটি গঠন করা সম্পর্কে। এই সেসন শেষ হবার আগে এই এষ্টিমেটস কমিটি গঠন করতে চেষ্টা করবো।

The Hon'ble Jagannath Kolay:

আজ আমরা রুলস কমিটি ডেকেছি। এই রুলস কমিটিতে এটা বিবেচনা হবে এবং হাউসে প্লেস হবে, তারপর এই এষ্টিমেটস কমিটি গঠন করা হবে। অতএব এই সেসন-এ এটা হবে বলে মনে হয় না, নেক্‌সট সেসন-এ হবে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি চেষ্টা করবো এই সেসন-এ গঠন করবার জন্য।

GOVERNMENT BILL

The West Bengal Board of Secondary Education Bill, 1962.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education Bill, 1962.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I beg to move that the West Bengal Board of Secondary Education Bill, 1962, be taken into consideration. Sir, the object of the Bill which I am going to introduce is fully stated in the Statement of Objects and Reasons which runs thus: "The Board of Secondary Education that was established in this State under the West Bengal Secondary Education Act, 1950, was superseded in the year 1954 and an Administrator was appointed and vested with the rights and duties of the Board. Since then no new Board of Secondary Education could be established in view of the Commission and the Committee that were appointed by the Government of India and the State Government to report on matters relating to secondary education. After the reports of the said Commission and the Committee, that is, the Mudaliar Commission and the Dey Committee were published a new Bill was prepared to set up a new Board of Secondary Education in the light of their recommendations and the Bill was introduced and passed in the West Bengal Legislative Council in the year 1957 but it did not come to be discussed in the Assembly as it was dissolved and the Bill lapsed under article 196(5) of the Constitution of India. A fresh Bill has, therefore, been drawn up for the consideration of the Legislature.

That is all that I have got to say now.

Mr. Speaker: Honourable Members, all the circulation motions are order and they are taken as moved.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill circulated for the purpose of eliciting opinion thereon by the 30th Jun 1963.

Shri Birendra Narayan Ray: *Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 3rd December, 1963.*

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1963.

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education Bill, 1962, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল উপস্থিত করবার পরে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যদি এ সম্বন্ধে আর একটু বিস্তারিতভাবে বলতেন তাহলে আমাদের অনেক জিনিস বুঝতে সুবিধা হত। কারণ, এই বিল লেজিসলেটিভ কাউন্সিলের সংক্রান্ত বিষয়। সেখানে এটা পাশ হয়েছিল কিছুকাল আগে। তারপরে এই বিল কিছু কিছু সম্ভাবিত পরিবর্তন সহকারে একটা নূতন ধরনের বিলের আকারে আনা হচ্ছে। তাঁর সেইসময় সেই বিল সম্বন্ধে বক্তব্য, আর আজকের এই বিল সম্বন্ধে বক্তব্য কি? তার মধ্যে কিছু পার্থক্য আছে কিনা, সে কথা তাঁর কাছ থেকে যদি জানতে পারতাম, এবং দু-তিন বছর ধরে এই বিল নিয়ে যেসমস্ত আলাপ-আলোচনা চলেছে, সে সম্বন্ধে তাঁর মতামত কি, যদি তা জানতে পারতাম তাহলে আমাদের আলোচনা করবার সুবিধা হত; এবং তাঁর পক্ষে, তাঁকে বোঝাতেও সুবিধা হত।

[12-40—12-50 p.m.]

এমনকি এইরকম প্রশ্ন উঠেছে যে একটা বিল যখন কাউন্সিলে পাশ হল তারপর সেই পর্যায়ে এখন সম্পূর্ণ আরেকটা নতুন বিল আনা আইনসংগত কিনা সে বিষয়ে প্রশ্ন উঠেছে। অন্ততঃ এই প্রশ্ন শিক্ষামন্ত্রী জবাব দিলে আমাদের সুবিধা হত। কিন্তু কোন প্রশ্ন-এর সোজাসুজি জবাব না পাওয়ার জন্য আমাদের অসুবিধা হচ্ছে। যাই হউক যে বিল তিনি এই সভায় উপস্থিত করেছেন সেই বিল সম্বন্ধে বিস্তারিত আলোচনায় আমি আপাততঃ যাচ্ছি না। সেই বিলে যে মূল দৃষ্টি-ভঙ্গী সেই মূল দৃষ্টিভঙ্গীর উপর আমি আপাততঃ আলোচনা করব। বিলের মূল দৃষ্টিভঙ্গী কি? বিলের মারফত শিক্ষা সম্বন্ধে বিলের ভাষা হচ্ছে

"to establish a Board of Secondary Education in the State of West Bengal"

এখন এটা যদি বিলের উদ্দেশ্য না হয়ে বিলের উদ্দেশ্য যদি হোত সেকেন্ডারী পরিচালনা বিস্তীর্ণ করা বিস্তারিত করা এবং তাকে প্রয়োজনমত নিয়ন্ত্রণ করা বিলের উদ্দেশ্য হ'ত তাহলে আমরা বুঝতাম বিলের সামনে যেটা প্রধান উদ্দেশ্য সেটা পরিষ্কারভাবে ব্যক্ত হচ্ছে। একটা বোর্ড গঠন করাই আমাদের উদ্দেশ্য হতে পারে না। সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এর উদ্দেশ্য হচ্ছে সেকেন্ডারি এডুকেশনকে কিভাবে এবং সবচেয়ে ভালভাবে আমরা এগিয়ে নিয়ে যেতে পারি, আরও বিস্তারিত করতে পারি এবং প্রয়োজনমত নিয়ন্ত্রণ করতে পারি। যখন বিল এল তখন আমরা আশা করেছিলাম বিলেরও তাই হবে উদ্দেশ্য। কিন্তু বিলের সেই উদ্দেশ্য যদি থেকে থাকে সেটা আছে প্রসঙ্গক্রমে এবং গৌণভাবে। প্রধানত যা হচ্ছে তা একটা বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন গঠন করা। অর্থাৎ বিলের উদ্দেশ্য বর্ণনার মধ্যে তার জিনিসটা এত সংকীর্ণ করে দেওয়া হয়েছে এবং সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে তাতে বিলের ভবিষ্যত পরিচালনা সম্বন্ধে অনেকের মনে প্রশ্ন উঠা স্বাভাবিক। এই কথাটা আপাতত ছেড়ে দিলাম যে বোর্ড গঠন করা হবে

এই বিলে প্রধান উদ্দেশ্য সম্বন্ধে বর্ণনা করা হয়েছে। সেই বোর্ডে আমরা কি করব তা পরিষ্কারভাবে এখানে লেখা আছে। বোর্ড রিকগনিসন দেবে নিয়ন্ত্রণ করবে, সিলেবাস নিয়ন্ত্রণ করবে, টেক্সট বুক যথাসম্ভব নিয়ন্ত্রণ করবে হায়ার সেকেন্ডারি এডুকেশন এবং স্কুল ফাইন্যাল পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষকদের নিয়ন্ত্রণ করবে এবং আরও কড়া কথা আছে যে, স্কুলের ম্যানেজিং কমিটি এবং সেখানকার শিক্ষকদের মধ্যে যদি কোন বিরোধ উপস্থিত হয় তা হলে পরে এই বোর্ড সে বিষয়ে ফাইনাল এপিলেট অথরিটি। কাজেই বোর্ডের যে ফাংশন এর মধ্যে বর্ণনা করা হয়েছে, তাতে দেখতে পাচ্ছি হায়ার সেকেন্ডারি এডুকেশন অর্থাৎ উচ্চ মাধ্যমিক শিক্ষাগুলি নিয়ন্ত্রণ করার ব্যাপারে সমস্ত ক্ষমতা প্রায় সম্পূর্ণরূপে এই বোর্ডের হাতে তুলে দেওয়া হয়েছে। নিয়ন্ত্রণের ক্ষমতা ছাড়া মাধ্যমিক শিক্ষাকে বিস্তীর্ণ করা বা না করা সম্বন্ধে কোন স্পষ্ট বা পরিষ্কার ক্ষমতা এর মধ্যে নাই। যদিও বোর্ড ইচ্ছা করলে কিছু করতে পারেন না তা নয়, কিছু কিছু করতে পারেন। কিন্তু স্বভাবত অনেকখানি সীমাবদ্ধ হবে। বোর্ডের আর্থিক অবস্থা কি? বোর্ড গভর্নমেন্ট থেকে কতখানি সাহায্য পাচ্ছে—অনেকগুলি বিষয়ের উপর তা নির্ভর করছে। গভর্নমেন্ট বোর্ডকে কি পরিমাণ আর্থিক সাহায্য করবেন, তার মিনিমাম কি হবে সে সম্বন্ধে বিলের মধ্যে কোথাও বর্ণনা নাই। কাজেই সেই মাধ্যমিক শিক্ষা বোর্ড যা গঠিত হবে, তা মাধ্যমিক শিক্ষা বিস্তারের জন্য কতখানি কাজ করতে পারবে সে সম্বন্ধে এর মধ্যে স্পষ্ট ধারণা হওয়া সম্ভব নয়। কাজেই বিকাশের দিক থেকে বিলের উদ্দেশ্য বা সম্ভাবনা সীমাবদ্ধ, কিন্তু নিয়ন্ত্রণের দিক থেকে বিলের উদ্দেশ্য বা সম্ভাবনা একেবারে আঁটোসাটো, চতুর্দিক থেকে বন্ধ করে সম্পূর্ণ ক্ষমতা তার হাতে তুলে দেওয়া হয়েছে। এখন, মাধ্যমিক শিক্ষায় শুধু তার নিয়ন্ত্রণ বোঝায় না, মাধ্যমিক শিক্ষার প্রথমত এবং প্রধানত বোঝায় মাধ্যমিক শিক্ষার বিস্তার এবং তার সুষ্ঠু পরিচালন। এই বিস্তার এবং সম্ভাবনার যদি অস্পষ্টতা থাকে এবং নিয়ন্ত্রণ সম্বন্ধে অতিরিক্ত স্পষ্টতা থাকে, তাহলে বিকাশ এবং নিয়ন্ত্রণ পরস্পর বিরোধী হয়ে দাঁড়াতে পারে। বিলের দৃষ্টিভঙ্গীতে এই অসংগতি একটু ভালোভাবে খেয়াল করলে নজরে পড়বে এবং বিশেষ করে শিক্ষামন্ত্রীর দৃষ্টিতে। যাই হোক, এই যে ব্যাপক ক্ষমতা নিয়ন্ত্রণের ব্যাপারে রেকগনেসন থেকে মাস্টার মহাশয়দের সংগে ম্যানেজিং কমিটির কোন অন্যায় বিরোধ থাকলে সেই অন্যায় সম্বন্ধে চূড়ান্ত রায় দেবার ব্যাপারে, সমস্ত ব্যাপারেই যে নিয়ন্ত্রণের ক্ষমতা দেওয়া হয়েছে, সেটা দেওয়া হয়েছে কাদের হাতে? বোর্ড হবে ২৯ জন সদস্য নিয়ে, তাঁদের মধ্যে দেখা যাচ্ছে ১৭ জন হবেন হয় সরকারী কর্মচারী অথবা সরকার কর্তৃক মনোনীত ব্যক্তি—আমি বলছি না সরকারী কর্মচারী হলেই কিম্বা মনোনীত সদস্য হলেই তিনি সম্পূর্ণরূপে সরকারের বশংবদ হবেন, কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা এ-কথাই বলে এবং সম্ভাবনাও এই যে, যদি ১৭ জন সরকারের উপর নির্ভরশীল হন, সরকারী চাকুরে বা মনোনীত প্রতিনিধি হন, তাহলে স্বভাবতঃই তাঁদের উপর সরকারের নিয়ন্ত্রণ প্রচণ্ড হবে। সুতরাং এমন একটা বোর্ডের হাতে এই ক্ষমতা দেওয়া হচ্ছে যে, বোর্ড মোটের উপর সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হবে তাঁদেরই কর্মচারী বা মনোনীত প্রতিনিধিদের দ্বারা। কাজেই বিলের উদ্দেশ্য পরিষ্কার যে, যে ক্ষমতা নিয়ন্ত্রণের বোর্ডের হাতে তুলে দেওয়া হচ্ছে, সেই বোর্ড পরিচালনা করবেন সরকার, সরকারের এইসমস্ত এজেন্টদের মারফত। কথাটা হচ্ছে, আমাদের বিচার করে দেখতে হবে তাতে মঙ্গল হবে, কি অমঙ্গল হবে। সরকার কোন জিনিস নিয়ন্ত্রণ করলেই সেটা অন্যায় বলব তা নয়, সরকারী নিয়ন্ত্রণে কোন কোন জিনিস ভালো হতে পারে, কিন্তু সরকারের উপর নিয়ন্ত্রণ থাকা দরকার। অর্থাৎ, সরকারকে নিয়ন্ত্রণ করবার জন্য যে ব্যবস্থা আছে, সরকারী কাজকর্ম সমালোচনা করবার, আলোচনা করবার জন্য লেজিসলেচার আছে সরকারের উপর, কিন্তু বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন যেভাবে গঠিত হচ্ছে, তাতে সেকেন্ডারি এডুকেশন বোর্ড লেজিসলেচার-এর দ্বারা নিয়ন্ত্রিত হবে তা মনে হল না। তা যদি না হয়, তবে সরকারী নিয়ন্ত্রণাধীনে যে সেকেন্ডারি এডুকেশন বোর্ড হবে তা হবে নিরঙ্কুশ, সরকারী নিয়ন্ত্রণে সরকারের হাতে বা সরকার মনোনীত বা সরকার কর্তৃক অ্যাপয়েন্টেড সদস্যদের হাতে যদি এইভাবে সমস্ত ক্ষমতা ও ভার তুলে দেওয়া হয়, তাহলে পর এই আশঙ্কা করবার অবকাশ থাকে। আমি বলিনা এই আশঙ্কা সবসময় সত্য প্রমাণিত হবে, কিন্তু আশঙ্কা করবার অবকাশ থাকে এটা ঠিক এবং এই আশঙ্কার অবকাশ থাকার মানে সেই আশঙ্কা যে-কোন সময় বাস্তবে পরিণত হতে পারে। যাতে সেই আশঙ্কা বাস্তবে

পরিণত না হতে পারে সেই ব্যবস্থা থাকলেই ভাল হয়। এখন এই যে প্রচণ্ড ক্ষমতা নিয়ন্ত্রিত হলে সরকারের হাতে তুলে দেওয়া হলে পর তা প্রত্যক্ষ বা পরোক্ষ যেভাবেই হোক, তাতেই অনেক-সময় মানুষের আপত্তি হয়।

[12-50—1 p.m.]

সেই কারণের জন্য আমাদের দেশের অনেক মানুষের তাতে আপত্তি হয়, অতীতে নানা দিক থেকে আপত্তি হয়েছে যার জন্য আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এ বিল আজ পর্যন্ত পাশ করাতে পারেন নি। অ্যাসেম্বলিতে এনেছেন, কাউন্সিলে এনে পাশ করিয়েছেন। অ্যাসেম্বলিতে বারবার এজেণ্ডার মধ্যে দেওয়া হয়েছে কিন্তু আজ পর্যন্ত পাশ হয় নি। এর কারণ কি? কারণ, এই বলে মনে হয়, জনসাধারণের মধ্যে যে মতামত উঠেছে সে মতামত তাঁরা কিছুটা বিবেচনা করতে বাধ্য হয়েছেন যার জন্য এই বলে একটা জিনিস চাপিয়ে দিতে তারা অন্ততঃ এতদিন একবার এগিয়েছেন একবার পিছিয়েছেন। কেন এটা? যে সরকারের এখানে সংখ্যাগরিষ্ঠতা নিরঙ্কুশ, সেই সরকার কেন এগিয়েছেন এবং কেন পিছিয়েছেন? যদি সংখ্যাগরিষ্ঠতার জোরেই পাশ করান একমাত্র কথা হয়, তাহলে তা অনেকদিন আগেই করাতে পারতেন, কিন্তু তা করেন নি বা পারেন নি। কিন্তু কেন, সেই কথাটাই মন্ত্রীমহাশয়কে আর একবার ভেবে দেখতে অনুরোধ করবো। করেন নি বা পারেন নি, এগিয়েছেন বা পিছিয়েছেন তার কারণ, একটা মত দেশের মধ্যে প্রবল আছে এবং সে মতের অনেকখানি এমন কি আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এবং কংগ্রেস সদস্যদের অনেকের মনের মধ্যে আছে - আর সেইজন্য একবার এগোতে হয়েছে একবার পেছাতে হয়েছে, এবং এটা খুব স্বাভাবিক। সরকার দল সেই মতের সঙ্গে এইসমস্ত মানুষের মতামত নির্বিশেষে বাংলাদেশের সাধারণ লোকের অনেকের মনের মধ্যে এই মত থাকা স্বাভাবিক যে বাংলাদেশের শিক্ষা সংগঠনের মধ্যে, শিক্ষার আদর্শের মধ্যে যেসমস্ত ধ্যান ধারণা অতীত অভিজ্ঞতার ভিত্তিতে গড়ে উঠেছে সেইসমস্ত ধ্যান-ধারণা, এই বিলের যে ধ্যান-ধারণা তা থেকে পৃথক। বাংলাদেশের শিক্ষা কিভাবে গড়ে উঠেছে, সেসব অতীতের কথা আমাদের শিক্ষামন্ত্রীমহাশয়ও নিজে জানেন, শুধু নিজে জানেন তা নয় নিজে স্বীকার করেন। আমাদের শিক্ষামন্ত্রীমহাশয় নিজে এককালে তাঁর সেকেণ্ডারি এডুকেশন বলে যে বই আছে, তাতে তিনি নিজেই বলেছিলেন যে, আমাদের দেশে সেকেণ্ডারি এডুকেশন

"It has been built up in a very large measure by the enterprise and sacrifice of the people of Bengal. Its advanced position in India attributes not so much to State help nor to the endeavours of statutory local authorities or self-governing bodies as to public, i.e., non-official initiative and enthusiasm and individual contribution and help in the shape of benefactions and to the silent and ungrudging service of unambitious men - the school teachers. It is a monument of great voluntary effort on the part of the poor people"

একথা আমাদের শিক্ষামন্ত্রীমহাশয়ের এককালের কথা এবং সে কথাটা আশ্চর্য নয় তাঁর মুখ থেকে বেরিয়েছে বলে। এখনকার বাংলা যেভাবে শিক্ষার ঐতিহ্য, শিক্ষার সংগঠন ও ঔপনিবেশিক অবস্থার মধ্যে সংকুচিত শিক্ষার অবস্থার মধ্যে গভর্নমেন্ট-এর সংকুচিত সাহায্যের সীমার মধ্যে সমস্ত সাধারণ মানুষের ঐকান্তিক আগ্রহ, ঐকান্তিক চেষ্টা, প্রাণপণ দানে গড়ে উঠেছে সেই জিনিস সঙ্গে সঙ্গে শিক্ষার সংগঠন কাঠামোর মধ্যে মানুষের মনের মধ্যে একটা ধারণা এনে দিয়েছিল। আজকে কংগ্রেস দলের বন্ধুরা এবং মন্ত্রীমহাশয় নিজে কিছুটা ইতঃস্তত করেন, সেই ইতঃস্ততের পেছনে এতদিনকার মানুষের মনের ধারণা অনেকখানি অংশ নিয়েছে। আমাদের দেশে সেইজনাই নিজেদের চেষ্টায় শিক্ষা গড়ে উঠেছিল, স্বাধীনভাবে মানুষের বিকাশের উপযোগী করে সে শিক্ষাকে গড়ে তোলা হয়, সেজন্য শিক্ষা সম্বন্ধে আমাদের যে ধারনা আছে, তা হবে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের হাত থেকে যথাসম্ভব মুক্ত হওয়া, তা হবে মানুষের স্বাধীন চিত্তের স্বাধীন বিকাশের উপযোগী। এই হচ্ছে আমাদের শিক্ষা সম্পর্কে সাংগঠনিক ধারণা। এই ধারণা শুধু রায় হরেন্দ্রনাথ চৌধুরীর নয়, তাঁর যাঁরা পূর্বগামী—যাঁরা আজকে নেই—সেই আশুতোষ মুখোপাধ্যায়, রবীন্দ্রনাথ, যাঁরা এ দেশের শিক্ষার আদর্শ সম্বন্ধে আমাদের অনেক জিনিস দেখিয়ে এবং শিখিয়ে গেছেন, তা তাঁদের

সম্বাত ও নীতি প্রচারের মধ্য দিয়ে বারে বারে আমাদের দেশের মানুষে নে উপস্থিত হয়েছে। তারা যে জিনিসটা মগজ থেকে আবিষ্কার করেছিলেন, সম্পূর্ণরূপে তা না হতে পারে। আমাদের দেশের মানুষ শিক্ষা গড়তে গড়তে যে অভিজ্ঞতার মধ্যে পৌঁছেছে তার মনের মধ্যে এ ধারণা কিছুটা প্রতিফলিত হয়েছিল এবং সংগে সংগে তার জ্ঞান, তাও কিছুটা প্রতিফলিত হয়েছিল, তার ফলে তাদের এ ধারণা হয়েছিল যে, সেই শিক্ষা স্বাধীন হবে। এ বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস যা ছিল, সে ইতিহাস হল স্বাধীন অস্তিত্বের জন্য সংগ্রামের ইতিহাস রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের হাত থেকে স্বাধীন শিক্ষা বিকশিত করবার যে সংগ্রাম, সেই সংগ্রামই হচ্ছে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, এবং সেই ইতিহাস আছে বলে আমরা কলিকাতা বিশ্ব-বিদ্যালয়কে নিয়ে এত গৌরব করি। কারণ, যে আমাদের মানুষের মনের মধ্যে যে ধারণা, তার সংগে মিল আছে। রবীন্দ্রনাথের আদর্শ আরো স্পষ্ট এবং পরিষ্কার ছিল যে, সে কথা আমরা এই অ্যাসেম্বলীতে অনেকবার আলোচনা করেছি। রবীন্দ্রনাথের যে শিক্ষা বই, তাতে তিনি বারবার সে কথাই বলেছিলেন যে, শিক্ষা হবে স্বয়ংসম্পূর্ণ, স্বাধীন এবং সর্বাংগিন বিকাশের উপযোগী। শিক্ষামন্ত্রীমহাশয়ের নিশ্চয়ই মনে আছে যে, টলস্টয় প্রভৃতির উক্তির উদ্ধৃতি দিয়ে তিনি বারবার একথা প্রমাণ করতে চেয়েছিলেন যে, শিক্ষা যদি ব্যুরোক্র্যাটিক কন্ট্রোল মধ্যে যায় তাহলে সে শিক্ষা শিক্ষা হবে না। ব্যুরোক্র্যাটিক কন্ট্রোল থেকে শিক্ষাকে মুক্ত করতে হবে এই ছিল রবীন্দ্রনাথের আদর্শ। আমাদের দেশে আদর্শ শিক্ষার সংগঠন গড়ে তোলবার জন্য মানুষের স্বাধীন বিকাশের উপযোগী একটা স্বাধীন সংগঠন, তা আমাদের মানুষের মনের সংগে এত ওতঃপ্রোতভাবে মিশে গেছে। আজকে আমাদের শিক্ষাসচিব যে বিল নিয়ে এলেন, সে বিলের প্রধান কথা হল নির্বাচনে ক্ষমতা দিলাম, কিন্তু সে নির্বাচন ক্ষমতা মোটের উপর সরকারের নিয়ন্ত্রণের মধ্যে রইল। এ বিলে আমাদের দেশের এতদিনকার ধারণা আদর্শ থেকে বিচ্যুতি ঘটাল সেজন্য আজকে এই বিলের মধ্যে অনেক ভাল কথা থাকা সত্ত্বেও তাঁকে এ কথাটা বারে বারে স্মরণ করিয়ে দিতে চাই। এখনই আমাদের এখানে শিক্ষামন্ত্রীমহাশয়, যেমনভাবে সেদিন শৈল-বাবু স্বায়ত্তশাসন মন্ত্রীমহাশয়, স্বায়ত্তশাসন সম্বন্ধে বলেছিলেন, তেমনিভাবে হয়ত বলবেন যে, যে কথা তিনি নিজের অভিজ্ঞতায় বলেছেন কিম্বা যে কথা আমাদের শিক্ষাজগতে পূর্বপুরুষরা অতি চমৎকারভাবে বলে গেছেন, সেই কথা ছিল এমন এক সময়ের কথা যে সময় দেশ স্বাধীন ছিল না, যে সময় দেশের ঔপনিবেশিক অবস্থা ছিল, সে সময় শিক্ষার মধ্য দিয়ে শিক্ষা সংগঠনের স্বাধীনতার যে প্রয়োজন ছিল তা আজকে নেই। কারণ, দেশ আজকে স্বাধীন হয়েছে, সরকার জনসাধারণ কর্তৃক নির্বাচিত সুতরাং শিক্ষার উপর সরকার যদি নিয়ন্ত্রণ করেন তাতে আতঙ্কিত বা শঙ্কিত হবার কোন কারণ নেই, এই কথা সম্ভবত আমাদের শিক্ষামন্ত্রীমহাশয় বা সরকারপক্ষ থেকে বলা হবে। আমি শিক্ষামন্ত্রীকে সবিনয়ে এ কথা বলতে চাই যে, দেশ স্বাধীন হয়েছে সত্য কথা, কিন্তু দেশ স্বাধীন হলে বা সরকার একটা নির্বাচিত সরকার হলে সে সরকার কি মানুষের মনের মধ্যে ধারণা হিসাবে, আদর্শ হিসাবে সাংগঠনিক লক্ষ্য হিসাবে গড়ে উঠেছে যাকে ঐতিহ্য বলা হয়, মনের ঐতিহ্য সে ঐতিহ্যকে অস্বীকার করতে পারেন না। স্বাধীন সরকার এখানে দাঁড়িয়ে কি বলতে পারেন যে, মানুষের মনের ঐ ধারণা তখনকার দিনে থাকতে পারে, এখন থাকবার প্রয়োজন নেই? সুতরাং সে ধারণা আমরা অস্বীকার করলাম, কিন্তু তা করা যায় না, মানুষের মনের যে ঐতিহ্য থাকে সেই ঐতিহ্যকে স্বাধীন সরকারকে স্বীকার করতে হবে, এই কথাই আমি আগে বলেছিলাম যে, মানুষের মনের মধ্যে যে ধারণা, তা সম্পূর্ণ এখনও মিলিয়ে যায়নি বলে মানুষের ঐতিহ্যের প্রতি কিছু পরিমাণে নজর দেবার প্রয়োজন আছে বলে মনে করে এই বিল তাঁরা একদিনের মধ্যে শুধুমাত্র মেজরিটির জোরে পাশ করাতে সাহস করেন না- ইতঃস্তত করেছেন।

1—1-10 p.m.

ইতঃস্তত করার মানেই মানুষের মনে যে ঐতিহ্য আছে সেই ঐতিহ্য সম্বন্ধে তাকে রাতারাতি বদলে দেওয়া যায় না। বদলে দেওয়া উচিতও বোধহয় নয়। সেই জন্যই এই প্রশ্নটা করা। এই কথাটা যদি শিক্ষা মন্ত্রিমহাশয় অনুভব করেন তাহলে জিনিষটা আরও একটু বিস্তীর্ণ করে আমি তাঁর কাছে বলবো যে, দেখুন স্বাধীন হলেও আমাদের ঐতিহ্য বদলাতে হবে এমন কোন কথা নেই। দ্বিতীয় কথা হল যে স্বাধীন হওয়ার পরে আমাদের কর্তব্যটা কি শিক্ষার

সংগঠন সম্বন্ধে। আপনি যেভাবে বিলটা এনেছেন সেই বিলের অর্থ কি? সেই বিলের অর্থ এই দাঁড়াচ্ছে যে মোটের উপরে আপনার যে আমলাতন্ত্র সেই আমলাতন্ত্র এই বিল অনুসারে সেকেন্ডারি এডুকেশন বোর্ডকে নিয়ন্ত্রণ করবে। কারণ, আপনার আমলাতন্ত্র প্লান আপনার মনোনীত সদস্য এরাই হবেন মেজোরিটি। সুতরাং আপনার আমলাতন্ত্র শিক্ষা বোর্ডকে, হায়ার সেকেন্ডারি এডুকেশন বোর্ডকে নিয়ন্ত্রণ করবে, পরিচালিত করবে। তিনি তার মাথার উপরে টোপর হিসাবে থাকবেন সন্দেহ নেই। কিন্তু টোপরের নীচে যে সর্বাঙ্গ সেই সর্বাঙ্গ হবে আপনার আমলাতন্ত্র। এখন স্বাধীন সরকার এক জিনিষ, স্বাধীন সরকারের যেগুলি স্বাধীন অর্গান, গণতান্ত্রিক অর্গান, যেগুলি মানুষের ভোটের দ্বারা নির্বাচিত এবং জনসাধারণের মতের কাছে দায়ী, সেই যে অঙ্গ প্রত্যঙ্গ, যাকে আমি টোপর বলে বর্ণনা করলাম সেই অঙ্গ প্রত্যঙ্গ এক জিনিষ, আর বাকী যে অঙ্গ, বাকী যে কাঠামো যা অপরিবর্তনীয়, যা পাওয়া যাবে না, যে ব্যুরোক্রেসী সেই ব্যুরোক্রেসী আর এক জিনিষ।। স্বাধীন সরকার পরিচালনা করেন। অর্থাৎ তার যে অঙ্গ স্বাধীন, যে অঙ্গ জনমতের কাছে জবাবদিহি করবার জন্য দায়ী, শুধু তার হাতে জিনিষটা রইলো তার একটা অর্থ বোঝা যায় যে কিছু পরিমাণে হয়তো তার অর্থ আছে। শিক্ষামন্ত্রী সরাসরি নিজে একটা কাজ করলে আমরা তাঁকে এখানে চেপে ধরতে পারি এবং তিনি জনমতের কাছে অনেক পরিমাণে দায়ী। কিন্তু আসলে এই বিল নিয়ন্ত্রণ করবেন কে? নিয়ন্ত্রণ করবেন তাঁর আমলাতন্ত্র। সেই আমলাতন্ত্র হচ্ছে কি অনেকখানি পরিমাণে অতীতের যে জের সেই জের তাঁরা টেনে চলেছেন। আমলাতন্ত্রের একটা বিরাট অংশ সেই ঔপনিবেশিক যুগের অবশেষ। ঔপনিবেশিক যুগের যে সমস্ত নীতি, যে সমস্ত দৃষ্টি ভঙ্গী, এমন কি যে সমস্ত ব্যক্তিগত স্বার্থ তা অনেকখানি পরিমাণে এই আমলাতন্ত্রের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এবং যেহেতু সেটা আমলাতন্ত্রের দৃষ্টিভঙ্গী নির্বাচিত দৃষ্টি ভঙ্গীর তুলনায় অনেকখানি পরিমাণে জনগণের বিরোধী, সেই হেতু সেকেন্ডারি এডুকেশন বোর্ড সেইভাবে গঠিত হয়ে তা পরিচালিত হবে। তবু যদি স্বাধীন নির্বাচিত অঙ্গ দ্বারা প্রত্যক্ষভাবে পরিচালিত হোত তাহলে যতখানি পরিমাণে মানুষের মতামতের প্রতি সংবেদনশীল হয়ে চলতে পারতো তার তুলনায় এই অটল অনড় আমলাতন্ত্র তা অনেক কম সংবেদনশীল হবে সুতরাং তাতে ব্যতিক্রমের ভয়, তাতে শিক্ষার স্বাধীনতা সংকুচিত হবার ভয় অনেক বেশী পরিমাণে থেকে যাবে। এবং আর একটি শেষ কথা আমি মন্ত্রিমহাশয়কে মনে করিয়ে দি যারা ইলেকটেড গভর্নমেন্ট, ইলেকটেড অর্গান আমাদের সরকারের, তাঁরাও অনেক সময় এই আমলাতন্ত্রের কাছে হয় আত্মসমর্পণ করতে বাধ্য হয়, অথবা তাদের বিরুদ্ধে কিছু করতে পারে না। আমি একটা খুব সাধারণ নমুনা দিচ্ছি যা মন্ত্রিমহাশয় জানেন। সামান্য ব্যাপার যে, আমাদের এডুকেশন ডিপার্টমেন্টের যিনি ছিলেন সেক্রেটারী তিনিই ছিলেন ডি-পি-আই তিনিই ছিলেন ডাইরেক্টার, তিনিই ছিলেন ডি-পি-আই। সেই সেক্রেটারী এবং ডাইরেক্টার একজন থেকে দুইজন করা এই সামান্য কাজটা করতে কত বছর কেটে গেল তা মন্ত্রিমহাশয় নিজেই জানেন। অর্থাৎ আমলাতন্ত্রের এমন ক্ষমতা এবং আমলাতন্ত্রের যে টোপর তার এত ক্ষমতা যে তিনি একজন হয়ে দুটি পদ অধিকার করে বছরের পর বছর বসে থাকেন এবং আমাদের ইলেকটেড মন্ত্রিমহাশয়ের পক্ষে তার পরিবর্তন করা অনেক কঠিন বলে প্রমাণিত হল। যেখানে আমলাতন্ত্র এখনও এত শক্তিশালী এবং এত কনজারভেটিভ সেই আমলাতন্ত্রের হাতে তিনি কোন সাহসে দেশের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা পরিচালিত করবার ক্ষমতা তুলে দিচ্ছেন যে শিক্ষা ব্যবস্থা দ্বারা আমাদের দেশের সমাজ ব্যবস্থা পর্যন্ত পরিচালিত হবে? যে মাধ্যমিক শিক্ষা মারফৎ আমাদের বাংলাদেশের ভবিষ্যৎ যুবসমাজ এবং ভবিষ্যৎ সমস্ত সমাজ ব্যবস্থা গড়ে উঠবে তার বুনিয়াদ হবে, কি শিক্ষা তারা পাচ্ছে? সেই বুনিয়াদ গঠনের ব্যবস্থা যদি এমনভাবে আমলাতন্ত্রের হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে প্রকৃত শিক্ষার প্রসার কোনমতেই সম্ভব হবে না। সেই শিক্ষা ব্যবস্থার কর্তৃত্বে রয়েছেন অচল অটল আমলাতন্ত্র যাদের ধ্যান ধারণা, আদর্শ অনেক পরিমাণে জনবিরোধী এবং যারা পুরাতন সাম্রাজ্যবাদী আমলের রেশ এখনও পর্যন্ত গর্বের সঙ্গে অনেকভাবে বহন করে চলেছেন। যদি আজকে স্বাধীনতার পর আমাদের শিক্ষা ব্যবস্থাকে আমলাতন্ত্রের হাতে তুলে দেন সেখানে স্বভাবতই আমাদের আশঙ্কা হবে। আগে কোন মাস্টারমহাশয়ের ম্যানেজমেন্ট কমিটির সঙ্গে ঝগড়া হলে মাস্টারমহাশয় শেষ পর্যন্ত আদালতের শরণাপন্ন হতে পারতেন; কিন্তু এই বিলে এমন করে দিয়েছেন যে

মাস্টারমহাশয় এবং ম্যানেজমেন্ট-এর বিরোধ হলে আদালতে যাবার অধিকার কেড়ে নেওয়া হয়েছে—এক আমলাতান্ত্রিক য়্যাপিলেট কমিটির কাছে যেতে হবে। কাজেই কি শিক্ষক, কি ছাত্র, যারা শিক্ষা ব্যাপারে আসলে সংশ্লিষ্ট—শিক্ষাব্রতী এবং মাস্টারমহাশয়রা তাদের এইভাবে আমলাতন্ত্রের মাঝখানে বেঁধে দিয়ে কি করে আমাদের দেশকে পূর্ণতর বিকাশের পথে এগিয়ে নেওয়া যেতে পারে তা দুর্বোধ্য। এর জন্য সারা দেশের মানুষের মনে বিরাট চাঞ্চল্য জেগেছে তারা সকলে চাইছে অতি দ্রুতগতিতে আমরা আমাদের শিক্ষাব্যবস্থাকে এগিয়ে নিয়ে গিয়ে পৃথিবীর সকল মানুষের সামনে গর্বের সঙ্গে দাঁড়াতে পারব। সেখানে এই অচল, অটল, নির্বিকার, স্থানু কনজারভেটিভ আমলাতন্ত্রের মাঝখানে এনে কিভাবে সেটা সম্ভবপর হবে শিক্ষামন্ত্রী যদি সেটা আমাদের বুঝিয়ে দেন তা হলে বুঝতে পারব।

Shri Sambhu Charan Ghosh:
মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, বর্তমানে শিক্ষা ব্যবস্থাকে ঠিকভাবে নিয়ন্ত্রণ করবার জন্য একটা উপযুক্ত বিল আমরা আশা করেছিলাম, কিন্তু আমাদের সামনে বিলটা যেভাবে এসেছে তাতে আমরা প্রত্যেকেই হতাশ হয়েছি। বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী বিলটাকে উপস্থাপিত করার সময়ে যেভাবে মামুলী ধরনের অবজেক্ট অ্যান্ড রিজিনস বলে দিলেন, তাতে আমরা অত্যন্ত বিস্মিত হয়েছি। বিলটা হাউস-এ প্লেস করার সময় আমরা আশা করেছিলাম তিনি অত্যন্ত বিশদভাবে আমাদের সামনে রাখবেন, কেমন করে ১৯৫৮ সালের মে মাসে যখন মাধ্যমিক শিক্ষা পর্ষদকে বাতিল করা হল, কি পন্থায় তাকে বাতিল করা হল এবং বিলটা ১৯৫৭ সালে কাউন্সিলে পাশ হয়ে যাওয়ার পরেও এতদিন পর্যন্ত অ্যাসেম্বলি-র সামনে রাখা হল না কেন? এসব কথা পরিষ্কার করে তিনি আমাদের বলেন নি, ১৯৫৮ সালের মে মাসে মাধ্যমিক শিক্ষা পর্ষদকে বাতিল করে দেওয়া হল। সেইদিন থেকে দীর্ঘ ৯ বছর ধরে সরকারের শিক্ষামন্ত্রীর দপ্তর নানা পরীক্ষা নিরীক্ষা করে যে বিলটা রচনা করবেন সেই বিলটা, আশা করেছিলাম সর্বাঙ্গসুন্দর হবে। কিন্তু এতদিন পরে শিক্ষাদপ্তর যে শিশু প্রসব করলেন, সেটি সম্পূর্ণ বিকলাঙ্গ। ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন-এর যে বিল আমাদের সামনে এসেছে, তার সাথে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার কোন সংযোগ আছে বলে মনে করি না। বর্তমান মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় যে সমস্ত দোষ-ত্রুটি আছে সেগুলি কেমন করে দূর করা যায় এবং ভবিষ্যতে একে কেমন করে সুন্দরভাবে রূপ দেওয়া যায় সে সম্বন্ধে কোন ইঙ্গিত এই বিলের মধ্যে আমরা দেখতে পাই না। অত্যন্ত বিস্মিত হয়েছি ১৯৫০

[1-10—2-20 p.m.]

সালের যে মাধ্যমিক শিক্ষা আইন, সেই আইন এবং আজকের যে বিল এই দুটোর মধ্যে আকাশ পাতাল তফাৎ। ১৯৫০ সালের যে আইন, সেই আইনের চেয়ে আজকের বিল আরও বেশী প্রতিক্রিয়াশীল। ১৯৫০ সালের মাধ্যমিক শিক্ষা বিলে যে সমস্ত ধারা ছিল, সেই সমস্ত ধারাগুলি এই বিলে বিলোপ করা হয়েছে, সেখানে শিক্ষকদের যে সমস্ত গণতান্ত্রিক অধিকার ছিল, তা এখানে খর্ব করা হয়েছে। প্রথমেই শুরু করতে হয়, অগণতান্ত্রিক পন্থায় বোর্ড বাতিল প্রসঙ্গ আলোচনার মধ্য দিয়ে। যখন মধ্যশিক্ষা পর্ষৎ বাতিল করা হয়, সেই সময় সরকার যে পন্থা অবলম্বন করেছেন, তা কোন গণতান্ত্রিক মানুষ সমর্থন করতে পারে না। তখন পর্ষদের বিরুদ্ধে সরকারের অভিযোগ ছিল পর্ষৎ অকর্মণ্য ও অযোগ্য। সেই কারণে ১৯৫৮ সালের মে মাসে পর্ষদকে বাতিল করে দেওয়া হয়। অথচ ১৯৫০ সালের যে আইন, তার ৫৫ ধারায় পরিষ্কারভাবে বলে দেওয়া হয়েছে যদি মধ্যশিক্ষা পর্ষদকে কখনও বাতিল করা প্রয়োজন হয়, তাহলে সরকার তাকে বাতিল করতে পারেন। ৫৫ ধারায় বলা হচ্ছে

"If in the opinion of the State Government the Board has shown its incompetence to perform, or persistently made default in the performance of, the duties imposed or exceeded or abused the powers conferred upon it by or under this Act, the State Government shall formulate in writing specific charges against the Board in respect of those matters and shall forward a copy of such charges to the Board with the direction to the Board to submit any comments or explanations in respect thereto to the State Government within such period as may be specified by the State Government in this behalf.

অর্থাৎ যদি মধ্যশিক্ষা পর্ষতের বিরুদ্ধে সরকারের কোন রকম বক্তব্য থাকে, সেটা সরকার লিখিতভাবে বোর্ডের কাছে পেশ করবেন এবং বোর্ডের সদস্যারা সেই চার্জসীট পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করবেন। তারপর সরকারের কাছে তাঁদের বক্তব্য রাখবেন। এই ধারাতে আরও আছে- যদি দেখা যায় সরকার ও বোর্ডের মধ্যে মতানৈক্য দেখা দিচ্ছে, সরকার ও বোর্ড একমত হতে পারছেন না, তখন, ইনভেস্টিগেসন কমিশন করতে হবে এবং এই ইনভেস্টিগেসন কমিশন তাদের রিপোর্ট সরকারের কাছে পেশ করবে। সরকার সেই ইনভেস্টিগেসন কমিশন রিপোর্টের উপর ভিত্তি করে তাঁদের রায় ঘোষণা করবেন এবং প্রয়োজনবোধে সরকার পর্ষতকে পুনর্গঠন বা বাতিল করতে পারবেন। বোর্ডকে যদি বাতিল বা পুনর্গঠন করতে হয় তাহলে সে প্রস্তাব বিধানসভা ও বিধানপরিষদের সামনে উপস্থিত করতে হবে এবং সেখানে তার আলোচনার সুযোগ দিতে হবে। ১৯৫৪ সালের যে মাসে যখন মধ্যশিক্ষা পর্ষতকে বাতিল করে দেওয়া হয়, তখন এই ৫৫ ধারায় যে সমস্ত নিয়মের কথা আছে, সেই সমস্ত নিয়মগুলি অনুসরণ করা হয়েছিল কিনা, আমি জানতে চাই। তা যদি না হয়ে থাকে, তাহলে আজকে তিনি স্বীকার করুন ....

Mr. Deputy Speaker:

আপনি পুরানো বিল নিয়ে ডিসকাস করছেন কেন? নূতন বিল সম্বন্ধে ডিসকাস করুন। যেটা [illegible] এখন, তার আলোচনা [illegible]

I say it is irrelevant.

Shri Sambhu Charan Ghosh:

এখানে পুরানো পর্ষতের রেফারেন্স আছে অবজেক্টস আ্যান্ড রিজনস এ। মধ্যশিক্ষা পর্ষতকে বাতিল করে দেওয়ার পরে এই বিল এসেছে। কাজেই পুরানো বিল সম্পর্কে কোন আলোচনা বা মন্তব্য করা সঙ্গত হচ্ছে। এই বিল [illegible] [illegible] ছিল। এটা [illegible] ছিল। এ সম্বন্ধে আলোচনা করতে গেলে যদি ১৯৫৮ সালে মধ্যশিক্ষা পর্ষৎ বাতিল [illegible] আসে তাহলে মনে হয় কিছু অন্যায় করা হবে না।

Mr. Deputy Speaker:

রেফারেন্স হিসেবে যথেষ্ট তো বলেছেন, এবার নূতন বিল সম্বন্ধে বলুন।

Shri Sambhu Charan Ghosh:

আজকে আমি জানতে চাই- এই বিল যাঁরা রচনা করেছেন, শিক্ষা ক্ষেত্রে গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণের যে সুযোগ আছে, সেদিকে তাঁরা শ্রদ্ধা নিবেদন করবেন কিনা? তা যদি তাঁরা না করেন তাহলে এই বিল আসার কোন সার্থকতা নেই।

এই বিলটা আমরা তিনটা ভাগে ভাগ করতে পারি। প্রথম হচ্ছে এর অগণতান্ত্রিক চরিত্র। দ্বিতীয়তঃ, ফাংকশন অফ দি বোর্ড। তৃতীয়তঃ, কম্পোজিসন অফ দি বোর্ড। কোন গণতান্ত্রিক দেশে মধ্যশিক্ষা পর্ষৎকে পুরোপুরিভাবে এইভাবে সরকার নিয়ন্ত্রণ করে বলে আমরা জানি না।

W. B. Alexander's Education in England—the National system and how it works

এই পুস্তক থেকে একটা অংশ এখানে আমি উদ্ধৃত করতে চাই।

W. B. Alexander says

"We believe in distribution of powers. It has been said that the best safeguard for democracy is to ensure that a mad man coming to power cannot rule the people."

ঐ বই-এর একটা জায়গায় আছে

to understand and to accept the significance of the principle of distribution of power is perhaps the first step to appreciate it, the English system of education.

অর্থাৎ ইংলণ্ডের মত দেশে, সেখানেও শিক্ষা ব্যবস্থাতে সরকারী খবরদারী পুরোপুরিভাবে করা হয় নি। সেখানকার শিক্ষা ব্যবস্থায় সরকারকে একটা অংশীদার হিসাবে স্বীকার করা হয়েছে।

[illegible]ত প্রকার শিক্ষা ব্যবস্থাকে সেখানকার সরকার পুরোপুরিভাবে কন্ট্রোল করবার জন্য কোনরকম চেষ্টা করেন নি। ১৯৪৪ সালে ইংলন্ডে যে নতুন শিক্ষা সংস্কার আইন এসেছিল এবং তার মধ্যে যেসমস্ত দিক ও ধারার কথা উল্লেখ ছিল, আমি জানতে চাই আমাদের দেশেও সেইসমস্ত দিকগুলি সম্পর্কে আমরা কোন ব্যবস্থা অবলম্বন করতে চাই কিনা? ১৯৬৮ সালে ইংলন্ডে যে নতুন শিক্ষা আইন প্রবর্তিত হয়েছিল, সেখানে বলা হয়েছিল (১) ১৫ বছর বয়স্ক সমস্ত ছাত্রছাত্রীরা বিনা বেতনে শিক্ষালাভ করতে পারবে। আজ আমাদের দেশে সেইরকম কোন ব্যবস্থা প্রবর্তন করতে আমরা সমর্থ হয়েছি কি? (২) সেখানে ছিল সরকার নিজের দায়িত্বে [illegible] এর ব্যবস্থা করবেন। আমাদের দেশে সেইরকম কোন সংস্থার কথা আমরা চিন্তা করছি কি? (৩) ১৯৪৪ সালের শিক্ষা আইনকে রূপ দেওয়ার জন্য ইংলন্ড সরকার ৪০০ কোটি টাকা ব্যয় করেছিলেন। আমাদের দেশে শিক্ষাখাতে যে যৎসামান্য টাকা বরাদ্দ করা আছে তার [illegible] ২৫ ভাগ আবার কারটেল করার চেষ্টা হচ্ছে। ইংলন্ডের ১৯৬৮ সালের আইনে রয়েছে একটি কনসালটেটিভ কমিটি [illegible] সরকারকে বিভিন্ন বিষয়ে পরামর্শ দেবেন। ডেপুটি স্পীকার, স্যার, আপনি নিশ্চয় জানেন, সেখানে একটা হ্যাডো কমিটি হয়েছিল। এই হ্যাডো কমিটির কাছ থেকে পরামর্শ নিয়েই ইংলন্ড সরকার ১৯৪৪ সালে নতুন শিক্ষা আইন প্রবর্তন করেছিলেন। মাধ্যমিক শিক্ষা পর্ষদ [illegible] আগে, আমাদের দেশের বিশিষ্ট মানুষদের নিয়ে যদি [illegible] একটা কমিটি গঠন [illegible] সরকার উদ্যোগী হতেন এবং তাঁদের পরামর্শ, সুপারিশ নিয়ে [illegible] আসতেন, [illegible] গণতান্ত্রিক চরিত্রের [illegible] আমরা দেখতে [illegible] ইংলন্ডের ১৯৪৪ সালের [illegible] সরকার যদি [illegible] আইন অনুযায়ী কোন [illegible] চান, তাহলে সেই [illegible] হাউস থেকে পাশ করাতে হবে। কিন্তু আমাদের [illegible] যে মাধ্যমিক শিক্ষা [illegible] সেখানে এইরকম কোন ব্যবস্থা নেই। ইংলন্ডের [illegible] আদর্শের কথা বলা হয় [illegible] দেখা যায় যে সেখানকার শিক্ষা ব্যবস্থার আদর্শকে গ্রহণ করার কোন চেষ্টাই নেই। ইংলন্ড এবং অন্যান্য দেশের শিক্ষা ব্যবস্থা তুলনা করলে দেখা যাবে আমাদের দেশের সরকার শিক্ষা ব্যবস্থাকে [illegible] কুক্ষিগত করার চেষ্টা করছেন। ইংলন্ডে [illegible] গণতান্ত্রিক দেশে এ রকম ব্যবস্থা নেই। ইংলন্ডের সরকার সেখানে শিক্ষাকে নিয়ন্ত্রণ করার জন্য চেষ্টা করেন, [illegible] চেষ্টা করেন না। সেখানে [illegible] লোকাল অথরিটি [illegible] আছে, [illegible] আছে, তাদের হাতে অনেক ক্ষমতা দেওয়া আছে, তারা [illegible] সিলেবাস ফ্রেম করতে [illegible] নির্ধারণ করতে পারে। কাজেই সেদিক দিয়ে বিচার করলে দেখা যাবে, আজকে এই বিল [illegible] আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে, এটা সম্পূর্ণ [illegible] অগণতান্ত্রিক।

দ্বিতীয়তঃ যেটা সম্পর্কে আলোচনা করতে চাই সেটা হচ্ছে ফাংশনস অফ দি বোর্ড সম্পর্কে।

[1-20 — 1-30 p.m.]

মাধ্যমিক শিক্ষা বিলের ২৭এ ফাংশন অফ বোর্ড-এর কথা আছে, সেখানে পরিষ্কার উল্লেখ আছে যে মাধ্যমিক শিক্ষা পর্ষদ-এর শুধু একটা ফাংশন থাকবে এবং তা হচ্ছে স্টেট গভর্নমেন্টকে অ্যাডভাইস দেওয়া।

"Functions of the Board. It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referred to it by the State Government."

অর্থাৎ এই সেকেন্ডারি এডুকেশন বোর্ড সরকারকে মাধ্যমিক শিক্ষা ব্যাপারে তাদের মতামত বা পরামর্শ দেবেন—কিভাবে দেবেন? না সরকার যেগুলি সম্পর্কে তাদের কাছে পরামর্শ চাইবেন। অর্থাৎ মাধ্যমিক শিক্ষা বোর্ড নিজেরা যদি কোন নীতির কথা চিন্তা করেন, বা নতুন কোন আদর্শের কথা চিন্তা করেন, নতুন কোন কার্যক্রমের কথা চিন্তা করেন তা হলে সেগুলি তাঁরা সরকারের কাছে রেফার করতে পারবেন না। শুধুমাত্র সরকার যে বিষয়ে মতামত চাইবেন সেই বিষয়ে তাঁদের মতামত দেবেন। ফাংশন অবধি বোর্ড-এর কথা বলবার সময় মাননীয় মন্ত্রিমহাশয় মুদালিয়র কমিশন এবং যে কমিটির রিপোর্ট সম্পর্কে বলেছেন। আমি তাঁকে বলতে চাই মুদালিয়র কমিশন এবং যে কমিটি কোথাও শুধুমাত্র বোর্ডকে অ্যাডভাইসরি বোর্ড-এ পরিণত করার কথা বলেন নি। মুদালিয়র কমিশনের রিপোর্ট যদি আমরা দেখি তা হলে দেখা যাবে যে, সেখানে পরিষ্কারভাবে বলেছে ফাংশন সম্বন্ধে পেজ ১৮১তে—

"The Board will be generally responsible for the following matters:—(1) frame conditions for recognition of High Schools, Higher Secondary Scho and the qualifications of the teaching staff. (2) To appoint committees experts to advise on the syllabus, etc. for the different courses of stud (3) To frame courses of study on the recommendation of expert committ that might be appointed for this purpose, etc."

অর্থাৎ মুদালিয়র কমিশন ফাংশন অফ বোর্ড সম্পর্কে যে কথা বলেছেন তাতে শুধুমাত্র এ বোর্ডকে অ্যাডভাইসরি বোর্ডে রূপান্তরিত করার কথা সেখানে নাই। সেখানে আছে বোর্ড তার নিজের নীতি নির্ধারণ করতে পারবেন। বোর্ডের এক্সিকিউটিভ ক্ষমতা থাকবে। দে কমিটির রিপোর্টেও যদি দেখেন সেখানেও পরিষ্কারভাবে লেখা আছে

Advisory in its nature but authoritative in its sphere

অর্থাৎ নেচারের দিক থেকে অ্যাডভাইসরি হলেও তার একটা অথরেটিটিভ ক্যারেক্টর থাকবে। এটাই দে কমিটি রিপোর্টে বলেছেন। অথচ মন্ত্রিমহাশয় বলেছেন যে, তিনি দে কমিটি এবং মুদালিয়র কমিশনের ভিত্তিতেই এই বিল এনেছেন। অথচ তাঁদের যেসমস্ত সুপারিশ, যেসমস্ত নির্দেশ তাঁরা দিয়েছেন সেগুলি সম্পর্কে সরকার একেবারে নিশ্চুপ রয়েছেন। মাননীয় মন্ত্রিমহাশয় বোর্ডকে গভর্নমেন্টের হাতে সরকারের হাতে একটা ক্রীড়নক হিসাবে পরিণত করবার চেষ্টা করছেন। শুধুমাত্র সরকার যে নির্দেশ চাইবেন তা তাঁরা দেবেন, এই-ভাবে এখানে উল্লেখ করা হয়েছে। তারপর

regarding the composition of the power

আমি সার্জেন্ট কমিটির রিপোর্টের একটা অংশ পড়ে শোনাচ্ছি এখানে সার্জেন্ট কমিটি বলেছে (পেজ ২০৬৮)

"I suggest that the Board of Secondary Education now in abeyance, be reconstituted with a much larger proportion of members who are actively engaged in High Schools, that its function should in future be confined to supervising High School examinations, etc. I suggest that the Board of Secondary Education now in abeyance be reconstituted with a much larger proportion of members who are actively engaged in High Schools."

হাইস্কুলে যেসমস্ত শিক্ষকেরা শিক্ষকতা কার্যে নিযুক্ত থাকবেন তাঁরা যাতে বোর্ডে অধিক সংখ্যায় থাকতে পারেন, বোর্ডে অধিক সংখ্যায় আসতে পারেন সে সম্পর্কে সার্জেন্ট কমিটি রিপোর্টে উল্লেখ করা হয়েছে। অথচ সেই সার্জেন্ট কমিটির নির্দেশকে একেবারে নস্যাৎ করে দেওয়া হয়েছে, কোন আমল দেওয়া হয় নি। দে কমিটির রিপোর্টে কম্পোজিশন অফ বোর্ড সম্পর্কে বলা হয়েছে সেখানে ২৫ জন সভ্য থাকবে এবং তার মধ্যে ৬ জন হবেন সরকার মনোনীত। অর্থাৎ বোর্ডএর ক্যারেক্টার যা থাকবে তা হচ্ছে ৬ ইজ টু ২৫। কিন্তু আমাদের সামনে যে বিল এসেছে তার মধ্যে আমরা দেখছি যে ২৭ জন সভ্য আছে তার মধ্যে ১৬ জন সরকার মনোনীত। অর্থাৎ এখানে দে কমিটিকে আমল দেওয়া হয় নি। সরকারের যেখানে যতটুকু প্রয়োজন ততটুকু রিপোর্ট থেকে গ্রহণ করেছেন। বাকি যেসমস্ত মূল্যবান সাজেশন দেওয়া হয়েছে তা নেওয়া হয় নি বা অস্বীকার করা হয়েছে।

১৯৫০ সালের আইনে কম্পোজিশন অব দি বোর্ড সম্বন্ধে সেকসন ৪তে আমরা দেখছি যে, বোর্ডের মধ্যে

Vice-Chancellor of the University of Calcutta র

স্থান আছে, কিন্তু এই বিলে

Vice-Chancellor of the Calcutta University র

কোন স্থান নেই।

Vice-Chancellor of the Calcutta University

আমরা মনে করি শিক্ষাজগতে একজন সম্মানিত ব্যক্তি এবং তাঁর পরামর্শ শিক্ষাক্ষেত্রে অত্যন্ত মূল্যবান। অথচ তাঁর স্থান এই প্রস্তাবিত বোর্ডে নাই। ১৯৫০ সালের আইন ছাড়াও অন্যান্য দেশে বা স্টেটএ যেসমস্ত সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট আছে সেখানেও আমরা দেখছি শিক্ষা

র বিশেষজ্ঞ, যাঁরা শিক্ষা সম্পর্কে বিশেষ পরামর্শ দিতে পারেন সেই সব ব্যক্তিদের কো-অপ্ট নেবার ক্ষমতা আছে। কিন্তু এই বিলে কো-অপশনএর কোন প্রভিশন রাখা হয় নি। এই প্রেসিডেন্ট নির্বাচন সম্পর্কে যেকথা বলা হয়েছে, আমরা মনে করি তা অত্যন্ত অগণতান্ত্রিক-ব রাখা হয়েছে। এখানে রাখা হয়েছে বোর্ডের প্রেসিডেন্ট সরকার মনোনয়ন করবেন। ৫০ সালের আইন এই সরকারই রচনা করেছিলেন। ১৯৫০ সালের আইনে আছে যে, বোর্ড জন ব্যক্তির নাম সুপারিশ করে সরকারের কাছে পাঠাবেন এবং সরকার সেই প্যানেল থেকে জনকে সিলেক্ট করবেন। কিন্তু এই বিলে সরকারের কাছে সুপারিশ করার ক্ষমতা কেড়ে ওয়া হয়েছে। পুরানো আইনে বোর্ড যাতে সুচারুভাবে ফাংসন করতে পারে, তার জন্য াইস-প্রেসিডেন্টএর পদ আছে। যদি প্রেসিডেন্ট অনুপস্থিত থাকেন, প্রেসিডেন্ট যদি কোন ারণে বাইরে থাকেন, প্রেসিডেন্ট যদি নিষ্ক্রিয় থাকেন তা হলে ভাইস-প্রেসিডেন্ট তাঁর দায়িত্ব হণ করবেন। কিন্তু এই বিলে ভাইস-প্রেসিডেন্টএর পদের কোন প্রভিসন নাই। তারপর ই বিলে এক্জিকিউটিভ কাউন্সিলএর কোন স্কোপ নাই। ১৯৫০ সালের আইনের সেকসন ০তে এক্জিকিউটিভ কাউন্সিলএর কথা আছে, সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছে একটা বড় মিটি নিয়ে অনেক সময় কাজের অসুবিধা হতে পারে। তাই একটা ছোট এক্জিকিউটিভ াউন্সিলএর প্রয়োজন আছে যাঁরা বিভিন্ন বিষয়ে বোর্ডকে সাহায্য করবেন। ১৯৫০ সালের াইনে এই ব্যবস্থা আছে, অথচ এই বিলে সেই এক্জিকিউটিভ কাউন্সিল তুলে দেওয়া হয়েছে। ারপর ১৯৫০ সালের আইনে আমরা দেখছি সেকসন ২০(ডি)তে রেকগনিশন অফ গ্রান্টস মিটি আছে, অর্থাৎ রেকগনিশন অব গ্রান্টস কমিটি বিভিন্ন স্কুলকে তাদের অবস্থা পর্যালোচনা রে কতখানি গ্রান্ট দেওয়া হবে সে সম্পর্কে বিচার-বিবেচনা করে পন্থা অবলম্বন করবেন। র্তমান বিলে বোর্ডের গ্রান্ট দেবার ক্ষমতা থাকবে না। এই গ্রান্ট সম্পর্কে দে কমিটির রিপোর্টে লা হয়েছে (পেজ ৩৯), প্যারা ১৫,

that the Committee is to be named as Recognition and Grants Committee. The Recognition and Grants Committee will consider the applications and make recommendations to the Government on such applications."

[4-30—4-40 p.m.]

বর্তমান বিলে বোর্ডের হাত থেকে গ্রান্টস দেবার ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। স্কুলের ব্যাপারে কোন ... বা সুপারিশ করার ক্ষমতা বোর্ডের থাকছে না। ১৯৫০ সালের আইনে আমরা দেখি ... মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে উপযুক্ত পরিচালনার জন্য সরকার কতকগুলি লায়েবিলিটি নিয়েছিলেন ... সেখানে দেখছি যে,

Sec. 42 West Bengal Secondary Education Act, 1950

সেখানে বলা হয়েছে

"For the purpose of enabling the Board to perform its function under this Act the State Government shall pay to the Board, as soon as it is constituted and thereafter in each financial year a sum of Rs. 30 lakhs."

... করার জন্য সরকার প্রতি ফাইনান্সিয়াল ইয়ারএ বোর্ডের হাতে ৩০ লক্ষ টাকা দেবেন। একথা ১৯৫০ সালের আইনে আছে, অথচ এই বিলে সে সম্পর্কে কোন আলোচনা নেই। অর্থাৎ বর্তমান বিলে এই লায়েবিলিটিস সম্পর্কে কোন কথা নেই। ১৯৫০ সালে মাধ্যমিক শিক্ষা পরিচালনার জন্য যে আইন তৈরি হয়েছিল তার মধ্যে বহু দোষত্রুটি আছে এবং আমরা আশা করেছিলাম, নূতন বিলে সেই ত্রুটি-বিচ্যুতিগুলো ওভারকাম করে একটা নূতন রূপ দেওয়া সম্ভব হবে। কিন্তু বর্তমানে যে বিল আমরা দেখছি সেই বিলটা ১৯৫০ সালের বিলের চেয়েও বেশি প্রতিক্রিয়াশীল। একটা আমলাতান্ত্রিক কাঠামোর মধ্যে সমস্ত জিনিসটাকে রেখে সরকার শিক্ষাব্যবস্থাকে কুক্ষিগত করার চেষ্টা করছেন। সেজন্য এই বিলের বিরোধিতা করছি এবং দাবি করছি এই বিলকে আরও ভালভাবে রচনা করার জন্য সার্কুলেশনে দেওয়া হোক। এই কথা আমরা বারবার বলে আসছি যে, ১৯৫৪ সাল থেকে ১৯৬২ সাল এই ৯ বছর ধরে আমরা এই বিল সম্পর্কে কোনরকম সাধারণ মানুষের মতামত গ্রহণ করি নি। এমন কি ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস-চান্সেলর বা সিনেটের বক্তব্য এ সম্পর্কে নেওয়া হয় নি। সেজন্য আমরা মনে করি এই বিল বাংলাদেশে শিক্ষাব্যবস্থাকে সুন্দরভাবে গড়ে তোলার ক্ষেত্রে

একটা বিরাট অন্তরায় হয়ে দাঁড়াবে এবং এই বিল নিয়ে আমাদের সামনে আলোচনা করবার আগে সাধারণ মানুষ, শিক্ষিত মানুষের কাছ থেকে মতামত নেওয়া উচিত ছিল। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমি আবেদন করব এই বিলটা তিনি আবার নূতনভাবে জনমত সংগ্রহাথে প্রচারের দায়িত্ব নিন এবং তারপর বিলটা ভালভাবে রচনা করে হাউসের সামনে আলোচনার জন্য রাখুন।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের সামনে মধ্যশিক্ষা বিল নামে যে বিলটা আনা হয়েছে, এই বিলকে বলা চলতে পারে অত্যন্ত প্রতিক্রিয়াশীল ও অগণতান্ত্রিক বিল। প্রতিক্রিয়াশীল এইজন্য মানুষের ধারণা নিয়ে সর্বক্ষেত্রে করি নি। গত ১৯৫০ সালে যে আইন ছিল ১২ বৎসর পরে যে নূতন আইন করতে যাচ্ছি তাতে ১৯৫০ সালের আইনে যে সুযোগসুবিধাগুলি শিক্ষাবিস্তারের ক্ষেত্রে দেওয়া হয়েছিল ১৯৬২ সালে বা ১৯৬৩ সালের যে বিল আনতে যাচ্ছি তাতে সে সুযোগসুবিধা কেড়ে নেওয়া হয়েছে অর্থাৎ আমরা পেছনের দিকেই চলে যাচ্ছি এদিক থেকে ঐ বিল প্রগতিশীল। ২ নম্বর এই বিলটা অগণতান্ত্রিক এজন্য যে এই বিলে যেসমস্ত ধারায় শিক্ষাবিস্তারের বা কমিটির যে ধারা আছে সে ধারা থেকে এটা পরিষ্কার হয়ে যাবে যে ধীরে ধীরে সমস্ত ক্ষমতা সরকার নিজের দপ্তরের কুক্ষিগত করতে চান। শিক্ষা দপ্তর একটি আজব চীজ, ওখানে বসে যেসব আজব চীজ বসে এতদিন ধরে যেসমস্ত কান্ডকারখানা করছেন তার দ্বারা তাঁরা শিক্ষাব্যবস্থার সর্বনাশ করতে চান। আজ অত্যন্ত দুঃখের সঙ্গে মনে পড়ছে এই যে বিল সেই হরেনবাবু যে হরেনবাবু ১৯৩৫ সালে আমাদের মেনাস টু হাই স্কুল এডুকেশন যাতে তিনি শিক্ষার নানান দিক আলোচনা করেছিলেন, এই কি সেই হরেনবাবু যিনি প্রগতিমূলক সাজেশসন দিয়েছিলেন? এই কি সেই হরেনবাবু যিনি এই বিল আনতে যাচ্ছেন বা এই কি সেই হরেনবাবু যিনি মুসলিম লীগ আমলে যখন তাঁরা মাধ্যমিক পর্ষদ বিল আনতে যাচ্ছিলেন সেই যুগে জোরগলায় দাঁড়িয়ে প্রতিবাদ করেছিলেন এবং যিনি প্রগতিমূলক সাজেশনস দিয়েছিলেন? এই কি সেই হরেনবাবু যিনি ১৯৫০ সালে যে আইন করেছিলেন তার মাধ্যমে কিছু উন্নতির চেষ্টাও করেছিলেন আজকে সেগুলিও কেড়ে নিতে যাচ্ছেন? আমার মনে হয় আজকে হরেনবাবুর ভূত হাউসে বসে আছেন। প্রথম কথা এই বিলটা যেভাবে আনা হয়েছে এই প্রসিডিওরটি অগণতান্ত্রিক। ১৯৫৯ সালে শিক্ষা পর্ষদ বাতিল হয়ে গেলে ১৯৫৯ সালের পর সাড়ে ৮ বৎসর চলে গেল, এই সাড়ে ৮ বৎসর পর এ অ্যাসেম্বলির সামনে বিল আসছে। সাড়ে ৮ বৎসর এটা একটা কন্ট্রোভারসিয়াল বিল, উচিত ছিল এই বিতর্কমূলক বিলের জন্য যেসব প্রতিষ্ঠান এসবের সঙ্গে জড়িত আছে তাদের সঙ্গে আলাপ-আলোচনা করে একটা সুন্দর বিল আনা উচিত ছিল। কিন্তু একাধারে এখন ডিক্টেটরশিপ পর্যায়ে গিয়ে আমাদের মন্ত্রিমহাশয় পৌঁছেছেন যে, সেদিকে নজর দেন নি। সিনেটের সঙ্গে আলোচনা করেন নি, যেসমস্ত শিক্ষা সংগঠন আছে তাদের সঙ্গে আলোচনা করেন নি, জোর করে ভোটের জোরে একটা প্রতিক্রিয়াশীল অগণতান্ত্রিক বিল পাশ করাতে যাচ্ছেন, তাই প্রসিডিওরের জায়গায় যেটুকু ডেমক্রেটিক করতে চেয়েছিলেন সেটুকুতে রাজি হয় নি। আর একটা কথা না বলে পারছি না। আমাদের আগের যে শিক্ষা পরিষদ বাতিল করা হল তাতে যাঁরা ছিলেন তাঁরা "দোষী নিজে জানিল না কিবা অপরাধ" তাদের কি কারণে বাতিল করা হল। দোষগুলো সব আছে কিনা এবং সেই দোষগুলি সম্পর্কে বক্তব্য আছে কিনা এই সম্পর্কে কোন ব্যবস্থা না করে শিক্ষা পরিষদকে বাতিল করা হল। এইভাবে ও'র যে ডিপার্টমেন্ট তাঁরা বাংলাদেশের শিক্ষাব্যবস্থাকে বানচাল করে দিলেন, তাঁদের বিরুদ্ধে দুর্নীতির যে একটা রিপোর্ট হল, যে বিরাট আন্দোলন হয়েছিল আজকে এই বিল আনার আগে সে সম্বন্ধে ওয়াকিবহাল হয়ে আনা উচিত ছিল যে কমিটি কিভাবে হবে। ১৯৫০ সালে যে কমিটি ছিল তাতে ৪৪ জন মেম্বারএর মধ্যে ২৭ জন নির্বাচিত হয়ে আসবেন ৬ জনকে কো-অপ্ট করে নিতে পারবেন এই হল ৩৩ জন সরকারের তরফ থেকে আসছেন ৮ জন এবং ৩ জন এক্স-অফিসিও এডুকেশনিস্টস আসবেন ভাইস-চ্যান্সেলর প্রভৃতি, ৪৪ জনের মধ্যে সরকারের থাকবে মাত্র ৮ জন আর আজকে একাবারে ৩০ জনের কমিটির সরকারের একেবারে নিজস্ব লোক। ৮ জন সরকার নমিনেট করবেন আর ৮, প্রেসিডেন্টকে সরকার নমিনেট করবেন তা হলে হল ৯ জন, এই ৯ আর ৮এ ১৭ জন ৩০ জনের মধ্যে চলে। এই ১৭ জনই সরকারের কুক্ষিগত। ৫টি ডীন আসবে, তিনটি ইউনিভার্সিটির ৩ জন, ক্যালকাটা ২, এই ৫। এ ছাড়া এক্স-অফিসিও

আসবেন বিশ্বভারতী ও যাদবপুর থেকে। অর্থাৎ আমাদের নির্বাচিত লোক। ৬ জন, ৩০ জনের কমিটির মধ্যে নির্বাচিত লোক তার মধ্যে ২ জন আসছে অ্যাসেম্বলি থেকে, ১ জন অ্যাসেম্বলি আর ১ জন কাউন্সিল থেকে। একজন যদি অ্যাসেম্বলি থেকে আর একজন যদি কাউন্সিল থেকে আসে তা হলে ঐ নির্বাচিত যে ৬ জন তার মধ্যে ২ জনও তো সরকার তরফের হয়ে যাচ্ছে। কিন্তু ২ জন যদি অ্যাসেম্বলি থেকে রাখা সম্ভব হত তা হলে অপোজিশন থেকে একজন হত। তা ২ আর ১এ তিন করে অ্যাসেম্বলি আর কাউন্সিল মিলিয়ে যদি করা হত তা হলে অ্যাসেম্বলি বা কাউন্সিল থেকে বিরোধীপক্ষ থেকে একজন যাবার সম্ভাবনা ছিল।

[1-40—1-50 p.m.]

সেই জায়গাটা এখানে একেবারে বেঁধে দিলেন। তারপর আসছে, স্যার, প্রেসিডেন্টের ব্যাপার। প্রেসিডেন্ট, আগের অ্যাক্টে ছিল প্রথম পাঁচ বৎসর ও'রা অ্যাপয়েন্ট করে দেবেন বা নমিনেট করে দেবেন। কিন্তু পাঁচ বৎসর যাবার পর বোর্ড একটা প্যানেল অব প্রেসিডেন্টস করবে চারজনের নাম দিয়ে, যে প্যানেল থেকে ও'রা একজনকে ঠিক করে দেবেন। কিন্তু এখানে আর প্রেসিডেন্টের ব্যাপার নেই, বোর্ডের কথা নেই, ও'রা খুসীমত প্রেসিডেন্ট ঠিক করে দেবেন। এবং ভাইস প্রেসিডেন্টের জায়গায় একেবারেই নাকোচ।

তারপর অ্যাডমিনিস্ট্রেশনের জায়গায় দেখুন, সেক্রেটারি অ্যাপয়েন্ট করবেন গভর্নমেন্ট আর বোর্ডের কাজকর্মের জন্য প্রেসিডেন্ট ও বোর্ড দায়ী থাকবে টু দি গভর্নমেন্ট। সেক্রেটারী অ্যাপয়েন্ট করার যে ক্ষমতা সেটা বোর্ডের নয়, সেক্রেটারী অ্যাপয়েন্ট করে দিচ্ছেন গভর্নমেন্ট আর প্রেসিডেন্ট ও বোর্ড থাকছে রেসপনসিবল টু দি গভর্নমেন্ট। এই যে একটা কন্ট্রাডিকশন বা ডুয়াল পাওয়ার ঢুকিয়ে দেওয়া হচ্ছে যার ফলে আবার দ্বন্দ্ব দেখা দেবে যে দ্বন্দ্বের ফলে গত পর্ষতকে বাতিল করা হয়েছিল।

এরপর আসছে ফাংসন্স অ্যান্ড পাওয়ারস। আমরা জানি আজকে শিক্ষা যে জায়গায় দাঁড়িয়ে আছে তাতে সবচেয়ে আগে যেটা প্রয়োজন তাহল ভাল পরিকল্পনার প্রয়োজন এবং শিক্ষাকে বাংলাদেশের কোণে কোণে ছড়িয়ে দেওয়ার প্রয়োজন এবং শিক্ষা ঠিকভাবে সমস্ত জায়গায় যাচ্ছে কিনা সেটা দেখা। কিন্তু এই শিক্ষা পর্ষতের হাতে ক্ষমতা নেই শিক্ষা ছড়িয়ে দেবার, শিক্ষা ব্যাপারে পরিকল্পনা করার, অথবা শিক্ষাকে র‍্যাশনালাইজ করার। আমরা দেখেছি, মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এমন এলাকা আছে যেখানে প্রয়োজন যত স্কুলের তার চেয়েও বেশী আছে। আবার এমন এলাকা আছে যেখানে স্কুল নেই, সে এলাকার অনেক জায়গার মধ্যেই স্কুল নেই। শিক্ষা বিস্তারের জায়গায় দিকে দিকে তা ছড়িয়ে দেবার কোন ক্ষমতা বোর্ডের নেই, ডেভেলপমেন্টের কোন ক্ষমতাও বোর্ডের নেই। এই বিলের যদি প্রিয়াম্বল দেখি তাহলে দেখবো যে শিক্ষা পর্ষতের যে ক্ষমতা তাহল

to control and regulate the educational system

আগের অ্যাক্টে ছিল তারা ডেভেলপ করতে পারবে। সেকসন ৩৭, ৩৩, এবং প্রিয়াম্বল যদি পড়ি তাহলে দেখবো ১৯৫০ সালের অ্যাক্টে এই শিক্ষা পর্ষতের হাতে সে ক্ষমতা দেওয়া ছিল। তাঁরা ডেভেলপমেন্ট করতে পারবেন, প্ল্যান করতে পারবেন, র‍্যাশনালিজেশন করতে পারবেন। আজকে দেখছি শিক্ষা মন্ত্রিমহাশয় এ ক্ষমতা এ পর্ষতের হাত থেকে টেনে নিয়ে এ যে দুর্নীতি-গ্রস্ত দপ্তর ও'র পিছনে বসে আছে তার হাতে সেই ক্ষমতা দিচ্ছেন। দে কমিশন, মুদালিয়ার কমিশনের কথা এডুকেশন ব্যাপারে বলা হয়। ১৯৫২ সালে মুদালিয়ার কমিশন হয়, আর ১৯৫৩ সালে দে কমিটি হয়। ১৯৫২ সালে মুদালিয়ার কমিশন, যারা ভারতবর্ষের ক্ষেত্রে শিক্ষা বিস্তারের জন্য কতকগুলি জেনারেল রেকমেন্ডেশন করেছিল। পশ্চিমবঙ্গ সরকার দে কমিটি করেছিলেন কি করে আমাদের স্টেট গভর্নমেন্ট

recommendations of the Mudaliar Commission

কার্যকরী করা যায়। এই যে দে কমিটির রিপোর্ট তার থেকে দুটো এখানে আমি পড়ে দিতে চাই। দে কমিটি বলেছেন এই বোর্ড কিরকম হবে, তার ফাংশন কি হবে,

"to prepare plans for the development of secondary education and better and more equitable distribution of the facilities of secondary education in the State and plan for development and rationalisation."

এই জায়গায় যে কমিটি যে কথা বলেছেন আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন সেই বিলের তিনি ঐ জায়গাটাকে তুলে দিয়েছেন। যে কমিটি আর একটা কথা বলেছিলেন যে বোর্ডের দুই ধরনের ক্ষমতা থাকবে। এক ধরনের ক্ষমতা এ্যাডভাইসারি ক্ষমতা, আর এক ধরনের ক্ষমতা অবলিগেটরি ক্ষমতা। অর্থাৎ যেটা তাদের রেকমেন্ডেশন সেটা অবলিগেটরি, গভর্নমেন্টকে তা গ্রহণ করতেই হবে। এবং কোন ব্যাপারে অবলিগেটরি? তাঁরা বলেছিলেন যার এ্যাকাডেমিক ইম্পর্টেন্স আছে সেই ব্যাপারে তাঁরা যে রেকমেন্ডেশন করবেন সেটা অবলিগেটরি হবে এবং এই সরকারকে তা গ্রহণ করতে হবে। তারপর যদি শিক্ষক ও ম্যানেজিং কমিটির মধ্যে কোন ডিসপিউট হয় সেক্ষেত্রে তাদের যে রেকমেন্ডেশন সেটা সরকারকে বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে। এই যে কমিটির রেকমেন্ডেশন

regarding functions and powers

এইগুলিকে অবহেলা করা হয়েছে এবং অগ্রাহ্য করা হয়েছে; ইচ্ছা করে অগ্রাহ্য করা হয়েছে। কারণ শিক্ষার সমস্ত কিছু তাঁদের হাতে একেবারে কুক্ষিগত করে রাখতে চান। আমি আর একটা কথা বলতে চাই। আমরা দেখছি কতকগুলি কমিটি করার ব্যবস্থা এই বিলে হয়েছে। আমরা যদি আমাদের গঠনতন্ত্রের দিকে ফিরে চাই, কনস্টিটিউসন-এর দিকে ফিরে চাই, তাহলে দেখব যে আমাদের ভারতবর্ষের যে গঠনতন্ত্র তাতে স্বীকৃত হয়েছে আমাদের দেশে শিক্ষার ক্ষেত্রে সকল শ্রেণীর মানুষকে সমান সুযোগসুবিধা দেওয়া। আমি সেজন্যে মনে করি আমাদের দেশে যারা অনুন্নত শ্রেণী বলে পরিচিত—সাঁওতাল আদিবাসী বা সিডিউল্ড কাস্টের লোক তারা শিক্ষার জায়গায় অনুন্নত রয়েছে, স্বাধীন ভারতবর্ষে যা হওয়া উচিত অর্থাৎ শিক্ষা যাতে প্রতি জায়গায় সমানভাবে বিকশিত হতে পারে, সমানভাবে ছড়িয়ে যেতে পারে সেই ব্যবস্থা এখানে হওয়া উচিত ছিল। আগে আমরা দেখেছি একটা কমিটি ছিল

Education Development Committee Education develop

করার জন্য একটা কমিটি ছিল সেটা এই বিলে তুলে নেওয়া হয়েছে। অনুন্নত যারা—যারা শিক্ষা ঠিকমত পায় না সিডিউলড ট্রাইব বা সিডিউলড কাস্ট অনুন্নত শ্রেণীর লোক সমস্ত তারা যদি শিক্ষার আলোক না পায় তাহলে দেশের সর্বাংগীণ উন্নতি কি করে সম্ভব হবে? অথচ সে ব্যবস্থা এই বিলের মধ্যে রাখেন নি। আসল কথা তারা যদি শিক্ষা পায়, গণতান্ত্রিক অধিকার পায় তাহলে মন্ত্রীরা যারা গদীতে বসে আছেন তাঁদের গদী তর তর করে নড়ে উঠবে। গার্লস এডুকেশন কমিটি ১৯৫০ সালের আইনে ছিল, এখানে তা নেই। সিভিল ডিফেন্স-এর কথা এখানে অনেক শুনেছি শুনেছি আমাদের শরীর ভাল হওয়া উচিত, স্বাস্থ্য ভাল হওয়া উচিত, ছাত্রদের শরীর ভাল নয়, স্বাস্থ্য ভাল নয় রেডিও মারফত, পাবলিক মিটিং-এ শুনেছি, বার বার মন্ত্রিমহাশয়ের কাছ থেকে শুনেছি, কিন্তু ফিজিক্যাল এডুকেশন কমিটি একটা ১৯৫০ সালের আইনে ছিল, এবার কিন্তু বক্তৃতা দিয়েই এঁরা খালাস। এই বিলে ফিজিক্যাল এডুকেশন কমিটি একেবারে উঠিয়ে দেওয়া হয়েছে। দেশে কারিগরী শিক্ষা ব্যবস্থার প্রসার প্রয়োজন—দেশ ইন্ডাস্ট্রিয়ালাইজড হবে, শিল্পে সমৃদ্ধ হতে হবে—তাতে কারিগরী শিক্ষার দিকে লোক যাতে বেশী যায় তার ব্যবস্থা করা উচিত। ১৯৫০ সালের যে আইন তাতে কমার্স অ্যান্ড এগ্রিকালচার ব্যাপারে একটা কমিটি ছিল সেই সব কমিটি রাখার জায়গা এই বিলে একেবারে তুলে দেওয়া হয়েছে। শিক্ষা যদি বিস্তৃতির দিকে না যায়, যেভাবে বিস্তৃত হওয়া দরকার সেইভাবে যাতে শিক্ষার বিস্তার না হয়, মূর্খ লোকে যাতে থাকে, স্বাস্থ্য যাতে ভাল না হয় এবং সমস্ত দেশের মানুষ যাতে শিক্ষিত হতে না পারে তার প্রত্যেকটি ব্যবস্থা এতে রাখা হয়েছে। সেকেন্ডারী এডুকেশন ব্যবস্থায় আমাদের সিলাবাস-এর যে অবস্থা তা আরও শোচনীয়। ৫।৬ বছরের ছেলেমেয়েদের চার-পাঁচটি ভাষা শিখতে হয়—এক গাদা বই পড়তে হয়, পৃথিবীর ইতিহাস পড়ছে কিন্তু ভারতবর্ষের ইতিহাস জানে না। তার জন্য প্রয়োজন ছিল সিলেবাস-এর ব্যাপারে এবং মাধ্যমিক শিক্ষার ব্যাপারে যা পড়া শেষ করে ছাত্ররা বিশ্ববিদ্যালয়ে যাবে—এই দুটি শিক্ষা ব্যবস্থার মধ্যে কিভাবে কো-অরডিনেশন করা যায় তা দেখা। ইউনিভারসিটি শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা ব্যাপারে একটা যোগসূত্র যাতে বুঝা যায় তার ব্যবস্থা করা উচিত ছিল। তারপর নীচের দিকের কথা বলব। প্রাইমারি এডুকেশন শেষ করে সেকেন্ডারি এডুকেশন-এ সকলে আসে। কাজেই এই প্রাইমারি এডুকেশন এবং সেকেন্ডারি এডুকেশন-এর মধ্যে যাতে মিল থাকে তার জন্য

একটা কো-অর্ডিনেসন কমিটি থাকা উচিত ছিল। কোথায় তার জায়গা? প্ল্যানিং অর ডেভেলপমেন্ট কমিটির জায়গা এর মধ্যে নেই। সেটা থাকা উচিত ছিল।

[1-50—2 p.m.]

গত বোর্ডে ১৯৫০ সালের মধ্যশিক্ষা অ্যাক্টে ৩০ লক্ষ টাকার ও কম টাকা তাদের হাতে দেওয়ার ব্যবস্থা ছিল। কিন্তু এবারে বোর্ডের হাতে কোন টাকা দেবার ব্যবস্থা নাই। তাদের কাজ দেওয়া হয়েছে তোমরা রেগুলেট করবে, কন্ট্রোল করবে, তোমরা সুপারিন্টেন্ডিং করবে। কিন্তু টাকা তাদের হাতে নাই। তাদের ক্ষমতা দেওয়া হয়েছে কোন স্কুল হবে কি না হবে, তার রেকগনিশন তোমরা দেবে। কিন্তু কোন স্কুলে কত টাকা গ্রান্ট-ইন-এইড দেওয়া হবে, সেটা বোর্ডের হাতে নাই। এই গ্রান্ট-ইন-এইড যে টাকা পয়সার জায়গা। সেটা বড় মধুর জায়গা। সেখান থেকে মধু ঝরে। শিক্ষামন্ত্রীর মধুচক্রে রাইটার্স বিল্ডিংসে যাঁরা আছেন, তাঁদের হাত থেকে মধুচক্রটা তাঁরা সরাতে চান না, ছাড়তে চান না। টাকা পয়সা পরিষ্কার তাঁদের হাতে রেখে দেওয়া হয়েছে।

স্যার, আর একটা কথা বলবো, সেটা হচ্ছে শেষ কথা। সময় বেশী নেব না। সেকেন্ডারি এডুকেশন হচ্ছে জাতির মেরুদণ্ড। আমরা জানি সেকেন্ডারি এডুকেশন এমন একটা স্তর, জায়গা, যেখান থেকে উচ্চতর ধারায় এডুকেশন-এ যায়, ইউনিভার্সিটি এডুকেশন, টেকনিক্যাল এডুকেশন-এ যায় এবং এখান থেকে সরাসরি জীবনে চাকরির ক্ষেত্রে চলে যাবে। একটা জাতি তৈরী হবে কি হবে না একটা জাতির মেরুদণ্ড শক্তভাবে গড়ে উঠবে কি উঠবে না সেটা নির্ভর করে এই মাধ্যমিক শিক্ষার উপর। সেই মাধ্যমিক শিক্ষার জায়গা যদি দুর্বল করে রাখা হয়, সেই মাধ্যমিক শিক্ষার জায়গাকে যদি অগণতান্ত্রিক করে রাখা যায়, পঙ্গু করে রাখা যায়, গোড়া যদি ঠিকভাবে তৈরি না করতে পারা যায়, তাহলে জাতি হবে পঙ্গু জাতি হবে দুর্বল। আজকে সেইদিকে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে এঁদের হাতে ভোটের জোর আছে, সেই ভোটের জোরে তাঁরা অনেক কিছু পাস করে নিতে পারেন, দেশের মানুষের উপর এঁরা অনেক কিছু চাপিয়ে দিতে পারেন। এই চাপানোর ফলে যে দুঃখী জাতি গড়ে উঠবে, যে পঙ্গু জাতি গড়ে উঠবে, তাদের অবিরাম কান্না ক্রন্দন, উত্তপ্ত চোখের জলে এঁদের একদিন প্লাবিত করে নিয়ে যাবে। সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার মাধ্যমে এই কথাগুলি বলে এই বিল যাতে জনমত সংগ্রহের জন্য সার্কুলেশনে দেওয়া হয়, তার জন্য সরকারকে অনুরোধ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় ডেপুটী স্পীকার স্যার, এই বিলটী যখন পড়ছিলাম, তখন একটি কথা আমার মনে হচ্ছিল এবং সেই কথাটা হচ্ছে এই যে

Our very old Education Minister

"He has been conceiving since 1954, and now he has been able to produce a still born babe that is maimed and mutilated. Perhaps it is a still born babe."

এই কথাটা বলে আমি আমার বক্তৃতা শুরু করবো। এডুকেশন সম্বন্ধে আমার আগে যাঁরা বলে গেলেন তারপরে এইসব বিষয়ের পুনরুক্তি না করে আমি কয়েকটা কোজেন্ট পয়েন্ট মাননীয় উপাধ্যক্ষ মহোদয়ের মারফত এখানে রাখতে চাই। ভারতবর্ষ স্বাধীন হবার আগে, আমার মনে পড়ে, তখন বোধহয় আমি জেলে ছিলাম, সেই সময় তদানীন্তন কালের যে মুসলিম লীগ মিনিস্ট্রী, তারা একটা বিল নিয়ে আসে এবং সেই বিল আমাদের যাঁরা জাতীয় কংগ্রেসের নেতা ছিলেন, যাঁরা সেই সময়কার লেজিসলেচারে ছিলেন, তাঁদের অন্যতম আমাদের একজন অত্যন্ত গৌরবের বস্তু ডাঃ শ্যামাপ্রসাদ ছিলেন, সেই বিলকে টুথ অ্যান্ড নেল অপোজ করেছিলেন। ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের একটি কথা এখনো আমার মনে আছে। তিনি বলেছিলেন অনারেবল ফজলুল হক সাহেবকে লক্ষ্য করে

We shall see that this Bill should not be placed on the statute book

এবং তারপর কি হয়েছিল, সেকথা সবাই জানেন। আজকে সত্যি সত্যি দুঃখের কথা সেই সময় যিনি আমাদের গণতান্ত্রিক ব্যবস্থাকে রক্ষা করবার জন্য আমাদের সাধারণের অ্যাসপিরেশনকে রূপ দেবার জন্য, যিনি একজন কর্ণধার ছিলেন, সেই আমাদের বর্তমান মাননীয় শিক্ষামন্ত্রী

মহাশয় এই একটা বিকলাঙ্গ শিশুকে আমাদের সামনে রেখেছেন, সেই পঙ্গু শিশুটিকে বিচার করবার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এর বিকলাঙ্গতা লক্ষ্য করেও যাঁরা এটা প্রডিউস করেছেন এবং আমাদের উপর ইমপোজ করছেন, তাকে বাধা দেবার সাহস আমাদের থাকা উচিত বলে আমি মনে করি। এইজন্য ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের মুক্তির আন্দোলনের মুখ্য উদ্দেশ্য ছিল—এই যে ভারতবর্ষের প্রতিটি স্তরে বিশেষতঃ শিক্ষার ব্যাপারে স্বাধীন ভারতবর্ষের গভর্নমেন্ট এমন ব্যবস্থা করবেন যাতে জনগণের দ্বারা সেই ব্যবস্থা আবশ্যকীয় প্রয়োজনীয় অঙ্গ হিসেবে গৃহীত হয় এবং জনগণের আশা-আকাঙ্ক্ষাকে রূপায়িত করা হয়। কিন্তু, দেখা যাচ্ছে এর আগে যে বিল ও অ্যাক্ট তৈরি হয়েছিল, সেই অ্যাক্টকে বস্তাপচা ফাইলের মধ্যে ফেলে দিয়ে, আজকে আর একটা বিল নূতনভাবে নিয়ে আসা হচ্ছে; তাতে দেখা যাচ্ছে আমাদের প্রতিটি অধিকারকে ক্ষুণ্ণ করা হচ্ছে। কিভাবে ক্ষুণ্ণ করা হচ্ছে, আমি আগে বলেছি, আবার বলছি সরকারী দপ্তরের আওতায় একটা অটনমাস বডি সৃষ্টি করবার জন্য ভাঁওতা দেওয়া হচ্ছে। এটা একটা অদ্ভুত কথা। আপনাদের জনগণ বিশ্বাস করে মন্ত্রিত্ব দিতে পারে, সেই মন্ত্রিত্ব নিয়ে আপনারা রাজ্য চালাতে পারেন। কিন্তু, জনগণকে বিশ্বাস করে, তাদের টিচার্স বা গার্ডিয়ানকে বিশ্বাস করে, সেখানে তাদের রিপ্রেজেনটেটিভ পাঠাবার জন্য আপনাদের মনে সংকোচ চলে আসে এ কি রকম ব্যবস্থা? আজ কংগ্রেস ডিসেনট্রালাইজেশন-এর কথা বলেছেন এবং পূর্বেও বিভিন্ন অধিবেশনে তাঁরা ডিসেনট্রালাইজেশন-এর কথা বলেছেন। এটা হচ্ছে তাঁদের, কংগ্রেসের মুখ্য নীতি। আজ ডিসেনট্রালাইজেশন-এর নামে তাঁরা ব্যুরোক্রাটিক ডিক্টেটরসিপ এই এডুকেশন বিলের মধ্যে নিয়ে এসেছেন। [এ ভয়েস আমরা আরও ডিসেনট্রালাইজেশন চাচ্ছি।] এই ডিসেনট্রালাইজেশন চাওয়ার আগে, আপনাদের যে কর্ম, সেটা হচ্ছে আপনাদের মাথাকে কিছু পরিষ্কার করা দরকার। কারণ কোনটা ডিসেনট্রালাইজেশন হওয়া দরকার, আর কোনটা ডিসেনট্রালাইজেশন করা উচিত নয়, সেটা ভাবতে হবে। আপনারা যদি ডিসেনট্রালাইজেশন ঠিকমত করতে চান, তাহলে সেকেন্ডারি বোর্ড অব এডুকেশন বিল, যেটা নিয়ে এসেছেন, সেই বিলটা জনমত সংগ্রহের জন্য পাঠান। এই বিলটাকে জনমতের কাছে দিন। প্রেসিডেন্ট আপনারা নিয়োগ করছেন, প্রেসিডেন্ট অ্যাপয়েন্ট করছেন। আশ্চর্য কথা, প্রেসিডেন্ট অ্যাপয়েন্ট করছেন, এতবড় একটা পদে অথচ তার পিছনে পিপল-এর কোন স্যাংকসন থাকবে না? পিপল-এর স্যাংকসন না নিয়ে, আপনারা প্রেসিডেন্ট অ্যাপয়েন্ট করবেন। [এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ—আমরাও তো জনপ্রতিনিধি।] আমরাও কিছু কিছু জনপ্রতিনিধিত্ব নিয়ে এখানে এসেছি। সেইজন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই যদি প্রেসিডেন্টের অ্যাপয়েন্টমেন্ট এইভাবে করা সম্ভব না হয়, তাহলে অন্ততঃ এইটা রাখুন—

"President shall be the Vice-Chancellor of a University."

এইরকম একটা প্রভিশন-এর সঙ্গে জুড়ে থাকা উচিত, তাহলে অন্ততঃ লোকের মনে একটা আস্থা থাকবে। তারপর দ্বিতীয় কথা হচ্ছে—আমরা দেখছি নমিনেটেড টিচার্সদের রিপ্রেজেনটেশন দেবার যে ক্ষমতা দেওয়া হয়েছে, সেখানে এক হাত দিয়ে কিছুটা ক্ষমতা দেওয়া হচ্ছে, আর এক হাত দিয়ে ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। সেটা কিরকমভাবে হয়েছে দেখুন। একদিকে বলা হচ্ছে হেডস অব দি রেকগনাইজড স্কুলসদের নমিনেট করা হবে, আবার বলা হচ্ছে যে সেখানে আরও কয়েকজন ইলেকটেড হয়ে আসবে।

আমার এখানে বক্তব্য হচ্ছে যে, টিচার্সদের ওয়ান-থার্ড শেয়ার এডুকেশন বোর্ডের মধ্যে থাকা উচিত। কারণ, যারা বিশ্বকর্মা, যারা জ্ঞানের হোমাগ্নি জ্বেলে দেশের দারিদ্র্যের মধ্য দিয়ে, অত্যন্ত সঙ্কটের মধ্য দিয়ে, তাদের কর্তব্য পালন করে চলেছে, তাদের ভয়েস প্রতিফলিত হবে না, এটা কোন গণতান্ত্রিক দেশে থাকা উচিত নয়।

আর একটা জিনিস হচ্ছে—যেখানে টাকা সম্বন্ধে বলা হয়েছে। আগে ৩০ লক্ষ টাকা দেওয়া হ'ত বোর্ডের হাতে, এখন একেবারে কিছুই টাকা দেওয়া হবে না। এখন ব্যবস্থা করা হয়েছে একটা বাজেট হবে এবং সেই বাজেটটা স্টেট গভর্নমেন্টের কাছে আসবে, এবং স্টেট গভর্নমেন্ট যদি মনে করেন দেবেন না, তাহলে সেই বাজেটটা ফেরত পাঠাবেন। এটা একটা অদ্ভুত সিসটেম। একটা অটোনমাস বডি তৈরি করেছেন, অথচ তাকে বিশ্বাস করে, তার হাতে টাকা দিতে পারবেন না। তাহলে, এই রকম একটা অটোনমাস বডি তৈরি করার কি প্রয়োজনীয়তা আছে, বলুক আপনারা

বিশ্বাস করে টাকা দিতে চান না? সেইজন্য আমার বক্তব্য হচ্ছে, আমার কথা হচ্ছে যে আগে আপনারা নিজেদের বিশ্বাস করতে শিখুন। আজ যদি আপনারা নিজেদের বিশ্বাস করতে পারেন জনসাধারণের প্রতিনিধি হিসাবে, তাহলে আপনি এই বিলটাকে আপাতত সরিয়ে রেখে, জনসাধারণ ও বিশেষ করে শিক্ষিত সমাজের মতামত নেবার জন্য সার্কুলেশনে দিন, এবং তারপর আর একটা ভাল বিল নিয়ে আসুন।

[2—2-10 p.m.]

এই ব্যাপারে আরেকটা কথা বলছি, আপনার কনসেনট্রেট করছেন ব্যুরোক্র্যাসির উপর যে ব্যুরোক্র্যাসির, আমরা খবরের কাগজে পড়েছিলাম, একজন সেক্রেটারি বুভুক্ষু শিক্ষকেরা যখন তাঁর কাছে গিয়েছিলেন তাঁদের দাবি-দাওয়া নিয়ে—কয়েক বছর আগে—তখন সেই সেক্রেটারি তাঁদের বলেছিলেন চাপরাশির কাজ করার জন্য। আজকে যদি সেই সেক্রেটারির হাতে ক্ষমতা তুলে দেন তাহলে বাংলাদেশের শুধু শিক্ষক সমাজই নয়, সমগ্র বাংলাদেশকে আপনি কলঙ্কিত করবেন। যদি আপনারা ঠিক এভাবে চলেন—আপনারা ইন দি নেম অব ডেমোক্র্যাসি বহু মিষ্টি কথা বলেন, বহু উপদেশ দেন, কিন্তু আমি বলি আপনারা নিজেরা সেই উপদেশ পালন করুন। আপনারা অ্যাপীল কমিটি গঠন করেছেন, কিন্তু সেটা যেভাবে করেছেন তা সাংঘাতিক। শিক্ষকেরা কোন কোর্টে যেতে পারবেন না। কোন সভ্য দেশে এরকম ব্যবস্থা আছে? শিক্ষামন্ত্রী মহাশয় কোন্ ন্যায় নীতির পরাকাষ্ঠা দেখাচ্ছেন এটা আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই? কাজেই আমরা মনে করি এই সেকশনটা ভালো করে চিন্তা করে দেখা উচিত—এবং এটা উঠিয়ে দেওয়া উচিত। টিচাররা যাতে লিগাল স্যুট-এ যেতে পারেন সেই অধিকার দেওয়া উচিত। আরেকটা কথা বলতে চাই, আপনাদের এই যে কমিটি, এই কমিটিতে গারডিয়ানদের কোন রিপ্রেজেনটেটিভ নাই, রিপ্রেজেনটেটিভ হচ্ছেন এগ্রিকালচার ডাইরেক্টর, হেলথ ডাইরেক্টর—এঁরা এই কমিটিতে আসবেন। ছেলেদের হেলথ ইম্প্রুভ করবার জন্য কোন ব্যবস্থা নাই, কিন্তু হেলথ ডাইরেক্টর আসবেন। এগ্রিকালচার ডাইরেক্টর কোনদিন মাঠে যান না, কিন্তু যে গারডিয়ান মাঠে চাষ করে তাঁর ছেলেকে সেকেন্ডারী স্কুলএ পড়াবে এবং যাঁদের ছেলেদের শিক্ষা দেবার জন্য এই সেকেন্ডারী বোর্ড তৈরি করছেন তাদের কোন রিপ্রেজেনটেটিভ নাই। আরেকটা কথা হল, এর মধ্যে কোন কোঅরডিনেশন নাই, সমস্ত বিল পর্যালোচনা করে দেখা গেল যে একটা ডিপার্টমেন্টের সঙ্গে আরেকটা ডিপার্টমেন্টের কোঅরডিনেশন নাই বা থাকছে না। প্রেসিডেন্টকে একটা ফাংকশন দিচ্ছেন, আরেকটা ফাংকশন সেক্রেটারীকে, এই সেক্রেটারী আবার অ্যাপয়েনটেড বাই দি স্টেট গভর্নমেন্ট। একটা সাধারণ নিয়ম হল যে, যে অ্যাপয়েন্ট করে তার কাছে এলিজিয়ান্স থাকে, সুতরাং সেক্রেটারীর allegiance is to the State Government, সেই Secretary supervise করবেন। এইভাবে আপনারা সেই লর্ড কর্ণওয়ালিশের আমলের অতি নিন্দিত ডায়ারকির বীজ বপণ করছেন। আমার মনে হয় সেক্রেটারীকে প্রেসিডেন্টের আন্ডারএ দেওয়া দরকার, এবং সেইভাবে রিকনডিশন করা দরকার। আরেকটা কথা, আজকে মালটিপারপাস হওয়ার পর কলেজীয় শিক্ষায় একটা অঙ্গ হচ্ছে স্কুল, অথচ আজকে মফঃস্বল কলেজের রিপ্রেজেনটেটিভ যাঁরা মালটিপারপাস-এর সঙ্গে যুক্ত তাঁদের নেবার জন্য কোন ব্যবস্থা করা হয় নি। বিলে সেই ব্যবস্থা থাকলে ভালো হত। কাজেই আমি বলতে চাই, আমাদের প্রথম এবং প্রধান উদ্দেশ্য হওয়া উচিত আমাদের শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজতে হবে। আজকে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজতে গেলে আমাদের যা যা করণীয় তার প্রধান হচ্ছে, যেটা ভারতবর্ষের ঐতিহ্য, যেটা ভারতের চিরকালীন ধ্যানধারণা সেই ডেমোক্রাটাইজেশন, সেই ডিসেনট্রালাইজেশন আমাদের দেশের শিক্ষাক্ষেত্রে প্রবর্তিত করা দরকার। কিন্তু এই বিলে তার বিরোধী কাজই করা হচ্ছে

Now in the name of democracy and decentralisation dictatorship has been imposed upon the educated people and education.

সেজন্য আমাদের পার্টির তরফ থেকে আমি এই বিলের বিরোধিতা করি এবং এখনোও বলছি our beloved Education Minister who is our respected Minister has produced an absolutely maimed Bill and it will be condemned by the public.

এই বলে বিলটি সার্কুলেশন দেবার জন্য আবেদন জানাচ্ছি।

Shri Bejoy Kumar Banerjee: Sir, I rise to congratulate the Hon'ble the Education Minister, not because of the Bill which is under discussion, but because this has given him a particularly singular opportunity—a piece of good fortune to be present here himself to see the burial of his own Act, Act of 1950. He is here to witness the burial of the Act of which he was the originator. Sir, this Bill is the outcome of frustration and disillusion of the Bill which he wanted to experiment in 1950.

Sir, that Act and this Act, as my friend has just now said, are quite different. This is a mutilated and maimed Bill of that original Act. What prevented him and what induced the Hon'ble the Education Minister to change his mentality and outlook, I do not know. The reason, he said, being that that Act of 1950 gave wide powers to the elected representatives of the people—44 in number—an unwieldy number and the Secretary, Secondary Education Board, failed to discharge his duty and that due to mismanagement the Board was superseded. I do not know whether there was any enquiry made under the provisions of that Act or whether any step was taken to set matters right or whether the educational system was found fault with. Sir, these things are not known to me, but, Sir, he has tried to defend the present reactionary and retrograde measure ever brought in recent years in this Assembly. He said and he tried to defend the Bill on the analogy of the British Parliament. He said that it took 70 years for the Britishers to amend the Secondary Act, and it has taken so many years for Government here to amend the Act of 1944. Sir, I congratulate the Hon'ble Minister once again for having brought this Bill which the Britishers took 70 years to do. He wants to defend the Bill by that analogy. He wants to defend the Mudaliar Commission which was appointed by the Government of India sometime in 1952 and the Dey's Commission appointed by the Government of West Bengal in 1954.

[2-10—2-20 p.m.]

Sir, I would have congratulated him more if he had the guts and the courage to declare that here is the Government which will take upon itself the responsibility of secondary education in Bengal, that it will take the fullest responsibility for giving education to everybody and in a manner as it should be. But we find that the Government wants to create this Board to shirk its own responsibility and to have a face-saving device just to declare to the people outside that here is a Secondary Education Board which is in charge of secondary education and not the Government. But what do we actually find? We find that the Secondary Education Board has not been given any powers whatsoever, and I would have congratulated him still further if this Bill, instead of being called the West Bengal Board of Secondary Education Bill, would have been called the West Bngal Government-controlled Board of Secondary Education Bill. Sir, I do not think my honourable friend will be in a position to contradict me if I say that this is a fully Government-controlled Education Bill. He has not minced matters—he has admitted it. Sir, we are here fighting on principle as to whether there should be Government-controlled education in this country or that there should be non-official representation on the Secondary Education Board.

Sir, as regards the constitution of the Board, we find that there is absolutely no semblance of similarity between this Bill and the Act of 1950 which originally led to the constitution of this Board and which Act is going to be repealed as a result of this Bill. Section 3 of the old Act says that the State Government shall establish a Board for the regulation, control and development of secondary education, but what do we find in this Bill? In this Bill it has been said that the purpose of this Bill is to establish a

Board of Secondary Education in the State of West Bengal and the powers and functions of such a Board have fully been defined here. There is nothing about development of education. This is a Bill which has got nothing to do with the secondary education of the State.

Then about the composition of this Board, we find that the provision is that the President shall be appointed by the State Government. Would democracy have failed, would education have failed if the provision of the Act had been retained, viz., that the President shall be selected from a panel of four persons to be elected by the Secondary Board. Then the Secretary of the Board also would, according to this Bill, be appointed by the Government. Then there is no provision in this Bill about the election of the Vice-President. In case the President is absent, the Vice-President is to do the same duty, but there is no mention of his being elected here. Then there is no provision about Executive Councils or Committees. Sir, the old Act was his Act, his creation. Sir, I am sorry for this metamorphosis. Sir, I am sorry that this state of things has been tolerated by an Hon'ble Education Minister for whom I have the greatest regard. I have great regards for his education, for his integrity and for the high qualities that he possesses. So, I am sorry for this metamorphosis. I do not know how he has changed his own Bill. In the present Bill, the Board would be composed of 25 members—the Deans of Faculties and others. Now, these big personages would hardly have any time to think about anything, far less about secondary education and the future of this country and future career of the boys of this country will rest on such people. There is no provision for an Executive Committee.

There is no provision for any Committee to look after the education of the girls as was provided for in the old Act of 1950. If the old Act could not function because of the fault of the Government—or for whatever reason it may be—such a provision was there and should be allowed to remain. The representatives of the University are there and there are other persons who are to be nominated by the State Govrnment. Sir, here in this land of democracy I see autocratic measures are taken in a democratic fashion in a democratic House. The Bill is being presented here in the state of national emergency without caring to take any public opinion. Is there any dearth of distinguished educationists here to come forward and advise the Government as to what should be done? Sir, questions have been raised and perhaps they would be answered in this way, that the nominated people —people nominated by the Government—do not mean that they would always subscribe to the views of the Government. I chose the words of the Hon'ble Education Minister which he expressed some time at some other place—he said that it is not true that Government-nominated persons will always subscribe to the views of the Government. It may happen in a totalitarian State but not here, in India, which is a democratic country. I am sorry I am not as old as my esteemed friend the Education Minister, but I have hardly come across such an instance—and I do not know of many instances of people having the guts to go against a Government measure standing in the Government block. Are we to assume that whatever the Government do it is infallible and there cannot be any question or there cannot be any scope for opposition? No. Therefore, the people here have got justification to think that the Government-nominated people will support the Government in whatever measures they take and in whatever direction they work. We want education in a free country to be free. Distinction has got to be made between the present times and the past times. We are here in a free country now and the Government composed of the elected representatives of the people must act in the interest of the people and see that the members of the Board represent public views. Without casting any aspersion against anybody, I say that public representation has been

absolutely denied in this Bill. Four persons interested in education are to be nominated by the Government to be members of the Board; heads of institutions are also to be nominated by the Government to be members of the Board. How long can democracy function if the Government act in such a fashion? Why should teachers not be elected from their own forum? Why should they be nominated by the Government? Why should people from other spheres be nominated by the Government? Will it be a bait or a prize for good behaviour or for anything else? We should disabuse the public mind of it. Government is here to look after the interest of the Secondary Education Board and nothing else and the people must have a voice in whatever they do.

[2-20—2-30 p.m.]

Only yesterday we passed the Zilla Parishad Bill seeking to give powers, more powers to the people to shape the destiny of the country and to have a hand in the fund, a national fund, for reconstruction and planning and all that. But where is the power delegated in this Act to the members of the Secondary Board to give one pice to anybody, to any institution they recommend and they consider fair? Just like the British old days they say—go and give advice, you are all our advisers, but do not touch our money, do not come here to say that you have got to take something out of it. No. You do not give us advice that is the mentality here today in this 20th century, fifteen years after the attainment of independence. I think everyone of the elected members should stand up and oppose. Sir, I have got the greatest esteem and regard for the Hon'ble Minister, but I am sorry for what he has said in 1935 and he wrote himself in his book that these educational institutions have been built on the generous aid of the people, who gave their blood, who gave the money to build up institutions and our educational system and our improvement owe its basis to the unassuming teachers who devoted their lives and who were then regarded with the greatest respect. May I ask my honourable friend to tell me where is the representation of the teachers, where is the representation of the guardians, where is the representation of any managing committee of the school? Sir, the question is not so simple as it looks. Some of my friends on this side of the House have argued that such and such powers have been given away as if it is not known to the Minister. We stand here on the cross road. The powers which have been given here have been taken away deliberately, and deliberately without mincing matters, without hiding anything that this Board cannot be an autonomous board, but must be an advisory board. That is a view accepted by the Hon'ble Minister for education. He cannot deny it. He wants to say and wants to support the idea that we have given some powers to the schools and some autonomy is given. What autonomy? Autonomy is recognised to give recognition to the schools. But, Sir, in the old Act that Committee of Recognition was known as a Recognition and Grants Committee. That section has been deliberately scrapped out, because they stand on the principle, because we are on the cross-road. They say that there must be Government control because it is an anachronism, as he has said, quoting the British analogy, that in a democratic constitution an autonomous institution will have all delegated powers and autonomy. Sir, he has taken the greatest British analogy. I wish our democracy functions here as it functions in Great Britain. I wish our standard of education was such. But on the results of all-India basis where do we go today? Gone are the days of our Ashutosh when from that University it was thundered freedom first. Education must be free. Freedom means our freedom and, therefore, there cannot be any separate freedom for you. So long as you are running this Government, distinguished educationists should be representative of all classes of people. They should have experience, no matter whether

they are opposed to you, no matter whether they belong to your party. Sir, I have nothing more to say except only to remind my honourable friend that democracy cannot function on the mistrust of the people. Sir, democracy cannot function in this way just to exclude people and not to include them. Democracy wants to be broad-based, democracy wants to extend itself. Sir, it will not affect anyone of us, it will affect the ruling party, it will affect the party in power. I know a plethora of Bills have been passed and this Bill will be passed. Let it be passed, but before I resume my seat, Sir, I would only request and appeal to the Hon'ble Education Minister to take public opinion, to take the opinion of those who are interested in the matter, who have given their life-blood to the cause of education, irrespective of party or political consideration. With these words, Sir, I support the motion for circulation of the Pill.

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, শাসনযন্ত্রকে এবং শাসনযন্ত্রের অধীন সমস্ত কর্মব্যবস্থাকে যোগ্যতর এবং জনগণের ন্যায়সংগত অধিকারের উপযোগী করে তুলতে বিকেন্দ্রিত শাসনধারা বা কর্মধারা অত্যন্ত প্রয়োজনীয়। ভারতবর্ষের দেশজীবন বা সাংস্কৃতিক জীবনের লক্ষ্য ছিল তাকে সমাজমুখীন করে তোলা—তাকে শাসন প্রধান করে তোলা নয়। গান্ধী আদর্শেরও অন্যতম মূল লক্ষ্য ছিল রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবনের আমূল বিকেন্দ্রীকরণ। এর ভেতর দিয়েই কায়েমী স্বার্থবাদের বিরুদ্ধে সংগ্রাম। কিন্তু গান্ধী আদর্শের অনুগামী বলে যে কংগ্রেস দাবী করে, সেই কংগ্রেস আজ শাসন জীবনে সমস্ত ক্ষমতাকে দ্রুত কেন্দ্রীকরণ করার দিকে অশোভনভাবে বিসদৃশভাবে নগ্নভাবে মত্ততার সংগে অগ্রসর হয়েছে। কারণ, অযোগ্য কায়েমী স্বার্থের জন্য ক্ষমতা ধরে রাখতে হবে। আজকের কেন্দ্রীয় এবং সকল রাজ্যের শাসন জীবনের সমস্ত কর্ম ব্যবস্থার সংগে পশ্চিম বাংলার এই মাধ্যমিক শিক্ষা বিলও তার প্রকৃষ্ট পরিচয়। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রেও এ হেন গুরুত্বপূর্ণ বিষয়টিকেও আজ যেভাবে অযোগ্য সরকারী ক্ষমতার হাতে কুক্ষিগত করবার প্রচেষ্টা দেখা দিয়েছে তা অত্যন্ত অসাধু প্রচেষ্টা এবং নিন্দনীয়। এর দ্বারা শিক্ষা ক্ষেত্রের প্রভূত ক্ষতিসাধন করা হবে। এ আজ দিনের আলোর মত সত্য এবং প্রমাণিতও হয়েছে যে, যোগ্যতার সংগে কাজ চালাবার ক্ষমতা সরকারের নেই। এই অযোগ্যতার দ্বারা এই কয় বছরেই পশ্চিমবঙ্গ-সরকার শিক্ষা ক্ষেত্রে বহু জটিলতা ও বিশৃংখলা আমদানি করেছেন। ইংরেজের হাতে দেশের অনুপযোগী যে অবাঞ্ছিত শিক্ষা ধারা গড়ে উঠেছিল তার যোগ্য সংস্কার সাধন বা পরিবর্তন দূরে থাক বর্তমান শাসনে তাকে আরো বিকৃত ও অনুপযোগী করে তোলা হয়েছে। এই সত্য উপলব্ধির পরে সরকারের উচিত ছিল শিক্ষা ব্যবস্থাকে দেশের গুণীজনের উপর ন্যস্ত করে দেওয়া। নিষ্ঠার সংগে তার অনুকূল শাসন পরিবেশ ও তার উপযোগী সরকারী দায়িত্ব গ্রহণ করা। কিন্তু তার পরিবর্তে সম্পূর্ণ তার বিপরীত কর্মধারা গ্রহণ করে সম্পূর্ণ সরকারী ক্ষমতার অধীন এক অদ্ভুত মাধ্যমিক শিক্ষা বোর্ড দেশের ঝাড়ের উপর আবির্ভূত হয়েছে। এ কথা সত্য যে পরিকল্পিত শিক্ষাবোর্ডে যে সমস্ত রাজকর্মচারী থাকবেন বা যে সমস্ত সরকারী দাক্ষিণ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা থাকবেন তাঁদের মধ্যে কিছু যোগ্য লোকও থাকবেন, যারা শিক্ষা ক্ষেত্রকে গড়ে তুলতে যোগ্যতাসম্পন্ন হবেন। কিন্তু কংগ্রেসী শাসনে যোগ্য রাজকর্মচারীদেরও অবস্থা আমরা জানি। ক্ষমতামত্ত অযোগ্য শাসনের অধীনে তাঁদের যোগ্যতা শাসনের অর্থহীন খেয়াল বহনেই কেটে যায়। এই ভয়াবহ পরিপ্রেক্ষিতের মধ্যে কেন্দ্রীভূত ক্ষমতার ভিত্তিতে এই ভয়াবহ মাধ্যমিক শিক্ষাবোর্ড বিল আজ দেখা দিয়েছে। এই বোর্ডের জন্য পরিকল্পিত জন ৩০ সদস্যের মধ্যে ২৬ জন থাকবেন সরকারী কর্মচারী বা সরকারী মনোনীত ব্যক্তি। ৬ জন নির্বাচিত হবেন। তার মধ্যে দু'জন থাকবেন আইনসভা ও আইন পরিষদের প্রতিনিধি, স্বাভাবিকভাবেই যারা হবেন কংগ্রেসী ব্যক্তি। বাকী যে চারজন নির্বাচিত প্রতিনিধি থাকবেন তারা শিক্ষা-জীবিকার সংগেই জড়িত। শিক্ষা জীবনের বিষয়ে নিরপেক্ষ সাধারণ মানুষের বা নিরপেক্ষ অপর জ্ঞানীজনের প্রতিনিধিত্বের কোনো অব্যবস্থা এতে রইল না। সেজন্য আমরা মনে করি এই বিল সঙ্কীর্ণ পরিকল্পনা দ্বারা দুষ্ট। শিক্ষা জীবনের একটি মহান ক্ষেত্র বিষয়ে দেশের জনমত ও গুণীজনের একান্ত প্রয়োজনীয় সহায়তার প্রতি এই বিল সম্পূর্ণ বিমুখ এবং দেশের শিক্ষা জীবনের প্রতি অত্যন্ত ক্ষতিকর।

[2-30—2-40 p.m.]

কালকে এখানে আমরা শুনলাম যে ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়। আমরাও ঘর পোড়া গরু, তাই বিলের চেহারা দেখে আমরা ভয় পাচ্ছি। আমরা সত্যিই ভুক্তভোগী। এই যে বিলটি আনা হয়েছে, এটা দেখে ভয় হওয়া স্বাভাবিক যে আবার আমরা পুড়বো। তার কারণ প্রাথমিক স্কুলগুলিকে কেন্দ্রীভূত ক্ষমতা অধীন করা হয়েছে এবং সেই কেন্দ্রীভূত করবার জন্য আমরা তিলে তিলে দগ্ধ হয়ে মরছি। এ থেকেই আমরা অনুভব করতে পারছি যে আবার এই বিলের দ্বারা পুড়বো। মন্ত্রিমহাশয়রা বড় বড় দালানে থাকেন, এজন্য তাঁদের পুড়বার ভয় নাই। আমরা গরীব লোক, খড়ের ঘরে থাকি। তাই আমরা জানি আগুনে পুড়লে কেমন করে দগ্ধ হতে হয়।

কয়েক বছর আগে শিক্ষাসচিব শ্রী ডি এম সেন স্কুল পরিদর্শনে গেলে সেখানে একটা অনুষ্ঠান হয়। ডি-আই, এস আই, গার্জিয়ান শিক্ষক প্রভৃতি উপস্থিত ছিলেন। শ্রী ডি এম সেন কয়েকটি প্রাইমারী স্কুল আমাদের ওখানে দেখেছিলেন। তারপর সেই সম্পর্কে আলোচনাপ্রসঙ্গে বললেন এই যে সরকার থেকে এত টাকা পয়সা সাহায্য করা হচ্ছে, তবুও শিক্ষার মানদণ্ড বাড়ছে না কেন? ছাত্র-সংখ্যাও স্কুলে খুব কম, এর কারণ কি? তখন এক শিক্ষক মহাশয় তার প্রত্যুত্তরে বললেন যে আসল কথা হলো শিক্ষার প্রতি গার্জিয়ানদের কোন আগ্রহ নাই। তাই এই রকম দেখছেন। আমি সেখানে উপস্থিত ছিলাম। শ্রী ডি এম সেন তখন বললেন এবার গার্জিয়ানদের পক্ষ থেকে কিছু আপনি বলুন। তখন আমি তাঁকে বললাম এই যে শিক্ষক মহাশয়ের কথা শুনলেন ওসব মিথ্যা কথা। আমরা যখন প্রথম অর্থ দিয়ে স্কুল তৈরি করি তখন আমরাই শিক্ষক নিয়োগ করি। তখন শিক্ষকের সঙ্গে গ্রামের লোকের সঙ্গে সম্পর্ক থাকতো, যোগাযোগ থাকতো, পড়াশুনাও ভাল হতো। তারপর যখন সরকার থেকে সরাসরি স্কুল পরিচালনার ব্যবস্থা হয়ে গেল এবং শিক্ষকও সরকার থেকে নিযুক্ত হবার ব্যবস্থা হয়ে গেল, তখন আর গ্রামের লোকের সঙ্গে সেই শিক্ষকদের কোন সম্পর্ক বা যোগাযোগ রইল না। যা কিছু সম্পর্ক তা রইল ঐ ডি আই ও এস আইদের সঙ্গে। গ্রামের লোকের এখন মনে হলো আগে তো শিক্ষককে দিয়ে বেশ কাজ পাচ্ছিলাম, ছেলেদেরও ভাল পড়াশোনা হয়েছে। আজ এখন তো দেখি শিক্ষক মহাশয় সমস্ত দিন বিশেষ কিছু পড়ান না, কাগজে কলমে কেবল ডি আই ও এস আইদের সন্তুষ্ট করতে ব্যস্ত। তাই এই রকম অবস্থা দেখছেন। তখন শ্রী ডি এম সেন বললেন জনগণ কেন এর কোন ব্যবস্থা করেন না? আমি উত্তরে বললাম আমাদের সে ক্ষমতা নাই। আগে স্কুলের ম্যানেজিং কমিটি ছিল, গ্রামবাসী সব কিছু দেখাশোনা করতেন। বর্তমানে তো আর কোন ম্যানেজিং কমিটি নাই যে তাঁরা এর ব্যবস্থাদি করবেন। আপনি সমস্ত অঞ্চলের লোককে জিজ্ঞাসা করুন তারা একবাক্যে বলবে যে এখন শিক্ষকরা স্কুলে কোন কাজ করছে না। একথা জানিয়ে যদি দেশের লোক কর্তৃপক্ষের কাছে অভিযোগ করেন, দাবী করেন যে, এর শাস্তির ব্যবস্থা করা হোক, ট্রান্সফার করে দেওয়া হোক, তখন সেখানে ডি আই উল্টো হুকুম করবেন কারো কোন কথা আমি শুনবো না, সেই শিক্ষকই ওখানে কাজ করবে। এস আইও তাই বলবে। আমি জানি বহু শিক্ষককে গ্রামের লোক চায় না। অথচ তারা ডি আই ও এস আইকে সন্তুষ্ট করে চাকরী করে যাচ্ছে। তাই শিক্ষাও হচ্ছে না।

আগে কোন প্রাইভেট পড়ানোর ব্যবস্থা ছিল না। এখন ছেলেদের প্রাইমারী স্কুলেও প্রাইভেট পড়াতে হচ্ছে। তার জন্য গরীব ঘরের ছেলেকেও পড়াবার জন্য বেতন দিতে হচ্ছে, টাকা খরচ করতে হচ্ছে। এইভাবে ভুক্তভোগী আমরা যারা, তারা দগ্ধ হচ্ছি। স্কুলে শিক্ষকের কোন প্রয়োজন নাই, প্রাইভেটে পড়াতে হবে। গরীব লোকের ছেলেকে প্রাইভেট না পড়ালে লেখাপড়া শিখবে না। আজ কেন্দ্রীভূত ক্ষমতা হবার জন্য এত মূল্য দিয়ে লেখাপড়া শেখাতে হচ্ছে। তারপর গরীব লোক বই কিনতে কিনতে একেবারে অস্থির হয়ে যায়। তাই ভয় হচ্ছে এই মাধ্যমিক শিক্ষা বিল দেখে। আমরা গরীব লোকেরা, সাধারণ চাষীরা পুড়বো। আপনারা দালানে থাকেন, আপনাদের পুড়বার ভয় নাই। কাজেই এই বিল জনসাধারণের পক্ষে ক্ষতিকর। সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি জনসাধারণের দৃষ্টিভঙ্গী দিয়ে পরিস্থিতি বুঝুন এবং যাতে জনসাধারণের অধিকার থাকে, সেইভাবে লক্ষ্য রেখে এই বিলকে গঠন করা হোক।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment.]

[2-50—3 p.m.]

Shri Gopal Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের বিভিন্ন দিক নিয়ে যথেষ্ট আলোচনা হয়েছে। আমি খুব অল্প কয়েকটি ব্যাপারের উপর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

এখন এই বিলের আলোচনার পরে সর্বদিক থেকে যেটা স্বীকৃত, সেটা হচ্ছে এই, যে মধ্যশিক্ষা প্রসারের সঙ্গে সঙ্গে একে সুসংবদ্ধ করবার জন্য একটা বোর্ড গঠন করার প্রয়োজন হয়েছে, একটা নিয়ন্ত্রণ সংস্থা করার প্রয়োজন হয়েছে, এবং এ সম্পর্কে কোন দ্বিমত নেই। এইজন্য ১৯৫০ সালে একটা বোর্ড গঠিত হয়েছিল, এবং তাকে কিছু কিছু ক্ষমতা দেওয়া হয়েছিল। সেই বোর্ড ১৯৫২ সাল থেকে বাস্তবিক পক্ষে কাজ শুরু করে, এবং ঐ বোর্ড দু বছর কাজ করবার পর বাতিল হয়ে যায়, সুপারসিড হয়ে যায়। কিন্তু গত ৮ বছরের মধ্যে এই বোর্ডকে পুনর্গঠিত করা যায় নি। সমস্যাটা কোথায় ছিল? যেটুকু বোঝা যাচ্ছে—এই বোর্ডের ক্ষমতা-টুকু, পাওয়ার্স অ্যান্ড ফাংকশনস কি হবে, এই নিয়ে বারবার প্রশ্ন উঠেছে, এবং এই সভা কক্ষে সেই সম্পর্কে যে আলোচনা হয়েছে, তা থেকে স্পষ্ট হয়েছে যে ১৯৫০ সালে যে ক্ষমতা এই বোর্ডকে দেওয়া হয়, যে ক্ষমতা তার উপর আরোপ করে দেওয়া হয়েছিল আইনের দ্বারা, সেই ক্ষমতা এখন দিতে যাঁরা বিলের রচয়িতা, তাঁরা চান না। ১৯৫২-৫৪ সালের ঘটনার পর, এবং ১৯৫৪ সালে বোর্ডকে বাতিল করবার জন্য যে সিদ্ধান্ত শিক্ষা দপ্তর নিয়ে ছিলেন, তার সম্পর্কে এই বিলের মাধ্যমে একটা মতামত, একটা রায় প্রকাশিত হয়েছে। এই বিল আলোচনা করলে দেখা যাবে যে যাঁরা এই বিলের রচয়িতা তাঁরা এটা লক্ষ্য করেছেন যে সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে বেশী ক্ষমতা দিলে, সেই বোর্ড অচল হয়ে যাবে। যে ক্ষমতা ১৯৫০ সালের আইনে ছিল, সেই ক্ষমতার জন্য বোর্ডকে বাতিল করতে হয়েছে। বর্তমান এই নূতন বিলের মধ্য থেকে এই রায় প্রকাশ হয়ে এসেছে এই বিলে কি কি ক্ষমতা সঙ্কুচিত করা হয়েছে, সেই সমস্ত আলোচনায় আমি যেতে চাই না আমার পূর্ববর্তী বক্তারা সেই সম্পর্কে যথেষ্ট আলোচনা করেছেন। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এর একটা প্রশ্ন থেকে যায় এবং স্পষ্টভাবে এর জবাবই দাবী করা যেতে পারে। তিনিও কি মনে করেন যে এই বোর্ডকে ক্ষমতা বেশী দেবার জন্য, একটা স্বয়ংসম্পূর্ণ বোর্ড হিসাবে তাকে মাধ্যমিক শিক্ষাকে সুনিয়ন্ত্রিত করবার জন্য বিশেষ ক্ষমতা দেবার ফলে এই বোর্ড অচল হয়ে গিয়েছিল? এবং বোর্ড ও শিক্ষা দপ্তরের মধ্যে যে সংঘাত ও সংঘর্ষ দেখা দিয়েছিল তার ফলে বোর্ড বাতিল হয়? এবং এই আইনের মধ্যে দিয়ে তাই কি স্বীকার করে নিয়েছেন যে শিক্ষা দপ্তরের কর্তৃত্বাধীনের উপর মাধ্যমিক শিক্ষা বোর্ড গঠন করা উচিত? এই দৃষ্টিভঙ্গী এই বিলের মধ্য দিয়ে ফুটে উঠেছে। সুতরাং এটা স্বীকার করতে নিশ্চয় খুব কষ্টকর হবে না যে ক্ষমতা বেশী দেওয়া হয়েছিল বলেই, এই বোর্ড অচল হয়ে গিয়েছে। ক্ষমতা বেশী ছিল বলে বোর্ড বাতিল হয়ে গিয়েছে, এই কথা যদি মানতে হয়, তাহলে আগে যেসব প্রশ্ন আলোচিত হয়েছে যে গণতন্ত্র উদ্বুদ্ধ করবার জন্য ক্ষমতা বিকেন্দ্রীকরণ করেন, এটা একটা বিলের মধ্যে আদর্শ হিসাবে তুলে ধরলাম তার কোন অর্থ হয় না। এটা হতে এই বক্তব্যটা বিলের মধ্যে থেকে ফুটে বেরোয় যে নিশ্চয় বেশী ক্ষমতা এডুকেশন বোর্ডকে দেওয়া হয়েছিল বলে, এই বোর্ড কাজ করতে পারে নি। এবং তার জন্য সেই বোর্ডকে বাতিল করতে হয়েছে। সুতরাং এই বোর্ডকে আবার নূতনভাবে গঠন করবার জন্য যে জিনিসটা দেখা যাচ্ছে, সেটা হচ্ছে সরকারী মহলে, তাদের মনে একটা আশঙ্কা, দ্বিধা, এবং দ্বন্দ্ব রয়েছে এই বোর্ডকে যথেষ্ট ক্ষমতা দিতে। এবং জনসাধারণ, সবাই আশঙ্কা পোষণ করছেন যে, যে ক্ষমতা পার্ষদ বোর্ডের উপর দেওয়া হয়েছিল, সেই ক্ষমতা আজ এই আইনের বলে শিক্ষা দপ্তর নিজের হাতে নিতে যাচ্ছেন। এবং এর ফলে যে ঘটনা দাঁড়াবে যে ফাংশনগুলি বোর্ডের হাতে নাই সেই রেসিডুয়ারী ফাংশনগুলি শিক্ষা দপ্তরের হাতে থাকবে। এবং সংঘর্ষ অনিবার্যভাবে দেখা দেবে। এবং দ্বৈত শাসন প্রবর্তিত হবে। এই ৮।১০ বছরের অভিজ্ঞতায় এই বোর্ড আরও অভিজ্ঞ হয়েছে কিন্তু বোর্ডের ক্ষমতা বাড়ালে বোর্ড অচল হয়ে যাবে অথবা তার কাজ ভালভাবে চলবে না একথা মনে করার কারণ নেই। যে ক্ষমতা ১৯৫০ সালে ছিল আইনে তার যদি ত্রুটি-বিচ্যুতি থেকে থাকে তাহলে সেই ত্রুটিবিচ্যুতিগুলি সংশোধন করে বোর্ডের হাতে আরও ক্ষমতা দেওয়া উচিত ছিল। সুতরাং সেইদিক থেকে এই আইনকে এই

অবস্থায় পাস করা ঠিক হবে কিনা সেটা শিক্ষামন্ত্রী মহাশয়ের আবার ভেবে দেখা উচিত। বিশেষত এইরকম শিক্ষা বিল যেটা জাতি গঠনমূলক কাজের সঙ্গে অত্যন্ত ঘনিষ্টভাবে জড়িত। এবং শিক্ষা বিল সাধারণতঃ খুব বিস্তৃত আলোচনা ছাড়া গৃহীত হয় না। কালকে জেলা পরিষদ বিল ও সিলেক্ট কমিটিতে পাঠান হয়েছে আলোচনার জন্য। একটা শিক্ষা বিল কোন জয়েন্ট কমিটিতে হউক বা সিলেক্ট কমিটিতে না প্রেরণ করে এইভাবে সরাসরি হাউস-এর সামনে উপস্থিত করা এবং সেটাকে পাশ করার চেষ্টা হচ্ছে—যেখানে টেবিলের এপাশে ওপাশে বসে আলোচনা করার সুবিধা নেই যেখানে পরস্পর মত বিনিময়ের সুযোগ নেই—এখানে অনেকটা আইনের কড়াকড়ির মধ্যে দিয়ে মতামত আসবে গ্রহণ করলাম কি বর্জন করলাম সুতরাং এই অবস্থায় এই আইনটা পাশ করান সঠিক হবে বলে মনে করি না। অন্তত এখানে যারা বক্তব্য উপস্থিত করছেন তাঁরা এটা মনে করেন। আমি মনে করি এই আইনে যেটুকু ক্ষমতা দেওয়া হয়েছে তা অত্যন্ত সঙ্কুচিত ক্ষমতা এবং সেটা অত্যন্ত প্রতিক্রিয়াশীল। এবং আমি মনে করি এতে পিছনের দিকে চলে যাওয়া হচ্ছে। সুতরাং এই রকম মনোভাব অন্তত যাতে সৃষ্টি না হয় সেইজন্য এপাশের টেবিলের সঙ্গে ওপাশের টেবিলের সঙ্গে আলোচনা করার প্রয়োজন আছে। এবং যারা শিক্ষাবিদ্ এবং শিক্ষা সংস্থাগুলির সঙ্গে আলোচনা করার প্রয়োজন আছে। সেইজন্য বলছি এইভাবে পাশ করা বোধহয় ঠিক হবে না। বিলে যে ক্ষমতা বোর্ডকে দেওয়া হয়েছে তার বিভিন্ন দিকগুলি আলোচনা হলেও একটা দিক সম্পর্কে আলোচনা করার প্রয়োজন আছে সেটা হচ্ছে শিক্ষকদের সম্পর্কে। শিক্ষকদের যোগ্যতা তাদের বেতন প্রভৃতি সারভিস কনডিশান ইত্যাদি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা, নিয়ম নির্ধারণ করা এইসব এই বিলের মধ্যে অন্তর্ভুক্ত নেই। অথচ বোর্ডকে শিক্ষা ব্যবস্থার জন্য যদি এই কাজ করতে হয় তাহলে স্বভাবতঃ শিক্ষকদের চাকরির অবস্থা নিয়ন্ত্রণ এবং তাদের যোগ্যতা নির্ধারণ ইত্যাদি সম্পর্কে এই বোর্ডকে ক্ষমতা দেওয়া প্রয়োজন। তা না হলে শুধু পরীক্ষা নেবার জন্য অথবা সিলেবাস তৈরি করবার জন্য এই বোর্ডের উপর দিয়ে ক্ষমতা দিয়ে রাখলে শিক্ষকদের একটা গুরুত্বপূর্ণ ব্যাপার বাদ পড়ে যায়। এই দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্বাধীনতার পরবর্তী অবস্থায় ক্ষমতা বিকেন্দ্রীকরণ সম্পর্কে যে আশঙ্কা বারবার দেখা যাচ্ছে এবং কালকে যে আশঙ্কার কথা উঠেছিল সেটা একটু-খানি আলোচনার প্রয়োজন আছে। কালকে প্রশ্ন উঠেছিল যে সরকার যদি নিয়ন্ত্রণ করে—একটা স্বাধীন সরকার জনগণের দ্বারা নির্বাচিত সরকার সেই সরকার যদি বোর্ডের উপরে কর্তৃত্ব করেন তাহলে এটা স্বাধীনতার পূর্বে যে অবস্থা ছিল তার থেকে খুব পৃথক হয় না। এই কথা অস্বীকার করে লাভ নেই যে গণতন্ত্র বিকাশের জন্য ক্ষমতা যদি বিকেন্দ্রীকরণ করতে হয়, তাহলে একটা স্টাটুটারি বোর্ডকে ক্ষমতা দেওয়া একান্ত অপরিহার্য। একটা স্টাটুটারি বোর্ডকে ক্ষমতা দিতে ভয়ের কি কারণ আছে? বোর্ডকে পুরো ক্ষমতা দিন, তারা যদি কোন অযোগ্যতার নিদর্শন দেখায় তাহলে তার সম্পর্কে ব্যবস্থা আলাপ আলোচনার মধ্য দিয়ে মীমাংসা করার চেষ্টা করা উচিত। এবং তাহলে এ ক্ষেত্রে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে গণতন্ত্র প্রসারিত হবে। এবং গণতন্ত্র প্রস্ফুটিত হবে। তা ছাড়া যদি এইভাবে সঙ্কুচিত করা হয়, করে রাখা হয় ক্ষমতাকে তাহলে শিক্ষাক্ষেত্র কেন সর্বত্রই এক নিদর্শন হবে এবং বারবার এই প্রশ্ন উঠবে যে যখন স্বাধীন হয়েছি তখন সরকার যদি নিয়ন্ত্রণ করেন তাহলে দোষের কারণ নেই। তাহলে এইভাবে বলা যায় এটা সরকারী বিভাগ করলেই বা দোষ কি? কনসালটেটিভ কমিটি অথবা এ্যাডভাইসরি কমিটি হিসাবে সেকেন্ডারী এড়ুকেশন বোর্ড না করে যদি একটা ছোট্ট এ্যাডভাইসরি কমিটি করলেই বা কি ক্ষতি হয়? স্বাভাবিকভাবে এই প্রশ্ন উঠবে। সুতরাং শুধুমাত্র অ্যাডভাইসার বোর্ড যেটা স্টেট গভর্নমেন্ট শুধু রেফার করবেন এইভাবে রাখা নিশ্চয় কারো ইচ্ছা নয়। যারা আইনের রচয়িতা বা বিলের রচয়িতা তাদেরও এটা নিশ্চয় ইচ্ছা নয়। তাঁরা কিছু ক্ষমতা অর্পণ করতে চান এবং সেই ক্ষমতা অর্পণ করতে গিয়ে দ্বিধা আশঙ্কা এবং দ্বন্দ্ব আছে। সেই দ্বন্দ্বের জনাই ৮ বছর ধরে যার মীমাংসা হয় নি, সেই মীমাংসাটা অত্যন্ত সাহসিকতার সঙ্গে করতে হবে। যদিও পূর্বের বোর্ডের মধ্যে দুর্বলতা ছিল, এবং থাকাও স্বাভাবিক। কিন্তু স্বাধীনতার পরবর্তী অবস্থায় এই বোর্ড কাজের মধ্যে দিয়ে যোগ্যতা অর্জন করবে এবং সেই যোগ্যতার মধ্যে দিয়ে মানুষ নিজেদের সমস্যাগুলি দূর করে দেবে। সুতরাং সেই দিক থেকে এই প্রশ্নটার সমাধানের উপরই সব কিছু নির্ভর করছে। আমাদের বোর্ড গঠন করাবার উদ্দেশ্য কি? যাতে শিক্ষার যথাযথ উন্নয়ন করা যায় এবং যথাযথ পরিকল্পনা করা যায়। কিন্তু এই বোর্ড দিয়ে তা করা যাবে কিনা সে প্রশ্ন আজ সকলের সামনে এসেছে। আর্থিক দিক দিয়ে এই বোর্ডের কোন

ক্ষমতা নেই। ফাইন্যান্সিয়াল ইমপ্লিকেশনগুলি কিছুই নেই। সুতরাং কোন ক্ষমতা আর্থিক দিক দিয়ে দেওয়া হয় নি। গ্রান্ট সম্বন্ধেও প্রশ্ন উঠেছে। এই বোর্ড যা হয়েছে তা হচ্ছে এমন কাজকর্ম যা নিজে জানে না যে তাদের এক্তিয়ার কতখানি, কতটা কাজ সে করতে পারে, কি পরিমাণ শিক্ষার জন্য সে খরচ করতে পারে। সুতরাং যার এই কথা জানা নাই, কোন পরিকল্পনা গ্রহণ করা তার পক্ষে সম্ভব নয়। আগের পুরানো বিলে শিক্ষা নিয়ন্ত্রণের জন্য চেষ্টা করতে পারতো, এবারের বিলে সেটা তুলে দেওয়া হয়েছে। ২৭ নম্বরের যে ধারা যেখানে বিলের উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে সেখানে নেই, প্রিয়াম্বলেও নেই। এ অত্যন্ত একটা সীমিত সীমাবদ্ধ বোর্ড। মাধ্যমিক শিক্ষা আমাদের দেশে গুরুত্বপূর্ণ সমস্যা যা নিয়ে বহু আলোচনা হয়েছে। এর নীতিগত দিক থেকে বহু আলোচনা হয়েছে, শিক্ষার পদ্ধতি নিয়েও বহু আলোচনা হয়েছে। সেইজন্য আমি বলছি এই রকম একটা সীমাবদ্ধ বোর্ড দ্বারা কখনই এইসব সমস্যার সমাধান হতে পারে না। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যে এই আইন সম্পর্কে একমত হয়ে যাতে এটা গ্রহণ করা যায় তার জন্য যাতে ক্ষেত্র প্রস্তুত হতে পারে সেই চেষ্টা যেন তিনি করেন। যদি জনমত সংগ্রহের জন্য দেওয়া সম্ভব না হয়, তাহলে যেন সিলেক্ট কমিটিতে রেফার করা হয়। যাতে আলাপ আলোচনার মাধ্যমে এই জিনিসটা গৃহীত হয়। একথা ঠিক যে সেকেন্ডারী এডুকেশন বোর্ড যেটা বাতিল হয়ে গিয়েছে, সেটা আর থাকা উচিত নয়। কিন্তু তাই বলে যে-কোন প্রকারে তাড়াহুড়া করে এইরকম একটা বিল পাশ করান উচিত নয়। সুতরাং আমি আবার শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে এখনও সময় আছে এই বিলটাকে জনমত সংগ্রহের জন্য কিংবা জয়েন্ট সিলেক্ট কমিটির মাধ্যমে আনতে পারেন তার জন্য চেষ্টা করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করব।

[3—3-10 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা আজ এসেছে সেই বিল সম্পর্কে আলোচনা করার আগে আমি বলতে চাই উত্তর বাংলার গ্রামে গ্রামে শিক্ষা সম্পর্কে সাধারণ মানুষের যে ধারণা তার একটা ঘটনা উল্লেখ করতে চাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে।

উত্তর বাংলায় এমন বহু গ্রাম আছে, যে গ্রামে যদি ছাত্র খুঁজতে হয় তা হলে ছাত্রের ঘরে ঘরে যেতে হবে, বাড়িতে বাড়িতে যেতে হবে, গার্জেনকে বলতে হবে। তারা হয়ত কেউ ক্লাস ফাইভ, সিক্স, সেভেনএ পড়বে। এসব বলার পরও শেষ হয় না। বিদ্যালয়ের তরফ থেকে ছাত্র ভর্তি করানোর জন্য যারা যায়, গ্রামের সাধারণ মানুষ তাদের জিজ্ঞাসা করে, "বাবু তুই কি মোর গরুটা চরাব- তুই যে মোর ছাওয়ালটা ধরি লয়ে যাস স্কুলে তুই কি মোর গরুটা চরাব?" অর্থাৎ তুমি যে আমার ছেলেটাকে বিদ্যালয়ে নিয়ে যাচ্ছ, কিন্তু আমার বাড়িতে যে গরু আছে সেটাকে কে চরাবে? এইসব প্রশ্ন সেখানে আসে। কাজেই যখন সেকেন্ডারি বোর্ড বিল আসে তখন আমরা আশা করেছিলাম যে, এর দ্বারা নূতন আলোকপাত হবে। বিশেষ করে ১৯৫০ সাল থেকে আরম্ভ করে ১৯৬২ সালে যে বিল আসছে অর্থাৎ ১২ বছর পর, মানে এক যুগ পর--এই ১২ বছরের মধ্যে সরকার যেখানে অনেক বিপ্লবের কথা, সমাজতন্ত্রের কথা শোনান, সেখানে স্বাভাবিকভাবে আশা ছিল অনেক কিছু নূতন আলো আমরা দেখতে পাব। কিন্তু এই বিল আমাদের সম্পূর্ণ হতাশ করেছে। এতদিন যাবৎ ৭৭।২ পার্ক স্ট্রীটএ বোর্ডের যে অফিস আছে সেই বোর্ডের অফিসে বিভিন্ন সমস্যাগুলো যেভাবে প্রতিফলিত হয়েছে সেগুলো সম্পর্কে একটু আলোকপাত করছি। যেমন ধরুন বহু স্কুলে গ্রান্ট ইন এইড মেমো যায়, টাকা যায় না, আবার টাকা যায় ত গ্র্যান্ট-ইন এইড মেমো যায় না। শিক্ষক জানে না তার ২-৩ বছর চাকরি হয়ে গেছে অ্যাপ্রুভড হল কিনা। বহু শিক্ষক সরকারী যে যজ্ঞ তাতে বলি হয়েছে। অর্থাৎ বিদ্যালয় থেকে ছাটাই হয়েছে। ৩।৪ বছর হল তারা অ্যাপীল করেছে, অথচ সেই অ্যাপীল-এর কোন হদিশ নেই। আজও স্কুলে যদি অ্যাপ্রুভড করবার প্রশ্ন ওঠে, তা হলে একবার রাইটার্স বিল্ডিংসে এবং একবার পার্ক স্ট্রীট করতে করতে জুতোর শুকতলা ক্ষয়ে যায়। শুধু এটাই শেষ নয়, শিক্ষকরা মাইনে পাচ্ছে কিনা বোর্ড সেটা লক্ষ্য করছেন না। আমরা দেখছি বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে যারা দুষ্কৃতকারী, যেমন

একটা উদাহরণ দিয়ে বলছি যে, কুচবিহার জেলার দিনহাটা স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুধ চুরির অভিযোগ আছে এবং সে সম্পর্কে অভিযোগ আনা হল, কিন্তু আজ পর্যন্ত কিছুই হল না। এই বোর্ড থেকে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করলেন না। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা আশা করেছিলাম যখন এই বিল আসছে তখন সেই বিলে এমন সুযোগ সুবিধা থাকবে, এমনভাবে রচিত হবে যার ফলে, শিক্ষা ব্যবস্থা উন্নত হবে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে ঘোড়বড়ি খাড়া, আর খাড়াবড়ি থোড়—অর্থাৎ যা ছিল তাই আছে। আমি বুঝতে পারি না অ্যাডমিনিস্ট্রেটর-এর পরিবর্তে প্রেসিডেন্ট নিয়োগ করার জন্য এতগুলো লোক রাখার কি দরকার? দুজন লোক আছে সরকারী এবং আধা সরকারী। এই বিলের কমিটি সম্বন্ধে আলোচনা করার আগে আমি একটা কথা বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় মুদালিয়ার কমিশনের কথা বলেছেন এবং বোর্ডের পাওয়ার্স অ্যান্ড ফাংকসন-এর ক্ষেত্রে বলা হয়েছে

It shall be the duty of the Board to advise the State Government.

অ্যাডভাইস-এর কথা বলা হয়েছে, কিন্তু মুদালিয়ার কমিশনে পরিষ্কারভাবে বলা হয়েছে শুধু অ্যাডভাইসরি বোর্ড নয়, একজিকিউটিভ বোর্ড যার কার্যকরী ক্ষমতা থাকবে এবং অ্যাডভাইসরি বোর্ড সম্পূর্ণভাবে আলাদা হবে

Report of the Secondary Education Commission

মুদালিয়ার কমিশনের পেজ ১৮৩-তে সেখানে পরিষ্কারভাবে বলা আছে

"The Board may function on lines similar to the Central Advisory Board of Education and should be composed of representatives of the teaching professon, the Universities, managements of High Schools and Higher Secondary Schools, Heads of Departments dealing with different spheres of education, representatives of industry.

কাজেই পরিষ্কারভাবে এক্ষেত্রে বলা আছে যে, একটি অ্যাডভাইসরি বোর্ড আলাদাভাবে গঠনের সুযোগ রয়েছে। কাজেই সেই আলাদাভাবে গঠন করে বোর্ডকে সেই ক্ষমতা দেওয়া উচিত ছিল এবং যেভাবে গঠন করা উচিত ছিল তা হয় নি। কাজেই এই বোর্ডে যে কমিটি গঠিত হয়েছে সেটা পুরোপুরি আমলাতান্ত্রিক, গণতন্ত্রবিরোধী এবং বিলে পেটোয়া দলীয় লোক পোষণ করার ব্যবস্থা করা হয়েছে। দুজন আছে সরকারী ও আধা সরকারী লোক এবং ৪ জন মনোনীত ব্যক্তি অর্থাৎ যাঁদের মনে করবেন নিজেদের দলের মধ্যে আছেন অন্যত্র স্থান দেওয়া যাচ্ছে না, তাদের স্থান দেওয়া হবে, যেমন ৪(১৮)-এ আছে।

[3-10—3-20 p.m.]

আশ্চর্যের বিষয় শিক্ষকদের মধ্যে কিভাবে দলাদলি সৃষ্টি করা যায়, কিভাবে শিক্ষকদের সংস্থাকে ভেঙ্গে চুরমার করা যায় তার একটা ষড়যন্ত্র রয়েছে যেমন ৪(১৬)-তে পরিষ্কারভাবে বলা হয়েছে

"one representative of each of the Associations, not being District or Regional Associations, recognised by the State Government, of teachers of Institutions, elected in the manner prescribed, from amongst the members of the executive committee of such association"

অর্থাৎ বলা হচ্ছে ২টি সংস্থার ২ জন শিক্ষককে গ্রহণ করা হবে, কিন্তু ২ জন শিক্ষক কারা হবে? আজকে না হয় এ.বি.টি.এ আর ডব্লিউ.বি.টি.এ আছে পরের দিন আপনারাই তো নূতন সংস্থার সৃষ্টি করবেন তার নাম দেবেন হয়ত বি.টি.এ এবং বলবেন এ.বি.টি.এ কিছু নয় এই বি.টি.এ আর ডব্লিউ.বি.টি.এ আসল সংস্থা, এই সংস্থা দুটি থেকে ২জন লোক গ্রহণ করা হোক। কাজেই এই যে নীতি আর রুল ১৫(এ) আর (বি)-তে দেখছি প্রথমে ২জনকে নমিনেটেড করা হল হায়ার সেকেন্ডারি হেডমাস্টারকে তার পরেও ২ জন হেডমাস্টারকে নিয়োগ করা হল। এই ধরনের অগণতান্ত্রিক মনোভাব থাকা উচিত নয়। আমরা মনে করি বোর্ড যখন গঠন করা হচ্ছে তাতে ⅓ অংশে শিক্ষক প্রতিনিধি থাকা দরকার, ⅓ অংশ অভিভাবক এবং বাকি ⅓ অংশে সরকারী কর্মচারীরা থাকতে পারেন। অ্যাপীল কমিটি একটা তৈরি করা হয়েছে

এটার সম্বন্ধে বলার দরকার আছে, কারণ, অ্যাপীল সব কিছুরই ব্যবস্থা রয়েছে এখানটায়। বেশির ভাগ শিক্ষকেরা ছাটাই হয়ে যায় অ্যাপীল করতে পর্যন্ত পারে না। কিন্তু যেসব শিক্ষক ছাটাই হয় আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখছি বেশির ভাগ ক্ষেত্রে দেখছি যে, দলীয় স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিরা তাঁদের নিজেদের কায়েমী স্বার্থ বজায় রাখার জন্য শিক্ষকদের ছাটাই করে থাকেন। বিলে পরিষ্কার বলা হচ্ছে যে, অ্যাপীল কমিটির যে সিদ্ধান্ত হবে সেই সিদ্ধান্তই ফাইনাল হবে। অর্থাৎ তারপর কোন সুট বা কোন কোর্টএ হাজির হওয়া চলবে না। এভাবে এরা সাধারণ মানুষের সংবিধানগত যে ক্ষমতা, আদালতে হাজির হবার যে ক্ষমতা, সে ক্ষমতা খর্ব করা হয়েছে এ বিলের মধ্যে। বিভিন্ন কমিটি গঠনের কথা যা মাননীয় সদস্য নিখিলবাবু বললেন --আমি উত্তর বাংলা সম্পর্কে রিজিওনাল ফাইনান্স কমিটি গঠন করা সম্পর্কে বলব। কারণ আমরা দেখেছি উত্তর বাংলায় যেসব বিদ্যালয়, সেসব বিদ্যালয়ে যখন কোন গোলযোগ সৃষ্টি হয়--টাকা-পয়সা গ্র্যান্ট কিংবা রিকগনিশন ইত্যাদি বিভিন্ন ব্যাপারে দেখা যায় সেখান থেকে তাদের আসা যাওয়া ইত্যাদি বিভিন্ন ব্যাপারে যে টাকা-পয়সা খরচ হয় তার দ্বারা বিদ্যালয়গুলি ক্ষতিগ্রস্তই হয়, উপকৃত কিছু হয় না। কাজেই যদি রিজিওনাল কমিটি গঠনের প্রশ্ন উঠে তা হলে রিজিওনাল কমিটি উত্তর বাংলার জন্য একটা গঠন করার দরকার আছে বলে মনে করি। এ বিলের ভিতর পাওয়ারস অ্যান্ড ফাংশনসএর ২৭(ডি)তে বলা হয়েছে

To undertake, if necessary, with the approval of the State Government, the preparation, publication or sale of text-books and other books for use in recognised institutions

আমরা দেখেছি এর আগে যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সরকারী নীতি ; ঐ যে কিশলয় প্রভৃতি পুস্তক যেসব বাজারে ব্ল্যাকমার্কেটে কালোবাজারে বিক্রয় হয়। ক্লজে ইফ নেসেসারি কেন? যদি মনে করেন সেকেন্ডারি এডুকেশন বোর্ডএর যেসব টেক্সট বুক বার হবে, সেইগুলো সম্পূর্ণ-ভাবে আপনাদেরই কর্তৃত্বাধীনে বার হবে, তা হলে অতি উত্তম কথা। আপনারা দায়িত্ব নিন পুরোপুরি, যে সম্পূর্ণই আপনারা সাপ্লাই দিবেন। কিন্তু কিছু গ্রহণ করবেন, কিছু করবেন না, কিছু পার্বলিশার আপনাদের সংশ্লিষ্ট, যারা আপনাদের দরবারে ১৮ বার হাজির হয় তাদের গুলো ঠিক থাকবে, আর যারা হয় না তাদের গুলো নাকচ হয়ে যাবে। এই ধরনের প্রভিশন রাখা উচিত নয় এবং ইফ নেসেসারি কথাটায় এটাই মনে করা হয়েছে এক্ষেত্রে। মিটিংসএর ক্ষেত্রে বলা হয়েছে যে, ক্লজ ২৯(৪)এ রিকুইজিশন মিটিং ডাকা সম্ভব নয়। ২৬ জন আছে সরকারী কিংবা আধা-সরকারী ব্যক্তি, সেক্ষেত্রে এই আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থায় ১০ জন সদস্য সংগ্রহ করে কোন সময়ে রিকুইজিশন মিটিং সম্ভব হবে? এটা কোন সময়েই সম্ভব হবে না। কাজেই এই ধরনের প্রভিশন কিসের জন্য রাখা হয়েছে? এটা হাস্যাস্পদ বলে মনে হচ্ছে। ফাইনান্স অডিট সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে, এর আগে আমরা দেখেছি যে, গভর্নমেন্ট থেকে কিছু টাকা, বোধ হয় ৩০ লক্ষ টাকা, বোর্ডকে দেওয়া হত এবং সেই টাকা তারা বাজেট করে খরচ করত। এখন এখানে দেখছি সেটা করা হয় নি। ক্লজ ৩১(বি)তে পরিষ্কার বলা হয়েছে শেষের দিকে

the Government may amend the budget estimate by making

অর্থাৎ তাঁরা তা অ্যামেন্ড করতে পারেন। অর্থাৎ পদে পদে বোর্ডকে নতজানু হয়ে এই সরকারের কাছে আসতে হবে, তাদের কৃপাদৃষ্টিতে বোর্ড কাজ করবে। কাজেই এইভাবে হচপচ অবস্থায় সেকেন্ডারি এডুকেশন বোর্ড বিল তৈরি হয়েছে। এই হচপচ অবস্থা থেকে রেহাই দেবার জন্য আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এই বিলকে জনমত সংগ্রহের জন্য পাঠাবেন এবং তা করলে আমি সুখী হব।

Shri Shambhu Copal Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1963.

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিল আজকে এখানে আনা হল তার উপর এতক্ষণ ধরে বিভিন্ন জন বিস্তারিতভাবে আলোচনা করেছেন এবং আরও কয়েকদিন ধরে এই বিলের উপর আলোচনা চলবে এবং তখন এর উপর যেসমস্ত সংশোধনী প্রস্তাব আছে তার উপরেও বিস্তারিত আলোচনার সুযোগ আছে। আজকে বিস্তারিত আলোচনার মধ্যে না গিয়ে মোটামুটিভাবে কয়েকটি কথা রাখতে চাই। তার আগে আমার একটা বক্তব্য আছে যে, এই যে এত বড় একটা

গুরুত্বপূর্ণ বিল এই হাউসে এল, আমরা যারা আইনসভার সদস্য তাদের কাছেই শুধু এটা গুরুত্বপূর্ণ নয়, যাঁরা আইনসভার বাইরের মানুষ, যাঁরা বিদ্যালয়ের শিক্ষকদের খোঁজ রাখেন তাদের কাছে এবং সেকেন্ডারি এডুকেশনের সঙ্গে জড়িত বিভিন্ন ইন্টারেস্টেড মানুষের কাছে গুরুত্বপূর্ণ, তাঁরা বাইরে অপেক্ষা করছেন। তাঁরা ব্যাগ্র হয়ে আছেন জানতে যে কি ধরনের আলোচনা এই হাউসে এই বিলের উপর হবে। হয়ত এমন হতে পারে এই হাউসের সমস্ত সদস্যদের আগ্রহ এইদিকে আকৃষ্ট হয় নি। তা যদি হত তাহলে এই হাউসে এত কম সদস্য উপস্থিত থাকতেন না। এমনও হতে পারে এই বিল সরকারপক্ষের সদস্যরা গুরুত্বপূর্ণ বিল বলে মনে করতে পারেন নি। তা যদি হত তা হলে তাঁদের এই বিলের আলোচনায় উল্লেখ-যোগ্যভাবে অংশ গ্রহণ করতে দেখা যেত, কিন্তু সেসব কিছু ঘটে নি। এই দুঃখ প্রকাশ করে, অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে একথা রাখতে চাই যে, দীর্ঘদিন ধরে অপেক্ষা করার পর, অনেক প্রতীক্ষার পর যে বিলটা আমাদের সামনে এল, আইনসভার সামনে এল, বাংলাদেশের ছাত্র, শিক্ষক এবং অভিভাবকদের সামনে এল, সেই বিলের মাঝখানে এমন কোন আশার আলো নেই যা দেখে তারা উজ্জীবিত হতে পারে, উদ্দীপ্ত হতে পারে এবং ভবিষ্যত সম্পর্কে একটা স্পষ্ট ধারণা রাখতে পারে। এই বিলের মাঝখানে এমন কিছু আমরা দেখতে পাচ্ছি না, যাতে করে স্বাধীনতা পাবার ১৫ বছর পর আমরা একটা শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে এবং তার ভবিষ্যৎ সম্পর্কে ভাবতে পারি। বরং আমার একটা ভয় হচ্ছে, ভয়টা হল এই যে, এই বিলের মাঝখান দিয়ে যেভাবে সরকার মাধ্যমিক শিক্ষার উপর প্রভাব বিস্তার করতে চাচ্ছেন, অন্যভাবে বললে বলব যেভাবে একটা সরকারী বিল এখানে আনা হল, যেভাবে পরোক্ষভাবে সরকারের হাতে সেকেন্ডারি এডুকেশনের নিয়ন্ত্রণ চলে গেল, তার ফলে আগামী কয়েক বৎসরের মধ্যেই অনেক কেলেঙ্কারী ফাঁস হয়ে যাবে।

[3-20—3-30 p.m.]

১৯৫০ সালে গঠিত যে পর্ষৎ তাকে বাতিল করে দেওয়া হ'ল প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার জন্য। তারপর অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করলেন এই সরকার। তারপর প্রশ্নপত্র শুধু ফাঁস নয়—প্রশ্নপত্র রাস্তায় পর্যন্ত বিক্রী হ'ল। সুতরাং সরকারের হাতে যখন কোন বিষয়ের দায়িত্ব চলে যায় তখন কি হয় তা আমরা জানি। সরকারী প্রভাব চরমভাবে এখানে রয়েছে। আজকে শঙ্কা জাগছে এই কারণে। মাধ্যমিক শিক্ষার সঙ্গে আমার ব্যক্তিগত যোগ আছে। আমি যে ঘরের ছেলে সেই ঘরে একজন দরিদ্র শিক্ষক ছিলেন। আমার বাবা ৫০।৫৫ বছর পর্যন্ত একজন শিক্ষক ছিলেন। আমার হাড়ে মজ্জায় এই শিক্ষার সঙ্গে যোগাযোগ আছে। ব্যক্তিগতভাবে আমার নিজেরও কিছুদিন শিক্ষক হবার সৌভাগ্য বা দুর্ভাগ্য হয়েছিল, তাই কিছুটা বাস্তব অভিজ্ঞতা আছে। বাংলা-দেশের বিভিন্ন জায়গায় গিয়ে বিভিন্ন মানুষের সঙ্গে কথা বলে যে অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে এই কথা বলতে পারি আমাদের সামনে যখন কোন বিল আছে, যখন সরকার কোন আইন রাখেন, তখন আমাদের ভাবতে হয়, এঁরা যখন এই সমস্ত কথাবার্তা বলেন, আইন রচনা করেন, তখন তাদের দৃষ্টি সব সময় সুপারফিসিয়্যাল হয়। এটা মারাত্মক কথা, বেদনাদায়ক কথা। কলকাতার মানুষ এবং গ্রামের মানুষের মধ্যে তফাৎ আছে। গ্রাম্য সমাজ হচ্ছে ঝগড়া এবং নিন্দা গালাগালির স্বর্গরাজ্য। সেকেন্ডারি এডুকেসন সৃষ্টি হচ্ছে সারা বাংলাদেশের জন্য এই সেকেন্ডারি এডুকেশন-এ যারা নিতে আসে তাদের মধ্যে গরীব ঘরের ছেলে আছে, মধ্যবিত্তের ছেলে আছে, বড়লোকের ছেলেও আছে। একে অর্থের সঙ্কটজনক অবস্থা, তার উপর গ্রামে গ্রামে ম্যানেজিং কমিটির মধ্যে দলাদলি আছে, পার্টি স্পিরিট রয়েছে। কংগ্রেস দলের যে পলিটিক্স তার ঘাঁটি আছে। এক একটা মাধ্যমিক স্কুলকে ঘিরে এই সব জিনিষ চলছে। সমস্ত দিক ভেবে দেখে যদি ব্যবস্থা গ্রহণ করা যায় এবং যে ব্যবস্থা গ্রহণ করলে আমাদের ভবিষ্যৎ শুভ হতে পারে, সেই ব্যবস্থা আমরা এখানে দেখতে পাইনে। উপর উপর বসে কাজ হয়। আমাদের এই বিলের যারা খসড়া করেছেন তারা কি ভুলে গেলেন যে শিক্ষা ব্যবস্থায় তিনজনের বিশেষ যোগাযোগ আছে? শিক্ষা ব্যবস্থায় শিক্ষক থাকবেন, ছাত্র থাকলে এবং অভিভাবক থাকবেন। লাইফ ব্লাড দিয়ে শিক্ষকেরা আমাদের দেশে ছেলেমেয়ে গড়ে তুলেছেন—১২ টাকা মাইনে নিয়ে ১০ টাকা মাইনে নিয়ে। অনেক ভাঙ্গাগড়ার মাঝখান দিয়ে, অনেক উত্থান পতনের মধ্য দিয়ে মাধ্যমিক শিক্ষা আজকে একটা জায়গায় এসে দাঁড়িয়েছে। সেজন্য সেকেন্ডারি এডুকেসন-এর সঙ্গে যাদের সবচেয়ে নিবিড় যোগ সেই যে শিক্ষক সম্প্রদায়, আজকে তাদের সঙ্গে কেন সরকার পরামর্শ করবেন না? এডুকেসন

ঠিকমত চালাবার ক্ষমতা তাদের বেশী আছে—দরদ আছে তাদের। কাজেই বোর্ড যখন হ'ল সেই বোর্ডের মাঝখানে যদি বলি এক তৃতীয়াংশ শিক্ষক প্রতিনিধি থাকুক, কেন তা গ্রাহ্য হবে না? এই প্রশ্নের জবাব আমরা চাই। অনেক বড় বড় লোক কমিটির মধ্যে আছেন, ডাইরেক্টর অফ পাবলিক হেলথ ইত্যাদি। অনেক বড় বড় অফিসার আছেন তাদের নিয়ে এই কমিটি গঠিত হ'ল, দুইজন হেড মাস্টারস-কে অবশ্য সরকার নিচ্ছেন। কিন্তু অ্যাসিসটেন্ট টিচার্স যারা তাদের কাউকে নেওয়া হ'ল না কেন? ২৭জন লোকের মধ্যে বেশীরভাগ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকারের মনোনীত লোক এসে দাঁড়িয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সংগে যাদের যোগাযোগ আছে সেই অধ্যাপকদের কাউকে কেন নেওয়া হ'ল না। এই ধরণের কমিটির মধ্যে সরকারী প্রতিনিধি থাকার প্রয়োজন আছে, তা অস্বীকার করি না। এ ব্যাপারে আমরা আপত্তি করছি না। কিন্তু সরকার এমনভাবে ব্যবস্থা করলেন যে শিক্ষকদের দাবী তাঁরা গ্রাহ্য করলেন না, গার্জিয়ানদের প্রতিনিধি সেখানে রাখলেন না। বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত সংখ্যক প্রতিনিধি তাঁরা রাখলেন না। সব মিলিয়ে একথা বলতে আমি বাধ্য হচ্ছি, সরকার যেন একটা বিশেষ প্রবণতার বশবর্তী হয়ে, বিশেষ প্রয়োজনের তাড়নায়, একটা বিশেষ উদ্দেশ্য নিয়ে এই বিল মারফৎ তাঁরা একটা বোর্ড গঠন করে তুলবেন। বোর্ড আগেও ছিল, এখনও আছে। তার কাজ কিভাবে চলবে বাংলাদেশের মানুষ কিছুদিন পরে সে জিনিষ দেখবেন। সিলেবাস কমিটির কথা বলি। দেখলাম, যাহোক দুজন হেডমাস্টার সেখানে আছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই শিক্ষামন্ত্রী একজন পুরাণো লোক। সেখানে একজন শিক্ষক প্রতিনিধি থাকবেন না এমন কথা কেমন করে তিনি ভাবতে পারলেন? সব ভুতুড়ে ব্যাপার, তামাসার ব্যাপার। এই হাউসের মাঝখানে তিনি খেলা করতে পারেন? এগজামিনেসন পরিচালনা নিয়ে কত কেলেঙ্কারী হয়েছে। বাংলাদেশের লোক জানে না? প্রতিবারই পরীক্ষার সময় একটা-না-কিছু কুরুক্ষেত্র বেধে যায়। স্টেটসম্যান লিখছে 'দি হাউস র‍্যান য়্যামাক'। টেবিল ছোঁড়াছুড়ি ইত্যাদি হয়েছিল, তা আমরা জানি। এমন সব কোশ্চেন হয় সিলেবাসের সঙ্গে তার কোন যোগাযোগ নাই। আমি বলি এইকথা, এই ব্যাপারের সঙ্গে সবচেয়ে বেশী যোগাযোগ কাদের? কারা সিলেবাস ভাল করে বোঝে? কারা ছাত্রদের মন সবচেয়ে বেশী ভাল করে চেনে? যারা সকাল দশটা থেকে আরম্ভ করে বিকেল চারটা পর্যন্ত ছাত্রদের সঙ্গে মেশে এবং ছাত্রদের সঙ্গে যাদের অন্তরঙ্গ যোগাযোগ, যাদের সঙ্গে ছাত্রদের স্নেহের সম্পর্ক গড়ে উঠেছে সেই শিক্ষকদের একজন প্রতিনিধিকেও এই এগজামিনেশন কমিটির মাঝখানে নেওয়া হয় নাই। এটা মস্তবড় অন্যায় হয়েছে বলে আমরা মনে করি। এ ছাড়া এর মধ্যে গার্জিয়ানদেরও প্রতিনিধি নেওয়া উচিত ছিল বলে আমি মনে করি। এদিকে নজর দিলে তিনি ভাল করতেন। হাউসে ভাল জিনিষের প্রতিবাদ করার কোন্ দরকার নাই। অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে স্বাধীনতার পনের বছর কেটে গেল, তবুও এই বিলের মধ্যে একটা অগণতান্ত্রিক গন্ধ থেকে যাচ্ছে। বৃটিশ আমলের একটা গন্ধ আছে। সেই কাঠামো, সেই ভঙ্গী এবং সেই ভাব যদি এর মধ্যে থেকে যায়, তাহলে কিসের ভরসা, কোন আশার কথা আমরা জনগণকে বলতে পারবো, আশ্বাস দিতে পারবো? এটা আমি জানি না।

আরও দুটো জিনিষের প্রতি আমি মাননীয় স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যে বোর্ডকে সরকার আজ গঠন করতে চলেছেন, সেই বোর্ডের বাস্তবিকপক্ষে কোন ক্ষমতা নাই। এই সম্পর্কে অনেক আলোচনা এখানে করা হয়েছে। অনেকে অনেক কথা বলেছেন। এটা কি একটা গুরুত্বপূর্ণ ব্যাপার নয়? সব কিছু হাওয়াতে চলে না। অ্যাডভাইসরি কমিটির ক্ষমতা কতটুকু—তা আমরা জানি। এই অ্যাডভাইসরি কমিটি বিভিন্ন ব্যাপারের সঙ্গে জড়িত থাকে, তার বাস্তব ক্ষমতা কতটুকু তা আমাদের জানা আছে ফাইন্যান্স যদি তার হাতে না থাকে। এই বিলের মধ্যে সরকার যদি সেই সম্পর্কে স্পষ্ট প্রতিশ্রুতি দেন যে বোর্ডকে টাকা দেওয়া হবে, টাকার ব্যাপারে আমরা হাত বন্ধ করে থাকবো না, তাহলে ভরসা একটু পাওয়া যায়। শুধু রেকমেন্ডেশান করে কিছু হবে না। অনেক ব্যাপারে টাকা চাই। বাংলাদেশের শিক্ষার ব্যাপারে আপনারা অকৃপণ হবেন না। বোর্ড রিকগনিশান দেবেন অথচ টাকা কিছু দিলাম না—এটা ঠিক নয়। সেখানে যদি নিশ্চয়তা না থাকে যে, রিকগনিশান দিলে একটা স্কুল অর্থ সাহায্য পাবে, তাহলে এই রিকগনিশান দেবার কোন অর্থ থাকে না বলে আমি মনে করি। এক হাতে

ক্ষমতা দিচ্ছেন এবং আর একহাতে সেই ক্ষমতা বোর্ডের কাছ থেকে কেড়ে নিচ্ছেন। তার প্রমাণ আমি রাখছি। এই ক্লজ ২৭ যেটা এখানে আছে সেখানে বলা হচ্ছে

"It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to secondary education referred to it by the State Government"

কিন্তু ২৭ নম্বর ক্লজের ৪ নম্বর উপধারায় বলা হয়েছে

No regulation shall be valid unless it is approved by the State Government

সরকার যদি ইচ্ছা করেন তাহলে সর্বকিছু তাঁরা বাতিল করে দিতে পারেন। অথচ ক্ষমতা সেখানে দেওয়া হলো। এই লুকোচুরির খেলার কি প্রয়োজন এখানে ছিল? এই হাইড অ্যান্ড সিক-এর কি প্রয়োজন ছিল? একথা আমি ভাবতে পারি না।

আর একটা মারাত্মক জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের ৩১ নম্বর ক্লজের মাঝে দুটি লাইন আছে

The State Government may, by order in writing specifying the reasons thereof, suspend the execution of any resolution or order of the Board.

সরকার ইচ্ছা করলে সবই করতে পারেন। সরকার সবই করলেন। অথচ এটা দেখতে পেলাম যে বোর্ড একটা গঠিত হলো শেষ পর্যন্ত। কিন্তু সেই বোর্ড সরকারের হাতে একটা পুতুলে মাত্র পরিণত হবে। তার বাস্তব কোন ক্ষমতাই থাকবে না।

১৯৫০ সালের এডুকেশান অ্যাক্ট-এর কথা আমাদের মনে না পড়ে পারছে না। মধ্যশিক্ষা পর্ষৎ বাতিল হয়ে গেল এবং অ্যাডমিনিস্ট্রেটর ক্ষমতায় এলেন। তারপর অনেক দিন চলে গেল। ১৯৫০ সাল থেকে ১৯৬৩ সালের মধ্যে ভাগীরথীর বুক দিয়ে অনেক জল বয়ে গেছে, অনেক উত্থান পতন ঘটে গেছে। কিন্তু দীর্ঘদিনের অভিজ্ঞতা নিশ্চয়ই আমাদের দাঁড়িয়ে আছে। যে জিনিষ গভর্নমেন্ট সেকেন্ডারী এডুকেশানের ক্ষেত্রে দিতে চাইলেন তা এর ডেফিনিশানের মধ্যে বলে দিয়েছেন এই সেকেন্ডারী এডুকেশান সীমার মধ্যে বিভিন্ন জিনিস আছে, স্তর আছে। এই শিক্ষা দ্বারা দেশের বেশি ছাত্ররা উপকৃত হবে, পুষ্ট হবে। এই সেকেন্ডারী এডুকেশানের ক্ষেত্রে দীর্ঘদিন অভিজ্ঞতার পরে, দীর্ঘদিন জানাশোনার পরে যে জিনিস আজকে সরকার করে দিলেন, তা আমাদের মনে আশার আলো জ্বালাতে পারছে না, আমরা এর দ্বারা উদ্দীপ্ত ও উজ্জীবিত হতে পারছি না। আমি দাবী করছি এই বিলকে জনমত সংগ্রহের জন্য প্রচার করা হোক। এ সম্বন্ধে বিশেষ কথা আমার অ্যামেন্ডমেন্টের মাঝখানে বলেছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30—3-40 p.m.]

Shri Bejoy Krishna Bhattacharyya:

মিঃ স্পীকার, স্যার, আমি খুব ধৈর্যের সঙ্গে এতক্ষণ আমার বন্ধুরা এই এডুকেশন বিল সম্পর্কে যা বললেন তা শুনলাম। [এ ভয়েস—আপনি ধৈর্যের সাথে শুনলেন?] আমার 'ধৈর্যের' কথাটা বলায় প্রতিবাদ হচ্ছে। জানি না অন্য কি বললে ভাল হ'ত। খুব শ্রদ্ধার সঙ্গে শুনেছি বললে বোধ হয় ও'রা খুসী হবেন। অবশ্য ভাষার উপর এত কন্ট্রোল রেখে আমার বক্তৃতা করবার অভ্যাস নেই। সারাজীবন ধরে আমি শিক্ষকতা করছি। ৪০-৪২ বৎসর বিভিন্ন স্কুল, কলেজের সঙ্গে আমি ওতঃপ্রোতভাবে জড়িত আছি।

আজকের বিষয়বস্তু হচ্ছে পশ্চিমবাংলায় সেকেন্ডারী এডুকেশন বোর্ড একটা ছিল। ছিল কেন, এখনও আছে। সেই বোর্ড যেভাবে গঠিত হয়েছিল, গভর্নমেন্ট সেই বোর্ডকে নাকচ করে দিয়েছিলেন বিভিন্ন কারণে। আমি সেই অতীতের দিকে না গিয়ে, তৈরি হয়েছে কি করে? পশ্চিমবাংলায় এই যে সেকেন্ডারী এডুকেশন আছে, তাকে পরিচালিত করবার জন্য, তার ব্যবস্থা করবার জন্য বর্তমান যে গভর্নমেন্ট, সেই গভর্নমেন্ট জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির দ্বারা পরিচালিত। মাধ্যমিক শিক্ষার যে নীতি, সেই নীতি কিভাবে তৈরি হবে, এবং সেই নীতি কিভাবে পরিবর্তন করা দরকার, তা ঠিক করবার জন্য চূড়ান্ত সংবিধান অনুযায়ী এই পশ্চিমবাংলার বিধানসভার

আছে। এই সভা নিয়ন্ত্রণ করবে মন্ত্রীকে, যে এইভাবে মাধ্যমিক শিক্ষা পরিচালিত হওয়া উচিত। সেই সভা নিয়ন্ত্রণ করবে মন্ত্রীকে, যে এইভাবে মধ্যশিক্ষা পরিচালিত হওয়া উচিত। সুতরাং সমস্ত মধ্যশিক্ষা পরিচালনার ভার সরকারের উপরে থাকবে। এবং এই সরকারের যে ব্যবস্থা আছে তার পরিচালনাধীন থাকবে সরকার। অবশ্য এই কথা ঠিক, এই সরকার যাদের দ্বারা পরিচালিত হচ্ছে, এই সরকারের যারা মন্ত্রী রয়েছেন, তারা একটা বিশেষ দলের সভ্য। পার্লামেন্টারি কন্‌স্টিটিউশন পার্লামেন্টারি ডেমোক্রেসি নীতি অনুযায়ী অধিক সংখ্যক ভোটের দ্বারা যারা মন্ত্রী নির্বাচিত হয়েছেন, দেশের শিক্ষা ইত্যাদি বিভিন্ন বিষয়ে নিয়ন্ত্রণের অধিকার তাদের হাতে আছে। অবশ্য এই ব্যাপারে যারা বিরোধীদল, তাদের সঙ্গে যথেষ্ট মতানৈক্য আছে, সে বিষয়ে কোন সন্দেহ নাই। প্রতিদিন সেটা আমরা দেখি তারা এখানে জ্বালাময়ী ভাষায় মন্ত্রীদের অকৃতকার্যতার কথা বলছেন এবং তা আমাদের বোঝাবার চেষ্টা করছেন। একথা ঠিক এখন যে সরকার পরিচালিত হচ্ছে, সেই সরকারের ভিতর কোন ত্রুটি-বিচ্যুতি নেই, এ কথা কেউ বলবে না। এ কথা সকলেই স্বীকার করবেন যে, যখনই পরিচালনার ব্যবস্থা হয়, সেই পরিচালন ব্যবস্থার মধ্যে ত্রুটি-বিহীন করা মানুষের পক্ষে সবসময় সম্ভবপর নয়। কিন্তু, এ কথা আমাদের মনে রাখতে হবে যে, এই পশ্চিমবঙ্গ বিধানসভার আমরা সভ্য, গণতন্ত্রের নিয়ম অনুযায়ী আমাদের দায়িত্ব হচ্ছে, কিভাবে মধ্যশিক্ষা পরিচালিত হবে। আপনারা অনেকে বলেছেন যে, মাধ্যমিক শিক্ষার জন্য যে বোর্ড গঠিত হয়েছে, সেই বোর্ড-এর ভিতর শিক্ষকদের প্রতিনিধি থাকা উচিত—ইত্যাদি অনেক কথাই বলেছেন। কার কি থাকা উচিত, সে সম্বন্ধে আমি কিছু বলব না। কিন্তু, আমি বলব শিক্ষকদের প্রতিনিধি নিশ্চয়ই থাকা উচিত, এবং ম্যানেজিং কমিটির প্রতিনিধিও নিশ্চয়ই থাকা উচিত। কিন্তু তারা কিভাবে নিযুক্ত হবেন, এ সম্বন্ধে আপনাদের সঙ্গে আমার বিরাট মতবিরোধ আছে। আমি নিজে বহু ম্যানেজিং কমিটির সঙ্গে সংশ্লিষ্ট আছি। আজকের কথা নয়, ৩২ বছরের আগেকার কথা, যখন এই মধ্যশিক্ষা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ছিল সেই সময় হঠাৎ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আমাকে পত্র দিলেন যে, অনেক ম্যানেজিং কমিটি আমরা সুপারসিড করেছি আপনি পরামর্শ দিয়ে সেগুলি রি-কন্‌স্টিটিউট করুন। এবং সেখানে গিয়ে দেখলাম যে, ভীষণ দ্বন্দ্ব ম্যানেজিং কমিটির মেম্বারদের ভিতরে, শিক্ষকে শিক্ষকে ঝগড়া, ম্যানেজিং কমিটির মেম্বারে মেম্বারে ঝগড়া এবং ঝগড়া চলেছে অনেক দিন ধরে। যিনি আরম্ভ করেছেন স্কুল, তিনিও এই ঝগড়ার মধ্যে পড়ে গেলেন, তার ফলে কি হলো? যে স্কুলে প্রথম বছরে ২৫০ জন ছেলে ছিল, দুই-তিন বছর পরে ২৫-৩০ জনের বেশী ছেলে রইল না। তার উপর শিক্ষকেরা মাহিনা পায়না, এইরকম অবস্থা হলো। এইরকম সেই সময়কার স্কুলের অবস্থা ছিল। ডেমোক্রেসির ফলে এই ব্যাপার হলো। আপনারাও নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন, এবং আমার বিশ্বাস আপনারা প্রত্যেকে ব্যক্তিগতভাবে জানেন যে, পশ্চিমবাংলায় ম্যানেজিং কমিটি, এমন কি কলেজের গভর্নিং বডির ভিতরে কি দ্বন্দ্ব এবং কি গোলমাল আছে। ম্যানেজিং কমিটি কন্‌স্টিটিউশন ব্যাপার নিয়ে একটা নির্বাচনের ব্যাপার হয়, এবং সেই নির্বাচনের ব্যাপারে সাধারণতঃ যা হয়, তা আপনারা মর্মে মর্মে জানেন, এবং সেই নির্বাচনী দ্বন্দ্বে নেমে মানুষ পথভ্রান্ত হয়ে যায়, যারা ভোটার তাদের পথভ্রান্ত করবার চেষ্টা করা হয়। শিক্ষা বহুদূরে চলে যায়, শিক্ষা মানুষের দৃষ্টির আড়ালে চলে যায়, শুধু লক্ষ্য থাকে যে, আমি সভ্য হব, অমুকে সভ্য হবে না। নীতির কোন বালাই থাকেন না, এইভাবে ম্যানেজিং কমিটি তৈরি হয়। এইভাবে কলেজের গভর্নিং বডির ভিতরেও ধীরে ধীরে গোলমাল আরম্ভ হয়েছে। আমি জানি হাওড়া জেলার একটা বিরাট কলেজে—এক ব্যক্তি আরম্ভ করেছিলেন, এবং প্রচুর টাকা দিয়েছিলেন, এখন সেখানে গভর্নিং বডির মেম্বারশিপ নিয়ে হাইকোর্ট পর্যন্ত মামলা চলেছে। এইভাবে সারা পশ্চিমবঙ্গে গভর্নিং বডির ইলেকশান নিয়ে বহু ব্যাপার চলেছে, যার সঙ্গে শিক্ষার কোন সম্পর্ক নাই, বরং যেগুলি শিক্ষার মূলগত নীতির সম্পূর্ণ বিপরীত।

[নয়েজ]

আমি আপনাদের কাছে যে কথাটা বলতে চাচ্ছি, সেটা হচ্ছে এই যে, আপনারা ডেমোক্রেসির কথা বলেন, ডেমোক্রেসির নীতি পালন করুন। এতক্ষণ আপনারা বললেন, আমি কোন কথা বলিনি, এখন আমি বলছি, দয়া করে সেটার প্রতিবাদ করবেন না, অবশ্য আপনাদের মতের সঙ্গে আমার মত মিলবে না। কেন না, আমি একজন কমিউনিস্ট মেম্বারকে হারিয়ে এখানে এসেছি, সুতরাং আমার নীতির সঙ্গে আপনাদের নীতির পার্থক্য আছে এ বিষয়ে কোন সন্দেহ নাই। যে কথা

আমি বলতে যাচ্ছি যে, যদি শিক্ষা ভালভাবে পরিচালিত করতে হয়, তাহলে শিক্ষার মূল নীতি নির্ধারণের ক্ষমতা গভর্নমেন্টের থাকা উচিত। এবং এই পশ্চিমবঙ্গ বিধানসভার অধীনে গভর্নমেন্ট মূল নীতি স্থির করবেন। সেই নীতি সর্বজনগ্রাহ্য হওয়া দরকার।

[3-40—3-50 p.m.]

তারপর সেই নীতি ঠিকভাবে নির্ধারিত হ'লে, সেই নীতি কার্যকরী করবার সময় যদি ইলেকশান ইত্যাদি নিয়ে আসেন, তাহলে সেই নীতি ভালভাবে কার্যকরী হবে না। দিনরাত ঝগড়া, মারামারি, গোলমাল ইত্যাদি লেগে থাকবে, এবং সেজন্য আমার মনে হয়, বোর্ড যেভাবে এসেছে তা ভালই হবে। গত বোর্ড-এর কথা বলি। বোর্ড যেদিন প্রথম আরম্ভ হয়, সেদিন থেকে এতদিন পর্যন্ত এবং তার পূর্বে বিশ্ববিদ্যালয়ের উপর যখন ভার ছিল - ১৯২৪ সাল থেকে, তারপর বোর্ড দ্বারা স্কুল ফাইন্যাল পরীক্ষা ইত্যাদি যা পরিচালিত হচ্ছিল এবং বোর্ড-এর যারা পরিচালক, যারা সভ্য—আপনারা যাদের আমলাতন্ত্র বলেন, তারা বোর্ড গঠিত হওয়ার পর প্রথম পরীক্ষা ব্যবস্থা যা করেছিলেন, অত ভাল ব্যবস্থা তখনকার দিনে বিশ্ববিদ্যালয়ের ছিল না। তারা খুব ভাল ব্যবস্থা করেছিলেন। তারপর প্রতি ক্ষেত্রে যখনই বোর্ড-এর কাছে যে প্রস্তাব আসত, তখনই তুমুল ঝগড়া লাগত। আমরা পরীক্ষার খাতা পৌঁছাতে গিয়ে দেখেছি, তিন ঘণ্টা, চার ঘণ্টা ধরে বিতর্ক চলেছে। তখন একটা সুবিধা ছিল, আমাদের সৌভাগ্য যে, তখন ডাক্তার শ্যামাপ্রসাদ মুখার্জী মহাশয় বোর্ড-এর সভ্য ছিলেন। তাঁর একটা ব্যক্তিত্ব ছিল, তার ফলে বহু ঝগড়া শেষপর্যন্ত শেষ করে তিনি বোর্ড-এর সভ্যদের সাহায্য করতেন, একটা সিদ্ধান্তে আসবার জন্য। কিন্তু তাঁর অকাল মৃত্যুর পর বোর্ড-এর ঝগড়া বিভিন্নভাবে এত বিশ্রী আকার ধারণ করলো যে, এই বোর্ড-এর দ্বারা আর কোন কাজকর্ম করা সম্ভবপর হ'ল না। আমি আপনাদের অনুরোধ করব যে, ডেমোক্রেসিতে আমরা এসেছি, তা বজায় রাখবার জন্য এই অ্যাসেম্বলীতে ক্ষমতা রাখুন নীতি নির্ধারণ করবার জন্য। বোর্ডকে কত টাকা দেবেন সেটা মিনিস্টারবা নিয়ে আসবেন, সেটা তো কনস্টিটিউশানে লেখা আছে, এর জন্য আলাদা কোন প্রভিশান করা দরকার নাই। সেই জিনিসটা প্রত্যেক বাজেটে সেকেন্ডারী এডুকেশান ইউনিভার্সিটি এডুকেশান ইত্যাদি সম্বন্ধে প্রভিশন থাকবে। আপনারা বাজেটের সময় এই নিয়ে আলোচনা করতে পারবেন। এবং বোর্ড-এর প্রতি কার্পণ্য ব্যবস্থা যদি হয়, যদি কৃপণতা করেন আমাদের মন্ত্রীবর্গ, আপনারা তা সমালোচনা করতে পারেন। যাতে বেশি টাকা ধার্য হয় তার ব্যবস্থা করতে পারেন। যেমন প্রতিদিন কলিং অ্যাটেনশান নোটিশ নিয়ে আসেন, সেইরকম অ্যাটেনশান নোটিশ আনতে পারেন বোর্ড-এর যদি কোন ত্রুটি হয় সে সম্বন্ধে এবং আপনারা নীতি নির্ধারণ করে দিতে পারেন। আপনারা অ্যাডজোর্নমেন্ট মোশান আনতে পারেন, কিম্বা ভোট অব সেনসার করে গভর্নমেন্ট-এর যে এডুকেশন নীতি, সেই নীতির বিরোধিতা করে কোন নীতি অবলম্বিত হওয়া আবশ্যক সেটা আপনারা করে নিতে পারবেন। সমস্ত অধিকার আপনাদের আছে। বোর্ডকে শুধু দেওয়া হয়েছে মধ্যশিক্ষা পরিচালনার ভার। সেখানেও যদি ডেমোক্রেসি আসে, তাহলে পরিচালনা হবে না, শুধু কথা কাটাকাটি, মারামারি হবে। কোন বাস্তব সিদ্ধান্তে আসা বোর্ড-এর পক্ষে কখনই সম্ভব হবে না। বোর্ড-এর যারা সভ্য আছেন, তারা প্রত্যেকেই একজন করে স্পেশালিস্ট, বিভিন্ন ডিপার্টমেন্ট অফ লাইফ কিম্বা বিভিন্ন শিক্ষার ক্ষেত্রে তারা বিশেষজ্ঞ, এইভাবে বোর্ড-এর সভ্য করা হয়েছে। তাদের পরামর্শ নিয়ে বোর্ড মাধ্যমিক শিক্ষা পরিচালনার ভার গ্রহণ করতে পারবেন। আমি আপনাদের এই অনুরোধ জানাব, সেটা রক্ষা করবেন কিনা জানি না, যে ৮ বছর কেটে গেছে এখন আর সারকুলেশন-এ দেওয়ার কথা আপনারা বলবেন না। আমি আশা করব আপনারা এই বিলটা গ্রহণ করবেন। আপনারা এখন ডিস্কাশন আরম্ভ করে দিন, প্রত্যেক সেকশানে কোথায় কি ত্রুটি-বিচ্যুতি আছে আপনারা সেগুলি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করুন, আমার মনে হয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই সেগুলি বিবেচনা করবেন। কারণ, সরকার যেগুলি বলবেন সেগুলি ঠিক, আর আপনারা যেগুলি বলবেন তা সব ভুল, এটা নিশ্চয়ই মন্ত্রীমহাশয়রা মনে করেন না। আপনারা গঠনমূলক মনোভাব নিয়ে যদি এই বিলে সংশোধনী প্রস্তাব আনেন, সেগুলি নিশ্চয়ই মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন। আমি এই বিলের নীতি সম্পূর্ণভাবে গ্রহণ করি এবং এই বিলের নীতি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Draft Rules for Committee on Estimates

Mr. Speaker: Before I continue further I take leave to inform you that the Committee on Rules met today in my Chamber and recommended the

rules, for insertion in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, for constitution of a Committee on Estimates. I have been informed that the same is being laid on the table.

Dr. Radha Krishna Pal:

মাননীয় স্পীকার স্যার, আমি বাংলাদেশে দ্বটি ডিগ্রী কলেজ করেছি, দ্বটি মাল্টি-পারপাজ হায়ার সেকেন্ডারী আর ১৬টি জ্বনিয়ার হাই স্কুল করেছি বলেই বোধ হয় আমাদের চীফ হ্বইপ সাহেবের আদেশ হয়েছে আমাকে এখানে বক্তৃতা দেবার [হৈ চৈ, গণ্ডগোল]—শম্ভুবাব্ব কি তা অপরিজ্ঞাত আছেন? আমার বন্ধ্বরা, কানাইবাব্ব ইত্যাদি তাঁরাও কি অপরিজ্ঞাত আছেন? দ্বইটি ডিগ্রী কলেজ করেছি, নয় লক্ষ টাকা তুলে ব্বকের রক্ত ম্বখ দিয়ে বার করেছি। দ্বটি কলেজ করলাম, চারটি হাই স্কুল করলাম, দ্বটি মাল্টিপারপাজ হায়ার সেকেন্ডারী করলাম এবং ১৬টি জ্বনিয়ার হাই স্কুল করলাম—আর তখনকার বাজারে।—[হৈ চৈ, গণ্ডগোল]

Mr. Speaker: Mr. Pal, please address the Chair.

ওকে একটু বলতে দিন।

Dr. Radha Krishna Pal:

স্যার, আমার প্রথমেই বক্তব্য হচ্ছে এই, ১৯৩০ সালে যখন আলীপ্বর সেন্ট্রাল জেলে, তখন হঠাৎ লারকিন সাহেব—যিনি যশোহরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ছিলেন, তিনি আমার সংগে দেখা করে বললেন, ডাঃ পাল, গোঘাট থানায় যেখানে ঠাকুর পরমহংসদেবের জন্মস্থান—এক লক্ষের উপর লোকের বাস, সেখানে একটা হাই স্কুলও নেই দেখে এলাম, ঠাকুরের দেশ পরিদর্শন করতে গিয়ে। আমার তাই মনে হ'ল, আমার গোঘাট থানায়ই বাস, আমি জেল থেকে বেরিয়ে গিয়ে হাই স্কুল করবো। জেল থেকে যখন গান্ধী আরউইন প্যাক্ট হ'ল তখন আমি বেরিয়ে এসে [গণ্ডগোল হৈ চৈ]—শ্বন্বন, ধৈর্য ধর্বন, ধৈ রজ ধর্বন, আমি ১১ আনা পয়সা নিয়ে হাই স্কুল করলাম [গণ্ডগোল—হৈ, চৈ], আমি সেই বছরেই এখানে আমাদের সেই স্বর্গত মহাপ্বর্ষ, তিনি আজ নেই, আমরা একটা জাতি, বিশেষ করে বাংলাদেশের সদগোপ জাত। আমি জাত ভাঙাতে লাগলাম, প্রথমেই আমি নাড়াজোলের রাজার কাছে এলাম, তিনি আমাকে ১০ হাজার টাকা দিলেন তারপর আপনাদের এখানে চীপ হ্বইপ যিনি আছেন, ও'র জ্যাঠামহাশয়ের কাছে গেলাম, আমি ও'দের স্বজাতি, ওরা ২১ হাজার টাকা আমাকে দিলেন, তারপর আমাদের শম্ভুবাব্ব জানেন R. N. Mondal and Timber Co. Ltd. তাঁর কাছে গেলাম, তিনি আমাকে ২০ হাজার টাকা দিলেন, মাননীয় স্পীকার মহাশয়, এভাবে আমি আজকার য্বগে গোঘাট থানায় হাই স্কুল করলাম এবং ১ বছরের মধ্যে ৮০ হাজার টাকা যোগাড় করলাম, এভাবে হাই স্কুল চলতে থাকে—চলতে চলতে আমার আরো হাই স্কুল করবার ইচ্ছা দেখা দিয়েছে, তখন ক্রমে ক্রমে আমি কারাবাস করছি, জেল থেকে একবার বের্বচ্ছি, আর একটা করে হাই স্কুল করছি [হৈ, চৈ, গণ্ডগোল]—এবারে আমার বন্ধ্বদের হাত চাপড়াতে দিন, মাধ্যমিক শিক্ষা বোর্ড হয়ে গেছে—আমি মাড়োথানায় একটি হাই স্কুল করলাম, যেটি রাজা রামমোহনের জন্মস্থান। সেই স্কুলটা অ্যাফিলিয়েশানের জন্য এলাম, এসে বললেন, দেখ, তোমায় ডাঃ শ্যামাপ্রসাদকে ধরতে হবে, আমি ডাঃ শ্যামাপ্রসাদ ম্বখার্জির কাছে গেলাম, সেই প্রাতঃস্মরণীয় প্বর্ষ, আমি গিয়ে বললাম, "ডাঃ ম্বখার্জি, আমি একটা হাই স্কুল করেছি" বললেন, "তুমি তো অনেক হাই স্কুল করেছো, তা আমার কাছে এসে কেন?" "ডেমোক্রেসি একেবারে ফেলিওর, দলাদলিতে আমার স্কুল অ্যাফিলিয়েশান পাবে না।"

[3-50—4 p.m.]

আমি যেতেই বললেন, তুমি নলিনাক্ষ সান্যালকে যদি ঠিক রাখ, তোমার বন্ধ্ব প্রবরকে, তাহলে আমি তোমার স্কুলকে অ্যাফিলিয়েশান দেবোই। আমি নলিনাক্ষবাব্বর কাছে গেলাম, তিনি বললেন, "সে-কিরে, তোর স্কুল? তাহলে আমি সাপোর্ট করবই।" প্রথম দিনে যখন আমার স্কুল-এর কথা উঠলো, আমায় ঘ্বরতে হলো স্যার, প্রত্যেকের ঘরে ঘরে, সকাল থেকে রাত ১১টা পর্যন্ত ঘ্বরে তারপরদিন মিগার মেজরিটিতে আমার স্কুল পাশ করিয়ে দিলাম। এবারে আস্বন স্যার, শম্ভুবাব্ব, কানাইবাব্ব জানেন, নেতাজী মহাবিদ্যালয় বলে একটা কলেজ করবার বাসনা হল।

আমি ভিক্ষা করতে গেলাম আরামবাগ টাউন-এতে কলেজ করলাম এবং ১ লক্ষ টাকা ভিক্ষা করেছি, শম্ভুবাবু জানেন যে, ভিক্ষা হয়েছে এই কিশবরূপা থিয়েটারের যিনি প্রোপাইটার, তিনি ৭০ হাজার টাকা দিলেন। এই কলেজ স্থাপিত হল। আমি ইতিমধ্যে কিছুদিনের জন্যে মাল্টিপারপাজ স্কুল করতে গেছি, দেখি. আস্তে আস্তে গভর্নিং বডির—আমিই তার প্রতিষ্ঠাতা—দেখি, আমিই সরে গেছি। [হৈ, হৈ, গোলমাল]—ডেমোক্রেসি ফেইলিওর এই ব্যাপারে. [হৈ, হৈ, গোলমাল] সুতরাং এখানে আর ব্যুরোক্রাট নয়—অটোক্রাট হ্যান্ড চালাতেই হবে, [হৈ, হৈ, গোলমাল] যদি ওরা মনে করেন এখানে অটোক্র্যাট নয়, ব্যুরোক্র্যাট, আমি বলবো, স্যার, আমি চাইনীজ ব্যুরোক্র্যাট। সুতরাং মাননীয় স্পীকার, স্যার, আপনি অবাক হয়ে যাবেন, কেন আমাকে সরিয়ে দিলেন। আপনি জানেন, আজও কলেজ হাইকোর্টে, আরামবাগ কলেজ হাইকোর্টে, গড়বেতা কলেজ হাইকোর্টে, [হৈ, হৈ, গোলমাল], যেখানে কমিটি আছে, সেখানেই এ অবস্থা। সুতরাং হাইকোর্টের ২২৬ ধারা রয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয়কেও সরিয়ে দিল—শুনুন, স্যার, আমি এসে দেখি যে, কলেজে আমি নেই, যেখানে আমরা ডেমোক্র্যাসি করতে গিয়েছিলাম—শম্ভুবাবু বললেন, কলেজ পোড়ানোর কথা—ওর মগজে ঐ একটা খেলছে। মাননীয় স্পীকার স্যার, আমার বক্তব্য হচ্ছে এই, যদি আজ এখানে

Decentralisation of the Secondary Education Board

কে করেন, আমরা টাকা পাব না। আমার ৬টা হাই স্কুল, ২টা মাল্টিপারপাজ এবং আরো ১৬টা জুনিয়র হাই স্কুল নিয়ে আসুন ওদের, ওরা দেখে আসুন আমি সবগুলোতেই টাকা পাচ্ছি [হৈ, হৈ, গোলমাল] কেন পাব না, ঐরকমভাবে দলাদলি—ডাঃ শ্যামাপ্রসাদের মত লোক বললেন, "তুমি নলিনাক্ষের কাছে যাও তবে তোমার স্কুল অ্যাফিলিয়েশান পাবে।" মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় তিনি সত্যকারের বাংলাদেশের শিক্ষাবিদ মানুষ, আপনারা তাঁকে উপযুক্ত ভারই দিয়েছেন. উনি আজকে এটা করুন, ডেমোক্রেসিতে দেখুন, কালকে সমস্ত দলাদলি, মারামারি, আর হাইকোর্ট এবং ২২৬ লেগেই থাকবে। মাননীয় স্পীকার স্যার, এজন্য বলি, ডিসেন্ট্রালাইজেশান-এর কথা উঠে না—[হৈ, হৈ, গণ্ডগোল], আমি একটা কথা বলি, দাস সাহেব যে কথা বলেছেন, আজকে এই যে বডি আপনারা করেছেন, এই বডির কাছে উনি স্কুল করে টাকা চান, হুড় হুড় করে টাকা পাবেন, মস্তানি করতে যাবার কি দরকার আছে, মোড়লী করবার কি দরকার আছে, ওরা মড়োলী করতে যাবেন কেন? সেখানে আমরা কংগ্রেস দল আমরা ৮জন আসবো ওরা ৪ জন আসবে, ওদের ২ জন আসবেন ওদের ৩ জন আসবেন, এ মোড়লী করবার প্রয়োজন হবে না, স্কুল করছি টাকা চাই। উচ্চ মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক স্কুল চালাতে হবে। এখানে আমার ডেমোক্রেসি ফেলিয়ার হয়ে গেল, আবার অটোক্র্যাট আইনে তোমরা শাসন করছো। [illegible]জেশান তোমাদের হল না, তোমরা বলেছো, ডিসেন্ট্রালাইজেশান করবে। প্রথমেই তোমরা ১৯৪৭ সালে সেই ওথ অফ অ্যালিজিয়েন্স নিয়েছো, আজ আবার এ-কি করছো। আমরা ত দিয়েছিলাম, স্যার, ওদের হাতে দেওয়া হয়েছিল সব স্তরের লোক নিয়ে, আজকে দেখুন সেই বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন কোথায় গিয়েছে। ওরা নিজেরাই তখন ওখানে সর্বে ফুলের কমল দেখছিলেন। যখন ওটা চলছি না, তখন ওরাই কনস্টিটিউয়েন্সিতে, আমাদের কানাইবাবুর যতগুলি স্কুল আছে, ঐ ওর মাধ্যমে একটা পয়সাও পায়নি এবং গণ্ডগোলও করেন নি। আজকে ওরা, স্যার, অপজিশান্স এটা নিয়ে মারামারি করছে। আসুন আপনারা, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় যেরূপ উদার, উদার অন্তকরণযুক্ত লোক, প্রত্যেকটা ব্যাপারে যেসব ইন্টিগ্রিটি আছে তা ধরে দিন, তার মধ্যে যেগুলি গ্রহণযোগ্য হবে তা কিছুতেই চাপা পড়বে না, তা উনি নিশ্চয়ই নেবেন। মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে এই কথা বলছি, যদি আজকে ওদের কথায় ডিসেন্ট্রালিজেশান করে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশান ওদের হাতে দেন, তাহলে দেখবেন, হাইকোর্টে ক'টা জজ আছে, স্যার, প্রত্যেককে একটা করে বেঞ্চ বসাতে হবে, এবং সব ২২৬ ম্যান্ডামাস করতে হবে, প্রত্যেক ইন্সটিটিউশনে। দেখবেন আর কিছুতেই এটা চলবে না। আমি নিজে জানি, আমি যখন ওখান থেকে বিতাড়িত হয়ে এলাম, আমার নিজের স্কুল-কলেজ থেকে, আমি রাজত্ব করছিলাম ফুল ফ্লেজেড, স্যার, অথচ আমার রাজত্বে আমি কেউ নই। সুতরাং আজ এই ডিসেন্ট্রালিজেশনের ফল যদি মাননীয় [illegible]মহাশয় গ্রহণ করেন, তাহলে দেখবেন, এর প্রত্যেকটি জিনিস নষ্ট হয়ে যাবে। এ না করে ওরা বিলের যেখানে ইন্টিগ্রিটি আছে, তা নিয়ে সমালোচনা করুন, এবং সে সমালোচনা যদি গ্রহণযোগ্য হয়, উনি মহান নেতা, উনি নিশ্চয়ই তা

নেবেন। উনি নিজে শিক্ষাবিদ; ১৯০৫ সাল থেকে ঐ মাননীয় হরেন রায়চৌধুরী মহাশয় শিক্ষা ব্যাপারে আছেন। সেইজন্য উপযুক্ত শিক্ষাবিদের হাতেই এই শিক্ষার ভার পড়েছে। আপনারা যে-কোন ভাল জিনিস সমালোচনা করে দিন, তিনি নিশ্চয়ই তা গ্রহণ করবেন। ওদের সে যুক্তি হবে না। সুতরাং, আমার মনে হয়, আমি নিজে বিতাড়িত হয়েছি এবং স্কুল করতে যেয়ে প্রত্যেকবার এসে ডাঃ মুখার্জী, তাঁর পায়ে, এবং আমার বন্ধুবর নজিবার সান্যালের কাছে এসে ধন্না দিয়েছি, আর প্রত্যেকটি কমিটি মেম্বারের কাছে গিয়েছি। স্যার, অমুক চাটুর্জে, অমুক মুখুর্জে, অমুক বাড়ুর্জে, অমুক বোস, অমুক হাজরা, এই করেছি, স্যার, করে করে আমার হাঁপ ধরে গিয়েছে। স্যার, আমি আজ হেংগো হয়ে গিয়েছি, ঐ ডিসেন্ট্রালিজেশানের জন্য। স্যার, ঐ ১৬টি জুনিয়ার হাই স্কুল, ৬টি হাই স্কুল, ২টি মাল্টিপারপাজ স্কুল, ২টি ডিগ্রী কলেজ করতে গিয়ে হাঁপ ধরিয়ে দিয়েছি। সুতরাং মিঃ স্পীকার, স্যার, শম্ভুবাবু যাই কিছু বলুন, কানাইবাবু যাই কিছু বলুন, আমি জানি, স্যার, ওরা অপজিসন হিসাবে চিৎকার করছে, কিন্তু মনে-প্রাণে ওদের অন্তকরণের মাঝখানে যেটা হার্ট বিট ডাইয়াসটলিক সিস্টলিক, লাবডাপ লাবডাপ করছে, সেখানে যদি আপনি স্টেথিস্কোপ বসান, তাহলে শুনবেন বলছে, ঠিক হয়েছে, ঠিক হয়েছে, ঠিক হয়েছে, ঠিক হয়েছে। মিঃ স্পীকার, স্যার, ওরা মনে মনে জানেন, আমরাও জানি এবং বলি হরেন চৌধুরী মহাশয় দীর্ঘায়ু হন, তাঁর এই বিল শাশ্বত এবং সত্যিই আমাদের নিকট গসপেল ট্রুথ, আমরা এ মাথা পেতে গ্রহণ করবো। তবে যেগুলি তোমাদের ভাল জিনিস, তা তোমরা দিও। আমি স্যার, যতগুলো স্কুল করেছি, দেখি বিতাড়িত হয়ে গিয়েছি। আমি চলে গিয়েছিলাম, স্যার, ঐ শম্ভুবাবু জানেন, আমি চলে গিয়ে রবীন্দ্রনাথের কবিতা গেয়েছি যে,

'আমার অন্তর মাঝে পূর্ণিমা লুকান আছে,
তোমরা দেখিলে শুধু অমা
দিনে দিনে অর্ঘ্য মম পূর্ণ হবে প্রিয়তম,
সেদিন মাগিতে হবে ক্ষমা।'

তারা ক্ষমা চেয়ে নিয়ে গিয়েছে, আবার স্কুল-কলেজগুলি চলছে। সুতরাং যিনি শিক্ষাবিদ, তিনিই জানেন, আমাদের কানাইবাবু জানেন, শম্ভু ভায়া অধ্যাপক, বেশ ভালই জানেন, কমল লেখাপড়ায় শিক্ষিত হয়েছে, সে জানে, বাবা যাঁর মাস্টারমশায়—ঐ শ্রীমানশম্ভু, সেও জানে। ওরা সবাই জানে একথা যে, কেবলমাত্র লাব-ডাপ, লাব-ডাপ, ঠিক হয়েছে, ঠিক হয়েছে।

[4—4-10 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীকে সমবেদনা না জানিয়ে পারছি না। তিনি ব্রিটিশ ভারতে কাউন্সিল-এ শিক্ষার স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিলেন, তার জন্য সেই যুগে আমরা তাঁর প্রশংসা করেছি। তার পরে ভারতবর্ষ স্বাধীনতা পাওয়ার পর তিনি সর্বপ্রথম এমন একটা মাধ্যমিক শিক্ষা পর্ষৎ করলেন, যেখানে প্রতিনিধিমূলক ব্যবস্থা প্রবল। আমি তাঁকে সমবেদনা জানাচ্ছি এই জন্য, সেই প্রতিনিধি ব্যবস্থা সম্বলিত মাধ্যমিক শিক্ষা পর্ষৎ আমাদের মাননীয় হরেনবাবুর মানস শিশু, সেটি বেশীদিন টিকল না, অকালে তার মৃত্যু হ'ল। চার বছর মাত্র বয়স যখন, তার মৃত্যু হ'ল, এবং আজকে বোধ হয় সরকারীভাবে তার মৃত্যু ঘোষণা হচ্ছে ডেথ প্রোক্লামেসান, এবং এই মৃত্যুর জন্য যারা দায়ী, আমরা এখানে তাদের কথা বলতে চাইছি। সেকেন্ডারী এডুকেশান বোর্ড নিয়ে প্রথম থেকে ডাইরেক্টর অব পাবলিক ইন্সট্রাকশন, অর্থাৎ এডুকেশান ডিপার্টমেন্ট-এর ব্যুরোক্র্যাটসদের সঙ্গে ঝগড়া হয়েছে, দ্বন্দ্ব হয়েছে এবং তার ফলে আমরা দেখেছি সাত দফা অভিযোগপত্র চার্জ সীট দিয়ে ওই মাধ্যমিক শিক্ষা পর্ষদকে বাতিল করা হয়েছে, এবং তার জায়গায় মাধ্যমিক শিক্ষা পর্ষদের একটা স্কেলিটন বাঁচিয়ে রাখা হয়েছে। সেজন্যে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে গভীর সমবেদনা জানাচ্ছি। তিনি হয়ত ভেবেছিলেন, শিক্ষার স্বাধীনতার জন্য পরাধীন ভারতে লড়াই করেছিলেন, স্বাধীন ভারতে তার একটা নজীর রেখে যাচ্ছেন, ওই প্রতিনিধিত্বমূলক মাধ্যমিক শিক্ষার মারফতে। কিন্তু, আমাদের দেশে শিক্ষাদপ্তরের যে ব্যুরোক্র্যাটস, তারা সেটাকে টিকতে দিলেন না। খুব লজ্জার কথা যে, তারই হাত দিয়ে ওই পর্ষদের ঠিক উল্টো একটা পর্ষদ সৃষ্টির জন্য সেই ব্যুরোক্র্যাটসরা

আমাদের সামনে একটা বিল আনবেন এবং সেই বিল তিনি উত্থাপন করেছেন, এবং আমাদের তা পাশ করতে বলছেন। এই বিলের আমরা নীতির দিক দিয়ে এবং অনেক দিক দিয়ে, দুই দিক দিয়ে এর বিরোধী। এর বিরোধী এজন্যে নয় যে, কোনক্ষেত্রেই সরকারী নিয়ন্ত্রণ আমরা মানি না। কখনও কখনও অনেক বিষয়ে আমরা জানি সরকারের হাতে ক্ষমতা কেন্দ্রীয়করণ করতে হয়, কিন্তু প্রত্যেক ব্যাপারে কুক্ষিগত করতে হবে এটা আমরা জানি না। কিন্তু, কেন্দ্রীকরণ করতে হবে, কি জন্য করতে হবে, কোন্ আউট লুক নিয়ে করতে হবে, সেটা দেখতে হবে। গতকাল একটা ব্যাপারে পরোক্ষ নির্বাচনের প্রশংসা করলেন স্বায়ত্তশাসনমন্ত্রী, চীনের দৃষ্টান্ত দিয়ে। তার দরকার ছিল না। পরোক্ষ নির্বাচন অনেক ক্ষেত্রে দরকার হতে পারে। যেখানে লক্ষ্য, আদর্শ, কর্মপদ্ধতি অত্যন্ত পরিষ্কার, সেখানে গণতন্ত্রের প্রয়োগ—ভাল হতে পারে। আমি যতটা জানি, সকল সভ্যদেশে শিক্ষার ক্ষেত্রে সরকারী কর্তৃত্ব আছে, দায়িত্ব আছে। ইংলন্ডে ১৯৬৪ সালের পর সত্যিই সরকারী কর্তৃত্ব অর্থাৎ কেন্দ্রীভূত কর্তৃত্ব হয়েছে। কেন্দ্রীভূত কর্তৃত্ব হলে যে শিক্ষার উন্নতি হবে না, তা নয়। কিন্তু, আমাদের দেশে শিক্ষার একটা পটভূমিকা আছে, একটা দেশের ঐতিহ্য আছে, সেগুলি বিচার বিবেচনা করতে হবে। টোলের মধ্যে আমাদের ছেলেরা যখন সংস্কৃত শিখত এবং বাংলা যেটুকু শিখত তাতে তারা তখনকার ভূস্বামী ব্যবস্থায় রাজা, জমিদারদের প্রশস্তি গাইতে পারত।

তারপর ইংরেজ আমলে একরকম শিক্ষাব্যবস্থা হলো। সে যুগও বদলে গেল। এখন স্বাধীন ভারতের শিক্ষাব্যবস্থা কিরকম হবে, কি হিসেবে হবে, সেটা বিশেষভাবে চিন্তা করতে হবে। গত ঊনবিংশ শতাব্দীতে ইংলন্ডে যখন শিল্পবিপ্লব শুরু হলো, তখন এক ধরনের শিক্ষা ব্যবস্থা সেখানে ছিল। তারপর শিল্পবিপ্লবের যখন খুব পরিণত অবস্থা, ১৮৭০-৮০ খ্রীস্টাব্দে ইংলন্ডে শিক্ষা-ব্যবস্থার আমূল পরিবর্তনের চেষ্টা চলো। মাধ্যমিক শিক্ষা তখন অনেকখানি লোক্যাল বডির উপর ন্যস্ত ছিল। ১৯৪৪ সালে যখন সেটার কেন্দ্রীকরণ হলো, তখন বুঝতে হবে এমন ব্যবস্থায় শিক্ষা হয় না। তার জন্য বিপুল ও ব্যাপক খরচ করা দরকার, তার কেন্দ্রীভূত দায়িত্ব থাকা দরকার। সেখানে সেটা হবার সংগে সংগে কি হয়েছে? পনের বছরের ছাত্রদের মধ্যে বিনা পয়সায় শিক্ষা দিতে হবে। এই যে ব্যবস্থা ইংলন্ডে মাধ্যমিক শিক্ষা বিনা পয়সায় দেওয়ার ব্যবস্থা হলো, তার সংগে একটা কেন্দ্রীভূত দায়িত্বের ব্যবস্থা হলো। আপনি জানেন স্যার, সোভিয়েট দেশে মাধ্যমিক শিক্ষা সম্পূর্ণ ফ্রি, এবং তা ছাড়া দুপুর বেলার যে লাঞ্চ সেই লাঞ্চ ফ্রি। এইট ক্লাস পর্যন্ত ছিল, সেই ব্যবস্থা আগে, এখন সেটা মাধ্যমিক শিক্ষা পর্যন্ত করা হয়েছে। সেখানে এইটথ ক্লাসে যে এডুকেশান ছিল, সেটা আমাদের টেনথ্ ক্লাসের এডুকেশান স্ট্যান্ডার্ড ছিল। তারপর ছেলেরা টেকনিক্যাল এডুকেশান নিতে যেতো কিংবা হাইয়ার এডুকেশান নিয়ে টেকনিক্যাল কেরিয়ারের মধ্যে যেত। এইভাবে সেখানে এডুকেশান বিস্তার করা হয়েছে। ব্যাপকভাবে সায়েন্টিফিক এডুকেশান, ইঞ্জিনীয়ারিং, মেডিক্যাল এবং অন্যান্য টেকনিক্যাল এডুকেশান পাস করে ফ্যাক্টরীতে এমপ্লয়েড হবার পরেও আবার ইউনিভার্সিটিতে পড়বার ব্যবস্থা রাশিয়ায় আছে। এই যে ব্যাপক শিক্ষার ব্যবস্থা—তার একটা উদ্যোগ, তার একটা স্কীম এই বিলের ভেতর আমরা দেখতে পাচ্ছি না। আমাদের শিক্ষামন্ত্রীও তাঁর প্রারম্ভিক বক্তৃতায় কোনকিছু বল্লেন না। শেষকালে তিনি বক্তৃতায় অপজিশান মেম্বারদের ব্রডসাইডে কি জানাবেন তা যদি তিনি আগে জানাতেন মাধ্যমিক শিক্ষা কতদূর বিস্তারিত করবেন, তার স্কোপ কতখানি, তার কোন কিছু তাঁর বক্তৃতায় নাই। সেখানে আমরা একটা জিনিস দেখতে পাচ্ছি, যার একটা জায়গায় বড় আপত্তি করার আছে। মধ্যশিক্ষা পর্ষদ কিরকম হবে সে সম্বন্ধে মুদালিয়র কমিশন বলেছেন, তার একটা কমপ্যাক্ট বডি হবে, তার সদস্যসংখ্যা ৫৭ থেকে কম করে ২৫ করতে বলেছিলেন। তাঁরা আরো বলেছিলেন যে, এটা একটা পলিসি-মেকিং বডি হবে। মিয়ারলি অ্যাডভাইসরি বডি নয়, সরকার যা চাইবেন তা নয়। সেটা পলিসি মেকিং বডি হবে। আমি মন্ত্রীমহাশয়ের কাছে একটা প্রশ্ন করছি—মনে করুন একটা স্ট্যাটুটারী বডি করলেন, তাহলে কি সব হয়ে যাবে? তাহলে এই শিক্ষার পলিসি মেকিং-এর দায়িত্ব কাদের? শিক্ষার পলিসি মেকিং-এর দায়িত্ব বা ক্ষমতা যদি এই হাউসের না থাকে, তাহলে সেটা ব্যুরোক্র্যাসির হাতে গিয়ে পড়লো। পলিসি মেকিং কারা করবে? যে কথা বিজয়বাবু বলতে চাইলেন যে, পলিসি মেকিং-এর ক্ষমতা এই হাউসের থাকবে। কিন্তু, এই মধ্যশিক্ষা পর্ষদের বিলের মধ্যে সে স্কীম নাই। এই পলিসি মেকিং-এর ক্ষমতা এই [illegible] থাকছে না। কোথায় থাকছে তা খুঁজে পাওয়া শক্ত।

ঐ যে দ্বন্দ্ব হলো ১৯৫০ সালে ব্যুরোক্র্যাসির সঙ্গে হরেনবাবুর, ডেমোক্রেসির সঙ্গে ব্যুরোক্র্যাসির, যে দ্বন্দ্ব হলো, আজকে অনেকে সোজাসুজি সেকথা বলেছেন। আমার পুরানো সেকেলে বন্ধু রাধাকৃষ্ণবাবু এবং আমাদের শ্রদ্ধাভাজন অধ্যাপক বিজয়বাবু পরোক্ষভাবে বললেন যে, ডেমোক্রেসি ফেল করেছে, অতএব ব্যুরোক্র্যাসি চালাতে হবে।

[4-10—4-20 p.m.]

আমি সেন্ট্রালাইজেশান বুঝি। আমি এটা বুঝি যে, একটা কোন অথরিটি সেন্ট্রালি এক্সিকিউট করছে। কিন্তু, সেখানে পলিসি মেক করছে, একটা ডেমোক্রেটিক বডি, সে অ্যাসেম্বলী হোক বা যে-কোন বডি হোক। যে স্ট্যাটুটরি বোর্ড হবে, সেই স্ট্যাটুটারি বোর্ডের যদি পলিসি মেকিং ক্ষমতা না থাকে, তাহলে আমি বলি সেই স্ট্যাটুটারি বোর্ড কেন করা হচ্ছে? এই হাউসের ক্রিটিসিজম এড়াবার জন্য কি? এই হাউসের ক্রিটিসিজম এড়াবার জন্য যদি কোন উদ্দেশ্য না থাকে, তাহলে ওকে স্ট্যাটুটারি বডি করবার কি উদ্দেশ্য আছে? এটা ত যে-কোন অ্যাডভাইসরি বডি করতে পারেন, সরকার করতে পারেন, মিনিস্টার করতে পারেন, তাঁর ডিপার্টমেন্ট করতে পারেন। কাজেই একটা অ্যাডভাইসরি বডি করে ঐ সেকেন্ডারী এডুকেশান বোর্ডকে চালাতে পারেন। কাজে কাজেই, যদি স্ট্যাটুটারি বডি করেন, তার সঙ্গে সঙ্গে গত কয়েক বছরের অভিজ্ঞতা থেকে যা দেখে আসছি, স্ট্যাটুটারি বডির কোন একটা ব্যাপারকে অ্যাসেম্বলীর দৈনন্দিন আলোচনা, সমালোচনার বাইরে তিনি নিয়ে যান। বছরান্তে মাত্র একদিন বাজেট আলোচনার সময়, এ সম্বন্ধে আলোচনা করবার অবকাশ বা সুযোগ আমাদের ঘটে। সেইজন্য সেদিক থেকে পলিসি মেকিং বডি হিসাবে ঐ বোর্ড হোক বা না হোক, পলিসি মেকিং ক্ষমতা সেখানে ধার্য থাক, ন্যস্ত হোক, এই জিনিসটা অত্যন্ত পরিষ্কারভাবে থাকে যেন, যে-কোন দিকে হোক। অনেকে এই বিলের ধারা, উপধারা সম্বন্ধে আলোচনা করেছেন। এ কথা সত্য যে, যদিও এই বিলটাকে সরকারের প্রভুত্বের দিক থেকে নিরঙ্কুশ করবার চেষ্টা যথাযথভাবে করা হয়েছে, কিন্তু, এর ভিতর সরকারের নমিনেটেড নিজেদের লোক থাকবেন। তাঁরা যেরকম লোক হন, সরকারের পেটোয়া লোক বলে, আমি তাঁদের সবাইকে খারাপ বলছি না, হয়ত তার মধ্যে অনেক যোগ্য লোক আসবেন; তাহলেও সরকার তাঁদের পক্ষের লোককে হাতে রাখতে পারবেন। এইরকম লোক নিয়ে যে বডি হচ্ছে, তাকে সম্পূর্ণ ক্ষমতা দেওয়া হচ্ছে না কেন? আমার বক্তব্য এইরকম নিজেদের পক্ষের লোক তাও নিন, কিন্তু তাদের হাতে ক্ষমতা দিন, যাতে তারা সেই ক্ষমতা নিয়ে কাজ করতে পারে, তাঁরা যেন ব্যুরোক্র্যাসির আশ্রিত না হয়। কাজে-কাজেই আমি যে কথাটা রাখতে চাচ্ছি, সেটা হচ্ছে, এটাকে ব্যুরোক্র্যাসি থেকে ফ্রী রাখতে হবে এটাই হচ্ছে আমাদের দেশের ট্র্যাডিশন যে, তাঁরা ব্যুরোক্র্যাসিকে আজও বিশ্বাস করছেন না। কেন? অন্য যেসব দেশ বিপ্লব করে স্বাধীন হয়েছে, কিম্বা বিপ্লব করে সমাজতন্ত্র সেখানে প্রতিষ্ঠা করেছে; সেখানে ঐ যে সাম্রাজ্যবাদী আমলের ব্যুরোক্র্যাসি, সেটা একেবারে সম্পূর্ণ পাল্টে করা হয়েছে। স্বাধীন বা বৈপ্লবিক আন্দোলনের মধ্য থেকে নূতন একটা শিক্ষিত পরিচালকবর্গ হয়ে উঠেছেন, তাঁরা সমস্ত কাজ সেখানে পরিচালনা করেন। কাজে-কাজেই তাঁদের হাতে ক্ষমতা দিতে কখনও দ্বিধা হয় না। কিন্তু, সেইভাবেতে আমাদের দেশে হয় নি বলেই, এই কথা যেরকম কারণে, দে-কমিশন বলেছেন, ভারতবর্ষ যখন স্বাধীন ছিল না, তখন কোন একটা বডির উপর ভার দিতে কষ্ট বা অসুবিধা হত, কিন্তু, আজ স্বাধীন ভারতে সরকারপক্ষ থেকে একটা বডির উপর নির্ভর করতে, আপনারা পিছপাও হচ্ছেন কেন? এটা করতে আপনাদের মনে দ্বিধা হচ্ছে কেন? তাঁদের মনে দ্বিধা হচ্ছে এইজন্য যে, ঐ স্ট্যাটুটারি বডির উপরেতে খুব বেশী ভার দিতে তাঁদের আস্থা নেই। যাঁরা ঐ বডিতে আসছেন তাঁদের চরিত্র দেখুন। সেখানে প্রকান্ড, প্রকান্ড বিদ্বান, জ্ঞানী, পদধারী লোক আসছেন, যাঁরা এর ভিতর খুব বেশী মাথা দিতে পারবেন না। আসলে যারা মাথা দেবেন, তারা পিছনে বসে আছেন, নেপথ্যে বসে আছেন, এবং তারাই এটা পরিচালনা করবেন। কাজেই এ সম্বন্ধে যারা মাথা দেবেন, পরিচালনা করবেন, তাঁদের সম্পর্কে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে, তা আজও যায় নি। তাঁরা ডেমোক্রেসি সম্বন্ধে সন্দিহান। আজকে এখানে আমার বন্ধু রাধাকৃষ্ণবাবু ডেমোক্রেসি সম্বন্ধে যে কথা বললেন, তা বলতে তাঁর লজ্জাবোধ হল না। কিন্তু, যে কথা আমি জানি—আমাদের ব্যুরোক্রেসির বহু আই এ এস, লোক, ওরা বহু জায়গায় প্রকাশ্যে বলেন, বলতে তাঁরা সঙ্কোচ বোধ করেন না যে, ডেমোক্রেসি ভারতবর্ষে ফেইল করেছে, অন্য কোন সিস্টেম এখানে ট্রাই করতে

হবে। ডেমোক্রেসি ফেইল করেছে এই কথা [illegible]। হাউস থেকে প্রোনাউনস করবো, সে হতে পারে না। ডেমোক্রেসি ফেইল করে নি। আমরা জানি, অ্যাকিলিস-এর ল্যান্স-এর কথা। অ্যাকিলিস-এর যে বর্শায় ক্ষত সৃষ্টি করত, তাতেই আবার সেই ক্ষত আরোগ্য করত। অ্যাকিলিস-এর ল্যান্স-এর মধ্যে এমন কিউরেটিভ প্রপারটি ছিল যে, সে ক্ষত সৃষ্টি করত এবং তাকে আরোগ্য করত। এই ডেমোক্রেসিও যদি সেইরকম হয়, তার যদি কোন ত্রুটি হয়, তাহলে [illegible] প্রসিডিওর-এর মধ্যে তা সংশোধন করতে হবে। কাজে-কাজেই ডেমোক্রেটিক্যালি চলতে গিয়ে যে কোশ্চেন চুরি হয়েছে আমবাগানে, তা ডেমোক্রেসির মধ্যে পাওয়া গিয়েছিল। আজকেও সেই কথা যে, অটোক্র্যাটিকালি চলতে গিয়ে, ব্যুরোক্র্যাটিকালি চলতে গিয়ে, আজও কোশ্চেন করা যায়, যে, কোথাও যাবো না, সে কথা কেউ বলতে পারেন না। কাজে-কাজেই ডেমোক্রেসির মধ্যে ভাইস আছে এবং তারই জন্য তাকে সুপারসিড করা হল। ব্যুরোক্রেসির মধ্যে যে ভাইস আছে, তাকে কে সুপারসিড করবে? ব্যুরোক্রেসিকে তন্ন তন্ন করে পরীক্ষা করে, ব্যুরোক্রেসিকে রি-কনস্টিটিউট কে করবে? পুরাণ ব্রিটিশ সাম্রাজ্যবাদের আমল-এর [illegible] ট্র্যাডিসন যে চলে আসছে, তার সঙ্গে সম্পূর্ণ একটা বিচ্ছেদ ঘটিয়ে স্বাধীন ভারতের একটা নূতন স্বাধীন এডুকেশান, স্বাধীন ট্রেডিশান ডেভালপ করবে, সে বিষয় কোন ব্যবস্থা হয় নি, বা তাকে পরিচালন করবার চেষ্টাও এখন সরকারের তরফ থেকে হয় নি। কাজে-কাজেই ব্যুরোক্রেসি দিয়ে সম্পূর্ণভাবে ম্যানেজড্ হতে গেলে, তাতে আমাদের সন্দেহ হয়। সেইজন্য সেই কথাটা আমি মিঃ স্পীকার স্যার, আপনার মারফত মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়ের কাছে রাখবো। সেজন্য আমি যেকথা, মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখতে চাই, সেটা হল এই বিল, আমার ধারণা, শিক্ষামন্ত্রী [illegible] উপর নো-কনফিডেনস বিল। ১৯৫০ সালে তিনি যে আইন রচনা করেছিলেন, সেটা তিনি অত্যন্ত স্নেহসহকারে রচনা করেছিলেন, কিন্তু শিক্ষাক্ষেত্রে একজন সম্মানিত লেজিসলেটর হিসাবে তাঁর যে সংগ্রামী রূপ, তা এই সেকেন্ডারী এডুকেশান বিল রচনার দ্বারা সমাধি হচ্ছে। একজন শিক্ষাবিদ হিসাবে, প্রাচীন যুগের স্বাধীনতা আন্দোলনের একজন বিখ্যাত যোদ্ধা হিসাবে এই অপমানকর বিল আজকে তাঁর হাতে মুটেড হচ্ছে, স্পোনসড হচ্ছে, ইন্ট্রোডিউসড হচ্ছে, এটা খুবই দুঃখের। আমি এই হাউসের কাছে অনুরোধ করব, হয়তো বিজয়বাবু এখানে একটা লেফাস কথা বলেছেন—পলিসি মেকিং এখানে ভেস্টেড থাকবে, পলিসি মেকিং এখানে থাকছে না, স্ট্যাটুটরি বডিতে থাকছে না, পলিসি মেকিং থাকছে একটা গোপন কামরার মধ্যে, নেপথ্যে এডুকেশান ডিপার্টমেন্ট-এর কর্তাদের কাছে—সেখানেই পলিসি মেকিং থাকছে। কিন্তু সেটা আমরা হতে দিতে পারি না, তাতে আমাদের ভীষণ আপত্তি, তার বিরুদ্ধে আমরা টুথ্ অ্যান্ড নেইল ফাইট করব। একটা ডেমোক্র্যাটিক সেট-আপ-এ লেজিসলেটিভ অ্যাসেম্বলী কিম্বা ইলেকটেড প্রতিনিধিত্বমূলক স্ট্যাটুটরি বডিতে এডুকেশান পলিসি তৈরি হবে। এ ছাড়া গত্যন্তর নাই। এই কথা বলে আমি অনুরোধ করব, অনুরোধ করতে চাই, কারণ, তাঁরাই এখানে সংখ্যাগরিষ্ঠ, আমি খুব বিনীতভাবে অনুরোধ করছি, একটা অত্যন্ত খারাপ প্রিসিডেন্ট ও ট্রেডিশন আপনারা সৃষ্টি করবেন না। এ কথা বলবেন না যে, ডেমোক্র্যাসি ফেইল করেছে, একথা বলবেন না, প্রতিনিধিত্বমূলক একটা বডি কোলাপস করেছে। একথা না বলে এই বিল নতুনভাবে ঢেলে সাজাবার চেষ্টা করুন, থার্ড রি-কাস্ট করে কালোপযোগী ও যুগোপযোগী করে তৈরি করুন, এবং যাতে ডেমোক্রেসি সেটআপ-এ পলিসি মেকিং-এর ক্ষমতা অন্ততঃ অ্যাসেম্বলীতে বা অন্য কোন ইলেকটেড বডি স্ট্যাটুটরি বডিতে থাকে, এই ব্যবস্থা করুন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, I do not think I shall be making any undocumented accusation if I were to say that education in our State today is passing through a serious crisis. Therefore, when a Bill of this nature is brought before the House, it is our duty as the elected representatives of the people to give it our fullest consideration and try to find out in what manner we can bring about the largest measure of unanimity. Speaking for myself I have no objection to this Bill because I feel that in so far as secondary education is concerned, it has to be controlled by a Board which is composed of people with strong minds, people with determination, people with ideas and people who can look across the narrow

barriers of present-day party politics. I, therefore, support that part of the Bill which tries to bring in a Board with various powers.

[4-20—4-30 p.m.]

Sir, before I accord my full-hearted support to the Bill, I want certain clarifications from the Hon'ble the Education Minister, because I feel that before we can affix the seal of our assent to this Bill by passing it, we ought to know in our own minds what really will be the position of the Board vis-a-vis the Government. I would have been happy if the Government had kept all the powers to itself and boldly declared that in so far as education is concerned, having regard to the serious problems that the State faces today, it is imperative that there should be one authority and one authority alone to deal with the problems which arise from day to day. I do not know whether it was the intention of the Hon'ble the Education Minister—he is an experienced man—to vest the Board with these absolute powers. If that was his intention, I feel that a little explanation is necessary. Perhaps he would be able to explain clauses 27, 39 and 47 of the Bill. Sir, if you kindly look at clause 27 of the Bill, you will see that it provides that "It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referred to it by the State Government". There cannot be anything wrong in that the State Government will advise the Board with regard to various matters—no one can possibly have any objection to that. Sub-clause (2) says "Subject to any general or special orders of the State Government, the provisions of this Act and any rules made thereunder the Board shall have generally the power to direct, supervise and control Secondary Education, and in particular the powers which are set out in clauses (a) to (m)".

Now, the position is this: the Board shall generally have the power subject to the general or special orders of the State Government. We shall be grateful, Sir, to the Hon'ble Minister for Education if he could, in his speech, let the House know and the country know what general or special orders that he has in mind. May be, this is a merely precautionary provision and if the Hon'ble Minister tells the House that this is so, lot of things will be explained. If he does not say that this is a precautionary measure if the Government has some general or special orders in its mind already, then unfortunately there may be friction in future. This is one point with regard to which the Hon'ble Minister will make certain statements in the House.

Then let us come to sub-clause (3) of clause 39 it says "Subject to the provisions of sub-section (2), the Board shall have the power to make regulations in respect of any matter for the proper exercise of its powers under this Act."

The Board is given power to promulgate regulations from time to time for its efficient functioning—I suppose these powers are for the proper discharge of its duties under this Act.

Then sub-clause (4) of clause 39 "No regulation shall be valid unless it is approved by the State Government and the State Government may, in according such approval, make such additions, alterations and modifications therein as it thinks fit."

Now, here it appears that the State Government is preserving to itself the residuary powers with regard to making all regulations and I suppose what the State Government wants is to ensure that no irresponsible regulation is passed at any time which has not the sanctity of law behind it. May I request the Hon'ble the Education Minister to explain this provision particularly as this Board seems to be composed of officers and persons of high power, dignity and position.

Would not they, when passing regulations, consider all aspects of the matter? Therefore, Sir, I would request again the Hon'ble Minister to make a statement in this House, for the purpose of giving the dignity, that statute, that respect to the Board that should be its due by making it clear that this is also a precautionary measure that residuary powers are certainly with the Government, but these residuary powers shall not be exercised unless something untoward happens, e.g., if there is a serious conflict between the Board and the State Government and we have chaos again. I say, Sir, there is no provision for supersession of the Board. (The Hon'ble RAI HARENDRA NATH CHAUDHURI: Will you see the proviso?) Since the Hon'ble Minister has drawn my attention to the proviso, I shall read it now although I had thought of placing it a little later in order to fit in with the chain of my arguments. It runs thus: "Provided that before making any such addition, alteration or modification the State Government shall give the Board an opportunity to express its views thereon within such period not exceeding one month as may be specified by the State Government. All regulations approved by the State Government shall be published in the Official Gazette." That power is certainly there, but what I was on is this that surely the Government or the Hon'ble Minister of Education does not want this to be the general rule rather than the exception. What I desire and with regard to which I would make a request to the Hon'ble Education Minister to make a statement, is that, in so far as this power is concerned, for the purpose of giving proper dignity, proper stature and proper respect to the Board, this power will not be exercised by the Government except perhaps in the most exceptional cases and this is rather to be a matter of exception than a matter of a general rule because I feel that if this particular provision is resorted to too often by the Government, a serious clash will again arise and a deadlock will face the educational authorities in West Bengal once again. I would, however, like to know from the Hon'ble Minister if there is any provision for supersession of the Board because I do not find any provision in the Bill for the supersession of the Board altogether. I may be wrong, but I do not find any such provision. If there is any such provision, I shall be grateful to the Hon'ble Minister of Education if he kindly points that out to me. Perhaps he has not deliberately kept any provision for supersession of the Board in view of the residuary powers that are being reserved for the Government. Is there any supersession clause? (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: I do not find any. Then am I right in coming to this conclusion that there is no power to supersede the Board because by virtue of Sections 27, 39 and 47, the Government is keeping to itself enough residuary powers to meet an emergency of a kind which usually takes place when the question of supersession arises? This is a question again which the Hon'ble Minister of Education will have to answer.

Then, with regard to the formation of the Board, of course, there is no doubt about it that the ideal would have been proper elections and the rest of it. My predecessor who just spoke before me has talked about Soviet Russia and the enormous advance that has taken place in that particular country. I have been reading lately quite a number of books on Soviet Russia not so much to reeducate myself than perhaps to clear my thinking. I have seen certainly the remarkable progress made there, but, at the same time, there is no question about it that in Soviet Russia they do not think of electing representatives of the people to form an Education Board. There the entire power is with the Government. There all Committees are appointed by the Government and they do, as I suppose they are entitled to, act in a forthright manner. Nobody is entitled to question their decision. There there is no question of Article 226 of the Constitution and so on and so forth. As a result of this, those provisions are given effect to and the result is, I suppose,

according to some progress. Whether that is a reactionary way of thinking it is for my learned friends to say. I say 'learned' because I feel that to know fully what Marxism Leninism means is certainly to become learned.

[4-30—4-40 p.m.]

I have not been able to understand it fully yet and perhaps never shall be that as it may, I need not digress. I feel and my feeling is based on the sad experience that I had during the last three or four years in our courts of law the Finance Minister is now without any worry of that kind but we have appeared together we have also appeared against each other in, I do not know, how many school cases where elections have been contested in courts of law and while going through the records of these school cases we have seen the MESS matters are in and I believe, as a Solicitor, Sir, you had also instructed me in two matters in regard to schools and you have some experience with regard to the nefarious activities that go on in the school elections—I don't care, I may become the most unpopular man in the city of Calcutta, but I want to say that I feel the sort of election that goes on in schools is a thing which ought not be supported, and I would expect the Education Minister to stand up and say that, no matter what others say. This is one of the vital problems of our State, and if we are not strong now, if we are not sure of our mind, the future of our youth is dark and dismal. Come with me, Sir, any day to the middle-class areas, to the area where I live, to your area from where you have been elected a member of this House, to the areas of the various members of this House who have been elected from Calcutta constituencies, come with me any day—in the day, in the afternoon, in the evening and you will see young men loitering about, perhaps without hope, perhaps without ambition, loitering aimlessly, indulging perhaps on certain occasions in anti-social activities. We see them we sometimes criticise them but whose fault is it that these young men are in this position today? Will the Hon'ble Minister for Education kindly tell the House I am sure he will agree with me—is there one school in Calcutta today, leaving aside the Missionary schools, where there is a playground attached—I suppose the Hare School has a playground—is there any school which can afford other recreational activities to its students? Apart from sitting, like so many sardines packed in a tiny tin, in the overcrowded class-rooms—dark, unwholesome noisy, dusty class-rooms apart from that, do they have any other life? Do they have any other recreation? Do they have any other enjoyment? What is the position today?

Therefore, I would request the Hon'ble Minister for Education no matter what anybody says in this House or what people say from outside to be firm, to make a resolution and follow it. Do not allow any consideration, political or otherwise to influence your decision. Proceed to implement your decision and see to it that some kind of discipline is introduced into this unholy mess from which we, as citizens of the State of West Bengal, must save education in our State. Now, how is it to be done? I suggest various things. I suppose it is really going slightly outside the discussion because I am discussing the Bill but since I see that under clause 27 of the Bill the State Government has kept the power to advise the Board, I suppose advice will be given. I know there is a constitutional provision that religious instruction will not be compulsorily imparted in schools. I suggest that the Government do advise the new Board that in all schools provision should be made for religious instruction on an optional basis whether it is for the Hindus, or it is for the Muslims or for the Christians. (Shri KAMAL KANTI GUHA: or for Kalapahar). Whether it is for the Hindus, whether it is for Muslims or whether it is for the Christians, there should be some sort of moral instruction. I am not talking of religious instruction alone. I am talking of moral instruction.

When we were in school, moral instructions were given to us every morning. We said prayers every morning and every evening when we left school. These may sound hollow, but I have no doubt that it is of the greatest significance. That is Number 1.

Then with regard to Number 2. I feel that a spirit of nationalism has to be created in our school students. How many of them can join together and sing a national song? Due to the national crisis, you have seen processions coming out and national songs being sung. When you join your voice with the voice of another, it gives you an added strength, a sense of nationalism and a sense of unity. How many of our school children can sing together one national song? I had been to many schools in the West in recent years. I have visited many schools. I am not an authority on education. I do not know anything about education. I do not profess to have expert knowledge. But I had been to schools for the purpose of finding out what is happening in other countries. Everywhere I have found, in the West particularly, joyful children singing gloriously the national hymns and their national songs. Mr. Bhadury who spoke before me has said that there was progress in education in Russia. I have not been to Russia. I can say that progress in England and in other Western countries cannot be scoffed at either. There also education has been taken up by the State in a sense. Grants and Scholarships are there for any person of intelligence. These are the things which have to be taken into account. Therefore, Sir, may I suggest to the Education Minister to give this advice to the Board that twelve national songs should be selected by the Government? These twelve national songs should be printed in a small booklet and distributed free at Government expense to each and every school children in the State of West Bengal.

[Noise and interruptions]

Shri Sambhu Charan Ghosh: Sir, are we discussing about the Bill or the syllabus of the school?

Shri Siddhartha Shankar Ray: Sir, under Clause 18 there is a provision that a Syllabus Committee has to be appointed and therefore, it is necessary.

Shri Sambhu Charan Ghosh: We are here for discussions on the Bill.

Mr. Speaker: Mr. Ghosh, I fail to see what objection an honourable member can have if one says something for the purpose of introducing a spirit of national sense in young men.

[Cries of "Point of Order, Point of Order from the Opposition Benches"]

The Hon'ble Sankardas Banerjee: What is the point of order?

[Noise and interruptions]

Mr. Speaker: Mr. Ghosh, no point of order was placed before the House though some honourable members shouted that there is a point of order. If any honourable member raises a point of order, there is no harm but no point of order was placed before me. However, Mr. Ray may kindly continue.

[4-40—4-52 p.m.]

Shri Siddhartha Shankar Ray: Sir, I was suggesting that this book containing twelve of our best national songs should be printed and distributed amongst all students in our State and all schools should be advised in accordance with clause 27 of the Bill that they should have instructors who can instruct their pupils with regard to those national songs. It will create employment for quite a number of our second grade or third grade musicians

and will at the same time serve the purpose of teaching our children discipline and a sense of joining one's voice with the voice of perhaps thousand others and that is what I feel—no matter what others might say—as something very important and necessary.

With regard to the advisory aspect under clause 27, the next point I will request the Hon'ble Minister to take into consideration is that English must be not only learnt but it must be learnt well—that is a factor which we must not forget. Sir, not very long ago, just before the last general elections, I was the only member in this House who had opposed the Official Language Bill which was brought. I was called unpatriotic by the Finance Minister and Jyoti Basu called me an ament of the reactionaries. I don't mind that, I, stick to what I said. I think our students should be taught English not only well but very well for this and this purpose only that they can face competition all over India. I, like many others here, have to travel all over India and we have seen what the place of English is in India today. Now that the Home Minister, Shri Lal Bahadur Shastri, has categorically said that English is to remain, it is our duty to see that English is taught and taught as best as possible in our schools.

Sir, my next suggestion is—I have repeated this suggestion often, I will repeat it now—that all the best jobs in our State, whether you admit or not, are going to those students who have come out of the Missionary schools. It is no use denying it, it is a fact, I know it and I am sure everybody in this House knows it—all the best jobs, non-government jobs, jobs in mercantile firms, jobs in trading establishments, jobs in the private sector are going to those sons of India who have been educated in the Missionary schools. Why is this? When I say Missionary schools, I include the Ramkrishna Mission schools also and not the foreign Missionary schools only. Why is this? I suppose there is a sense of dedication in so far as the Missionary teachers are concerned. But I am not going into that question. I am going into the further question that this is a serious obstacle in the path of many of our young boys getting employment. Therefore, it is necessary for Government and under the directive principles of the Constitution it is the Government and Government alone who has to take the initiative in this matter—that a certain percentage of the seats in these Missionary schools such as the St. Xavier's School, La Martiniere, St. Paul's and schools of that nature, must be reserved for meritorious middle class boys and that the entire expense for these boys must be borne by the Government. In England today, in Eton, in Harrow, in any of the best schools in England, Government has reserved a certain percentage of seats for the best boys of the country. Let us produce, Sir, at least one hundred Bengalee boys who can stand boldly any competition anywhere in India. It is no use shutting our eyes to the fact that in all India competitions we are gradually going down and down and down. There is no question about it. [Interruptions]. When I said middle class, I meant those who could not afford this education which costs nearly two or three hundred rupees per month—I meant every meritorious boy—and these scholarships should be granted on the basis of merit, on the basis of examination for the purpose of finding it out. These suggestions I make, Sir, in view of clause 27 where the Government has kept to itself the advisory power and I hope this advisory capacity will be properly discharged by the Government.

I thank you, Sir, for the time given.

Shri Subodh Chandra Maiti:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সভার শেষে আমি সামান্য দু-চার কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। একটু আগে মাননীয় সদস্য শ্রী [illegible] রায় মধ্যশিক্ষা সংক্রান্ত যে কতকগুলি সাজেস্‌সান দিলেন, সেগুলি নিশ্চয়ই প্রণিধানযোগ্য। আমি আশা করবো এই বোর্ড যেভাবে সৃষ্টি হতে যাচ্ছে, তা সৃষ্টি হবার পর এগুলি তাঁরা কার্যকরী করবার চেষ্টা

করবেন। তার আগে অপজিশান সদস্য, ভাদ্‌ড়ী মশায় যে দ্‌-একটা কথা বলেছেন, তার সম্বন্ধে আমি বলতে চাই। খ্‌ব আনন্দের কথা, ভাদ্‌ড়ীমশায় ডেমোক্রেসির গ্‌ণগান করলেন, আমাদের ভারতবর্ষে ডেমোক্রেসি ফেল করবে না, সে চীনা আক্রমণই হোক, বা অন্য কোন আক্রমণই হোক। তিনি এখানে বলে গেছেন, মাননীয় শিক্ষামন্ত্রী ব্রিটিশ কাউন্সিল থেকে শিক্ষার স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিলেন। নিশ্চয়ই তিনি তা করেছিলেন। আমি তাঁর সেইসমস্ত ডিবেট পড়েছি। শিক্ষার স্বাধীনতার জন্য তাঁর মত এতবড় স্টাবর্ন-ফাইটার কাউন্সিলে তখন কেউ ছিলেন না। তখন সংগ্রাম করেছিলেন এই জন্য, তখনকার যে গভর্নমেন্ট ছিল, তাঁরা তাঁদের মনমত একটা শিক্ষা এখানে জোর করে চাপিয়ে দিতে চেয়েছিলেন, দেশের লোকের উপর, যাতে সেই শিক্ষার স্বারা শ্‌ধ্‌মাত্র কেরানী স্‌ষ্টি করে তাদের অফিস চালাতে স্‌বিধা হয়। সেইজন্যই তিনি তখন শিক্ষার স্বাধীনতা চেয়েছিলেন, জাতি যাতে গঠিত হতে পারে। আজ স্বাধীন য্‌গের শিক্ষামন্ত্রী যে বোর্ড স্‌ষ্টি করতে যাচ্ছেন, তার স্বারা তিনি চাচ্ছেন এখানকার মাধ্যমিক শিক্ষা স্‌ষ্ঠ্‌ভাবে পরিচালিত হোক। সেই মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত ব্যাপারে সারাদিনের ডিবেটে দ্‌টি জিনিস আমি লক্ষ্য করলাম, একটা হচ্ছে, কম্পোজিশান অফ দি বোর্ড। এই কম্পোজিশান অফ দি বোর্ড আমি মনে করি না যে, স্কুলের শিক্ষকদের অনেক বেশী তাতে প্রতিনিধি নিলে সেটা খ্‌ব প্রতিনিধিত্বম্‌লক হয়ে গেল, বা অ্যাসেম্বলী থেকে দ্‌জনের জায়গায় চারজন নিলে সেটা প্রতিনিধিত্বম্‌লক হয়ে গেল। আসল কথা হলো, এই মধ্যশিক্ষা পর্ষদ এমন একটা জিনিস, যেখানে বিশিষ্ট শিক্ষাবিদ্‌রা যাতে স্থান পেতে পারে, সেটা দেখা দরকার, আমি যতদ্‌র জানি তাতে দেখছি কম্পোজিশানের মধ্যে শিক্ষকমহাশয়রা আছেন, প্রফেসাররা আছেন, যাঁদের বিশেষজ্ঞ বলে ধরি সেই প্রফেসর, ডীন প্রভৃতি আছেন, যাঁরা শিক্ষা সম্পর্কিত ব্যাপারে যথোপয্‌ক্ত উপদেশ দিতে পারেন। এটা জানা দরকার, আজকে আট বছর পর্ষদ নাই, সেই আট বছরের অস্‌বিধা দ্‌র করবার জন্য শিক্ষামন্ত্রীমহাশয় আপ্রাণ চেষ্টা করে যাচ্ছেন। বর্তমানে তিনি যে বিল এনেছেন, তার স্বারা যে বোর্ড গঠিত হবে, বিশেষজ্ঞদের স্বারা, তাতেও প্রতিনিধিত্বম্‌লক ব্যবস্থা রয়েছে। এই অ্যাসেম্বলী থেকে এবং শিক্ষকদের মধ্য থেকে সেই জায়গায় মেম্বার যাবেন। সেই মেম্বারদের কাজ সেখানে দলাদলি করা নয়, তাঁদের কাজ হলো, যাতে শিক্ষা বিষয়ে একটা স্‌ষ্ঠ্‌ পরিকল্পনা তৈরি করতে পারা যায়। পলিসির কথা যেখানে বলা হচ্ছে ফাংসনস অফ দি বোর্ড, সেখানে দেখতে পাচ্ছি, বোর্ড মোটাম্‌টি অনেকগ্‌লি কাজ করবার জন্য স্টেট গভর্নমেন্টের কাছ থেকে এই বিলের স্বারা নির্দেশ পাচ্ছে, যাতে করে তাঁরা শিক্ষা জগতের যাবতীয় কাজকর্ম র্‌পায়িত করবার চেষ্টা করছেন। এই কথাই আমরা মনে করি। যেহেতু সরকার আছেন, এখানে গণতান্ত্রিক, ডেমোক্রেটিক সরকার, যেহেতু সরকারকে অ্যাসেম্বলীর মাধ্যমে যেসমস্ত জিনিস করতে হয়, পিপল্‌সের কাছে জবাবদিহি দিতে হয়। যে পর্ষদ কতকগ্‌লি বিশেষজ্ঞের স্বারা গঠিত, সে পর্ষদের হাতে সম্প্‌র্ণ ক্ষমতা ছেড়ে দেওয়া উচিত নয়। কেন না, শিক্ষা কি হবে-না-হবে, তাঁরা সে বিষয় সরকারকে পরামর্শ দেবেন। তাঁদের পরামর্শ যদি ঠিক হয়, শিক্ষামন্ত্রী নিশ্চয়ই তা গ্রহণ করবেন। এমন কোন জিনিস থাকতে পারে, যে কথা বললে ডেমোক্রেসির সঙ্গে মিল না-ও হতে পারে। কাজেই আজকে শিক্ষা ব্যাপারে ফাইন্যাল, সেটা শিক্ষামন্ত্রীর হাতে থাকা উচিত। ম্‌দালিয়র কমিশন ও দে-কমিশনের স্‌পারিশের উপর ভিত্তি করে এই বিল আনা হয়েছে।

বর্তমান এই বিল আনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাই। আমি মনে করি ব্রিটিশ কাউন্সিলের ফাইটার হিসেবে শিক্ষার যাবতীয় স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিলেন বলেই এইরকম একটা বিল তিনি আজকে আনতে পেরেছেন। এই বিলকে বিতর্কম্‌লক বিল না বলে, শান্ত চিত্তে এটা গ্রহণ করা সকলের কর্তব্য। এর কিরকম ফাংশন হচ্ছে, তা যদি বিবেচনা করে দেখি, তাহলে দেখবো শিক্ষামন্ত্রীর অনেকদিনের অভিজ্ঞতা প্রস্‌ত যে ভাবধারা, সেগ্‌লির স্বারা অন্‌প্রাণিত হয়ে তিনি এই বিল আনবার স্‌যোগ পেয়েছেন। এই বিল আনার জন্য প্‌নরায় আমি শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানিয়ে এই বিলকে সম্প্‌র্ণ সমর্থন করছি।

Mr. Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment.

The House was then adjourned at 4-52 p.m. till 12 noon on Wednesday, the 9th January 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 9th January, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 12 Hon'ble Ministers, 9 Hon'ble Ministers of State, 10 Deputy Ministers and 166 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Nature of services rendered by the honorary doctors in Government Hospitals

***10.** (Admitted question No. *5.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if any record is maintained and the same checked up by any supervising staff showing the extent, and nature of services rendered by the honorary doctors, specialists, surgeons, etc., in each Government Hospital in Calcutta during the tenure of their offices, and

(b) what are the criteria for extension of their services?

The Hon'ble Dr. Susil Ranjan Chattopadhyay: (a) Honorary Medical Officers, Specialists, Surgeons, etc. of all State Hospitals are allotted specific duties by the Superintendent of the respective Hospitals for treatment of both indoor and outdoor patients. The Superintendents of the Hospitals are responsible for supervision of their work which is duly shown in the hospital records, e.g., outdoor and bedhead tickets, admission registers, etc.

(b) Extension is granted on the basis of workload and merit of performance.

Dr. Narayan Chandra Roy: By extension, do you mean extension with pay or honorary extension?

The Hon'ble Dr. Susil Ranjan Chattopadhyay: Honorary extension.

Purchase of trolley buses from U.K.

***11.** (Admitted question No. *18.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that Shri S. K. Banerjee, former Secretary, Home (Transport) Department, had gone to U.K. for negotiating a deal for purchase of trolley buses from U.K. at Government expense and has stayed there at Government expense for sometime;

(b) if so, whether this proposal for purchase of trolley buses and the expenditure incurred in that behalf was sanctioned by the State Government, and

(c) what has happened to this 'deal' and how much money has so far been spent on it?

The Hon'ble Sankardas Banerji: (a) Shri S. K. Banerjee went on duty to the U.K. last summer when among other matters he explored the possibility of introduction of a Trolley Bus scheme for Calcutta. His visit to the U. K. was on official duty and his expenses were met by Government under the usual rules.

(b) There is no proposal yet for purchase of the trolley buses and no expenditure has been incurred in connection with such purchase.

(c) Does not arise.

Rates of bus-fare in Midnapore district

***12.** (Admitted question No. *27.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(ক) মেদিনীপুর আর টি এ পিচ রাস্তার মাইল প্রতি কত বাস-ভাড়া নির্ধারণ করিয়াছেন;

(খ) ঐ নির্ধারিত রেট মেদিনীপুর জেলার সব রাস্তায় চালু আছে কিনা; এবং

(গ) চালু না থাকিলে, ঐ রেট ঐ জেলার সর্বত্র চালু করা হইবে কিনা?

The Hon'ble Sankardas Banerjee:

(ক) প্রতি মন্ত্রীপিছু প্রতি মাইলে ৮ (আট) পাই (চার নয়া পয়সা)।

(খ) উক্ত নির্ধারিত রেট জেলার সমস্ত পিচরাস্তায় চালু আছে।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

মাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ৮ পাই রেট কোন্ সালের প্রস্তাবে গৃহীত হয়েছে?

The Hon'ble Sankardas Banerjee:

আমি নোটিশ চাই।

Shri Sudhir Chandra Das:

এই ৮ পাই না নিয়ে খড়্গপুর দিঘা রাস্তায় ৯ পাই রেট এখন পর্যন্ত নেওয়া হচ্ছে এ খবর মন্ত্রিমহাশয় জানেন কি?

The Hon'ble Sankardas Banerjee:

আমার যা খবর আছে আমি বলেছি।

(1)

"Message

Assistant Secretary (Shri R. Haque): The following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

The Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1962, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 7th January, 1963, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 8th January, 1963.

(2)

"*Message*

The West Bengal Appropriation (Excess Expenditure, 1955-56, 1956-57, 1957-58 and 1958-59) Bill, 1962, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 7th January, 1963, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 8th January, 1963.

I beg to lay copies on the table.

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker: The Hon'ble Minister in charge to make a statement on the shifting of Additional Chief Electrical Engineers' office of D.V.C. from Calcutta to Maithon.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: I make the following statement with regard to the calling attention notice given by Shri Narayan Ray: A statement of the D.V.C. with regard to the shifting of the operation and maintenance wings of the Electricity Department from Calcutta to Maithon appeared in some newspapers on the 8th January, 1963. The D.V.C. is only shifting the operation and maintenance wings of the Electricity Department from Calcutta to Maithon and not the headquarters of the D.V.C. and the Corporation will take no step to move its headquarters from Calcutta except with the concurrence of the three participating Governments.

Answers to questions

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, ৮ মিনিটেই প্রশ্নোত্তর শেষ হয়ে গেল, অথচ অনেক প্রশ্ন দেওয়া আছে উত্তর তৈরী হয় নি, যদি মন্ত্রিমহাশয়রা এভাবে জবাব দেন তাহলে কোয়েশ্চেনস আমরা কি করে শেষ করব আমি বুঝতে পারি না। তাঁরা যেসমস্ত কোয়েশ্চেনস পেয়েছেন সেগুলির যদি তাড়াতাড়ি জবাব দেবার ব্যবস্থা করেন তাহলে এই যে এক ঘণ্টা সময় এজন্য নির্ধারিত আছে সেই সময়ের সদ্ব্যয় হয়।

The Hon'ble Jagannath Kolay:

আজকের দিনে যা দেবার কথা ছিল তা দেওয়া হয়েছে। আগেকার রুল এখন নাই, ল্যাপ্স করে গিয়েছে।

[12-10—12-20 p.m.]

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received three Calling Attention notices for this day on the subject of—

(1) Restriction for visiting the Murshidabad Palace—by Shri Sanat Kumar Raha.

(2) Situation arising out of Supreme Court Judgment in the dispute of West Bengal Government with the Government of India regarding the acquisition of coal bearing lands—by Shri Shamsuddin Ahmed.

(3) Violation of the Industrial Truce Resolution by Bangeswari Cotton Mills Ltd. of Serampur—by Panchu Gopal Bhaduri.

I have selected the notice on the subject of the situation arising out of *the Supreme Court Judgment in the dispute of West Bengal Government with the Government of India, given by Shri Shamsuddin Ahmed, and I request the Hon'ble Minister concerned to make a statement or to give a date for making such statement.*

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the Notice of Calling Attention given by honourable member, Shri Shamsuddin Ahmed, I may state here that the Government of West Bengal challenged the validity of the Coal-bearing Areas (Acquisition and Development) Act, 1957, before the Supreme Court. The Supreme Court has since delivered its judgment. Except for a newspaper report giving a brief summary of the decision of the Supreme Court, which is also available to the public, the Government of West Bengal have not yet received any other information as regards the details of the findings of the said Court. A copy of the judgment has not yet been received either. Consequently, it is not possible to indicate the nature of the findings of the Supreme Court, nor is it possible to judge the constitutional implications of the said decision.

GOVERNMENT BILL

The West Bengal Board of Secondary Education Bill, 1962

Shri Haridas Chakravarty:
শ্রদ্ধেয় স্পীকার মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিল এই সভার সামনে আনা হয়েছে এবং গতকাল থেকে এই বিলের উপর যথেষ্ট পরিমাণ আলোচনা হওয়ার চেষ্টা চলছে। এই বিলটা যখন এল তখন এই বিল আনার একটা পটভূমিকা সংক্ষেপে একটু বলা দরকার। আমি কয়েকটা বিষয়ে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয় এবং আমাদের ওদিকে যাঁরা বসে আছেন সেই মাননীয় কংগ্রেস সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাধীনতা পাবার পর আমাদের দেশের শিক্ষাব্যবস্থার একটা আমূল পরিবর্তন হবার দরকার ছিল। এই যে বোধ এই বোধ আমাদের নানাভাবে চিন্তা করতে সাহায্য করেছে, চিন্তা করার বাস্তব প্রয়োজনীয়তা সৃষ্টি করেছে যে কেমন করে আমাদের এতদিন পর্যন্ত প্রচলিত শিক্ষাব্যবস্থার পরিবর্তন করা যায়। আমাদের শিক্ষাব্যবস্থা পরিচালিত হোত সাম্রাজ্যবাদীর স্বার্থে। তাদের রাজত্ব আমাদের দেশে কায়েম রাখার জন্য যে শিক্ষাব্যবস্থার তারা প্রবর্তন করেছিল তার পরিবর্তে আমাদের জাতীয় স্বার্থে, জাতীয় অগ্রগতির জন্য, জাতীয় উন্নতির জন্য আমাদের দেশের মানুষ শিক্ষা, সংস্কৃতিকে সমৃদ্ধ করে তোলার জন্য একটা নূতন ধরনের শিক্ষাব্যবস্থা প্রবর্তিত হওয়ার কথা চিন্তা করল। এই যে বোধ এই বোধ থেকেই পরিবর্তিত শিক্ষাব্যবস্থা কেমনতর হবে এবং সেই পরিবর্তিত শিক্ষাব্যবস্থাকে কেমনভাবে নিয়ন্ত্রণ করলে পর সেই শিক্ষাব্যবস্থা কার্যকরী হবে এ চিন্তা আমাদের দেশের রাষ্ট্রনায়কদের তো বটেই বিভিন্ন চিন্তাশীল শিক্ষাবিদদেরও ভাবিয়ে তুলল। তার থেকেই আমার মনে হয় শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় ১৯৫০ সালে সেকেন্ডারী এড়ুকেশন বিল বলে একটা বিল এনেছিলেন এবং কালকে বিভিন্ন মাননীয় সদস্যরা যে বক্তৃতা রাখতে চেষ্টা করেছিলেন তাতে একথা দেখা গেছে যে তাঁর শিক্ষা ক্ষেত্রে একটা গণতান্ত্রিক আন্দোলনের ঐতিহ্য বহন করার ইতিহাস আছে। সেই ইতিহাসের ধারাকে বহন করে তিনি ১৯৫০ সালে মাধ্যমিক শিক্ষা পর্ষৎ বিল এনেছিলেন। সেই বিলের মধ্যে গণতান্ত্রিক লক্ষ্য একটু ছিল, গণতান্ত্রিক কিছু ধারা ছিল, কিন্তু সেই গণতান্ত্রিকতাকে সম্পূর্ণভাবে আজকে নিঃশেষ করে দিয়ে এক নূতন বিল আনার প্রয়োজন হয়েছে। আমরা জানি হয়ত এমন একটা পরিস্থিতির উদ্ভব হয়েছে যে পরিস্থিতির সামনে দাঁড়িয়ে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তিনি তাঁর সেই প্রাক্তন চিন্তা, সেই চেতনা, সেই সম্মিলিত বোধ যার দ্বারা তিনি প্রভাবিত হয়ে সেদিন এই বিল এনেছিলেন, আজকে এই নূতন বিল আনার সময় তাঁর সেই গণতান্ত্রিক ঐতিহ্য, চেতনা এবং শিক্ষাকে সুন্দর ও সুগঠিত করে তোলার জন্য যে সঠিক নেতৃত্ব আমরা আশা করেছিলাম তাকে তিনি আজ প্রত্যাহার করতে বাধ্য হয়েছেন।

এই অবস্থা দেখে আমার একটা প্রবাদ মনে পড়ছে
once beaten, Twice shy and the baby has been thrown into the bathwater. আমার মনে হয় তিনি ১৯৫০ সালে যে দৃষ্টিভঙ্গী থেকে, যে গণতান্ত্রিক চেতনা থেকে এবং তাঁর দীর্ঘকাল শিক্ষাক্ষেত্রে আন্দোলনের যে ধারা সেই আন্দোলনের ধারায় পুষ্ট হয়ে, প্রভাবিত হয়ে তিনি যে বিল এনেছিলেন (১৯৫০ সালে) এবং যে বিলের মাধ্যমে তিনি তাঁর চেতনার স্বাক্ষর রেখেছিলেন, তিনি তাঁর পরিমিত বোধের লক্ষণ রেখেছিলেন, তিনি তাঁর গণতান্ত্রিক চেতনার যে বৈশিষ্ট্য এবং স্বাক্ষর রেখেছিলেন, আজকে নূতন যে বিল তিনি আনলেন সেই বিলের মধ্যে সেই গণতান্ত্রিক চেতনা, শিক্ষাকে সমৃদ্ধ করে তোলা, জাতিকে সংস্কৃতবান এবং শিক্ষিত করে তোলার যে দৃষ্টিভঙ্গী তাঁর থাকার দরকার ছিল তা তিনি রাখতে পারেন নি বলে আমরা অত্যন্ত দুঃখিত এবং ব্যথিত। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে পুনর্বার চিন্তা করার জন্য অনুরোধ করব।

দ্বিতীয় কথা হচ্ছেঃ শিক্ষাকে আরও ব্যাপক আরও বিস্তৃত করে তোলার পরিবর্তে শিক্ষাকে আরও সংকুচিত এবং অত্যন্ত আমলাতান্ত্রিকতার যে বেড়াজাল সেই বেড়াজালে আবদ্ধ করে রেখে তাকে একটা সংকীর্ণ জলাশয়ের মধ্যে আবদ্ধ করে রাখা হচ্ছে। যখন জাতি এবং আমাদের দেশের মানুষকে শিক্ষায় সংস্কৃতিতে এগিয়ে নিয়ে যেতে চাইছেন, তখন তাকে পেছন থেকে টেনে রাখার একটা সংকীর্ণ অপচেষ্টা চলছে বলে আমরা মনে করছি। কারণ তা যদি না হোত তাহলে শিক্ষাকে আরও সম্প্রসারণের জন্য, শিক্ষাকে আরও বিস্তৃত করার জন্য নিশ্চয় এই শিক্ষা বোর্ড বিলের মধ্যে গণতান্ত্রিক চেতনার স্থান হওয়া উচিত ছিল। এমন ব্যক্তি নিয়ে এই বোর্ড গঠিত হওয়া উচিত ছিল যে সমস্ত ব্যক্তি শিক্ষাক্ষেত্রে, সাংস্কৃতিক ক্ষেত্রে সারা দেশের কাছে শ্রদ্ধাভাজন এবং শিক্ষার ব্যাপারে যাঁরা জড়িত, যাঁরা সংশ্লিষ্ট শিক্ষার ক্ষেত্রে তাঁদের যে অবদান সেই অবদানকে তারা কাজে লাগাতে পারতেন, শিক্ষাকে সত্যি সত্যি সংগঠিত করতে পারতেন, উন্নততর করতে পারতেন, বিস্তৃত করতে পারতেন। সাধারণ মানুষের কাছে যেটা সহজলভ্য এবং তাদের গ্রহণশীল ক্ষমতার কাছে যেটা সহজলভ্য সেটা তাঁরা তাঁদের কাছে নিয়ে যেতে পারতেন। এই রকম সমস্ত ধারা তার মধ্যে থাকা উচিত ছিল, কিন্তু তা নেই। বরং শিক্ষাকে একটা সরকারী নেকটাই এবং প্যান্টের ক্রিজের আবর্তে, তার ভাঁজে ভাঁজে রেখে মারার একটা ষড়যন্ত্র আমরা লক্ষ্য করছি এই বোর্ডের মাধ্যমে।

তৃতীয়তঃ কালকে যে কয়েকটা বক্তৃতা এই সভাকক্ষে হল তা আমরা শুনলাম। আজকে মাননীয় সদস্য সিদ্ধার্থবাবু অনুপস্থিত, তিনি থাকলে আমার বক্তৃতা শুনতেন। কালকে তাঁর বক্তৃতার সময়ে আমাদের মাননীয় শঙ্করবাবু একবার তাঁর (সিদ্ধার্থবাবু) আত্মরক্ষার জন্য দাঁড়িয়েছিলেন এবং তিনি যখন আজকে সভাকক্ষে উপস্থিত আছেন আমার মনে হয় আমার বক্তব্য তিনি তাঁর কাছ থেকে শুনতে পাবেন। সিদ্ধার্থবাবুর মূল কথা ছিল শিক্ষাক্ষেত্রে বিভিন্ন ম্যানেজিং কমিটিগুলির মধ্যে নির্বাচনকে কেন্দ্র করে যে দলাদলি সৃষ্টি হয়, যে আবহাওয়া সৃষ্টি হয় তাতে শিক্ষার সম্প্রসারণ হতে পারে না, শিক্ষার যে মূল উদ্দেশ্য তা ব্যাহত হয়। একথা বলতে গিয়ে তিনি অবশ্য অনেক কথা বলেছেন, স্কুলের কথা বলেছেন, মিশনারী স্কুল, লা মার্টিনিয়ার সেন্ট পলস ইত্যাদি স্কুলগুলি সম্পর্কে বলেছেন এবং তাদের সম্পর্কে প্রশংসাও এই সভায় আমরা শুনেছি। আমার একটা বক্তব্য সিদ্ধার্থবাবুর কাছে আছে যদিও তিনি এখানে নেই, যে নির্বাচনকে তিনি ভয়ানক জিনিষ বলে মনে করেন, একটা নোংরা জিনিষ বলে মনে করেন যা তিনি করলেন এবং বললেন। নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়ে এসে তিনি বিধানসভার কক্ষে এইসব কথা বললেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি যে সাধারণ নির্বাচনে কি নোংরামী কিছু নেই? নির্বাচনের সময় খবরের কাগজে আমরা একটা জিনিষ পড়েছিলাম যে খানাকুল ও আরামবাগে নির্বাচনের বক্তৃতা করতে গিয়ে এবং তারপর সেখান থেকে ফিরে এসে তিনি খবরের কাগজে যে একটা বিবৃতি দিয়েছিলেন সেই বিবৃতি সম্পর্কে তাঁর বর্তমানে কি বক্তব্য তা আমরা জানি না, তাহলেও তাঁর সেই বিবৃতি থেকে এটা আমাদের মনে হয়েছিল যে নির্বাচনের সমস্ত ব্যাপারগুলো একেবারে নিখুঁত জিনিষ নয় এবং তাতে নোংরামী থাকে। এসব সিদ্ধার্থবাবু জানেন। তিনি নির্বাচন সম্বন্ধে যে এই পর্যায়ে বলে যাবেন তা আমরা ভাবতে পারি না। সংসদীয় নির্বাচনগুলোতে যেহেতু নোংরামী সৃষ্টি করে সেহেতু নির্বাচন কি

হবে না? নির্বাচন একটা গণতান্ত্রিক প্রথা, সেই প্রথার মধ্যে নিশ্চয় দুর্বলতা থাকবে, তার মধ্যে নিশ্চয় এমন কিছু জিনিস থাকবে যাকে আমরা পরিশোধন করব এবং আরও ভালভাবে যতে সেটা হতে পারে তার জন্য সচেষ্ট থাকব। কিন্তু তা বলে গণতন্ত্রকে হত্যা করার যে আওয়াজ কাল তিনি দিয়েছেন সেটা তাঁর মূল বক্তব্য কিনা এবং সেই বক্তব্যের ধাপে ধাপে এসে তিনি একথা কোনদিন বলবেন কিনা সেটা জানতে পারলে আমাদের পক্ষে সুবিধা হত।

[12-20—12-30 p.m.]

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে শ্রীসিদ্ধার্থ রায় সম্পর্কে। তিনি বলেছেন এই সমস্ত মিশনারী স্কুলে কিছু রিজার্ভেশন থাকা চাই—অর্থাৎ তাঁর বক্তব্য থেকে এটা বুঝা যায় কোথায় তিনি যেতে চাইছেন। তিনি ব্যবসাবুদ্ধিসম্পন্ন লোক—হাইকোর্টে ওকালতি করেন এবং সেখানে পাণ্ড করে তাঁর বক্তৃতা দেওয়ার অভ্যাস আছে। তিনি বেকার ছেলেরা যারা চাকুরী পায় না, রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায় আর গোলমাল সৃষ্টি করে, তাদের কথা উল্লেখ করেছেন এবং আরও অনেক কথা বলে সর্বোপরি বাঙালী প্রীতির কথা বলে তাঁর বক্তৃতা শেষ করলেন। কিন্তু তাঁর বক্তৃতার মূল সুর ছিল এই যে গণতান্ত্রিক নির্বাচন ইত্যাদি একটা নোংরা জিনিষ এ সব বাদ দিতে হবে। এই যে গণতান্ত্রিক ভিত্তি তাতে ওঁর বিশ্বাস নেই। সেটা বলতে গিয়ে তিনি আবার ইংল্যান্ডের উদাহরণ দিয়েছেন। আমরা জানি তিনি ইংল্যান্ড-এ শিক্ষিত লোক এবং বিলাতী শিক্ষা-দীক্ষা মানসিকতার মহিমা কীর্তন তাঁর পক্ষে স্বাভাবিক। স্পীকার মহাশয়, আমি আপনার মারফৎ জানাতে চাই যে ইংল্যান্ড-এর ১৯৪৫ সালে যে অ্যাক্ট হল তার দ্বারা ব্রিটেনএর শিক্ষা-ব্যবস্থাকে আমূল পরিবর্তন করা হ'ল এবং সেখানে যে কাউন্টি কাউন্সিল এবং ব্যরো কমিটি আছে তার মাঝখানে রিজিওনাল ভাবে পূর্ণ ক্ষমতা দিয়ে সেই শিক্ষাব্যবস্থাকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছেন নিশ্চয়ই সেখানে শিক্ষাব্যবস্থায় সরকারী কর্তৃত্ব আছে। কিন্তু এই সমস্ত কাউন্টি কাউন্সিল, ব্যারো কমিটি, রিজিওন্যাল কমিটি তুলে নিয়ে যে রিজিওন্যাল কমিটি হ'ল তাদের যে অটোনমি আছে শিক্ষাব্যবস্থাকে পরিচালিত করবার জন্য সেটা ওরা গ্রহণ করেছেন। একথা নিশ্চয়ই শ্রীসিদ্ধার্থ রায়ের জানা আছে। আমরা মনে করি না যে আমাদের দেশে যে সমস্ত মিশনারী স্কুল আছে, সেখানকার যে শিক্ষাপদ্ধতি তাতে ছাত্রদের প্রকৃত শিক্ষিত, সংস্কৃতিবান খাঁটি মানুষ তৈরী করা হয়। আমি মনে করি আমাদের দেশের যে পুরাতন ঐতিহ্য আছে সেই অতীত ঐতিহ্যের দিকে যদি তাকাই তাহলে দেখতে পাব আমাদের ছেলেরা বিদ্যাচর্চা করছে তাদের মাথার উপর আকাশের নীল এবং পায়ের নীচে সবুজ তৃণভূমি এবং সেখানে তারা যা শিখত সেই শিক্ষার কথা যদি আমরা মনে করি, তাহলে বুঝতে পারব আমাদের জাতীয় ঐতিহ্যের, জাতীয় চেতনার উপর ভিত্তি করে যে শিক্ষা তাতে সত্যিকারের হৃদয়বান, বিবেকবান এবং সংস্কৃতিবান নাগরিক তৈরী হতে পারে। তাই বলে মিশনারী স্কুলের যদি কিছু ভাল থাকে যেমন সেখানকার নিয়মশৃঙ্খলাবোধ, সেগুলি আমাদের শিক্ষাব্যবস্থার অঙ্গীভূত করতে পারি। এই মিশনারী স্কুলের প্রশংসা করতে গিয়ে শ্রী রায় বলেছিলেন যে, সেখানে মধ্যবিত্ত ছেলেদের জন্য কিছু রিজার্ভেশন থাকা দরকার—গরীব ছেলেদের কথা তিনি বলেন নি—না বলাটা তাঁর পক্ষে অবশ্য স্বাভাবিক, কারণ, তিনি এমন পরিবেশে এবং সংস্কারের মধ্য থেকে এসেছেন যে এদের বিষয়ে তাঁর চিন্তা করার ক্ষমতা থাকতে পারে না। আমাদের যে গণতান্ত্রিক চেতনা, যার উপর দাঁড়িয়ে আমরা মনে করি এবং চিন্তা করি আমাদের যেভাবে শিক্ষাব্যবস্থাকে প্রসার করা উচিত ছিল, জাতীয় শিক্ষাব্যবস্থাকে গড়ে তোলা উচিত ছিল এবং শিক্ষাব্যবস্থাকে নিয়ন্ত্রণ করার জন্য গণতান্ত্রিক পদ্ধতিতে একটা পর্ষৎ তৈরী করা উচিত ছিল সেই রকম পর্ষদের সম্ভাবনা এই বিলের মধ্যে দেখছি না। এই বিলের মধ্যে আমলাতন্ত্রের একটা প্রাধান্য দিয়ে আমাদের যে আশা-আকাঙ্ক্ষা, বেদনা এবং অনুভূতি সেই সমস্ত আশা আকাঙ্ক্ষা বেদনা অনুভূতি নিষ্পেষিত করার জন্য একটা অত্যন্ত ঘৃণ্য প্রচেষ্টা এই বিলের মধ্যে আমরা লক্ষ্য না করে পারছি না। আমার তৃতীয় বক্তব্য হচ্ছে যাদের উপর মাননীয় শিক্ষামন্ত্রী এই বোর্ডের দায়িত্ব দিলেন সেটা আমরা কালকে শুনেছি—যারা বোর্ডের সভ্য হবেন, তার মধ্যে ১৭ জন সরকারের মনোনীত নমিনেটেড লোক থাকবেন—তাঁরা বোর্ড পরিচালনা করবেন, কাজকর্ম চালাবেন। সেখানে আমার বক্তব্য হচ্ছে যে সমস্ত ব্যক্তিদের নেওয়া হচ্ছে তাদের যোগ্যতা, ক্ষমতা, শিক্ষাজগতে পারদর্শিতা

সম্পর্কে আমি কোন প্রশ্ন করতে চাই না, আমার কথা হচ্ছে যারা শিক্ষার সঙ্গে বিশেষভাবে সংশ্লিষ্ট, শিক্ষা নিয়ামক, শিক্ষা নিয়ে চিন্তা করেন তাদের কেন বাদ দেওয়া হ'ল—শিক্ষকদের কথা, অভিভাবক যারা আছেন তাঁদের কথা—যারা শিক্ষা সম্পর্কে দৈনন্দিন জীবনে অভিজ্ঞ, চিন্তাশীল এবং যারা এ সম্পর্কে চিন্তাবিদ, তাদের বাদ দিয়ে একমাত্র আমলাতান্ত্রিক কর্তাদের বসিয়ে এই পর্ষদ পরিচালনা করার চেষ্টা কেন হ'ল তা বুঝি না। স্পীকার মহোদয়, একটা গল্প এখানে আমি বলতে চাই এবং সেই গল্পের মধ্য দিয়েই এই বোর্ডের আমলাতান্ত্রিক রূপ পরিষ্কার হয়ে উঠবে। একটি স্কুলে একজন নোতুন শিক্ষক এক ক্লাসে গিয়ে ছাত্রদের জিজ্ঞাসা করলেন—তোমরা বলতে পার হরধনু কে ভেঙেছে? একজন ছাত্র উঠে দাঁড়িয়ে বলল—আমি ভাঙিনি স্যার, বিশ্বাস করুন আমি ভাঙিনি। বাইরে এসে শিক্ষক মহাশয় পণ্ডিত মহাশয়কে বললেন—আমি জিজ্ঞাসা করলাম হরধনু কে ভেঙেছে, তাতে একজন ছাত্র বলল, আমি ভাঙিনি। পণ্ডিত মহাশয় বললেন—হ্যাঁ, ছেলেটা দুষ্টু আছে বটে—আমার মনে হয় ও ভাঙেনি। শিক্ষক মহাশয় তখন হেড মাস্টারের ঘরে গিয়ে ব্যাপারটা বললেন। হেড মাস্টার সব শুনে বললেন—ওই ভেঙেছে—খুব করে চাবকান, ঠিক স্বীকার করবে। তখন শিক্ষক মহাশয় গেলেন সেক্রেটারীর কাছে অর্থাৎ আমাদের যেমন আই সি এস সেক্রেটারী—শিক্ষা ব্যাপারে বিরাট অভিজ্ঞতাসম্পন্ন, তাঁর কাছে গিয়ে বললেন—এই তো আপনার স্কুলের অবস্থা, ছাত্র বলল এক কথা, পণ্ডিত মহাশয় বললেন এই কথা, আর হেড মাস্টার বললেন এই কথা। সেক্রেটারী অতি ব্যস্ত মানুষ, তিনি বললেন—মশাই, কে ভেঙেছে তা আমিও জানি না, আমার সময়ও নেই ও সব খোঁজ করবার, বরং বিল দেবেন, আমি নিশ্চয়ই পাস করে দেব।

স্পীকার মহোদয়, আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। অর্থমন্ত্রী এখানে নেই, কিন্তু শিক্ষামন্ত্রী এখানে আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে এই বোর্ডে যাঁরা চাকুরী করেন যে সমস্ত কর্মী আছেন, দীর্ঘদিন যাবৎ তারা বেতন কাঠামো নিয়ে একটা আন্দোলন চালিয়েছিলেন। আমি যতদূর জানি ১৮।৯।৬২ তারিখে মুখ্যমন্ত্রীর সাথে তাঁরা দেখা করেছিলেন। এবং তিনি আশ্বাস দিয়েছিলেন যে তাদের বিষয় তিনি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আজ পর্যন্ত তাদের সঙ্গে কোন আলাপ-আলোচনা করা হ'ল না, বরং একতরফাভাবে একটা বেতন কাঠামো তাদের উপর জোর করে চাপিয়ে দেওয়া হয়েছে। এবিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Radhakrishna Singha: Sir, the long-awaited Secondary Education Bill is introduced in this House by our Hon'ble Minister of Education. It has been received with mixed feelings but, I believe our Hon'ble Education Minister who is a life-long ardent soldier in the field of education must have placed it for the all-round improvement of secondary education of our State. All the members of the House are aware of the fact that our State is now lagging behind in literacy than many other states. As you are aware, Sir, in Madras there are 43 per cent. literacy, in Kerala 46.2 per cent., in West Bengal 29.1 per cent. So, as was pointed out yesterday by some speakers we must restrict the Bill under consideration in scope. Therefore, I would like to make some simple suggestions. I do not know whether my cry will be a cry in wilderness. My first point is that if the Board is for the whole of West Bengal it would be highly unwieldy and is bound to function clumsily and slowly. So, I suggest that in each district there should be a small regional Council appointed by the Board consisting of three eminent educationists of the district. The Chairman of the Board will be the member of the Council of the Board. In this case, the Chairmen of the Boards may identify themselves with local problems and work effectively. My second point is that the authority under clause 5 should not be vested in the State Government to nominate in any existing vacancy because such vacancy is of ex-officio character. My third point is that the President should be a whole-timer and must not be a tired or a retired man.

[12-30—12-40 p.m.]

The President of the Board should have a statutory salary on the analogy of the Vice-Chancellor of the Calcutta University.

My fourth point is that the Secretary should be appointed by the Public Service Commission and under clause 16(4) he shall be the Secretary of the Council of the Board without the voting power, on the analogy of the Registrar of the Calcutta University.

My fifth point is that besides the five committees, there should be a Policy Committee and an Aid Committee.

My sixth point is that—and I hope the honourable members will appreciate my point—in the Examinations Committee, the Police Commissioner of Calcutta should be an ex-officio member.

In conclusion, I beg to submit, through you, to the Hon'ble Minister that the Government must direct the Board that they should develop the policy of the secondary education in such a way that our students may feel contented and they may be productive citizens of our so-called Welfare State.

Shri Shamsuddin Ahammad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যে বিলটি আলোচনা করছি, গতকাল এই সম্পর্কে মূল সমালোচনাগুলি [illegible] সদস্যবৃন্দের দ্বারা উত্থাপিত হয়েছে। তা ছাড়াও এই বিলটা সম্পর্কে যে গণতন্ত্র আমরা [illegible] বলেছি [illegible] পদে পদে আমরা প্রত্যক্ষ করে [illegible] করছি। [illegible] একটা চিকিৎসাব্যবস্থা আছে। যদি মাথা ধরে তাহলে মাথাটা কেটে ফেললে মাথাধরাটা আর থাকবে না। বর্তমান বিলটাতেও দেখছি ১৯৫০ সালে আইনানুসারে যে বোর্ড গঠিত হয়েছিল, তার কার্যকলাপ [illegible] গণতান্ত্রিক অধিকার সম্পন্ন কোন বোর্ড গঠন না করার দ্বারা—এই বিলে প্রকাশিত হয়েছে যে মাথা ধরলে চিকিৎসা না [illegible] মাথাটা কেটে ফেলার পর্যায়ে সর্বতোভাবে এর মূলে রয়েছে। গণতান্ত্রিক ব্যবস্থায় কোন ত্রুটির [illegible] আমি মনে করি। এই দেশের [illegible] ব্যবস্থার [illegible] না করে, বাদ না দিয়ে [illegible] শুধরে নেবার জন্য আমাদের যে ব্যবস্থা থাকা উচিত, সেই ব্যবস্থা আমাদের গ্রহণ করা কর্তব্য। অতএব এই বিল আমাদের সামনে মাননীয় রায়চৌধুরী মহাশয় উপস্থিত করেছেন। তিনি তাঁর ব্যক্তিগত জীবনের পেছন দিকে তাকাতে আমাদের অনুরোধ করেছেন, আমিও তাঁকে সেই অনুরোধ করছি। এক সময় তিনি তাঁর গ্রন্থে সম্ভবতঃ ১৯১০ সনের কাছাকাছি সময়ে [illegible] হাই স্কুল এডুকেশন গ্রন্থে বলেছিলেন যে বাংলাদেশের যে শিক্ষা চলেছে, এই শিক্ষাব্যবস্থা তৈরীর পেছনে যদি কারো কোন হাত থেকে থাকে, সে হাত হচ্ছে আমাদের উচ্চাভিলাষহীন দরিদ্র শিক্ষক সমাজের হাতে, যদি কারো হাত থেকে থাকে সে হচ্ছে আমাদের দেশের [illegible] ও জনপদবাসীর হাতে। আজকে তিনি তাঁর নিজের হাতে ক্ষমতা পেয়ে তাঁর একথা মনে হয়েছে যে দরিদ্র উচ্চাভিলাষহীন শিক্ষকদের প্রচেষ্টায় তিনি শিক্ষালাভ করেছিলেন, সেই শিক্ষার ক্ষেত্র থেকে তাদের নির্বাসিত করবার তাঁর যে ইচ্ছা তা এই বিলে প্রকটিত হয়েছে। এই বিল পড়ে মনে হয়েছে মাননীয় শিক্ষামন্ত্রী ইচ্ছা করেই তা বলেন নি। যদি তিনি মনে করেন যেহেতু আমরা যে সরকার পরিচালনা করছি, এটা গণতান্ত্রিক সরকার, জনসাধারণের ভোটে নির্বাচিত সরকার, অতএব আমরা যা করব তার শেষ দায়িত্ব যখন আমাদের, তখন সেই ব্যবস্থা গণতান্ত্রিক ব্যবস্থা। তিনি যদি একথা মনে করেন যে যেহেতু এটা সবচেয়ে গণতান্ত্রিক ক্ষেত্রে সর্বপ্রধান প্রতিষ্ঠান হচ্ছে এই সভা, এর কাছে সমস্ত দায়িত্ব ভার থাকবে, তাহলে তাঁর নতুন আইন করে এই বোর্ড গঠনের প্রয়োজনীয়তা ছিল না। তিনি তাঁর ডিরেক্টর মারফৎ তাঁরই পরিচালনাধীনে সমস্ত পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে রাখতে পারতেন। কিন্তু তা তিনি রাখছেন না। তিনি একটি স্বতন্ত্র বোর্ড গঠন করে তার হাতে কতক ক্ষমতা দিচ্ছেন, আর কতক ক্ষমতা দিচ্ছেন না। তাহলে দেখা যাচ্ছে যে

তাঁরা পুরো একটা স্বাধিকার সম্পন্ন বোর্ড গঠন করছেন না। পুরো স্বাধিকারপূর্ণ বোর্ডের কর্তৃত্বাধীনে বা এই বিধানসভার আয়ত্বাধীনে তিনি পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে রাখছেন না। তা থেকে একটা জিনিষ প্রকটিত হয় যে, তিনি তাঁর ক্ষমতা থেকে কিছুমাত্র বিচ্যুত হতে চান না। সেখানে তিনি এমন একটা বোর্ড গঠন করতে চান যে তিনি তাঁর ইচ্ছামত তাঁর সাঙ্গপাঙ্গদের বা তাঁর দলের মতাবলম্বী ব্যক্তিদের কিছু পদের প্রলোভন দিয়ে বা কিছু পদে বসিয়ে দিয়ে সেই দলের বিস্তৃতি করতে চান; এবং তার যে ক্ষমতা সেই ক্ষমতাকে তিনি নিজের হাতে রাখতে চান।

গণতান্ত্রিক ব্যবস্থা মানে একথা নয় যে সংসদেই যা সর্বপ্রধান যে গণতান্ত্রিক সংস্থা, তার ক্ষমতা [illegible] হবে না। আমরা ১৯৪৭ সালে ইণ্ডিপেণ্ডেন্ট অ্যাক্ট অফ ইণ্ডিয়া অনুসারে যে ক্ষমতা পেয়েছিলাম সেই ক্ষমতা আজ পশ্চিম বাংলার বিধানসভা পায় নি। ভারত গভর্নমেন্ট [illegible] সংবিধান [illegible] পেয়েছিলেন। তারা এই ক্ষমতার [illegible] আমাদের দিয়েছিলেন [illegible] এই [illegible] নিয়ে আমাদের [illegible]। এবং আমরা মনে করি আমাদের হাতে যে ক্ষমতা আছে, সেই ক্ষমতাকে আমাদের সুষ্ঠু প্রয়োগ করতে হবে এবং প্রত্যেকটি লোককে [illegible] ক্ষেত্রে তার মৌলিক অধিকার দিতে। নিঃসন্দেহে [illegible] আমাদের দেশে এখনও পর্যন্ত আমাদের শিক্ষা- [illegible] ১৯৫০ সালের আগে পর্যন্ত এক কলিকাতা বিশ্ববিদ্যালয়, সেটা [illegible] যে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা করে রেখে- [illegible] ১৯৫০ সালের পর আমরা যে বোর্ড গঠন [illegible] দেখতে পাচ্ছি, এবং সেই সমস্ত [illegible] সদস্যের [illegible] ছিল না। এই বিল যা [illegible] যে [illegible] এই কথা [illegible] বলতে [illegible] সুযোগ দিলাম। যে [illegible] দিয়ে নতুন [illegible] সুপারসিড সরকার [illegible] এই কথা [illegible] ইউনিভার্সিটিকে [illegible] দেওয়া [illegible] সুপারসিড [illegible], এবং তা তাঁর [illegible]। কিন্তু তখন তিনি কি মনে করেছিলেন ভারত সরকারের কনস্টিটিউশনকে [illegible] যে অধিকার [illegible] চৌধুরী মহাশয় আমাদের দিয়েছিলেন, [illegible] এবং শিক্ষক সমাজের কাছ থেকে কেড়ে নিচ্ছেন। এই কথা তিনি যদি তাঁর প্রারম্ভিক ভাষণে বলতেন তাহলে নিশ্চয় আমরা [illegible] বুঝতে চেষ্টা করতাম। আমরা যে এই বিলের বিরোধিতা করছি, শুধু বিরোধিতা করবার জন্য নয়। আমরা মনে করি যে শিক্ষাব্যবস্থা আমরা প্রবর্তন করবো, সেই শিক্ষাব্যবস্থায় যে সরকারই থাকুন, কংগ্রেস সরকার থাকুন বা অন্য কোন দলের সরকার থাকুন, তাহলে সে শিক্ষাব্যবস্থা, তাতে যদি আমাদের ছেলেদের বংশধরদের মানুষ হিসাবে গড়ে তোলবার আশা করতে রাখি, তাহলে সেই শিক্ষাব্যবস্থায় স্থায়িত্ব থাকা দরকার। সরকারের শিক্ষা-ব্যবস্থার উপর কর্তৃত্ব থাকলে- আজকে যে মতাবলম্বী সরকার রয়েছেন, আগামী কালে যদি ঐ মতাবলম্বী সরকার না আসেন, তাহলে শিক্ষাব্যবস্থা ব্যাহত হয়। আজকে আপনি দেখুন, ১৯৪৭ সাল থেকে ১৯৬৩ সাল পর্যন্ত এই দীর্ঘদিন ধরে তাঁরা ঠিক করতে পারছেন না যে ১০ ক্লাস করবেন, কি ১১ ক্লাস করবেন, কি ১২ ক্লাস করবেন। কোনটা করবেন তাঁরা ঠিক করতে পারছেন না। একবার ১০, ১১, ১২ ক্লাস একবার ১২, ১১, ১০ ক্লাস, এই রকম করে করে আজ পর্যন্ত তাঁরা স্থির করতে পারলেন না কি আমাদের শিক্ষাব্যবস্থা হওয়া উচিত। এটা তাঁরা আজ পর্যন্ত ঠিক করতে পারছেন না। অথচ নিত্য নূতন আইন করে সরকার এটাকে নিজের হাতে, নিজের কর্তৃত্বাধীনে রেখে দিতে চাচ্ছেন। দেখতে পাচ্ছি শিক্ষাবিদরা এর পিছনে নেই। মাননীয় শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় কি মনে করেন, যে শিক্ষাব্যবস্থা তাঁকে শিক্ষিত করে

তুলেছিল, সেই শিক্ষাব্যবস্থা বৃটিশের, সুতরাং তাকে বদলাতে হবে? সেই শিক্ষাব্যবস্থা যদিও বৃটিশ আমলের শিক্ষাব্যবস্থা, কিন্তু, আমি এ কথা মনে করি যে তাঁরা যে শিক্ষা আমাদের দিয়ে গিয়েছিলেন, স্বাধীন ভারতবর্ষ সেই শিক্ষা আমাদের দিতে পারে নি।

[12-40—12-50 p.m.]

আমরা ম্যাট্রিকুলেশন পরীক্ষা পাশ করে যে শিক্ষালাভ করতে পারতাম আজকে পশ্চিমবঙ্গ সরকার প্রবর্তিত ক্লাস ইলেভেন বা হায়ার সেকেন্ডারী পাস করে ছাত্ররা সেই শিক্ষালাভ করে না—এই ব্যর্থতা, এই গ্লানি কার? এই গ্লানি আমি মনে করি শিক্ষামন্ত্রী মহাশয়ের, কারণ তাঁরা আজকে সমস্ত শিক্ষাব্যবস্থা একজন অ্যাডমিনিস্ট্রেটর-এর হাতে ছেড়ে দিয়েছেন। যাঁরা শিক্ষা সম্পর্কে আগ্রহশীল, যাঁরা মাথার ঘাম পায়ে ফেলে শিক্ষার উন্নতির জন্য প্রাণপাত পরিশ্রম করেছেন আজকে তাঁদের কথা শোনা হচ্ছে না। আজকে এখানে শিক্ষা দপ্তরের উপমন্ত্রী উপস্থিত আছেন, শ্রীযুক্ত মৃত্তিপদ চ্যাটার্জি, আমি তাঁর স্কুলে একজন শিক্ষার্থী ছিলাম, আমি তাঁকে মন্ত্রী হিসাবে না বলে আড়ালে বলতে চাই, ১৯৫০ সালের আগে পর্যন্ত তাঁরা জঙ্গীপুরে হাইস্কুলে প্রবেশিকা পরীক্ষার্থীদের যে শিক্ষা দিতে পেরেছেন এখন ক্লাস ইলেভেন-এ সেই স্ট্যান্ডার্ড অফ এডুকেশন দিতে পারছেন কি না। আজকে শিক্ষকদের মাইনে বেশি দেওয়া হচ্ছে, কিন্তু আসলে প্রকৃত শিক্ষা দেবার ব্যবস্থা হচ্ছে না। আজকে এখানে জঙ্গীপুর হাইস্কুলের এমন একজন শিক্ষক কংগ্রেস দলে বসে আছেন যাঁর কাছে আমি পড়েছি, তিনি আমার শিক্ষক—তিনি বুকে হাত দিয়ে কি একথা বলতে পারেন তাঁরা বেটার এডুকেশন-এর ব্যবস্থা করতে পেরেছেন? আপনারা তা করতে পারেন নি। নতুন নতুন লেজিসলেশন, নতুন নতুন অর্ডিন্যান্স শিক্ষা সম্পর্কে আপনারা করেছেন, অনেক কিছুই করেছেন, কিন্তু শিক্ষাক্ষেত্রে তিলমাত্র উন্নতির ব্যবস্থা করতে পারেন নি, এবং আরো করতে পারবেন না আপনারা যেভাবে আমলাতান্ত্রিক শাসনাধীনে শিক্ষাব্যবস্থা করতে যাচ্ছেন। আমি এই কথা বলতে চাচ্ছি যে, আমলাতান্ত্রিক শাসনের মধ্যে যোগ্য লোক থাকতে পারেন না তা নয়, আমাদের বর্তমান ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন যদি শিক্ষার মানোন্নয়নে প্রকৃতই আগ্রহশীল হন, বা তিনি যদি আদর্শ শিক্ষাবিদ্ হন, তাহলে তিনি থাকুন, তাতে আমাদের কিছুমাত্র আপত্তি নাই। কিন্তু আজকে পশ্চিমবাংলায় শিক্ষাব্যবস্থা যে রকম খামখেয়ালীর মাঝখান দিয়ে চলছে এবং এইভাবেই যদি আমাদের শিক্ষাব্যবস্থা হতে থাকে তাহলে অদূর ভবিষ্যতে আমরা একটা অব্যাহত শিক্ষার ধারা কোথায় পাব এবং শিক্ষাব্যবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা চিন্তা করার বিষয়। আমি বিলের ধারা আলোচনা করতে চাই না, বিলের ধারা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আমার চেয়ে অনেক বেশি বোঝেন কিন্তু এখানে দেখতে পাচ্ছি সরকারের হাতে পরিপূর্ণ কর্তৃত্ব রয়ে গিয়েছে, সরকার যে নির্দেশ দিবেন, যেভাবে নিয়ন্ত্রণ করেন, যতটুকু অধিকার দেন, সেভাবেই শিক্ষাব্যবস্থা পরিচালিত হবে, বোর্ডের নিজস্ব কোন অধিকার থাকছে না, গেজেট নোটিফিকেশন করে যা নির্দেশ দিবেন সরকার বোর্ডকে তাই মানতে হবে, এর ফলে যে কথা আমি বারবার বলতে চাচ্ছি শিক্ষায় একটা অব্যাহত ধারা থাকবে না। কোন ছেলে কোথায় গিয়ে দাঁড়াবে কিছুই বোঝা যাচ্ছে না। শিক্ষা-ব্যবস্থার একটা নির্দিষ্ট প্যাটার্ন না থাকলে নানা রকম কুফল দেখা দেবে। এটা ছাত্রদের দোষ নয়, এটা অভিভাবকদের দোষ নয়, এটা শিক্ষাব্যবস্থাপনার দোষ। আমাদের পশ্চিমবঙ্গ সরকার গত ১২ বৎসর ধরে আমাদের শিক্ষাব্যবস্থাকে একটা চরম বিশৃঙ্খলার মধ্যে দিয়ে যেভাবে পরিচালিত করে এসেছেন তার দায়িত্ব কে গ্রহণ করবে, কে তার হিসাব দেবে? আমি নিজে অন্ততঃ একথা মনে করি যে, যদি আজকে সরকার পক্ষ থেকে কংগ্রেসী সদস্যদের এই অধিকার দেওয়া হয় যে তাঁরা ইচ্ছামত স্বাধীনভাবে ভোট দিতে পারবেন এই বিলে, তাহলে অধিকসংখ্যক ভোটে এই বিল যা মাননীয় মন্ত্রিমহাশয় উত্থাপন করেছেন তাঁরা নাকচ করে দেবেন, সরিয়ে দেবেন। ১৯৪০ সালে যখন লীগ আমলে মাধ্যমিক শিক্ষা বিল এসেছিল তখন রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় এই বোর্ডকে স্বাধিকারে প্রতিষ্ঠিত করবার জন্য যে মুভ নিয়েছেন—বোধ হয় তিনিই মুভার ছিলেন—সেদিন তিনি একথা বলেছিলেন শিক্ষাক্ষেত্রে শিক্ষকদের সবচেয়ে বেশি অধিকার দরকার, আমি একজাক্ট ভাষা বলতে পারছি না, তবে তিনি এই কথাই বলেছিলেন। কিন্তু আজকে এত বৎসর পরে মন্ত্রী হবার পরে সেই রায় হরেন্দ্রনাথ চৌধুরী কি মরে গিয়েছেন, আজকে কি তাঁর প্রেতাত্মা শিক্ষাক্ষেত্রের স্বাধিকার হরণ করার জন্য উঠেপড়ে লেগেছে? তিনি সেদিন অত্যন্ত

যোগ্যতার সঙ্গে তাঁর দায়িত্ব পালন করেছিলেন, আমি আজকে এখানে যে বক্তৃতা করছি তার চেয়ে জোরালো বক্তৃতা করেছিলেন। আজকে স্বাধীন হবার পর কি আমরা পিছিয়ে গেলাম? তিনি কোথা থেকে নতুন জ্ঞান লাভ করলেন, যদি আমাদের বলতেন তাহলে আমরা বুঝতে পারতাম আমরা এই বিলকে সমর্থন করতে পারি কি না। এই বিলের স্কোপ এবং উদ্দেশ্য কি সে সম্পর্কে কাগজে অনেক কিছুই দেখছি, এবং এই বিলের ধারাগুলি সম্পর্কেও অনেক সূক্ষ্মাতিসূক্ষ্ম আলোচনা করে হয়তো তার কিছুটা উন্নতি করা যায়। কিন্তু তা দিয়ে হবে না, এই বিলের পরিপূর্ণ পরিবর্তন প্রয়োজন, নতুন করে বিল আনা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দয়া করে যদি একটা ইনফরম্যাল কমিটির ব্যবস্থা করেন, এবং সমস্ত দলের সদস্যরা যদি হুইপ এবং নির্দেশের বাইরে তাঁদের মতামত ব্যক্ত করতে পারেন তাহলে আমি মনে করি এই সভাকক্ষে খুব কমসংখ্যক সদস্য আছেন যাঁরা শিক্ষার অধিকার-হরণকারী এই বিলের সমর্থনে কোন কথা বলবেন। ক্ষমতা থাকা ভালো, কিন্তু ক্ষমতায় অন্ধ হয়ে যাওয়া নিশ্চয়ই খারাপ। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন বাংলাদেশ এবং বাঙ্গালী জাতিকে মানুষ করে তোলবার জন্য তাঁরা উদ্‌গ্রীব। আমি তাঁকে বলতে চাই, যদি সেটাই তাঁদের উদ্দেশ্য হয় তাহলে জ্ঞানের প্রদীপ নতুন করে জ্বালিয়ে দেবার প্রয়োজন আছে—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের ধারাগুলিকে সমর্থন করতে পারছি না। এবং বিলটা এমনভাবে রচিত হয়েছে যার উপর অ্যামেন্ডমেন্ট বা সাজেশন দেওয়াও সম্ভব হচ্ছে না। কারণ কতকগুলি মৌলিক প্রভেদ মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমার রয়েছে। আমি একথা মানি বিকেন্দ্রীকরণ এবং কেন্দ্রীকরণ এই দুটো জিনিষের একটা সীমা আছে। ডিসেন্ট্রলাইজেশনএর একটা লিমিট আছে, সেন্ট্রালাইজেশনএরও একটা লিমিট আছে, এবং দুইয়ের একটা ব্যালেন্স হওয়া দরকার। কিন্তু আমি বিলটার মধ্যে সেটা দেখতে পাচ্ছি না। এই বিলের সম্বন্ধে কিছু বলতে গিয়ে প্রথমে আমার ১৯৫০ সালের আইনটার কথা মনে হচ্ছে। আমি কয়েকটি সংশোধনী প্রস্তাব এবং সাজেশন রাখতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় একজন পন্ডিতব্যক্তি এবং একজন বিশিষ্ট শিক্ষাবিদ্, দলবাজী করবার মনোভাব নিয়ে তিনি নিশ্চয়ই এগুলি বিচার করবেন না। সেজন্য আমি অনুরোধ করব এবং এটা আমার অন্তরের বিশ্বাস যে এতবড় একটা গুরুত্বপূর্ণ বিলকে তিনি নিশ্চয়ই সিলেক্ট কমিটিতে পাঠাতে আপত্তি করবেন না। এই বিলটা এত শিথিলভাবে ড্রাফটেড হয়েছে যে আইনজীবী হিসাবে আমি দেখছি যে এর মধ্যে অসংগতি ও ফাঁক এবং ল্যাকুনা রয়েছে। যেমন আমি একটা দৃষ্টান্ত দিয়ে বলতে পারি যে ক্লজ ৪২ যদি দেখেন তাতে বলা হচ্ছে পাওয়ার অফ ট্রাইবুন্যাল তার আগেই হচ্ছে ইন্ডেমিনিটি তাতে বলা হচ্ছে

No suit, prosecution or other legal proceedings whatever shall lie against any person for anything in good faith done or intended to be done under this Act.

তারপর ক্লজ ৪২ আছে। এ ক্লজের ঠিক যে ড্রাফ্টসম্যানরা যারা হচ্ছেন নতুন ভাবধারায় অনু-প্রাণিত আইন ম্যানুয়াল এর রায়গুলি তারা পড়ে দেখেন। তুমি যদি স্টেট স্টার অফ জুরিস-ডিকশন করে দাও, যদি বলে দাও সিভিল কোর্টএ কোন রকম মামলা করা চলবে না তা হলে হবে না। ইন্টারপ্রিটেশনে হয়ত যাবে সংবিধানের আর্টিক্‌লে ১৯এ আটকে যেতে পারে। এবং যেখানে ডিসক্রিমিনেশন রেস্ট্রিকশনএর কথা বলা হয়েছে, অতএব একটা ফোরাম তাকে দিতেই হবে সেই কনটেক্সটএ। যারা ড্রাফ্টসম্যান যারা ড্রাফ্ট করেছেন তারা ক্লজ ৪২ ঢুকিয়ে দিয়েছেন। আমি খুব বিনয়ের সঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যদি বিলটা আগাগোড়া পড়ে দেখেন তাহলে দেখবেন যে কোন জায়গায় ট্রাইবুন্যালের কোন উল্লেখ নাই। হঠাৎ উড়ে এসে জুড়ে বসার মত ক্লজ ৪২ বসে গেল। এই ক্লজ ৪২টা পড়ে দেখুন এর মধ্যে কোথাও বলা নাই যে হোয়াট ইজ স্কোপ অফ দিস ট্রাইবুন্যাল—যে হাঁ শিক্ষকদের চাকরী গেলে তার বিরুদ্ধে যদি কোন রকম অন্যায় অবিচার হয়ে থাকে তাহলে সেটা ইনভেস্টিগেট করবার জন্য সেটা এডজুডিকেট করবার জন্য ক্যানভাস করবার জন্য একটা ফোরাম ক্রিয়েট করা হল ট্রাইবুন্যালে।

[12-50—1 p.m.]

কোনও স্টুডেন্টের বিরুদ্ধে ডিসিপ্লিনারী অ্যাকশন নেওয়া হল আন্ডার দি অ্যাক্টএ অহা হইলে সে সেখানে কোনরকমে নিয়ে গিয়ে দায়ী করতে পারে কিনা সেটাও আমরা জানি। অতএব এই যে বলা হল এই অ্যাক্ট লক্ষ্য করলে বোঝা যাবে যারা ড্রাফ্ট করেছেন তাদের কোন স্বচ্ছ ধারণা এ ব্যাপারে নেই। ২য় প্রশ্ন হচ্ছে আমি ত দেখছি বিল করার সময় তারা এমনভাবে গঠন করেছেন বোর্ড যার মধ্যে সরকারী নিয়ন্ত্রণই সর্বাধিক—আমার মনে হচ্ছিল, আলেকজান্ডার যিনি বিশ্ব জয় করেছিলেন, বিশ্ব জয় করবার পর গ্রীস-এর দার্শনিক ডাওজেনিস-এর কাছে গিয়ে বলেছিলেন, "দেখ আমি সমস্ত বিশ্ব জয় করেছি, আমি তোমার সামনে এসে দাঁড়িয়েছি, তুমি চাও যা তোমার দরকার—তাই তোমাকে দেব—যা চাই।" তিনি ভেবেছিলেন সে হয়ত চাইবে একটা রাজত্ব, তার উত্তরে দার্শনিক বলেছিলেন

"stand aside. That Sun-Shine may continue to fall on me".

পাশে সরে দাঁড়ান আপনি, প্রকৃতির যে সূর্যরশ্মী তা আমার গায়ে বর্ষিত হোক। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো যে আপনারা যদি চান শিক্ষার প্রসার হোক, এবং যদি চান [illegible] প্রসার হোক, যদি আপনারা চান সেকেন্ডারী বোর্ড অফ এডুকেশন সত্য সত্যই একটা অটোনমাস ইনস্টিটিউশন হিসাবে গঠিত হোক, তাহলে আপনাদের কাছে অনুরোধ করবো যে গভর্নমেন্ট পাশে সরে দাঁড়ান, আপনারা পাশে সরে দাঁড়ান।

So that the Sun-Shine may continue to fall on the younger generation, on the students, on the taught, on the teachers, so that the people may grow in an atmosphere of inspiring serenity.

এটা [illegible] আপনাদের কথা [illegible] লোকেদের রাখছেন [illegible] না এই [illegible] যে [illegible] করতে পারেন [illegible] বলতে পারেন যে [illegible] ৮০ [illegible] ৯০ জন হচ্ছে আমাদের [illegible] নেই [illegible] নেই [illegible] নেই সে রকম লোক—[illegible] করবেন [illegible] শুধু যারা বুরোক্র্যাটস তাদের বিশ্বাস করেন? মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় একটা মস্ত বড় লড়ায়ে জিতেছেন [illegible] এডুকেশন [illegible] লড়াই। এ লড়াই তিনি লড়তে গিয়ে [illegible] তিনি [illegible] এ্যাসিস্ট করতে পারেন না। [illegible] পাচ্ছি এরকম একটা বডি তৈরী করেছেন, কি করে সত্যাকারের ফ্রি এডুকেশন সম্ভব? [illegible] সম্ভব না। আপনারা এই যে বিল এনেছেন এ বিলের মধ্যে রুল ২৭ তে বলেছেন

It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education.

এ্যাডভাইস তার মানে

This Board of Secondary Education will be an advisory body. It will function in an advisory capacity. Why this paraphernalia, why this reduntant futility, this superfluity?

এই হিউজ এক্সপেন্স ৪৫ থেকে ৫০ লক্ষ টাকা ব্যয় করে কেন একটা বিরাট বোর্ড তৈরী করেছেন, এত লোককে নিয়ে আসছেন, এদের খরচা আছে, এ খরচা করছেন কেন—টু এডভাইস দি গভর্নমেন্ট। তাহলে বাংলাদেশের সেরা সেরা শিক্ষাবিদ্ যারা চিন্তা জগতের শিরোমণি বলে স্বীকার করে নিচ্ছেন তারা এডভাইস করবেন কাদের? আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়—তিনিও শিক্ষাবিদ, কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় কালকে চলে গেলে তার জায়গায় কে আসবেন জানি না। আমরা জানি রাম রাজত্বে বিচার করতে গেলে বলতে হয় হি ওয়াজ এ বেনেভোলেন্ট ডেসপট। এটা লোকে

মনে করতে পারে, কিন্তু বিশ্বাস রাখেন না এই জন্য কোন ইনস্টিটিউশনাল ক্লার্ক বা গ্যারান্টি কিছু নেই। এবিউস অফ পাওয়ারএর বিরুদ্ধে সেজন্য আমরা সেখানে গণতন্ত্রের কথা বারবার বলি, সমস্ত রকমের অগণতান্ত্রিক কথার বিরুদ্ধে আমরা বলি—সেজন্যে আজকে উনি এরকম একটা বিল আনছেন যিনি নিজেই গভর্নমেন্টএর একটা বডি তৈরী করছেন, তাঁরা এডভাইস করবেন কাকে? এডভাইস করবে এডুকেশন সেক্রেটারীকে, তাঁরা এডভাইস করবে ডি পি আইকে, তাঁরা এডভাইস করবে এডুকেশন মিনিস্টারকে অর মিনিস্টার অফ স্টেটকে। আমি বুঝতে পাচ্ছি এটা একটা ফার্স হচ্ছে। আপনারা নিজেরাই জানেন না আপনারা কোন পথে চলেছেন এবং যদি এডভাইস দিতে পারে সেই লোকই যার নিজের স্বকীয়তা সম্বন্ধে নিজের আত্মমর্যাদা সম্বন্ধে—ধারণা আছে যে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশনএর সদস্যরা জানছেন যে পেছন থেকে শিক্ষামন্ত্রী কলকাঠি নাড়বেন পুতুল খেলার মত সুতো নাড়বেন, আর তাঁরা সেভাবে নাচবেন তাহলে তাদের কি এডভাইসরি ক্যাপাসিটি থাকতে পারে, কোনদিকে তারা এডভাইস দেবে? কাজেই তাদের জাজমেন্ট কি কখনও ইন্ডিপেন্ডেন্ট জাজমেন্ট হতে পারে? কোন ডিসপাসিওনেট জাজমেন্ট দিতে পারে? কখনও পারে না। তাদের

opinion will be coloured by the opinion of the executive authorities.

সেজন্য বলি আপনারা আমাদের নিজেদের মধ্যে দ্বন্দ্ব আপনারা একদিকে ডিসেন্ট্রালাইস করতে যাচ্ছেন [illegible] বোর্ড তৈরী করেছেন, [illegible] কেন এইরকম বোর্ড যদি আপনাদের [illegible] চলে যায় এই ধরনের [illegible] রয়েছে সেটা আমরা দূর [illegible] আমরা দেখতে পাচ্ছি [illegible] সম্বন্ধে বক্তব্য [illegible] রেকগনিসন ছিল [illegible] স্কুলে [illegible]

"After [illegible] this institution will be treated to be recognised [illegible] a period of one year.

এরকম একটা [illegible] পুরানো আইনে ছিল, [illegible] এরকম ধরনের [illegible] রেকগনিসন [illegible] একটা পাওয়ার [illegible] রেকগনিসন আপনারা দিচ্ছেন, দেখুন [illegible] উইথড্র করবার পাওয়ার রাখুন। এখানে আপনাদের কাছে আমাদের সাজেসন যে,

"once recognition is accorded to an institution it should be the normal practice rather statutory practice for affording recognised institution consent or opportunity of being heard ...no such recognition once accorded will be withdrawn.

কিন্তু এতে কোনরকমের প্রভিসন দেখছি না। আর যে ফাইনান্স কমিটি রয়েছে আপীল কমিটি রয়েছে, আপীল কমিটির কাছে অনুরোধ করবো অন্ততঃ শিক্ষক সমাজের একজন প্রতিনিধি থাকা উচিৎ এবং এখানে যদি বলবো এই আপীল কমিটিতেই আমি জানি মাননীয় শিক্ষামন্ত্রীর কানে এগুলো পৌঁছবে না বা পৌঁছলেও গ্রাহ্য করবেন না, তাঁকে অনুরোধ করবো এই প্রসঙ্গে এটা শুনতে। হাই কোর্ট এর একটা রিসেন্ট ডিসিসনের প্রতি, দয়া করে উনি যদি নোট করেন পেইজ ৬৬ সি ডব্লিউ এন পেইজ ৭৬ সেটা হচ্ছে কালিদাস মণ্ডল, একজন স্কুলের শিক্ষক আর বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশনএর মধ্যে, জাস্টিস সিনহার জাজমেন্ট রায় সম্বন্ধে আমার কিছু বলার নেই বিনয়ের সঙ্গে নিচ্ছি হাই কোর্টএর রায়। কিন্তু বক্তব্য হচ্ছে হিয়ার মানে হিয়ার নয়। এতে বলা ছিল পুরান আইনে

appeal committee shall hear and determine appeals filed by teachers.

যা হোক আইনের লিগ্যাল একরোবেটিকস্এ দেখা গেল যে হিয়ারিং ডাজ নট মিন হিয়েরিং, প্রাকটিক্যালিও তাই। কাগজে কলমে লিখে দিলাম বোর্ড আপীল কমিটির দ্বারা শুনবেন

পার্সোন্যাল হিয়ারিং দেওয়া না দেওয়া তাদের ডিসক্রিসন। প্রশ্ন উঠবে এটা আদৌ ভেলিড কিনা। হাই কোর্ট বললো এরকম ভ্যালিড আমি বলছি আপনারা এপিল কমিটির ঐ যে হিয়ারিং কথাটা বলেছেন যদি হাই কোর্টএর নজিরকে আপনারা আনতে চান, লিগ্যাল রেকগনিসন দিতে চান তাহলে আমি বলব সেখানে বলা উচিত যে

"no order affecting adversely a teacher shall be passed without affording the teacher concerned an opportunity of being heard in person......right of personal hearing should be there."

আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করব সেটা করবেন না। আমাদের বাংলাদেশের অসহায় শিক্ষকদের উপরে একটা বিরাট অবিচার করা হবে এবং এই এপিল কমিটি আপনারা করেছেন, আপনারা চিন্তা করুন তো দার্জিলিঙ, কালিম্পঙএর একটা স্কুল থেকে বা আরো দূরে দার্জিলিঙ, নর্থ বেঙ্গল, কোচবিহার থেকে—মুলুক থেকে, জলপাইগুড়ি থেকে—ওদিকে ধরুন হওড়ার গ্রামাঞ্চল থেকে কোনও একটা স্কুলের শিক্ষক এপিল ফাইল করতে এসেছেন। এপিল কমিটি আপনাদের কোন কিছু নেই কতদিনের মধ্যে এপিলএর নিষ্পত্তি করবেন—একটা চিন্তা করে দেখুন যে কালিম্পঙএর একজন মাধ্যমিক স্কুলের শিক্ষক তার পক্ষে কলকাতায় এসে রাইটার্স বিল্ডিংসএর রটান্ডায় বসে আরগুমেন্ট করা কি সম্ভব? তিনি কলকাতায় ধারধোর ক'রে এসে পৌঁছলেন, এসে শুনলেন—বিচারপতিরা বললেন যে এডজর্নড, আবার দু মাসের টাইম বাড়ল শুনে চলে গেলেন। সুতরাং আজকে আপনাদের টাইম লিমিট করে দেওয়া উচিত। এপিল কমিটি ঘুরে ঘুরে বসবে এবং প্রত্যেক মাসে মাসে এপিল কমিটি বসবে, কোন এপিল ফাইল হবার পর তিন মাসের বেশী তার ডিসাইড করতে দেরী হবে না—শেষ তাকে করতেই হবে।

[1—1-10 p.m.]

এই প্রসঙ্গে আমি বলছি এই হল আমার সাজেশন আপনার কাছে এ্যাপিল সম্বন্ধে। এটা না করলে আমার মনে হয় একটা বিরাট অবিচার করা হবে। আমি এই সময় সাজেস্ট করছি যে ক্লজ ১৮(ই)র পর একটা (এফ) ক্লজ এ্যাড করুন। তাতে একটা হেল্‌থ কমিটি আপনারা করুন। কেননা বাংলাদেশে বিশেষ করে এই মাধ্যমিক স্কুলের ছাত্রদের স্বাস্থ্যের মান যে কিভাবে নেমে যাচ্ছে সেটা আশা করি আমাদের মন্ত্রীমণ্ডলীর সদস্যরা জানেন, এবং কিছুকাল পূর্বে বাজেট সেসনে আমি একটা প্রশ্ন রেখেছিলাম তার লিখিত উত্তরে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী স্বীকার করেছিলেন, হ্যাঁ, কলকাতা এবং মফঃস্বল স্কুলের ছাত্রদের স্বাস্থ্যের অবস্থা ক্রমশঃ ক্রমশঃ খারাপ হয়ে যাচ্ছে। সুতরাং আপনারা এতবড় কমিটি করছেন। কিন্তু হেল্‌থ কমিটি আমার মনে হয় সব চেয়ে গুরুত্বপূর্ণ কমিটি। এই কমিটির মাধ্যমে ক্ষমতা দেওয়া উচিত বাংলাদেশের পিরিয়োডিক্যালি তাঁরা রিপোর্ট দেবেন যে ছাত্রদের স্বাস্থ্যের অবস্থা কিরকম এবং ফ্রি মেডিক্যাল ট্রিটমেন্টের ব্যবস্থা করতে হবে, যেখানে হেলথ ক্লিনিক নেই সেখানে হেলথ ক্লিনিক ওপেন করতে হবে স্টুডেন্টের জন্য যাতে করে বিনা পয়সায়, বিশেষ করে বুকের এক্স-রে বিনা পয়সায় তুলতে পারে, তার জন্য কোন পয়সা লাগবে না। ফ্রি মেডিক্যাল চেক আপ এবং ফ্রি মেডিক্যাল ট্রিটমেন্ট ছাত্রদের জন্য করা দরকার। এবং মাধ্যমিক স্কুলে দুপুর বেলায়, মাধ্যমিক ভোজনের জন্য [illegible] টিফিন দেওয়া উচিত, কিংবা ফ্রি টিফিন দেওয়া উচিত। এটা আমার মনে হয়, এটা আপনাদের একটা অবজেকটিভ হওয়া উচিত। এবং এই বছর থেকেই এটা চালু করা উচিত। সেইজন্য আমি বলবো আপনাকে বিনয়ের সঙ্গে যে একটা হেলথ কমিটি করে হেলথ কমিটিকে পাওয়ার দেওয়া উচিত এবং হেলথ কমিটি সেইভাবে কাজ শুরু করবে। এইখানে আপনার ক্লজ ২১তে একজামিনেশন কমিটির কথা বলেছেন, এখানে আমার একটা সাজেশন ছিল যে এর মধ্যে, কোন রকমের যাঁরা ভেটারেন হেড একজামিনার তাঁদের কাউকে রাখেন নি। আমার মনে হয় এর মধ্যে অন্ততঃ তিনজন, আর্ট, সায়েন্স এবং কমার্স, এই তিনটি সাবজেক্টে তিনটি ভেটারেন হেড একজামিনার রাখা উচিত, তাহলে আমার মনে হয় একজামিনেশন সংক্রান্ত ব্যাপারে তাঁদের এক্সপার্ট ওপিনিয়ান আমরা সব সময়েই পাবো। এইখানে ক্লজ ২৫ এতে আপনারা রিজিওনাল একজামিনেশনের কথা বলেছেন, কিন্তু আমি বলছি যে এই রিজিওনাল একজামিনেশন কাউন্সিল এটার কোন অর্থ হয় না। অর্থাৎ আপনারা নিজেরাই মনে করে নিচ্ছেন যে এই বোর্ডের কি বিরাট আয়তন হয়ে দাঁড়াবে এই রকম একটা আনওয়াইল্ডি বডি কখনই ফাংশন করতে পারবে না। আমার মনে হয় আমার পূর্ববর্তী বক্তা মিঃ সিনা যেকথা বলেছেন আমিও

বলছি যে আমি তাঁর সঙ্গে একমত। এই রিজিওনাল কমিটি করে আবার এটাকে ভাঙ্গবার চেষ্টা করছেন। তাহলে দেখা যাচ্ছে সেখানেও আপনারা ইনটিগ্রেড করছেন। যদি মনে করেন তাহলে বিভিন্ন এলাকার জন্য বিভিন্ন বোর্ড করতে পারেন। যদি ইউনিভার্সিটি এতগুলি হতে পারে, একাধিক বোর্ডও আপনারা করতে পারেন। কিন্তু একটি বোর্ড করে বিভিন্ন এলাকার জন্য এক একটি রিজিওনাল কাউন্সিল করে এবং সেই রিজিওনাল কাউন্সিল একজামিনেশন করবে আমার মনে হয় সেটা করা ঠিক হবে না। সেটা ভুল হবে। আমি শিক্ষামন্ত্রীর কাছে বিনয়ের সংগে বলছি যে গত এডুকেশন অ্যাক্টে আমরা দেখেছিলাম সেটা ফেল করে গেল, তার কোন ইন্সপেকটোরেট স্টাফ ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রী নেই তাহলে বলতাম যে নদীয়া জেলায় বঙ্গবাণী বলে একটা স্কুল আছে। কয়েক লক্ষ টাকা সেখানে খরচা হয়েছে। একমাত্র মিউজিক কলেজের নাম করে দুই লক্ষ টাকা খরচা হয়েছে। লজ্জার কথা, এত অভিযোগ করা সত্ত্বেও, বিভিন্ন কাগজে লেখা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ইনভেসটিগেশন হল না সে সম্বন্ধে। এবং যেসমস্ত লোক এর জন্য দায়ী তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। বাংলার মুখ্যমন্ত্রী তিনি হচ্ছেন বোর্ড অব ট্রাস্টির প্রেসিডেন্ট। শিক্ষকদের চাকরি চলে যাচ্ছে। কলকাতার কয়েকজন পুস্তক বিক্রেতা তাঁরা বই বিক্রি করেছেন তার দাম পাননি। আমার কাছে তাঁরা ওপিনিয়ান নিতে এসেছিলেন আমি বলেছি আপনারা মামলা করুন। সেখানে কৃষ্ণনগরে তাঁরা মামলা করেন এবং তার ডিগ্রী পর্যন্ত হয়ে গিয়েছে কিন্তু আজ পর্যন্ত তাঁরা টাকা পাচ্ছেন না। এই যে বঙ্গবাণী স্কুলে লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়ে নষ্ট হল, কেন হল? দেখছি ইন্সপেকটরেট আপনাদের নাই। অথচ দেখছি এই অ্যাক্টের মধ্যেও আপনাদের কোন ইন্সপেকটরেট নেই। আমি বলছি বাংলাদেশে একটা স্টাফ আপনারা করুন। তাদের দায়িত্ব হবে যে রেগুলারলি তাঁরা বাংলাদেশের সমস্ত মাধ্যমিক স্কুলে যাবে এবং রিপোর্ট তাঁরা দেবে স্কুলের ম্যানেজমেন্ট সম্বন্ধে, এবং সেখানকার আয় ব্যয় সম্বন্ধে রিপোর্ট দেবে। এবং এইভাবে সেই রিপোর্টের ভিত্তিতে, আমরা মনে করি, গভর্নমেন্ট যদি কাজ করেন তাহলে খানিকটা কাজ হতে পারে। পরিশেষে সেইজন্য আমি বলছি এই বিল মূলতঃ অগণতান্ত্রিক, কারণ এর মধ্যে দুটি প্রিন্সিপলের কোনটাই তাঁরা ফলো করছেন না। এই সময় আমি মনে করি এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলকে সিলেক্ট কমিটিতে দেওয়া হোক এবং সেখানে বিচার করে, নূতন করে বিলটা আনা হোক।

Shri A. H. Besterwitch: (Mr. Speaker, Sir, this Bill which has come before us and on which I have been hearing speeches from yesterday is more or less a controversial Bill. I think that this Bill should be sent to the Select Committee or circulated for the purpose of eliciting public opinion. If you see the Bill, every layman will say that this Bill has been drafted with some personal interest of somebody who wants to acquire personal power in the educational institutions.)

On one particular point I am going to speak now, because my friends have already spoken on the others, and that is with regard to the meetings. Under clause 29, sub-clause (5),—I am reading the last portion,—"The Board convened for the purpose upon the requisition of ten members and unless not less than two-thirds of the total number of members of the Board vote in favour of such reconsideration". Here it is said, "two-thirds of the total number of members", whereas if you see sub-clause (7), for quorum ten members will have to be present. Who are these ten members? Here we are not clear whether two-thirds of the ten members should be the persons who are eligible to consider whatever the requisitioned meeting is called for, or, the total number is 30 members two-thirds of 30 members should be present. We provide here for a quorum of one-third and still in this clause we find two-thirds are mentioned. Considering all these things, I think we are going back following the Darwin theory on humanism, whereas the educational institution is a place for progress. Here we are going back instead of going forward. We are going back to the [illegible] old theory from which we have progressed so far.

Another thing is that if we see the members of the Board, we find that there is not a single representative of the backward classes. Why? Are

not there educationalists among the backward classes? Certainly there are. But according to the nomination, we find that we are nowhere in the picture. That clearly proves that the Government is not very much interested in the progress of the backward classes. As my honourable friend Shri Siddhartha Ray clearly expressed the opinion yesterday, the middle-class sentiment is there but not the depressed or backward classes. We have to consider this Bill not on any party basis like my friends have expressed the view that the Opposition is meant only for criticism. Certainly the Opposition is there for criticism. (If we go back to the British

[1-10—1-20 p.m.]

regime when the Congress was in Opposition, was it not there for criticism? Was it there to support all the Bills the Government brought forward? Then the Congress was an organisation. Today the Congress is a party in power. What are the Congressmen doing now? Let my friends on the other side go through this Bill minutely. They think that the Opposition is criticising the Bill for the sake of criticism. Some of my friends say that the Opposition is there only to make criticism. They do not want a healthy criticism. They want that whatever the Government will decide, we have got to follow that. They have got no conscience. We are interested to know who is the person or who are the persons who have drafted this Bill.) I think the Hon'ble Minister for Education, if he goes through the Bill minutely point by point, will agree with the criticisms that have been made by the members of the Opposition. What is necessary is that we should progress, as education is the only source through which we can progress. The Education Minister has written a lot of books on the welfare of education, but today we find that something otherwise is being done by this Bill. (We find that the power is not with the Ministry but the power is in Writers' Buildings. (My honourable friends on the other side think that they are supporting the members of the Treasury benches who are in charge of the Government, they have got to support. But I can tell you, Sir, this much that they are not supporting the members of the Treasury benches, but they are supporting those officers who are in the Writers' Buildings if this Bill is passed. So we are in the midst of contradictions in this Bill and I expect that the Hon'ble Minister will very kindly either withdraw the Bill or send it to the Select Committee or circulate the Bill for public opinion, or he can accept all the amendments put forward so that this Bill and education can stand on a healthy base.)

Shri Kamal Kanti Guha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেকেন্ডারী এডুকেশন বিল গতকাল হাউসে এসেছে। ১৯৫০ সালে সেকেন্ডারী এডুকেশন বোর্ড একটা গঠিত হয়েছিল এবং ১৯৫৪ সালে সেই বোর্ড ভেঙ্গে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটারের হাতে বোর্ডকে দেওয়া হলো। কেন দেওয়া হলো—সে সম্বন্ধে আমরা যদি খোঁজ করি, তাহলে দেখতে পাবো যে ১৯৫১-৫২ সালে বোর্ডের সদস্যরা আমাদের বাংলাদেশে তাঁদের কো-শিক্ষকদের যথোপযুক্ত বেতন বৃদ্ধি সম্বন্ধে সুপারিশ করেছিলেন এবং বাংলাদেশের শিক্ষকরা বোর্ডের সেই সুপারিশকে কেন্দ্র করে বেতনবৃদ্ধির একটা আন্দোলন গড়ে তুলেছিলেন। তার ফলে সরকার সেই বোর্ডকে তখন ভেঙ্গে দিতে বাধ্য হলেন। তখন থেকে দেশের শিক্ষা ব্যবস্থাকে নিজেদের কুক্ষিগত করার একটা প্রচেষ্টা এই সরকার নিয়েছেন। এই যে বিলটা বর্তমানে আমাদের সম্মুখে এসেছে, আমাদের তরফ থেকে বিলটা যাতে যথোপযুক্তভাবে এবং সুষ্ঠুভাবে একটা রূপ নিতে পারে, তার প্রচেষ্টা আমরা নিয়েছি। সরকারের তরফ থেকেও তাঁরা বলছেন এবং মাননীয় সদস্যরাও বলছেন তাঁরা শিক্ষার উন্নতি চান। এই শিক্ষার উন্নতি যদি সবাই চান তাহলে আমাদের গোড়ায় যেতে হবে। আজকে শুধু কলকাতার কয়েকটি হায়ার সেকেন্ডারী স্কুল নয়, কিংবা শহরতলীর কয়েকটা স্কুল নয়, মাধ্যমিক স্কুল বাংলাদেশের গ্রামাঞ্চলে বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে আছে, সেখানে বাংলাদেশের সমস্ত স্তরের সমস্ত শ্রেণীর মধ্য থেকে যাতে ছাত্ররা [illegible] শিক্ষিত হয়ে আসতে পারে, এইটা আমরা চাই। কিন্তু আমরা কি দেখছি? আমি

যখন স্কুলে পড়তাম তখন একটা টিনের ঘরে পড়েছি, সেখানে কোন বিল্ডিং ছিল না। যে স্কুলে আমি শিক্ষা সমাপ্ত করেছি, যে স্কুলে আগে উত্তরপুরুষরা পড়াশুনো করেছে, আজ সেই স্কুলের দোতালা বিল্ডিং হয়েছে, সেই স্কুলের আজ অনেক সংস্কার হয়েছে, অনেক সাহায্য সমিতি এসেছে, কিন্তু সেখানে শিক্ষা কি হচ্ছে? ছাত্ররা উপযুক্ত শিক্ষা পাচ্ছে কিনা আজকে সেটা দেখা দরকার। আমি যখন পড়তাম তখন ৪০০ ছাত্রের জন্য ১৫ জন শিক্ষক ছিল, আজকে সেই স্কুলে ৮০০ জন ছাত্রের জন্য ১৬ জন মাত্র শিক্ষক। শিক্ষকদের সংখ্যা বাড়ে নি। আমরা বারবার বলেছি, আমি ঐ স্কুল কমিটির মেম্বর ছিলাম, আমি বারবার সরকারের কাছে লিখেছি, জানিয়েছি তার অ্যাপ্রুভাল আমরা পাইনি। শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করার জন্য লিখেছি, তার অ্যাপ্রুভাল আমরা পাইনি; এমন কি চিঠির উত্তর পর্যন্ত আমরা পাইনি। তারপর আমরা কি দেখছি? আজ গ্রামাঞ্চলে হায়ার সেকেন্ডারী স্কুল যেখানে হয়েছে, সেখানে লাখ লাখ টাকা খরচ করে বিল্ডিং হচ্ছে কিন্তু মাস্টার সেখানে নেই। মাস্টার সেখানে থাকে না কেন আমি জানতে চাই। তার কারণ হচ্ছে, মাস্টাররা উপযুক্ত বেতন পান না। সেইজন্য দেখেছি বি এস সি টিচার্স পাওয়া যায় না, সায়েন্সএর যন্ত্রপাতি পড়ে থাকে, ছাত্ররা প্র্যাকটিক্যাল ক্লাস করতে পারে না। আমার বক্তব্য হচ্ছে আপনাদের যদি আন্তরিকতা থাকে, সদিচ্ছা থাকে, শিক্ষার প্রকৃত উন্নতি করতে চান, তাহলে গোড়ায় জানা দরকার। যে কথা একজন মাননীয় সদস্য বলেছিলেন, অপ্রাসঙ্গিক হলেও তা বলতে হয় যে শিক্ষকদের বেতনএর আজকে যথাযথ ব্যবস্থা থাকা দরকার, উপযুক্ত বেতন যাতে তাঁরা পান। কিন্তু আমরা দেখছি বাংলাদেশের শিক্ষা বোর্ড এমনভাবে কাজকর্ম করেন সেখানে বেছে বেছে তাঁদের লোককে রাখা হচ্ছে, শিক্ষকরা সেখানে উপযুক্ত বেতন পাবেন না, অথচ স্কুল বিল্ডিং হতে পারে, তার জন্য লক্ষ, লক্ষ টাকা স্যাংশন হতে পারে, এবং কন্ট্রাক্টররা সেখানে হাজার হাজার টাকা মুনাফা রাখতে পারে। কিন্তু, সেখানে মাস্টার থাকতে পারে না উপযুক্ত বেতনের অভাবে, ফলে ছাত্ররা উপযুক্ত, ভাল শিক্ষা পাচ্ছে না। এদিকে সরকারের বিশেষ লক্ষ্য থাকা উচিত।

তারপর বলা হচ্ছে এই বোর্ডে একজন প্রেসিডেন্ট থাকবেন এবং এই প্রেসিডেন্টকে নিযুক্ত করবেন সরকার। তিনি কি ধরনের লোক হবেন, কি তাঁর গুণাবলী হবে, সে কথা পরিষ্কারভাবে এখানে বলা হয়নি। আমার বক্তব্য হচ্ছে যিনি প্রেসিডেন্ট হবেন তিনি যেন শিক্ষাবিদ হন, যিনি শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন, যিনি শিক্ষা নিয়ন্ত্রণে নিজেকে নিয়োজিত করেন, সেইরকম একজন লোককে প্রেসিডেন্টের পদে নিযুক্ত করা হোক। আর একটা কথা আজকে এই কমিটিতে টিচার্সদের প্রতিনিধি দুইজন মাত্র নেওয়া হবে, দুটি সংস্থা থেকে বলা হয়েছে। তার একটা হচ্ছে এ, বি, টি, এ, আর একটা হচ্ছে ডবলিউ, বি, টি, এ। এখানে আমরা কি দেখতে পাচ্ছি এ, বি, টি, এর সদস্য সংখ্যা কয়েক হাজার, আর ডবলিউ, বি, টি, এর সদস্য সংখ্যা হল কয়েক শো মাত্র; অথচ দুটো সংস্থা থেকে একজন করে প্রতিনিধি নেওয়া হবে। আর তার আগে যদি আপনার মনের মত নয়, এইরকম একটা শিক্ষা সংস্থাকে ভেঙ্গে দেন, তাহলে কি অবস্থা হবে?

[1-20—1-30 p.m.]

এবং আজকে এই শিক্ষকদের যে সংস্থা আছে সে সম্বন্ধে আমার একটু বক্তব্য আছে। একটা ডবলিউ বি টি এ সেটা হচ্ছে সরকারের পদলেহনকারী সংস্থা তাদের কোন কাজকর্ম নাই, শিক্ষকদের সাথে তাদের কোন যোগাযোগ নাই, বিশেষ করে মফঃস্বল অঞ্চলের শিক্ষকদের সাথে, কলকাতার শিক্ষকদের সাথে যোগাযোগ আছে কিনা আমি জানি না। তারা কি করেন তা কেউ জানে না। ব্যাঙএর ছাতার মত একটি কমিটি আছে। আরেকটি হচ্ছে এ বি টি এ। বর্তমান ঘটনার পরিপেক্ষিতে আমি বলতে চাই আমরা দেখতে পাচ্ছি বেশীর ভাগ শিক্ষকদের এ বি টি এ উপরে আস্থা নেই। সাম্প্রতিককালে এ বি টি এ-এর নেতা সত্যপ্রিয়বাবু এবং অনিলা দেবীর দেশদ্রোহিতার মনোভাব শিক্ষকদের কাছে পরিষ্কার হয়ে গিয়েছে, সুতরাং তাদের উপরে আর কারো আস্থা নেই। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যেমন করে সরকার ট্রেড ইউনিয়ন সংস্থাগুলিকে স্বীকৃতি দেন—যাদের বেশী সদস্য সংখ্যা থাকবে—কি এই পরিমাণ সদস্য সংখ্যা থাকবে তারা স্বীকৃতি পাবে, সেই ধরনের ব্যবস্থাও এখানে গ্রহণ করা উচিত। এবং বর্তমানে এই দুটি সংস্থাকে বাতিল করে দেওয়া উচিত। কারণ আমরা দেখছি বেশীর ভাগ শিক্ষকদের আর এ বি টি এ-এর উপর আস্থা নেই। আর ডবলিউ বি টি এ পোঁ ধরা সংস্থা বলে তাদের উপরও

কোন আস্থা নেই। সেজন্য এইগুলি ভেঙ্গে দিয়ে নতুন করে আজকে শিক্ষকদের বলা উচিত যে তোমরা তোমাদের নির্বাচিত প্রতিনিধি নিয়ে নতুন সংস্থা গঠন কর। তারপর যারা বেশী সমর্থন পাবে তাদের স্বীকৃতি পাবে। এবং তা থেকে প্রতিনিধি নিয়ে এই বোর্ডে দেওয়া উচিত। তারপর আরেকটা কথা বলা হয়েছে শিক্ষকদের উপর যদি অন্যায় অবিচার করা হয় ম্যানেজিং কমিটি দ্বারা তাহলে তারা আপীল করতে পারবে না। এই প্রশ্ন এই হাউসে উঠেছে যে আপীল করার কতদিন পরে তাদের আপীলের শুনানী হবে সে সম্বন্ধে কোন কিছু বলা হয়নি। হাইকোর্ট বা জর্জকোর্টে বা কোর্টের আশ্রয় নিতে পারবে না এই কথা বলা হয়েছে। এটা সংবিধান বিরোধী বলে আমি মনে করি। আরেকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। কাল সিদ্ধার্থবাবু এখানে যখন দেশাত্মবোধক গানের কথা বলছিলেন তখন আমাদের পক্ষ থেকে নাকি বাধা দেওয়া হয়েছে। সিদ্ধার্থবাবু কিছুই জানেন না। আজকে প্রাইমারী স্কুলে এবং সেকেন্ডারী স্কুলগুলিতে ডি আই এর নির্দেশ অনুসারে সেখানে প্রথমে তাদের জাতীয় সঙ্গীত গাইতে হয়, প্রাথমিক স্কুলগুলিতে বিশেষ করে। কাজেই প্রাথমিক স্কুল থেকে যারা পাশ করে আসবে তারা যখন মাধ্যমিক শিক্ষায় আসবে তখন তাদের সে অভ্যাস থাকবে অর্থাৎ তারা সেই গান জানবে। এটা বোধ হয় সিদ্ধার্থবাবুর জানা নাই। তিনি সোনার হরিণের পিছনে ছুটে চলেছেন তাই তিনি লুব্ধ, তাই তিনি পথভ্রষ্ট, তাই তিনি নীতিভ্রষ্ট এবং সেইজন্য কাল আমরা তার বক্তব্যের মধ্যে দেখেছিলাম যে তিনি বিলটি পড়েন নি তিনি খালি তোয়াজের সুর রেখেছিলেন বলে আমরা তার বক্তৃতায় বাধা দিয়েছিলাম। দেশাত্মবোধ সিদ্ধার্থবাবুর চেয়ে আমাদের কম নয়। যে লোক আজকে এখানে কাল ওখানে, আজ এ দলে কাল ও দলকে সমর্থন করে সে লোক দেশকে ভালবাসে না, জাতিকে ভালবাসে না, সে লোক শুধু নিজের স্বার্থ চরিতার্থ করবার জন্য এক এক সময় এক এক প্রকার সুরে কথা বলেন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mono Ranjan Baksi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমেই মনে হচ্ছে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাজমহলের চূড়ার উপর দৃষ্টি নিবদ্ধ রেখেছেন, কিন্তু তাজসুন্দরীকে যে মাটি বক্ষে ধারণ করে আছে সেদিকেই তাঁর দৃষ্টি ছিল না। আমরা জানি জাতির জনক মহাত্মা গান্ধী বারবার বলেছিলেন

"That Government is the best Government which governs the least".

আজকে ভারতের বুকে যাঁদের দৌলতে আমরা শিক্ষার কথা বলছি, আমাদের যাঁরা আলো দেখিয়েছেন ভারতবর্ষের সেই আদিম মানুষদের আজকে স্থান নাই মাধ্যমিক শিক্ষা বোর্ডে। আজকে আমরা দেখছি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় স্থান দিয়েছেন ডাইরেক্টার অফ এগ্রিকালচার, ডাইরেক্টার অফ পাবলিক হেলথ এই সমস্ত বড় বড় ব্যক্তিগণকে। এই হাউসেই রয়েছেন আদিবাসী সদস্য, তাঁদেরও স্থান নাই। গান্ধীজীর আদর্শে উদ্বুদ্ধ হয়ে যাঁরা ওয়েলফেয়ার স্টেট তৈরি করতে চাচ্ছেন আজকে মাধ্যমিক শিক্ষার ব্যাপারে গান্ধীজীর সেই আদর্শকেই সংহার করা হচ্ছে। এই বিলটাকে সেই কারণে মাধ্যমিক শিক্ষা সংহার বিল বলতে হয়। গতকাল অধিবেশনে আমাদের একজন মাননীয় সদস্য যাকে আমি বলতে পারি সার্জিক্যাল এডুকেশানিস্ট—তিনি এখানে এখন উপস্থিত নাই ডাঃ রাধাকৃষ্ণ পাল তিনি বলেছিলেন যদি প্রয়োজন হয় সমস্ত ক্ষমতা সরকার গ্রহণ করুন। অত্যন্ত দুঃখের বিষয়, যে সরকার বারবার মুখে গণতন্ত্রের কথা বলেন তাঁরা কেমন করে এইরকম বিল আনতে পারেন। ১৯৩৫ সালে যখন ব্রিটিশ গভর্নমেন্ট আমাদের শাসন করতেন সেই ব্রিটিশ বারবার বলতেন তোমরা এডভাইস দাও, তোমরা প্ল্যান করো, তোমাদের আমরা টাকা দিয়ে সাহায্য করব। আজকে এই বিলের মধ্যে দেখছি ফাইন্যান্সএর সমস্ত ক্ষমতা সরকার গ্রহণ করছেন, এবং সত্যিকারে এডভাইসরি কমিটি করে তাকে কোন পাওয়ার বা ক্ষমতা দেওয়া হয়নি, এবং আমরা আরো দেখছি—শিক্ষাপ্রসঙ্গে যাঁর নাম সর্বপ্রথমে মনে হয় সেই আদর্শ শিক্ষাগুরু স্যার আশুতোষ মুখার্জি বলেছিলেন ফ্রিডম ফার্স্ট আন্ড ফ্রিডম লাস্ট কিন্তু সেই স্থান এখানে দেওয়া হয়নি। এবং আমরা দেখছি সিলেবাস কমিটি কিরকম ব্যবস্থা করেছেন—ক্লাস ফোর, ফাইভ, সিক্স, ইতিহাস ভূগোল পড়ান হয়, তার মধ্যে পৃথিবীর কথা শেখান হয়, কিন্তু তার মধ্যে তার জেলার কথা থাকে না। এই সমস্ত নিম্নশ্রেণীর কথাও সরকারের চিন্তা করা প্রয়োজন। তারপর, স্কুলের গৃহ সম্পর্কে বিভিন্ন মানুষ, বিভিন্ন কর্তৃপক্ষ বিভিন্ন রকম

মত পোষণ করেন, কেউ বলেন গাছতলা হোক, কেউ বলেন বিল্ডিং হোক,—এ সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা দরকার। এখানে যে আপীল কমিটির কথা আছে সেই আপীল কমিটিকে সমস্ত ব্যাপারে ফাইন্যাল না করে হায়ার কোর্ট অফ জাস্টিসএ গিয়ে মানুষ যাতে বিচারের সুযোগ পায় সেটাও সরকারের চিন্তা করা উচিত। আমাদের কনস্টিটিউসনএ মানুষকে যে অধিকার দেওয়া হয়েছে সেই সমস্ত অধিকার যতে ক্ষুন্ন না হয় তার জন্য এই আপীল কমিটিকে ফাইনাল করা ঠিক হবে না। আমার নির্বাচন কেন্দ্র আউসগ্রামে একটা হাইস্কুল আছে। ১৯৬০-৬১ সালে সরকার থেকে শিক্ষকদের জন্য যে বেতন স্যাংশন করেছিলেন সেই স্কুলের শিক্ষকেরা আজ পর্যন্ত সেই বেতন পাননি। সুদূর পল্লী অঞ্চলের শিক্ষকদের যদি এভাবে কষ্টভোগ করতে হয় তাহলে তাঁরা কেমন করে জাতীয় সরকারের শিক্ষা ব্যবস্থার প্রতি আস্থা রাখবেন, এবং এই অবস্থায় জনসাধারণই বা কি করে সরকারের প্রতি আস্থা রাখতে পারে সেটা চিন্তা করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[1-30—1-40 p.m.]

Shri Siddheswar Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন বিল ১৯৬২-এর আলোচনা প্রসংগে দু'-চারিটি কথা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ও বিধানসভার মাননীয় সদস্যবৃন্দের নিকট রাখতে চাই। প্রথমতঃ, এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলা হয়েছে ১৯৫৪ সালে বোর্ড সুপার্সিডেড হওয়ার পর ভারত সরকার কর্তৃক নিযুক্ত কমিশন এবং কমিটির রিপোর্ট বাহির না হওয়া পর্যন্ত এই বিল ফ্রেইম করা সম্ভবপর হয় না। কিন্তু গতকাল এবং আজ বিতর্কমূলক বক্তৃতার সময় পূর্ববর্তী কয়েকজন বক্তা বলে গেছেন মুদালিয়র কমিশন ও দে কমিটির রিপোর্টকে বহুলাংশে অগ্রাহ্য করে কিভাবে এ বিল রচিত হয়েছে। তাছাড়া বিলের অন্যান্য দিকের আলোচনাও তাঁরা বিশদভাবে করেছেন। এই স্বাধীনতা লাভের পর ১৯৫০ সালে সর্ব প্রথম এই গণতান্ত্রিক সরকার কর্তৃক ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট পাস হয়। আজ ১৩ বৎসর পরে ১৯৬৩ সালে প্রজাতান্ত্রিক ভারতের, পশ্চিমবঙ্গ রাজ্যসরকার এই বিল বিধানসভার নিকট পাশ করানর জন্য উপস্থাপিত করেছেন, কিন্তু অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখ এবং বেদনার সংগে এই কথা বলতে হচ্ছে যে বিলটি যেরূপ প্রোগ্রেসিভ হওয়া উচিত ছিল তা হওয়া তো দূরের কথা এটা একটি আমলাতান্ত্রিক ধাচে রচিত গণতান্ত্রিক রিঅ্যাকশনারী স্টিরিওটাইপ বিল হিসাবে এসেছে। যেখানে ভারতীয় সংবিধানে বলা হয়েছে সমাজতান্ত্রিক ধাচে সমাজ-ব্যবস্থা করার কথা সেখানে আমলাতান্ত্রিক ধাচে রচিত অগণতান্ত্রিক বিল বিশেষ করে শিক্ষাব্যবস্থার জন্য প্রবর্তন করা কি সমীচীন হবে?

দ্বিতীয়তঃ, বিলটির ধারা এবং উপধারার মধ্যে এমন কোন ধারা বা উপধারা সংযোজিত হয় নাই যার দ্বারা জনসাধারণকে উদ্বুদ্ধ করা যেতে পারে, তাদের মধ্যে আশা-আকাঙ্খা উদ্দীপনা হতে পারে। তা ছাড়া বিলের মধ্যে এমন কোন ধারা বা উপধারা সন্নিবেশিত হয় নাই যার দ্বারা মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা দ্রুত সম্প্রসারিত হতে পারবে। সেজন্য এ বিলকে প্রোগ্রেসিভ বিল না বলে গতানুগতিক স্টিরোটাইপ বিল বলা যেতে পারে। এ প্রসঙ্গে একথাও উল্লেখ করা যেতে পারে এই অধিবেশনের প্রথম দিকে মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী শ্রীশৈলবাবু মিউনিসিপ্যাল বিল-এ যে অ্যামেন্ডমেন্টগুলো এনেছিলেন তাতে অ্যাডাল্ট ফ্রানচাইজ স্বীকৃত হওয়ায় সকলের মনে আশা ও উদ্দীপনার সৃষ্টি হয়েছিল এবং তিনিও সকলের কাছে বিশেষভাবে অভিনন্দিত হয়েছিলেন, এ অধিবেশনে আবার এমন একটি বিল এল যাতে সে আশা উদ্দীপনা সম্পূর্ণরূপে উবে গেল।

এই বিলে অনেক ধারা ও উপধারা সংযোজিত হয়েছে। তার মধ্যে মাত্র আমি ২।১টি ধারা সম্বন্ধে আলোচনা করতে চাই। বিশেষ করে যেখানে ২ সেকশন (২২ ধারায়) বলা হয়েছে অ্যাপিল কমিটি সম্বন্ধে ক্লজ ২২-এর সাব-ক্লজ (৪)-এ বলা হয়েছে

"The decision of the Appeal Committee under sub-section (3) shall be final and no suit or proceeding shall lie in any Civil or Criminal Court in respect of any matter which has been or may be referred to, or has been decided by, the Appeal Committee."

এই উপধারাটি অত্যন্ত মারাত্মক ও অগণতান্ত্রিক। ভারতীয় সংবিধানে মূলতঃ "আইনের চক্ষে সকলের সমান অধিকার" স্বীকৃত হয়েছে, এখানে আমার মনে হয় মূলতঃ সেই অধিকারকেও ক্ষুন্ন করা হবে। শিক্ষকগণকে কেন এ অধিকারকে ক্ষুন্ন করিয়া অ্যাপিল কমিটির যূপকাষ্ঠে বলি দেওয়া হবে? এ বিষয়ে তাদের কেনই বা হাই কোর্ট বা ট্রাইবুন্যাল কোর্ট-এ অ্যাপিল করবার অধিকার থাকবে না?

দ্বিতীয়তঃ, ২২ ধারার উপধারাগুলিতে অ্যাপিল কমিটি গঠনের জন্য যে উপধারাগুলি সন্নিবেশিত হয়েছে তাতে পক্ষপাতিত্ব, রক্ষণশীল মনোভাবের পরিচয় পাওয়া যায়। এই কমিটির ৫ জন মেম্বার-এর মধ্যে ২ জন থাকবেন—একজন থাকবেন হেড অফ এ হাই স্কুল অর অফ এ মাল্টিপার্পাস স্কুল, এতে আর একজন থাকবেন
a member of a Managing Committee of a recognised Institution nominated by the President.

সাধারণতঃ দেখা যায় শিক্ষক মহাশয়গণের সঙ্গে যা গণ্ডগোল হয় তা হেড অফ দি ইনস্টিটিউশন-এর সঙ্গে হয় অথবা ম্যানেজিং কমিটির মেম্বারদের সঙ্গে হয়। আমি একজন সেকেন্ডারী স্কুলের টিচার-এর বিষয়ে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। এক্জিকিউটিভ অথরিটির হাতে জুডিসিয়ারীর ক্ষমতা থাকলে সেখানে সুবিচার পাবার আশা থাকে না এবং বিচার পক্ষপাতিত্ব-মূলক হয়। ২২ নং ধারার ১ উপধারায় এতে বলা হয়েছে যে "সরকারী চাকরীতে আছে এমন একজন ব্যক্তিকে" মনোনীত করলে ভাল হয়, কারণ যিনি অ্যাপিল কমিটিতে বিচার করবেন তাঁর আইনকানুন সম্বন্ধে অভিজ্ঞতা থাকা দরকার।

সেজন্য আমার মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিশেষ ভাবে অনুরোধ যে অ্যাপিল কমিটি সম্বন্ধে যে ধারা এবং উপধারাগুলি সংযোজিত হয়েছে তাহা সম্পূর্ণরূপে রি-কাস্ট করে অ্যাপিল কমিটি গঠন করা হউক এবং সর্বোপরি শিক্ষকদিগকে হাই কোর্ট-এ এবং ট্রাইবুন্যাল কোর্ট-এ অ্যাপিল করবার অধিকার দেওয়া হউক, নচেৎ তাদের গণতান্ত্রিক অধিকারকে ক্ষুন্ন করা হবে।

সর্বশেষে আমার অনুরোধ যে এই বিলটিকে সুষ্ঠুরূপে সংশোধনের জন্য জয়েন্ট সিলেক্ট কমিটি গঠন করে সেখানে পাঠানোর ব্যবস্থা করা হউক অথবা জনমত সংগ্রহার্থে সার্কুলেশন-এর জন্য দেওয়া হোক। আমরা দেখতে পাই, আমাদের দেশে এডুকেশনালী ব্যাকওয়ার্ড ক্লাস-এর মধ্যে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস শিক্ষার ক্ষেত্রে একেবারে অনগ্রসর হয়ে আছে। এখন যদিও দেখা যায় প্রাইমারী এডুকেশন-এর ক্ষেত্রে কিছু কিছু অনগ্রসর তবুও সেকেন্ডারী এডুকেশন-এর ক্ষেত্রে তাহারা উপযুক্ত পরিমাণে অগ্রসর হতে পাচ্ছে না অথচ তাহারা জনসংখ্যা হিসাবে রাজ্য সরকারের একটি বিরাট অংশ। চ্যাপটার থ্রি, ২৪নং ক্লজ-এ রাখা হয়েছে
The Board may with the approval of the State Government constitute such other Committee or Committees as it may think fit.

আমি এখানে মাননীয় শিক্ষামন্ত্রীকে কটি এডুকেশনাল ডেভেলপমেন্ট কমিটি ফর সিডিউল্ড কাস্টস অ্যান্ড সিডিউল্ড ট্রাইব গঠনের এবং ক্লজ ১৮-এর সংযোজনের জন্য অনুরোধ করবো। তাতে মধ্যশিক্ষার ক্ষেত্রে তারা একটি প্রয়োজনীয় অংশ গ্রহণ করতে পারবে।

সর্বশেষে একটি বিষয়ের দিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী এডুকেশন বিল ১৯৬২ আনবার সময় তিনি শরীরচর্চা শিক্ষা ফিজিক্যাল এডুকেশনকে মধ্যশিক্ষার মধ্যে মোটেই আমল দেন নাই। আমি মনে করি জাতি গঠনের দিক দিয়ে ও প্রতিরক্ষা ব্যবস্থাকে সুদৃঢ় করতে হলে সেকেন্ডারী এডুকেশন-এ ফিজিক্যাল এডুকেশন-এর একটি বিশেষ স্থান রাখা দরকার ও প্রয়োজন বোধে কমপালসরি সাবজেক্ট হিসাবে গণ্য করা উচিত। ভারতের কোন কোন রাজ্যে আগামী বৎসর হতে কলেজস্তরে বাধ্যতামূলক সামরিক শিক্ষা প্রবর্তনের ব্যবস্থা হচ্ছে। মাধ্যমিক শিক্ষার স্তর হতে যদি শরীর চর্চা শিক্ষা ঠিকভাবে প্রবর্তন করা না হয় তবে উচ্চ স্তরে গিয়া বাধ্যতামূলকভাবে সামরিক শিক্ষা গ্রহণে অসুবিধা হবে। চ্যাপটার ৪ পাওয়ার্স অ্যান্ড ফাংশন অফ বোর্ড সেকশন ২৭ যে সমস্ত ক্ষমতা ও কর্তব্য নির্দিষ্ট হয়েছে, তার মধ্যে শরীরচর্চা শিক্ষা প্রবর্তনের জন্য একটি উপধারা সন্নিবেশিত হওয়া দরকার। অবশ্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলতে পারেন এখনও মাধ্যমিক শিক্ষাস্তরে

রীরচর্চা শিক্ষণের ব্যবস্থা আছে। কিন্তু আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি এমন সব স্কুল আছে যেখানে উপযুক্ত ট্রেইন্ড ফিজিক্যাল ইনস্ট্রাক্টর নাই বা সেখানে গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে শরীরচর্চা শিক্ষা দেওয়া হয় না। সেজন্য বোর্ড থেকে যদি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা না হয় এবং একথা বোর্ডের কর্তব্যের মধ্যে নির্দিষ্ট না থাকে এবং বোর্ড দায়িত্ব গ্রহণ না করেন তবে সুফল পাওয়া যাবে না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়, এই বিলটির দীর্ঘ আলোচনা হয়েছে তবুও এরূপ প্রগতিবিরোধী ও প্রতিক্রিয়াশীল বিলের যতই বেশী আলোচনা হয় ও প্রতিবাদ হয় ততই ভাল বলে মনে করি। এটা মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে যে একটি বিপদজনক অবস্থার সৃষ্টি করেছে তাতে প্রতিবাদ করা কর্তব্য বলে মনে করি। আমি এ বিলকে একটা শিক্ষা সংহার বিল নামে অভিহিত করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানবশিশু দশমাস মাতৃগর্ভে থেকে ভূমিষ্ট হয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ১২ বৎসর গর্ভে ধারণ করে যে মূষিক প্রসব করেছেন তা অতি সামান্য হলেও তার দাঁত এমন ভীষণ যে যার ভয়ে পশ্চিম বাংলার শিক্ষিত ও শিক্ষক সমাজ বিচলিত, সন্ত্রস্ত, এবং এর ভবিষ্যৎ সম্পর্কে বাংলাদেশের জনসাধারণ চিন্তিত হয়ে রয়েছে। আজ তাই আমি মনে করি এই বিলটা যে কি ভয়ানক তা আপনিও নিশ্চয়ই অনুভব করতে পারছেন। আমি প্রথমেই বলতে চাই কলিকাতা বিশ্ববিদ্যালয় মাধ্যমিক শিক্ষার ব্যবস্থা করতেন, কি প্রয়োজন ছিল মাধ্যমিক শিক্ষা বোর্ড গঠন করবার। এর উদ্দেশ্য ছিল একটা স্বয়ংসম্পূর্ণ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার দ্বারা বাংলাদেশের জনসাধারণের মঙ্গল বিধান করা, এই পরিকল্পনা নিয়ে মাধ্যমিক শিক্ষা বোর্ডের দ্বারা তখন শিক্ষাবিদগণ পরিকল্পনা করতে অগ্রসর হয়েছিলেন।

[1-40—1-50 p.m.]

কিন্তু কংগ্রেস পক্ষ বর্তমানে যে বিল এনেছেন এর দ্বারা কি উদ্দেশ্য সফল হবে? আমি দেখলাম কংগ্রেস পক্ষ থেকে কয়েকজন শিক্ষাব্রতী এই বিলকে অভিনন্দন জানিয়েছেন এবং গভর্নমেন্ট এটা যে নিয়ন্ত্রণ করছেন তা সমর্থন করেছেন। আমি তাঁদের কাছে এই কথা জানতে চাই, বিশেষ করে শিক্ষামন্ত্রী একজন শিক্ষাবিদ, তাঁর কাছে শিক্ষার মূল উদ্দেশ্য কি সেটাই আমি জানতে চাই। তাঁরা কংগ্রেসের পক্ষ থেকে গান্ধীজীর কথা প্রায়ই বলে থাকেন, তাঁর নীতির কথা, আদর্শের কথা প্রায়ই বলে থাকেন, আমি গান্ধীজীর কথা এখানে বলবো, বিশেষ করে গান্ধীজীর শিক্ষানীতি তাঁরা যখন মেনে নিয়েছেন, তিনি বলেছেন, 'শিক্ষা হবে জীবনের জন্য এবং জীবনের মাধ্যমে' অর্থাৎ

education for life, and through life as co-existence with life itself.

শিক্ষা সম্পর্কে তিনি আরো বলেছেন, 'শিক্ষা দ্বারা আমি ইহাই বুঝি যে মানুষের দেহ, মন, ও আত্মার সর্বাঙ্গীন বিকাশ সাধন। স্বাক্ষরতা শিক্ষার শেষ কথা নহে, এমন কি আরম্ভও নহে।' এই কথা 'হরিজন'এ ৩১-৭-৩৭ তারিখে তিনি বলেছেন। একথা নিশ্চয়ই কংগ্রেসের যাঁরা গান্ধীবাদী আছেন তাঁরা জানেন। আমার মনে হয় এই যে বোর্ড গঠন করা হচ্ছে তার দ্বারা দেহ, মন, আত্মার সর্বাঙ্গীণ উন্নতি হবে না। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই সহস্র সরকারী বাধানিষেধের কন্টকে কন্টকিত তাঁর প্রস্তাবিত মাধ্যমিক শিক্ষা বোর্ড শিক্ষার মূল উদ্দেশ্য সাধনে সাহায্য করতে পারবে কি, তার মাঝখানে এই বোর্ড কি কোন মঙ্গল করতে পারবে? এখানকার যারা সভ্য তারা সরকারকে ভয় করে চলবে, আড়ষ্ট হয়ে থাকবে, পঙ্গু হয়ে থাকবে। পঙ্গুর দ্বারা কখনই কোন ভাল কাজ হতে পারে না। আর একটা কথা শিক্ষা সংস্কার সম্পর্কে বলতে চাই। ও'রা রবীন্দ্রনাথের কথা প্রায়ই বলে থাকেন, তাঁর কথাতেই বলতে চাই, তিনি তাঁর 'শিক্ষা' নামক বইতে বলেছিলেন, 'নিজে চিন্তা করিবে, নিজে সন্ধান করিবে, নিজে কাজ করিবে। এমনতর মানুষ তৈরী করিবার প্রণালী এক। আর পরের হুকুম মানিয়া চলিবে, পরের মতের প্রতিবাদ করিবে না, ও পরের কাজের জোগানদার হইয়া থাকিবে মাত্র, এমন মানুষ তৈরীর বিধান অন্যরূপ। আমরা স্বভাবতঃ স্বজাতিকে স্বাতন্ত্রের জন্য প্রস্তুত করিতে ইচ্ছা করিবো সেকথা বলাই বাহুল্য।' এই হচ্ছে রবীন্দ্রনাথের কথা। আজকে, মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আমি জিজ্ঞাসা করি এই যে বোর্ড হয়েছে এটা সরকার যদি বোর্ডকে তাঁদের কাজের জোগানদার তৈরী করাতে চান তাহলে আমার বলবার কিছু নেই। কিন্তু এই বোর্ড সরকারের হুকুম তামিলের সংস্থা না হয়ে তার স্বাধীন সত্তা নিয়ে বাংলাদেশের শিক্ষা বিস্তারের কাজ করবে কি না এই প্রশ্নের জবাব মাননীয় শিক্ষামন্ত্রী দয়া করে দেবেন। রবীন্দ্রনাথ আর একটা কথা বলেছেন, 'শিক্ষা দিবার উদ্দেশ্যের সঙ্গে সঙ্গে যদি কোন অবান্তর উদ্দেশ্য ভিতরে ভিতরে থাকিয়া যায় তবে তাহাতে বিকার জন্মায়।' আমি মনে করি ১৯৫০ সালের যে আইন এবং ১৯৬৩ সালের যে আইন তা যদি বিচার করে দেখেন এর মধ্যে যে অবান্তর উদ্দেশ্য তা হচ্ছে সমস্ত শিক্ষাকে সরকার কুক্ষিগত করে একেবারে পঙ্গু করে রাখবার এবং বাংলাদেশের শিক্ষা-বিস্তারের পথ রুদ্ধ করে রাখবার সকল প্রকার চেষ্টা করা হয়েছে। এর প্রধান প্রমাণ হচ্ছে ৩০ জন সদস্যের মধ্যে মাত্র ৫।৬ জন নির্বাচিত থাকবে, বাকী সরকার মনোনীত বা সরকারের অনুগ্রহ-প্রার্থী। অর্থাৎ কর্মচারী দিয়েই যদি কাজ হোত তাহলে ডাইরেক্টরেটের অধীনে কয়েকজন কর্মচারী বাড়িয়ে দিলেই তো এর উদ্দেশ্য রেখে দিয়ে কাজ করা যেতে পারতো। কি প্রয়োজন ছিল এই প্রহসনের, এত অভিনয় করার? আমি মনে করি এই বোর্ড গঠন করার মূলে একটি দুরভিসন্ধি রয়েছে এবং গান্ধীজীর কথাই সত্য হবে যদি মাননীয় মুখ্যমন্ত্রী এই বোর্ডের গঠন পরিবর্তন না করেন। সরকারের স্বাধীন শিক্ষা ব্যবস্থা পরিচালনার জন্য কোন কোন সদস্য মত প্রকাশ করেছেন যে, যতই এটা রাষ্ট্রের পরিচালনার অধীনে থাকবে ততই ভাল হবে। একথা কংগ্রেসের পক্ষ থেকে কেহ কেহ বলেছেন। আমি গান্ধীজীর কথাই এখানে বলছি, তিনি বলেছেন, 'রাষ্ট্রের পরিচালনাধীনে যদি শিক্ষা ব্যবস্থা থাকে তাহলে সাংঘাতিক অবস্থা। তিনি বলেছেন রাষ্ট্রের প্রকৃতি কি, এবং ইচ্ছা কি। আমি গান্ধীজীর কথা বারবার বলছি কারণ তাঁর কথা আপনারা প্রায়ই বলেন। গান্ধীজী বলেছেন, 'রাষ্ট্র হিংসারই একটি সম্বন্ধ এবং সংগঠিত প্রতীক। ব্যক্তির হৃদয় আছে কিন্তু যেহেতু রাষ্ট্র হৃদয়হীন একটি যন্ত্র বিশেষ সেহেতু হিংসা ব্যতীত অন্য কিছুর সহিত রাষ্ট্র কখনই খাপ খাইতে পারে না। কারণ রাষ্ট্র তার অস্তিত্বের জনাই হিংসার নিকট ঋণী। আমি মনে করি এই জনকল্যাণমূলক ব্যবস্থায় শিক্ষা যদি আজ রাষ্ট্রের কুক্ষিগত হয়ে থাকে তাহলে সব হুকুমদারী, প্রভাব-প্রতিপত্তি এবং প্র্যাকটিস এই নিয়ে সরকারী কর্তৃপক্ষ ব্যস্ত থাকবে। কিন্তু যাঁরা সত্যিকারের শিক্ষার জন্য চিন্তা করেন, সমাজের মঙ্গলের জন্য চিন্তা করেন, সত্যিকারের শিক্ষাব্রতী যাঁরা তাঁদের হাতে দিতে পারলেই ভাল হয়। কিন্তু দুঃখের বিষয় আমরা দেখতে পাচ্ছি, যে শিক্ষকরা শিক্ষাকে গড়ে তুলেছেন, যাঁদের জাতির জনক বলে মনে করা হয়, তাঁদের সম্পূর্ণ অবহেলা করা হয়েছে। তাঁদের কোন প্রতিনিধি নেই—মাত্র দুইজন আছে। আমি মনে করি তাঁদের অধিক সংখ্যক প্রতিনিধি থাকা দরকার, ১০।১২ জন থাকা উচিত এবং তাঁরা কিভাবে আসবে? সেখানে আমার মনে হয়, দুইটি প্রেসিডেন্সি আছে সেখান থেকে নির্বাচিত হয়ে আসবে, অথবা শিক্ষক কনস্টিটিউয়েন্সী আছে তার মধ্যে দিয়ে নির্বাচিত হয়ে আসবে। অবশ্য সেটা অনেক দূরের কথা আমার কথা হচ্ছে, এই যে বিল এসেছে, আমি এর তীব্র প্রতিবাদ করি এবং এর মধ্যে যে অনেক ধারা, উপধারা আছে তার প্রতিবাদ করি। এখানে অনেকেই মনে করেন এবং আমিও মনে করি, প্রেসিডেন্ট নির্বাচন সম্বন্ধে, গভর্নমেন্ট এই যে ৩০ জন সভ্য মনোনীত করছেন তাদের উপরেই তাকে নির্বাচন করার ভার দেন। কিন্তু তাদের উপরেও এঁদের এত অবিশ্বাস যে এদের হাতে নির্বাচন করার ভার না দিয়ে তাকে নিজেরা ঠিক করে দিচ্ছেন। এখানে দুইজন লোক তাঁরা নিচ্ছেন, তারা তাঁদের তাঁবেদার হয়ে থাকবে। কিন্তু যাঁরা আত্মমর্যাদাসম্পন্ন, গুণী ও সত্যিকারের মানুষ, তাঁরা এই প্রেসিডেন্টের কাছে সন্ত্রস্ত হয়ে থাকবেন, নীরব হয়ে থাকবেন, কিছু করতে পারবেন না। কাজেই সেই রকম কোন লোক এখানে আসতে চাইবে না। কাজেই আমি মনে করি প্রেসিডেন্ট বোর্ডের দ্বারা নির্বাচিত হওয়া উচিত এবং সেক্রেটারী বোর্ডের দ্বারা অ্যাপয়েন্টেড হওয়া উচিত। এবং সেক্রেটারীকে এই বোর্ডের কাছে জবাব দিতে হবে। তারপর অভিভাবকদের সম্পর্কে আমি বলি যেখানে লক্ষ লক্ষ অভিভাবক আছে তাদের প্রতিনিধি নেবার জন্য গভর্নমেন্টের চিন্তা করতে হবে। তারপর অনেকেই বলেছেন আপীল সম্বন্ধে। আমি মনে করি এখানে বাংলাদেশের শিক্ষক এবং ছাত্রদের প্রতি অত্যন্ত অন্যায় করা হয়েছে। তারা আপীল করে কোর্টের সামনে যেতে পারবে না। তাদের সে অধিকার খর্ব করা হচ্ছে। আর একটা কথা হচ্ছে এই যে, প্রাইমারী, মাধ্যমিক, ও কলেজীয় শিক্ষার জন্য একটি সমন্বয় কমিটি গঠন করা উচিত। মুদালিয়ার কমিটি, দে কমিটি এবং

সার্জেন্ট কমিটির যে সুপারিশগুলি আছে সেগুলি পুনরায় বিবেচনা করা উচিত। আরো অনেক কথা অনেক বক্তা বলেছেন, আমি আর সেগুলি এখানে বলতে চাই না। আমি শুধু বলবো যে এটা জনমত প্রচারের জন্য দেওয়া হোক অথবা সিলেক্ট কমিটির কাছে এটা পাঠিয়ে দেওয়া হোক। বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি না করে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তিনি এটাকে সিলেক্ট কমিটিতে পাঠান এবং সেটাকে বিবেচনা করে নিয়ে আসুন। জোর করে ভোটের জোরে পাশ করে বাংলা দেশের সর্বনাশ করবেন না, বাংলা দেশের ভবিষ্যৎ অন্ধকার করবেন না, এই নিবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2 p.m.]

Shri Abhoy Pada Saha:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী যেভাবে সেকেন্ডারী এডুকেশন বোর্ড বিল তৈরী করে এই হাউসে উপস্থাপিত করেছেন, তাতে এই হাউসে অনেক আলোচনা সমালোচনা হলো এবং অধিকসংখ্যক সদস্য এই বিল যে একটা ভাল বিল রচনা হয়েছে, দেশে যে শিক্ষাব্যবস্থা সুচারুভাবে চলতে পারবে—এ সম্বন্ধে তাঁরা কেউই আশা পোষণ করছেন না। এই বিলে বহু ত্রুটি বিচ্যুতি আছে। ১৯৫০ সালে যে একটা বিল পাস হয়েছিল, সেই বিলকে শেষ করে দিয়ে সরকারকে আবার একটা নতুন বিল আনতে হচ্ছে। এই নতুন বিলের দ্বারা যে ভালভাবে আমাদের মধ্যশিক্ষা পরিচালিত হবে, এটা তার প্রথম সোপান। দেশে শিক্ষাব্যবস্থা যদি ভালভাবে ঠিকমত গড়ে না ওঠে, তাহলে দেশ কখনো উন্নত হতে পারে না। এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেই জন্য অনেক সময় ধরে এর আলোচনা হচ্ছে। আমাদের শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে এই বিলটি আরো আলোচনা সাপেক্ষে যদি জনমত গ্রহণ করেন বা জয়েন্ট সিলেক্ট কমিটিতে দেন, যাতে বিলটি সর্বাঙ্গসুন্দর হয় এবং হয়ে যাতে আবার হাউসে আসে এবং আমরা একমত হয়ে তা গ্রহণ করতে পারি—তার ব্যবস্থা যেন তিনি করেন। এই বিলে তিনি যে ব্যবস্থা নিয়েছেন, তাতে আমলাতন্ত্রের সর্বাধিক ক্ষমতা এতে রয়ে গেছে। আমলাতন্ত্রের দ্বারা আমাদের দেশের জনসাধারণের কতটুকু স্বার্থ রক্ষিত হচ্ছে সেটা বিশেষভাবে বিবেচ্য বিষয়।

আমি একটা বিষয়ের কথা বলবো কেমন করে আমলাতন্ত্র দিয়ে শিক্ষাব্যবস্থা চলে। আমি একটি স্কুলে সেদিন উপস্থিত ছিলাম, যেদিন ইনস্পেক্টর সেই স্কুলে পরিদর্শন করতে এসেছিলেন। কিন্তু ইনস্পেক্টরের আসার সময় যে জৌলুস দেখলাম, তাতে বোধ হয় অমন মন্ত্রী বা আরো উচ্চপদস্থ লোক গেলেও সেরকম সাজগোজ ও জৌলুষ হয় না। সে যেন গুরুঠাকুর আসছেন! পা-ধোয়া জল থেকে আরম্ভ করে তার পাদ্য-অর্ঘ্যের কি ব্যবস্থা! তিনি গিয়েছেন স্কুল পরিদর্শন করতে; মাস্টারদের সেই রকম ব্যবস্থা। এর মধ্যে কতকগুলো গ্রামবাসী সেখানে গিয়েছিলেন স্কুল সম্বন্ধে অভিযোগ করতে। কিন্তু মাস্টাররা তাদের ইনস্পেক্টরের ধারে কাছেও ঘেঁষতে দেয় নি। যাহোক একজন সাহসী লোক ইনস্পেক্টরের কাছে গিয়ে বললেন আমাদের কিছু অভিযোগ আছে মাস্টারদের সম্বন্ধে। আমাদের অভিযোগ আপনাকে শুনতে হবে। প্রথম ইনস্পেক্টর তাদের সে কথা কানেই তুললেন না। কিন্তু বাইরে অত্যন্ত বিক্ষুব্ধ অবস্থা দেখে তিনি আর থাকতে পারলেন না; তিনি বললেন আচ্ছা, চলুন, আমি প্রকাশ্যে আপনাদের অভিযোগ শুনবো। তিনি প্রকাশ্যে বসে তাদের অভিযোগ শুনলেন, তারপর বাইরে থেকে ঘরে এসে মাস্টারদের সামনে সেই সম্পর্কে বলছেন—বাবা, অনেক কিছু জানা আছে আমার, অনেক লোক থাকে—তারা স্কুল সম্বন্ধে গণ্ডগোল করে। তারপর তিনি ভাল করে খেয়েদেয়ে স্কুল পরিদর্শন করলেন। এই তো আমলাতান্ত্রিক ব্যবস্থা! আমার চক্ষে দেখা, আমি একজন আইন-সভার সদস্য, আমাকে সেখানে তাঁরা নিমন্ত্রণ করেছিলেন, আমি তাদের এই সব কাণ্ডকারখানা দেখে অবাক হয়ে গেছি। সরকার যাঁদের স্কুল পরিদর্শন করবার জন্য বহু টাকা খরচ করে রেখে দিয়েছেন, তাঁদের এই কার্যকলাপ দেখে আমি খুবই হতাশ হয়েছি। সেইজন্য আমলাতান্ত্রিক এই যে ব্যবস্থা, এই ব্যবস্থাতে কোনদিন দেশে সাধারণ মানুষের দাবী পূরণ হবে না। সেইজন্য আমলাতান্ত্রিক উপায় বাদ দিয়ে যাতে গণতান্ত্রিক উপায়ে শিক্ষাব্যবস্থা চালু হয়, সেদিকে নজর রেখে আমাদের এই বিল রচনা করাটা উচিত ছিল। এটা আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে বলছি।

আর একটা কথা আমি এখানে না বলে পারছি না। এই বিলে আছে—সদস্য কিছু বাইরে থেকে ও সরকারী তরফ থেকে নেওয়া হবে। কিন্তু তপশীলী সম্প্রদায়ের বা পশ্চাদপদ সম্প্রদায়ের তরফ থেকে একজনও সদস্য এই বোর্ডে নেওয়ার ব্যবস্থা হয় নাই। কেন যে তা হয়নি তা আমি বুঝতে পারছি না। সেন্ট্রাল গভর্ন-মেন্টের ও প্রভিনসিয়াল গভর্নমেন্টের প্রত্যেক ক্ষেত্রে একটা ব্যবস্থা আছে যে তপশীলী সম্প্রদায়ের উন্নতির জন্য, তাদের অগ্রগামিতার জন্য তাদের সম্প্রদায় থেকে কিছু কিছু প্রতিনিধি নেবার বিশেষ সুযোগ দেওয়া হয়—এই রকম সব সংস্থায়। কিন্তু এই বিলে সেই ব্যবস্থা একদম গ্রহণ করা হয় নাই। এ সম্বন্ধে অবশ্য আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আশা করি আমাদের শিক্ষামন্ত্রী সে সম্বন্ধে একটু বিবেচনা করবেন এবং বিবেচনা করে অবশ্য যাতে এই তপশীল সম্প্রদায় থেকে একজন সদস্য এই বোর্ডে থাকতে পারে, তার ব্যবস্থা তিনি গ্রহণ করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বহুদিন পরে সেকেন্ডারী এডুকেশন বোর্ড বিল এই সভায় উপস্থাপিত হয়েছে এবং সেই বিল সম্পর্কে আজ দু-দিন যাবৎ বহু বিতর্ক এই সভায় হয়েছে। এই বোর্ডের উদ্দেশ্য হল দেশের লোকের মধ্যে শিক্ষা বিস্তার করা; এবং দেশের বালক, বালিকা, যুবক, যুবতীরা যখন মানুষ হয়ে উঠবে, তখন তারা যেন উপযুক্ত মানুষ হিসাবে, সমাজের একটা অংশ হিসাবে গণ্য হ'তে পারে, তারই জন্য এই বিল আনা হয়েছে। এই রকম একটা বিলের মহৎ উদ্দেশ্য সম্পর্কে এত বক্তৃতা হবার কারণ কি? যদি আমরা সকলে এটা বুঝতে পারতাম, যদি নিশ্চিত হতে পারতাম যে এমনভাবে বোর্ড রচনা হ'তে চলেছে, এই বিলের মধ্যে এমন বিধান রয়েছে যে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আমরা অ্যাসিওর্ড যে শিক্ষা ব্যবস্থায় কোন রকম দলাদলি রাখা হবে না, কোন রকম পার্সিয়ালিটি হবে না, নিরপেক্ষতা থাকবে, তাহলে এই রকম বিতর্কের প্রয়োজন হ'ত না। যদি আমরা মনে করতে পারতাম, নিশ্চিত হ'তে পারতাম যে এই শিক্ষা বিলের দ্বারা যে বোর্ড গঠিত হবে, সেই বোর্ড এমনভাবে শিক্ষা ব্যবস্থা করতে পারবে, এবং যে শিক্ষা ব্যবস্থায় আমাদের দেশের বালক, বালিকাদের সমাজের প্রকৃত নাগরিক হিসাবে গড়ে তুলতে পারবে, তাহলে এত বিতর্কের দরকার হ'ত না।

আমরা এখানে দেখছি কি? প্রথমে সরকারী নিয়ন্ত্রণ এই বিলে রাখা হয়েছে উপযুক্ত ভাবে। নিয়ন্ত্রণে আছে সরকার পক্ষ থেকে সমস্ত লোক থাকবে। মাত্র পাঁচ-ছয়জন লোক নির্বাচিত, আর বাকী সকলে হয় সরকার পক্ষীয়, আর না হয়, সরকারের অনুগৃহীত সরকারী কর্মচারী, অথবা তাঁদের মনোনীত ব্যক্তি, যারা কোন কোন ব্যাপারে পরোক্ষভাবে অনুগ্রহ চান। এই রকম কমিটি অবশ্যই সরকারের নিয়ন্ত্রণাধীনে হয়ে পড়ে। কথা হচ্ছে এই নিয়ন্ত্রণাধীন কমিটির শিক্ষা বোর্ড যদি দেশের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে পারে, তাহলে খারাপটা কি? এই বোর্ড যদি ভালভাবে শিক্ষা বিস্তার করতে পারে, তাহলে সেখানে কারও কিছু বলবার নেই। কিন্তু আজ পর্যন্ত মানুষের যা অভিজ্ঞতা, তা থেকে তারা মনে করে এই রকম ভাবের একটা নিয়ন্ত্রণ কমিটির দ্বারা কখনও শিক্ষা সুসম্পন্ন হতে পারে না। সেই জন্য আমরা মনে করি এই বিল সম্পূর্ণ গণতন্ত্র বিরোধী। গণতন্ত্রের যে নীতি, সেই নীতি বিরোধী। বর্তমানে আমাদের দেশের যে রাষ্ট্র-ব্যবস্থা, সেই ব্যবস্থায় আমরা গণতন্ত্রকে মেনে নিয়েছি। সেটা একটা গণতন্ত্রবিরোধী রাষ্ট্রব্যবস্থা নয়, সে গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা সীমাবদ্ধ নয়। সেই গণতন্ত্র আজ আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রসারিত হওয়া দরকার, বিশেষ করে শিক্ষার ক্ষেত্রে।

[2—2-10 p.m.]

শিক্ষাক্ষেত্রেই হোক বা যে কোন ক্ষেত্রেই হোক সেই গণতন্ত্র প্রসারিত হবার কথা, কিন্তু যেভাবে বোর্ড তৈরী হচ্ছে তাতে গণতন্ত্রের প্রসার হবার কোন লক্ষণ নাই, বরং সঙ্কুচিত হবারই লক্ষণ দেখা যায়। অন্য দিক থেকে আরেকটা মারাত্মক কথা, গণতন্ত্রের মূল নীতির কথা—আমাদের মাঃ শিক্ষামন্ত্রী যে কি করে এটা ভুলে গেলেন আশ্চর্যের কথা,—সরকার কতগুলি কাজ করে দেবেন সেটাই শুধু নয়, গণতান্ত্রিক সরকারের কর্তব্য হবে জনতার মধ্যে থেকে দাবি সৃষ্টি করা, আমাদের দেশবাসী কিরকম শিক্ষাব্যবস্থা চান সেটা জানবার চেষ্টা করা, জনগণের মধ্যে দাবি

সৃষ্টি করা এই হচ্ছে প্রকৃত গণতন্ত্রের আদর্শ। সরকারী কর্তৃত্ব বা একজিকিউটিভই গণতন্ত্রের মূল নীতি নয়। এই বিলের দ্বারা গণতন্ত্রের মূলনীতি বিসর্জিত হয়েছে। দেশের অভিভাবক শ্রেণী, শিক্ষক সমাজ এবং অন্যান্য শিক্ষিত ব্যক্তিরা যদি পরিষ্কারভাবে বলতে পারতেন কিরকম শিক্ষাব্যবস্থা তাঁরা চান, বর্তমান শিক্ষাব্যবস্থায় কোথায় কোন্ গলদ আছে সেই কথা যদি তাঁরা পরিষ্কার করে ভয়েস করতে পারতেন তাহলে একটা সুন্দর ব্যবস্থা এবং গণতন্ত্রসম্মত ব্যবস্থা হত বলে আমি মনে করি। তাহলে আজকে শিক্ষা সম্পর্কে দেশের ভিতর কি চিন্তাধারা চলছে, জনসাধারণ কি চাচ্ছেন সরকার সেটা জানতে পারতেন, যে বোর্ড করতে চাচ্ছেন সেই বোর্ড সেটা জানতে পারতেন, এবং তাহলে পর আমাদের শিক্ষাব্যবস্থার একটা পুরাপুরি সংস্কার হত। শিক্ষাব্যবস্থায় ফাইনাল বলে কিছু নেই, সেটা ক্রমাগতই সংস্কৃত হতে থাকে। কিন্তু এই বিলে সেই সুযোগ নাই। এখানে বরং তার পরিপন্থী ব্যবস্থাই আছে, সেইজন্য আমি এই বিলের বিরোধিতা করি। এই বোর্ডের ক্ষমতা কি? বোর্ডের ক্ষমতা হল, তারা রিকগনিশন দেবেন কিনা এই ক্ষমতা আছে, কিন্তু কোথাও যদি কোন স্কুল তৈরীর দরকার হয় সেই ইনিসিয়েটিভ এই বোর্ডকে দেওয়া হয় নি। পশ্চাৎপদ জায়গায় শিক্ষাব্যবস্থা যেখানে নাই সেখানে অনেক লোক বিদ্যালয় তৈরী করবার জন্য, ছেলেদের শিক্ষার সুযোগ দেবার জন্য নানা স্বার্থত্যাগ করে স্কুল স্থাপন করতে চান, কিন্তু সেই স্কুলে যদি সরকারের মনোমত লোক না থাকে, তার সংগঠনের মধ্যে যদি তাঁদের নিজেদের লোক না থাকেন তাহলে সেই স্কুলকে রিকগনিশন দেওয়া হয় না। যাঁরা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে শিক্ষার কাজে এগিয়ে আসেন তাঁরা যদি এভাবে বাধা পান তাহলে দেশের ভিতর শিক্ষার প্রগতি অনেকটা ব্যাহত হবে সেবিষয়ে সন্দেহ নাই। এই যে সরকার নিয়ন্ত্রিত কমিটি করা হচ্ছে এজন্য আমি এই বিলের বিরোধিতা করি। আমার পূর্ববর্তী বক্তা বলে গিয়েছেন প্রেসিডেন্ট এবং সেক্রেটারী কিভাবে নির্বাচিত হওয়া উচিত। এই প্রেসিডেন্ট নির্বাচিত হচ্ছেন না, তিনি নিযুক্ত হচ্ছেন। টাকার দিক থেকেও পঙ্গু করে রাখবার চেষ্টা হয়েছে, এই যে বোর্ড তৈরী হবে সেই বোর্ড আগামী বৎসরের যা খরচ সেটাই এই বৎসরে পেশ করবেন। এমন কোন বিধান নাই যে বৎসরে খরচ করবেন সেই বৎসরের একটা বাজেট তৈরী করবেন এবং তা করে সেটা সরকারের হাতে যাবে, তারপর সরকার সেই বাজেট বিচার-বিশ্লেষণ করবেন। তাদের মতামত জানাবার জন্য ৩ মাস সময় দেওয়া হয়েছে, অর্থাৎ, এই বোর্ড যদি এমন কিছু করেন যা সরকারের পছন্দ নয় অথচ বোর্ডকে কিছু বলা যাচ্ছে না তাদের যে বাজেট এস্টিমেট সেটা সম্পর্কে পাকা কথা, শেষ কথা বলার জন্য ৩ মাস ধরে এদের হয়রানী করা হল--এভাবে বোর্ড বাধ্য হয়ে সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হবে। এর ফলে, বর্তমানে বহু শিক্ষক যেখানে সময় মত বেতন পান না, কিই বা তাঁরা বেতন পান ভবিষ্যতে এই শিক্ষক সমাজকে আবার নানাভাবে দুর্ভোগ ভুগতে হবে সেকেন্ডারী এডুকেশনএ নানা রকম খরচ চালাবার জন্য। অন্য দিকে, কোন কোঅর্ডিনেশনএর ব্যবস্থা নাই, এখানে উল্লেখ করা যায় যে, প্রাইমারী সেকশনএ ক্লাস ফোর পর্যন্ত ইংরাজি পড়াবার কোন বিধান নাই, কিন্তু ক্লাস ফাইভএ গিয়েই তাদের একটা গোটা বই শেষ করতে হবে। যাঁরা শিক্ষকতা করেন বা যেসব গার্জেন তাঁদের ছেলেদের সম্পর্কে একটু নজর রাখেন তাঁদের কাছ থেকে এই কমপ্লেইন্ট আমরা পাই যে, ক্লাস ফোরএ ইংরেজী শিখান হবে না অথচ ক্লাস ফাইভএ গিয়ে ছাত্রদের একটা গোটা ইংরাজি বই শেষ করতে হবে, এতে করে শিক্ষার ভিত্তি, অন্ততঃ একটা বিষয়ে এত দুর্বল হয়ে যাবে যে বলার কথা নয়। এই কোঅর্ডিনেশন এবং দায়িত্ব এ'দের। কিন্তু এর মধ্যে সেরকম ব্যবস্থা নাই।

উপসংহারে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট এই অনুরোধ রাখতে চাই তিনি জনমত সংগ্রহের জন্য এই বিলটি প্রচারার্থে দিন।

Shri Aboni Bhattacharya:

মাঃ স্পীকার মহাশয়, আমাদের সামনে যে শিক্ষাবিল এসেছে সেটার আলোচনা নানা দিক থেকে মাননীয় সদস্যরা করেছেন এবং করছেন। আমরা জানি একটা স্বাধীন দেশের উন্নতি বা তার প্রগতি নির্ভর করে তার শিক্ষাব্যবস্থার উপর। আমরা আমাদের শিক্ষাব্যবস্থার পরিবর্তন এমন-ভাবে করতে চাই যাতে আমাদের দেশের ভবিষ্যৎ যুবক যুবতী, আমাদের আফটার জেনারেশন আমাদের দেশকে অন্যান্য রাষ্ট্রের সমকক্ষ করতে পারে। এই বিলটা পর্যালোচনা করলে সেই ধরনের কোন আশা পাই কি না সেটাই এখানে আমাদের পরীক্ষা করার বস্তু।

[2-10—2-20 p.m.]

সেকেন্ডারী এডুকেশান অ্যাক্ট যেটা ছিল তার বলেই একটা সেকেন্ডারী এডুকেশান বোর্ড তৈরি হয়েছিল। সেটা আবার ১৯৫৪ সালে সুপারসিড করে দিয়ে পরে এই বিল আমাদের কাছে আসছে, এবং নূতন একটা বোর্ড তৈরি করার মতলব এর মধ্যে আমরা পাচ্ছি। কিন্তু যে বোর্ড তৈরি হবে, তাতে শিক্ষাব্যবস্থা কতখানি পরিবর্তন হবে সেটা বিচার করতে গিয়ে আমরা একটু হতাশ হয়েছি। কারণ, এতে শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তনের কোন প্রশ্ন বা মূল পার্থক্য আমরা পাচ্ছি না। এই ধরনের দাবী পূরণের কোন ব্যবস্থা এর প্রতিশানের মধ্য দিয়ে আমরা পাচ্ছি না। যে ধরনের সেকেন্ডারী এডুকেশান চলছে, সেই সেকেন্ডারী এডুকেশান আজ ১০-১২ বছর চলার পর আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার, আমাদের দেশের ছাত্র-ছাত্রীরা শিক্ষায় কতটা উন্নত হয়েছে, সে সম্বন্ধে অনেক মাননীয় সদস্য বক্তব্য করলেন, এবং অনেকের ধারনা যে, শিক্ষার স্তর তেমন বাড়েনি। এমন কি, ব্রিটিশ আমলের চেয়েও অনেকটা পশ্চাদপদ। সেই সময় যে শিক্ষা আমরা পেয়েছি, এই নূতন সেকেন্ডারী এডুকেশানের ফলে এই শিক্ষার স্তরের যে কিছুটা উন্নতি হয় নি, এটাই বেশীরভাগ মাননীয় সদস্যদের মত, এবং আমিও এ বিষয়ে তাঁদের সঙ্গে একমত। ১০ বছরে সেকেন্ডারী এডুকেশান-এর নানারকম পরিবর্তন হয়েছে, কিন্তু যারা শিক্ষার্থী তাদের শিক্ষার মান বেড়েছে কিনা সন্দেহ। শিক্ষার মান বাড়াবার উদ্দেশ্য যখন আমাদের, এবং তাদের স্বাধীন দেশের নাগরিক হিসাবে শিক্ষিত করে তোলার, এবং অন্যান্য দেশের মত বিদ্যাবুদ্ধি ও বিজ্ঞানশিক্ষা তারা পাবে এটা যখন আমরা চাই, তখন সেটা যে এর মধ্য দিয়ে হবে না, এ বিশ্বাস আমার আছে, এবং সেই বিশ্বাস আছে বলেই এর বিরোধিতা আমরা করছি। এর আমূল পরিবর্তন করা দরকার, শুধু কতকগুলি অ্যামেন্ডমেন্ট করলেই এর রূপ বদলে যাবে না। সমস্ত শিক্ষার ধরণ, ধাঁচ, আমরা অন্যরকম করার প্রয়োজন বোধ করছি বলেই আমরা এর বিরোধিতা করছি। আমরা চাই, আমাদের প্রত্যেকটা ছেলেমেয়ে এমনভাবে শিক্ষিত হোক, যাতে তারা দায়িত্বশীল নাগরিক হিসাবে গণতান্ত্রিক চিন্তা করার মধ্যে সমাজতন্ত্র গঠন করার কাজে এগিয়ে যেতে পারে। সেই শক্তি অর্জন করা দরকার, কিন্তু এই শিক্ষার মাধ্যমে সেই জিনিস হচ্ছে না। এই যদি বাস্তব অবস্থা হয়, তাহলে এই বিলের একটু এদিক-ওদিক করে দিলে আমরা কি করে আশা করব যে, আমার উদ্দেশ্য সাধিত হবে। আমি তাই শিক্ষা-মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করব, এই বিল তাড়াতাড়ি পাশ করার চেষ্টা না করে এটাকে আবার পুনর্বিচার করুন, মাননীয় সদস্য যাঁরা ওদিকে রয়েছে, তাঁরাও করুন এবং দেশের মানুষের কাছে পাঠান হোক, তাঁদের মতামতের জন্য। এতে আমাদের যদি দেরী লাগে তা হলেও আমার মনে হয় সেটা দেশের ভবিষ্যতের পক্ষে বাঞ্ছনীয়। আমার এই অনুরোধ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdul Bari Moktar:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই বিল যেভাবে আনা হয়েছে, এর যে চরিত্র রূপায়িত হয়েছে, এবং যে বই আকারে দিয়েছেন, এই বিল দেখে মনে ভয় আসছে এটা কি! স্যার, গোলাপ ফুল জলে জন্মে, ফুল ফোটার সময় তাকে জলের উপর খানিকটা ঊর্ধে উঠতে হয়। মাননীয় স্পীকার স্যার, আমি ভুল বলেছি, পদ্মফুল, একটা পদ্মফুল জন্মে জলের মধ্যে থেকে, কিন্তু যখন ফুটন্ত হয়ে যায়, তখন তার স্বভাবজাত নিয়ম হচ্ছে, উপরে গিয়ে আত্মবিকাশ করা, তা না হলে কি হবে এই ফুটন্ত ফুলকে যদি জলের মধ্যে রাখা হয়, তাহলে নিশ্চয়ই পচে যাবে। স্যার, এই বিল যদি ধরা হয়

A is equal to B, B is equal to C, C is equal to C

এইরকম ধরনের যদি একটা কিছু ধরে নেওয়া হয়, কতকগুলি মেম্বার, যারা সরকারী কর্মচারী কতকগুলি মেম্বার, যারা সরকারের মনোনীত অ্যাপয়েন্টেড ও নমিনেটেড, যেসমস্ত মেম্বার আছেন এবং মূল কমিটিতে আছেন, এবং অন্য স্ট্যান্ডিং কমিটিতে আছেন, সেই সিলেবাস কমিটি সেই রিকগনিশান কমিটি, সেই এক্সামিনেশান কমিটি, এই যেসমস্ত কমিটি লোককে দেবেন, যাদের রিকগনিশান দেবেন, সেইসমস্ত লোকেদের উপর প্রভাব বিস্তার করার পর এই বিল সারা বাংলাদেশে যেসমস্ত পদ্মফুল তৈরি করবে, সে পদ্মফুলে যেন পচন না ধরে। সেই পদ্মফুলের মধ্যে যেন ভাঙ্গন না ধরে যায়। রাজনৈতিক প্রভাব থেকে যাতে অনেক ঊর্ধে থাকতে পারে

সেদিকে দৃষ্টি দিয়ে এই বিল আনা উচিত ছিল বলে আমি মনে করি। এই বিল যে আকারে আনা হয়েছে, তাতে একটা কথা মনে পড়ে, 'যার শেষ ভাল, তার সব ভাল', এই অ্যাপিল কমিটিতে যদি কোন অ্যাপিল-এর ডিসিশন পেশ, এবং কোন শিক্ষক কোন বা ইনস্টিটিউশন অ্যাগ্রিভড হন, তার ডিসিশন-এ, তাহলে অ্যাপিল কমিটির কোন প্রভিশন নেই কোথায় গিয়ে তারা পাবেন। আমি মনে করি এটা আল্টাভায়ার্স হয়েছে, আমি মনে করি এই আইনে এমন একটা প্রভিশন থাকা উচিত, যারা

aggrieved person with the decision of the Appeal Committee.

তারা হাই কোর্ট-এ গিয়ে আশ্রয় নিতে পারবেন, এইরকম একটা অ্যামেন্ডমেন্ট মনে করি, এদিক থেকে যুক্তিসঙ্গত এবং থাকা উচিত, মানুষের সর্বস্তরে। আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীমহাশয়ের কাছে জানাব যে, সকলেই প্রোটেকশান চায়, অ্যাপিল কমিটিতে অ্যাডভাইস করবে, বোর্ড তার অ্যাপিল কমিটিতে ডিসিশন নেবে, কিন্তু তার এগেইনস্ট-এ আমরা কিছু করতে পারবো না। যারা অ্যাগ্রিভড পার্সন হবে, তারা আইনের সাহায্য নিতে পারবে না, এটা কোনরকম ধরনের কথা হল, তাই আমি শিক্ষামন্ত্রীমহাশয়কে নিবেদন করি যে, অ্যাপিল কমিটির যে ডিসিশন হবে

"if anybody is aggrieved with the decision of the appeal committee

তাহলে সে ব্যক্তি

shall be entitled to file a suit in the High Court".

এ কথাটা একান্ত সমীচীন, আর একটা কথা, আইনে আছে, মূল বডির ক্লজ ১১(ডি)-তে বলেছেন যে,

A person shall be disqualified for being elected, nominated or appointed a member of the Board

এই সেকশান-এর মধ্যে একটা কথা আছে, (ডি)-এর মধ্যে যে এখানে স্পেসিফিক্যালি কোন অফেন্স-এর কথা নেই, মরাল টার্পিচুড বিভিন্ন রকমের অপরাধ আছে। সে অপরাধের জন্য আমি মনে করি যে কোন লোক যার আবার মরাল টার্পিচুড বিভিন্ন রকমের অপরাধ আছে, সে অপরাধের কোন লোকের সঙ্গে তুলনা করা উচিত, এবং এ জিনিস সীমাবদ্ধ করে কতকগুলি অপরাধের জন্য এদের একটু স্টিফ হওয়া উচিত।

[2-20 2-30 p.m.]

আর এই বিলে যেসমস্ত ধারা উপধারা আছে সমস্ত ধারা এবং উপধারার পরে যেসমস্ত...........

Mr. Speaker:

ধারা যখন আলোচনা হবে তখন বলবেন।

Shri Abdul Bari Moktar:

আমি বলছি এই যে রয়েছে -

disqualify candidates for presenting themselves for examination for any reason.

এখানে অপরাধের মান কি হলে, সত্যিই তার বিরুদ্ধে ড্রাস্টিক অ্যাকশন নেওয়া হবে, তা বলা নেই, এবং ড্রাস্টিক অ্যাকশন এর বিরুদ্ধে যদি কিছু করার অধিকার না থাকে, তাহলে ছাত্রদের আর দ্বিতীয় সেল্টার নেই। আগে থেকে আশা করেছিলাম, মাধ্যমিক শিক্ষা বিল একটা সর্বাঙ্গসুন্দর বিল হয়ে আসবে, কিন্তু দুই দিন ধরে আলোচনার মধ্যে যা দেখেছি এবং শুনেছি, তাতে হতাশ হয়েছি। ডাঃ রাধাকৃষ্ণ পাল বলেছিলেন, স্কুলের ম্যানেজিং কমিটি তাঁকে তাড়িয়েছেন এবং ডাঃ পাল ম্যানেজিং কমিটি সম্বন্ধে যেকথা বলেছেন, এটা খুব যুক্তিসঙ্গত কথা নয়। তাঁকে কে তাড়িয়েছেন না তাড়িয়েছেন, সেটা ব্যক্তিগত ব্যাপার। আমি মনে করি এই ইনস্টিটিউশন এমন একটা জিনিস হবে, যাতে ভারতবর্ষে বিদ্যালয়ের মধ্য দিয়ে আমাদের জীবন পূর্ণ বিকশিত হবে। সেই জিনিসটাকে দ্বন্দ্ব, বিঘ্ন, কলহ সমস্ত কিছু থেকে মুক্ত করে গড়ে তোলা উচিত। এরকম জিনিস তৈরি করতে গেলে সেই যে ম্যানেজিং কমিটির কথা উঠেছে সেটা কিরকম হবে, কিভাবে প্রভাবমুক্ত হতে পারে, সেটা ইলেকশান-এর পরে বিচার হয়ে যায়।

কারণ, ইলেকশান-এ ভারডিক্ট একটা কিছু হলে সেটা ফাইন্যাল বলে মেনে নিতে হয়। .এই বিলে ম্যানেজিং কমিটি সম্বন্ধে আরও কতকগুলি কথা রাখা দরকার। অনেকক্ষেত্রে হয়ত দেখা যায় যে, স্কুল কর্তৃপক্ষের ত্রুটি-বিচ্যুতির জন্য ছাত্ররা কষ্ট পাচ্ছে, সেইসমস্ত ক্ষেত্রে এই যে বিল, এই বিলের যদি টপ টু বটম আমরা দেখি, তাহলে দেখতে পাব একটা জিনিস এখনও হয়ে যাচ্ছে। আসলে যেটা ইনফারেন্স ড্র করা হয়েছে, সেটা একই জিনিস। কোন ম্যানেজিং কমিটি হয়ত দুর্নীতিগ্রস্ত, কোন জায়গায় হয়ত কোন শিক্ষকের প্রতি অন্যায় করেছে, সেসব ক্ষেত্রে ম্যানেজিং কমিটি না থাকার কারণে সেখানে বোর্ডকে অ্যাডমিনিস্ট্রেটার অ্যাপয়েন্ট করতে বলা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। অথচ সেই সেই ম্যানেজিং কমিটির কাছ থেকে এখনও পর্যন্ত সুবিচার পাওয়া যায় নি, এরকম দৃষ্টান্ত আছে। সেইসমস্ত ম্যানেজিং কমিটির হাত থেকে ছাত্র বা শিক্ষকদের রক্ষা করার জন্য এর মধ্যে কিছুই বলা হয় নি। তারা কোথায় গিয়ে আশ্রয় নেবে, তাদের পূর্ব অবস্থা ফিরে পাবে, তা পরিষ্কারভাবে কিছুই বলা হয় নি। এই বিল যেভাবে আনা হয়েছে, আমি মনে করি আমাদের প্রবীণ এবং শিক্ষাবিদ মাননীয় শিক্ষামন্ত্রী-মহাশয় এটা ভাল করে দেখে একে সমস্ত প্রকার করে, নতুন আশা ও আলো নিয়ে একটা সর্বাঙ্গ-সুন্দর জিনিস আমাদের সামনে আনবেন। সেই কারণে আমি বলি এটা সিলেক্ট কমিটিতে পুনর্বিবেচনার জন্য পাঠান হোক।

কে এই বোর্ডের সদস্য করে নেওয়া হোক অন্ততঃ আমরা মনে করি বাংলাদেশের শিক্ষার ক্ষেত্রে বর্ধমান এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার-এর যে সম্মান সেই সম্মান আমরা যদি এখানে যুক্ত করে দিই তাহলে ডিগনিটি অফ দি বোর্ড অনেক পরিমাণে বেড়ে যাবে। এই সমস্ত মানুষদের যদি বোর্ডে আনি তাহলে শুধুমাত্র বোর্ডের ডিগনিটি বাড়বে না তাদের যে ওয়াইড এক্সপিরিয়েন্স ব্যাপক জ্ঞান তাকে কাজে লাগাতে পারব, তাদের শিক্ষা বিষয়ের নলেজকে আমরা কাজে লাগাতে পারব। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলছি বিহার-এ সেকেন্ডারী বোর্ড অফ এডুকেশন যা আছে সেখানে বিহার ইউনিভারসিটির ভাইস-চ্যান্সেলার ও পাটনা ইউনিভারসিটির ভাইস-চ্যান্সেলারকে যদি নেওয়া হয় তাহলে আমাদের পশ্চিম বাংলার সেকেন্ডারী এডুকেশন বোর্ডে কেন আমাদের এই ভাইস-চ্যান্সেলারসরা থাকবেন না? ১৯৫০ সালের আইনে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার-এর স্থান ছিল, আজকে সেখান থেকে তাঁকে সরিয়ে দেওয়া হচ্ছে কেন সে সম্পর্কে পরিষ্কার বক্তব্য শুনতে চাই।

আমার দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট হচ্ছে—

two persons elected in the manner prescribed from amongst the guardian members of the managing committees of the institutions.

আমি যে কথা বারবার বলতে চাই তা হল এই যে, শিক্ষার ক্ষেত্রে শুধুমাত্র সরকারের নয়, শুধুমাত্র আমলাদের নয়, শিক্ষাক্ষেত্রে অধিকার আছে শিক্ষকদের, শিক্ষাক্ষেত্রে অধিকার আছে অভিভাবকদের—তাদের স্থান এর মধ্যে কোথায়? মাননীয় শিক্ষামন্ত্রী আমার কাছে ব্রিটিশ অ্যাক্ট-এর কথা বলেছিলেন, তাঁকে পড়ে শুনিয়ে দিচ্ছি সেখানে কতখানি এই সমস্ত অভিভাবকদের শ্রদ্ধা দেওয়া হয়। সেকশন ৭৬ অফ ব্রিটিশ অ্যাক্ট অফ ১৯৪৪, সেখানে কি বলছে—

"In the exercise and performance of all powers and duties conferred and imposed on them by this Act the Minister and local education authorities shall have regard to the general principle that, so far as is compatible with the provision of efficient instruction and training and the avoidance of unreasonable public expenditure, pupils are to be educated in accordance with the wishes of their parents.

পেরেন্টসদের স্থান ব্রিটিশ এডুকেশন অ্যাক্টএ কিভাবে দেওয়া হয়েছে, এই অভিভাবকদের প্রতি কতখানি সম্মান তাঁরা দেখিয়েছেন—সেদিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আমি আকর্ষণ করতে চাই—এই সেকশন ৭৬ অফ দি ব্রিটিশ অ্যাক্ট দেখুন—সেখানে অভিভাবকদের কতখানি সম্মান তাঁরা দিয়েছেন।

এই বিলের ৪ নম্বর ধারায় বোর্ড গঠনকরার কথা আছে, সেখানে অভিভাবকদের কোন স্থান দেওয়া হয়নি। আমাদের এখানে শিক্ষা ব্যবস্থার খরচের শতকরা ৫০ ভাগ অভিভাবকরা বহন

করে। বোম্বেতে দেখছি শতকরা ৩০ ভাগ অভিভাবক বহন করে, আর বাকিটা সরকার বহন করেন। কিন্তু আমাদের দেশের অভিভাবকরা শিক্ষা ব্যবস্থার খরচের একটা বিরাট অংশ বহন করে, অথচ সেখানে তাঁদের প্রতিনিধিত্ব স্বীকার করা হয় নাই। এই সম্পর্কে আমার অ্যামেন্ডমেন্ট শিক্ষা-মন্ত্রীর কাছে রাখছি, তিনি যেন সেটা একটু ভালভাবে বিচার করবার চেষ্টা করেন।

আমার পরের অ্যামেন্ডমেন্টটির প্রতিও শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে

Two heads of the recognised institutions elected in the manner proposed.

15(a)

সেখানেতে বিলে

Two Heads of the recognised High Schools or Multipurpose Schools nominated by the Government.

সমস্ত ক্ষেত্রে যদি নমিনেটেড হয়, তবে সরকার যেটা ভাল বুঝবেন, যাদের নিজেদের তাঁবেদার বলে মনে করবেন, সেইসব শিক্ষকদের আনবার চেষ্টা সরকার করবেন। শিক্ষাক্ষেত্রে আমি মনে করি যে স্বাধীন ভারত গড়ে তুলবার যে প্রস্তুতি চলছে, সেটা ব্যর্থ হয়ে যাবে। সার্জেন্ট কমিটি তাঁর রিপোর্টে বলেছেন এক্সপার্ট নিয়ে এসো। এক্সপার্ট শিক্ষকরা নিজেদের মধ্যে নির্বাচন করে পাঠাবে। এইজন্য হেড মাস্টার বা হেডস অফ দি ইনস্টিটিউশন নিজেরা ইলেকটেড হয়ে আসবে।

আমার পরবর্তী অ্যামেন্ডমেন্ট যেটা, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই বিলের ৪ নম্বর ধারায় কোথাও দেখছি না যে সেখানে অধঃস্তন যে সমস্ত শিক্ষক আছেন, সেই এ্যাসিস্ট্যান্ট টিচারদের কোন স্থান এখানে নাই, এখানে এ্যাসিস্ট্যান্ট টিচারদের রিপ্রেজেনটেশন একদম অস্বীকার করা হয়েছে। তাঁদের বক্তব্য রাখবার কোন সুযোগ এখানে নাই। কেবল প্রধান শিক্ষকদের বক্তব্য হয়তো এখানে তাঁরা রাখবেন, তাঁদের অধঃস্তন এ্যাসিস্ট্যান্ট টিচারদের মতামত রাখবার কোন সুযোগ এখানে দেওয়া হচ্ছে না। তাই আমার অ্যামেন্ডমেন্টে আছে -

Two teaching personnel other than Head of the recognised institution

এই টিচিং পার্সোনাল হিসেবে এই এ্যাসিস্ট্যান্ট টিচারদের কোন স্বীকৃতি তাঁরা দেবেন না। তাঁদের কোনরকম যোগাযোগ নাই ক্ষমতা নাই। এই শিক্ষা ব্যবস্থার সঙ্গে তাঁরা যত ঘনিষ্ঠভাবে যুক্ত, অন্য কেউ সেইভাবে যুক্ত নয়। কাজেই এই এ্যাসিস্ট্যান্ট টিচারদের রিপ্রেজেনটেশন এই বোর্ডের মধ্যে থাকা উচিত ছিল বলে আমি মনে করি।

তারপরের অ্যামেন্ডমেন্ট আমার কলেজ টিচার্স রিপ্রেজেনটেশন সম্বন্ধে। এই বিলে বলা হয়েছে সেকেন্ডারী স্কুল-এর টিচার্স এ্যাসোসিয়েশন-এর প্রতিনিধি থাকবে এই সেকেন্ডারী এডুকেশন বোর্ডে যেটা আপনারা করতে যাচ্ছেন। মাননীয় শিক্ষামন্ত্রীর একটা ভুল কনসেপসন আছে। কলেজ এডুকেশন থেকে যদি সেকেন্ডারী এডুকেশন ও প্রাইমারী এডুকেশনকে তিনি বিচ্ছিন্নভাবে দেখেন, তাহলে ভুল করবেন। কলেজ এডুকেশন ও সেকেন্ডারী এডুকেশন এই দুয়ের মধ্যে একটা সংযোগ রাখা দরকার। কলেজী শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষার সমস্যার সমাধান অঙ্গাঙ্গীভাবে জড়িত, ঘনিষ্ঠভাবে জড়িত। কাজেই কলেজী শিক্ষা সম্বন্ধে যাঁরা ভালভাবে সচেতন, তাঁদের প্রতিনিধি এখানে রাখা দরকার। তাই আমি এখানে প্রস্তাব করেছি কলেজ টিচার্স এসোসিয়েশন-এর প্রতিনিধি এখানে থাকুন যাঁরা এই শিক্ষা ব্যবস্থায় উপযুক্ত শিক্ষা ব্যবস্থাপনায় যথেষ্ট সাহায্য করতে পারবেন। তাঁরা বলতে পারবেন কেমনভাবে এই সেকেন্ডারী এডুকেশনকে সার্থকতার দিকে নেওয়া যায়। তাহলে, আমার মনে হয়, কলেজ এডুকেশনের ক্ষেত্রে একটা নতুন সূচনা হবে। যে সমস্ত ছাত্র স্কুল থেকে উত্তীর্ণ হয়ে কলেজ এডুকেশন নিতে যায়, সেখানে তাদের কত গলদ থাকে। সেখানে কো-রিলেশন নাই, কোন সংযোগ নাই। কাজেই বোর্ডে যদি এই কলেজ টিচার্স এসোসিয়েশন-এর কোন প্রতিনিধি থাকে, তাহলে অন্ততঃ তাঁরা বোর্ডকে পরামর্শ দিতে পারবেন কেমনভাবে মাধ্যমিক শিক্ষাকে উপযুক্ত পর্যায়ে নিয়ে যেতে পারা যায়, যা কলেজী শিক্ষার ক্ষেত্রে উপযুক্ত বলে গণ্য হবে।

[4-15—4-25 p.m.]

তারপর আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে ১৬(বি) এবং ১৬(সি) এবং ১৬(বি)তে বলা হয়েছে—টু পারসনস ইলেকটেড বাই দি সিনেট অফ দি ইউনিভারসিটি অফ ক্যালকাটা এবং ১৬(সি)তে

আছে—ওয়ান পারসন ইলেকটেড বাই দি ইউনিভারসিটি অফ বর্ধমান। অর্থাৎ ইউনিভারসিটির রিপ্রেজেনটেশন সম্বন্ধে যে কথা আমরা দেখছি, সেটা হল ঐ পুরান আইনে যা দেওয়া আছে—যে ইউনিভার্সিটির শিক্ষকদের, টিচার্সদের রিপ্রেজেনটেশন এখানে রাখতে পারবেন। ইউনিভার্সিটি টিচার্স ও শিক্ষকদের বিরাট অভিজ্ঞতার মধ্য দিয়ে মাধ্যমিক শিক্ষাকে নূতনভাবে গড়ে তোলবার ক্ষেত্রে তারা বোর্ডকে সাহায্য করতে পারবে। কিন্তু সরকার তাদের দূরে সরিয়ে রেখেছেন এই ব্যবস্থা থেকে। এর দ্বারা সরকার এই সমস্ত শিক্ষাবিদ, শিক্ষিত মানুষকে অপমানিত করেছেন বলে আমি মনে করি। আমি বলতে চাই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বিচার করবেন, শিক্ষাক্ষেত্রে ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রের ব্যবস্থাকে যদি উন্নত করতে চান তাহলে ইউনিভার্সিটির সাথে যে সকল শিক্ষকরা যুক্ত আছেন তাঁদের এই বোর্ডের মধ্যে নিয়ে আসা দরকার।

তারপর বিলের ক্লজ ৪(১৭)এ আছে

two representatives of the West Bengal State Legislature, one being elected from amongst the members of the West Bengal Legislative Council and one being elected from amongst the members of the West Bengal **Legislative** Assembly in the manner prescribed.

অর্থাৎ বিধানসভা এবং বিধান পরিষদ থেকে একজন করে সদস্য ঐ বোর্ডে থাকবেন।

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সমীপে এই কথা নিবেদন করতে চাই আমি এই উপধারার বিরোধিতা করছি। আমি মনে করি যে যদি আমরা পরিষ্কারভাবে দে কমিশন এবং মুদালিয়ার কমিশনের রিপোর্টের কথা চিন্তা করি তাহলে দেখা যাবে সেখানে বলা হয়েছে বোর্ডে এক্সপার্টদের স্থান থাকবে। আমরা এখানে দেখছি বোর্ডে যাঁরা থাকবেন, তারা সকলে শিক্ষা সম্বন্ধে এক্সপার্ট নন। সেইজন্য আমি মনে করি শিক্ষা সম্বন্ধে যাঁরা এক্সপার্ট, তাদের প্রতিনিধিত্ব এই বোর্ডে থাকা দরকার। আমাদের ইউনিভার্সিটির বহু মানুষ আছেন যাঁদের শিক্ষা সম্বন্ধে ভাল ভাল পাঠ্য পুস্তক আছে, যাঁরা শিক্ষা জগতে জ্ঞান চর্চার ক্ষেত্রে সাধনা করে যাচ্ছেন, তাঁদের সেখানে রাখুন। কেন লেজিসলেটিভ অ্যাসেম্বলি অ্যান্ড কাউন্সিল-এর মেম্বরকে এই বোর্ডে রাখবার কথা আছে? নিশ্চয় এর মধ্যে একটা রাজনৈতিক অভিসন্ধি আছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি এটা উপলব্ধি করতে পারবেন—আজকে যদি এই বোর্ডে অ্যাসেমব্লী ও কাউন্সিল মেম্বরদের প্রতিনিধিত্ব রাখবার প্রশ্ন হয়, তাহলে তিনি জানেন কোন রাজনৈতিক দলের প্রতিনিধিরা সেখানে যাবেন। বিধানসভায় এবং বিধান পরিষদে তাঁদের সংখ্যাগরিষ্ঠতা আছে। কাজেই যাঁরা অ্যাসেমব্লী ও বিধান পরিষদ থেকে নির্বাচিত প্রতিনিধি হবেন, তাঁরা সরকারের লোক হবেন। সেখানে দুজন বাইরের লোক গভর্নমেন্ট অফিসিয়াল না হয়ে, দুইজন বিধানসভা ও বিধান পরিষদের সদস্য হবেন। এবং এঁরা সরকারের মনোনীত ব্যক্তি হয়ে বোর্ডের সদস্য হবেন। সেইজন্য আমি বিলের এই উপধারাটির বিরোধিতা করছি। তিনি বললেন এই ক্ষেত্রে কোন রাজনৈতিক অভিসন্ধি থাকবে না। তিনি উদার মত ব্যক্ত করেছেন বুঝতাম, যদি তিনি পরিষ্কার করে ব্যক্ত করতেন যে সরকারপক্ষ থেকে বিচার না করে কোন রাজনৈতিক দলের উপযুক্ত ব্যক্তিকে নির্বাচন করা হবে না। এক্ষেত্রে বিরোধী পক্ষ থেকে মানুষ এলে তার সম্বন্ধে বিচার, বিবেচনা করা হবে এবং শিক্ষাক্ষেত্রে যদি উপযুক্ত সদস্য, মানুষ বিরোধী পক্ষ থেকে আসেন, তাহলে তাঁকে এখানে স্থান দেওয়া হবে এই কথা যদি তিনি পরিষ্কার করে বলতেন তাহলে বুঝতাম তাঁর ব্যাপক এবং উদার মনোভাব আছে। কেন আপনি এই কথা ভাবেন যে ঐদিকে যারা বসে আছেন, তাঁরাই সব উপযুক্ত মানুষ? এদিকেও ত থাকতে পারে শিক্ষাক্ষেত্রের উপযুক্ত মানুষ। কাজে কাজেই আমাদের সন্দেহ হচ্ছে লেজিসলেটিভ অ্যাসেমব্লী এবং কাউন্সিল থেকে প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে আপনারা রাজনৈতিক অভিসন্ধির দ্বারা পরিচালিত হবেন এবং সেইভাবে প্রতিনিধি নির্বাচন করে সরকারের সংখ্যাগরিষ্ঠতা বোর্ডে রাখবার চেষ্টা করবেন। সেইজন্য মুদালিয়ার কমিশন ও দে কমিশন পরিষ্কারভাবে বলেছেন যে এক্সপার্ট ব্যক্তির দ্বারা কমিটি গঠন করতে। সেখানে কেন এই অ্যাসেমব্লী এবং বিধান পরিষদ থেকে সদস্য নেবার প্রশ্ন ওঠে? সেখানে এক্সপার্টদের নিয়ে ব্যবস্থা করুন, রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে ঊর্ধ্বে থেকে। কাজেই এই উপধারার আমি বিরোধিতা করছি। ক্লজ ৪(১৮)এ আছে

four persons interested in education to be nominated by the State Government

[4-25—4-35 p.m.]

আমি অ্যামেন্ডমেন্ট দিচ্ছি—ফোর পারসনস ইন্টারেস্টেড ইন এডুকেশন অ্যান্ড বিলংগিং টু টিচিং প্রফেসন। এখানে রাধাকৃষ্ণবাবুও তো ইন্টারেসটেড ইন এডুকেশন, তাঁর প্রতি কোন অসম্মান করার জন্য আমি একথা বলছি না, টিচিং প্রফেসনএ যাঁরা নিযুক্ত আছেন, শিক্ষা সম্পর্কে যাঁরা আগ্রহশীল এরকম মানুষকে এখানে রাখা উচিত। শুধু ইন্টারেসটেড ইন এডুকেশন বললে এটা একটা ভেগ টার্ম হয়। আমরা দেখেছি ম্যানেজিং কমিটির মধ্যে এমন সব মানুষ থাকেন যাঁরা বিজিনেস করেন, যাঁরা কন্ট্রাক্টরএর কাজ করেন, এই সমস্ত মানুষকেও যদি ইন্টারেসটেড ইন এডুকেশন বলা হয় তাহলে একথাটা অত্যন্ত ভেগ হয়ে পড়ে। কাজে কাজেই এখানে পরিষ্কার-ভাবে বলা দরকার—শুধু ইন্টারেসটেড ইন এডুকেশন না বলে বিলংগিং টু দি টিচিং প্রফেসন। এখানে আমরা দেখছি নমিনেটেড বাই দি স্টেট গভর্নমেন্ট। কেন? বোর্ডই ইলেকশন করবেন, সিলেক্ট করবেন, বোর্ডই ঠিক করবেন, শিক্ষিত মানুষ যাঁরা শিক্ষা প্রফেশনএ আছেন, বোর্ডই সেটা বিচার করবেন। কাজে কাজেই আমি আশা করি এই বিলের এই ক্লজ-এর প্রতিটি অ্যামেন্ডমেন্ট মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অত্যন্ত ভালভাবে বিচার করবেন এবং তাঁর মতামত প্রকাশ করবেন।

Shri Gopal Banerjee: Sir, I beg to move that for clause 4(7), the following be substituted, namely:—

"(7) the Principal, Calcutta University Training College, ex-officio;".

I also move that for clause 4(8), the following be substituted, namely:—

"(8) the Principal, Kalyani Training College, ex-officio;".

I also move that for clause 4(9), the following be substituted, namely:—

"(9) the Principal, Institute of Education for Women, Hastings House, Calcutta;".

মাননীয় স্পীকার মহাশয়, এই বোর্ডের কমপোজিশন-এর সম্পর্কে মুদালিয়ার কমিশনের রিপোর্টের উল্লেখ করেছেন মন্ত্রিমহাশয় তাতে এই কথা রয়েছে যে টিচারদের ট্রেনিং, তাদের যোগ্যতা ইত্যাদি সম্পর্কে বিচার করবার দায়িত্ব বোর্ডের থাকবে। সেদিক থেকে বিচার করলে দেখা যায়, এই কাজের সঙ্গে যুক্ত এরকম লোকেরই এর মধ্যে থাকা উচিত। কিন্তু এখানে কারা থাকছেন, যে ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন, চীফ ইন্সপেক্টর এঁরা সব থাকছেন এই বোর্ডে। টিচারদের ট্রেনিং এবং টিচারদের যোগ্যতা, অর্থাৎ শিক্ষকতার দিকটার উপরই জোর দেবার জন্য আমি এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি।

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that in clause 4(17), line 1, for the words "two representatives" the words "three representatives" be substituted.

I also move that in clause 4(17), line 4, for the word "one" the word "two" be substituted.

I also move that in clause 4(17), in line 5, after the words "Legislative Assembly" the words "of which one being the member of the Scheduled Castes" be inserted

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার অ্যামেন্ডমেন্টএ বলেছি

one being elected from amongst the members of the West Bengal Legislative Assembly.

দুজন লেজিসলেটিভ অ্যাসেমব্লী থেকে মেম্বার গ্রহণ করা হোক, এবং তার মধ্যে একজন সিডিউলড কাস্ট মেম্বার গ্রহণ করা হোক, তাহলে একজন সিডিউলড কাস্ট মেম্বারএর স্থান হবে এই বোর্ডে। এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[4-25—4-35 p.m.]

Shri Sailendra Nath Adhikary: I move that in clause 4(1), in line 1, after the word "President" the words "who shall be, in all ordinary circumstances, a Vice-Chancellor of a University" be inserted.

I move that after clause 4(1) the following be inserted:—

"(1a) Vice-President to be elected by the members of the Board".

I move that in clause 4(15)(a), lines 2-3, the words "nominated by the State Government" be omitted.

I move that in clause 4(15)(a), in line 2, after the words "Multipurpose School" the words "to be elected by a combined electorate of teachers and members of the Managing Committees" be inserted.

I move that in clause 4(17), line 1, for the word "two" the word "four" be substituted.

I move that in clause 4(17), lines 5-6, for the words "in the manner prescribed" the words "so prescribed as it may always be in the nature of a unanimous resolution of both the Assembly and Council at a joint sitting" be substituted.

I move that in clause 4(18), in line 4, after the words "recognised Institution", the words "and one from the Backward and Minority Sections of the population" be added.

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কয়টা অ্যামেন্ডমেন্ট দিয়েছি এই ক্লজ-এ। এটা সম্বন্ধে একটু ব্যাখ্যা করা প্রয়োজন হবে। কালকে আমরা পলিসির উপর বলেছি, তা বলতে গিয়ে কিভাবে আমরা এই বিলকে গ্রহণ করেছি তার একটা ভূমিকা আমরা আপনার মাধ্যমে রেখেছি। সেই ভূমিকায় প্রথম এবং প্রধান কথা হচ্ছে, এই বিল অত্যন্ত ও নিছক পরিকল্পনামূলকভাবে গণতন্ত্রকে হত্যা করার জন্য আনা হয়েছে, গণতন্ত্রের অবসান ঘটাবার জন্য আনা হয়েছে আমাদের অপজিশন থেকে একথা আপনি শুনেছেন। কেন আনা হয়েছে সেকথা আমাদের স্টেটমেন্টএ আমরা দিয়েছি। এখন এটা হচ্ছে, পলিসির প্রডাক্ট, ইট ইজ দি প্রডাক্ট অফ এ পলিসি কাজেই নেচারেলি এবং অটোমেটিকেলি কান ধরে টানলে মাথাও এসে পড়ে, প্রোডাক্ট সম্বন্ধে যদি কিছু বলতে চাই তাহলে পলিসিও কিছু কিছু আসবে। কাজেই আমি আশা করব আপনি আমাকে অনুমতি দেবেন, ইরেলিভেন্ট বলে নাকচ করে দেবেন না। আমার একটা কথা মনে পড়ছে, আমাদের এডুকেশন মিনিস্টার এর আগে একটা কথা বলেছেন যে, অপোজিশনএর তরফ থেকে বিলটাকে ভালোভাবে পড়া হয়নি এবং তিনি খুব আক্ষেপের সঙ্গে বলেছেন একথা। আমি সত্যি সত্যিই আনন্দিত হতাম যদি আমরা বিলটা না পড়তাম, এর চেয়ে আনন্দ বোধ হয় হত না, তার কারণ ওয়ার্ডসওয়ার্থএর একটা কবিতা মনে পড়ে ইয়ারো ভিজিটেড অ্যান্ড ইয়ারো আনভিজিটেড--এই বিলটা যদি আনভিজিটেড থাকত তাহলে আমরা অনেক কিছু কল্পনা করতে পারতাম। এই বিলটি এমন লোকের হাত থেকে এসেছে যিনি স্বাধীনতা সংগ্রামে একজন নির্ভীক যোদ্ধা এবং নেতা।

কিন্তু আনভিজিট করতে গিয়ে অর্থাৎ বিলটা পাঠ করতে গিয়ে আমাদের সে আশা লোপ পেয়েছে। এখন রিভিজিট করতে গিয়ে কি হবে সেটা শিক্ষামন্ত্রী মহাশয় বলতে পারেন। এখন কথা হচ্ছে যে বিলটার যে জায়গায় আমরা সবচেয়ে বেশী আপত্তি করছি সেটা হচ্ছে যে ইমপ্লিমেনটেশন-এর দায়িত্ব যাদের হাতে থাকবে সেই বোর্ড যেভাবে গঠন করা হচ্ছে সেই গঠন কার্যের উপর আমাদের বেশী জোর ছিল এবং আছে। যাঁরা ইমপ্লিমেন্ট করবেন তাঁদের মহাত্মা গান্ধীর কথা নিশ্চয় স্মরণ আছে। তিনি এক জায়গায় বলেছিলেন যে যাঁরা শাসনকার্য চালাবেন তাঁদের চরিত্র দেখতে হবে। আমরা সেই চরিত্র এখানে দেখতে পাচ্ছি যে স্বাধীন

গভর্নমেন্টের একটা সুবা পশ্চিম বাংলা তার কয়েকজন কর্মচারী আছেন। তাঁদের মধ্যে একজন এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর ডাইরেক্টর আছেন—যিনি এগ্রিকালচারএ ফেল করেছেন এবং এগ্রিকালচারএ তিনি এমন পারদর্শী যে আমাদের প্রত্যেক বছর ডেফিসিট হচ্ছে। তারপর আরও বিভিন্ন কর্মচারী যাঁরা আছেন তাঁরা রাইটার্স বিল্ডিংসএ বসে থেকে শিক্ষা ব্যবস্থা করবেন—তাঁদেরই নেওয়া হবে। অথচ সেখানে যাদের ছেলে পড়ে, যারা লক্ষ লক্ষ ছেলে পড়ানোর জন্য কাতরাতে জানায় তাদের কেন রিপ্রেজেনটেটিভ নেবার ব্যবস্থা হয়নি? অর্থাৎ গার্জেনদের কোন বালাই এতে নেই। তৃতীয়তঃ যাঁদের নেওয়া হচ্ছে ইলেকটেড হচ্ছে তাঁদের মধ্যেও বেঁধে দেওয়া হচ্ছে কিভাবে তাঁরা ইলেকটেড হবেন এবং কে ইলেকটেড হবেন। প্রথমে এক জায়গায় বলে দেওয়া হচ্ছে যে

Two Heads of recognised High Schools or recognised Multipurpose Schools elected in the manner.

অর্থাৎ হেডস অফ দি ইনস্টিটিউশন ইলেকটেড হয়ে আসবেন। হেডস অফ দি ইনস্টিটিউশনসএর বর্তমান যে অবস্থা প্রত্যেক ইনস্টিটিউশন সম্বন্ধেই—তা মাননীয় সদস্যরা জানেন যে প্রত্যেকটা ইনস্টিটিউশন না বললেও অধিকাংশ ইনস্টিটিউশনএ আজকে হেডমাস্টার শ্রেণী বলে একটা প্রিভিলেজড ক্লাস সৃষ্টি করবার পর তাঁদের সঙ্গে অর্ডিনারী টিচারদের একটা যে কনফ্লিক্টস সেই কনফ্লিক্ট এসে কনসেনট্রেট হয়েছে গার্জিয়ান অর্ডিনারী টিচার-এর হেডমাস্টারদের মধ্যে। এটা সত্যি কথা এবং স্বীকার করতে হবে। এমন একটা ব্যবস্থা আপনি করছেন যার ফলে শিক্ষকদের মধ্যে থেকে একটা প্রিভিলেজড ক্লাস তৈরী করছেন। অর্থাৎ যেমন ব্রিটিশ গভর্নমেন্ট আই সি এস ক্লাশ সৃষ্টি করেছিলেন ঠিক সেইরকম প্রিভিলেজড ক্লাশ সৃষ্টি করছেন যার ফলে হেডমাস্টার ভারসেস টিচার্স লেগেই আছে। কাজেই সেই হেডমাস্টাররা কিভাবে টিচারদের আস্থা অর্জন করবেন সে সম্বন্ধে চিন্তা করা অবশ্য কর্তব্য। আমি মনে করি সে সম্বন্ধে চিন্তা করা আমাদের পবিত্র দায়িত্ব। সেদিক থেকে আমরা এই অ্যামেন্ডমেন্টগুলি রাখতে চাচ্ছি এবং রাখতে গিয়ে আমি এক একটি অ্যামেন্ডমেন্ট ইনডিসিডেট করে বলছি যে কেন এগুলো দিয়েছি। এইগুলোকে চেক করবার জন্য এগুলো দিয়েছি। এই যে এভিলএর মধ্যে সিক্রেটাল অ্যান্ড স্মাইলি লাই হয়ে আছে এগুলো চেক করার জন্য আমি আমার এই অ্যামেন্ডমেন্টগুলো দিয়েছি। আমি এগুলো ইমপ্রুভ করার জন্য দিয়েছি। এগুলোকে নালিফাই করার জন্য দিইনি যেটা হয়ে গেছে সেটাকে শোধন করতে পারে, যাতে সাধারণ জনসাধারণের গণতান্ত্রিক অধিকার রক্ষা করতে পারি সে আশা নিয়ে আমি আমার অ্যামেন্ডমেন্ট দিয়েছি। সত্যি সত্যি যদি আপনারা গণতন্ত্র স্বীকার করেন তাহলে আমার এই অ্যামেন্ডমেন্টগুলো সেই দৃষ্টিভঙ্গী থেকে দেখবেন। বোর্ডের কনস্টিটিউশনকে যাঁরা ইমপ্লিমেন্ট করবেন তাঁদের চরিত্র বুঝলেও তথাপি সেটাকে আমরা কিভাবে শোধন করতে পারি সেজন্য আমি এসব বলছি। এক জায়গায় আছে ক্লজ ৪, সাব-ক্লজ (১) তাতে আছে দি প্রেসিডেন্ট এবং অন্য আর এক জায়গায় আছে প্রেসিডেন্ট টু বি অ্যাপয়েন্টেড। কাজেই প্রেসিডেন্ট যেখানে আছে শুধু প্রেসিডেন্ট হবে বলে সেখানে আমি বলেছি যে সেই

4-35—4-45 p.m.]

President who shall be in all ordinary circumstances a Vice-Chancellor of a University.

প্রেসিডেন্ট যিনি হবেন তিনি কে হবেন? সেটা এখানে প্রেসক্রাইব করে দেওয়া উচিত। সেটা হবে যে-কোন ইউনিভারসিটির ভাইস-চ্যান্সেলার, তার কারণ যিনি ইউনিভারসিটের ভাইস-চ্যান্সেলার তিনি শিক্ষা জগতে একজন শ্রেষ্ঠ ব্যক্তি এবং শিক্ষা জগতে সেই শ্রেষ্ঠ ব্যক্তিকে যদি প্রেসিডেন্ট করা যায় আপত্তি নেই, যদি আপত্তি হয় বুঝবো এটা কোন রাজনৈতিক কারণে, এর মধ্যে কোন নৈতিক কারণ নেই বলে, আমি এটা দিয়েছি। কালকে বিলের উপর বক্তৃতার সময় বলেছিলাম যে শুধু প্রেসিডেন্ট আছে আর একটা সেটা হচ্ছে ভাইস-প্রেসিডেন্ট। তার কারণ প্রেসিডেন্ট হচ্ছেন আফটার অল এ হিউম্যান বিয়িং। একটা মানুষ তার নানারকমের অসুবিধা আছে, অসুখ বিসুখ আছে, বহু ঝঞ্ঝাট থাকতে পারে। কাজেই সব জায়গারই প্রেসিডেন্ট আছে, ভাইস-প্রেসিডেন্ট আছে। আমেরিকান কনস্টিটিউশনএ প্রেসিডেন্ট-এর অনেক পাওয়ার আছে, সেখানে প্রেসিডেন্ট যেমন আছে ভাইস-প্রেসিডেন্টও আছে, আমাদের কনস্টিটিউশনএ প্রেসিডেন্ট আছে ভাইস-প্রেসিডেন্ট তেমন আছে। কাজেই কনস্টিটিউশনের যদি স্পিরিটএর দিক থেকে

কলো করি তাহলে ভাইস-প্রেসিডেন্ট রাখার যৌক্তিকতা এসে দাঁড়ায় এবং এই যুক্তি স্বীকার করলে আমার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করার কথা এসে পড়ে। তারপর ১৫(এ) তাতে আছে

two hands of recognised high schools or recognised multipurpose Schools nominated by the State Government.

এই নমিনেটেড বাই দি স্টেট গভর্নমেন্ট এই কথাটা তুলে দিতে চাইছি, তার মানে এর একটা অনিবার্য পরিণতি হচ্ছে দে সুড বি ইলেকটেড—নমিনেটেড বাই দি স্টেট গভর্নমেন্ট। আমি নিশ্চয়ই খুব অসঙ্গতি মনে করছি না। ভারতবর্ষ স্বাধীন হবার পর আমাদের যখন ছায়া মন্ত্রিসভা ডাঃ প্রফুল্ল ঘোষের নেতৃত্বে হয়েছিলো, তিনি তখন বলেছিলেন যে, নমিনেশন প্রথাটা তুলে দেওয়া হয়েছে, কিন্তু আজ যে কোন প্রকারেই হোক তারা কতকগুলো মহকুমায় আজকে নমিনেটেড মেম্বারর্স কেন দিতে যাচ্ছেন তা বুঝতে পাচ্ছি না। শুধু তাই নয় নমিনেটেড মেম্বারস প্রথা থাকার পক্ষে কি এই হাউসে গত বৎসর আপনার মাধ্যমে জানতে পেরেছি, যেমন জেলা স্কুল বোর্ডগুলি হচ্ছে দুর্নীতির একটা আখড়া, সেই জেলা স্কুল বোর্ডগুলিতে নমিনেটেড মেম্বার হয়, কিছু কিছু অবশ্য ইলেকটেড মেম্বার আছে। আজকে বলছি নমিনেটেড হলেই যদি ভাল লোক হয়ে যায় তাহলে জেলা স্কুলগুলিতে এত দুর্নীতি হয় কেন এবং দুর্নীতির জন্য জনসাধারণ ত্রাহি মধুসূদন ডাকছে কেন? কাজেই আমাদের যে এক্সপিরিয়েন্স সেই এক্সপিরিয়েন্স স্বীকার করে নেওয়াটাই হচ্ছে রাজনৈতিক ধর্ম। আমরা যে এক্সপিরিয়েন্স পেয়েছি সেটা অপোজিশন তরফ থেকেই হোক, পার্টি ইন পাওয়ার-এর তরফ থেকেই হোক, সেই এক্সপিরিয়েন্স স্বীকার করে নিয়ে, তার ভিত্তিতে আমাদের আইন রচনা করা উচিত। যার জন্য আমরা নমিনেশন কথাটা উঠিয়ে দিতে চাই, যেটা কংগ্রেসের আগের নীতি ছিল, সেই নীতিই আমি তাঁদের কাছেই তুলে ধরতে চাই। তারপর, স্যার, ১৫(বি)তে যেটা আছে,

"two Heads of recognised High Schools or recognised Multipurpose Schools elected in the manner prescribed, one of the two elected being the Head of such a High School or such a Multipurpose School for girls".

এটার সঙ্গে আমি এটা বলতে চাই যে মাল্টিপারপাস স্কুলের পর এটা অ্যাড করতে চাচ্ছি,

to be elected by a combined electorate of teachers and members of the Managing Committees.

অর্থাৎ আপনারা বলছেন ইলেকটেড, কিন্তু ইলেকটোরেট কে হবে? সেটা হয়ত পরে আপনারা প্রেসক্রাইব করবেন, কিন্তু আমি বলতে চাই একটা ম্যানডেটোরি ক্লজ থাকা দরকার। আজ হয়ত আমি জানি আমাদের শিক্ষামন্ত্রী একজন উদার লোক, তিনি আজ আছেন কিন্তু কালকে হয়ত আমার মত একটা অনুদার লোক ওখানে যেতে পারে এবং সেখানে গিয়ে আমি হয়ত ঐ পাওয়ারটা মিস ইউজ করতে পারি। কাজেই আমি মনে করি আজ হয়ত ও'রা ওখানে বসে আছেন, কাল হয়ত আমরা ওখানে যেতে পারি, ও'রা এখানে আসতে পারেন, তখন অবস্থাটা কি হবে? এটা বুমেরাং হয়ে যাবে কিনা সেটা চিন্তা করা উচিত। সেইজন্য তাঁকে বলতে চাই যে একটা ম্যানডেটারি ক্লজ থাকা উচিত,

to be elected by teachers and members of the managing committee.

তার কারণ ম্যানেজিং কমিটিকে আপনারা স্বীকার করছেন যে ম্যানেজিং কমিটি ছাড়া চলবে না। এই ম্যানেজিং কমিটি গার্ডিয়ানদের প্রতিনিধি নিয়ে তৈরী হয় অথচ তাদের প্রতিনিধি এখানে থাকবে না এটা হওয়া উচিত নয়। যাঁরা শিক্ষা জগতে সুপরিচিত তাঁদের আপনারা জিজ্ঞাসা করতে পারেন যে ম্যানেজিং কমিটি এবং টিচারদের ইলেকটোরেট করে নিয়ে যদি এটা করা যায় তাহলে এটা সুন্দর হবে কি হবে না। আমার মনে হয় এটা আমাদের চিন্তা করা অবশ্য কর্তব্য।

তারপর, স্যার, আর একটা ক্লজে আসুন, সেটা হচ্ছে ক্লজ ৪(১৭), সেখানে আছে,

"two representatives of the West Bengal State Legislature, one being elected from among the members of the Legislative Council and one being elected from among the members of the West Bengal Legislative Assembly, in the manner prescribed"

এটা একটু পড়লে এবং এর ভিতর না ঢুকলে মনে হয় পপুলার [illegible] ভিত্তিতে এটা করা হচ্ছে কারণ লেজিসলেচারের মেম্বার নেওয়া হচ্ছে, এবং লেজিসলেচারের মেম্বার হচ্ছে যারা

বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন। তাদের মধ্যে থেকে যখন নেওয়া হচ্ছে তখন আর আপত্তি কেন। কিন্তু লেজিসলেচারে যেভাবে শক্তি বিন্যাস হয়ে আছে তাতে আজকে দুইজনের মধ্যে একজনকে অ্যাসেম্বলী এবং একজনকে কাউন্সিলের থেকে নেওয়া হবে, সেটা কোন শক্তি থেকে নেওয়া হবে সেটা এক বৎসরের ছেলেও বুঝতে পারে।

[4-45—4-55 p.m.]

সেটা যে আমাদের প্রবীণ শিক্ষামন্ত্রী বুঝেন না তা আমি মনে করি না। তিনি বুঝে কেন এই ক্লজ রেখেছেন তা আমি বুঝতে পারি না। কেউ কেউ যদি বলেন তিনি জ্ঞান পাপী আমি তা বিশ্বাস করি না, তবে তাঁর জ্ঞানটা যদি পাপের আকারে প্রকাশিত হয় তাহলে আমার বলার কিছু নেই। সেজন্যে আমি বলছি দুই-এর জায়গায় চার--অর্থাৎ অ্যাসেম্বলী কাউন্সিল থেকেও নিতে হবে—মোটামুটি এই প্রোপোরশন হওয়া উচিত। তার পরে আমি ইন দি ম্যানার প্রেসক্রাইবড-এর বদলে বলেছি

so prescribed as to be in the nature of a unanimous resolution of both the Assembly and the Council at a joint sitting.

অর্থাৎ অ্যাসেম্বলী এবং কাউন্সিল-এর জয়েন্ট সিটিং মারফত ইউনোনিমাস রেজোলিউশন-এর মধ্য দিয়ে আমরা যাদের পাঠাব নিশ্চয়ই বাংলাদেশের শ্রেষ্ঠ মানুষকে পাঠাব, সেখানে কোন দলের ব্যাপার থাকবে না এটা ঠিক। স্পীকার মহাশয়, আপনি জানেন যে ওয়র্লড ইউনাইটেড নেশনস অরগানাইজেশন যেটা আছে তার সিকিউরিটি কাউন্সিল-এর ব্যাপারে একটা ক্লজ আছে যে সব সময় ইউনেনিমিটি হবে হাই কনট্র্যাকটিং পার্টিস-এর মধ্যে নতুবা ভেটো হবে। আজকে ওই ক্লজ থাকার জন্য ইউনোনিমিটির কথা থাকার জন্য পৃথিবীতে আগুন জ্বলছে না। সেই দৃষ্টান্ত সরকারকে আমরা দেখাচ্ছি যাতে সেই ইউনোনিমিটি ক্লজ আমরা এখানে প্রয়োগের ক্ষেত্রে আনতে পারি। আমাদের পশ্চিম বাংলায় যেভাবে শক্তির বিন্যাস হয়ে আছে তাতে যারা ভাল মানুষ—উপযুক্ত লোক তারা যাতে শিক্ষার ক্ষেত্রে প্রবেশাধিকার পান তার জন্য ইউনোনিমাস রেজোলিউশন দরকার আছে বলে মনে করি। আমি মনে করি এটা আমরা বাংলাদেশের ঐতিহ্যের উপর ভিত্তি করে তৈরী করছি। এর মধ্যে দলের কোন প্রশ্ন নেই। আমরা চাই ভাল লোক যারা শিক্ষিত লোক, যারা শিক্ষার মর্যাদা বুঝেন তারা যে কলার-এর হোন্ না কেন তারা শিক্ষাকে ঠিকভাবে নিয়ে যেতে সমর্থ হবেন। সেজন্যে আমি এই গঠনতন্ত্রের ব্যাপারে অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আর একটা জায়গায় আমি রেকগনাইজড ইনস্টিটিউশন-এর জায়গায় বলেছি পারসন্স ইন্টারেসটেড ইন এডুকেশন, সেখানে আমি আর একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, ওয়ান ফ্রম দি ব্যাকওয়ার্ড অ্যান্ড মাইনরিটি কমিউনিটি যেখানে বলা হয়েছে সেখানে বলেছি অ্যাট লিস্ট ওয়ান ফ্রম দি মাইনরিটি কমিউনিটি। আমি বলেছি একজন ব্যাকওয়ার্ড ক্লাশ থেকে আর একজন মাইনরিটি সেকশন অফ দি পপুলেশন থেকে নমিনেটেড মেম্বার হওয়া উচিত। যারা পারসন্স ইন্টারেসটেড ইন এডুকেশন যেমন নেপালীরা তারা একটা মাইনরিটি সেকশন—তাদের একটা ঐতিহ্য আছে তাদের একটা ভাগ আছে, তাদের একটা ধারণা আছে আজ তাদেরকে যদি আমরা সত্যি সত্যি নিজেদের করে নিতে চাই তাদের একজন প্রতিনিধি থাকা দরকার। মুসলমানরা মাইনরিটি কমিউনিটি—তাদের থেকে একজন রিপ্রেজেনটেটিভ থাকা দরকার। আদিবাসীরা ব্যাকওয়ার্ড ক্লাশ—তাদের প্রতিনিধি থাকা দরকার। তাতে আমাদের স্পিরিট যে স্পিরিট নিয়ে বিল তৈরী হয়েছে সেটা সাকসেসফুল হবে। আমাদের এমন কাজ করা উচিত হবে না যাতে আমাদের কনস্টিটিউশন-এর স্পিরিট নষ্ট হয়। সেই স্পিরিট রাখতে গেলে যা আমাদের অবশ্য করণীয় তাই আমি বলছি। আমি শিক্ষামন্ত্রীর কাছে দেশবন্ধু চিত্তরঞ্জনের নামে আবেদন জানাচ্ছি আপনার সমস্ত চরিত্র দিয়ে সমস্ত সাধনা দিয়ে আপনি এই জিনিসকে প্রতিফলিত করুন।

Shri Gopal Banerjee: Sir, I beg to move that for clause 4(16), the following be substituted, namely:—

"(16) four teachers of recognised schools to be elected in the manner prescribed, one of them at least being a woman teacher of a Girls' School;".

আমার এই অ্যামেন্ডমেন্ট মুভ করবার সম্পর্কে দু-চারটি কথা বলা প্রয়োজন।

এখানে ক্লজ ১৬-তে এই কথা আছে—টিচার্স অ্যাসোসিয়েশনস-এর একজিকউটিভ কমিটির মধ্য থেকে প্রতিনিধি নির্বাচনের ব্যাপার আছে এবং সেখানে আছে ওয়ান রিপ্রেজেনটেটিভ অফ ইচ অফ দি অ্যাসোসিয়েশনস। কিন্তু সেই অ্যাসোসিয়েশন কিরকম অ্যাসোসিয়েশন হবে? সেটা রেকগনাইজড বাই দি স্টেট গভর্নমেন্ট। এখানে যেটা রয়েছে—অ্যাসোসিয়েশন কয়টা আছে। একটা রেকগনাইজড থাকবে, না, বহু থাকবে? ভবিষ্যতে কি হবে—? এ নিয়ে একটা ভবিষ্যতে ঝামেলা হওয়ার সম্ভাবনা আছে। এখানে যে পারপোজ—শিক্ষকদের প্রতিনিধিত্ব এখানে নিশ্চিত করতে চাই। যেমনভাবে কাউন্সিলে কনস্টিটুয়েন্সি ঠিক করে শিক্ষকদের মধ্য থেকে নির্বাচন করা হয় এখানেও সেই রকম রাখা বাঞ্ছনীয়। সেই জন্য বলছি চারজন শিক্ষক নির্বাচিত হবেন, তাঁদের কনস্টিটিউয়েন্সি ঠিক করে দেবেন, সেখান থেকে তাদের নির্বাচন করবেন তাদের প্রতিনিধি। এই চারজন শিক্ষকের মধ্যে একজন শিক্ষিকা হবেন—যিনি কোন মহিলা স্কুলের সঙ্গে যুক্ত। এই হচ্ছে বক্তব্য। যেরকমভাবে বিলে আছে তাতে সেখানে বিরোধের সম্ভাবনা বেশী। কারণ এটা সরকারের মনোনয়নের প্রশ্ন, অ্যাসোসিয়েশন নির্ধারণ করা নয়। কয়টা অ্যাসোসিয়েশন রেকগনাইজড আছে এ বি টি এ ইত্যাদি আমার জানা নাই—যে সংস্থা আছে তা রেকগনাইজড নয়। এই উদ্দেশ্য যদি সুষ্ঠুভাবে প্রতিফলিত করতে হয়, তাহলে আমার এই অ্যামেন্ডমেন্ট ভালভাবে তা প্রতিফলিত করতে পারবে। আমি আশা করবো সরকার এটা গ্রহণ করবেন।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that for clause 4(16), the following be substituted, namely:—

"(16) four representatives of the teachers elected by the teachers of the recognised schools from amongst themselves;".

চারজন শিক্ষকদের প্রতিনিধিত্ব বাড়াবার জন্য গোপাল ব্যানার্জী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, আমারও সেই একই কথা সেটা করা উচিত।

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that in clause 4(16), line 1, for the words "one representative" the words "two representatives" be substituted.

I also move that after clause 4(18), the following be added, namely:—

(19) the Vice-Chancellor of the University of Calcutta, ex-officio;

(20) the Vice-Chancellor of the North Bengal University, ex-officio;

(21) the Vice-Chancellor of Burdwan University, ex-officio;

(22) one representative of the Viswa Bharati elected by the Sansad;

(23) four assistant teachers elected in the manner prescribed, from amongst the Assistant Teachers of the 'Institution';

(24) two persons elected in the manner prescribed from amongst the Guardian members of the Managing Committee of the 'Institutions.'

ক্লজ ফোরের উপর আমার দুটো অ্যামেন্ডমেন্ট আছে। সে সম্বন্ধে আলোচনা করবার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—এই হাউসে যদি সব সময় গন্ডগোল হয়, কানের কাছে যদি একটা অস্বস্তি সৃষ্টি হয়, তাহলে এখানে এই আলোচনার কোন অর্থ হয় না। কাজে কাজেই একটু শান্তি রক্ষার জন্য আপনার কাছে আবেদন করছি। কালকে তো হাউসে কেউ আপনারা ছিলেন না? আজকে এসেই গন্ডগোল শুরু করে দিয়েছেন?

[**Shri Nepal Chandra Roy:**

ঐটা তো আমাদের আজ, ভাই।]

এখন এই বিলের সম্পর্কে গত দিনের যে আলোচনা, সেই আলোচনার সময় আমাদের মূল দৃষ্টিভঙ্গীর সঙ্গে সরকারপক্ষের মূল দৃষ্টিভঙ্গীর পার্থক্য, বৈসাদৃশ্য দেখিয়েছিলাম এবং সেটা দেখাতে গিয়ে মূলতঃ আমাদের যে অভিযোগ ছিল, তা আজকে বিভিন্ন সংবাদপত্রেও দেখলাম।

ত দের হেড-লাইনে সেই ধরনের কথা তাঁরা বলেছেন যে এই বোর্ডকে নমিনিজ দিয়ে প্যাক আপ করা হয়েছে এবং এই বিলের মাঝখানে সেই পুরোনো আমলের বস্তাপচা গন্ধ, একটা আমলাতান্ত্রিক আবহাওয়া এর মধ্যে পুরাপুরি আছে। এই বিলের চ্যাপটার টু-এর মধ্যে ক্লজ ফোরের পাতাটার দিকে তাকালে আমার বক্তব্যের মূল 'স্পিরিট' যেটা, সেই স্পিরিট পুরোপুরি-ভাবে ধরা পড়ে যায়—এ ব্যাপারে কোন সন্দেহ নাই।

আমি অন্য একটা কথা এই প্রসঙ্গে রাখতে চাচ্ছি সেটা হলো এই—বর্তমান জরুরী অবস্থার সঙ্গে এর কোন সঙ্গতি নাই। এই যে কংগ্রেস সরকারের থেকে বিলটা এসেছে, তাঁরা নীতিগত-ভাবে সমাজতান্ত্রিক মতবাদে বিশ্বাসী এটা ঢাকঢোল বাজিয়ে বক্তৃতা দিয়ে, রেডিও মারফত বিবৃতি দিয়ে যে কতবার বলা হয়েছে, তার ইয়ত্তা নাই। তাঁরা এই যে সমাজতন্ত্রের কথা বলেন, সেই সমাজতন্ত্রের প্রাণবায়ু যে গণতন্ত্র এটা আমরা বিশ্বাস করি। সেই সমাজতন্ত্রকে যদি প্রতিষ্ঠা করতে হয়, তাহলে গণতন্ত্রের প্রতি যে শ্রদ্ধা, সেই শ্রদ্ধাটা দেখাতে হবে।

[4-55—5-5 p.m.]

সেটা শুধু মুখে নয়, সরকারকে তার প্রতিটি কাজকর্মের মারফত দেখাতে হবে। যখন কোন বিল আনবেন, সেই বিল ড্রাফ্ট করার সময়ও সেই কথা মনে রাখতে হবে। সরকারের কর্তৃপক্ষ যখন কোন বিষয় চিন্তা করবেন, তখনও সেই কথা মনে রাখতে হবে। প্রতিটি কাজকর্মের মাঝখানে সেই কথাটা মনে রাখতে হবে। কিন্তু দেখা যায় চ্যাপটার টু আই এতে, বিশেষ করে ক্লজ (৪) সম্বন্ধে আলোচনার পরে - সরকারের মুখের কথা, এবং আসল কাজ, এই দুইয়ের মাঝখানে গাল্‌ফ অফ ডিফারেন্স, সেটা আমরা পরিষ্কারভাবে দেখতে পাই। মুখে তাঁরা সমাজতন্ত্রের কথা বলেন, আর কাজে তাঁরা অন্ততঃ অর্ধশতাব্দীর পিছনে পড়ে আছেন, অথবা আরও পিছনে পড়ে আছেন, এটা বেশ সুস্পষ্ট হয়ে ওঠে। আপনি যদি বলেন গণতন্ত্র সমাজতন্ত্রের প্রাণবায়ু এবং সেই গণতন্ত্রকে সত্যিকারভাবে প্রতিষ্ঠা করতে চান, তাহলে যা দরকার, তা হল এই দেশের শিক্ষা ব্যাপকভাবে বিস্তার করতে হবে। শিক্ষা সম্পর্কে, বিশেষ করে মাধ্যমিক শিক্ষার ব্যাপারে সুস্পষ্ট এবং অত্যন্ত সুষ্ঠু নীতি অথবা একটা সংহত নীতি থাকবে, এইটা আমরা বিশ্বাস করি। এই বিলের অন্যদিকে একটা বিশেষ গুরুত্ব আছে এইজন্য যে মাধ্যমিক শিক্ষা আমরা একে বলছি। আমাদের দেশের অধিকাংশ ছেলেরা উচ্চতর শিক্ষার সুযোগ পায় না ফিন্যান্সিয়াল কারণ হতে পারে, অন্য নানা কারণ হতে পারে। প্রাইমারী শিক্ষার সংগে সঙ্গে অনেকের লেখাপড়ার সাধ শেষ হয়ে যায়। এবং তারপরে অনেকে মোটামুটি মাধ্যমিক শিক্ষা পর্যন্ত এগিয়ে, আমাদের দেশে বেশীর ভাগ, কদম বাড়ান শেষ করে দেয়। এটা সংখ্যাতত্ত্বের ব্যাপার। এখানে দেশের বেশীর ভাগ ছাত্রদের ভবিষ্যত যেখানে জড়িত হয়ে রয়েছে, যাদের আমরা ইয়ং হোপফুল বলি, তাদের সম্পর্কে সরকারের যে দৃষ্টিভঙ্গী, সেই দৃষ্টিভঙ্গী আরও উদার হবে বলে আমরা মনে করেছিলাম। সেই শিক্ষা ব্যবস্থা গণতান্ত্রিক পদ্ধতিতে হবে বলে মনে করেছিলাম। এবং সেই দৃষ্টিভঙ্গী সমাজতন্ত্র ও গণতন্ত্র প্রতিষ্ঠার দিকে সাহায্য করবে বলে আমরা মনে করেছিলাম। শিক্ষা ছাড়া তা হয় না। সেইজন্য মাধ্যমিক শিক্ষায় সরকারের দৃষ্টিভঙ্গী যা আশা করেছিলাম তা পাইনি। এখানে দেখলাম কি? এখানে পুরাপুরিভাবে একটা আমলাতান্ত্রিক কাঠামো স্থাপন করা হয়েছে। গতদিন আমার বক্তব্যের মধ্যে রেখেছিলাম কম্পোজিশন অফ দি বোর্ড সম্পর্কে। এই যে বোর্ড গঠিত হবে, এই বোর্ডের মাঝখানে যাতে অন্ততঃপক্ষে ½ অংশ শিক্ষকদের প্রতিনিধি থাকতে পারে, তার ব্যবস্থা রাখতে হবে। গতকাল আমি এইটা বলেছিলাম, এবং আরও বলেছিলাম আরও ½ অংশ যা থাকবে, সেই ½ অংশে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান থেকে নেওয়া হবে। বাংলাদেশের কোন জেলা ভিত্তিতে বা আঞ্চলিক ভিত্তিতে নয়, এমন কোন শিক্ষা প্রতিষ্ঠান—সেই শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে রিপ্রেজেনটেটিভ নেওয়া হবে এটাতে আপত্তি করার কিছু নাই—তবুও তো একজন শিক্ষক যাচ্ছেন। আমার মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে, বোর্ডে শিক্ষক প্রতিনিধি বাড়াতে হবে, সেজন্য আমি একটা কথা রেখেছি এবং আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ওয়ান রিপ্রেজেনটেটিভ-এর জায়গায় যদি টু রিপ্রেজেনটেটিভস করা যায় তাহলেও শিক্ষক প্রতিনিধি একটু বাড়ল। শিক্ষার সংগে বাস্তব সম্পর্ক যাঁদের, যাঁদের শিক্ষা সম্পর্কে জ্ঞান আছে এবং যাঁরা বিশেষ করে মাধ্যমিক শিক্ষা সম্পর্কে চিন্তা করেন তাঁদের প্রতিনিধি একটু বাড়লো বলে আমরা মনে করি। এখানে বড় বড় লোক

আছেন, ডাইরেক্টর অফ পাব্লিক ইন্সট্রাকসন, ডাইরেক্টর অফ এগ্রিকালচার, ডাইরেক্টর অব ইন্ডাস্ট্রিজ—মস্তবড় মাথা এ'দের, এ'দের এত বেশি কাজ, কিন্তু মাধ্যমিক শিক্ষা ব্যাপারে এ'দের কতখানি অভিজ্ঞতা আছে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। বড় বড় মাথা আছে ঠিকই, কিন্তু মাথার উপর দিয়ে তো রাস্তার চলা যাবে না, সেজন্য নীচু তলার লোক যাঁরা মাধ্যমিক শিক্ষার সঙ্গে জড়িত তাঁদের প্রতিনিধি বাড়াতে হবে। সেই দৃষ্টিভঙ্গীই এই অ্যামেন্ডমেন্ট আনতে আমাকে প্রণোদিত করেছে। তারপর, আমার আরেকটা অ্যামেন্ডমেন্ট হল ক্লজ ৪(১৮)—এখানে আমি অ্যাড করতে বলেছি যাদবপুর ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলারকে আন-অফিসিয়াল হিসাবে রাখতে বলেছি—অবশ্য এসব ইউনিভার্সিটি থেকে কোন না কোন প্রতিনিধি রাখবার ব্যবস্থা রাখা হয়েছে, কিন্তু যে পদ্ধতিতে তা রাখবার ব্যবস্থা করা হচ্ছে সেটা আমি সমর্থন করতে পারি না। বিধানসভার থেকে একজন প্রতিনিধিও রাখতে আমি বলেছি, তিনি সংসদের দ্বারা ইলেকটেড হবেন। তা ছাড়া, আমার একটা গুরুতর কথা আছে, সেটা হল এই যে বোর্ড, আমরা দেখলাম ক্লজ ৪(১৮)এর মাঝখানে গভর্নমেন্ট বলেছেন ইন্টারেসটেড ইন এডুকেশন এই ধরনের প্রতিনিধি নেওয়া হবে। এখন ইন্টারেসটেড ইন এডুকেশন কাকে বলা হবে—ডেফিনিশন আমি জানি না কি দেওয়া হবে এর। আমরা গ্রাম এলাকার প্রতিনিধিত্ব করি, গ্রাম এলাকার এম এল এ, ব্লক ডেভেলপমেন্ট ওয়ার্কএর কাজ আমরা করি—আজকাল নানারকম রিলিফ কমিটি করা হয়েছে, নানা ধরনের সোস্যাল ওয়ার্কস আজকাল হচ্ছে, বিভিন্ন সোস্যাল সেন্টারস হয়েছে আজকাল—কিন্তু আমরা দেখি ব্লক ডেভেলপমেন্টএর মিটিংএ যোগদান করতে গিয়ে যে ইন্টারেসটেড পারসন্স বলে গভর্নমেন্ট যাঁদের নমিনেশন দেন তাঁরা কেউ উপস্থিত থাকেন না। এক কলম লেখাপড়া জানেন না এই ধরনের লোকও শিক্ষার পৃষ্ঠপোষক হতে পারেন। সুতরাং এটা যে একটু ভেগ রাখা হয়েছে এই বিষয়ে সন্দেহ নাই। সেজন্য আমার পরিষ্কার কথা, অ্যাসিস্ট্যান্ট টিচার—বাংলাদেশের সেই হতভাগের দল যাঁদের সম্পর্কে স্বর্গত মুখ্যমন্ত্রী বলেছিলেন মাস্টাররা পড়ায় না—এ'দের থেকে কয়েকজন প্রতিনিধি কেন নেওয়া হবে না? এসব অ্যাসিস্ট্যান্ট টিচারদের কি শিক্ষাক্ষেত্রে কোন দান নাই? আমি আবার বলব, উঁচুতলা থেকে দৃষ্টি নীচের দিকে দিন, তাহলে যাঁরা মাধ্যমিক শিক্ষাকে এগিয়ে নিয়ে চলেছেন তাঁরা আপনাদের আশীর্বাদ করবেন।

Mr. Speaker: The House stands adjourned till 12 noon tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-5 p.m. till 12 noon on Thursday, the 10th January, 1963, at the Assembly House, Calcutta.

roceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the)th January, 1963, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, l Hon'ble Ministers, 7 Hon'ble Ministers of State, 10 Deputy Ministers ıd 170 Members.

STARRED QUESTION

(to which oral answers were given)

[2—12-10 p.m.]

Salt-producing areas of Contai and Ramnagore

***13.** (Admitted question No. *31.) **Shri Sudhir Chandra Das:** Will ıe Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department e pleased to state—

(ক) কাঁথি ও রামনগরের লবণ উৎপাদনের ক্ষেত্রগুলি কিভাবে বিলিব্যবস্থার চেষ্টা হইতেছে;

(খ) বর্তমানে কোন্ কোন্ প্রতিষ্ঠান বা ব্যক্তি সরকারের নিকট ঐ জন্য আবেদন করিয়াছেন;

(গ) মোট কত জমি এখনও কাঁথি ও রামনগর থানায় লবণ উৎপাদনের ক্ষেত্ররূপে সরকারের হাতে আছে; এবং

(ঘ) কাঁথি মহকুমার অধিবাসীগণকে এই লবণ ক্ষেত্র বিলির ব্যাপারে অগ্রাধিকার দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

Shri Mahendra Nath Dakua:

(ক) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে;

(খ) বিবেচনাধীন অবস্থায় পূর্ণ বিবরণ দেওয়া সম্ভবপর নয়;

(গ) জমির পরিমাণ আনুমাণিক মোট ৫,৬০০ একর; এই জমি এখনও সরকারের হাতে আসে নাই; এবং

(ঘ) এই বিষয়টিও সরকারের বিবেচনাধীন।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় 'ক'-এর উত্তরে বলেছেন বিবেচনাধীন, কিন্তু কবে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে?

Shri Mahendra Nath Dakua:

যত তাড়াতাড়ি হয়।

Shri Kashi Kanta Maitra:

বিবেচনাধীন কতদিন?

he matter is under consideration.

তদিন?

Shri Mahendra Nath Dakua:

১৯৫৯ থেকে।

Shri Sudhir Chandra Das:

ব্যক্তিগত দরখাস্তকারী যারা জমি নেবার জন্য চেষ্টা করবেন, তাদের দরখাস্ত বিবেচনা করার নীতি সরকার নিয়েছেন কিনা?

Shri Mahendra Nath Dakua:

যারা দরখাস্ত করেছেন, তাদের কথা বিবেচনা করা হবে।

Shri Sudhir Chandra Das:

ব্যক্তিগতভাবে দেওয়া হবে কিনা?

Shri Mahendra Nath Dakua:

লোক্যাল ছোট ছোট ফার্ম যারা করবে, তাদের সম্বন্ধে বিবেচনা করা হবে।

Shri Sudhir Chandra Das:

ব্যক্তিগতভাবে দেবার সময় জমির লিমিট কত পরিমাণ থাকবে?

Shri Mahendra Nath Dakua:

ঠিক কিছু নয়।

Shri Sudhir Chandra Das:

আপনি 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন, "পূর্ণ বিবরণ দেওয়া সম্ভব নয়", আংশিক বিবরণ কি এবং দরখাস্তকারীর মধ্যে ইন্ডিভিজুয়াল কতজন, অথবা প্রতিষ্ঠানগত কতজন?

Shri Mahendra Nath Dakua:

দরখাস্ত আমরা ১১ জনের পেয়েছি, এই ১১ জনের মধ্যে ইন্ডিভিজুয়াল একজন এবং প্রতিষ্ঠানগত ১০ জন।

Shri Sudhir Chandra Das:

দরখাস্তকারীর মধ্যে কোলকাতার কোন প্রতিষ্ঠান আছে কিনা?

Shri Mahendra Nath Dakua:

হ্যাঁ, আছে।

Shri Sudhir Chandra Das:

তাদের নাম কি?

Shri Mahendra Nath Dakua: S. Banik & Co., Associated Industries (Pvt.) Ltd., Calcutta.

Shri Balai Lal Das Mahapatra:

স্থানীয় যেসব প্রতিষ্ঠান তাদের অগ্রাধিকার দেওয়া হবে কিনা?

Shri Mahendra Nath Dakua:

নিশ্চয়ই।

Shri Sudhir Chandra Das:

'গ' প্রশ্নের উত্তরে বলেছেন, "৫,৩০০ একর জমি আছে", কিন্তু এখনও তাঁর হাতে জমি না থাকার কারণ কি?

Shri Mahendra Nath Dakua:

বি-ব্লকের ৪ হাজার, ৫-এর সি-ব্লকের ১,১০০-এর মধ্যে আমরা পাবলিক সেক্টার-এ ২ হাজার নেব, আর বাকী ১,১০০ একর লোক্যাল এন্টারোপেনিওরদের দেওয়া হবে।

Shri Sudhir Chandra Das:

আপনারা বলেছেন, হাতে আসে নাই। আপনাদের এখন বিলি করবার মত ক্ষমতা আছে কিনা?

Shri Mahendra Nath Dakua:

এটা তো বিবেচনায় আছে।

Shri Sudhir Chandra Das:

খাস মহলের জমি যেটা সেটা তো আপনাদের হাতে আছে, সেটা বিলি করেন নি কেন?

Shri Mahendra Nath Dakua: No Answer.

Shri Sudhir Chandra Das:

প্রশ্ন (ঘ) কাঁথি মহকুমার অধিবাসিগণকে এই লবণ ক্ষেত্র বিলির ব্যাপারে অগ্রাধিকার দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

এর উত্তরে আপনি বলেছেন, এটি সরকারের বিবেচনাধীন, এ বিষয়ে কবে সিদ্ধান্ত গ্রহণ করবেন?

Shri Mahendra Nath Dakua:

এ ভাবে বলা সম্ভব নয়।

UNSTARRED QUESTIONS

(To which written answers were laid)

Disturbances over the discovery of a skull at Darua in Contai police-station of Midnapore district

24. (Admitted question No. 21.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কাঁথি থানায় দারুয়া গ্রামে অবস্থিত প্রাণানন্দ ঠাকুরের আশ্রম কাটা মুণ্ড উপলক্ষ্য করিয়া ভস্মীভূত ও লুণ্ঠিত হইয়াছিল;

(খ) সত্য হইলে, এ কাটা মুণ্ড সম্পর্কে পুলিস কোন তদন্ত করিয়াছে কিনা;

(গ) তদন্ত করিয়া থাকিলে, তাহার রিপোর্ট কি; এবং

(ঘ) এরূপ কাটা মুণ্ড সম্পর্কে থানায় কতবার ডায়েরী হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) একটি মাথার খুলি উপলক্ষ্য করিয়া এইরূপ হাঙ্গামা হইয়াছিল।

(খ) হাঁ।

(গ) তদন্তে ইহা নরহত্যার ব্যাপার বলিয়া প্রমাণিত হয় নাই।

(ঘ) একবারমাত্র (উপরি-উক্ত ঘটনা ব্যতিরেকে)।

Loans to the "Paniya Saradabar" Multipurpose Society in Pataspur police-station of Midnapore district

25. (Admitted question No. 22.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(ক) পটাশপুর থানার পাণীয়া সারদা বাড় সর্বার্থসাধক সমিতিকে সরকার এ পর্যন্ত কোন্ কোন্ কাজের জন্য কত টাকা ঋণ ও দান হিসাবে দিয়াছেন; এবং

(খ) ঐ সমিতির ঋণের কত টাকা পরিশোধ করিয়াছে?

The Minister for Co-operation:

(ক) উল্লিখিত সমিতিকে সমবায় বিভাগ এ পর্যন্ত নিম্নলিখিত কাজের জন্য কেবলমাত্র বিলাসীদের ১০,০০০ টাকা ঋণ দিয়াছে:—

যে কাজের জন্য দেওয়া হইয়াছে এবং ঋণের পরিমাণ

কুটিরশিল্প এবং সমবায় বিষয়ে যুবকদের শিক্ষাদানের নিমিত্ত একটি কেন্দ্র প্রতিষ্ঠা করা—২,৫০০ টাকা।

মধুপুরে সমিতির ৭৯·২২ একর জমির পুনরুদ্ধারকার্য—৭,৫০০ টাকা।

মোট—১০,০০০ টাকা।

(খ) এখন পর্যন্ত ঋণের কোনও কিস্তি পরিশোধ হয় নাই।

Loan to Contai Krishi Silpa Bipanan Samity

26. (Admitted question No. 30.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-Charge of the Co-operation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি কৃষি শিল্প সমবায় বিপণন সমিতিকে সরকার এ পর্যন্ত কত টাকা কোন্ কোন্ কাজের জন্য ঋণ বাবত দিয়াছেন এবং উক্ত সমিতি ঐ ঋণের কত টাকা পরিশোধ করিয়াছে; এবং

(খ) বর্তমানে ঐ সমিতির মূলধন কত?

The Minister for Co-operation:

(ক) উক্ত সমিতিকে গুদাম নির্মাণ বাবত ১৯৫৬-৫৭ সালে ১৫,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে। উক্ত টাকা হইতে এ পর্যন্ত ৩,০০০ টাকা আসল এবং ১,৯১২·৫০ টাকা সুদ বাবত পরিশোধ করিয়াছে। ঋণ পরিশোধ কিস্তি ছিল প্রতিবৎসর ১,০০০ টাকা হিসাবে ১৫ বৎসরে পরিশোধের জন্য।

(খ) ৩০-৬-৬২ তারিখ পর্যন্ত সমিতির মূলধন—৩৬,৪৭৪ টাকা।

Supply of fishes from Junput Fishing Centre

27. (Admitted question No. 32.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(ক) জুনপুট মৎস্য উৎপাদন কেন্দ্র হইতে গত শারদীয়া পূজার সময় মোট কত মণ মাছ কলিকাতায় সরবরাহ হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, ঐ সময়ে প্রায় দুইমাস কাঁথি বাজারে জুনপুট কেন্দ্রের মাছ সরবরাহ বন্ধ রাখা হইয়াছিল;

(গ) জুনপুট কেন্দ্রের মাছ কাঁথি বাজারে নিয়মিত উপযুক্ত পরিমাণে সরবরাহ করিবার ব্যবস্থা হইতেছে কি; এবং

(ঘ) জুনপুট কেন্দ্র হইতে এই বৎসরের অক্টোবর ও নবেম্বর মাসে মোট কত মণ মাছ কাঁথি বাজারে সরবরাহ হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) ৩,৭৬৫·৫ কিলোগ্রাম বা কিঞ্চিদধিক ১০১ মণ।

(খ) ইহা সত্য নহে।

(গ) আপাততঃ এরূপ কোনও পরিকল্পনা নাই।

(ঘ) ১৯৬২ সালের অক্টোবর-নবেম্বর মাসে ২৩২ কিলোগ্রাম বা কিঞ্চিদধিক ৬ মণ মাছ ঐ কেন্দ্র হইতে কাঁথি বাজারে সরবরাহ করা হইয়াছে।

Government Sales Emporium at Lindsay Street and at Chittaranjan Avenue

28. (Admitted question No. 35.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) the date of opening of the Government Sales Emporium at Lindsay Street, Calcutta, and the income and expenditure of this store year by year; and

(b) (i) the date of opening of the Government Sales Emporium at Chittaranjan Avenue, Calcutta,

(ii) number of employees, both male and female, posted there, and

(iii) annual income and expenditure year by year?

The Minister for Cottage and Small-Scale Industries: (a) 24th December, 1960.

Year.		Expenditure.	Income.
		Rs. nP.	Rs. nP.
1960-61	...	15,190.00	5,300.00
1961-62	...	58,864.45	33,617.67

(b) (i) 5th January, 1951.

(ii) Thirty-two of which 12 are female and 20 male.

(iii)

Year.		Expenditure	Income.
		Rs. nP.	Rs. nP.
1952-53	...	16,810.34	5,205.39
1953-54	...	28,943.80	10,384.67
1954-55	...	28,766.42	13,420.85
1955-56	...	32,287.05	22,977.00
1956-57	...	31,412.50	20,304.00
1957-58	...	34,997.46	23,594.86
1958-59	..	62,095.28	24,472.93
1959-60	...	70,921.05	22,901.01
1960-61	...	62,495.70	17,159.08
1961-62	...	73,241.75	12,628.48

Allegation against the Medical Officer of Karimpur Health Centre

29. (Admitted question No. 36.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government is aware of the allegations of malpractice made by local people against the Medical Officer attached to Karimpur Hospital, Nadia; and

(b) if so, what steps have been taken in this matter?

The Minister for Health: (a) The C.M.O.H., Nadia, received the following allegations against the Medical Officer, Karimpur Health Centre:

(i) he made private practice, and

(ii) he asked patients to purchase from open market medicines which were available in the Health Centre.

(b) The C.M.O.H., Nadia, personally enquired into the matter. The allegation of private practice by the Medical Officer could not be substantiated. Medicines are supplied to all patients from the Health Centre. Only on one occasion due to unavoidable delay in receipt of medicine from Central Medical Stores, the Medical Officer asked some of the patients to purchase from open market medicines which were out of stock at the time.

Distribution of milk powder from Karimpur Hospital

30. (Admitted question No. 37.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that milk powder is being distributed from Karimpur Hospital in Nadia for the students of Gopalerpara Primary School;

(b) if so, whether in the month of July, 1962, barrels of milk powder were supplied for distribution amongst the school students; and

(c) whether the physical stock verification of the powder milk is made regularly?

The Minister for Health: (a) Yes.

(b) No milk powder was supplied to the institution during the month of July, 1962.

(c) Physical stock verification was made on 19th November, 1962.

Veterinary Centre under Block Development No. 2 at Ausgram in Burdwan

31. (Admitted question No. 65.) **Shri Monoranjan Baksi:** Will the Hon'ble Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনস্থ পশুচিকিৎসা কেন্দ্রের প্রধান কার্যালয়টি কোন্ মৌজায় অবস্থিত;

(খ) এই প্রধান কার্যালয়টিতে কতগুলি গ্রাম উপকৃত হয়;

(গ) কোন্ কোন্ মৌজায় ঐ প্রধান কার্যালয়টির শাখা কেন্দ্র আছে এবং প্রধান ও শাখা কেন্দ্রগুলি কখন এবং কোন্ কোন্ সময় খোলা থাকে;

(ঘ) এই সব কেন্দ্রের সংস্থান স্থিরীকৃত হইবার সময় আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থা কমিটির পরামর্শ গ্রহণ করা হইয়াছিল কিনা; এবং

(ঙ) কি পদ্ধতিতে এই প্রধান ও শাখা পশুচিকিৎসা কেন্দ্রগুলির সংস্থান নির্ণয় করা হয়?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) পশুচিকিৎসা কেন্দ্রের প্রধান কার্যালয়টি আমড়ার গড় গ্রাম এবং মৌজায় অবস্থিত।

(খ) আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনস্থ ১৪৪টি গ্রাম উপকৃত হয়।

(গ) মৌজা আদুরিয়ায় এবং মৌজা অভিরামপুরে যথাক্রমে একটি ভেটেরিনারী এড্ সেণ্টার ও একটি সাব-সেণ্টার আছে।

পশু চিকিৎসাকেন্দ্রের প্রধান কার্যালয়টি এবং আদুরিয়া মৌজায় অবস্থিত ভেটেরিনারি এড্‌-সেন্টারটি গ্রীষ্মের সময় অর্থাৎ ১লা এপ্রিল হইতে ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত সকাল ৭টা হইতে ১১টা ও বিকাল ৩টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত এবং শীতকালে অর্থাৎ ১লা অক্টোবর হইতে ৩১এ মার্চ পর্যন্ত সকাল ৮টা হইতে বেলা ১২টা এবং বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত খোলা থাকে। রবিবার এবং অন্যান্য ঘোষিত ছুটির দিনে কেন্দ্র দুইটি বন্ধ থাকে। অভিরামপুর মৌজায় অবস্থিত ভেটেরিনারি সাব-সেন্টার প্রতি শুক্রবার সকাল ৭টা হইতে ১১টা পর্যন্ত খোলা থাকে।

(ঘ) না।

আউশগ্রাম ২নং উন্নয়ন ব্লকের ব্লক ডেভেলপমেন্ট অফিসারের পূর্ব পরামর্শক্রমে পশুচিকিৎসা কেন্দ্রগুলি খোলা হইয়াছিল। ভারপ্রাপ্ত পশুচিকিৎসকের দ্বারা কেন্দ্রগুলির প্রাথমিক নির্বাচনের পর ব্লক ডেভেলপমেন্ট অফিসারের পরামর্শানুযায়ী ভেটেরিনারি রেঞ্জ সুপারিন্টেন্ডেন্ট মহাশয় কেন্দ্রগুলি স্থাপনের স্থান চূড়ান্তভাবে অনুমোদন করেন। ইহাই প্রচলিত প্রথা।

(ঙ) সাধারণত ব্লক হেড্ কোয়ার্টারের সহিত যাতায়াত ব্যবস্থার সুবিধা, স্থানীয় প্রয়োজনীয়তা এবং কেন্দ্রগুলি স্থাপনের সুবিধামত জায়গা প্রাপ্তি প্রভৃতি বিষয় বিবেচনা করিয়া কেন্দ্রগুলি সংস্থাপন করা হয়।

Complaints against the Medical Superintendent of Lady Duffrin Victoria Hospital, Calcutta

32. (Admitted question No. 68.) **Shri Sayed Abul Mansur Habibullah:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number and nature of complaints, if any, received by Government against the Medical Superintendent, Lady Dufferin Victoria Hospital, Calcutta, during the last one year;

(b) whether any enquiry has been made into the allegations against this hospital;

(c) if it is a fact that there has been frequent transfer of Medical Officers from this hospital during the last three years;

(d) if so, what is the reason; and

(e) the number of Medical Officers with Post-Graduate and foreign qualifications now posted in this hospital?

The Minister for Health: (a) Except a representation about certain grievances like non-fixation of pay in revised scales, non-payment of arrear increments, fixation of duty hours, promotion, etc., of the class IV workers of the hospital made by the All-Bengal Hospital Workers' Union, no public complaint was received.

(b) The grievances of the class IV workers were duly looked into and instructions for their redress have been issued.

(c) Certain transfers were made in the exigencies of public service.

(d) Does not arise.

(e) Seven.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: Honourable members, I have received five calling attention notices: One from Shri Sanat Kumar Raha on non-acceptance of clothings and money deposited in the jail gate for D.I. Rule prisoners; one from Dr. Golam Yazdani on the subject of loss of crops and lands of the peasants due to the construction of Mellore Bund in Malda district; one

from Shri Nikhil Das on rise of small-pox cases in Calcutta; one from Shri Gour Chandra Kundu on closing down of Fulia Tangaile Textile Mills; and the last one from Shri Sailendra Nath Adhikary on artificial slump created by jute magnates and their agents in West Bengal.

I have selected the notice on the subject of rise of small-pox cases in Calcutta given by Shri Nikhil Das. The Minister concerned may make the statement today or give a date for making such a statement.

[12-10—12-20 p.m.]

The Hon'ble Dr. Susil Ranjan Chattopadhyay: I am making the statement today.

Since the early part of November last there has been outbreak of small-pox in the city, particularly in the Burrabazar area, which the people kept concealed due to their superstitious beliefs. Cases detected are being hospitalised. There have so far been 225 cases with 129 deaths from week ending 10-11-62 in the whole of the city of Calcutta.

Besides the seasonal factors, leading to the present outbreak, this is a year of cyclical periodicity for epidemic outbreak of small-pox. Calcutta also abounds in floating population hailing from different parts of the Indian Union amongst whom there are many who have never taken vaccination at all and are averse to vaccination which has aggravated the problem.

The State Government realising the necessity of mass vaccination during the epidemic cycle and also following a decision for eradication of small-pox, have employed 256 vaccinators for the Calcutta Area to supplement the vaccinations done by 339 vaccinators of the Calcutta Corporation. Since November 1962, till now 13 lakhs of people have been vaccinated or re-vaccinated (Corporation staff—8 lakhs and Government staff—5 lakhs); to this may be added the figure of another 13.5 lakhs of vaccination done between 1st January 1962 to 31st October 1962. The total vaccination therefore is 26.5 lakhs of whom 99,229 are primary cases.

In view of the large number of vaccinations already performed in the city it is hoped that with the co-operation of the people the outbreaks would be localised and controlled.

Besides, the State Government have employed 451 vaccinators to supplement the vaccinating staff (comprising of about 150 vaccinators) of the other 31 municipalities in the Greater Calcutta Area. Since the middle of the month of November, 1962 9 lakhs vaccinations and re-vaccinations have been performed. There have been 29 attacks and 10 deaths since the month of November last in the said area.

GOVERNMENT BILL

The West Bengal Board of Secondary Education Bill, 1962

Mr. Speaker: We shall now take up the West Bengal Board of Secondary Education Bill, 1962, clause 4. Shri Sanat Kumar Raha will move amendment No. 99 of Shri Birendra Narayan Ray.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 4(18) lines 1-2, for the words "nominated by the State Government" the words "elected from amongst themselves by the members of Managing Committees of the Institutions other than Primary Institutions recognised by the State Government" be substituted.

এই অ্যামেন্ডমেন্ট মুভ করার সময় কিছু বক্তব্য আমাদের ছিল, যার জন্য অভিভাবকদের পক্ষ থেকে সেকেন্ডারী বোর্ডে প্রতিনিধি পাঠাবার যে প্রয়োজন ছিল, সেই সম্বন্ধে বক্তব্য আমাদের বহু অভিজ্ঞতা মারফত বলতে পারতাম। দুঃখের বিষয় আজকে দ্বিতীয়বারে যখন বক্তৃতা হবে সেই সময় আমার অন্য বক্তব্য হবে। আমি শুধু এইটুকু বলে শেষ করতে চাই যে, শিক্ষকদের, অভিভাবকদের প্রতিনিধিত্ব করাটা এখানে বাধা দেওয়া হয়েছে একরকমভাবে। এখানে আমলাতান্ত্রিক চাপ এবং সরকার মনোনীত এবং সরকারী কর্মচারী, এদের দ্বারা যে বোর্ড, সেই বোর্ডের মধ্যে দেখেছি স্বাধীনভাবে যাঁরা মত ব্যক্ত করতে পারেন, অভিভাবকদের থেকে যাঁরা প্রতিনিধিত্ব করতে পারেন, যাঁরা বোর্ডের কাছে গিয়ে অনেক সময় ভিক্ষাপাত্র নিয়ে ঘুরে আসেন, তাঁদের কাছে আমার বক্তব্য ছিল এই, যেহেতু আমার অভিজ্ঞতা হচ্ছে এই ম্যানেজিং কমিটির পক্ষ থেকে বহরমপুর মহাকালী পাঠশালার পক্ষ থেকে কিছু অভিজ্ঞতা অর্জন করেছি, আমার ধারনা, ম্যানেজিং কমিটির পক্ষ থেকে যদি আরো বেশী প্রতিনিধি না নেওয়া হ'ত, তাহলে স্বতন্ত্র বক্তব্য উপস্থাপিত করা আমাদের সম্ভব হত। কাজেই চারজন প্রতিনিধি, ম্যানেজিং কমিটির সেই মনোনীত মেম্বাররা ইলেক্ট করে পাঠাবেন, নমিনেটেড হবে না গভর্নমেন্টের দ্বারা, এই যে বক্তব্য উপস্থাপিত করা হয়েছে অ্যামেন্ডমেন্ট দেবার পথে, এই অ্যামেন্ডমেন্ট ভীষণভাবে সমর্থন করি। এবং আশা করি এই যদি গ্রহণ করেন সরকার, তাহলে আমার মনে হয়, বর্তমান যুগে সেকেন্ডারী এডুকেশান বোর্ড যে দৃষ্টিভঙ্গীতে করা হয়েছে তাতে সরকারী কর্মচারী থাকার প্রয়োজনীয়তা অনেক বিষয় আছে, সেকথা আমি বিশ্বাস করি, বহু ধরনের শিক্ষার ব্যাপার, শিক্ষার প্যারাফার্নেলিয়া, শিক্ষার বিষয়বস্তু সম্বন্ধে জ্ঞান লাভ করেছে, সেদিক দিয়ে বহু কর্মচারীর প্রয়োজনীয়তা আছে, তথাপি আমার মনে হয়, শিক্ষার দিক দিয়ে আমরা বিভিন্ন ইনস্টিটিউশনের সংগে যোগাযোগ করে দেখেছি যে, স্বাধীন স্বতন্ত্র মত প্রকাশ করবার জন্য কোন লোক থাকে না। যদি বোর্ডের কোন ত্রুটি-বিচ্যুতি থাকে, তা ধরিয়ে দিলে পরেও সেগুলির বিরুদ্ধে স্পষ্ট করে বলবার মত বোর্ড অফিসে লোক দেখা যায় না। আমার অভিজ্ঞতা হচ্ছে এই যে, আমরা জানি ম্যানেজিং কমিটির পক্ষ থেকে বহুবার সেকেন্ডারী বোর্ডের কাছে বহু বক্তব্য পেশ করা হয়েছে, তার জবাব পাওয়া যায় না, যদিও বা সেকেন্ডারী এডুকেশন বোর্ডে আমরা যাই, সেখানে নানা রকমের প্রেসার বা নানা রকমের ক্লিক থাকে, যার ফলে মনে হয় সেগুলি যেন আমাদের দৃষ্টি এড়িয়ে অদৃশ্য কোন হস্তক্ষেপ হচ্ছে, অদৃশ্য কোন হাত কাজ করছে। যেমন উদাহরণস্বরূপ বলা যেতে পারে গভর্নমেন্ট এড গ্র্যান্ট, গভর্নমেন্ট ডি এ, গ্র্যান্ট, এইগুলি সময়মত না পাওয়ার ফলে সেইসব স্কুলের শিক্ষক শিক্ষিকারা যেভাবে কষ্ট পান, তার প্রতিকার করবার সু-ব্যবস্থা, সুনিশ্চিত অবস্থায় সুচিন্তিত নিয়ম নেই। এর প্রতিকারের কোন ব্যবস্থা নেই। দ্বিতীয়তঃ, আমরা দেখেছি, স্কুলের বাড়ির বিল্ডিং করার কোন প্ল্যান যদি দেওয়া যায়, সেই প্ল্যানটা এক বৎসর, দু' বৎসর, পাঁচ বৎসর ধরে পড়ে থাকে, সেই প্ল্যানের স্যাংশন আসে না। আবার শোনা যায়, যে প্ল্যান স্যাংশন হবে না, সেই প্ল্যান স্যাংশন হতে পারে, যদি তদবির করা হয়। এইরকম অভিজ্ঞতা আমাদের আছে। তৃতীয়তঃ, আমরা দেখেছি, অনেক বই আছে তা যদি আমরা স্কুলে পুস করতে না পারি, সেইসব বই, ভেস্টেড ইন্টারেস্টেড লোক, তাদের বইকে আমরা স্কুলে যদি ঢুকাতে না পারি, সেই স্কুলের কাজকর্ম বোর্ডের কাছ থেকে পাওয়া সম্ভব হয় না। আরো দেখেছি, সায়েন্টিফিক ইন্সস্ট্রুমেন্ট কিনবার যে ব্যবস্থা আছে তা যদি সহজভাবে আমরা অন্য জায়গায় করতে পারি, তার ফলে আমরা দেখেছি বাধা-বিঘ্ন আসার সম্ভাবনা আছে। কিন্তু উপায় নেই। আমরা এটাও দেখেছি যে, একটা কমিটির ইলেকশন করার ডিউ ডেট পার হয়ে যাবার পরও যে ইলেকশন হয়ে যায়, ইলেকশন হয়ে যাবার পরও ২-৩ বৎসর পরেও সেই ইলেকটেড ম্যানেজিং কমিটিতে রেকগনাইজ করে বসান হয় না। যদিও বা বসলো, তাহলেও একটা সামান্য ক্রুতে, অত্যন্ত একটা অহেতুক দাবীর ভিত্তিতে সেইসব কমিটিগুলিকে নাকচ করে দেওয়া হয়, করে দিয়ে নূতন কমিটি করার জন্য বলা হয়। সেই কমিটি কিভাবে করবে তার কোন ব্যবস্থা নেই। আমরা দেখেছি যে, ম্যানেজিং কমিটির ইলেকশনের ব্যাপারে যেসব ব্যবস্থা করা হয়েছে যে, অমুক অমুক ক্যাটেগরি থেকে প্রতিনিধি আসবে, সেই সব ক্যাটেগরির কোন স্ট্যান্ডার্ড নেই। পারসন্স ইন্টারেস্টেড ইন এডুকেশন এবং মেডিক্যাল প্রাক্টিশনার, এই বিষয় নিয়ে আমরা ঝামেলায় পড়েছি। মেডিক্যাল প্রাক্টিশনার হোমিওপ্যাথ হবে বা না হবে তার সংজ্ঞা যা দিয়েছেন তাতে পরিস্কার বোঝা যায় না। মেডিক্যাল প্রাক্টিশনার কাদের নিয়ে আমরা রিপ্রেজেন্ট করবো, তা বোঝা যায়

না। আমরা দেখেছি যে, এই বিষয় অনেক ক্যাটেগরিতে পরিষ্কারভাবে বলা না থাকার ফলে সামান্য কারণে বহু প্রতিবাদ আসে এবং বহু কমপ্লেন আফটার দি ইলেকশন লজড হয়, যার ফলে ইলেকশন নাকচ করে দেওয়া হয়। তারপর নাকচ করার পরেও সেইসব জায়গায় তা পুনর্গঠন করার কোন ব্যবস্থা হয় না। আমরা জানি বহরমপুরে মহাকালী পাঠশালা, বোরাবাড়ি শিল্প মন্দির, সাতই স্কুল, জুনিয়ার বেসিক স্কুল, এদের বৎসরের পর বৎসর ধরে তাদের কমিটি বসে না। কোথায়ও বা এড হক কমিটি আছে। জুনিয়ার বেসিক স্কুল, সাতই, সেখানে তিন বৎসর ধরে একটা এড হক কমিটি আছে। সেই কমিটি সম্বন্ধে আমি কোশ্চেন করেছি, এখনও উত্তর পাই নি। ২-৩ বৎসর ধরে একটা স্কুল কমিটি ফ্যাংশন করে না, ম্যানেজিং কমিটি ফ্যাংশন করে না, সেইসব স্কুল ক্রমশ ক্রমশ যাহান্নামে যায়, গোল্লায় যায়, সেদিকে দৃষ্টিপাত করার কোন সুযোগ নেই। কাজে-কাজেই এই যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সেই অ্যামেন্ডমেন্টের পক্ষে আমি বলতে চাই যে, আপনারা যে কমিটি গঠন করেছেন, যে বোর্ড গঠন করেছেন, সেই বোর্ডকে হয়ত ভোটের জোরে আমরা আর বদলাতে পারবো না, সেইজন্য আমার একান্ত অনুরোধ যে, আপনারা এই কমিটির মধ্যে, বোর্ডের মধ্যে, সেই সব লোককে নিয়ে আসুন, যাঁরা লক্ষ লক্ষ অভিভাবককে প্রতিনিধিত্ব করতে পারেন এবং স্বাধীনভাবে কিছু বক্তব্য পেশ করতে পারেন। কর্মচারীদের মুখ চেয়ে নয়, সরকারের মুখ চেয়ে নয়, তাঁদের ছেলেমেয়েদের শিক্ষার জন্য এবং তাঁর সন্ততির ভাগ্যের জন্য তাঁরা পরিস্কার বলতে পারেন স্কুল কমিটির এই ডিফেক্ট আছে তা সংশোধন করা হোক। কাজেই চারজন প্রতিনিধি কমসে-কম যদি এই কমিটিতে থাকে, তাহলে আমার মনে হয় এতে কোন মহাভারত অশুদ্ধ হবে না। এবং আমার বিশ্বাস যে বোর্ড আপনারা করেছেন, আমলাতান্ত্রিক, স্বৈরাচার এবং সরকারী চাপের মাধ্যমে, সেই বোর্ডের মধ্যে যদি অভিভাবকদের প্রতিনিধিত্ব করবার জন্য চারজন নির্বাচিত হন, এবং তাঁরা সকলেই যদি এই ম্যানেজিং কমিটির মেম্বার দ্বারা নির্বাচিত হন, তাহলে কিছুটা ভাল হবে, এই কথা বলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[12-20—12-30 p.m.]

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 4(18), line 1, for the word "four" the word "six" be substituted.

I also move that in clause 4(18), in line 3, after the word "woman" the words "two of whom shall be from educationally backward communities" be inserted.

মিঃ স্পীকার স্যার, আমি যে সংশোধনটা মাধ্যমিক শিক্ষা বোর্ড বিলের চার নম্বর ক্লজ সম্পর্কে এনেছি, সেই সম্বন্ধে প্রারম্ভিক আলোচনার সময় বহু মাননীয় সদস্য তাঁদের বক্তব্য পেশ করেছেন। এই বিল সম্পর্কে অন্যান্য বক্তব্য আমি বলবো না, কিন্তু একটা জিনিস আজকে খুব দুঃখের, বেদনার, এবং এটা নিশ্চয়ই মাননীয় সদস্যরা স্বীকার করবেন, এটা খুবই মর্মান্তিক। গত ১৯৫০ সালে পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা বিল যেটা পাশ হয়েছিল, যেটা আইনে পরিণত হয়েছিল, তাতে আমরা লক্ষ্য করেছি যে, শিক্ষাদীক্ষার দিক থেকে যারা পশ্চাদপদ, অনুন্নত সম্প্রদায়, তাদের প্রতিনিধি সেখানে না থাকলেও তাদের শিক্ষাদীক্ষা ও মাধ্যমিক শিক্ষা যাতে যথাযথভাবে পরিচালিত হয়, তার জন্য একটা কমিটি ছিল। কিন্তু, এবারে যে বিল এখানে এসেছে, সেই বিলে শিক্ষাদীক্ষায় অনুন্নত সম্প্রদায়ের কোন লোককে নেওয়া হয় নাই। শুধু তাই নয়, এদের শিক্ষাদীক্ষা যাতে ভালভাবে চলে, বিশেষ করে কমিশনের যে সুপারিশ রয়েছে, যে [illegible] উপর খুব জোর দিয়ে কমিশন বলেছেন, আগামী দশ বৎসরের মধ্যে অনুন্নত জাতি, উপ[illegible] অন্যান্য উন্নত জাতির সমপর্যায়ে নিয়ে আসতে হবে। সে বিষয় এখানে খেয়াল রাখা হয় নাই। সংবিধানের আর্টিকেল ৪৮-এ যে কথাগুলি বলা হয়েছে, সেই কথা-গুলি যদি আমরা খেয়াল রাখি, তাহলে আজকে যে সংশোধনী এনেছি, তা মাননীয় শিক্ষামন্ত্রী একটু বিবেচনা করলেই অনায়াসে সেটা তিনি গ্রহণ করতে পারেন। আজকে শিক্ষাদীক্ষায় পশ্চাদপদ জাতি ও উপজাতির মধ্যে একটা সম্প্রদায়ের কথা বলবো—বিশেষ করে আদিবাসী সম্পর্কে, তাদের প্রাইমারী শিক্ষা বলুন, মাধ্যমিক শিক্ষা বলুন, তাদের সেইসমস্ত শিক্ষার ব্যাপারে সরকারের যে কি পরিমাণ অবহেলা রয়েছে, তা [illegible] এই বিলটা দেখলে সেটা প্রমাণিত হবে। আজকে

পশ্চিমবাংলায় মধ্যশিক্ষা সম্পর্কে বিশেষ করে উপজাতিদের শিক্ষা সম্পর্কে কমিশন যে রিকমেণ্ডেশান্‌ রেখেছেন, সেই সম্পর্কে অল্পকিছু বলবো। ডেবর কমিশন বলেছেন, সরকার শুধু টাকা মঞ্জুর করলেই উপজাতি সম্প্রদায়ের লোকেরা শিক্ষাদীক্ষায় এগিয়ে যেতে পারবে না। এই টাকা যাতে যথাযথভাবে খরচ হয়, এবং একটা বৈজ্ঞানিক পরিকল্পনার মাধ্যমে এই টাকা খরচ হয়, এবং সঙ্গে সঙ্গে সরকারের যে লক্ষ্য রয়েছে, আগামী দশ বছরের মধ্যে অনুন্নত সম্প্রদায়কে উন্নত সম্প্রদায়ের পর্যায়ে নিয়ে আসতে হবে—সেদিকেও সরকারের দৃষ্টি রাখতে হবে। এটা যদি ঠিকমত কাজে লাগাতে হয়, তাহলে এই যে বিল আনা হয়েছে, সেখানে একটা ব্যবস্থা নিশ্চয়ই করতে হবে। সঙ্গে সঙ্গে বিভিন্ন যে কমিটি রয়েছে, সেই কমিটিগুলির যে সুপারিশ রয়েছে যাতে অনুন্নত সম্প্রদায় শিক্ষাদীক্ষায় এগিয়ে যেতে পারে, সেই ব্যবস্থা যাতে ঠিকমত কার্যকরী করা যেতে পারে, তার জন্য একটা কমিটি গঠন করতে হবে। ডেবর কমিশন একটা জিনিস বলেছেন, আমি আপনার মাধ্যমে সেদিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেই কমিশন বলেছেন,

There are two points relating to the subject. One is payment of examination fees in the Universities and the Boards. We hope that these bodies, although they are autonomous, will consider the economic condition of the tribals. The second point is the condition for admission of students in the secondary and collegiate courses. While we do not want to advocate any kind of lowering of the standard, we feel that there should be a period of coaching before tests are taken. The tribal students should be admitted in the institution on their showing the minimum educational qualification for admission. Necessary facilities can be provided to them for coaching after which they may appear for the test.

এডমিশনের ক্ষেত্রে আমরা দেখছি, আমি গত বাজেট বক্তৃতার সময় বলেছিলাম যে, সেখানে একটা স্ট্যান্ডার্ড মেন্টেইন করা হচ্ছে, যে একটা স্ট্যান্ডার্ড মার্ক না থাকলে, তাদের অ্যাডমিশন করা হবে না। কিন্তু, উপজাতি সম্পর্কে দেবর কমিশন যে অনুসন্ধান চালিয়েছিলেন, তাতে বলা হয় যে, কেন উপজাতি ছাত্ররা মার্ক কম পায়? এই নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করার পরে, তাঁরা সুপারিশ করেন যে, সাধারণ ছাত্রদের বেলায় অ্যাডমিশানের ক্ষেত্রে যে স্ট্যান্ডার্ড মেনটেইন করা হয়, উপজাতি, পশ্চাদপদ জাতির বেলায় তা যাতে না রাখা হয়। উপরন্তু, তাদের সেই আডমিশন যাতে অনায়াসে হয়, তার জন্য উপযুক্ত ব্যবস্থা থাকা দরকার। যাতে তাদের শিক্ষা, দীক্ষায় তাড়াতাড়ি স্ট্যান্ডার্ড রাইজ করে সেই ব্যবস্থা করার জন্য একটা অনুরোধ জানান হয়েছে। এই যে মাধ্যমিক শিক্ষা বোর্ড যেটা গঠিত হচ্ছে, সেখানে কে করবে এই কাজগুলি? অন্য দিকে একটা জিনিস আছে, উপজাতি, পশ্চাদ্‌পদ জাতিদের ভাষা সম্পর্কের কথা।

মাধ্যমিক শিক্ষা বিশ্ববিদ্যালয়ের অধীনে যখন ছিল, তখন উপজাতিদের একটা ভাষা সাঁওতালী ভাষা সম্পর্কে বলবো, এটা

In lieu of classical language

হিসাবে পড়ান হ'ত। বহু সাঁওতাল ছাত্র সংস্কৃত, আরবী, পারসী ভাষার পরিবর্তে সাঁওতালী ভাষা পড়ত। এই বোর্ড যখন আসলো, তার বছর দু-এক আগে পর্যন্ত ক্লাসিক্যাল ল্যাঙ্গোয়েজ-এর পরিবর্তে সাঁওতালি ল্যাঙ্গোয়েজ পড়বার ব্যবস্থা ছিল। তারপর দু-বছর পরে দেখলাম সেটা মেজর ভারনাকুলার ভাষা হিসাবে তাদের পড়তে হবে বলা হল। এটা একবার চিন্তা করুন, বাংলাদেশের যে সাঁওতালরা পশ্চাদ্‌পদ উপজাতি, তাদের পক্ষে এটা একটা মেজর ভারনাকুলার হিসাবে পড়া কি সম্ভব! আগে যে পোজিশান ছিল, অর্থাৎ যেটা

in lieu of classical language

ছিল, দু-তিন বছর; তারপর, আবার সেটাকে পাল্টে দিয়ে, গত দু-তিন বছর থেকে এটা মেজর ভারনাকুলার ভাষা হিসাবে করা হয়েছে। এটা শিক্ষাক্ষেত্রে একটা অ্যানোমালি চলছে। এগুলি বাস্তবে দেখবার জন্য লোক থাকা দরকার। এদিকে আমি যে সংশোধনী এনেছি, সেটা হচ্ছে সরকার যেখানে চারজনকে মনোনয়ন দিচ্ছেন, সেখানে ছয়জনকে দেওয়া হোক; এবং এই ছয়জনের মধ্যে দুইজন যাতে উপজাতি বা তপশীল জাতির লোক থাকেন, তার জন্য ব্যবস্থা করুন। এর

সঙ্গে আমি আর একটা সংশোধনী এনেছি, যেটা আমার আগে আর একজন বন্ধু এনেছেন। সেটা হচ্ছে, উপজাতি ও তপশীল জাতির শিক্ষাক্ষেত্রে একটা কমিটি গঠন করে তাকে পরিচালনা করা উচিত। এটা মাননীয় মন্ত্রীমহাশয় গ্রহণ করলে এই জিনিসগুলি হবে না। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এদিকে। আমি আশা করি তিনি এটা বিবেচনা করে গ্রহণ করবেন। পূর্বেকার আইনে তিনি যে কিছুদূর এগিয়ে এসে এই উপজাতি ও পশ্চাদ্‌পদ জাতির শিক্ষা-দীক্ষার জন্য একটা কমিটি রেখেছিলেন, সেটা এখনকার আইনের মধ্যেও দেখছি। সেখানে আমার এই সংশোধনী রয়েছে, আশা করি তিনি এই [illegible] গ্রহণ করবেন, যাতে উপজাতি ও পশ্চাদপদ জাতিদের শিক্ষা-দীক্ষার ক্ষেত্রে অ্যানোমালি না চলে, যাতে সেখানে একটা সুষ্ঠু পরিকল্পনা থাকে, এবং দেবর কমিশনের সুপারিশ অনুযায়ী একটা নির্দিষ্ট সময়ের মধ্যে এদের শিক্ষা-দীক্ষাকে অন্যান্য সম্প্রদায়ের পর্যায় উন্নিত করা যায়, তার ব্যবস্থা করা দরকার। আমি আবার আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাই, আমার সংশোধনী (৯৮), যেটায় আছে, নমিনেসনের ক্ষেত্রে, চারজনের জায়গায় ছয়জন করবেন। এবং আমার সংশোধনী (১০০) নম্বরে রয়েছে, যেখানে নমিনেসন দেওয়া হবে, ছয়জনকে বলা হচ্ছে, সেখানে এই ছয়জনের মধ্যে দুইজনকে যেন পশ্চাদ্‌পদ জাতি থেকে নেওয়া হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that for clause 4, the following be substituted, namely:—

"4. The Board shall consist of the following members:—

(1) the President, ex-officio;

(2) the Director of Public Instruction, Government of West Bengal, or if the Government so directs, the Joint Director of Public Instruction of West Bengal, ex-officio;

(3) seven representatives of teachers of recognised Secondary Schools to be elected from amongst themselves according to rules framed;

(4) one representative of the Calcutta University to be elected by the Senate;

(5) one representative of the Jadavpur University to be elected by the University;

(6) one representative of the Viswa Bharati to be elected by the Sansad;

(7) one representative each of the Kalyani, Burdwan and the North Bengal University to be elected by the University;

(8) two teachers of the Calcutta University to be elected by the Senate, one of whom shall be a teacher of Applied Science;

(9) two representatives of the Heads of recognised Secondary Schools, one of whom shall be a woman to be elected from amongst themselves according to rules framed by the Board;

(10) one representative of the teachers of recognised Primary Schools to be elected according to rules framed;

(11) one representative of the Backward classes to be co-opted by the Board;

(12) one representative of the Linguistic Minorities to be co-opted by the Board;

(13) five persons from eminent educationists, three of whom having special or technical knowledge from the education stand point about Agriculture, Industry, Commerce and Medicine to be co-opted by the Board".

[illegible] আমার ১০৬নং সংশোধনী প্রস্তাব মুভ করছি। আমি প্রথমে আমার সংশোধনী প্রস্তাবের মধ্যে দু-একটা বাদ যাবে।

(৩)নং সাব-সেকশান, আর (৯)নং সাব-সেকশান এবং (১০)নং সাব-সেকশান, যেখানে 'বাই দি বোর্ড' বলে শেষ হয়েছে, সেগুলি আমি মুভ করছি না। (১৩) নম্বরও আমি মুভ করছি না।

[12-30—12-40 p.m.]

স্যার, আমি আমার সংশোধনী প্রস্তাব মুভ করতে গিয়ে বলতে চাই, এই সেকেন্ডারী এডুকেশন বিল-এর উপর আমাদের [illegible] থেকে বহু সমালোচনা হয়েছে, এবং বিশেষকরে এই ধারাটাকে কেন্দ্র করেই যত সমালোচনা হয়েছে, কেন না, এই বিলটার মধ্যে এই ধারাটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। এই ধারাটা গুরুত্বপূর্ণ এই কারণে যে, এর দ্বারা একটা কাঠামো নির্ধারণ করা হচ্ছে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে, শিক্ষাব্যবস্থা নতুন করে সংগঠিত করা হবে। কিন্তু, আমরা দেখতে পাচ্ছি এটা এত বেশি অ-গণতান্ত্রিক যে, আমরা যারা গণতন্ত্রে বিশ্বাসী তারা এটা সমর্থন করতে পারি না। মিঃ স্পীকার স্যার, আমাদের কনস্টিটিউশন-এ রয়েছে যে, আমাদের দেশে সমাজতান্ত্রিক রাষ্ট্রগঠন করা হবে, করতে হবে, এবং যেসমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনা আজকে গ্রহণ করা হচ্ছে, তাতে এই নীতিটাই অনুসরণ করা হচ্ছে বলে বলা হচ্ছে। এবং আজকে এই এমারজেন্সি অবস্থাও এইসমস্ত প্ল্যান বিসর্জিত হয় নি, এবং তার জন্য জনসাধারণের সমর্থন এবং যাঁরা দেশের উপযুক্ত লোক, তাঁদের সহযোগিতা কামনা করা হচ্ছে। আজকে আমাদের বলা হচ্ছে যে, যাতে আমাদের দেশ সমাজতান্ত্রিক পদ্ধতিতে গড়ে তুলতে পারা যায়, তার জন্য গণতান্ত্রিক উপায় অবলম্বন করতে হবে। কিন্তু যদি আমরা এই নীতির কষ্ঠিপাথরে এই বিলটাকে বিচার করি, তাহলে আমরা দেখতে পাই, সমাজতন্ত্রের এবং গণতন্ত্রের এই বিঘোষিত নীতি পদদলিত করা হচ্ছে। এই ক্লজটা বিশ্লেষণ করলে আমরা দেখতে পাই যে, এর মধ্যে সমস্ত সরকারী কর্মচারী নেওয়া হয়েছে, যাঁরা শিক্ষাবিদ, তাঁদের বাদ দেওয়া হয়েছে। আমরা বিশ্বাস করি, সেকেন্ডারী এডুকেশান বোর্ড গঠন করতে গেলে যাঁরা শিক্ষা সম্বন্ধে আলোচনা ও চর্চা করে, শিক্ষা সম্পর্কে যাঁদের জ্ঞান আছে, তাঁদেরই অগ্রাধিকার দেওয়া উচিত, কিন্তু এই বিলের প্রত্যেক ধারার মধ্যে আমরা দেখি সরকারী কর্মচারীদেরই বেশি করে নেওয়া হয়েছে, বিকেন্দ্রীকরণ করার পরিবর্তে আমলাতন্ত্রকরণ করা হয়েছে, মাথাভারী বোর্ড গঠন করা হচ্ছে যা নাকি কোন গণতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষ সমর্থন করতে পারে না। আমরা মনে করি শিক্ষাবিদদের অবিশ্বাস করা হয়েছে। শিক্ষাব্যবস্থার উন্নতি করতে গেলে শিক্ষাবিদদের পরামর্শ ও উপদেশ নেওয়া দরকার, কিন্তু সেই নীতি এখানে উপেক্ষা করা হয়েছে, এখানে তাঁদেরই নেওয়া হয়েছে যাঁরা শিক্ষা সম্পর্কে খুব ভালোভাবে উপদেশ দিতে পারবেন না, সেজন্য, মিঃ স্পীকার স্যার, আমি আমার অ্যামেন্ডমেন্ট-এ সমস্ত ধারাটা পরিবর্তন করে নতুন কতকগুলি ধারা দিয়েছি, যে ধারাগুলিতে আমি মনে করি আমাদের জনগণের মতামত প্রতিফলিত হবে এবং আমাদের দেশের যাঁরা শিক্ষাবিদ, তাঁদের উপযুক্ত সম্মান দেওয়া হবে, এবং তাঁদেরকেই নেওয়া হবে যাঁরা শিক্ষা-ব্যবস্থাকে উন্নতির পথে নিয়ে যেতে পারেন। মিঃ স্পীকার, স্যার, আমি আমার প্রথম সংশোধনীতে দিয়েছি প্রেসিডেন্ট এক্স-অফিসিও হবেন। প্রেসিডেন্ট স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করবেন, যাঁদের নিয়ে বোর্ড গঠিত হচ্ছে, তাঁদের মধ্যে যিনি উপযুক্ত হবেন, তাঁকে প্রেসিডেন্ট করবেন। আমি বলেছি যে, ২৬ জন নিয়ে বোর্ড গঠিত হবে—তাঁরা নিজেদের মধ্যে একজনকে প্রেসিডেন্ট নির্বাচিত করবেন।

Director of Public Instruction.

আমি রেখেছি, গভর্নমেন্টের মতামত, তাঁদের নীতি ইত্যাদি বোর্ডের মধ্যে আলোচনা করবার যাতে সুযোগ পান তার জন্য গভর্নমেন্ট এর তরফ থেকে একজন লোককে রাখবার কথা বলেছি। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, টিচারদের ব্যাপার, আমাদের ছেলেদের শিক্ষা দেবার জন্য যাঁরা দায়ী এবং যাঁরা সত্যিকারভাবে শিক্ষাব্যবস্থাকে উন্নতির পথে নিয়ে যেতে পারেন, সেইসমস্ত টিচার্সদের উপর আমি বেশি গুরুত্ব দিয়েছি। রেকগনাইজড স্কুলস থেকে ৭ জন টিচার নমিনেট না করে, ইলেকশান করে নিতে হবে—তাঁরা নিজেরা স্থির করবেন কোন্ কোন্ ৭ জন টিচার যাবেন।

তারপর, ২জন হেডমাস্টার নেওয়ার কথা আছে, তার মধ্যে একজন মহিলা থাকা দরকার। মিঃ স্পীকার, স্যার,

Director of Agriculture, Director of Industries, Director of Health Services

আমি বাদ দিয়েছি। এঁদের এখানে রাখার কি উদ্দেশ্য থাকতে পারে? এঁদের ছাড়া কি উপযুক্ত লোক বাংলাদেশে নাই? সেজন্য আমি আমার শেষ অ্যামেন্ডমেন্ট-এ ৫ জন

Eminent educationist—agriculture, industry, commerce, medicine.

সম্বন্ধে যাঁদের খুব ভালো জ্ঞান আছে, হয়তো তাঁদের মধ্যে

Principal of the Kalyani Agricultural College

একজন হতে পারেন, কারণ তিনি একজন স্পেসিয়ালিস্ট, তারপর যাঁরা ইন্ডাস্ট্রি, কমার্স সম্বন্ধে স্পেসিয়ালিস্ট, তাঁদের নেওয়া যেতে পারে, মেডিসিন-এ হেলথ সার্ভিস-এর ডাইরেক্টর যদি বাংলাদেশে সবচাইতে উপযুক্ত ব্যক্তি হন, তাঁকেও হয়তো নেওয়ার ব্যবস্থা করা যেতে পারে—এভাবে যাঁরা এমিনেন্ট এডুকেশনিস্ট, যাঁদের স্পেশাল কোয়ালিফিকেশান আছে, তাদের নিতে হবে। ইউনিভার্সিটি থেকে বলা হয়েছে ডিন অফ দি ফ্যাকাল্টি। অফ আর্টস ইত্যাদি নেওয়া হবে—আমি এইসমস্ত বাদ দিতে বলছি। ইউনিভার্সিটি থেকে যদি নেওয়া দরকার হয়, নিশ্চয়ই সেটা দরকার, তবে তাঁরাই ঠিক করবেন কোন্ লোককে পাঠাবেন, সেজন্য আমি বলছি

One representative from the Calcutta University—Senate

ঠিক করে দেবেন ইউনিভার্সিটি টিচারদের মধ্যে থেকে কে কে আসবেন। গভর্নমেন্ট তাঁদের নমিনেট করে নেবেন না। তারপর, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ও অনুরূপভাবে ঠিক করে নেবেন তাঁদের মধ্যে কে সবচেয়ে ভালো কাজ করতে পারবেন। আমি বলে দেব অমুক লোককে পাঠাও, এই জিনিস ঠিক নয়। তাঁদের হাতে ভার দেওয়া উচিত। তারপর, আমি আরো বলেছি, ব্যাকোয়ার্ড ক্লাস থেকে নিতে হবে। প্রথমে যে ১৮ জন নির্বাচিত হয়ে আসবেন, তাঁরা ঠিক করবেন কিভাবে তাঁরা কো-অপট্ করে নেবেন। আমি এই কো-অপসন-এর মধ্যে রেখেছি ব্যাকোয়ার্ড ক্লাস থেকে মেম্বার নিতে হবে। মাননীয় সদস্য মুর্মু মহাশয়, যে কথা বলেছেন, আমি তা সমর্থন করি--প্রথম যখন ১৮ জনের বোর্ড গঠিত হবে, ব্যাকোয়ার্ড ক্লাস-এর মধ্যে যিনি শিক্ষা-ব্যবস্থায় সবচেয়ে সাহায্য করতে পারেন তাঁকে নিতে হবে।

[12-40—12-50 p.m.]

তারপর আমি বলেছি লিঙ্গুইস্টিক মাইনরিটিস যারা, ভাষার দিক থেকে যারা সমস্ত মাইনরিটি, তাদের একজন রিপ্রেজেন্টেটিভ থাকা দরকার। এইসমস্ত লোক যদি না থাকে, তাহলে বোর্ডকে পরামর্শ দেবে কে? তাদের মধ্যে শিক্ষা বিস্তার করতে গেলে কি ধরনের সিলেবাস হবে, কি রকম নীতিতে আমাদের চলতে হবে এইসমস্ত উপদেশ দিতে পারবেন না। সেজন্য আমি এসব কথা বলছি, এবং কো-অপসন-এর কথা বলছি যে, এমিনেন্ট এডুকেশনিস্ট যারা, তাঁদের কো-অপশন করে নেবার পর যখন বোর্ড গঠন হবে, তখন তাদের কো-অপশন করে নিতে হবে। এই বিলের ৪ নম্বর ধারার ১৮ নম্বরে বলেছেন যে, ৪ জন লোককে নিতে হবে যারা ইন্টারেস্টেড ইন এডুকেশন। এই ইন্টারেস্টেড ইন এডুকেশান কথাটা একটা আবছা কথা। এটাতেই আমাদের ধারনা হয় যে, এর মধ্যে দিয়ে সরকারের লোক এসে যাবে, যারা ভোটের সময় ভোট দেবে, অর্থের সময় অর্থ যোগাবে। এইভাবে

Four persons interested in education

এই ফাঁক দিয়ে চলে আসবে। সেজন্য আমি বলেছি যে,

Four persons interested in education

এইসমস্ত লোকেদের নিতে হবে না। আমরা যদি কো-অপশন করে নিই, তাহলে তার মধ্যে থেকে আমরা উপযুক্ত লোক বেছে নিতে পারব। তারপর ২৬ জন মেম্বার যখন এইভাবে নেওয়া হবে তখন তার মধ্যে থেকে তাঁরা একজনকে ঠিক করে নেবেন যে, প্রেসিডেন্ট কে হবেন। আমি এজনাই এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এখানে যে ধারা রয়েছে সেই ধারাটা অ-গণতান্ত্রিক এবং দেশের জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পূরণ করে না, এবং আমি মনে করি, এখানে গণতন্ত্রের নামে

চালাকী করা হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে, স্বামী বিবেকানন্দ বলেছেন যে, চালাকীর দ্বারা মহৎ কার্য সম্পূর্ণ হয় না। এই যে চালাকী করছি, এর দ্বারা মনে করছে হবে যে, আমাদের গণতান্ত্রিক, আমাদের সমাজতান্ত্রিক রাষ্ট্র এখানে প্রতিষ্ঠা করব। কিন্তু, চালাকির দ্বারা এইরকমভাবে কোন মহৎ কার্য সম্পন্ন হয় না। সেজন্য আমি অনুরোধ করব যে, মাননীয় মন্ত্রীমহাশয় যেন আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করে জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পূরণ করেন।

Shri Deo Prakash Rai: Sir, I beg to move that after clause 4(18) the following be added, namely—

"(19) Two representatives of the Nepali speaking minority interested in education shall be nominated."

You know very well, Sir, that the Nepali speaking people have been recognised as educationally backward and in this very House a resolution was adopted under the West Bengal Official Language Act making Nepali as the official language in the district of Darjeeling. We feel and rightly so that unless we have protection in Government-managed board or committees the cause of the Nepali speaking people will go by default. Sir, I won't take much time of the House. I request the Education Minister—I find he is not interested in what the honourable members are saying here—and I appeal to him through you, Sir, that while giving final shape to the Bill by considering the different amendments submitted by the members here to accept my amendment that there must be two representatives of the Nepali speaking people in this Board. Unless we have these two members in the Board we feel that the interest of the Nepali speaking people in West Bengal will not be fully safeguarded.

Shri Narendra Nath Sen: Sir, I beg to move that for the words "Multipurpose schools" appearing in clause 4, item Nos. (15)(a) and (b) and wherever else the same appears in the Bill, the words "Higher Secondary Schools" be substituted.

স্যার, এটা দেবার উদ্দেশ্য হচ্ছে যে, শুধু যদি মাল্টিপারপাস স্কুল থাকে, তাহলে যেসব ১১ ইয়ার স্কুলস হিউম্যানিটিস নিয়ে হায়ার সেকেন্ডারী স্কুল হয়েছে, সেগুলি ইনক্লুড হয় না, কিন্তু হায়ার সেকেন্ডারী স্কুলস দিলে তার ভেতর মাল্টিপারপাস স্কুল এসে যায়। এজন্য আমি হায়ার সেকেন্ডারী স্কুল বসাতে চাই।

Shri Mukti Pada Chatterjee: Sir, I beg to move that in sub-clause (11) of clause 4, line 2, after the words "Calcutta University" the word ", ex-officio" be added.

Mr. Speaker: I understand that the amendments of Shri Ananga Mohan Das have been withdrawn.

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই ক্লজটায় মূল কাঠামো যেটা, সেটা শিক্ষাকে রূপ দেবে বলে যে কথা বলা হয়েছে, এটা তার মূল ভিত্তি হচ্ছে বলে সেই কারণে আজ আমি এ সম্বন্ধে বেশী করে বলবার জন্য দাঁড়িয়েছি। আমরা পড়ে দেখলাম এই বিলটা এমন একটা প্রতিক্রিয়াশীল ধাঁচের যে এই বিলটা আমাদের শিক্ষামন্ত্রীমহাশয় ৫ বছর ধরে আনতে পারেন নি, আজকে এই যুদ্ধ পরিস্থিতির সুযোগ নিয়ে যাতে জনসাধারণ বিক্ষোভ প্রদর্শন করতে সুযোগ না পায়, সেই-সব বিবেচনা করে এই বিল আনা হয়েছে। আজকে যদি এই বিল স্বাভাবিক সময়ে আনত, তাহলে কোলকাতা নগরীর অবস্থা আমরা এইরকম দেখতাম না, পল্লী অঞ্চলের বহু বিক্ষোভধ্বনি প্রতিধ্বনি হয়ে শিক্ষামন্ত্রীর কানে পৌঁছাত। কিন্তু, তিনি এই যুদ্ধ পরিস্থিতির সুযোগ নিয়ে একটা প্রতিক্রিয়াশীল বিল আমাদের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন, যাতে জনমতের বিক্ষুব্ধ হবার সুযোগ বেশী না হয়। আমরা যদিও প্রতিনিধি হিসাবে বলছি, কিন্তু জন-সাধারণের প্রকৃত ধ্বনি তাঁদের কানে আসছে না। এ কথা জোর গলায় বলতে হয় যে, এই ক্লজ

হয়ে দলতন্ত্র ও আমলাতন্ত্রের বাসরঘর তৈরি করা হয়েছে, এজন্য এটা বলছি যে, এটার ব
প্রেসিডেন্ট তায় স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করে দেবেন, এইরকম নজির কোথাও আছে বলে ব
না, গণতন্ত্রের এইরকম নজির আছে বলে জানি না। সেজন্য বলছি যে, এটা দলতন্ত্র প্রতি
একটা সম্পূর্ণ পূর্ণ অভিব্যক্তি এবং একটা আমলাতন্ত্রের রূপ এখানে দেবেন। ডাইরেক্টর
এগ্রিকালচার এক্স-অফিসিও করা হবে। কোথায় শিক্ষাব্রতী, শিক্ষাবিদদের একত্র সমাবেশ
শিক্ষাবিদদের একটা নিরপেক্ষ পরিচালনা করা হবে, এই দৃষ্টিভঙ্গী নিয়ে সরকার এই বো
গঠন করবেন, কিন্তু তা না করে এক্স-অফিসিও হয়ে ডাইরেক্টর অফ এগ্রিকালচার আনছে
ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ আনছেন, ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস আনছেন। এটার কা
কি? ঠিক সেই কারণে দেখতে পাচ্ছি যে, সরকারপক্ষ যখন বুনিয়াদী শিক্ষার জন্য এত বে
গলায় বলেন, সেই বুনিয়াদী শিক্ষার কোন প্রতিনিধি নেবার কোন সুযোগ এখানে দেখ
পাচ্ছি না। আজ এই চিন্তাধারার মধ্যে এই দলীয় বুদ্ধি এমন আচ্ছন্ন করেছে যে, সেটাই আম
লক্ষ্য করছি এবং দুঃখের সঙ্গে দেখছি যে, সব জায়গায় ঐ দলীয় বুদ্ধি আত্মপ্রকাশ করেছে
বিশেষ করে, রুজে বিরোধী দল থেকে অনেক ভাল ভাল প্রস্তাব যা দেওয়া হয়েছে তার কোনট
তাঁর ভাল লাগেনি, কেবলমাত্র আমাদের বন্ধু সিদ্ধার্থশঙ্করবাবুর অপূর্ব বক্তৃতায় শিক্ষামন্ত্
মহাশয় মুগ্ধ হয়ে গেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, যখন তিনি ট্রেজারী বেঞ্চ থে
বসেছিলেন, তখন তাঁর বুদ্ধির অপূর্ব প্রচারকৌশল আমরা দেখেছিলাম: আবার তি
কমিউনিস্ট পার্টির সঙ্গে সহযোগিতা করে তাঁর অপূর্ব প্রচারকৌশল তিনি দেখিয়েছে
আবার এ পাশে বসে এই প্রতিক্রিয়াশীল বিলের বিরুদ্ধে তাঁর কণ্ঠস্বর ধ্বনিত হয় নি যে, এ
বড় মনোনয়ন কেন হয়েছে, এত বড় অধিকার হরণ করে নেবার বিরুদ্ধে একটা কথা তাঁর নেই

[12-50—1 p.m.]

সুতরাং আজ সেই বন্ধুটি, তিনি আবার একনায়কত্ববাদের দিকে ঠেলে দিচ্ছেন কিনা আজকে
কংগ্রেসী বন্ধুদের ভেবে দেখতে আমি অনুরোধ করবো। তাঁর এই অব্যবস্থাচিত্ততা দেখতে পা
রাজনৈতিক মতের ক্ষেত্রে, সবসময় ডিগবাজী খেতে খেতে তিনি যাচ্ছেন, তাঁর মতের কি অপূ
কৌশল প্রচারের, তা শিক্ষামন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে বলি। দলীয় মনোভাবের কথা তুলছি
যে মনোনয়নের কথা আছে, সেটুকুও দলীয়ভাবে হবে। আমার দুঃখ এইখানে

Four persons interested in education to be nominated by the State Government

এবং আরো দু-একটি ক্ষেত্রে আছে। এই মনোনয়নটাও সর্বক্ষেত্রে একনায়কত্ববাদের, দলীয়তন
প্রতিষ্ঠার প্রচেষ্টা হবে। এই বুদ্ধ পরিস্থিতিরও সুযোগ নিচ্ছেন। আমি সেদিন প্রশ্ন করে
ছিলাম, তিনি তাঁর উত্তর দিয়েছিলেন। ইউনিয়ন রিলিফ কমিটিতে সভা সেখানে ইউনিয়ন
বোর্ডের আছে, পঞ্চায়েত আছে, জনসাধারণের একটি বডি আছে, তা সত্ত্বেও মাননীয় স্পীকা
মহাশয়, আপনার মাধ্যমে আজ প্রকাশ করছি জানুন, একথা ভাল করে যে, কংগ্রেস দল কিভাবে
একনায়কত্বের পথে চলেছে, সেখানে স্টেট গভর্নমেন্ট তার দুইটি মনোনীত সদস্যকে আবার
গুঁজে দিচ্ছেন। সেখানে কংগ্রেস দলের ছাড়া আর কোন লোক স্থান পায় নি। তারপর দেখবে
জল সরবরাহ কমিটি গত বৎসর লোপ করে দিয়েছেন। সেখানে কোন জন-প্রতিনিধিত্ব করবার
উপায় নেই। কংগ্রেস কমিটি থেকে লিস্ট করা হচ্ছে, মন্ত্রীদের কাছে, ডিস্ট্রিক্ট মন্ত্রীরা আছে
তাঁদের কাছে পাঠিয়ে দিচ্ছেন, ডিস্ট্রিক্ট ইঞ্জিনীয়ারদের কাছে পাঠিয়ে দিচ্ছেন, তিনি তা মঞ্জুর
করে দিচ্ছেন। এখানে শিক্ষা বোর্ডেও সেই একনায়কত্ববাদ চলছে। তারপর যেমন আর টি এ
আছে, সেখানে যে অথরিটি আছে, তাতেও দেখবেন যে, মনোনয়নের ব্যবস্থা আছে। সেখানে
প্রতিটি লোককে—তাঁরা কংগ্রেসের দলীয় লোককে নির্বাচন করে দিচ্ছেন। এই সেদিন দেখলাম
মেদিনীপুরে, সরকারী মতকে কোনঠাসা করবার জন্য এই দল তিনজন কংগ্রেসের লোককে মনো-
নয়ন দিয়েছেন, তাঁরা আবার অন্যরকম একটা মত প্রকাশ করছেন। সেখানে টাকাকড়ির বহু
গোলমাল চলেছে। এবারে সর্বশেষে দেখতে পাচ্ছি হোমগার্ড। এই যুদ্ধ পরিস্থিতিতে চৈতন্য
হচ্ছে না আমাদের সরকারী দলের। সেখানেও দেখতে পাচ্ছি রুলসে বলেছেন, পুলিশ
সুপারিনটেন্ডেন্ট, তিনি কেবল কমান্ডান্ট এবং ডেপুটি কমান্ডান্ট নির্বাচন করে নেবেন।
আমরা দেখলাম কি, কাঁথিতে জীপ নিয়ে তিনি কংগ্রেস নেতাদের বাড়িতে ছোটাছুটি করছেন।

নে কমিটি গঠে হইলো, কমিটিতে আমরা বসে রইলাম, কমিটির সঙ্গে তিনি কমান্ডান্ট হলেন না. কংগ্রেস নেতার বাড়ি তিনি জীপ নিয়ে চলে গেলেন এবং গিয়ে বৈঠক করলেন। কমান্ডান্ট এবং ডেপুটি কমান্ডান্ট সেখানে করেছেন কংগ্রেস নেতাদের। যাঁরা বৃদ্ধ, অকর্মণ্য এবং যাঁদের সামরিক কুচকাওয়াজের একটু কাণ্ডজ্ঞান নেই, সেইসব লোককে দিয়েছেন। মেদিনীপুর জেলার এইরকম নৃপেন মিত্র মহাশয়, ঝাড়গ্রামে রয়েছেন কমান্ড্যান্ট, তাঁর অকর্মণ্যতা—এখানে তাঁর শারীরিক অকর্মণ্যতার কথাই বলছি; ঠিক সেইরকম খড়্গপুরে মমতাজ, কাঁথিতেও দেখতে পাবেন তাই, কাঁথিতে সর্বাধিনায়ক। পাল, ত্রৈলোক্য নাথ প্রধান। আমি মেদিনীপুর জেলার ছবি তুলে ধরছি, প্রতিটি জায়গার কথা বলছি, আজ এখানেও তাই হচ্ছে, সব জেলাতেই দলীয় মনোভাব। আমার বক্তব্য হচ্ছে, আজো চৈতন্য হল না কিছুতেই। যুদ্ধ পরিস্থিতিতেও সেই ঘৃণ্য মনোবৃত্তি দেখা দিয়েছে। আজ জোর করে এটা পাশ করিয়ে নেবেন জানি, সেজন্য মনোনয়নের মধ্যেও যাতে যাঁরা স্বাধীন চিন্তাব্রতী, যাঁরা আপনাদের দলের বিরুদ্ধে কথা বলতে পারবেন, যাঁরা শিক্ষানীতি সম্পর্কে সুষ্ঠু মত ঘোষণা করতে পারবেন, এইরকম লোককে নেবার মনোভাব যদি রাখেন, তাহলে আমি ধন্যবাদ জানাবো। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

West Bengal Board of Secondary Education

বিলের মধ্যে যে ক'টি প্রতিক্রিয়াশীল ধারা আছে, তার মধ্যে এই চার নং ধারা অন্যতম। এই ধারা পুরোপুরি অ-গণতান্ত্রিক। এর মধ্যে কতকগুলি দলীয় লোক পোষার প্রচেষ্টা চলছে। এই ধারা নিয়ে প্রথম আলোচনা হয়েছিল, তাতে অনেক বিতর্কের সৃষ্টি হয়েছিল পরবর্তীকালে দেখছি ৪নং নিয়ে বিভিন্ন আলোচনা হয়েছে, বিভিন্ন সংবাদপত্রে আলোচনা হয়েছে, লবীতে আলোচনা হয়েছে। আমি আশা করেছিলাম যে, অন্ততঃ সরকারপক্ষ থেকে বিশেষ করে আজকে যখন স্পীকার মহাশয় আপনি যখন বললেন যে, শ্রীসোরেন মিশ্র অ্যামেন্ডমেন্ট আনছেন, তখন আশা করেছিলাম অনেকগুলি অ্যামেন্ডমেন্ট পাব এবং তাতে কিছু ভাল জিনিস পাব, কিন্তু শ্রী মিশ্র এর ব-কলমে উপমন্ত্রী মৃত্যুঞ্জয় চট্টোপাধ্যায় মহাশয় যে অ্যামেন্ডমেন্ট আনলেন তাতে দেখলাম ১-এর এক্স-অফিসিও বাদ দেওয়া হয়েছে মাত্র। আমি আশা করেছিলাম অ্যামেন্ডমেন্ট-এর ভিতর দিয়ে এই চার নং ধারার, বিশেষকরে গার্ডিয়ান, অ্যাসিস্টান্ট টিচার্স আর জুনিয়র হাই স্কুল যাদের সম্বন্ধে কোন উল্লেখ নেই বিলে, তাদের প্রতিনিধি থাকবে, আর যেখানে সঙ্গীত শিক্ষা আছে, সেখানে সেটা কম্পালসারি হবে, যেখানে ক্রীড়া আছে সেখানে সেটা কম্পালসারি হবে। মাননীয় মন্ত্রীমহাশয় যদি মনে করে থাকেন তার ডি পি আই অথবা এডুকেশন ডিপার্টমেন্ট-এর সেক্রেটারী একজন ক্রীড়াবিদ্ সঙ্গীতবিদ্, তা হলে আমি কিছু বলতে চাই না। স্পীকার মহোদয়, ৪নং অ্যামেন্ডমেন্টে ১৩নং ক্লজে যে দুটি টিচার্স অ্যাসোসিয়েসন-এর কথা বলা আছে তা থেকে দুইজন প্রতিনিধি নেবার কথা আছে। আমরা জানি বর্তমানে পশ্চিমবাংলায় এ বি টি এ, ডব্লিউ বি টি এ, এবং হেড মাস্টার্স অ্যাসোসিয়েশান এই তিনটি মাত্র অ্যাসোসিয়েশান বা সংস্থা আছে। এর বাইরে বহু শিক্ষক আছেন, তাদের সম্পর্কে বিবেচনা করা হয় নি। আমরা দেখেছি সিনেট-এর নির্বাচনের সময় রেজিস্টার্ড গ্র্যাজুয়েটস প্রতিনিধি নেওয়া হয়। সেখানে কলেজ টিচার্স যারা থাকেন, তাদের প্রতিনিধি নেওয়া হয় এবং আমরা দেখেছি এই কলেজ টিচার্স নেবার ক্ষেত্রে যারা কলেজ টিচার্স অ্যাসোসিয়েশান-এর বাইরে থাকেন তারাও ইলেক্টেড হন। এখানে মাত্র দুইটি সংস্থা আছে, তার প্রতিনিধি নেওয়া হবে এবং তার দ্বারা গোটা শিক্ষক সমাজ, যারা এই সংস্থা দুটির বাইরে রয়েছে তাদের এই বোর্ডের বাইরে রাখার একটা প্রচেষ্টা হয়েছে। যদি সরকার এমন একটা ৪নং ধারাই আনবেন, তাহলে মনে হয়, এরকম একটা বোর্ড গঠন করার প্রয়োজন ছিল না, ওই যে অ্যাডমিনিস্ট্রেটর রয়েছেন, তাকে রাখলেই চলত, কারণ ৪৭ ধারায় পরিষ্কারভাবে আপনারা বলেছেন যে,

"The Board shall exercise its powers and perform its duties under the Act and be guided by such directions as the State Government may make by notification in the Official Gazette".

কাজেই এটাই যদি ইচ্ছা হয়ে থাকে যে, আপনারা দলীয় শাসন প্রতিষ্ঠা করবেন, এই বোর্ডের

ভিতরে, তাহলে কি দরকার ছিল এই এতগুলি লোক নিয়ে কমিটি গঠন করার? এই অ্যাডমিনি-স্ট্রেটর থাকলেই চলত, তাতে খরচ বাঁচত এবং ওই ফাইল-এর কাজও কিছুটা কমত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে এই বিলের ৪নং ধারা সম্পর্কে আলোচনার বিষয়বস্তু বিভিন্ন সংশোধনী প্রস্তাবের মাধ্যমে রাখা হয়েছে। বিরোধীপক্ষ থেকে যে সংশোধনীগুলি দেওয়া হয়েছে, তা সমর্থন করতে গিয়ে এই ধারাটি সম্পর্ক আমার বক্তব্য রাখছি। ৪নং ধারাটি হচ্ছে এই বিলে সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারা। আমি জানি এই বিলের ২৭(১) এবং ২৭(৪) ধারায় বোর্ডের কি ক্ষমতা থাকবে, কি কাজ করবে তা বলা হয়েছে এবং ২৭(১)-তে বলা হয়েছে এই বোর্ডের যে ক্ষমতা তা হচ্ছে অ্যাডভাইসরি এবং কি কি ব্যাপারে অ্যাডভাইসরি, না, যে ব্যাপারগুলি সরকার তাদের কাছে পাঠাবেন, সে সম্পর্কে তারা অ্যাডভাইস দিতে পারবেন।

[1—1-10 p.m.]

আবার চার নম্বর ধারায় বলা হচ্ছে, যে ব্যাপারগুলো সরকার পাঠাবেন, সেই সম্পর্কে তাঁরা যে উপদেশ দেবেন, অ্যাডভাইস দেবেন, সেটা যদি সরকার না চান, গ্রহণ নাও করতে পারেন। অর্থাৎ এই বোর্ডের যে ক্ষমতা, তা অতি সীমাবদ্ধ ক্ষমতা। এই সীমাবদ্ধ ক্ষমতা দিয়ে এই বোর্ডকে যেভাবে গঠন করা হয়েছে, পুরোপুরি সরকারী কর্মচারী এবং সরকার মনোনীত লোকদের দিয়ে ভরা একটি বোর্ড করা হয়েছে, কিন্তু নির্বাচনের জায়গায় দেখছি মাত্র ৬জন লোক নির্বাচিত করা হচ্ছে, দুজন হেডমাস্টার, হেডমাস্টারদের দ্বারা নির্বাচিত হবেন, দুজন লেজিসলেচার থেকে—অ্যাসেম্বলী ও কাউন্সিল থেকে এক-একজন করে প্রতিনিধি যাবেন, আর দুজন লোক নির্বাচিত হবেন শিক্ষকদের প্রতিনিধি হিসাবে। এই যে ৬ জন নির্বাচিত লোক আছেন, এই সম্পর্কে আমি বলতে চাই, লেজিসলেটিভ কাউন্সিল থেকে একজন ও লেজিসলেটিভ অ্যাসেম্বলী থেকে একজন এই যে দুজন নির্বাচিত হবেন, এঁদের নির্বাচন নিরর্থক। কারণ, অ্যাসেম্বলীতে তো সরকার সংখ্যাগরিষ্ঠ, সেখান থেকে যিনি নির্বাচিত হবেন, তিনি তো সরকারপক্ষের দ্বারা নির্বাচিত হয়ে যাবেন। কাজেই তিনি সরকারের লোক হবেন। কাউন্সিলেরও তাই। সেখান থেকেও যিনি নির্বাচিত হয়ে যাবেন, তিনিও সরকারের লোক হবেন। এঁরা দুজন বাদ চলে গেলেন। সুতরাং আসলে ৪ জন নির্বাচিত লোক রইলেন। গত বোর্ডে অ্যাসেম্বলী থেকে যাঁকে নির্বাচিত করে বোর্ডে পাঠান হয়েছিল, তাঁর প্রতি কোনরকম অশ্রদ্ধা না দেখিয়ে বলতে পারি, তিনি হচ্ছেন শ্রীহংসধ্বজ ধারা, তাকে কেউ শিক্ষায় অভিজ্ঞ লোক বলবে না। সরকার কি করে নিজের লোককে এই বোর্ডে নেওয়া যায়, তার ব্যবস্থা এখানে রেখেছেন।

শিক্ষকদের প্রতিনিধি নেওয়ার ব্যাপারে আমি জোর দিয়ে বলতে চাই, এখানে বলা হয়েছে, বাংলাদেশের যে কয়টি শিক্ষক প্রতিষ্ঠান আছে, তাঁদের থেকে নেওয়া হবে, অর্থাৎ এর দ্বারা একটা রাজনৈতিক দলাদলির সুযোগ করে দেওয়া হয়েছে। আজকে আমাদের এখানে তিনটা প্রতিষ্ঠান আছে, কাল-পরশু হয়ত পাঁচ সাতটা হতে পারে, অবশ্য কয়টা হবে তা বলতে পারি না। আমি বলবো, শিক্ষকদের প্রতিনিধির ক্ষেত্র, এই অ্যাসোসিয়েশান একেবারে মুছে ফেলে দেওয়া উচিত ছিল। সেই অ্যাসোসিয়েশান-এর ক্ষেত্রে সরকার পক্ষ থেকে বলে দেওয়া উচিত ছিল, দরকার ছিল যে, একটামাত্র অ্যাসোসিয়েশান থাকবে এবং সেখান থেকে শিক্ষকদের প্রতিনিধিস্থানীয় লোক নির্বাচিত হবেন। তা যদি না করতে পারেন, তাহলে ঐ ৩, ৪, ৫টা অ্যাসোসিয়েশানকে একবারে বাদ দিয়ে দেওয়া উচিত। বার বার করে দে কমিটি ও মুদালিয়ার কমিশনের কথা বলেছেন, আমাদের শিক্ষামন্ত্রী, এই প্রসঙ্গে দে কমিটি ও মুদালিয়র কমিশন কি বলেছেন সেটা রাখতে চাই। মুদালিয়র কমিশন বলেছেন যে, দুজন

Representative, Provincial Secondary Teachers' Association,

অর্থাৎ একটামাত্র সংস্থা ধরে নিয়েছেন তাঁরা, সেই একমাত্র টিচার্স অ্যাসোসিয়েশান থেকে নির্বাচিত হয়ে দুজন যাবেন। আর হেডমাস্টারদের সম্পর্কে মুদালিয়র কমিশন বলেছেন, চার জন হেড-মাস্টার যাবেন। আর দে কমিশন যেটা বলেছেন, সেটাও মূল্যবান রিকমেন্ডেশান। মুদালিয়র কমিশন [illegible] ভিত্তিতে গঠিত হয়েছিল, আর দে কমিশন বাংলাদেশের ব্যাপারে কি করা যায়,

সেই সম্পর্কে তাঁরা বলেছেন। ডাঃ অনাথবন্ধু বসু উভয় কমিশনেই ছিলেন, মুদালিয়ার কমিশনের মেম্বার ছিলেন ও দে কমিটির সেক্রেটারী ছিলেন। এই দে-কমিশন বলেছেন, তিনজন হেডমাস্টার হবেন, তার মধ্যে একজন হবেন হেডমিস্ট্রেস।

Preferably from non-Government School.

অর্থাৎ

three headmasters of whom one should be a headmistress preferably from non-government schools elected in the manner prescribed in the foot note.

আর ফুটনোটে কি আছে সেটাও পড়ে শোনাচ্ছি।

two teachers of higher secondary schools of whom one should be a woman as prescribed in the foot note.

তাঁরা বলছেন, ৫ জন শিক্ষক প্রতিনিধি নেওয়ার কথা। ৩ জন হেডমাস্টারদের তরফ থেকে এবং ২ জন মাস্টারদের তরফ থেকে নির্বাচিত হবেন। কিভাবে এই ইলেকশান হবে? সমস্ত বাংলাদেশকে কয়েকটি রিজিয়নে ভাগ করতে হবে, যাতে সমান সংখ্যক হায়ার সেকেন্ডারি স্কুল পড়ে। প্রত্যেক রিজিয়ন ভোট দেবেন, ৩ জন হেডমাস্টারকে ও ২ জন মাস্টারকে পাঠাবেন। একটি ইলেকটোরাল কলেজ হবে, সেখান থেকে নির্বাচন করে এঁদের পাঠাবেন, ৩ জন হেডমাস্টার ও দু'জন শিক্ষক—বিলে এই জায়গা বাদ দেওয়া হয়েছে। কালকে যখন মাননীয় শিক্ষামন্ত্রী-মহাশয়ের কাছ থেকে বক্তৃতা শুনছিলাম, তখন মনে হ'ল তিনি যেন মুদালিয়ার কমিশন ও দে কমিশনের রিপোর্ট দুটি বাইবেল হিসাবে গ্রহণ করেছেন। কিন্তু, তিনি তার মূল সূত্রটা বাদ দিয়ে রাখতে চান। এটা শিক্ষকদের অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপার, এই জন্য, যে, বাংলাদেশের সেকেন্ডারী এডুকেশন যদি বিচার করতে হয়, তাহলে কি করে সেকেন্ডারী এডুকেশন বিস্তৃত হয়েছে, কি করে বিকাশ হয়েছে, সে কথা ভুলে গেলে চলবে না। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী-মহাশয়ের যে পুস্তক "মেন্যান্স টু হাই স্কুল"– সে সম্বন্ধে তিনি উল্লেখ করে বলেছেন, সেটা এ-যুগে অচল। তখন তাঁর যে ভিউ ছিল, এখন সেটা অচল। ১৯৪০ সালে মাননীয় লীগ মিনিস্ট্রী যখন এই বিলটি আনতে চেষ্টা করেন, সেই সময় তিনি যা বলেছিলেন, এখন আজ তা অচল। তখন এই জিনিস হতে পারে, তখন আমরা পরাধীন ছিলাম। সেই সময় যে দৃষ্টিভঙ্গি নিয়ে দেখেছি, আর এখন স্বাধীন হবার পর, আরও ব্যাপকতর দৃষ্টিভঙ্গি নিয়ে দেখেছি। কিন্তু যে ঘটনাগুলির কথা তিনি সেই সময় বলেছিলেন, আজ ত তা অচল হয়ে যেতে পারে না! তিনি বলেছিলেন, বাংলাদেশের স্কুলগুলি গড়ে উঠেছে পাবলিক এবং গারডিয়ান্সদের যে দান ও পরিশ্রম, তার মধ্য দিয়ে। মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় সেকথা আজ ভুলে যাচ্ছেন। এটা অত্যন্ত দুঃখের কথা। দে কমিশনের রিপোর্টটা যদি একটু ভাল করে লক্ষ্য করি, তাহলে দেখা যাবে ১৯৪৫ সাল পর্যন্ত, বাংলাদেশে স্কুলের সংখ্যা ছিল ১৪শো, এবং তার মধ্যে ২৯টি ছিল গভর্নমেন্ট ইন্সটিটিউশন, আর বাকী স্কুলগুলি পাবলিকের দ্বারা প্রতিষ্ঠিত ছিল। তার জন্য যে টাকা খরচ হয়েছে, তার ৭০ পারসেন্ট জনসাধারণ দিয়েছে। এই যে জনসাধারণের দানে এবং পরিশ্রমে স্কুলগুলি গড়ে উঠেছে, সেই জনসাধারণের রিপ্রেজেন্টেটিভস এখানে কোথায়? এখানে কোথাও তাঁদের জায়গা নেই। আমরা মাধ্যমিক শিক্ষা বোর্ড স্থাপন করতে এসেছি, কিন্তু, এই মাধ্যমিক শিক্ষা বিস্তারের ব্যাপারে, বিকাশের ব্যাপারে যাঁরা সবচেয়ে বড়, প্রয়োজনীয় অংশগ্রহণ করেন, সেই গার্ডিয়ান্স ও পাবলিক, তাদের এখানে কোন জায়গা নেই! একটিমাত্র জায়গা রয়েছে, বিলের ১৮ নম্বর ক্লজ অনুসারে, যে, একজন মেম্বার ম্যানেজিং কমিটিতে যাবে, তাকে সরকার নমিনেট করবেন। একজনমাত্র মেম্বার সেখানে, ম্যানেজিং কমিটিতে থাকবেন। অর্থাৎ যাঁদের পরিশ্রম ও আত্মত্যাগ ও স্বার্থত্যাগে সেকেন্ডারী এডুকেশন বাংলাদেশের বুকে বিকশিত হয়েছে, বিস্তারলাভ করেছে, তাদের অস্বীকৃত করা হয়েছে; তাদের কথা একেবারে ভুলে গিয়ে এই বিল করা হয়েছে।

দ্বিতীয় কথা, আমলাতান্ত্রিক কন্ট্রোল কি পরিমাণ এতে থাকবে, সেটা দেখাতে চাই। এখানে দে কমিশন ও মুদালিয়ার কমিশনের কথা উঠেছে। এই কথাগুলি আমি বারবার বলছি এইজন্য যে, শিক্ষামন্ত্রীমহাশয় মুদালিয়ার কমিশন এবং দে কমিশনের উপর নির্ভর করে চলেছেন। মুদালিয়ার কমিশন বলেছেন, পাঁচজন সরকারী কর্মচারী থাকবে, আর দে কমিশন বলেছেন ছয় জন থাকবে। অর্থাৎ পাঁচ প্লাস একজন প্রেসিডেন্ট, এই ছয় জন থাকবেন। কিন্তু, আমরা এখানে দেখছি, আট প্লাস এক, অর্থাৎ নয় জন থাকবেন। এঁরা সকলেই সরকারের লোক এবং এর মধ্যে

ডাইরেক্টর অফ পাবলিক ইন্স্ট্রাকশনও থাকবেন। ডাইরেক্টর অফ পাবলিক ইন্স্ট্রাকশন সম্বন্ধে আমার কোন বক্তব্য নেই। কারণ, তিনি শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট। কিন্তু, এখানে ডাইরেক্টর অফ এগ্রিকালচার, ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ, ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস—এঁদের রাখবার কি দরকার আছে তা আমি বুঝতে পারি না। গতবারে যে বোর্ড তৈরি হয়েছিল, ১৯৫০ সালের আইনে, সেই বোর্ডের একটা মিটিং-এও ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ হাজির হয় নি। কারণ, এত বেশী তাঁর কাজ থাকে যে, তিনি ঐ বোর্ডের মিটিং-এ যেতে পারেন না। সুতরাং তাঁকে বোর্ডে নিয়ে লাভ কি? তারপর দেখা যায়, ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস এবং ডাইরেক্টর অফ এগ্রিকালচার, তাঁরাও মিটিং-এ হাজির হন না। হয়ত, শতকরা ৯০টা মিটিংএ তাঁরা অনুপস্থিত থাকেন। সুতরাং যে লোকগুলি মিটিং-এ যাচ্ছেন না, তাঁদের নিয়ে সরকারের এই মাথাভারী ব্যবস্থা করার কি প্রয়োজন, তা আমি বুঝতে পারছি না। স্যার, যে কথাটা আমি সবচেয়ে জোর দিয়ে বলতে চাই, এই বোর্ড গঠন ব্যাপারে, সেটা হচ্ছে, এই বোর্ড হচ্ছে সরকারী কর্মচারী এবং সরকারের নমিনেটেড লোক দ্বারা ভর্তি করা বোর্ড। এতে নির্বাচনের কোন জায়গা নেই। এখানে মাস্টারদের কোন স্থান নেই। এমন কি ইন্টারেস্টেড ইন এডুকেশান যাঁরা তাঁদেরও সরকার নমিনেট করে দেবেন। ইন্টারেস্টেড ইন এডুকেশান যাঁরা, তাঁদের সম্পর্কে মন্তব্য করে দে কমিশন ও মুদালিয়ার কমিশন বলেছেন যে, তাঁরা কো-অপটেড মেম্বার হতে পারবেন। বোর্ড তাদের কো-অপট করবে। দে কমিশন বলেছেন, চেয়ারম্যানদের কো-অপট বোর্ড করতে পারবেন। সেকথা এই বিলের মধ্যে নেই। এখানে বলা হচ্ছে, সরকার তাদের নমিনেট করবেন। অর্থাৎ সেখানে নির্বাচনের কোন জায়গা নেই। তাহলে এই বোর্ড করার কি প্রয়োজন? এই বোর্ড করার যদি উদ্দেশ্য হয় যে, সরকার তার সমস্তকিছু কন্ট্রোল করবেন, নিয়ন্ত্রণ করবেন, তাহলে এই ধরনের বোর্ড করবার কি প্রয়োজন আছে? সরকার ডাইরেক্টলি সমস্তকিছু নিয়ে নিক। এই বোর্ডের পিছনে ৬ লক্ষ থেকে ৭ লক্ষ টাকা খরচ করে, সেই অপব্যয়ের বোঝা জনসাধারণের ঘাড়ে কেন চাপিয়ে দেবেন? তা হলে জনসাধারণের টাকা যা খরচ হবে এই বোর্ড চালাতে গিয়ে, তা বন্ধ করা দরকার। বোর্ডের যদি এই চেহারা থাকে, তা হলে দয়া করে এই বিলটা না এনে সরকার শিক্ষাব্যবস্থা চালাবার সমস্ত ভার নিজেদের হাতে তুলে নিন।

[1-10—1-20 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Speaker, Sir, if there is one item on which the recommendations of the Mudaliar Commission and of the Dey Committee were emphatic and on which they laid the greatest stress it was the character and the composition of the Board. The Mudaliar Commission says "We recommend that there should be a Board of Secondary Education under the Chairmanship of the Director of Education to deal with all the problems of education in the secondary stage and this Board should have wide experience in the different aspects of secondary education." In their view it should be a Board of experts. In this connection they further observe. "We consider that if secondary education is to progress on right lines, the Board must be a compact body mainly composed of experts, whose functions will be limited to the formulation of broad policies. The Board is not expected to function as an executive body which is the province of the Director of Public Instruction." That was the recommendation of the Mudaliar Commission—"the Board should be a body of experts and it should be left to formulate broad policies." and to advise the Director of Public Instruction The recommendation of the Dey Committee was that there should be a Board of Secondary Education with non-official Chairman and preponderance of non-Government members—mark the word "non-government"—it does not say nominated because you will see in the composition of the Board many members' names appear who are there as non-government nominated members. Therefore, nomination is not excluded. Now, it says—"There should be a Board of Secondary Education with non-official Chairman with preponderance of non-government members mainly with advisory functions to advise the government in all matters relating to secondary education." That is all. Sir, we have not however, literally followed the

recommendation of the Mudaliar Commission because we think that it would not be advisable for the Director of Public Instruction vested with executive power to carry on all the functions of the Board and reduce the Board to an advisory body in all respects.

Therefore, we have prescribed certain functions for the Board and these are the functions which have been recommended by the Mudaliar Commission. Did the Mudaliar Commission or the Dey Committee at all desire that there should be a so-called representative Board? (Shri Sambhu Charan Ghosh: Why so-called?) A representative Board without executive functions can only be a so-called representative Board. I say that in your frustration in not being able to come with a majority in this House, you are now seeking to have a representative Board so that Government may be divested of all possible powers. Of course, we can understand your mentality. Your mentality arises I say again, from your sense of frustration, from your failure to be a majority party in the Legislature.

[Noise and interruptions from the Opposition benches.]

We are the majority party in the Legislature.

[Noise and interruptions.]

We have heard repeatedly three words from the Opposition side.

[Noise and interruptions.]

Mr. Speaker: Mr. Ghosh and Mr. Das, this is most unfortunate. I would once again request all honourable members to allow the Hon'ble Minister to be heard.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Now, Sir, as to the composition of the Board......

[Noise and interruptions.]

Mr. Speaker: All the members had their say. The Hon'ble Minister is now replying. If you are serious about this matter, I expect you should all hear him.

Shri Sambhu Charan Ghosh:

স্যার, উনি এই যে সেন্স অফ ফ্রাসট্রেসন বল্লেন এটা আমরা আমাদের প্রতি অ্যাসপারসন বলে মনে করছি। আমি বলতে চাচ্ছি তিনি হাউসের প্রতি কটাক্ষপাত করেছেন। আমরা রিপ্রেজেন্টে-টিভ বোর্ড-এর কথা বলেছি, এই কি গণতন্ত্রের নমুনা? সরকার জোর করে এটা কুক্ষিগত করার জন্য চেষ্টা করছেন।

Mr. Speaker:

জোর করে এই কথা বলে কোন লাভ হয় না

You have all made your statements. This is not decorum.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, it has been said that I am casting a slur on the Opposition by my remarks. But, Sir, what did they say for the last two days. They said that Government is only trying to control secondary education. The Government is trying to make it কুক্ষিগত The word 'কুক্ষিগত' has been repeated *ad nauseum*

Now, Sir, what do they want? They want 'বিকেন্দ্রীকরণ' decentralisation. But why should it not be centralised? After all, the Government of a country is responsible for developing the education of the country. Why should not the Government constitute a Board on which it can depend? Last evening when Professor Sambhu Charan Ghosh was speaking and speaking with vehemence, he said that in England there is democracy, in

England there is no such Board. I say he has not read the English Act of 1944. (Shri Sambhu Charan Ghosh: I only quoted from that Act.) You quoted from a sketch and not from the statute. Here is the Act of 1944. Section 2 says: 'All property which, immediately before the date declared by His Majesty in Council to be the date on which the first appointment under this Act of a Minister of Education took effect, was held by the Board of Education constituted under the Board of Education Act, 1899, and all functions exercisable by that Board or the President thereof immediately before that date, and all rights and liabilities, whether vested or contingent, to which that Board or the President thereof were entitled or subject immediately before that date, shall, by virtue of this Act, be transferred to the Minister and, except where the context otherwise requires, reference

[1-20—1-30 p.m.]

in any enactment or other document, to the Board of Education, the President of the Board of Education, the Education Department, or the Department of Science and Art shall be construed as references to the Minister, or, where the case so requires, as references to the Ministry of Education." So, all powers which were enjoyed by the Board of Education in England up till 1899 were transferred to the Minister of Education and Minister of Education alone. Was it making *kukshigata*? Did democratic England permit education to be irrationally made *kukshigata* because the whole power was transferred to the Education Minister—not to any Board. What was the Board or rather the Central Advisory Council which was required to be set up under the Act of 1944, the Act under which school education is going on in England? Let me proceed to section 4 of the Education Act, 1944; it reads:

(1) "There shall be two Central Advisory Councils for Education, one for England and the other for Wales and Monmouthshire, and it shall be the duty of those Councils to advise the Minister upon such matters connected with educational theory and practice as they think fit, and upon any questions referred to them by him. (2) The members of each Council shall be appointed by the Minister, and the Minister shall appoint a member of each Council to be Chairman thereof and shall appoint an officer of the Ministry of Education to be secretary thereo." In spite of the fact that under our Constitution there is nothing but a democartic government or governments in this country, Sir, we hear all these days thet "you are bureaucratic, bureaucratic, bureaucratic". [Noise and interruptions].

Shri Kamal Kanti Guha:

আপনি ওদিকে তাকান, আমাদের দিকে খালি চেয়ে অর্ডার, অর্ডার বলছেন।

Mr. Speaker:

এদিকে আমি বরাবরই তাকিয়ে আছি, তাই বলে ইট ইজ নট দি ডেকোরাম যে ওনার কথার মধ্যে ইণ্টারভিন, ইন্টারাপসান হবে,

The honourable member who has said that should take a note of it.

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয় কিন্তু আপনার দিকে না তাকিয়ে ওদিকে তাকিয়ে বক্তৃতা করছেন।

Mr. Speaker: Mr. Adhikary,, the Minister was giving a reply to the statements made by honourable members and it was not expected that this remark should be made about the Speaker that I should look to the other side.

[Noise and interruptions.]

Mr. Ghosh, is it fair that, while the Hon'ble Minister in giving a reply, there will be interruptions every now and then? If you say it is the practice, I will stand here to learn it. I will be glad if the Hon'ble Minister is allowed to speak without any interruption.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: We can, therefore, understand from which source the Mudaliar Commission or the Dey Committee got their idea in recommending that the Board should be an advisory body.

Now, Sir, some criticism has been made regarding the composition of the Board. If you go carefully through the composition of the Board, the position will be quite clear. What is the composition of the Board? Sir, we have followed the Mudaliar Commission and the Dey Committee. I have said repeatedly, in laying down the composition of the Board here in this Bill. You will see, Sir, Mudaliar Commission recommended that there should be an expert body of 25 members. Sir, we have made it 31. Why, Sir, let me explain. The Mudaliar Commission recommended that the Director of Public Instruction should be the President of the Board. We have departed from that. We have been guided by the recommendation of the Dey Committee that the President should not be the Director of Public Instruction. You may be aware, Sir, that in most of the States even now, at least in five of them, Directors of Public Instruction are the President of the Board. We have departed from that. We are going to make a President or choose a President who is other than the Director of Public Instruction.

thought of primarily as a means of facilitating group effort in the performance of a task or as providing the administrators with power to control others, with positions of prestige, or with pleasant or profitable occupations. School administration, as commonly placed, illustrates the former meaning of the term; bureaucratic administration at its worst, with its stress upon power and its endless use of red tape, illustrates the latter."

পরিষ্কারভাবে আমেরিকার শিক্ষাব্যবস্থা ও অ্যাডমিনিস্ট্রেশন যেমনভাবে চলবে বলা হয়েছে, সেখানে রেড টেপকে কনডেম করা হয়েছে, সেখানকার শিক্ষাব্যবস্থায় ব্যুরোক্র্যাসি বরদাস্ত করা হয় না। কিন্তু ক্লজ ৫-তে আমরা দেখছি সেখানকার গণতন্ত্রের নাম করে, জোর করে আমাদের উপর ব্যুরোক্র্যাসি চাপিয়ে দেবার জন্য নতুনভাবে ষড়যন্ত্র ও চক্রান্ত করা হচ্ছে। এই বোর্ডের মধ্যে আরেকটা জিনিস অত্যন্ত আশঙ্কাপূর্ণ আছে, তার প্রতি আমি মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি- ক্লজ ৫-এর সাব-ক্লজ ২-তে আছে—

"A person appointed under this section shall be deemed to be a member of the Board duly elected or nominated under section 4."

[2—2-10 p.m.]

সরকার অ্যাপয়েন্ট করলে প্রতিনিধি নির্বাচিত হয়ে আসতে পারলেন না। সরকার মনোনয়ন বা অ্যাপয়েন্ট করলে আমাদের তার উপর গণতন্ত্রের ছাপ দিতে হবে। অর্থাৎ আমাদের স্বীকার করতে হবে যে তাদের বোর্ডে নির্বাচিত প্রতিনিধি আছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে স্বৈরতন্ত্র বা আমলাতন্ত্রকে নির্লজ্জভাবে প্রকাশ করতে যেখানে ভয় পান সেখানে গণতন্ত্রের লেবেল মেরে সাধারণ মানুষের কাছে উপস্থিত হবার যে চেষ্টা করছেন তাতে এর মধ্যে দিয়ে শিক্ষা ব্যবস্থার উন্নতির পথ কি পরিষ্কার হবে? এখানে ক্লজ ৫-এর সাব-ক্লজ ১-এ যদি বলা হয় যে

Person appointed under this Section shall be deemed to be a member of the Board.

এইটুকু বললেই বুঝতাম, কিন্তু বলা হয়েছে, যে জায়গায় সরকার অ্যাপয়েন্ট করবেন সেখানে স্বীকার করে নিতে হবে

duly elected or nominated under section 4

কেমনভাবে যে সেকসন ৪-কে নির্বাচিত প্রতিনিধির সমান মর্যাদা দিতে হবে, স্বীকার করতে হবে যে নির্বাচিত প্রতিনিধি মনোনীত প্রতিনিধি হিসাবে তাদের স্বীকার করব না তা আমি ভেবে পাচ্ছি না। কাজেই ক্লজ ৫ যেভাবে আমাদের সামনে এসেছে তার মধ্যে দিয়ে প্রচ্ছন্নভাবে সরকারের মনোভাব অত্যন্ত পরিষ্কারভাবে আমাদের সামনে ফুটে উঠেছে। অর্থাৎ যে প্রচ্ছন্ন মনোভাব এতদিন তাঁরা গোপন করে রেখেছিলেন শুধুমাত্র একটা বিরাট অংশকে তাঁরা পরিচালনা করবেন তা নয়, প্রয়োজনবোধে তাঁরা শতকরা ১০০ জনকেই পরিচালনা করবেন। বোর্ডকে নিজেদের কুক্ষিগত করে রাখবেন এটাই ক্লজ ৫-এর মধ্যে আছে। কাজেই আমি অত্যন্ত নিশ্চিতভাবে ক্লজ ৫-এর বিরোধিতা করছি এবং এই বিরোধিতা করতে গিয়ে আমি আমার অ্যামেন্ডমেন্ট আপনার সামনে রাখছি। আমি আমার অ্যামেন্ডমেন্ডে বলেছি যে সেকসন ৪-এর পর একটা ক্লজ যোগ করতে হবে। অর্থাৎ আমি আমার অ্যামেন্ডমেন্ডে একথা বলেছি যে নির্বাচিত প্রতিনিধি যদি কোন প্রকারে বা কোন কারণে আসতে না পারেন, নির্বাচন যদি কোন কারণে অনুষ্ঠান করা সম্ভব না হয় তাহলে সেখানে সেই নির্বাচকমণ্ডলীকে আর একবার সুযোগ দিতে হবে। নোটিফিকেসন দিয়ে সরকার তাঁদের সুযোগ দেবেন যে, তোমরা তোমাদের নির্বাচিত প্রতিনিধি পাঠাও এবং যদি তাঁরা তখন ফেল করেন তখন সরকার অ্যাপয়েন্ট করবেন। এইটুকু আমার অ্যামেন্ডমেন্ডে মনে কা[illegible]ত্যন্ত গণতান্ত্রিক মতের দিক দিয়ে এই গ্রহণীয় প্রস্তাবটা শিক্ষা মন্ত্রিমহাশয় গ্রহণ করবেন

আমার দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট ক্লজ ৫-এর উপরে

"Provided that in the case of State Assembly, if the said Assembly has been dissolved the State Government shall appoint a suitable person to be

a member to hold office until the said Assembly is reconstituted and a representative is elected by the members thereof."

আমি ক্লজ ৪-এর এই ধারার বিরোধিতা করছি যে

Legislative Assembly and Legislative Council.

এর থেকে প্রতিনিধি নেবার কোন প্রয়োজন নেই। কারণ এখানে রাজনৈতিক উদ্দেশ্যসাধন চরিতার্থের একটা বিরাট প্রয়াস হচ্ছে। সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে কংগ্রেস তাঁদের মনোনীত একজনকে বা তাঁদের দপ্তরের কাউকে বোর্ডে পাঠাবেন। এই ধারার মধ্য দিয়ে সরকার নিজের দলের মানুষের সংখ্যা বৃদ্ধি করবার চেষ্টা করছেন। সেই কারণেই আমি ক্লজ ৪-এর বিরোধিতা করছি এবং সেই একই কারণে আমি ক্লজ ৫ সাব-ক্লজ ১-এর যে প্রভাইসো তার বিরোধিতা করছি যে অ্যাসেম্বলি-র কোন প্রতিনিধি বোর্ডের মধ্যে থাকা উচিৎ নয়। এখানে বলা হচ্ছে যে অ্যাসেম্বলি যখন থাকবে না তখন সরকার মনোনীত করবেন—তাহলে দেখা যাচ্ছে যে নির্বাচিত প্রতিনিধির কোন গুরুত্ব থাকছে না এবং সর্বক্ষেত্রেই সরকারী মনোনয়নের উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। সেজন্য আমার দুটো অ্যামেন্ডমেন্ড হাউসের সামনে রাখছি এবং আশা করি শিক্ষা মন্ত্রিমহাশয় এই অ্যামেন্ডমেন্ডগুলো বিচার করে গ্রহণ করবেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I am sorry I cannot accept the amendments. If the clause be amended by those amendments, then it may be questioned that the Board was not duly formed when the Board will function. Therefore, to remove that and to do away with the possibility of such an argument, we have made provision in clause 5 to make the Board a complete Board when it will be functioning.

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা যে, একটা প্রভিশন শেষের দিকে আছে যে, যদি কোন ভেকেন্সি হয় তা হলে সেই বোর্ড উইল নট বি কমপ্লিট। কোন কেস করা চলবে না এইরকম প্রভিশন রয়েছে। এখানে তাঁর জবাব তো সেটা সম্পূর্ণ হল না।

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 5, sub-clause (1), in line 3, after the words "section 4" the following words be inserted:

"the State Government shall by notification call upon such electoral body to make the election within a period to be specified in such a notification and failing which"

was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 5(1), the proviso be omitted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in clause 6, lines 3-4, for the words "as soon as may be" the words "within a fortnight" be substituted.

অর্থাৎ ক্লজ ৬এ আছে

"The name of every person elected or nominated under section 4 or appointed under section 5 as a member of the Board shall be published in the Official Gazette as soon as may be after his election or nomination or appointment, as the case may be."

আমি এখানে আমার অ্যামেন্ডমেন্টটা পরিষ্কার রাখতে চাই অফিসিয়াল গেজেটএ অ্যাজ সুন অ্যাজ মে বি না করে উইদিন এ ফর্টনাইট রাখা হোক, কারণ আমরা জানি সরকারী লাল ফিতার মাহাত্ম্য। আমরা জানি নির্বাচন হয়ে যাবার পর বহুদিন সময় অতিবাহিত হয়ে যায় কিন্তু

নাম প্রকাশ হয় না কিন্তু তার ফলে বোর্ডের কাজের দিক থেকে অসুবিধা হয় সেজন্য স্পেসিফিক্যালি রাখার জন্য আমার অ্যামেন্ডমেন্ট রাখছি। আশা করি এতে শিক্ষামন্ত্রী মহাশয়ের আপত্তি হবে না গেজেটএ উইদিন এ ফর্টনাইট এটা যদি অ্যাকসেপ্ট করে নেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I do not accept the amendment.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 6, lines 3-4, for the words "as soon as may be" the words "within a fortnight" be substituted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the following proviso be added to clause 7(2), namely:—

> "Provided that in no case shall the period of such continuance exceed one year from the date of such expiration.".

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট দেবার অর্থ হল এই যে, এখানে দেওয়া আছে, যেসমস্ত মেম্বার ইলেক্টেড হবেন, নমিনেটেড হবেন কিংবা অ্যাপয়েন্টেড হবেন তাঁদের টার্মস অফ অফিস হল ৫ বছর। এই ৫ বছর পর তাদের চার্জ দিয়ে দিতে হবে অন্যদের, কিন্তু কথা হচ্ছে যদি কোন কারণে দেরি হয় তাঁরা ৫ বছর পরও অফিসএ থাকবেন তাঁদের ভেকান্সি ফিল-আপ হবে না। এখনও বহু জায়গায় দেখছি যেখানে গভর্নমেন্টএর একটু স্বার্থ থাকে, যদি কোন কারণে ইলেকশন না হতে পারে নমিনেশন না দেন তা হলে অনির্দিষ্টকালের জন্য পুরাতন বোর্ডই চালিয়ে যায়, তারা কাজ করে। আমরা এসব মিউনিসিপ্যাল ক্ষেত্রে দেখেছি এবং সেসমস্ত জায়গায় এরূপ নমিনেশন, ইলেকশন আছে সেখানে বোর্ডকে নূতন করে নমিনেশন বা ইলেকশন দেবার প্রশ্ন আসে না, তখন ইচ্ছা করেই এসব পিছিয়ে রাখা হয়। এখানেও প্রভিশন দেওয়া আছে যতক্ষণ পর্যন্ত ইলেকশন বা নমিনেশন না হবে সে পর্যন্ত কার্যভার দিতে পাচ্ছেন না। এখানে এমন কোন কথা নেই যার ফলে তাঁরা যতদিন পারেন কাজ চালিয়ে যাবেন তাঁদের একটা টাইম লিমিট করা হোক। একটা অ্যাক্ট তৈরি হচ্ছে সেটা সম্পূর্ণ হওয়া উচিত এখানে একটা আবছা কথা বলা হয়েছে যে যতক্ষণ পর্যন্ত না সেটা নাম্বার (২)তে দেওয়া হয়েছে।

"Notwithstanding the expiration of the term of five years specified in sub-section (1) an elected, nominated or appointed member of the Board shall continue to hold office until the vacancy caused by the expiration of the said term has been filled in accordance with the provisions of this Act."

আমার অ্যামেন্ডমেন্ট দেবার অর্থ হল এই যে, এখানে দেওয়া আছে যেসমস্ত মেম্বাররা ইলেক্টেড হবেন, নমিনেটেড হবেন কিংবা অ্যাপয়েন্টেড হবেন তাঁদের টার্মস অফ অফিস হবে ৫ বছর। এই ৫ বছর পর তাঁদের চার্জ দিয়ে দিতে হবে অন্যদের, কিন্তু কথা হচ্ছে যদি কোন কারণে দেরি হয়, তাঁরা ৫ বছর পরও অফিসে থাকবেন, তাঁদের ভেকান্সি ফিল-আপ হবে না, এখনও বহু জায়গায় এই দেখছি, যেখানে গভর্নমেন্টএর একটু স্বার্থ থাকে, যদি কোন কারণে ইলেকশন না হতে পারে বা নমিনেশন না দেয়, তা হলে অনির্দিষ্ট কালের জন্য পুরাতন বোর্ডই চালিয়ে যাবে। আমরা এই সমস্ত জিনিস মিউনিসিপ্যাল ক্ষেত্রে দেখেছি এবং সেই সমস্ত জায়গায় নমিনেশন, ইলেকশন আছে, সেখানে বোর্ডের নূতন করে নমিনেশন বা ইলেকশন দেবার প্রশ্ন আসে না তখন ইচ্ছা করেই এসব পিছিয়ে রাখা হয়। এখানেও প্রভিশন দেওয়া আছে। যতক্ষণ ইলেকশন বা নমিনেশন না হবে সে পর্যন্ত কার্যভার দিতে পাচ্ছেন না, এখানে এমন কোন কথা নেই, যার ফলে তারা যতদিন পারেন কাজ চালিয়ে যাবেন। একটা টাইম লিমিট করা হোক —একটা অ্যাক্ট তৈরি হচ্ছে, সেটা সম্পূর্ণ হওয়া উচিত। এখানে একটা আবছা কথা বলা হয়েছে যে, যতক্ষণ পর্যন্ত না সেটা নাম্বার হতে দেওয়া হয়েছে।

[2-10—2-20 p.m.]

কতদিন পর্যন্ত তাঁরা এই কাজ চালিয়ে যাবেন এবং কতদিন পরে এই ভেকান্সি ফিল আপ হবে তার কোন নির্দেশ নেই। সেইজন্য আমি লিমিট করে দিতে চাই যে কোনক্রমেই এক বৎসরের বেশি এই জিনিসটাকে যেন স্থগিত করে না রাখা হয়। এক বৎসরের মধ্যে হয় ইলেকশন, কিংবা নমিনেশন দিয়ে বা অ্যাপয়েন্টমেন্ট দিয়ে ফিল-আপ করে দিতে হবে। সুতরাং এই ধারাটাকে সম্পূর্ণ করে দেবার জন্য একথা বলেছি। কারণ আমাদের মনে সন্দেহ জাগে যে, দলীয় স্বার্থের জন্য এই পুরাতন বডি ২/৩ বৎসর কাজ চালিয়ে যাবে, তাই লিমিট করে দিন এক বৎসরের মধ্যে হয় ইলেকশন কিংবা নমিনেশন করে, কিংবা অ্যাপয়েন্ট করে দিন। এইজন্য আমি মনে করি আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I think this is unnecessary.

The motion of Dr. Golam Yazdani that the following proviso be added to clause 7(2), namely:—

"Provided that in no case shall the period of such continuance exceed one year from the date of such expiration."

was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Shri Sambhu Charan Ghosh: Sir, I move that in clause 9, for sub-clause (1), the following be substituted:

"(1) During five years from the establishment of the Board, the State Government shall appoint any non-official person as the President, and thereafter the President shall be appointed by the State Government from a panel of four persons, elected by the Board in the manner prescribed by regulatiin."

আমাদের এই বিলের ক্লজ ৯এ আছে,

"The President shall be appointed by the State Government. (2) The term of office of the President shall be five years from the date of his appointment. (3) The President shall cease to hold office if at any time he becomes subject to any of the disqualifications referred to in sub-section (1) of section 11."

এর সাব-ক্লজ (১) যেখানে

President shall be appointed by the Government.

সেখানে আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি যে, বোর্ড তৈরি হবার ৫ বৎসর পর্যন্ত সেখানে সরকার মনোনীত প্রেসিডেন্ট থাকবে। কিন্তু ৫ বৎসর বাদে বোর্ড সেখানে ৪ জন সভাপতির নাম সমেত প্যানেল করে গভর্নমেন্টের কাছে পাঠাবেন এবং সেখান থেকে সভাপতি নির্বাচন করবেন। স্যার, এই বিলের ক্লজ ৯ যা আমাদের সামনে আছে, এর মধ্যে দিয়ে দুটি জিনিস পরিষ্কার হচ্ছে। একটা হচ্ছে যে সরকার এই বোর্ডের মধ্যে দিয়ে সমস্ত ক্ষমতা সেন্ট্রালাইজ করছেন এবং দ্বিতীয় কথা হচ্ছে, সরকার এই বোর্ডের উপর আস্থা বা বিশ্বাস রাখতে পারছেন না। এই দুটি কথা এই ক্লজ ৯এর মধ্যে দিয়ে অত্যন্ত পরিষ্কারভাবে ফুটে উঠেছে। কিন্তু আমরা মাননীয় শিক্ষা-মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ১৯৫০ সালের যে শিক্ষা আইন সেই ১৯৫০ সালে শিক্ষা আইন অনুযায়ী যে বোর্ড তৈরি করেছিলেন, সেখানেও প্রেসিডেন্ট আপনারাই মনোনীত

করেছিলেন কিন্তু আপনারা প্রেসিডেন্ট ঠিক করেছিলেন সেকশন ৭(১) অনুযায়ী। সেখানে পুরানো ধারা অনুযায়ী প্রথম ৪ বৎসর আপনারা তা ঠিক করেছিলেন।

আপনাদের মনোনীত প্রেসিডেন্ট হওয়া সত্ত্বেও কেন বোর্ড বাতিল করেছিলেন? কাজেই আমি যেকথা বলতে চাইছি আপনারা যদি দায়িত্ব নিয়ে প্রেসিডেন্ট নির্বাচন করেন তাহলে সেই প্রেসিডেন্ট যে খুব সুযোগ্য প্রেসিডেন্ট হবেন এটা আমরা স্বীকার করতে পারছি না। ১৯৫৪ সালে যখন বোর্ড বাতিল করেন তার একটিমাত্র কারণ প্রেসিডেন্ট তার চরম অযোগ্যতার প্রমাণ দিয়েছিলেন। অথচ সেই প্রেসিডেন্টকে সরকার নির্বাচিত করেছিলেন। আমার যে বক্তব্য রাখতে চাইছি হাউসের সামনে তা হল মাননীয় শিক্ষামন্ত্রীকে অন্ততঃ একথা স্বীকার করতে হয় যে কালেকটিভ উইজডম নিয়ে বোর্ড যদি চার জনের নাম পাঠান এবং সরকার যদি তার মধ্যে থেকে সিলেক্ট করে একজনকে নেন তাতে আপত্তির কিছু থাকতে পারে না। বোর্ড যা হচ্ছে সেখানে সরকারী প্রতিনিধিত্ব সংখ্যাগরিষ্ঠ। সুতরাং এতে ভয়ের কি কারণ আছে? বোর্ডকে এই স্বাধীনতা দিন, ক্ষমতা দিন, যে তারা তালিকা প্রদত্ত করবে চারজন প্রেসিডেন্টের নাম তারা সরকারের কাছে পাঠাবেন—তার মধ্যে একজনকে সরকার ঠিক করবেন। সেখানে আমরা বলছি না বোর্ডের হাতে সমস্ত ক্ষমতা ছেড়ে দিন। মাননীয় শিক্ষামন্ত্রী খানিক আগে বলেছিলেন যে মুদালিয়র কমিশন—দে কমিটির কথা বলেছিলেন। দে কমিটি বলেছেন যে নন-অফিসিয়্যাল প্রেসিডেন্ট হবে। দে কমিটির রিপোর্ট এখানে আছে তার প্রেসিডেন্ট নন অফিসিয়্যাল হবেন। মুদালিয়র কমিশন অবশ্য বলেছিলেন—দি ডি.পি.আই সুড বি দি প্রেসিডেন্ট। মুদালিয়র কমিশনে ডি পি আই-কে প্রেসিডেন্ট করতে বলা হয়েছে। দে কমিটি পরিষ্কার বুঝেছিলেন যে, মুদালিয়র কমিশন রিপোর্ট বাংলাদেশে সর্বক্ষেত্রে হু-বহু চালু নাও হতে পারে। এই দে কমিটির মেম্বার কে কে ছিলেন—তাতে তো সরকারী কর্মচারী ছিলেন। তার মধ্যে ছিলেন ডাঃ জে কে মুখার্জি, তিনি সরকারী কর্মচারী। তারপর ডি পি আই, তিনি সরকারী কর্মচারী, শ্রীঅনাথবন্ধু রায়, কমিটির সেক্রেটারী—এ'রা কি নির্দেশ দিলেন? দে কমিটি পরিষ্কার বললেন যে নন-অফিসিয়্যাল প্রেসিডেন্ট হবে। মুদালিয়র কমিশন-এর রেকমেন্ডেসন সত্ত্বেও দে কমিটি বললেন যে বাংলাদেশে প্রেসিডেন্ট নন-অফিসিয়্যাল লোক হবেন। সেই দে কমিটির সুপারিশ আমরা মেনে নিয়েছি। তা যদি হয় তা হলে প্রেসিডেন্ট নন-অফিসিয়াল লোক হবে। সেকথা শিক্ষামন্ত্রী বললেন না—প্রয়োজন হলে মুদালিয়র কমিশন দেখাচ্ছেন, আবার প্রয়োজন হলে দে কমিটিকে দেখাচ্ছেন। কিন্তু আসল প্রশ্ন যেখানে, সেখানে তিনি উত্তর দিচ্ছেন না। তাই পরিষ্কারভাবে আমি আমার অ্যামেন্ডমেন্ট রেখেছি যাতে এই নিয়ম হয় যে প্রথম পাঁচ বছরের জন্য সরকার এই বোর্ডের প্রেসিডেন্ট নির্বাচন করে দেবেন; কিন্তু পাঁচ বছর পরে সেকেন্ড ফেজ-এ বোর্ড-এর হাতে ক্ষমতা দেবেন, সেই ক্ষমতা অনুসারে বোর্ড সুপারিশ করবেন চারজনের নাম সরকারের কাছে এবং সরকার তার মধ্য থেকে যোগ্য ব্যক্তিকে মনোনীত করবেন। এই হচ্ছে আমার অনুরোধ এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন অন্তত এটা গভীরভাবে চিন্তা করে দেখেন।

Shri Sambhu Gopal Das: Sir, I beg to move that in clause 9(1), for the words "The President shall be appointed by the State Government" the words "The President shall be appointed by the State Government from a panel of five persons elected by the Board in the manner prescribed by regulation" be substituted.

স্পীকার স্যার, এই বিলের ৯নং ক্লজের ১নং সাব-ক্লজ সম্বন্ধে আমার ধারণা হল এই যে এটি এই বিলের পরিপ্রেক্ষিতে যথেষ্ট গুরুত্বপূর্ণ। এর গুরুত্ব আছে এজন্য যে, বোর্ড গঠনের কথা আমরা এই বিলে পাচ্ছি, সত্যি কথা বলতে গেলে সেই বোর্ডের সব থেকে গুরুত্বপূর্ণ ব্যক্তি যে যিনি প্রেসিডেন্ট—সত্যি কথা বলতে গেলে প্রেসিডেন্ট হলেন সমস্ত বোর্ডটি যেভাবে রচিত হয়েছে সেই অনুযায়ী এর প্রাণকেন্দ্র তাঁর নিয়োগের কথা। আমি দেখছি যিনি এই বোর্ডের প্রেসিডেন্ট,

[2-20—2-30 p.m.]

তাঁর হাতে কত ক্ষমতা আছে। এই বোর্ডের মধ্যে যে সমস্ত কমিটি রয়েছে যেমন রেকগনিশন কমিটি, সিলেবাস কমিটি, এগজামিনেশন কমিটি, আপীল কমিটি, ফাইন্যান্স কমিটি— সে সমস্ত

কমিটির চেয়ারম্যান হবেন এই প্রেসিডেন্ট। সরকার এই বিলে তাঁকে যথেষ্ট ক্ষমতা দিয়েছেন। সুতরাং এই প্রেসিডেন্ট কিভাবে নিযুক্ত হবেন, সে সম্পর্কে আমাদের গভীরভাবে আলোচনা করার প্রয়োজন আছে। এই বিলের আলোচনা গোড়া থেকে একথা আমরা অত্যান্ত জোর দিয়ে বলেছি যে আমরা সেকেন্ডারী এডুকেশান বোর্ড চাই। কিন্তু সেই বোর্ডকে গণতান্ত্রিক হতে হবে। এই রকম ভাবা আমাদের দিক থেকে অত্যান্ত যুক্তিসম্পাত। সেটা প্রমাণ করবার চেষ্টা আমরা করেছি। শুধু আজ এই আইনসভায় এ নিয়ে আলোচনা হচ্ছে তা নয়। আমরা জানি যাঁরা বাংলাদেশের সংবাদপত্র পড়েন, তাঁরা জানেন বিভিন্ন সংবাপত্রে এ নিয়ে আলোচনা হয়েছে। বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার সঙ্গে যাঁরা জড়িত আছেন বিভিন্ন শিক্ষকেরা, বিভিন্ন শিক্ষক সমিতি—তাঁরা নানাভাবে এটা ভেবেছেন এবং মূলকথা তুলে ধরবার চেষ্টা করেছেন যে একটা গণতান্ত্রিক বোর্ড আমরা চাই। কারণ গণতান্ত্রিক বোর্ড মারফৎই এ দেশের যে সেকেন্ডারী এডুকেশান, যে মাধ্যমিক শিক্ষা, সেটা ঠিকমত চলতে পারে, তার সুষ্ঠু অগ্রগতি সম্ভব হতে পারে।

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, একথা আমাদের শিক্ষামন্ত্রী নিশ্চয়ই অস্বীকার করবেন না, ১৯৫০ সালের যে অ্যাক্ট মোটামুটিভাবে মেনে নেওয়া হয়েছিল যে প্রেসিডেন্ট সরাসরি স্টেট গভর্নমেন্ট নিযুক্ত করবেন না। পাঁচ বছর বাদে বোর্ড যে চারজন লোকের একটি প্যানেল তৈরি করে দেবেন, তার থেকে একজনকে প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত করা হবে। শিক্ষামন্ত্রী গতকাল একটা কথা বলেছিলেন—তা এই প্রসঙ্গে মনে পড়ছে যে অতীতকালের পরিবেশে যখন আমরা দাঁড়িয়ে নেই, তখন যদি অতীতকালের ঘটনাগুলোকে এখন তুলে ধরি, তাহলে বিচারে অনেক সময় ভুল হয়ে যাবে। আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে, যে কারণে আমার বক্তব্য, যে প্রেরণায় যে ভিত্তির উপর দাঁড়িয়ে ১৯৫০ সালে তিনি অনুভব করেছিলেন যে এই বোর্ডের প্রেসিডেন্ট চারজনের প্যানেলের মাঝখান থেকে নিযুক্ত করা হবে, যে কারণে অন্তত কিছুটা পরিমাণ গণতন্ত্র সেই ১৯৫০ সালের বোর্ডে স্বীকার করেছিলেন, আর আজ ১২ বছরের মধ্যে সেই সেই কারণগুলি কি করে কোথায় উবে গেল? আজ আর সেগুলি বেচে নাই। যে কারণে সূর্য এতদিন পূর্ব-দিক থেকে উঠেছিল, আজও ঠিক সেই কারণেই সে পূর্বদিক থেকে উঠতে বাধ্য। এটা লজিক! কোথায় কোথায় সেই কারণের পরিবর্তন ঘটল এবং কেন? ১৯৫০ সালের অ্যাক্টএ যে অধিকার দেওয়া হয়েছিল, সেই অধিকার এই বিলের মাঝখানে দেওয়া হচ্ছে না কেন? আমি শিক্ষামন্ত্রীর কাছ থেকে ধোঁয়াটে জবাব নয়, একটা ক্যাটিগরিক্যাল এ্যানসার চাচ্ছি এই হাউসের সভ্য হিসেবে। একথা আমরা জানি, সরকারের গুণগান করবার জন্য যত কিছু থাকুক না কেন, আমাদের সরকারের বিরুদ্ধে যে অভিযোগ আছে, তা অনেক ক্ষেত্রে প্রমাণিত সত্যের পর্যায়ে পড়ে যায়। এঁরা স্বজন-তোষণ আত্মীয় পোষণ করেন না, নিজেদের দিকে তাকান না। অন্তত একথা কেউ বলবে না। আমরা জানি সরকারের বিভিন্ন দপ্তরে কিভাবে উঁচুতলায় যাঁরা আছেন, তাঁদের নিজেদের লোকেরা বড় বড় উঁচু পদে বসে যাচ্ছে। এর বিরুদ্ধে বহু অভিযোগ এই বিধানসভায় দাঁড়িয়ে অনেক সদস্য এনেছিলেন। একথা আমরা জানি। মাধ্যমিক শিক্ষা পরিচালনার ব্যাপারে যিনি 'অ্যাডমিনিস্ট্রেটর' এর সঙ্গে তাঁর সম্পর্কে অনেক কথাই বলা চলে। আমাদের আশঙ্কা হয়, ভয় হয় যে, বোর্ডের প্রেসিডেন্ট নিয়োগের প্রশ্ন যখন আসবে তখন এই ধরনের জিনিস দেখা দেবে। গভর্নমেন্ট যদি একটা পার্টি গভর্নমেন্ট হয়, তা হলে সে গভর্নমেন্ট তার পার্টির স্বার্থ আগে দেখে। গণতন্ত্রে পার্টি অপরিহার্য ঠিকই এবং সেখানে গভর্নমেন্ট একটা পার্টি গভর্নমেন্ট হবে, এটাও ঠিক। সঙ্গে সঙ্গে এই বাস্তবতার দিকে তাকিয়ে আমি বলব, সেই পার্টি গভর্নমেন্ট সব সময় নিজের দলের স্বার্থের দিকে তাকিয়ে থাকে, যে পার্টিই পাওয়ারে আসুক না কেন। সেইজন্যই গণতন্ত্রের স্বার্থে গণতন্ত্রের সেফ-গার্ড বা রক্ষাকবচ দরকার, বোধহয় এ বিষয় কারও সন্দেহ নেই। পুরান ট্রাডিশন থেকে গত দশ বছরের শাসক পার্টির শাসন থেকে বেশ বোঝা যাচ্ছে এই প্রেসিডেন্ট নিয়োগের ব্যাপারে তাঁরা কি কাজ করবেন। নিশ্চয়ই যা ঘটবে তা হলো এই যে, সংবাদপত্রে সমালোচনা বছরখানেক পরে শোনা যাবে। তাঁদের অনেক কুকীর্তির কথা আমরা সকলে জানি, হিস্টরি আবার নিশ্চয় রিপিট করবে। সেইজন্য আমার প্রশ্ন, এখানে পার্টি গভর্নমেন্ট যখন আছে এবং তা থাকার ফলে, গভর্নমেন্টের ক্ষমতা সরাসরি প্রয়োগ করতে গেলে অনেক কিছু গন্ডগোল দেখা যাবে, তখন সেটাকে চেক-আপ করবার জন্য এই বিলে ব্যবস্থা থাকা দরকার। আমি অন্য কথা বলছি না। আমি যা

বলছি, ১৯৫০ সালে তা মোটামুটি স্বীকৃত ছিল। যে কারণে যে কথা চিন্তা করে, কিছুটা প্রোটেকশনের ব্যবস্থা ১৯৫০ সালের বিলে ছিল আমি সেটাই চাচ্ছি। আমরা বলতে চাচ্ছি বোর্ডের কর্তৃত্বে নির্বাচিত যে ৫ জন পার্সন হবে, তার মধ্যে থেকে বেছে একজনকে প্রেসিডেন্ট নিযুক্ত করলেই সবকিছু ঠিক হয়ে যাবে, বা পুরোপুরি গণতান্ত্রিক হয়ে যাবে, এটা আমরা বিশ্বাস করি না। তবু বিলের আলোচনায় দাঁড়িয়ে এই জিনিসটুকু আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে আশা করছি। আমি বিশ্বাস করি, মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই হাউসের মাঝ-খানে সর্বাদকে কিছু কিছু লোক আছেন, যাঁরা লাভার্স অব ডেমক্রেসি, শুধু নিজের দল রক্ষার জন্য গণতন্ত্রের কথা নয়, যাঁরা গণতন্ত্রকে মনে প্রাণে ভালবাসেন, গণতন্ত্র যাদের অস্তিত্বের সংগে জড়িয়ে আছে, গণতন্ত্র যাদের চেতনাকে অধিকার করে আছে। গণতন্ত্রের সংগে যা ওতঃপ্রোত-ভাবে জড়িত, এমন লোক এখানে অনেক আছেন বলে আমি মনে করি। সেই গণতন্ত্রকে বিশেষভাবে চিন্তা করে জনশিক্ষার ক্ষেত্রে প্রয়োগ করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি মনে করি, অন্ততঃ শিক্ষার ক্ষেত্রে সরকারী মনোভাব, সরকারী বন্ধনের বাড়াবাড়ি যদি ঘটে, যদি সরকার লোহার আঙ্গুল দ্বারা শিক্ষার টুঁটি বা গলা চেপে ধরেন, তা হলে শিক্ষার বিকাশ হয় না। শিক্ষার ব্যাপার পার্টির আওতা থেকে যতখানি মুক্ত করা যায়, ততই দেশের মঙ্গল হবে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে যে পার্টি গভর্নমেন্ট আছে, কাল হয়ত এই পার্টি গভর্নমেন্ট নাও থাকতে পারে, হয়ত বদল হয়ে যাবে, কিন্তু একথা ঠিক, আজ বাংলাদেশের বুকের উপর যে সেকেন্ডারি এডুকেশন চাপান হল, সেই সেকেন্ডারি এডুকেশন চলতে থাকবে। বাংলাদেশের সেকেন্ডারি এডুকেশনকে কন্ট্রোল করবার জন্য এই আইন তৈরি হয়েছে। বলা হয়েছে এই আইনের দ্বারা সেকেন্ডারী এডুকেসনকে এগিয়ে নিয়ে যাবার ভিত্তি স্থাপিত হবে। এই গভর্নমেন্ট কয়েকদিন পরে হয়তো নাও থাকতে পারে, বদলে যেতে পারে। কিন্তু সেই সমস্ত স্কুলে যে সমস্ত ছাত্ররা পড়তে যাবে, সেখানে কেবল আমাদের ছাত্র, ছাত্রীরা পড়তে যাবে তা নয়, স্বপক্ষের ছেলেরাই সেই সমস্ত স্কুলের আওতায় আমাদের এ পক্ষের ছেলেমেয়েরা যেমন পড়বে, তেমনি সরকারী পক্ষের ছেলেমেয়েরাও এই আওতায় পড়বে। স্কুলের ঘরটা ঠিকই যাবে এটা মনে করা ভাল। আমার মূল বক্তব্য হচ্ছে গণতন্ত্রের নাম করে আপনারা অনেক দুষ্ট কাজ অতীতে করেছেন এবং এর প্রমাণ আমাদের হাউসের সামনে আছে। গণতন্ত্রের নামে, আপনারা পার্টিবাজী চালাচ্ছেন অনেক ব্যাপারেতে কোন সন্দেহ নেই। যতই যুক্তি, তর্কের অবতারণা করা হোক না কেন, গণতন্ত্রের মুখোস পরে এই পার্টি গভর্নমেন্ট তাঁর দলকে বড় করবার চেষ্টা করেছেন, এ বিষয় কোন সন্দেহ নেই। তাঁদের দলীয় স্বার্থ সিদ্ধির চেষ্টা চালাচ্ছেন, এটা স্বীকৃত সত্য। আমার বক্তব্য হল অন্ততঃপক্ষে শিক্ষার ক্ষেত্রে যে শিক্ষা নাকি

For the fullest development of soul.

সেখানে পার্টিবাজী একটু কম করার চেষ্টা করা উচিত। শিক্ষার উদ্দেশ্য এই

For the fullest development of soul.

ঘটনার যে ক্ষেত্র সেখানে আমাদের মনের যতটা উদারতা আনা সম্ভব, ততটা উদারতা আনবার জন্য আমি আপনার মাধ্যমে সকলের কাছে আবেদন করছি।

[2-30—2-40 p.m.]

আমরা অনেক কিছু দাবী করেছি, আমরা অনেক অ্যামেন্ডমেন্ট দিয়েছি সেই সমস্তে কাণ দেওয়া হবে না, আমাদের অনেক ব্যাপার মেনে নেওয়া হবে না। এই কথা আমরা জানি। একথা হয়ত সত্য আমরা যে অ্যামেন্ডমেন্টগুলি দিয়েছি এবং যার উপর আমরা বক্তৃতা দিচ্ছি, এমনও হতে পারে সরকার পক্ষের বহু সদস্যের মনে মনে সেখানে মিল আছে, কিন্তু ভোট দেবার বেলায়, মত প্রকাশের বেলায় তাদেরকে অন্য দিকে যেতে হবে। সেজন্য আমি অত্যন্ত স্থিরভাবে এবং অত্যন্ত বিনীত-ভাবে হাউসের সকলের কাছে আবেদন জানাচ্ছি সেকেন্ডারী এডুকেশন-এর ক্ষেত্রে যে নতুন বোর্ড স্থাপিত হতে যাচ্ছে, সেই যে বোর্ড এর প্রেসিডেন্টের পদ অত্যন্ত গুরুত্বপূর্ণ—প্র্যাক্টিক্যালি যিনি হচ্ছেন গোটা বোর্ড-এর পিভট, গোটা বোর্ডের যিনি লাইফ সেই ব্যক্তিকে নিয়োগের ভার যেন সরকার নিজে না নেন। তিনি যেন সরকারের সরকারী চাকুরেতে পরিণত না হন, হলে পরে এর একটা কুফল দেখা দেবে। বোর্ডের ইলেকটেড প্যানেল থেকে নির্বাচিত যে প্রেসিডেন্ট তার সংগে

বোর্ডের বিভিন্ন সদস্যদের সঙ্গে আন্তরিক যোগাযোগ থাকবে কিন্তু সরকার কর্তৃক নিযুক্ত এই প্রেসিডেন্ট তার সঙ্গে বোর্ডের সদস্যদের আন্তরিক যোগাযোগ থাকবে না। একটা ডিমার্কেশান লাইন থাকতে বাধ্য। একজনকে উপর থেকে চাপিয়ে দেওয়া হচ্ছে আর একজন মাটি থেকে উঠছেন প্রতিনিধিত্ব করবার জন্য। এই ডিমোক্রাসির দৃষ্টিভঙ্গী নিয়ে আমি আপনাদের কাছে একটু উদার হবার জন্য আবেদন জানাচ্ছি এবং আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 9(1), in line 2, after the word "Government" the words "from among non-official educationists" be added.

এই সংশোধনী প্রস্তাব তোলবার প্রসঙ্গে আমি এইটুকু জানাতে চাই যে, ইতিপূর্বে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তিনি কুক্ষিগত কথাটা নিয়ে যেভাবে বিক্ষোভ প্রকাশ করেছিলেন তাতে আমার মনে হলো এই রকমভাবে ঘৃণার সঙ্গে কুক্ষিগত কথাটা আমাদের বলা উচিত হয়েছে কিনা। কিন্তু বিলটা যতই ঘাঁটি ক্লজ বা সেকশান সাব-সেকশানগুলি যতই ঘাঁটি সমস্ত সংশোধনী সেই আকারে আসতে বাধ্য হয়,যেখানে কুক্ষি আছে—কুক্ষিটা কোথায় আছে খোজবার জন্য সেখানে খুজে খুজে দেখি যে প্রত্যেক বিশেষ বিশেষ ক্ষেত্রের মধ্যে আবন্ধ হয়ে আছে। বোর্ডের গঠন তার কম্পোজিশন এবং তার চরিত্র আমরা দেখেছি, বোর্ডের প্রিন্সিপ্যাল পলিসি সম্বন্ধে আলোচনা খুব এখানে না থাকলেও বোর্ড গঠনের পর তার প্রেসিডেন্ট সেক্রেটারী হবার প্রভিশন এখানে আছে। তারপর অফিসিয়্যাল অর্থাৎ কর্মচারী স্বারা প্রভাবান্বিত হওয়ার সুযোগ এই বোর্ডের আছে এবং সঙ্গে সঙ্গে যে স্বতন্ত্র ব্যক্তি যারা হবেন বিশেষজ্ঞ এবং যারা শিক্ষাবিদ হবেন তাদের প্রভাব কি পরিমাণ থাকবে সে সম্বন্ধে গ্যারান্টির কোন চিহ্নমাত্র নাই। বোর্ড যেভাবে গৃহীত হয়েছে তার মধ্যে দিয়ে কতটুকু স্বতন্ত্র মনোভাব স্বাধীন শক্তিকে প্রকাশিত করা যায় সেই দৃষ্টিভঙ্গী থেকেই এই সংশোধনী আনা হয়েছে। সেখানে মাত্র এইটুকু বলা হয়েছে সরকার প্রেসিডেন্ট নিয়োগ করুন কিন্তু এই সংশোধনীর অনুরোধ হবে
From among non-official educationists.
অর্থাৎ যারা সরকারী প্রভাবাধীন থাকবে দুর্ভাগ্য বা সৌভাগ্যবশতঃ হউক, তাদের না নিয়ে যারা স্বাধীন মত প্রকাশ করতে পারবেন যারা স্বতন্ত্র শিক্ষাবিদ হিসাবে বিখ্যাত সেইসব ব্যক্তিদের পক্ষ থেকে নিয়োগ করা হউক এবং সেটা সরকারই করুন আমাদের আপত্তি নেই। কিন্তু একেই সরকার নিয়োগ করবেন তদুপরি বাছাই করে নিয়ে এমন লোককে নেবেন যিনি একজন অফিসিয়্যাল হবেন এই যেন কোন ক্ষেত্রে না হয়, এবং সেখানে একজন নন অফিসিয়্যাল হউন এটাই আমাদের ইচ্ছা। শিক্ষা মন্ত্রিমহাশয় এখানে আছেন, আমরা কুক্ষিগত কথাটা যেভাবে বলি না কেন শিক্ষা বোর্ডকে যেভাবে গ্রহণ করি না কেন, শিক্ষা বোর্ড-এর শিক্ষা নীতি, শিক্ষা গঠন এবং তার বিস্তৃতি, ছাত্র এবং শিক্ষকদের সংহতি বিভিন্ন দিক থেকে চিন্তা করলে বোর্ডে এমন একজন বিচক্ষণ, এমন একজন স্বতন্ত্র স্বাধীন প্রবক্তা থাকা দরকার যিনি সভাপতি হিসাবে বোর্ডে কাজ করবেন, বহু মত বহু দলের বহু লোকের বহু সমষ্টির শক্তি নিয়ে কাজ করবেন, এমন একজন নিরপেক্ষ শিক্ষাবিদ এবং বিশেষজ্ঞ থাকা দরকার যিনি সবার উর্দ্ধে থেকে সভাপতির কাজ করতে পারবেন। আমার মনে হয় বোর্ড-এর সভাপতি পদে এই রকম একজন নন অফিসিয়্যাল এডুকেশানিস্টকে অ্যাপয়েন্টমেন্ট দিলে পরে বোর্ডের সম্মান এবং জনসাধারণের চেতনার সঙ্গে সঙ্গতি রেখে কাজ করা হবে। আমি আবার শিক্ষা মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই সংশোধনী প্রস্তাবটা গ্রহণ করেন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the following words be added to clause 9(1):—

"and the appointment shall be approved by the Legislature."

এই অ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি তার কারণ আপনার সামনে আমি রাখতে চাই, আমরা এর আগে বহুভাবে মাননীয় মন্ত্রিমহাশয়কে এবং পার্টি ইন পাওয়ারকে আবেদন করেছি যে, এইরকম একটা নান-ডেমোক্রেটিক বিল, এইরকম একটা ব্ল্যাক বিল আপনারা নিয়ে আসবেন না। এই ইমারজেন্সির সুযোগ আপনারা নেবেন না। আমরা অপোজিশন থেকে আপনাদেরকে যুদ্ধ পরিপ্রেক্ষিতে যে সাপোর্ট দিচ্ছি সেই সাপোর্টের মিসইউস করবেন না। এইরকমভাবে বহু আপীল

আমরা আপনাদের কাছে করেছি। এখন দেখছি সেটা ভস্মে ঘি ঢালা হয়েছে এ'রা কিছুই নেবে না এবং নিচ্ছেন না। আপনারা না নিলেও আমাদের কর্তব্য আছে। তার কারণ আমরা যদি মাইনরিটি অথচ আমরা মেজরিটির ওপিনিয়নকে এখানে ফোকাস করছি। তার কারণ মোর্যালি আমরা উইন করেছি। আমি একটা অ্যামেন্ডমেন্ট মুভ করতে গিয়ে এর আগে আমি বলেছি যে, আমরা কি চাই। আমি এখানেও দেখতে পাচ্ছি আমরা যে জিনিসগুলি এর আগে বলেছিলাম সেগুলি নেওয়া হয় নি, এ ক্ষেত্রেও হয়ত নেওয়া হবে না। এখানে প্রেসিডেন্ট-এর উপর আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। তার কারণ বোর্ডে প্রেসিডেন্টের একটা ভাইটাল পজিশন থাকবে। সেই লোকটা কেমনভাবে কি ধরনের হবে সেটা নিশ্চয় চিন্তা করা উচিত। অন্তত আমি যদি শিক্ষামন্ত্রী হতাম তা হলে নিশ্চয় চিন্তা করতাম, বিশেষত হরেনবাবুর মত —যাঁর একটা বিরাট ঐতিহ্য আছে, তা হলে আমি আরও বেশি ক'রে চিন্তা করতাম যে কিভাবে এই আনডেমোক্র্যাটিক বিলকে ডেমোক্র্যাটিক খেতাবের মধ্যে নিয়ে আসা যায়, যার জন্য উচিত ছিল প্রেসিডেন্টকে ইলেকশনের মধ্যে দিয়ে নিয়ে আসা। যিনি প্রেসিডেন্ট হবেন তিনি ইলেক্টেড হবেন। ইলেকশন প্রসিডিওর পরে আলোচনা করা যেতে পারত বা প্রেসক্রাইব করা যেত। কিন্তু সেটা হল না। আমার দ্বিতীয় কথা হচ্ছে প্রেসিডেন্ট যিনি হবেন অন্ততপক্ষে মেম্বাররা তাঁকে ইলেক্টেড করবে। সেটা একটা অ্যামেন্ডমেন্ট হতে পারত। সেটার আমার বন্ধুর একটা আছে। যদিও আমি জানি যে, সেটা আপনারা নেবেন না। আমি এখানে আর একটা অ্যামেন্ডমেন্ট প্লেস করছি যে, প্রেসিডেন্ট অ্যাপয়েন্টমেন্ট যখন আপনারা গায়ের জোরে করছেন, তখন সেই অ্যাপয়েন্টমেন্টকে মেনে নিয়ে শুধু একটা জায়গায় আমি বলছি যে,

This appointment shall be approved by the Legislature,

অর্থাৎ এই অ্যাপয়েন্টমেন্ট কোন আরবিটারি না হয় তার জন্য একটা চেক গার্ড হিসাবে আমি বলতে চাচ্ছি। তার কারণ আমরা লেজিসলেচার, আমরা সমস্ত পশ্চিম বাংলার ভয়েস এখানে কনসেনট্রেটেড করেছি। আমরা অপোজিশন এখানে পাহারাদার। আমরা চৌকিদারি করছি পার্টি ইন পাওয়ারএর উপরে। এটা ডেমোক্র্যাসির অঙ্গ হিসাবে করছি এবং আজ যদি প্রেসিডেন্ট শুধু অ্যাপয়েন্টেড বলে ছেড়ে দেওয়া হয় এবং সেই প্রেসিডেন্টএর ব্যাপারে লেজিসলেচারের কোন ভয়েস না থাকে তা হলে কি হবে? তা হলে যা হবে ডিমোক্রেসির নাম করে একদলীয় শাসনব্যবস্থা হচ্ছে। ব্যুরোক্রেসিকে ধীরে ধীরে বৃটিশ আমলে সংযত করা হয়েছিল সেই ব্যুরোক্রেসি আবার আস্তে আস্তে উঠিয়ে নিয়ে আসা হচ্ছে। তাদেরকে লীডার বানানো হচ্ছে। দোজ ওয়্যার দি সারভেন্টস।

[2-40—2-50 p.m.]

তাদের আজকে আমাদের সামনে লিডার বানান হচ্ছে, এই ব্যুরোক্রেসিকে চেক দেবার জন্য স্টেট লেজিসলেচার-এর একটা ভয়েস থাকা উচিত। এটা জানি যে, স্টেট লেজিসলেচারে এই অ্যাপয়েন্টমেন্ট-এর অ্যাপ্রুভালের জন্য যদি প্লেস করা হয়, তাহলে সেটা পার্টি ইন পাওয়ার মেজরিটি যার আছে, তারাই ক্যারি করবে। কিন্তু, সেখানে লেজিসলেচারের ভয়েসটা ফোকাস্ট হবে এবং তাতে শিক্ষামন্ত্রী এবং ডিপার্টমেন্ট জানতে পারবেন যে, ভয়েস অফ দি পিউপিল কি—অর্থাৎ এই অ্যাপয়েন্টমেন্ট সম্বন্ধে তাদের কি রি-অ্যাকশন। এদিক দিয়ে স্টেট লেজিসলেচারের অ্যাপ্রুভাল আমি চাইছি। আমাদের ভাল ভাল অ্যামেন্ডমেন্ট দিলেও আপনারা গ্রাহ্য করছেন না। তার কারণ তাঁরা বলছেন, আমরা মেজরিটি পেয়েছি। মেজরিটি পেয়েছেন নিশ্চয়ই, নতুবা আপনি মিনিস্টার হবেন কি করে? মেজরিটি পেয়েছেন নিশ্চয়ই, নতুবা আপনি এরূপ একটা বিল নিয়ে এসে গায়ের জোরে পাশ করাবেন কি করে? কিন্তু, মেজরিটি পেলেই সেই মেজরিটি ইতিহাসে দীর্ঘস্থায়ী হয় না। আপনার বিবেক একদিন জয়ী হবে, মন্ত্রীত্বের স্বচ্ছন্দ একদিন ফুটে বেরুবে। আপনার বিবেককে আপনি ধামাচাপা দিয়ে এরূপ ব্ল্যাক বিল নিয়ে এসেছেন। আপনি দেশবন্ধুর সহচর এটা ভুলে যাচ্ছেন কেন? আপনার বিবেকের জন্য আপনাকে আমরা শ্রদ্ধা করি। আপনার সে বিবেকের একদিন জয় হবে। আপনার এই অনমনীয় আমলাতান্ত্রিক মনোভাব এর মধ্য দিয়ে প্রকাশ করা হয়েছে, আমরা হয়ত আজকে হেরে যাব, তথাপি এ আশা প্রকাশ করে আমি আমার এ অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Dr. Golam Yazdani: Sir, I move that in clause 9(1), lines 1 and 2, for the words "appointed by the State Government" the words "elected by members of the Board from amongst themselves" be substituted.

I also move that in clause 9(2), line 2, for the word "appointment" the word "election" be substituted.

স্যার, আমার অ্যামেন্ডমেন্ট দেবার কারণ হল এই যে, বোর্ড গঠিত হচ্ছে, সেই বোর্ডের যিনি প্রেসিডেন্ট হবেন সেই প্রেসিডেন্টকে আমি বলেছি যে, স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্টমেন্ট না করে যেন তিনি সেই বোর্ডের মেম্বারের দ্বারা ইলেক্ট হন। এটা ঠিক বুঝতে গেলে আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম ৪নং ক্লজে ১৩৩নং অ্যামেন্ডমেন্ট, তাতে আমি বলেছি যে, প্রেসিডেন্ট এক্স-অফিসিও হবেন। তার কারণ, যিনি এই বোর্ডের প্রেসিডেন্ট হবেন, তিনি মস্তবড় একটা দায়িত্ব-পূর্ণ কাজে থাকবেন। যে বোর্ড আজকে গঠন হয়ে গেল তাতে দেখছি যে সরকারী কর্মচারীরাই এর ভেতরে বেশী এবং আমলাতন্ত্র, অ-গণতান্ত্রিক এইসব বলা সত্ত্বেও ৪নং ক্লজ পাশ হয়ে গেছে। আমরা চাই প্রেসিডেন্ট যিনি হবেন, তাঁর এমন লোক হওয়া উচিত যাঁর উপর সরকারের প্রভাব খুব বেশী থাকবে না। আমি ৪নং ক্লজে যে অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম, তাতে বলেছি যে, প্রেসিডেন্ট তিনি হবেন, যিনি ঐ এডুকেশন বোর্ড-এর মেম্বার হবেন। তিনি তাঁর একজন মেম্বার হবেন এবং তারপর সমস্ত মেম্বাররা ঠিক করবেন যে, প্রেসিডেন্ট কে হবেন। আমি যে অ্যামেন্ড-মেন্ট দিয়েছিলাম, তাতে বলেছি যে, যাঁরা শিক্ষাবিদ হবেন, তাঁদের বোর্ডে বেশী করে নিতে হবে। আমি আশা করি যে, শিক্ষার সঙ্গে যাঁদের সম্পর্ক আছে, যাঁরা আজকে মাধ্যমিক শিক্ষাকে উন্নততর করবার জন্য আপ্রাণ চেষ্টা করছেন, তাঁরাই সঠিকভাবে গভর্নমেন্টকে উপদেশ দিতে পারবেন। কিন্তু, যেখানে সরকার থেকে অ্যাপয়েন্টেড হবেন, যিনি শিক্ষা বোর্ডের প্রেসিডেন্ট হবেন, আমাদের আশঙ্কা হচ্ছে যে, তিনি সেইরকম না হয়ে সরকারের একজন তাঁবেদার লোকই হবেন।

সে আশঙ্কার জন্য আমরা মনে করি সত্যকারের উপযুক্ত লোক প্রেসিডেন্ট হওয়া উচিত, এবং শিক্ষাবিদ থেকে যাতে হয়, তার চেষ্টা করবেন, তারপর আমি বলছি মেম্বারদের মধ্যে ঠিক করবেন কে সবচেয়ে বেশী উপযুক্ত কাজ চালাবার জন্য। আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি, আর ১৫০ নম্বর যেটা আছে, সেটা অ্যাপয়েন্ট-এর জায়গায় ইলেকশন করছি, তবে আমার ১৪৯ যদি নেওয়া হয়, তাহলে এটা দেওয়ার দরকার আছে, অ্যাপয়েন্ট-এর জায়গায় ইলেকশান। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আশা করি সরকার যখন আমাদের কথা শুনলেন না, তাঁরা ৪নং ক্লজ পাশ করালেন, তবে তাঁরা এটুকুনে অন্তত তাঁরা গণতান্ত্রিক মনোভাব দেখাবেন, প্রেসিডেন্ট বোর্ডের মেম্বারদের থেকে ১ জন নির্বাচিত হবেন। আশা করি এরূপ গণতান্ত্রিক মনোভাব দেখাবেন।

Shri Balai Lal Das Mahapatra:

আমার বক্তব্য হচ্ছে, এখানে বলা হয়েছে,

President shall be appointed by the State Government,

আমরা মনে করছি ধারাটায় আমলাতন্ত্রের এবং ডিক্টেটরসিপ-এর নগ্ন রূপ প্রকাশ পাচ্ছে, এখানে আমি দেখতে পাচ্ছি। অবশ্য ওরা অসন্তুষ্ট হন, যে মুহূর্তেই গণতন্ত্রের কথা তাঁদের বলা হয় ওরা বলেন, গণতন্ত্রের পূজারী কেবলমাত্র বিরোধী দল নয়। শৈলবাবু সেদিন অত্যন্ত উষ্মা প্রকাশ করলেন, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজকে আবার কুক্ষীগত ব্যুরোক্রেসি বলে অত্যন্ত অসন্তোষ প্রকাশ করলেন। আমরা অত্যন্ত সত্য কথা বলছি যে, এই বোর্ড আমলাতন্ত্রের একটা নগ্ন রূপ আমাদের সামনে উপস্থিত করেছে। ভারতবর্ষ একটা গণতান্ত্রিক দেশ সাধারণতন্ত্র দেশ চীন আক্রমণের ফলে যখন আমাদের গণতন্ত্র চ্যালেঞ্জ হচ্ছে, তখন সেখানে সরকারের অত্যন্ত সতর্ক-ভাবে কাজ করা উচিত ছিল, সেখানে আমরা দেখছি নমিনেশান, অ্যাপয়েন্টমেন্ট, ইত্যাদি আমলা-তান্ত্রিক যত খারাপ রূপ থাকতে পারে সেসব তাঁরা প্রকাশ করছেন, সেজন্য আমি অনুরোধ করছি, ডিক্টেটরসিপ সব জায়গায় চালাবার চেষ্টা না করে, শিক্ষাক্ষেত্রে যাঁরা শিক্ষাবিদ, শিক্ষাব্রতী, যাঁরা জ্ঞানী-গুণী, বাংলাদেশের মঙ্গলের জন্য জনকল্যাণের জন্য যাঁরা চিন্তা করেন, তাঁদের সুযোগ দিন, বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে জ্ঞানী-গুণী আনা হয়েছে, কিন্তু তা সত্ত্বেও তাঁরা নিজেদের মনোমত লোককে বেছে নিচ্ছেন তাঁদের প্রেসিডেন্ট নির্বাচন করবার ক্ষমতা দিচ্ছেন না, যেসব জ্ঞানী-গুণী লোক আসছেন, ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে, বার্ডোয়ান ইউনিভার্সিটি থেকে, নর্থ বেঙ্গল

-ভার্সিটি থেকে। স্কুল মাস্টার আসছে, আজকে তাঁদের উপর এটুকু বিশ্বাস রাখুন দেখবেন তাঁরা বিশ্বাসভাজন লোককে প্রেসিডেন্ট করবেন। এটাই আমাদের প্রস্তাব, এটুকু দয়া করে নিন, তা না হ'লে, পুলিশী ব্যবস্থার মত একজনকে প্রেসিডেন্ট করে বসিয়ে দেবেন না, যিনি আপনাদের হুকুমে চলবেন। আমি মনে করি বাংলাদেশের বিদ্বৎ সমাজের প্রতি অপমান করা হচ্ছে। দ্বিতীয়ত, আমার আর একটা প্রশ্ন হচ্ছে, ১৯৫০ সালে যে বোর্ড গঠন করা হয়েছিল, তার বিরুদ্ধে অনেক অভিযোগ ছিল, প্রশ্নপত্রের ব্যাপারে।

[2-50—3 p.m.]

আমি দ্বিতীয়তঃ বলতে চাই যে, একটা প্রশ্ন হচ্ছে, দুই দিনের বক্তৃতায় যা শুনলাম যে, ১৯৫০ সালে যে বোর্ড গঠন করা হয়েছিল তার বিরুদ্ধে অভিযোগ ছিল প্রশ্নপত্র চুরির, কোন কোন সংবাদপত্রেও তা বেরিয়েছে। কিন্তু, আমি বলি, যে অভিযোগ বোর্ড-এর বিরুদ্ধে ছিল, ঐজাতীয় অভিযোগ গভর্নমেন্টের বিরুদ্ধে হয়েছে কিনা, অডিটর জেনারেল হিসাবনিকাশের টাকা তছরুপের অভিযোগ করেছেন কিনা, এবং তার বিরুদ্ধে কি করা হয়েছে? বড় বড় মন্ত্রীর বিরুদ্ধে নানারকম ঘৃণ্য অভিযোগ, কোন কোন মন্ত্রীর বিরুদ্ধে কত টাকা তছরুপের অভিযোগ এবং কোথায় কত অবৈধ পারমিট ইসু করা, কোথায় কত টাকা জমি বেনামী করা, এরকম হাজার অভিযোগ তো হয়ে থাকে, কই সে সম্পর্কে তো কিছুই করা হচ্ছে না। আজ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভিতরে কে কোথায় দুষ্কৃতি করেছিল, তার বিচার হ'ল না, অথচ সেই অপরাধের জন্য এমন একটা বোর্ড গঠন করতে হবে, যার ভিতরে মানুষের স্বাধীন সত্ত্বা থাকবে না, তার বিকাশের পথ থাকবে না, এটা কি করে সম্ভব? আমি তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আবেদন করছি যে, যাদের তিনি নমিনেট করে আনলেন তাদের উপর অন্তত বিশ্বাস স্থাপন করুন। তাদের ভিতর থেকে যোগ্য ব্যক্তিকে ঠিক করে দেবেন। সেই ব্যক্তি বোর্ডের কাছে দায়ী থাকবেন, সরকারের কাছে নয়। সেই ব্যক্তির রেজিগনেশান ইত্যাদির ব্যাপার স্টেট গভর্নমেন্ট-এর কাছে না গিয়ে বোর্ডের কাছে যাবে, তাঁর অ্যালাউন্সেস, স্যালারি ইত্যাদি সম্পর্কে যখন মাধ্যমিক শিক্ষা বোর্ডের ফান্ড থেকে টাকা দেওয়া হবে সেখানে, তখন মাধ্যমিক শিক্ষা বোর্ড ঠিক করে দেবেন, তাঁর পে কত হবে, অ্যালাউন্স কত হবে। এতে তাঁর কোন অসুবিধা হবে না। এটা অন্তত মাননীয় শিক্ষামন্ত্রী গ্রহণ করবেন আশা করি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, some proposals have been put forward before the Legislature by way of amendments regarding the appointment of the President. The recommendation of the Dey Committee is this: "We would recommend for West Bengal a non-official Chairman, the Director of Public Instruction being a member of the Board. The status of the Chairman should, therefore, be sufficiently high, so that he may preside over a Board of wich the Director of Public Instruction and other Directors are members". The idea is that the President should be a more distinguished member than the Director. That was the suggestion. Can we find men of such distinction always and entirely in the non-official field? If it were so, then the Calcutta University could not have a series of official Vice-Chancellors. If such a provision was there in the Calcutta University Act, then surely neither Sir Gooroodas nor Sir Asutosh would have been Vice-Chancellor of the Calcutta University. Even now High Court Judges are appointed as Vice-Chancellors. Therefore, it cannot be confined simply to non-officials. Even after supersession of the Board of Secondary Education, Mr. Gopendranath Das was the Administrator. There were also distinguished non-official Administrators such as Dr. Mitra and others. People's demand on the Government is for choosing the right person. If an eminent man from the non-official category can be found, there is certainly nothing to prevent the Government from appointing such a person. So far as the last Administrator is concerned. Dr. Mitra was not an official. Again it was the Government which had to appoint Mr. Gopen Das, an ex-Judge of the High Court, as the Administrator before. Surely, he was not a non-official. Therefore, I say it cannot be

an acceptable proposition—simply to confine it to non-officials. There are many considerations which may not always favour selection from among non-officials. To close the door to selection of the President from the official group, it will not be advisable. A proposal has been made with regard to the formation of a panel to be suggested by the Board. The Board may suggest one from amongst the members. How can you stop that? It is for these difficulties another suggestion has been made. What is the suggestion? Government may nominate the President but Legislature should approve of it. I am very sorry to say that it will be extremely difficult for us to place the name of such a person before the Legislature. Sir, we do not desire that an eminent person should be nominated for the Legislature to approve, because others will have an opportunity to cast mud at him. He may be subjected to undesirable criticism. So we do not think it to be an acceptable proposition. Sir, we cannot thus accept any of the proposals that have been made by way of amendments. We stick to our proposition that the Government should choose the President. The State Government should appoint the President and you have got to depend on the judgment of the State Government for the time being. My friends think I have not given much thought to it. Sir, we are not entirely thoughtless. When any of my friends opposite becomes Minister, he may apply his mind differently. So long as we are here we may be expected to apply our minds to such questions properly.

Sir, I have nothing more to say. I cannot accept the amendments.

Shri Sambhu Charan Ghosh:
সে কমিটির রেকমেন্ডেসনটা নিচ্ছেন না কেন?

The Hon'ble Harendra Nath Chaudhuri: I am not here to repeat my argument. I cannot add anything to what I have already said. If you have not been able to understand what I have said, then it is not my fault.

Mr. Deputy Speaker: I put all amendments except amendments Nos. 21 and 105 of Clause 9 to vote.

(All the amendments were then put and lost.)

The motion of Shri Sanat Kumar Raha that in clause 9(1), in line 2, after the word "Government" the words "from among non-official educationists" be added, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhicary that the following words be added to clause 9(1):—

"and the appointment shall be approved by the Legislature."

was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 9(1), lines 1 and 2, for the words "appointed by the State Government" the words "elected by members of the Board from amongst themselves" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 9(2), line 2, for the word "appointment" the word "election" be substituted, was then put and lost.

[3—3-25 p.m.]

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 9, for sub-clause (1), the following be substituted:

> "(1) During five years from the establishment of the Board, the State Government shall appoint any non-official persons as the President, and thereafter the President shall be appointed by the State Government from a panel of four persons, elected by the Board in the manner prescribed by regulation",

was then put and a division taken with the following result:—

AYES 44

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Dr. Aboni
Chakravarty, Shri Haridas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Shamsuddin Ahmed, Shri
Soren, Shri Suchand

NOES 96

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr Susil
Dhara, Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahaman, The Hon'ble S. M.

Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahatab, Shrimati Radharani
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Sekhar
Naskar, Shri Khagendra Nath
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

The Ayes being 44 and the Noes 96, the motion was lost.

The motion of Shri Sambhu Gopal Das that in clause 9(1), for the words "The President shall be appointed by the State Government" the words

"The President shall be appointed by the State Government from a panel of five persons elected by the Board in the manner prescribed by regulation" be substituted, was then put and a division taken with the following result:—

AYES 43

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Dr. Aboni
Chakravarty, Shri Haridas
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti

Hansda, Shri Jaleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Shamsuddin Ahmed, Shri
Soren, Shri Suchand

NOES 99

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Durgapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahatab, Shrimati Radharani
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Manya, Shri Murari Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath

Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

The Ayes being 43 and the Noes 99, the motion was lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

[After adjournment]

Clause 10

[3-25—3-35 p.m.]

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in clause 10, sub-clause (1), in line 2, after the words "temporarily absent" the following words be inserted, namely:—

"the Board shall forthwith report such fact to the State Government and the Vice-President or if the Vice-President is likewise unable or there is a vacancy in the office of the Vice-President."

Sir, I also move that in clause 10, for sub-clause (2), the following be substituted, namely:-

"(2) If any vacancy occurs in the office of the President by reason of his resignation, disqualification, death or the expiration of his term of office, the Vice-President or if there is a vacancy in the office of the Vice-President a person appointed by the State Government in this behalf, should act as President, until a new President is appointed."

মিঃ স্পীকার স্যার, ক্লজ (১০)-তে আমার দ্'টা অ্যামেন্ডমেন্ট আছে। আমি সে দ্'টি এই হাউসের সামনে রাখছি। ক্লজ (১০)-এর উপর এই অ্যামেন্ডমেন্ট দ্'টি আলোচনা করতে গেলে, আর একটা ন্'তন ক্লজের সাহায্য নিতে হয়; সেটা আমার পরবর্তী ক্লজ, নিউ ক্লজ (১০)(এ)। অর্থাৎ আমি ১০(এ) ক্লজের উপর বলতে চেয়েছি যে, বোর্ডে শ্'ধ্'মাত্র প্রেসিডেন্টের কথা আছে, এবং যে প্রেসিডেন্ট মিটিং কন্ডাক্ট করবেন ও বোর্ডকে সমস্ত দিক দিয়ে পরিচালনা করবেন। আমরা যখন দেখেছি সর্বক্ষেত্রে যে-কোন মিটিং-এতে প্রেসিডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট দ্'জনেই থাকেন, তাতে অ্যাডমিনিস্ট্রেশন-এর দিক থেকে অনেক স্'বিধা হয়। প্রেসিডেন্টের অন্'পস্থিতিতে ভাইস-প্রেসিডেন্ট তাঁর সমস্ত কাজ পরিচালনা করতে পারেন। প্রেসিডেন্টের অন্'পস্থিতে ভাইস-প্রেসিডেন্ট মিটিং কন্ডাক্ট করতে পারেন, এবং তাতে বোর্ডের বেশী কাজ হলেও, কোথাও বিভ্রান্তি দেখা দেয় না। সেইজন্য এই দ্'ষ্টিকোণ থেকে আমি আমার অ্যামেন্ডমেন্ট এনেছি। আমরা দেখেছি, ১৯৫০ সালে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট, ১৯৫০ যেটা হয়েছিল, তাতে ভাইস-প্রেসিডেন্টের প্রভিশন ছিল। সেইজন্য আমি আমার অ্যামেন্ডমেন্ট দ্'টি হাউসের সামনে রাখছি। ন্'তন কিছ্' নয়, বোর্ডকে যাতে স্'চার্'র্'পে পরিচালনা করা যায়

এবং প্রেসিডেন্টের অনুপস্থিতিতে বোর্ডের মধ্যে ভ্যাকুয়াম সৃষ্টি না হয়, সেইজন্য এখানে ভাইস-প্রেসিডেন্টের প্রভিশন থাকা দরকার। সুতরাং আমি ক্লজ (১০)-এ আমার দুটো অ্যামেন্ডমেন্ট আলোচনার জন্য রাখছি এবং মাননীয় শি[illegible] যাতে এ দুটি গ্রহণ করেন, তার জন্য তাকে অনুরোধ জানাচ্ছি।
অর্থাৎ শিক্ষকরা সমস্ত কিছু আশা নিয়ে আপীল কমিটির কাছে আবেদন করলেন। আপীল কমিটিতে কোন ফয়সালা হলো না। তখন শিক্ষকরা তাঁদের ক্ষেত্রে ন্যায়বিচার পাবার আশায় আদালতে শরণাপন্ন হতে পারবেন না। আমি জানি না আইনের দৃষ্টিকোণ থেকে এটা ঠিক হচ্ছে কি না! আমার মনে হয় এই সাব-ক্লজটা আপনারা অনায়াসে বাদ দিতে পারেন। ১৯৫০ সালের যে অ্যাক্ট ছিল তাতে কি আছে? এইভাবে শিক্ষকদের গণতান্ত্রিক অধিকার সেখানে খর্ব করা হয় নাই। এই সাব-ক্লজ (৪) তো সেখানে ছিল না। সেখানে শিক্ষকদের গণতান্ত্রিক অধিকার

হরণ করবার কোনরকম অপচেষ্টা ছিল না। সে প্রয়োজনবোধও সেই সময় তিনি করেন নি। আজকে কেন সেই প্রয়োজনবোধ করলেন সেটা শিক্ষা মন্ত্রিমহাশয় বুঝিয়ে বললে আমি বাধিত হব। সেই সময় তাঁর যে দৃষ্টিভঙ্গী ছিল, আজ রাতারাতি সেই দৃষ্টিভঙ্গী পালটে যাবার পেছনে কোন যুক্তি থাকতে পারে বলে আমি বিশ্বাস করি না।

কাজেই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো আপনার উদার দৃষ্টিভঙ্গী দিয়ে ১৯৫০ সালের আইনের মধ্যে আপনি শিক্ষকদের যে গণতান্ত্রিক অধিকার স্বীকার করে নিয়েছিলেন, আজও সেই গণতান্ত্রিক অধিকার আপনি স্বীকার করে নিন, তার জন্য আপনাকে অন্তত খানিকটা সচেষ্ট হতে হবে।

[12-50—1 p.m.]

Shri Shambhu Gopal Das: Sir, I beg to move that after clause 22(3), the following be inserted, namely:—

"(3a) The Appeal Committee shall decide appeals within a month.".

Sir, I also beg to move that clause 22(4) be omitted.

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার, স্যার, এই ক্লজ ২২(৩) সম্পর্কে আমার সামান্য দু-একটি কথা আছে। সেটা হল এই—যদিও এখানে আপীল কমিটি গঠন করা হয়েছে, তার কমপজিশন—এতে আমরা নিছক একটা নির্ভেজাল আমলাতান্ত্রিক প্রবেশ ছাড়া আর কিছু বলতে পারি না। যদিও সেখানে আমাদের তীব্রতম আপত্তি আছে, সেই অ্যাপীল কমিটির কমপজিশন সম্পর্কে, তা সত্ত্বেও আমার বক্তব্য—এক্ষেত্রে যে আপীল কমিটি গঠন করা হল এবং এই আপীল কমিটি, ম্যানেজিং কমিটি এবং টিচার্সদের মাঝখানে যখন গণ্ডগোল উপস্থিত হবে, সেই সম্পর্কে সিদ্ধান্ত নেবেন। কিন্তু আমি ভেবে আশ্চর্য হচ্ছি যে এই কথা কোথাও স্পষ্টভাবে কেন বলা নেই যে আপীল কমিটি একটা নির্দিষ্ট সময় বা এতদিনের মধ্যে তার রায় ঘোষণা করবেন। একথা আজকে সকলেই জানেন, বিশেষ করে বাংলাদেশের গ্রামাঞ্চলে স্কুলের সঙ্গে যাঁদের পরিচয় আছে, তারা সকলে জানেন যে সেখানকার সেই সমস্ত স্কুলগুলির ম্যানেজমেন্ট কেমনভাবে চলে। সেখানে জনসাধারণের দুর্ভাগ্যের জন্য ম্যানেজিং কমিটি এইভাবে শেষ পর্যন্ত গঠিত হয়, যে সেখানে উচ্চশিক্ষিত এবং রুচি মর্যাদাসম্পন্ন শিক্ষকদের, সেই সমস্ত ম্যানেজিং কমিটির সদস্য, যারা নোংরা পলিটিক্সে অভ্যস্ত, তাদের পায়ের তলাতে মাথা বিক্রয় করে কাজ করতে হয়। বিশেষ করে এই অভিজ্ঞতা তাঁদের আছে, যারা সেখানে শিক্ষকতা করছেন। এইভাবে বাংলাদেশের হাজার হাজার শিক্ষক, যাঁরা দূর গ্রামাঞ্চলের খবর রাখেন তাঁরা জানেন, ম্যানেজিং কমিটির হাতে পুতুলে পরিণত হয়ে থাকে; এ ব্যাপারে কোন সন্দেহ নেই। তা সত্ত্বেও নিশ্চয় সকলে স্বীকার করবেন যে এইসব ক্ষেত্রে প্রায়ই ম্যানেজিং কমিটির দাপট সহ্য করতে না পারার জন্য শিক্ষককে অন্য পথের কথা চিন্তা করতে হয় এবং শেষে গণ্ডগোল আসে। শিক্ষকদের মান, মর্যাদা শুধু নয়, তাদের চাকরীর যে নিরাপত্তা, তাদের ভবিষ্যত নিশ্চিত, সেইসব সম্পর্কে বিবেচনা করার জন্য এই আমলাতান্ত্রিক উপায় উদ্ভাবন হল। সরকার যখন আপীল কমিটি গঠন করলেন তখন এই সময়ের কথাটা কেন স্পষ্ট করে বলা হল না, শিক্ষামন্ত্রী মহাশয় তার জবাব দেবেন কি? এই আপীল কমিটি একটা নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের রায় দিয়ে দেবেন, এই কথা কি প্রবীণ শিক্ষামন্ত্রী মহাশয়কে বুঝিয়ে দিতে হবে?

Justice delayed is justice denied

এটা পুরান কথা। নিশ্চয় আপনাকে তা স্মরণ করিয়ে দেওয়ার প্রয়োজন নেই। কিন্তু প্রবীণ ব্যক্তি আপনি, আপনার নিশ্চয় এই ম্যানেজিং কমিটি সম্পর্কে অভিজ্ঞতা আছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এখানে একটা নির্দিষ্ট টাইম দিয়ে দেওয়ার কথা আমি বলেছি। আপীল কমিটি যেন এক মাসের মধ্যে তাদের রায় ঘোষণা করেন। তারা যেন দীর্ঘদিন ধরে যেভাবে কোর্টে মামলা নিয়ে ঝুলে থাকে, সেইভাবে মামলা ঝুলিয়ে রেখে শিক্ষকদের স্বার্থ সর্বনাশ না করা হয় এ সম্পর্কে আমার যে আবেদন, তা বিবেচনাও গ্রহণ করবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখলাম।

আমার অন্য আর একটি পয়েন্টের উপর বিস্তৃত আলোচনা আছে। বিলের ২২(৪) যে ক্লজ, সেখানে আমি আমার অ্যামেন্ডমেন্টে বলেছি এই ক্লজটি তুলে দেওয়া হোক। এই সাব-ক্লজটাকে তুলে দেবার জন্য আর একটা কথা বলেছি।

স্যার, এই শিক্ষাদপ্তরের বিরুদ্ধে আমি কোন কড়া কথা উচ্চারণ করতে চাই না। কিন্তু ক্লজ ২২-এর সাব-ক্লজ ৪এ, এই জিনিস এখানে রাখা সম্পর্কে যাঁরা গভীরভাবে চিন্তা করেছেন তাঁরা জানেন যে, সমগ্র বিলে একটা আমলাতান্ত্রিক কাঠামো পরিস্ফুট হয়ে উঠেছে, সমগ্র বিলটার মাঝে সরকার ক্ষমতা নিজের হাতে আনবার জন্য একটা ষড়যন্ত্রের হিসাব দিয়েছেন, এই সাব-ক্লজএর মধ্যেও সেই মনোবৃত্তি সব থেকে বেশি করে দেখা যাচ্ছে। আমরা জানি ভারতবর্ষে পার্লামেন্টারী ডেমক্রেসী আছে, এখানে আইনের শাসন বলে একটা জিনিস আছে, এবং একথাও আশা করি এই হাউসে কাউকে বুঝিয়ে বলতে হবে না যে, আমাদের যে সমস্ত গণতান্ত্রিক অধিকার আছে আদালত থেকে সেই সমস্ত অধিকার রক্ষা করাও সুযোগ আমরা পেয়ে থাকি। ভারতবর্ষে ও বাংলাদেশে এই জিনিস বহুবার ঘটে গিয়েছে। জানি না আজকে কোন্ অবস্থায় এবং কোন্ চিন্তাধারার উপর দাঁড়িয়ে এই ধরনের কথা বিলের উপর রাখা যেতে পারে যে,

"The decision of the Appeal Committee under sub-section (3) shall be final and no suit or proceeding shall lie in any Civil or Criminal Court in respect of any matter which has been or may be referred to, or has been decided by, the Appeal Committee"

শিক্ষামন্ত্রী মহাশয় কি দয়া করে আমাকে বলবেন এই সাব-ক্লজ এখানে ঢুকিয়ে দিয়ে সেকেণ্ডারি এডুকেশন-এর কোন উন্নতি তিনি করতে পারবেন? শিক্ষামন্ত্রী মহাশয় কি দয়া করে বলবেন অ্যাপিল কমিটির ডিসিশন-এর বিরুদ্ধে সিভিল কোর্ট অর ক্রিমিনাল কোর্টে যাওয়ার পথ রুদ্ধ করে দিয়ে, শিক্ষকদের ফাণ্ডামেন্টাল কনস্টিটিউশনাল রাইট নিয়ে তিনি বাংলাদেশের সেকেণ্ডারি এডুকেশনকে স্বর্গের কোন্ ধাপে তুলে দেবেন? এই অ্যাপিল কমিটি যেভাবে করেছেন তাতেও তাকে আমলাতান্ত্রিক ক্ষমতা দেওয়া হয়েছে তার সংগে সংগে এটাও আমরা দেখছি যে, ম্যানেজিং কমিটির সংগে কোন গণ্ডগোল উপস্থিত হলে শিক্ষকেরা অ্যাপিল কমিটির দ্বারস্থ হবেন এখনেও পরিষ্কারভাবে বলা হয়েছে স্টেট গভর্নমেন্ট ঠিক করে দেবেন ম্যানেজিং কমিটির কম্পোজিশন কেমন করে হবে, এই ম্যানেজিং কমিটির সংগে শিক্ষকদের বিরোধ উপস্থিত হলে সেই বিরোধের মীমাংসা হিসাবে উক্ত কমিটির বিচার যদি তাঁদের ভাল না লাগে তাহলেও তার বিরুদ্ধে কোন অ্যাপিল চলবে না -এটা কোন্ গণতান্ত্রিক পন্থা বুঝতে পারছি না। মিঃ স্পীকার, স্যার, আমি মনে করি,

it is constitutionally wrong, legally invalid and morally insupportable.

এই বিলের এই ক্লজ-কে এই হাউসের প্রতিটি সদস্য ছুঁড়ে ফেলে দেবেন এই দেশে সেকেণ্ডারি এডুকেশন থাক বা নাই থাক। বড় বড় কথা বলেন, অথচ শিক্ষকদের ফাণ্ডামেন্টাল রাইট কেড়ে নেবার চেষ্টা করছেন, শেষ পর্যন্ত আইন ও আদালতের আশ্রয় নেওয়ার সুযোগও কেড়ে নেওয়া হচ্ছে। গণতন্ত্রের নামাবলীর ভিতর থেকে ব্যুরোক্র্যাসির পরিষ্কার চেহারা বেরিয়ে আসছে মাননীয় শিক্ষামন্ত্রীর এই বিলের মাধ্যমে। কাজেকাজেই এই বিলকে আমরা যে কারণে আমলাতান্ত্রিক বলে অভিহিত করেছি তা সঠিক বলে প্রমাণিত হয়েছে। আমি আশাকরি এই হাউসের প্রত্যেকটি মাননীয় সদস্য স্থিরমস্তিষ্কে এই জিনিসটা বিবেচনা করে দেখবেন এবং বাংলাদেশের হাজার হাজার শিক্ষকের প্রাথমিক গণতান্ত্রিক অধিকার কেড়ে নেবার ক্ষমতা আমরা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে দেব কিনা সেটাও বিবেচনা করে দেখবেন। ভবিষ্যতে যাঁরা স্কুলে শিক্ষকতা করবেন বাংলাদেশের সেই হতভাগের দল অ্যাপিল কমিটির সিদ্ধান্ত ভাল না লাগার ফলে কোর্টে যেতে পারবেন না কোন্ দেশের গণতন্ত্রে একথা বলা হয়েছে সেই কথা ভেবেচিন্তে আজকে এই হাউসের সভ্যরা তাঁদের মতামত প্রকাশ করবেন। আমি আশা করি এই সাব-ক্লজকে কেউ স্বীকার করবেন না।

Mr. Speaker: Shri Kashi Kanta Maitra—amendment No. 127.

Shri Sailendra Nath Adhikary: Sir, I shall move his amendment.

Mr. Speaker: All right, you move No 127 and the other new ones.

[1—1-10 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that to clause 22(3), the following proviso be added, namely:—

"Provided that no order adversely affecting a teacher shall be passed without affording the aggrieved teacher a right of personal hearing before the Appeal Committee.".

In the other amendments I suggested that in clause 22(1)(e), after the words "State Government", the words "from amongst the eminent educationists" be added, and, after sub-clause (1)(e) two other clauses, viz.—

(f) a senior District Judge,

(g) a lawyer with at least 8 years' practice in the High Court, be added; and.

that sub-clause (4) be omitted. The sub-clause be re-written in the following manner, viz.—

"The decision of the Appeal Committee under sub-section (3) shall not be final and any suit or proceeding shall lie in any civil or criminal courts in respect of any matter which has been or may be reerred to or decided by the Appeal Committee.".

I also move that the following words be added to clause 22(3).—

"and the decision of the Appeal Committee shall be ratined by the Board within 3 months from the date of hearing.".

মাননীয় স্পীকার মহাশয়, আমরা প্রথম থেকেই একথাই বলবার চেষ্টা করেছি যে, এই বিলটা আনডেমক্র্যাটিক, এই বিলে ব্যুরোক্র্যাসিকে আপারহ্যান্ড দেওয়া হয়েছে। এর বিরুদ্ধে আমাদের অনেক ভালো ভালো আরগ্যুমেন্ট, যা আমরা এডুকেশন মিনিস্টারের কাছে প্লেস করেছি তা তিনি যখন শুনলেন যেকোন কারণেই হোক, তখন আমরা

we being the accredited representatives of the people, cannot remain silent.

তখন আমাদের সাইলেন্ট থাকবার কোন স্কোপ নাই এবং সেই স্কোপ নেই বলেই আমরা এই অ্যামেন্ডমেন্টগুলি দিতে আরম্ভ করেছি। কিসের জন্য

to make it slighly liberal, to see that this Act be at least the less of worst.

সেইজন্যেই আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি এবং আমরা মনে করি ইট ইজ টাইম দি অনারেবল এডুকেশন মিনিস্টার এগুলি সম্পর্কে ভাল করে চিন্তা করবেন এবং আমাদের সংশোধনীগুলি গ্রহণ করবেন। কথাটা হচ্ছে, একটা অ্যাপিল কমিটি হচ্ছে আমরা দেখলাম—এই অ্যাপিল কমিটি কিসের জন্য? হ্যাঁ, টিচার এবং ম্যানেজিং কমিটির মধ্যে যদি কোন বিরোধের ঘটনা ঘটে তাতে একটা সুসংগত ডিসিশন নেবার জন্য এই অ্যাপিল কমিটি গঠিত হয়েছে। সে গঠিত হয়েছে কিসের কোন্ বিষয়ের জন্য? শিক্ষাব্যবস্থার সংগে জড়িত বিষয়ের জন্য একটা অ্যাপিল কমিটি গঠিত হয়েছে। সেই অ্যাপিল কমিটিতে আপন প্রেসিডেন্ট—

"a person to be elected by the Board in the manner provided by regulations, from amongst the members of the Board referred to in clauses (1), (120), (13), (14), (16) and (18) of section তারপর থাকবেন (e) a person in the service of the State Government to be nominated by the State Government তারপর থাকবেন the head of a high school or of a multipurpose school এবং a member of a Managing Committee of a recognised institution nominated by the President."

এখানে শম্ভুবাবু মুদালিয়র কমিশন ইত্যাদির কথা বলে গেছেন বলে আমি তার পুনরুক্তি করব না। আমি যেটা প্র্যাকটিক্যালি দেখছি সেটাই আপনার মাধ্যমে প্লেস করতে চাচ্ছি। এর

আগে আমি বলেছি এবং আপনারা সকলেই জানেন যে প্রতিটা স্কুলে না হলেও অধিকাংশ স্কুলের হেডমাস্টার একটা প্রিভিলেজ্‌ড্‌ ক্লাস হয়ে দাঁড়িয়েছেন। স্বাধীনোত্তর যে যুগ সেই যুগে শিক্ষাব্যবস্থা উন্নয়নের পথে একটা স্টেজ এসেছে যেখানে হেডমাস্টার—প্রত্যেকটা স্কুলের—একটা প্রিভিলেজড্‌ ক্লাস হয়ে দাঁড়িয়েছেন এবং অন্যান্য টিচার-দের সংগে তাঁর রীতিমত কন্ট্রাডিকশন চলছে। এই বাস্তবকে অস্বীকার করে কোন লাভ নেই। কাজেই হেডমাস্টারের ইন্টারেস্ট-এর সংগে ম্যানেজিং কমিটির সেক্রেটারির ইন্টারেস্ট প্রায় সমান। একটা এ্যাপিয়েল কমিটি যেখানে টিচারদের ভাগ্য নিয়ন্ত্রণ হবে সেখানে হেডমাস্টারদের প্রতিনিধি থাকবেন। আমরা চাই হেড-মাস্টারদের প্রতিনিধি থাকবেন কিন্তু এ্যাসিস্ট্যান্ট টিচারদের কোন প্রতিনিধি নেই। এ্যাসিস্ট্যান্ট টিচারদের প্রতিনিধি না থাকলে এ্যাসিস্ট্যান্ট টিচারদের ইন্টারেস্ট বজায়, এ্যাসিস্ট্যান্ট টিচারদের রাইটস্‌ এ্যান্ড প্রিভিলেজেস-এর বিষয়ে যারা অভিজ্ঞ সেইরকম একটা লোক নেই। কিন্তু আছে কি না এ্যাসিস্ট্যান্ট টিচারদের সংগে যাঁর সম্পর্ক ভাল নেই সেইরকম হেড অব দি ইনস্টিটিউশন অথবা মেম্বার্স অব দি ম্যানেজিং কমিটি এই জিনিসটা

intrinsically I beg to say it is against the natural justice.

মানবজগতের স্বাভাবিক যে আইন তার বিরুদ্ধে এটা হয়েছে। সেজন্য আমার এখানে বক্তব্য যে এই এ্যাপিল কমিটিতে একজন সিনিয়র জাজকে নেওয়া উচিত এবং টিচারদের একজন রিপ্রেজেন্টেটিভ থাকবেন। সিনিয়র জাজ একজন থাকবেন এবং সেই সিনিয়র জাজ-এর উপরে আমাদের ভরসা রাখা উচিত। তৃতীয়তঃ হচ্ছে যে, সেখানে হাইকোর্টে প্র্যাকটিস করেন এইরকম ৮ বছরের একজন অভিজ্ঞ লইয়ার থাকবেন যিনি আইনের ইমপ্লিকেশন-গুলো ভালভাবে বুঝবেন যে সেটা আইনসংগতভাবে হচ্ছে কিনা। এঁরা যে কাজ করবেন সেটা আইনের মারফতই করবেন। আইনের ইন্টারপ্রিটেশন, রি-ইন্টারপ্রিটেশন সেখানে হবে। কাজেই আইনজ্ঞ লোক সেখানে থাকা দরকার বলে আমার মনে হয়। এখানে আর একটা জিনিস আছে স্টেট গভর্নমেন্ট যাদের নমিনেট করবেন, সেই অফিসারের এটা আমার এমেন্ডমেন্ট নয় সেখানে

with an eye to see that at least an educationist—

গভর্নমেন্টে বিভিন্ন ডিপার্টমেন্টে বহু ভাল ভাল এডুকেশনিস্ট আসে তাঁদের মধ্যে থেকে যেন নমিনেটেড হয়ে আসেন। এটাই হচ্ছে আমার একটা পর্যায়ের সমালোচনা।

দ্বিতীয় কথা হচ্ছে কাশীবাবুর যে এমেন্ডমেন্ড সেই এমেন্ডমেন্ড আমি সমর্থন করছি। এই ক্লজে টিচারদের কোনরকম পার্সোনাল এ্যাপিয়ারেন্স হয়ে নিজেদের বক্তব্য উত্থাপন করবার কোন সুযোগ নেই। হাওড়ায় একটা কেস রিপোর্টেড হয়েছিল, যে কেস সম্বন্ধে অনেকে জানেন। কিন্তু সেই টিচারদের পার্সোনাল এ্যাপিয়ারেন্স-এর কোন নজির পাওয়া যায় না। টিচারদের পার্সোনাল হিয়ারিং দেওয়া হয়নি দেওয়া হলে হয়ত অন্য ব্যবস্থা হোত এবং সাক্ষাতভাবে দাঁড়িয়ে নিজের বক্তব্য বলার এখানে গুরুত্ব নেই। ইন্টারন্যাশনাল ক্ষেত্রে ১৯৬০ সালের পর থেকে দেখতে পাচ্ছি যে বড় বড় কমপ্লিকেটেড সিচুয়েশন এ্যারাইজ করলে ডিপ্লোম্যাটিক চ্যানেল এ বসে আলোচনা করেছে।

[1-10—1-20 p.m.]

পরস্পরের সংগে বসে আলোচনা করলে বুঝতে সুবিধা হয় যে তারা কোন্‌ দিকে যাচ্ছে। আমি মনে করি টিচার্সদের প্রতি যদি সত্যি সত্যিই আমাদের শ্রদ্ধা থাকে, যে বিশ্বকর্মা তাদের পরিশ্রম ও রক্ত দিয়ে আমাদের সমাজ গড়ছে, তাদের প্রতি যদি আমাদের বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে, আমাদের যারা পূর্বসূরী যাদের প্রভাব ও আদর্শ দিয়ে তাঁদের তৈরী করছেন, তাঁদের প্রতি যদি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকতো, তাহলে আমরা বলবো টিচারদের প্রতি আরো বিচারের সুযোগ যাতে দেওয়া যায় তার জন্য আরো ব্যাপক ব্যবস্থা করা দরকার। এই হিসাবে কাশীকান্তবাবু যে এ্যামেন্ডমেন্ট এনেছেন এটা তার একটা দিক। দ্বিতীয় আর একটা দিক হচ্ছে, টিচারদের উপর একটা জাজ-মেন্ট হল। সেটা মিস-জাজমেন্ট হবারও স্কোপ থাকে। এটা স্বাভাবিক কথা। সব লইয়ার এটা জানেন। কাজেই তার আগেনস্টে আপীল নেই এই জিনিসটা একটা ক্যাপিটাল ওয়ে অব থিংকিং বলে মনে করি। তার কারণ হচ্ছে আমরা দেখতে পাচ্ছি যে, টিচারদের যদি আমরা সেই প্রটেকশনের মধ্যে না আনতে পারি, যাতে তাঁরা কোর্ট অব ল'তে গিয়ে না দাঁড়াতে পারে, তাহলে অনেক ক্ষেত্রে তাঁদের প্রতি অবিচার হবে। এবং সেই অবিচার হলে মাননীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা

বিভাগের যেসব অফিসার আছেন তাঁরা জেনেশুনেও প্রোটেকশন দিতে পারবেন না। সে ক্ষমতা এই বিলের মধ্যে রাখা হয়নি। সেইজন্য আমি বলছি এই ৪নং ক্লজকে একটু সংশোধন করে নিন। সেইজন্য যেখানে

the decision of the Appeal Committee under sub-section (3) shall be final.

আছে সেখানে একটা 'নট' যোগ করে দিন; এবং যেখানে 'নো সুট' আছে সেখানে 'নো' উঠিয়ে দিয়ে 'এনি' করে দিন। অথবা আর একটা জিনিস করতে পারেন এটা একেবারে 'অমিট' করে দিতে পারেন, যে কথা শম্ভুবাবু কলেজ কোড সম্বন্ধে বলেছেন তাতে টিচারদের সুযোগ থাকবে, তার যদি এ্যাপিল কমিটিতে অবিচার হয়ে থাকে তাহলে কোর্টে বা হাইকোর্টে গিয়ে প্রোটেকশন পাবে। আজকে এই বিলে এতগুলি কথা বলার প্রয়োজন হচ্ছে এইজন্য যে আমরা কয়েকদিন ধরে দেখতে পাচ্ছি এই বিলকে তাড়াহুড়া করে নিয়ে যাবার একটা চেষ্টা হচ্ছে। এই বিল বহুদিন ধরে পড়ে ছিল, বহুদিন পড়ে থাকার পর যেভাবে এটাকে নিয়ে যাচ্ছেন তাতে আমরা আর এখানে বসে কতটুকু দেখছি, বাইরে যদি আপনি যান তাহলে দেখবেন যে, বাইরে শিক্ষক সমাজের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। এই বিক্ষোভকে এই পিরিয়ডের মধ্যে যদি চেক দিতে চাই তাহলে অন্ততঃপক্ষে

Even at this late hour we must try to improve this Bill.

এই ইমপ্রুভ করতে গেলে আমরা যেগুলি বললাম সেইগুলি অন্ততঃপক্ষে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় চিন্তা করে দেখবেন। কারণ এর দ্বারা এটাই হবে যে

That the Act may be made a little better.

এবং তাতে আপনার সুনামের ক্ষতি হবে না, বরং যে সুনাম ছিল তা আবার ফিরে পাবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Somnath Lahiri:

স্পীকার মহোদয়, আমার এ্যামেন্ডমেন্ট অলরেডি মুভড্ হয়েছে। এখানে একটা কথা হচ্ছে আপীল কমিটি শুধুমাত্র শিক্ষকেরা ম্যানেজিং কমিটির বিরুদ্ধে আপীল করলে তা শুনবে। আমার বক্তব্য এখানে ম্যানেজিং কমিটিকে কেন অন্যান্য বিষয় থেকে পরিত্রাণ দেওয়া হল? যদি কোন ম্যানেজিং কমিটির ডিসিশন এ্যাডভার্সলি এ্যাফেক্ট করে—শিক্ষককে নয় অনেক সময় গার্জিয়ানকেও এ্যাফেক্ট করে, ছাত্রদের এ্যাফেক্ট করে—তখন সেই ব্যাপারে ম্যানেজিং কমিটিকে নিরঙ্কুশ করে রাখা হল কেন তা বুঝবার কোন উপায় নেই। এরকম দেখা গিয়েছে যে একটা স্কুলের ম্যানেজিং কমিটি হঠাৎ হুকুম দিলেন যে প্রত্যেক ছেলেমেয়েকে সামনের মাস থেকে ইউনিফর্ম পরে আসতে হবে—তার মানে গার্জিয়ানদের খরচ হল

This is a decision adversely affecting the guardian.

তার বিরুদ্ধে গার্জিয়ানরা তাদের বক্তব্য কোথায় রাখবেন? হঠাৎ ম্যানেজিং কমিটি গার্জিয়ানদের সম্বন্ধে কিংবা ছাত্রদের সম্বন্ধে ধরুন একটা হুকুম দিলেন ডেভেলপমেন্ট ফি দিতে হবে। ওই ডেভেলপমেন্ট ফি যদি দিতে হয় তার বিরুদ্ধে গার্জিয়ানদের যদি বক্তব্য থাকে সে বিষয়ে ম্যানেজিং কমিটি এই আইন অনুসারে চরম সিদ্ধান্ত করবেন এবং তার বিরুদ্ধে কোন আপীল হবে না—অর্থাৎ যেটুকু করেছেন সেটুকু ম্যানেজিং কমিটির কর্তৃত্বের দিকে চলে। এই আইনে এই বিধি রচিত হচ্ছে এবং সে জিনিসটা আরও উৎকট হয়ে উঠেছে সাব-ক্লজ (৯)এ। সেখানে শিক্ষকদের এ্যাপীল এর শুনানী হতে পারে বটে, কিন্তু সেই আপীল বাইরে আর কোথাও বলার অধিকার থেকে তাদের বঞ্চিত করা হয়েছে এরকম নেগেটিভ নিয়ম খুব কম আইনে আছে। একজন মানুষ যে ওখানে সুবিচার পেল বলে যদি মনে না করে তাহলে আদালতের শরণাপন্ন হবে, সেই যে মৌলিক অধিকার সেটা এখানে কেড়ে নেওয়া হয়েছে। ধরুন ডি. এ. গভর্নমেন্ট দিচ্ছেন, ম্যানেজিং কমিটি সেই ডি. এ-এর বিষয়ে এমন ডেসিশন করলেন যাতে শিক্ষকদের বিরুদ্ধে একটা ফ্রড হল; কিন্তু সেই ফ্রড সম্বন্ধে এ্যাপীল হবে, এ্যাপীল কমিটির সিদ্ধান্তের বাইরে সেটা ক্রিমিন্যাল জুরিসডিকশন-এ নেওয়ার জন্য শিক্ষকদের কোন অধিকার সেখানে রাখছেন না কেন? আরও এরকম বহু অফেন্স আছে যা ক্রিমিনাল পর্যায়ে পড়তে পারে সে সম্বন্ধে আপনার এ্যাপীল কমিটির ডেসিশন ফাইন্যাল; সেখানেতে আদালতে যাবার অধিকার শিক্ষকদের থাকবে না। এছাড়া আরও অন্যান্য জিনিস যা সেই কমিটির হাতে রেখেছেন সেই কমিটি

কিভাবে গঠিত হবে, না যেভাবে ওই বোর্ড গঠিত সেইভাবে অর্থাৎ সরকারের মনোনীত মেম্বার দ্বারা ভারাক্রান্ত হবে অর্থাৎ শিক্ষাদপ্তর মোর অর লেস, কাজেই শিক্ষকদের নালিশের ভাগ্য সরকার শিক্ষা দপ্তরের হাতে সম্পূর্ণরূপে তুলে দিলেন এবং ম্যানেজিং কমিটির দিকে পাল্লাটা প্রচুর পরিমাণে ভারী করে দিলেন অর্থাৎ শিক্ষকদের হাত-পা বেঁধে তাদের ওই ম্যানেজিং কমিটির হাতে সমর্পণ করলেন। এজন্যই এরকম ক্লজ করেছেন। সেখানে

in respect of any matter which has been referred to. অথবা has been decided by the appeal committee.'

যদি বলতেন তাহলে একটা অর্থ হত। কিন্তু করছেন কি, না—

which has been or may be referred to.

অর্থাৎ শিক্ষকদের যদি তাদের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে কোন নালিশ থাকে—ধরুন চুরিচামারী সম্বন্ধে তাহলে সেই নালিশ

may be referred to the Managing Committee.

এই জাতীয় ব্যবস্থা হলে তার সোজা আদালতে যাবার ক্ষমতা নেই অর্থাৎ কোন সময়েই শিক্ষক আদালতের নর্ম্যাল জাস্টিস-এর শরণাগত হতে পারবেন না। আমাদের কনস্টিটিউশন-এ যে অধিকার দিয়েছে, যে সমস্ত শ্রেণীর মানুষের ইকোয়ালিটি বিফোর ল থাকবে সেটা লিটারাল অর্থে হবে কিনা জানি না। কিন্তু কনস্টিটিউশন-এ যে কথা বলা হয়েছে তার পিছনে যে নীতিগত মূল্য আছে যে এক ধরনের মানুষের সংগে আর এক ধরনের মানুষের বিচার-ব্যবস্থায় কোন পার্থক্য থাকবে না সেটা আপনারা নস্যাৎ করলেন। এখানে শিক্ষকেরা বঞ্চিত হ'ল, এমন কি কোন বিষয়েই তারা আদালতের শরণাপন্ন হতে পারবে না সেই ব্যবস্থা এখানে করলেন।

whichever may be even referred to the Appeal Committee.

[1-20—1-30 p.m.]

তা নিয়ে তো যেতে পারবেন না। সেজন্য আমার বক্তব্য হচ্ছে আমরা সকলে এই দুটো ক্ষেত্রে একমত, আমার ধারণা অন্ততঃ আমার আশা আমাদের কংগ্রেস পক্ষীয় বন্ধুরা এটা বিবেচনা করে দেখবেন। ক্ষমতা তাঁরা নিলেন, এ্যাপীল কমিটির হাতে দিন, অন্ততঃ এই

No suit or proceeding shall lie in any Civil or Criminal Court.

এই জিনিসটা অন্ততঃ বাঙ্গালী মাস্টারদের আপীলের ব্যাপারে সন্তুষ্ট না হলে তাদের লিগ্যাল রিড্রেস-এর পথটা অন্ততঃ খুলে রাখবেন এই আবেদনটা তাঁদের কাছে রাখলাম।

Shri Narendra Nath Sen: Sir, I beg to move that in clause 22(1)(d), line 1, for the word "Multipurpose" the words "Higher Secondary" be substituted.

Sir, I have already stated my reasons in my amendments on other clauses.

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ ডেপুটী স্পীকার, স্যার, আমি ২২ ধারার ৪ নম্বর উপধারাটা একেবারে তুলে দেবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই। এই বিলকে প্রথম পর্যায়ের আলোচনাতে অন্ততঃ বিরোধী পক্ষের সকলে গণতন্ত্রবিরোধী বলেছেন। এখানে এসে সকলের কাছে মনে হচ্ছে এটা শিক্ষক বিরোধীও বটে। আমি জ্যোতিষী বা গণৎকার নই, তবুও আমার মনে হচ্ছে মাননীয় হরেনবাবু হয়ত কখনো ম্যানেজিং কমিটির সভ্য ছিলেন এবং কোন শিক্ষকের কাছ থেকে অনেক দাগা পেয়েছেন; সেইজন্য তিনি শিক্ষকদের শায়েস্তা করবার জন্য এইরকম একটা ধারা এখানে রাখতে চাচ্ছেন। এইরকম একটা ধারা রাখা অন্ততঃ অশোভন হচ্ছে, ন্যাচারাল জাস্টিস-এর পক্ষে হানিকর হচ্ছে। শুধু তা নয়—সমস্ত বিলের গণতন্ত্রবিরোধী স্বরূপকে অত্যন্ত উৎকটভাবে ফুটিয়ে তুলেছে। যেকথা আগে অনেক পূর্ববর্তী বক্তা বলেছেন যে এই বিলেতে সরকার নিজের হাতে অনেক ক্ষমতা নিয়েছেন, শিক্ষা বিভাগ তার হাতে ক্ষমতা নিয়েছেন; তাদের মনোনীত ব্যক্তিদের হাতে সমস্ত মাধ্যমিক শিক্ষাব্যবস্থাকে তুলে দিচ্ছেন।

অন্ততঃ ধরেবেঁধে শিক্ষকদের আপীল করবার ক্ষমতা—সাধারণ মানুষের, সাধারণ নাগরিকের—হরণ করেন। এটা ন্যাচারাল জাস্টিস-এর পক্ষে অত্যন্ত হাস্যকর। কাজেই এই চতুর্থ উপধারাটা সম্পূর্ণ তুলে দেবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে ২২ ধারার ৪ উপধারা বর্জন করবার জন্য মাননীয় সদস্যরা যেকথা বলেছেন, সেই কথার সমর্থনে আমি আপনার মাধ্যমে এই কথা জানাতে চাচ্ছি। আজকে এই উপধারার মধ্য দিয়ে এমন একটা আক্রমণ চারিদিক থেকে করা হচ্ছে, তা একটু লক্ষ্য করলেই বোঝা যায়। ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোড ও সংবিধান বিরোধী এই ধারাকে একটা আক্রমণ করা হচ্ছে। এই দিক থেকে এই উপধারা ভবিষ্যতে টিকবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। আপনারা সেটা ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোড-এর এক্তিয়ার বাদ দিয়ে তুলে দিতে পারেন। আমি বলছি—গভর্নমেন্ট স্কুল টিচার ও গভর্নমেন্ট সার্ভেন্টদের সংবিধান অনুযায়ী অধিকার আছে, কতকগুলি রিড্রেস পাবার নিয়ম আছে। আপনারা সেটা পারেন না। আপনারা এটা করলে পর আইনগত প্রশ্ন আসবে, এবং হাইকোর্ট সে সম্বন্ধে সিদ্ধান্ত করবেন। সেটা আমার বক্তব্য নয়। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই নৈতিক দিক থেকে যেভাবে আক্রমণ আরম্ভ করেছেন, তাতে কোথায় আপনারা আমাদের নিয়ে চলেছেন! আমরা দেখছি গত কয়েক বছর ধরে যে সব আইন করা হয়েছে, তা নানাদিক থেকে কোয়াসি-জুডিসিয়াল করা হচ্ছে। একথা আমরা জানি, সরকার পক্ষেও অনেক আইনজ্ঞ আছেন, যাঁরা আইন প্র্যাকটিস্ করেন; তাঁরা জানেন এই কোয়াসি-জুডিসিয়াল বডি সম্বন্ধে হাইকোর্ট এবং সুপ্রীম কোর্ট কি তাঁর মন্তব্য করেছেন। তাঁরা এই কোয়াসি জুডিসিয়াল বডির বিচারের পদ্ধতি ও নীতি সম্বন্ধে মন্তব্য করেছেন। কারণ এঁদের বিচার সম্বন্ধে ততটা অভিজ্ঞতা হয়নি। তাঁরা এমন সিদ্ধান্তও নেন যে তা সংবিধান বিরোধী হয়।

আপনারা জানেন এমন কি বিহার রেভিনিউ বোর্ড সম্পর্কে সুপ্রীম কোর্টের যে সিদ্ধান্ত—আপনারা জানেন যে যেখানে রামগড়ের রাজার স্টেট, সেই স্টেটের কোয়াসি-জুডিসিয়াল বডির অপকীর্তি সম্পর্কে সুপ্রীম কোর্ট মন্তব্য করেছেন। আপনারা পরে পরে এস্টেটস্ এ্যাকুইজিশন বিল, ঐ ল্যাণ্ড রিফরমস্ বিল করেছেন। আপনাদের ঐ বেঙ্গল ডেভেলপমেন্ট বিল আগে থেকেই করা আছে। সমস্ত জায়গায় সাধারণ মানুষের বিচারের অধিকারকে বার বার খর্ব করেছেন। সাধারণ মানুষ, গ্রাম্য মানুষ বা অন্য কোন মানুষের কথা বলুন, তাদের দিক দিয়ে দেখতে গেলেই একটা জিনিসের কথা মনে এসেছে—সাধারণ মৌলিক অধিকার বলতে অনেক সময় তারা ফ্রিডম অব প্রেস এর অর্থ বোঝেন না, কিন্তু, তারা এটা বোঝেন, মানুষ ঠিক বিচার পাবে আদালতের দ্বারস্থ হয়ে। অর্থাৎ বিচারের জন্য আদালতের দ্বারস্থ হওয়া যায়, এটা তাঁরা জানেন।

আজকে সাধারণ মানুষের বিক্ষোভ আছে এই আদালতের সম্বন্ধে, যে সব সময় সেখানে বিচার পাওয়া যাচ্ছে না। কারণ, আজকাল নাকি ঘুষ দিয়ে আদালতে বিচার পাওয়া যায়, এই রকম মন্তব্য সাধারণ মানুষ করছেন। সর্বদা বিচারের দ্বার উন্মুক্ত আছে, এটা মানুষের আছে একটা সাধারণ অধিকার বলে। কিন্তু এখানে আপনি এই সংবিধানেতে এই ব্যবস্থার দ্বারা, আপনি সেই সাধারণ মানুষের চেতনাকে একেবারে রূঢ় আঘাত করতে আরম্ভ করেছেন। কিন্তু, এখানে সেই ক্ষেত্র হচ্ছে একমাত্র মাস্টার মশাই। মাস্টার মশাইদের অধিকার খর্ব করতে গিয়ে আপনারা সাধারণ মানুষকে এই কথা বুঝিয়ে দিচ্ছেন যে, মানুষের এই অধিকারগুলিকে বারবার আপনারা যেখানে যেমন সুবিধা মনে হবে, সেখানে আপনারা খর্ব করবেন। শ্রদ্ধেয় বিজয়বাবু এবং রাধাকৃষ্ণবাবু আগে বলেছিলেন এই কথা শোনাতে গিয়ে, যে সেখানে বারেবারে মামলা-মোকদ্দমা হচ্ছে। ম্যানেজিং কমিটিরা মামলাগুলি করছেন, তাকেও কোর্টের এখতিয়ার থেকে বাদ দেন না! ২২৬ ও ২২৭ ধারা থেকে তাকেত বাদ দেন না! যে দলাদলির চিত্র আপনাদের ঘরে ঘরে হচ্ছে, বেশীর ভাগ ক্ষেত্রে আপনাদের সমর্থকরা এখনও এদলে, ওদলে আছেন, এবং তারা মারামারি করে যাচ্ছেন, তাদের ত বাদ দেন না! এবং আপনাদের এই দলাদলির ফলে অনেক শিক্ষায়তন উঠে যাচ্ছে। তাকেত এখানে বাদ দেওয়া হয়নি! বাদ দেওয়া হয়েছে একজন শিক্ষককে। সে যখন ঐ ম্যানেজিং কমিটির বিরুদ্ধে

সরাসরি কোন বিষয় নিয়ে যেতে চাইবেন, সেখানে বাদ দেওয়া হয়েছে। একটা উদাহরণ দিচ্ছি। ধরুন কোন এক মহিলা টিচার, তিনি যদি মনে করেন যে ম্যানেজিং কমিটি তাঁর উপর এমন ব্যবহার করছেন, যেটা তাঁর পক্ষে, স্ত্রীলোক হিসাবে, শালীনতায় আঘাত করে, এই রকম কোন অভিযোগ তিনি ক্রিমিন্যাল কোর্টে নিয়ে যেতে পারবেন না। এ কি রকম ব্যবস্থা এখানে রাখা হয়েছে? আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি এই রকম ভাবের ব্যবস্থা কেন দিয়েছেন? এটা ভাল করে বিবেচনা করুন, এবং আমার অনুরোধ এটাকে তুলে দেওয়া হোক। আর একটা কথা এখানে বলবো এই এ্যাপিল কমিটি সম্বন্ধে। এখানে তৃতীয় ধারাতে হিয়ার করার কথা আছে। সেই কথাটা আপনি বুঝতে চেষ্টা করুন। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অন্ততঃ সেটা এক্সপ্লেন করুন, যে 'হিয়ারিং' বলতে কি বোঝায়। কারণ এটা শুধু ত আমাদের সাধারণ সিভিল প্রসিডিয়োর কোড বা ক্রিমিনাল প্রসিডিয়োর কোড নয়, এর সঙ্গে আরও কতকগুলি জিনিস আছে। সেটা যদি থাকে রুল-মেকিং পাওয়ারে, তার জন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সেই জিনিসগুলি রাখা দরকার এইজন্য যে

adducing of evidence, personal appearance and engagement of lawyers,

এই কথাগুলি 'হিয়ারিং'-এর সাথে ইনক্লুডেড। সুতরাং রুলস-এ অন্ততঃ এটা থাকা দরকার। আমি শেষ কথা বলছি, আমার প্রথম বক্তব্য হচ্ছে যে এই ক্লজটাকে সম্পূর্ণভাবে ওমিট করা হোক। আমি এখানে আপনার [illegible] দিয়ে দেখতে বলছি যে এ্যাপিল কমিটির হিয়ারিং এর যে ক্ষমতা আছে, সেই হিয়ারিং-এর সঙ্গে অন্ততঃ এই জিনিসগুলি যদি দেওয়া যায়--

adducing of evidence, personal appearance and engagement of lawyers

তাহলে অন্ততঃ তার কিছুটা সুবিধা হবে।

আমার দ্বিতীয় কথা হল, এখানে 'প্রসিডিংস' কথাটা বাদ দিতে বলছি। এই কথাটা যদি বাদ দিতে পারেন, তাহলে অন্ততঃ কিছুটা লিমিটেশন্স এর মধ্যে আসতে পারে। এটা হলেও আমাদের আর্টিকেল ২২৬।২২৭-কে আঘাত করবে। কারণ

high court is as much a civil and criminal court than any other civil or criminal court

কাজেই এই সমস্ত [illegible] বিবেচনা [illegible] অনুরোধ করছি এই [illegible] বিবেচনা করে, [illegible] এই [illegible] বাদ দিতে পারেন, [illegible] এ্যাপিল কমিটি ছিল, [illegible] শিক্ষামন্ত্রী মহাশয় [illegible] এই এ্যাপিল কমিটি [illegible] ভালভাবে করতে পেরেছিলেন [illegible] সব বিচার করেছিলেন [illegible] এই [illegible] তিনি দিতে পারবেন না। [illegible] এ্যাপিল কমিটি সেখানে [illegible] অনেক মাস্টারমশাই [illegible] কোর্টে যেতে বাধ্য হয়েছিলেন [illegible] সেখানে সুবিচার তাঁরা পান নি। আমার নিজের ধারণা ঐ রকম এ্যাপিল কমিটির পক্ষে বিচার ব্যবস্থা করা সম্পূর্ণভাবে সম্ভব নয়। তার কারণ, [illegible] দিক থাকবে বিচারের জন্য। কিন্তু বিচারের যা কিছু উপকরণ দরকার বিচারকে ঠিকমত চালাতে গেলে, সেইরকম দরকারী উপকরণ সব সময় তাদের কাছে থাকে না। এবং একটা কোর্ট অব ল না হলে, সেখানে বিচার [illegible] হতে পারে না, এবং এইরকম একটা কোয়াসি-জুডিসিয়াল [illegible] ন্যায়-বিচার কখনও পেতে পারে না। সেই দিক থেকে আমি বলবো যে এই [illegible] ওমিট করা সবচেয়ে ভাল। আর তা যদি না করেন, তাহলে ঐ 'হিয়ার' শব্দটা যে [illegible] ডিফাইন করা দরকার। রুল-এ অন্ততঃ এটা ডিফাইন করা দরকার। এইটা আমি আপনার কাছে অনুরোধ করছি।

[1-30—1-40 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই ধারাটা একেবারে বাদ দেবার কথা যিনি বক্তা বলেছেন, আমিও আমার পার্টির তরফ থেকে সেটা সমর্থন করছি এবং এই বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। এর উপরে অনেক বিতর্ক হয়েছে এর আগে। আমি জানতে চাই শিক্ষকদের বিচারালয়ে যাবার অধিকার কেড়ে নেবার কি উদ্দেশ্য? সকলেরই বিচারালয়ে যাবার অধিকার আছে, কিন্তু

শিক্ষকদের বেলায় সেই অধিকার কেড়ে নেবার কি উদ্দেশ্য সেটা মন্ত্রিমহাশয় আমাদের স্প বলুন। মেদিনীপুরের শিক্ষা বোর্ডের একটা ঘটনা বললেই আপনারা বুঝতে পারবে মেদিনীপুরের শিক্ষা বোর্ড হামেশাই প্রাথমিক শিক্ষকদের এই স্কুল থেকে সে স্কুলে বদলি ক দিচ্ছে, শিক্ষকরা প্রাণান্তকর অবস্থায় পড়েছে, শেষকালে হাইকোর্ট করে দিয়ে শিক্ষকরা তাদে অধিকার রক্ষা করতে পেরেছে যার ফলে শিক্ষা বোর্ডের এত বড় অন্যায় অবিচার তার বিরুদে শিক্ষকরা তাদের অধিকার রক্ষা করতে সমর্থ হয়েছিল। আমার এলাকায় আরেকটি ঘটনার কা আমরা জানি। একটা হাই স্কুলে ম্যানেজিং কমিটির সঙ্গে ঝগড়া হয়েছিল প্রধান শিক্ষকে সঙ্গে যার ফলে প্রধান শিক্ষকের ৪ হাজার টাকা বাতিল করে দেয়, বোর্ড বলেছিল যে টাক ফেরৎ দেবার জন্য এবং তাকে রি-ইনস্টেড করবার জন্য কিন্তু ম্যানেজিং কমিটি তাকে পুনর্বহা করেন নি এবং তার টাকা ফেরৎ দেবারও কোন ব্যবস্থা আজ পর্যন্ত করেন নি। একথা আি অস্বীকার করি না হয়ত শিক্ষকদের কোন কোন ক্ষেত্রে অপরাধ থাকতে পারে কিন্তু সেটা কঃ নয়, কি ম্যানেজিং কমিটি, কি শিক্ষক কারো মৌলিক অধিকার হরণ করা উচিত নয়। যা এটা আপনারা পাশও করান তাহলে হাইকোর্ট এটা বেআইনী করে দেবে এবং আমাদেরও সম্ম থাকবে না। কারণ আমি বহু ক্ষেত্রে দেখেছি সরকারের বহু অন্যায় এবং সরকারের পৃষ্ঠপোষক তার বহু অন্যায়ের বিরুদ্ধে হাইকোর্ট কড়া রায় দিয়েছে যার ফলে সাধারণ মানুষের অধিক এবং মর্যাদা রক্ষিত হয়েছে। সেজন্য আমি অনুরোধ করব যে এই ধারাটা একেবারে বাদ দি দিন এবং প্রত্যাহার করে নিন। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Deputy Speake Sir, many questions have been raised with regard to this clause by way (motions from the benches opposite. The first is that there is no necess of clause 22 at all and it should be omitted. The second question is tha if there was no such clause, viz., sub-clause (4)—in the old Bill, why has been introduced here. The third question that has been raised is, the is no teachers' representative on the Appeal Committee. The fourt question is we are going to prevent the teachers from approaching even th High Court. These are the questions that have been raised.

Sir, in the first place, I have to say why this Appeal Committee has bee introduced. The Dey Committee recommended: "the Appeal Committe will hear and determine all disputes between teachers and the Managin Committees of the Schools". So there is a clear recommendation of th Dey Committee that there should be an Appeal Committee which will hea and determine all the disputes between the teachers and the Managin Committees. And they have gone further to say that so far as the We Bengal Secondary Education Act, 1950, is concerned, it will obviously hav to be thoroughly revised and amended. That was the recommendation (the Dey Committee And that is the explanation why clause 22 has bee introduced in this Bill.

There is another reason, Sir. Too many cases are now cropping up i the courts regarding disputes between the teachers and the Managin Committees. So far as the sphere of education is concerned, is it no desirable that there should be least number of cases before the courts? A least propriety demands that there should be least number of such cases i the law courts.

The third question is regarding the constitution of the Appeal Committee The Appeal Committee will be constituted with 5 persons, namely, (1) th President of the Board. The President will be a disinterested person. (2 A person to be elected by the Board, in the manner provided by regulation etc. Now, Sir, so far as sub-clause (16) is concerned—it provides fo representation of the teachers' association. Therefore, there will be representative of teachers on the committee elected by the Board. The a person in the service of the State Government to be nominated by th

State Government. Then there is a head of a high school or of a multi-purpose school elected by the Board in the manner provided by regulations from amongst the members of the Board referred to in clause (15) of section 4. Therefore, there will be a Headmaster on the Appeal Committee. The Headmasters are after all teachers and naturally they will have sympathy for the teachers. Then a member of a Managing Committee of a recognised Institution nominated by the President. Surely, the President will not nominate a member of the Managing Committee of the very school against whom the teacher or teachers have complained. Therefore, Sir, so far as the Appeal Committee is concerned, we consider that it has been rightly constituted. Sir, many speeches have been delivered against clause 22(4) which says that "the decision of the Appeal Committee under sub-section (3) shall be final and no suit or proceeding shall lie in any Civil or Criminal Court in respect of any matter which has been or may be referred to or has been decided by the Appeal Committee." But, Sir, anybody so aggrieved may go to High Court under 226 or 227. If that were meant to be prohibited then the clause would be ultra vires of the Constitution. The clause cannot prevent that. Sir, that is my answer to the different amendments moved by the Opposition Members, which are rather misconceived I accept however, the amendment of Shri Narendra Nath Sen

[1-40—1-50 p.m.]

The motion of Shri Narendra Nath Sen that in clause 22(1)(d), line 1, for the word "Multipurpose" the words "Higher Secondary" be substituted was then put and agreed to.

Mr. Deputy Speaker: Division has been claimed on amendments Nos. 64, 65 and 128-130, but as all these amendments are identical, I will put amendment No. 64 to vote. Therefore, I first put all other amendments except amendment No. 64 to vote.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 22, in sub-clause (1), the following be added after item (e), namely:—

"(f) a person to be elected by the Senate of the Calcutta University;
(g) a person to be elected by the Burdwan University"

was then put and lost

The motion of Shri Sambhu Gopal Das that after clause 22(3), the following be inserted, namely:—

"(3a) The Appeal Committee shall decide appeals within a month."

was then put and lost.

The motion of Shri Sambhu Gopal Das that clause 22(4) be omitted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that to clause 22(3), the following proviso be added, namely:—

"Provided that no order adversely affecting a teacher shall be passed without affording the aggrieved teacher a right of personal hearing before the Appeal Committee."

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the following words be added to clause 22(3):—

"and the decision of the Appeal Committee shall be ratified by the Board within 3 months from the date of hearing."

was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 22, sub-clause (4) be omitted, was then put and a division taken with the following result:

Ayes 50

Abdul Bari Moktar, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Anadi
Das, Shri Gobardhan
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Doai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Pramatha
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hansda, Shri Paleswar
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand

Noes 88

Abdul Latif, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Jagadish Chandra
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindaban
Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Chaan
Das, Shri Ananga Mohan
Das Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hazra, Shri Parbati Charan
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada

Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahatab, Shrimati Radharani
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay The Hon'ble Purabi
Naskar, Shri Khagendra Nath
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Saha, Dr. Biswanath
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, The Hon'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

The Ayes being 50 and the Noes 88, the motion was lost.

The question that clause 22, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

Shri Sambhu Charan Ghosh: I move that in clause 23, in sub-clause (1)(c), in line 1, for the word "two" the word "three" be substituted.

ক্লজ ২৩তে আমরা দেখছি যে এখানে ফিনান্স কমিটি গঠন করবার কথা বলা হয়েছে। এই যে ফিনান্স কমিটি বিলেতে যেভাবে এসেছে, সেখানে দেখা যাচ্ছে যে, ৫ জন সদস্যের মধ্যে ৩ জন হবে সরকার মনোনীত, এবং বাকী ২ জন তারা বোর্ড কর্তৃক নির্বাচিত হবে। ১৯৫০ সালের এ্যাক্টের সেক্সন ২৪এ ফিনান্স কমিটি গঠনের কথা বলা হয়েছে

The Finance Committee shall consist of the following members—

(a) the President, ex-officio;

(b) the Director of Public Instruction or a person in the service of the State Government nominated by him, ex-officio;

(c) four members of the Board elected by the Board in the manner prescribed by regulations;

(d) a person who shall be an expert in financial matters appointed by the State Government.

মিঃ ডেপুটী স্পীকার, স্যার, সেখানে আমরা ১৯৫০ সালের আইনের সেক্সন ২৪এ দেখি যে বোর্ড ৪ জন তাঁদের নিজেদের মধ্যে থেকে নির্বাচন করে এই ফিনান্স কমিটিতে রাখতে পারে। কিন্তু এখানে যেভাবে রাখা হয়েছে তাতে আমরা দেখি যে এই ফিনান্স কমিটির মধ্যে শুধুমাত্র ২ জন মেম্বারকে বোর্ড ইলেক্ট করতে পারে। সেখানে আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে ২

জনের জায়গায় ৩ জনকে করার ক্ষমতা বোর্ডকে দেওয়া হোক। এবং আমার এ্যামেন্ডমেন্ট। আমি মনে করি যে ১৯৫০ সালের আইনের ২৪নং ধারা—যদি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দেখেন তাহলে দেখবেন ৪ জনের জায়গায় ২ জন করেছেন,—সেখানে অত্যন্ত অন্যায় পদ্ধতি অবলম্বন করা হয়েছে, সেই হিসাবে ৩ জন বোর্ড কর্তৃক নির্বাচিত সদস্য রাখা যেতে পারে বলে আমি বিশ্বাস করি।

[1-50—2 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মিঃ ডেপ্রুটি স্পীকার, স্যার, এই কথা বলতে গিয়ে শম্ভুবাবু যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তার সাপোর্ট-এ কিছু আমি বলতে চাই। ফাইনান্স কমিটির গুরুত্ব আছে, ফাইনান্স হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় এবং সেই ফাইনান্স কমিটির গঠন সম্পর্কে শম্ভুবাবু বলে গিয়েছেন যে, যে আকারে এটা হওয়া উচিত ছিল সেইভাবে হয়নি। মুদালিয়র কমিশন এবং দে কমিটির রিপোর্ট যেভাবে এক্ষেত্রে ফলো করা উচিত ছিল সেইভাবে ফলো করা হয়নি। সেই রিপোর্টগুলি আমরা দেখেছি। শিক্ষামন্ত্রী মহাশয় যখন দেখছেন যে মুদালিয়র কমিটির রিপোর্ট তাকে স্যুট করবে না তখন দে কমিটির রিপোর্ট রেফার করেন; আবার যখন দে কমিটির রিপোর্ট দেখছেন তাকে সাপোর্ট করবে না তখন মুদালিয়র কমিশনকে রেফার করছেন। এই যে দে কমিটি এ্যান্ড মুদালিয়র কমিশন আর মুদালিয়র কমিশন এ্যান্ড দে কমিটি এর ভিসিয়াস সার্কেলে আমরা ঘুরেছি। এরকম জিনিস আমরা আশা করিনি। আমরা আশা করিনি শিক্ষা দপ্তর এইভাবে সমস্ত জিনিস বাই-পাস করবেন। ডি পি আই সেখানে নমিনেটেড বডি না বলে সিলেক্টেড বডি কেন বললাম সে সম্বন্ধে বেশী কিছু বলা দরকার। কারণ ডি পি আই-কে যদি এই উপ-ধারার মধ্যে এই ক্ষমতা দেওয়া যায় তাহলে তাকে একটা পাওয়ার দেওয়া হচ্ছে, যে পাওয়ার তাকে দেওয়া কোনভাবেই উচিত নয়। ওভাররাইডিং পাওয়ার্স দেওয়া হচ্ছে যাতে মনে হয় সেই নমিনেট করছে, সেজন্যে ফর দি সেক অব প্রপ্রাইটি আমি এই এ্যামেন্ডমেন্ট মুভ করতে যাচ্ছি। দ্বিতীয় কথা হচ্ছে—

one person having knowledge of, or experience in, financial matters, appointed by the State Government.

এখানে স্টেট গভর্নমেন্ট সম্বন্ধে আমাদের ধারণা খুব স্পষ্ট। আপনারা জানেন স্টেট গভর্নমেন্ট-এর কার্যকলাপ সম্পর্কে বহুবার কাগজে এবং পাবলিক মিটিং-এ অন দি স্ট্রীট কি সব কথা বলেছে এবং তাদের নমিনেশন কি ধরনের হয় তা আপনারা নিশ্চয়ই জানেন। সেখানটায় দেখা যায় যার ইনফ্লুয়েন্স আছে গভর্নমেন্টের কাছে, তিনি কালো বাজারের কালো মাণিকই হন অথবা তিনি একজন জনজীবনে অত্যন্ত নিন্দিত ব্যক্তিই হন, তাকে নমিনেট করার সম্ভাবনা থাকে। যদি ডিস্টিংগুইসড্ এডুকেশনিস্ট বলে একটা এট্রিবিউট দিয়ে না রাখা হয় তাহলে কারা নমিনেশন পেতে পারেন সেটা চিন্তা করতে হবে। অনেক ম্যানেজিং কমিটিতে এমন লোককে নমিনেশন দেওয়া হয়, যাঁদের সম্বন্ধে সেখানকার সাধারণ লোকের অত্যন্ত বিরূপ মনোভাব তো আছেই, একটা ঘটনার কথা বলছি উদাহরণস্বরূপ—আমার জানা—

without naming that gentleman—

আমার জানা সেই ভদ্রলোকটি—তিনি ১৯৪৩ সালে কয়েক লক্ষ লোকের মৃত্যুর বদলে কয়েক কোটী টাকা মুনাফা করেছিলেন এবং তদানীন্তন গভর্নমেন্ট তাঁকে রায়সাহেবও বানিয়েছিলেন। হঠাৎ বহু টাকা রোজগার করবার পর শিক্ষা বিভাগে তার ইন্টারেস্ট চলে এলো। আজকে শিক্ষা বিভাগ সম্বন্ধে এবং শিক্ষা সম্বন্ধে ইন্টারেস্ট অনেক ব্ল্যাক-মার্কেটিয়ার ও সমাজবিরোধীদের যেন একটা ফ্যান্সী হয়ে দাঁড়িয়েছে। হয়ত একটা স্কুলে যাবেন, হাজার দশ টাকা দান করে দেবেন এবং তারপরই স্কুলের কমিটির মেম্বার হয়ে গেলেন। তারপর দেখা গেল স্কুলের অত্যন্ত রেসপেক্টেড্ টিচারদের সঙ্গে ম্যানেজিং কমিটির সেই নবাগত মেম্বারটি এমন ব্যবহার আরম্ভ করলেন যে তা দুর্বিষহ। একটা ঘটনা আমি জানি—একদিন একটা স্কুলের ভূগোলের টিচার আফ্রিকার একটা ম্যাপ টাঙ্গিয়ে ছাত্রদের পড়াচ্ছেন, হঠাৎ উনি ভিজিট্ করতে এলেন। তিনি এসেই জিজ্ঞাসা করলেন—কি মাস্টার মশাই, কি পড়াচ্ছেন? তিনি বললেন—ভূগোল। কিসের ভূগোল? ভূগোল মানে ভূগোল, যা পড়ান হয়। ও! এটা কি আফ্রিকার ম্যাপ? আপনি

রেজীতে ছিল। ভদ্রলোক ইংরেজী শেখেন নি। যেহেতু ম্যানেজিং কমিটির মেম্বার হয়ে বসেছেন কালোবাজারের কালোমানিক, তিনি জিজ্ঞাসা করলেন—ইগট্‌টা দেখাও তো? ছাত্ররা সেকথা শুনে ফ্যাল্‌ ফ্যাল্‌ করে চেয়ে রইল। তখন মাস্টারমশাই বললেন—ইগট্‌টা আবার কে এলো? আফ্রিকায় তো বহু রকম জীব-জানোয়ার রয়েছে। সে জীবটা কোথায়? তিনি ডিপ্টকে দেখিয়ে বললেন—এই দেখুন ইগট্‌। এই ধরনের মানুষ সেখানে আসবার সম্ভাবনা আছে। ব্ল্যাকমার্কেট করেছে, অহিংসরূপে মানুষকে মেরে মুনাফার অঙ্ক বাড়িয়েছে, চুরি করেছে, মোটরগাড়ী চালাচ্ছে তাদের একটা ফ্যাসান হয়ে দাঁড়িয়েছে শিক্ষা বিভাগে এডুকেশনিস্ট-এর মর্যাদা পেতে চায়। তা পেতে গেলে দরির-দরবার করে কোন ফাণ্ডে মোটা টাকা দিয়ে তারা করে থাকে। এটা করা স্বাভাবিক।

দ্বিতীয়তঃ দেখছি বাজেট, ক্লজ ২৩-এর সাব-ক্লজে বলছে

"It shall be the duty of the Finance Committee to prepare the budget of the Board.

ফাইনান্স কমিটির ডিউটি বাজেট প্রিপেয়ার করা। তারপর কিছু আর তাদের ডিউটি সম্বন্ধে কিছু নাই। বাজেট সংক্রান্ত কাজ ছাড়া আর কি তারা করবে? বোর্ডে আছে বাজেট করবে। বোর্ডে ফাইনান্স কমিটির বাজেট তৈরী করবার পর পরের স্টেপটা কি? সেটা প্রিসাইজলি এখানে নাই। ফলেন ফাইনান্স কমিটি ও বোর্ডের মধ্যে একটা লগারহেড হয়ে গেল। ফাইনান্স কমিটি বাজেট প্রিপেয়ার করে বোর্ডের কাছে তা সেণ্ড করলো না, বোর্ডকে তখন পাওয়ার ইউজ করে তা নিতে হবে অর্ডিনারি ওয়ে-তে হল না, সুতরাং এর সঙ্গে একটা নেসেসারি ক্লজ যোগ করা উচিত ছিল—

and send the same to the Board for its proper acceptance.

একটা একস্ট্রা-অর্ডিনারি সিচুয়েশন উপস্থিত হলে ফাইনান্স কমিটির সঙ্গে বোর্ডের একটা বন্ধ যদি বাধে, তখন ফাইনান্স কমিটি যাতে বোর্ডকে ক্রিপল্‌ করতে না পারে তার জন্য এই ক্লজটা আমি যোগ করতে চেয়েছিলাম। ফাইনান্স-এর মত একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে এডুকেশন মিনিস্টারকে আমি অনুরোধ করবো এই ফাইনান্স এর ব্যাপারে তিনি খুব ভাল করে চিন্তা করে দেখুন আমি যে কথাগুলি বলেছি এডুকেশন ডিপার্টমেন্ট তাঁরা যে ইচ্ছা করেন, এডুকেশন সম্বন্ধে তাঁদের যে পদ্ধতি, তা তাঁরা নাকচ করে দেবেন, না, এতে সুবিধা হবে সেটা তাঁরা লক্ষ্য করে দেখুন।

[2-10 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, a Finance Committee has been provided in this Bill. There can be no doubt about it. But so far as the Mudaliar Commission is concerned, it did not recommend any financial power for the Board and, similarly the Dey Committee also. Therefore, limited provision has been made and the functions of the Finance Committee will be as stated in sub-clause (3), viz., "It shall be the duty of the Finance Committee to prepare the budget of the Board and to perform such other functions as the Board may direct.". It will prepare the budget estimate of the Board with reference to the Secondary Education Fund. You will see, Sir, if you refer to clause 27(2), item (k) that the function of the Board will be to administer the West Bengal Board of Secondary Education Fund. Therefore, for the administration of the Secondary Education Fund the Finance Committeee is going to be constituted. So far as the finance of the Board of Secondary Education is concerned, it will come from different sources. But after all the Finance Committee will deal with only the finances of the Board in the shape of the Secondary Education Fund. Of course, it will also institute and administer such Provident Funds as may be prescribed. Otherwise the Finance Committee will have no wider powers or functions. So far as the constitution of the Finance Committee as provided in the Bill is concerned, you will see, Sir, that there are also 5 members. First of all, the President, next is the Director of Public Instruction, and then two

members of the Board elected by the Board in the manner prescribed by regulations and one person having knowledge of, or experience in, financial matters, appointed by the State Government. Therefore, Sir, you will see that of the 5 members of the Finance Committee, one is an official and the other is a person nominated by the State Government. He may be or may not be an official member. Therefore, so far as the Finance Committee is concerned, it is not really a Committee which is composed only of Government members and Government nominated members. That being the case, I do not think all the apprehensions that have been expressed regarding the Finance Committee are justified.

I oppose the amendments.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 23, in sub-clause (1)(c), in line 1, for the word "two" the word "three" be substituted, was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 24

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in clause 24, in sub-clause (1), lines 1 and 2, the words ", with the approval of the State Government," be omitted.

গোটা বিলটায় আমরা দেখছি যে সব জায়গাতে এতদিন ধরে যে আলোচনা হল সেটা আপীল কমিটি হউক বা ফাইন্যান্স কমিটি বা সব কমিটিতেই গভর্নমেন্টের রিপ্রেজেন্টেটিভ থাকছে সমস্ত বোর্ডের চরিত্রে আমরা দেখছি সরকারের প্রতিনিধি বেশী। তাছাড়া বোর্ড যদি মনে করেন কোন একটা কমিটি করতে হবে তাহলে সেখানে সরকারের অনুমোদন নিতে হবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No, that is not so.

Shri Sambhu Charan Ghosh: With the approval of the Government. যেখানে বোর্ডে সরকারের প্রতিনিধি সংখ্যা বা সরকারের মনোনীত প্রতিনিধির সংখ্যা বেশী সেখানেও বোর্ড স্বাধীনভাবে এইটুকু কাজ করতে পারবে না। যে কোন বিশেষ প্রয়োজনে বোর্ড যদি মনে করেন যে একটা কমিটি সেট আপ করতে হবে, তাহলে সরকারের অনুমোদনের অপেক্ষায় তাকে থাকতে হবে। এই রকম ধারাকে আমরা গ্রহণ করতে পারছি না, এইটুকু অন্তত বোর্ডকে স্বাধীনতা দেওয়া হউক। যতগুলি কমিটি করার কথা আছে, মুদালিয়র কমিশনে বলুন বা দে কমিটিতে বলুন, যে এ্যাক্ট আছে সব কমিটিতে আমরা দেখছি সমস্তটাই সরকারের নিয়ন্ত্রণে রয়েছে। কিন্তু এইটুকু স্বাধীনতা যদি বোর্ডকে না দেওয়া যায় তাহলে বোর্ড ডে টুডে ফাংশন চালাবে কি করে? হঠাৎ বোর্ডের প্রয়োজন হলো একটা কমিটি করবার জন্য তাহলে সব কাজ বন্ধ করে তাকে অনুমোদনের জন্য বসে থাকতে হবে সরকার কবে অনুমোদন দেবেন, কবে শিক্ষা দপ্তর থেকে ডিরেক্সান আসবে ততদিন তাদের কাজ বন্ধ রাখতে হবে—এইভাবে ডে টু ডে ফাংশন অব দি বোর্ড কখনই চলতে পারে না। সেজন্য আমি বিশেষ এই এ্যামেণ্ডমেন্ট এনেছি যে উইথ দি এ্যাপ্রুভাল অব দি স্টেট গভর্নমেন্ট তুলে দেওয়া হউক বোর্ডের হাতে এইটুকু ক্ষমতা দেওয়া হউক। তারপর বোর্ড যদি বা সরকারের অনুমোদন নিয়ে [illegible] কমিটি করল, তাহলে কমিটি সেখানে কি কি কাজ করবে। সেই কমিটি করে কমিটিকে এই দায়িত্ব দেওয়া দরকার, যে দায়িত্ব বোর্ডের ফাংশানের ক্ষেত্রে সুবিধা হয়। কিন্তু সেখানে কি ক্ষমতা কি দায়িত্ব দেবে সেটা সরকারের অনুমোদনের জন্য পাঠাতে হবে। এ আমরা দেখছি ক্লজ ২৪ এর সাব-ক্লজ ২এ-তে আছে

The Board may, with the approval of the State Government delegate to any such Committee any of its powers or functions and may in like manner withdraw from it any such power or function.

কি ক্ষমতা দেবে কি নির্দেশ দেবে সেটা সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠাতে হবে। তাহলে এই ধরণের কমিটি করার ক্ষমতা বোর্ডের না দিলেই হত। বোর্ড মনে করল তাদের একটা কমিটি গঠন করা প্রয়োজন তার ডে টু ডে ফাংশন করবার জন্য সেই কমিটি গঠন করবার জন্য সরকারের কাছে অনুমোদন চেয়ে পাঠাতে হবে। যদিবা অনুমোদন এল সেই কি কি কাজ করবে সেটাও সরকারের কাছে অনুমোদন চেয়ে পাঠাতে হবে। কি কি কাজ করবে তার তালিকা সরকারের কাছে পাঠাতে হবে। সেজন্য আমি বলছি এই রকম বোর্ডের অস্তিত্ব থাকার কোন প্রয়োজন নাই। যদি এইটুকু ক্ষমতাও বোর্ডকে না দেবার কি কারণ থাকতে পারে। সেজন্য আমি আমার অ্যামেন্ডমেণ্ট দিয়েছি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am sorry I cannot accept the amendment. Sir, the functions of the Committee are detailed in clause 27. It is quite natural that the State Government will see whether the powers are being exercised justly. But how the question of domination comes in? The different committees will be constituted with the approval of the State Government. That is all. There is no question of domination.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 24, in sub-clause (1), lines 1 and 2, the words ",with the approval of the State Government", be omitted, was then put and lost.

The question that clause 24 do stand part of the Bill was then put and agreed to.

[2-10—2-20 p.m.]

Clause 25

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that in clause 25, in sub-clause (1), in lines 1 and 2, the words ", with the approval of the State Government," be deleted.

স্যার, আমার এখানে একই যুক্তি ক্লজ ২৪এ যেখানে আদার কমিটি সম্বন্ধে যে বক্তব্য রেখেছি এখানেও একই বক্তব্য। রিজিওনাল একজামিনেশন কাউন্সিল বোর্ড তৈরী করবে সেখানে সরকারের অনুমোদন নিতে হবে। মন্ত্রিমহাশয় বলেছেন যে বামপন্থীরা ডমিনেশানের কথা বলেছেন, আমি বলছি ওটা মাইল্ড কথা অ্যাবসলুট ডমিনেশন। রিজিওনাল একজামিনেশন কমিটি সেট আপ করবে বোর্ড সেখানেও সরকারের কাছে যেতে হবে, আবার মন্ত্রিমহাশয় গণতন্ত্রের কথা বৃটিশ আমলের অনেক কথা বলেছেন। আমি তাঁকে জানাতে চাই যে কোথাও এই ধরণের এবং পুরাপুরি আমলাতান্ত্রিক ব্যবস্থা নেই। সেজন্য আমি এটাকে ডিলিট করবার জন্য অনুরোধ করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I submit that this amendment should not have been moved because the principle underlying this amendment has already been rejected by the House.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 25, in sub-clause (1), in lines 1 and 2, the words ",with the approval of the State Government," be deleted was then put and lost.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

Scheme for protection of low-lying areas in Kharba and Ratua police-stations Malda.

38. (Admitted question No. 87.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) if it is a fact that the scheme for protecting low areas of Kharba and Ratua police-stations in the district of Malda has been sanctioned;

(b) if so—

(i) what is the total estimated cost of the scheme, and (ii) when it is going to be taken up;

(c) if it is a fact that the Railway authority have objected to the scheme; and

(d) if so, what is that objection?

The Minister for Irrigation:

(a) and (c)—No.

(b) and (d)—Do not arise.

Nomination of Public Members in R.T.A., Murshidabad

39. (Admitted Question No. 99) **Shri Deb Saran Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলার আর, টি, এ-তে বেসরকারী সভ্যদের কি কি বিষয় বিবেচনা করিয়া মনোনয়ন দেওয়া হয়:

(খ) উক্ত বেসরকারী সভ্যগণ কি-কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করেন; এবং

(গ) তাঁহাদের কার্যকালের মেয়াদ কতদিন ?

The Minister for Home (Transport):

(ক) স্থানীয় ব্যক্তিগণের মধ্যে সরকার যাঁহাদিগকে জনস্বার্থে উপযুক্ত বলিয়া বিবেচনা করেন, মোটরযান আইনের ৪৪ ধারা অনুসারে তাঁহাদিগকেই বে-সরকারী সভ্য হিসাবে মনোনয়ন দেওয়া হইয়া থাকে।

(খ) না।

(গ) সাধারণতঃ তিন বৎসর।

Age of Superannuation from 55 to 58 in respect of State Government Servants.

40. (Admitted question No. 116.) **Shri Sambhu Charan Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state whether the Government of West Bengal is considering a proposal to raise the age of superannuation from 55 to 58 in respect of other State services as has been done in the case of West Bengal Higher Judicial Service?

The Minister for Finance: The matter is under consideration of Government.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: Honourable Members, I have received nine Calling Attention notices on the subjects of—

(1) Issue of distress warrants for the realisation of arrears of various sorts of agricultural loans in different districts—by Shri Shambhu Gopal Das.

(2) Proposed closure of Titaghur No. 1 Jute Mill—by Shri Gopal Banerjee.

(3) Stopping of work of Bandel Thermal Power Station Plants—by Shri Panchu Gopal Bhaduri.

(4) Closure of Fulia Tangaile Textile Mills by the Management—by Shri Gour Chandra Kundu.

(5) Treatment of persons detained under D.I. Rules as "C" Class prisoners in the Presidency Jail—by Shri Birendra Narayan Roy.

(6) Closing down of a number of cotton mills of West Bengal—by Dr. Kanai Lal Bhattacharya.

(7) and (8) Failure of Dandakaranya Project—by Shri Gour Chandra Kundu and Shri Kashi Kanta Maitra.

(9) Confusion and uncertainty in the gold market due to Gold Control Rules—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice on the subject of treatment of persons detained under D. I. Rules as "C" Class prisoners in the Presidency Jail by Shri Birendra Narayan Roy, and I request the Hon'ble Minister-in-charge to make a statement today or to give a date for making such statement.

The Hon'ble Jagannath Kolay: A statement will be made on Friday.

GOVERNMENT BILLS

The West Bengal Board of Secondary Education Bill, 1962

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, ৯ বছর পরে সেকেন্ডারী এডুকেশন বিল এই হাউসের কাছে এল। এর উপর অনেক সংশোধনী উপস্থিত করা হয়েছিল, এবং আজ এই বিল পাস হতে যাচ্ছে। আপনারা

সকলে জানেন সেকেন্ডারী এডুকেশন বিল নিয়ে এই হাউসের মধ্যে এমন বিরোধিতা ছিল যার ফলে সরকার বার বার নোটিস দেওয়া সত্ত্বেও এই বিল হাউসের সামনে আনতে পারেন নি। আজকে জাতির এই সঙ্কটময় মুহূর্তে আমরা সকলেই সরকারের সঙ্গে সহযোগিতার মনোভাব নিয়েছি, তাই বিরোধীপক্ষ থেকে যেরকম ওপোজিশন দেওয়া উচিত ছিল তা দেওয়া হয়নি। আমরা আশা করেছিলাম সরকার এই আইন পাস করার আগে বিরোধীপক্ষের সংশোধনীগুলি বিশেষ করে বিবেচনা করে দেখবেন।

একথা ঠিক যে সরকারের এখানে সংখ্যাধিক্য আছে—আমি ব্রুট মেজরিটির কথা বলি না। তাঁরা যেভাবে নির্বাচিত হল তাতে তাঁরা সংখ্যাধিক্যে নির্বাচিত হয়েছেন এবং তাঁদের হাতেই সরকার, কাজেই তাঁরা সংখ্যাধিক্যের জোরে যে কোন আইন পাস করাতে পারেন। কিন্তু আমরা যারা বিরোধীপক্ষে আছি, আমরাও দেশের একটা বৃহৎ অংশের প্রতিনিধিত্ব করি। সেজন্য আমরা ভেবেছিলাম যে অন্য বিল বা অন্য আইনের সম্বন্ধে পৃথক কথা। কিন্তু মাধ্যমিক শিক্ষা বিলটা এমনভাবে সংশোধন বা পরিবর্তন করা হবে যাতে আমাদের হাউসের সর্বসম্প্রদায়ের সমর্থনে এবং সকল দলের সমর্থনে এই বিলটা পাস হবে। স্যার, আপনি নিশ্চয় জানেন যে আজকে আমাদের দেশের যে শিক্ষার ব্যবস্থা তাতে করে যেভাবে আমাদের দেশের যুবকদের চরিত্র, মন, শিক্ষা তাদের ভবিষ্যতের রুজিরোজগারের ব্যবস্থা হওয়া উচিত ছিল স্বাধীন ভারতে ১৯৪৭ সালের পর ঠিক সেইভাবে শিক্ষা ব্যবস্থা হয়নি। মাধ্যমিক শিক্ষা জাতির শিক্ষার মেরুদণ্ড যদিও প্রাইমারী শিক্ষায় বালকদের যে শিক্ষা ব্যবস্থা হয় তার অনেকখানি পরিণতি ঘটে এই মাধ্যমিক শিক্ষায়। কাজেই ভবিষ্যত জাতি গড়ে উঠবে মাধ্যমিক শিক্ষার দ্বারাই। সেজন্য আমরা মনে করেছিলাম যে মাধ্যমিক শিক্ষা বিল এমনভাবে রূপায়িত করা হবে, এমনভাবে সংশোধন করা হবে যার ফলে আমাদের প্রত্যেকের শিক্ষার উপর যে ইন্টারেস্ট রয়েছে সেদিকে দৃষ্টি রেখে এই বিল সংশোধন করা হবে। আমাদের বিরোধীপক্ষ যদিও সংখ্যাধিক্য নয়, তবুও তাদের একজন বাদ দিয়ে তাদের মতকে সম্পূর্ণ অগ্রাহ্য করে এই বিলটা যেভাবে পাস করা হল তা নিশ্চয় সমর্থনযোগ্য নয়। শিক্ষা সম্বন্ধে বিভিন্ন শিক্ষাবিদ্‌দের বিভিন্ন মত আছে—কারুর কারুর মত হল শিক্ষাকে সম্পূর্ণভাবে সরকারী কন্ট্রোলের বাহিরে রেখে এমনভাবে শিক্ষাবিদ্‌দের হাতে এই শিক্ষার ভার দেওয়া উচিত যার ফলে ঠিক কোন দল বা কোন পার্টি বা সরকারের সেখানে প্রভাব না পায় অর্থাৎ যাতে স্বাধীনভাবে স্বাধীন চিন্তার মধ্য দিয়ে দেশের প্রতি তাদের ভালবাসা এবং কর্তব্য একদিকে গড়ে ওঠে অপরদিকে যাতে ভবিষ্যতে একজন দায়িত্বশীল নাগরিক হিসাবে সে গড়ে ওঠে। কাজেই এইরকম যে মত সেই মতের আধিক্যও কম নয়। আবার কেউ কেউ আছেন যে তাঁরা এটাকে একেবারে সরকারের আওতায় আনতে চান। কাজেই সেদিক থেকে বিল এখানে যেভাবে পাস করা হল তাতে সম্পূর্ণ সরকারী নিয়ন্ত্রণাধীনে এই মাধ্যমিক শিক্ষা বিল যাতে কার্যকরী হয়, সরকারী নীতি অনুসারে সরকারী অর্থেই যাতে পরিচালিত হয় সেদিকে দৃষ্টি রেখে এই বিল আনা হয়েছে। কাজেই এই যে বিল এই বিলের কি প্রয়োজন? যদি সরকার

[12-10—12-20 p.m.]

সমস্ত জিনিসই নিয়ন্ত্রণ করেন, বোর্ড এবং বোর্ডের অন্তর্গত প্রত্যেক কমিটির কাজ যদি নিয়ন্ত্রণ করেন, প্রত্যেকটি কাজ তা কমিটির রেকমেন্ডেশন হোক বা বোর্ডের কাজই হোক, বোর্ড যদি সম্পূর্ণ সরকারের সমর্থনের উপর নির্ভর করে তাহলে আমি জানি না এইরকম বিল আনার কি আবশ্যকতা আছে? এই বিল যেন একটা লোক দেখানো বিল। যেন এই বিলকে পাস করাতেই হবে কেননা সরকারের যেন প্রেস্টিজ অ্যাট স্টেক। কারণ ৯ বৎসর ধরে এই বিল আনতে পারলেন না, পাস করতে পারলেন না, কাজেই যে করেই হোক এটাকে পাস করাতে হবে। কাজেই এই বিলকে পাস করাবার সময় যাতে সরকারের সম্পূর্ণ নিয়ন্ত্রণ ক্ষমতা থাকে স্বভাবতঃই সেদিক থেকে এই বিলকে সেইভাবে আনা হয়েছে এবং সেভাবে পাস করাও হল। আজ যাঁরা সংখ্যাধিক্য, ইতিহাসে দেখা গিয়েছে, বরাবর তাঁরা সংখ্যাধিক্য থাকে না। যাই হোক সেই সংখ্যাধিক্যের জোরে এই বিলকে পাস করা হচ্ছে। বিরোধী পক্ষ থেকে যে সমস্ত প্রস্তাব করা হয়েছিল, ১৯৫০ সালের আইনে যা ছিল যে তারা কয়েক জনের নাম প্রস্তাব করবেন সভাপতির এবং তার থেকে সরকার একজনকে নির্বাচন করবেন। এইটুকু মাত্র গণতান্ত্রিক অধিকার ছিল ১৯৫০

সালের আইনে কিন্তু এবার সভাপতি নিয়োগ সম্পূর্ণভাবে সরকারের এক্তিয়ারে ও কর্তৃত্বাধীনে এবং সরকারই নির্বাচন করবেন। আমাদের বিরোধী পক্ষ থেকে শম্ভুবাবু এই প্রস্তাব করেছিলেন যে ৪ বৎসর পরে যাতে বোর্ডের রেকমেন্ডেশনকে সরকার অনুমোদন দেন। কাজেই এটা এমন একটা প্রস্তাব, যে প্রস্তাবে ৪ বৎসর বোর্ডের কাজ সম্পূর্ণ সরকারের নিয়ন্ত্রণে পরিচালিত হবার পর, ৪ বৎসর পরে যেন সভাপতির নাম রেকমেন্ড করবার দায়িত্ব বোর্ডের উপর দেওয়া হয়, যেখানে সম্পূর্ণ সংখ্যাধিক্য সরকারের, এইটুকু গণতান্ত্রিক অধিকারের যে সংশোধনী প্রস্তাব সেই সংশোধনী প্রস্তাব পর্যন্ত সরকার গ্রহণ করলেন না। কাজেই আমার মনে হয় সরকার বিরোধীপক্ষকে সম্পূর্ণ অগ্রাহ্য করেছেন। তাঁরা যা করবেন তাই সকলকে মেনে নিতে হবে। তারপর সেক্রেটারী নিয়োগ। সেক্রেটারী তো বোর্ডের কর্মচারী কিন্তু আজ এই বোর্ড তাঁকে নিয়োগ করতে পারবে না যে বোর্ডে সরকারেরই সংখ্যাধিক্য। কাজেই সেই সেক্রেটারী যদি সরকার নিয়োগ করেন তাহলে সেই সেক্রেটারী সরকারের মুখাপেক্ষী হবে, বোর্ডের মুখাপেক্ষী হবে না। কেননা তার যা কিছু সুখ-সুবিধা তা সবই সরকার ব্যবস্থা করবেন। কাজেই বোর্ডের কর্মচারী সেক্রেটারী, আমি প্রেসিডেন্টের কথা বাদ দিলাম, তাকে নিয়োগ করবার ক্ষমতা বা রেকমেন্ড করবার ক্ষমতা বোর্ডকে দেওয়া হল না। কাজেই সেদিক থেকে পরিষ্কার হচ্ছে যে, সরকার যে বোর্ড করছেন যদিও তাতে তাঁদেরই সংখ্যাধিক্য থাকবে তবুও সেই বোর্ডের উপর তাঁরা বিশ্বাস রাখতে পারছেন না। বোর্ড হয়ত এমন কাজ করতে পারেন যাতে করে তার উপর সরকারের সম্পূর্ণ সমর্থন থাকবে না কিন্তু বোর্ডের সভাপতি এবং সেক্রেটারীর উপর সম্পূর্ণ কর্তৃত্ব তাদের থাকছে। তারপর আমাদের বিরোধীপক্ষ থেকে অনেকে বলেছেন যে মন্ত্রিমহাশয় পরিষ্কার বলেছেন যে আইনের ২২৬।২৭ ধারায় সংবিধান অনুসারে যদি কেউ মামলা করতে চান তাহলে সে মামলা করতে পারবে, বাধা নেই। কিন্তু আইনে সেটাকে এমনভাবে বিধিবদ্ধ করা হল কেন—মানুষের যে গণতান্ত্রিক অধিকার যদি কোন শিক্ষক মনে করে সে কোর্টে যেতে পারে সেটুকু অধিকার যেটা সংবিধানে দেওয়া হয়েছে সেটাকে কেন সরকার অগ্রাহ্য করে এমন আইন বিধিবদ্ধ করলেন যাতে করে তাদের সেখানে যাবার অধিকার থাকবে না। আপনি জানেন, স্যার, যে বর্তমানে স্কুল ম্যানেজিং কমিটিগুলির সঙ্গে শিক্ষকদের অনেক সময় অনেক মতভেদ ঘটে। কাজেই সেদিক দিয়ে সেই মতভেদ ঘটার পরে শিক্ষকের উপর শাস্তি হয়, জুলুম হয় এবং একটা প্রতিকার, প্রতিবিধানের জন্য যে য়্যাপিল কমিটি হল সেই য়্যাপিল কমিটির কাছে গিয়ে যদি তা না পায় তাহলে কোর্টে তারা যেতে পারবে, এই যে গণতান্ত্রিক অধিকার তা স্বীকার করে নেওয়া হল না। কাজেই সব দিক থেকে যে আইন পাস হতে চলেছে সেই আইন পরিবর্তনের জন্য এই থার্ড রিডিং-এ কিছু বলে বিশেষ কোন কাজ হবে বলে মনে হয় না। কমিটির যে পাওয়ারস অ্যান্ড ফাংশনস থাকবে বিভিন্ন কমিটির সেই কমিটিগুলিকে তাদের অধিকার দেওয়া হল না যে তারা নিজেরা ইচ্ছাকৃত মাধ্যমিক শিক্ষার বিস্তার এবং কল্যাণের জন্য মাধ্যমিক শিক্ষা যাতে ঠিকভাবে পরিচালিত হয় সে বিষয়ে তারা নিজের থেকে কোন পরামর্শ দেবার অধিকারটুকু তাদের দেওয়া হল না। তাহলে এই বিলটিকে যদি সব দিক থেকে সম্পূর্ণভাবে সরকার তার নিয়ন্ত্রণে নিয়ে আসেন এবং আইন যেটা নিয়ে এসেছেন সেটা গৃহীত হয়ে যায় তাহলে তার সুদূর-প্রসারী ফল কত ভয়ানক হবে। আমি মন্ত্রিমহাশয়কে বহুদিন ধরে জানি—তিনি এই সেকেন্ডারী এডুকেশন বিল নিয়ে অনেক সংগ্রাম করেছেন—তাঁর শিক্ষা সম্পর্কে যথেষ্ট জ্ঞান আছে। তিনি যদি চাইতেন শিক্ষা স্বাধীনভাবে হওয়া উচিত, যেভাবে তার বিস্তার হওয়া উচিত, মাধ্যমিক শিক্ষা যেভাবে পরিচালিত হওয়া উচিত—সে মাধ্যমিক শিক্ষার ধারা আমাদের দেশের যুবকদের এবং তরুণদের চরিত্র এবং তাদের দেশপ্রীতির দ্বারা সমাজ এবং দেশের প্রতি তাদের কর্তব্য করতে পারবে এবং ভবিষ্যত জীবন গঠন করে তুলতে পারবে আইনের এইসব দিকে লক্ষ্য রেখে আইনকে সেইভাবে পরিচালিত করা উচিত ছিল—সেইভাবে একে পাস করা উচিত ছিল। কাজেই এই আইনের ধারাগুলি যেভাবে করা উচিত এবং যেভাবে কোন সংশোধন গ্রহণ করা হল না সেইভাবে আমরা থার্ড রিডিং-এ কিছু বললে জানি না এর পরে মন্ত্রিমহাশয় কোন কোন ধারা পরিবর্তন করতে পারবেন কিনা এবং পারেন কিনা, তা সত্ত্বেও আমি একজন প্রবীণ সদস্য হিসাবে আর একবার মন্ত্রিমহাশয়কে আবেদন জানাচ্ছি কোন কোন ধারায় যেগুলি সংশোধন আনা হয়েছে তা গ্রহণ করুন তাহলে আমরা এই সভার সমস্ত সদস্য এই বিলকে সমর্থন করি।

[12-20—12-30 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মিস্টার স্পীকার, স্যার, মাধ্যমিক শিক্ষা বোর্ড বিল সম্পর্কে থার্ড রিডিং-এ বলতে গিয়ে প্রথমে ভেবেছিলাম যে হয়ত মন্ত্রিমহাশয়ের মনোভাব পাইলটিং ইত্যাদির মধ্য দিয়ে তিনি এমন সুযোগ আমাদের পক্ষে সৃষ্টি করে দেবেন যাতে কিছু ভাল কথা আমরা বলতে পারবো। কিন্তু কোন ভাল কথা বলবার সুযোগ কিংবা কোন কিছু নূতন আশা করার সুযোগ আজ প্রয়োগের ক্ষেত্রে এই বিল আইন হবার পরে কোন সুরাহা ও আশাজনক কিছু দেখা যাবে তা দেখতে পাচ্ছি না, বুঝতে পারছি না। সেই জন্য যে কথাটা বার বার আমার মনে হচ্ছে যে এই থার্ড রিডিং-এর সময় এই বিলটাকে কোন আইন, কোন অ্যামেন্ডমেন্ট নূতনভাবে গ্রহণ করে কিংবা প্রয়োগের ক্ষেত্রে সংস্কার করে উপস্থিত করবেন—এই অনুরোধ না করে আজকে আপনার মাধ্যমে একটা সাবধানবাণী উচ্চারণ করতে চাচ্ছি। সেটা হচ্ছে এবারকার অধিবেশনে দেখা গেছে যে সরকার-পক্ষের সদস্যদের মধ্যে দুটো ঝোঁক, তার ভেতর একটা অত্যন্ত উদ্বেগজনক ঝোঁক, তা হচ্ছে প্রতিক্রিয়ার দিকে যেটা প্রতিফলিত হচ্ছে এই মাধ্যমিক শিক্ষা বোর্ড বিলের মধ্যেও। এবং ঐ যে আর একটা ঝোঁক যার একটু একটু আভাষ দেখা গেছে—যেমন ঐ গণতান্ত্রিক অধিকারের প্রসার হয়েছে মিউনিসিপ্যালিটির নির্বাচনের ক্ষেত্রে কিংবা ঐ মিটিং এবং প্রসেশান সম্পর্কে বিলটা আনবার কথা ছিল, সেটা সুবুদ্ধির জন্যই হোক কিংবা গণতান্ত্রিক কোন চাপে পড়েই হোক বা কোন আবেদনেই হোক সেটা মন্ত্রিসভা এই হাউসে এবার আনেন নি। এর ভেতর প্রগতির কিছু কিছু প্রভাব দেখা যাচ্ছে। আমি সাবধানবাণী উচ্চারণ করতে চাই—প্রতিক্রিয়ার দিকে যে ঝোঁক একে নিশ্চয়ই রুখতে হবে; তা না রুখলে বর্তমানে হোক, কিংবা অনাগত ভবিষ্যতের জন্য হোক এদিকে ও ওদিকে নূতন শিক্ষাক্ষেত্রে মাধ্যমিক শিক্ষাই বলুন সাধারণভাবের শিক্ষাই বলুন, তার সঙ্গে বৃত্তি, কারিগরী শিক্ষা, তার জন্য সমস্ত পৃথিবীর মধ্যে সামনের সারির জাতির সমপর্যায়ে আসবার জন্য যে অনাগত ভবিষ্যতের কথা চিন্তা করি, আশা রাখি ও বিশ্বাস রাখি, সেদিকে তাকিয়ে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এবং সাবধান করে দিতে হচ্ছে—এই যে পথে আপনারা চলছেন, এই পথে চললে হবে না। মাধ্যমিক শিক্ষা বোর্ড বিলের যখন আলোচনা হয়েছে, তখন একটা কথায় আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী অত্যন্ত বেদনাবোধ করেছিলেন বলে মনে হলো—ঐ কুক্ষিগত কথাটা বলায় তিনি বার বার ওটা ব্যবহার করে বলেছেন দুঃখ পেয়েছি। আমি ভেবেছিলাম ঐ কুক্ষিগত কথাটা ব্যবহার না করে বদলে অন্য কিছু ব্যবহার করা যায় কিনা। বিলের পাইলটিং ও আইনকানুন পড়ে দেখেছি ঐ কুক্ষিগত ছাড়া আর কিছু আখ্যা দেওয়া যায় না। সরকার এই বিলের দ্বারা সমস্ত কিছু কুক্ষিগত করতে চান। এই বিবরণে আরো দেখা যাবে চার নম্বর ক্লজ থেকে পর পর পড়ে যান, দেখবেন একথা আপনাকে বলতে হবে যে সরকার মাধ্যমিক শিক্ষাকে কুক্ষিগত করছেন। কিন্তু কুক্ষিগত করেও সরকার নিশ্চিন্ত হচ্ছেন না। তাঁদের বশংবদ লোকদের নিয়ে কুক্ষিগত করেও তাঁদের ভয় যাচ্ছে না, সন্দেহ যাচ্ছে না। এই কুক্ষিগত করেও তার উপর আবার গডরেজের তালা লাগাচ্ছেন। বশংবদ লোকদের নিয়ে বোর্ড করেও সরকার বলছেন আমরা যা যা চাই, তার চেয়ে বেশী কিছু দেবে না এই কথা বলছেন তাঁরা যে জিনিস চাচ্ছেন, শুধু সেটাই দিতে হবে। এই বোর্ডের মধ্যে সরকার অনেক শিক্ষাবিদ্, অনেক ব্যক্তিত্বসম্পন্ন লোক আনছেন, ডীন আনছেন, তাঁদের এনে এই বোর্ডে, তাঁদের কাছে চাওয়া হচ্ছে এই দিও, ঐ দিও না ইত্যাদি। প্রদীপের দৈত্যের মত গোলামীর অভিশাপ তাঁদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে আমরা যা হুকুম করবো, তার চেয়ে বেশী কিছু করবে না। শিক্ষার জন্য তাঁদের প্রাণে যদি কোন নূতন অনুপ্রেরণা আসে, ইন্সপিরেশন আসে, সেটা তাঁরা জানাতে পারবে না। তাঁদের কোন সাজেশন দেবার পর্যন্ত ক্ষমতা থাকলো না। তাঁদের ক্ষমতা কেবল সরকারের হুকুম তামিল করার মধ্যে সীমাবদ্ধ থাকলো।

তারপর আর একটা ব্যাপার দেখছি শিক্ষামন্ত্রী মহাশয় বড্ড বেশী সেন্সিটিভ। আমাদের এখানে গণতান্ত্রিক অধিকারের কথা বললে তিনি তা সহ্য করতে পারেন না। তাঁর স্লোগান হচ্ছে গণতান্ত্রিক ইংলন্ড। আমাদের এখানে সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে সেন্ট্রালাইজ করা হচ্ছে বলেছিলাম, তাতে তিনি আপত্তি করে বলেছেন আপনারা গণতন্ত্র বিরোধী। কেন, যে ইংলন্ড গণতন্ত্রের উৎস, সেই ইংলন্ডেও তো সেকেন্ডারী এডুকেশনকে কেন্দ্রীয়করণ করা হয়েছে।

সেখানে যে একটা সেকেন্ডারী এডুকেশন বোর্ড ছিল, ১৯৪৪ সালে সেই সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে তুলে দেওয়া হল। এই রকম একটা ব্যাপার, তিনি ব্যক্ত করতে চেয়েছিলেন। আমার কেমন যেন মনে হয়েছে—হয়ত হাউসের সদস্যরা অজ্ঞ ও এই সমস্ত ব্যাপারে অশিক্ষিত ভেবেছিলেন, তাই সেই রিপোর্টগুলো—মুদালিয়ার কমিশন এবং দে কমিশনের রিপোর্ট যেমন এখানে সার্কুলেট করা হয়নি, তেমনি গণতান্ত্রিক ইংলন্ডেরও ১৯৪৪ সালের যে এডুকেশন অ্যাক্ট, তা এখানে সার্কুলেট করা হয়নি। হয়ত তিনি ভেবেছিলেন কেউ তা বুঝবে না। এই সমস্ত অ্যাক্টের কথা বললে তিনি যে গণতন্ত্রের পিছনে আছেন, এই জিনিসটা প্রমাণিত হবে। গণতন্ত্রের নামে লিগাল ফিকশন আনায়, ঐ যে সেকেন্ডারী এডুকেশন বোর্ড তার কোন অস্তিত্ব ছিল না। বোর্ড কোনদিন মিট করেনি, নামেই বোর্ড। যিনি প্রেসিডেন্ট অব দি বোর্ড, তিনি হচ্ছেন শিক্ষামন্ত্রী। কাজে কাজেই বোর্ড অব এডুকেশন একটা লিগাল ফিকশন মাত্র। সেখানে তাঁর কোন দায়িত্ব ছিল না, এবং প্র্যাকটিক্যাল, বাস্তব কাজের মধ্যে তাঁর অস্তিত্ব ছিল না। সেদিক থেকে সেই কথাটা তিনি বার বার তুলে ধরতে চেয়েছেন, যে ইংলন্ডের মত একটি গণতান্ত্রিক দেশে কেন্দ্রীয়করণ হচ্ছে, আমাদের দেশে তা হবে না কেন? ইত্যাদি। ইংলন্ডের ১৯৪৪ সালের যে আইন, তাতে কেন্দ্রীয়করণ করা হয়েছে, শুধু তাই নয়, সেখানে লোকাল অথরিটিব একটা অভিজ্ঞ অথরিটি মেনে নেওয়া হয়েছে এবং অনেক বিষয় ইনিসিয়েটিভ ক্ষমতা দেওয়া হয়েছে। সেখানে যে কাউন্টি কাউন্সিল, ব্যুরো কাউন্সিল আছে, তাদের হাতে অনেক ক্ষমতা ছেড়ে দেওয়া হয়েছে। কাজেই ১৯৪৪ সালের ইংলন্ডের আইনেতে সেখানে ন্যাশনালভাবে, জাতিগতভাবে, আমাদের দেশের মত, শিক্ষাকে কো-অর্ডিনেশন করে পরিচালন করবার চেষ্টা হয়নি। আমাদের দেশের মত ইংলন্ডে, এইরকমভাবে শিক্ষাকে কেন্দ্রীয়করণ করবার চেষ্টা হয়নি, এইরকম ধরনের একটা বশম্বদ বোর্ড গঠন করবার চেষ্টা করা হয়নি। আর একটা জিনিস শিক্ষামন্ত্রী মহাশয় করতে চেয়েছেন এই বিলটি পাইলট করবার সময়, যে আমরা অনেক সময় রাস্তাতে দেখতে পাই খুব পাকা খেলোয়াড় ম্যাজিসিয়ান হাত ঘুরিয়ে ভেলকির খেলা দেখান, তাসের খেলায় হাত চাপড়ে খেলা দেখান। উনিও সেইরকমভাবে একবার এটা, একবার ওটা, ঘুরিয়ে, ফিরিয়ে দেখাচ্ছেন। আমরা যখন বলি আপনি এই ধারায় করছেন না, কেন? তখন উনি জবাব দেন – আপনারা ভুলে যান, মুদালিয়ার রিপোর্টে এটা নেই। আবার যখন আমরা মুদালিয়ার কমিশন রিপোর্টের কথা বলি, তখন তিনি বলেন দে কমিশনের রিপোর্টেতে এটা নেই। ঐ দে কমিশন এবং মুদালিয়ার কমিশন-এর রিপোর্টকে, দুখানা তাসের হরতন ও ইস্কাবনের বিবির মত, আমাদের সামনে তুলে ধরে ঘুরিয়ে ফিরিয়ে, একবার এটা দেখান হচ্ছে, আর একবার ঐটা দেখান হচ্ছে। এইভাবে তিনি আমাদের সামনে কনজুরিং ট্রিক করতে চেয়েছেন। মুদালিয়ার কমিশন আসল যে কথাটা বলেছেন সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে তার যে স্পিরিট, সেই স্পিরিটকে এই বিলের ভিতর রক্ষা করতে পারেন নি। সবদিক থেকে এই বিলটি অগণতান্ত্রিক বলে আমি মনে করি। এটা অত্যন্ত দুঃখের কথা যে এই সময় তিনি এই বিলটি এনেছেন। এই বিল সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য হেমন্তবাবু বলেছেন যে আমাদের দেশের অবস্থা যদি আজকে সঙ্কটজনক না হ'ত, তাহলে এই বিল সম্পর্কে আইন পাস করতে গেলে যে তুমুল আলোড়ন হ'ত, তা হয়নি। আজ জাতীয় সঙ্কটের সুযোগ নিয়ে মন্ত্রিসভা এইরকম একটা বিল এই সভাতে পাস করাতে চেয়েছেন। এইভাবে এই সময় এই

[12-30—12-40 p.m.]

বিলটা উপস্থিত করেছেন এটা স্পোর্টসম্যান লাইক হয় না। কিন্তু রাজনীতি স্পোর্টস নয়। এই হাউসের বিরোধীপক্ষ সম্পর্কে কোন সুবিধা দেওয়া শাসনাধিষ্ঠিত দলের পক্ষে মারাত্মক। তাই তাঁরা এই সঙ্কটময় মুহূর্তকেই বিল আনার পক্ষে সুবিধাজনক সময় ভেবে এই বিলটা এনেছেন। কিন্তু এই বিল তাঁরা এখন না আনলেই ভাল করবেন, পরে বিশেষভাবে বিবেচনা করে এই বিল পাস করা হলে ভাল হত। যাই হোক, এখন একটা কথা আমি খালি বলতে চাই যে, পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী কিংবা শিক্ষা বিভাগের কর্মকর্তাদের মনে কোন স্থির ধারণা আছে কিনা পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজ, ছাত্র ও অভিভাবক সমাজ—এঁদের সকলের সহযোগিতায় নতুন ইনিসিয়েটিভ নিয়ে, নতুন কর্মোদ্যোগে অনুপ্রাণিত হয়ে কি করে শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে পারা যায় যা এতদিন আমাদের এখানে গড়ে উঠেনি। একটা কথা, মিঃ স্পীকার, স্যার, আমি এখানে নিবেদন করতে চাই, বিলাতে শিক্ষা খাতে ৪০০ কোটি টাকা খরচ করে, আমাদের এখানে

শিক্ষার মূল খরচ গভর্নমেন্ট করেন না, শিক্ষার মূল খরচ আমাদের এখানে আসে অভিভাবকদের কাছ থেকে, ৳ অংশ অভিভাবকদের কাছ থেকে আসে। তার উপর কেন্দ্রীয় গভর্নমেন্টই বেশির ভাগ খরচ করেন। সুতরাং তাদের ভিতর বিকেন্দ্রীকরণের চেষ্টা সমর্থনযোগ্য, এর মধ্যে সেন্ট্রাল এবং স্টেট-এর মধ্যে কো-অর্ডিনেশন-এর চেষ্টা সমর্থনযোগ্য। আমাদের এখানে লোকাল ইনিসিয়েটিভ-এর স্কোপ আছে, কিন্তু দুঃখের বিষয়, সরকারের সে উদ্যোগ ও সে চেষ্টা নেই। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বার বার বলেছেন আমাদের রিসোরসেস খুব কম। কিন্তু আমাদের ক্ষমতা অনেক বেশি, কন্ট্রোল অনেক বেশি এবং লোকাল ইনিসিয়েটিভ স্বতঃস্ফূর্তভাবে অনেক চেষ্টা করতে পারেন। আজকের আমাদের এই দৃষ্টিভঙ্গী, অতীতের ঐতিহ্য সম্পূর্ণ মুছে দিয়ে, বন্ধ করে দিয়ে যা আমরা করতে যাচ্ছি তার ফল কি হবে জানি না, কিন্তু আমার মনে হয়, গণতন্ত্রের কোন অবদান যদি কার্যকরী করতে হয় তাহলে এভাবে হবে না। আমি এই সাবধানবাণী ও হুঁসিয়ারী উচ্চারণ করতে চাই, যদি অতীতে অভিজ্ঞতার কোন মূল্য থেকে থাকে, নিশ্চয়ই আছে—ভবিষ্যতেও যদি এই কংগ্রেস দলই সংখ্যাগরিষ্ঠ থাকেন তবে তারাই এই পরিবর্তন করবেন, তা না হলে অন্য দল যাঁরা সংখ্যাগরিষ্ঠ হবেন তাঁরা এর পরিবর্তন করবেন। সর্বশেষ কথা, আমি মনে করি যে এই সংখ্যাগরিষ্ঠতার কথাটা একটা ভূয়া কথা। শিক্ষার মত ব্যাপারে আমার মনে হয় নন-পার্টি বেসিস-এ ভোটিং রাইট থাকা উচিত ছিল। নন-পার্টি বেসিস-এ ভোটিং রাইট দেওয়া হলে আমার বিশ্বাস এই মাধ্যমিক শিক্ষা বিল এই হাউসে মেজরিটি পেত না। এই হাউসে বহু ব্যাপারেই সংশোধনী দেওয়া হয়, কিন্তু শুধুমাত্র এইরকম টেকনিক্যাল নামমাত্র সংশোধনী যা নরেনবাবু ও মুক্তিপদবাবু দিলেন সরকারপক্ষ থেকে, তা না করে যদি পার্টি বেসিস-এ ভোটিং না হয়ে প্রকৃত মেজরিটি বেসিস-এ এই হাউসে বিলের সংশোধনের চেষ্টা হত তাহলে কিছুটা মেটিরিয়াল সংশোধনী হত। কিন্তু দুঃখের বিষয়, শিক্ষার মত ব্যাপারেও তা হয়নি। তা না হলেও যা হয়েছে, অদূর ভবিষ্যতে মন্ত্রিমহাশয় বা এই শাসক দল এই বিলের পরিবর্তন করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর কয়েক ঘণ্টার ভিতর হয়তো এই হাউসে এই বিলটা গৃহীত হবে, তার পরে বিধান পরিষদে যাবে, এবং বিধান পরিষদে যাবার আগে আমি কয়েকটা কথা এই সুযোগে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। মাধ্যমিক শিক্ষা দেশের মেরুদণ্ড -দেশ এবং জাতিকে গড়ার জন্য এবং গণতন্ত্রের বিকাশ এবং গণতন্ত্রের ঠিক ঠিক পরিস্ফুরণের জন্য মাধ্যমিক শিক্ষার আবশ্যকতার কথা আমরা শুনেছি—এই কথা আমরা মাননীয় শিক্ষামন্ত্রীর বক্তৃতা থেকেও আমরা শুনেছি। কিন্তু যে বিলটা আমাদের কাছে এসেছে তাতে মাধ্যমিক শিক্ষার বিকাশ কিভাবে হবে, বিস্তার কিভাবে হবে, মাধ্যমিক শিক্ষা কি পরিকল্পনায় তা পরিকল্পিত হবে সে সম্পর্কে বিলে একটি কথাও নেই। আজকে মাধ্যমিক শিক্ষা যে অত্যন্ত বিশৃঙ্খল অবস্থায় আছে, পশ্চিম বাংলায় যে অত্যন্ত বিপর্যস্ত অবস্থায় আছে একথা অস্বীকার করবার উপায় নেই। শিক্ষা দপ্তরের ভেতরে যে দুর্নীতি ঢুকে আছে—শিক্ষা দপ্তরের গোড়া থেকে শেষ পর্যন্ত দুর্নীতিতে ভরে আছে—সেই শিক্ষা দপ্তরের মাধ্যমে মাধ্যমিক শিক্ষা বলে যা আজকে আমাদের দেশে চলছে তাতে জনসাধারণ এবং দেশবাসী অত্যন্ত হতাশ হয়ে পড়েছে যে এইভাবে যদি মাধ্যমিক শিক্ষা চলে তাহলে কোথায় গিয়ে আমরা হাজির হব? তাই সকলে আশা করেছিলাম যে আমাদের এই হাউসে অন্তত এমন একটা বিল আসবে যার মাধ্যমে লোকে আশার আলো দেখতে পাবে, যার মাধ্যমে আমরা মাধ্যমিক শিক্ষা এমনভাবে গড়ে তুলতে চাই, এমনভাবে তার বিকাশ এবং বিস্তার হওয়া চাই যাতে বাস্তব পক্ষে মাধ্যমিক শিক্ষা ঠিকভাবে চলবে, কিন্তু তা দেখলাম না। এই বিলটা মোদ্দা কথায় মাধ্যমিক শিক্ষা পর্ষদ বিল। অর্থাৎ মাধ্যমিক শিক্ষা পর্ষদ কিভাবে গঠিত হবে? তার হাতে কি কি ক্ষমতা থাকবে এই বিলে একমাত্র সেই কথাটাই বলা হয়েছে, আর মাধ্যমিক শিক্ষার বিস্তার বা তার বিকাশের যে জায়গা সেটুকুকে আগে শিক্ষা দপ্তরের কুক্ষিগত করে রাখা হয়েছে। এই বিলের মাধ্যমে বোর্ডের হাতে সেসব কিছু দেওয়া হয়নি তাও শিক্ষা দপ্তরের নিরঙ্কুশ কর্তৃত্বে রয়ে গেছে এবং সেই জায়গায় কারুর কোন কথা বলবার নেই। যে পর্ষদ গঠন করছেন তাকে ক্ষমতা কি দিয়েছেন এবং পর্ষদ কিভাবে গঠিত হবে তা এই বিলে আছে। এই পর্ষদকে পর্ষদ না বলাই ভাল—তার কোন অস্তিত্ব নেই। তার চোখ নেই—তাকে দেখতে হবে শিক্ষা দপ্তরের চোখ দিয়ে। তার কান নেই—শুনতে হবে

শিক্ষা দপ্তরের কাণ দিয়ে। তার প্রাণ নেই—সোনার কাটি ও রূপার কাটি তার মাথার এপাশে এবং ওপাশে রাখা আছে—শিক্ষা দপ্তরের শিক্ষা সচিব বা শিক্ষা অধিকর্তা যখন মনে করবেন জাগানো দরকার তখন তাকে জাগিয়ে দেবেন। তার কাজ করবার হাত নেই—তাঁরা যেভাবে হাতটা নাড়বেন সেইভাবে নড়বে। এইভাবে একটা পুতুল তৈরি করছেন, একটা ক্রীড়নক তৈরি করছেন যাতে যেভাবে খুশী শিক্ষা দপ্তর নাচাবেন সেইভাবে নাচবে। শিক্ষা দপ্তরের তাই বিলের কোন প্রয়োজন ছিল না, কিন্তু শিক্ষা পর্ষদ বলে যে জীব হবে তার নিজস্ব করার কোন ক্ষমতা থাকবে না, তার অস্তিত্ব নেই বললেই চলে। এটাকে শিক্ষা দপ্তরের একটা লেজ গড়া বিল হিসাবে অভিহিত করলেই ভাল হোত। এই বিলে শিক্ষা বিস্তার সম্বন্ধে যদি দেখি তাহলে দেখব যে এই বিলের মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষা সংকোচন করা। শিক্ষা সংকোচন করার কারণ হচ্ছে আজকে শিক্ষিত মানুষ বেকার। এই শিক্ষিত বেকার মানুষদের কর্মসংস্থান সরকার করতে পারছেন না বলে তাই শিক্ষাকে কিভাবে সংকোচন করা যায় এবং সেই সংকোচন করার জন্য শিক্ষা পর্ষদ বলে একটা জীব তৈরি করলেন। এই জীবটাকে সরকার একেবারে কুক্ষিগত করে রাখলেন যাতে শিক্ষা বিস্তার না হতে পারে, শিক্ষার বিকাশ না হতে পারে এবং শিক্ষিত বেকারীর যে সমস্যা সেই সমস্যার হাত থেকে যাতে রেহাই পেতে পারেন সেই উদ্দেশ্য নিয়ে এই পর্ষদ তৈরি করা হয়েছে। এই বিলটা যে সেই উদ্দেশ্য নিয়েই আনা হয়েছে একথা বললে কি অন্যায় করা হবে? গণতন্ত্রের অনেক কথা শুনেছি এবং গণতন্ত্রের প্রথা অনুযায়ী না কি এই সমস্ত ক্ষমতা আজকে সরকারের কাছে কেন্দ্রীভূত করা দরকার এবং সেটা বলতে গিয়ে বিলেতের উদাহরণ দেওয়া হয়েছে। ১৯৪৪ সালে বিলেতের যে আইন সেই আইনের কথা বলা হয়েছে। কিন্তু আমরা এতদিন যেটুকুন গণতন্ত্র সম্বন্ধে শুনেছি বা জেনেছি তাতে গণতন্ত্রের বিকাশ নির্ভর করে ক্ষমতা বিকেন্দ্রীকরণের উপর। ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে জনসাধারণের সহযোগিতা পাওয়া যায়, জনসাধারণের গণতন্ত্রে অংশগ্রহণে তার যে উদ্যোগ সেই উদ্যোগ বাড়ে। গণতন্ত্রের মূল কথা হচ্ছে পিপলস ইনিসিয়েটিভ এবং পিপলস কো-অপারেশনকে ডেভেলপ করা—জনসাধারণের উদ্যোগে এবং সহযোগিতায় বাড়িয়ে তোলাই হচ্ছে গণতন্ত্রের গোড়ার কথা, মূল কথা এবং যার জন্য অটোনমাস বডি ইত্যাদি তৈরি হয়। আমাদের করপোরেশন, মিউনিসিপ্যালিটি তৈরি হয়েছে এবং ইউনিভারসিটির মত এতবড় শিক্ষা প্রতিষ্ঠান তার ভিত্তিতেই তৈরি হয়েছে। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয়ের যে বক্তৃতা এই ক'দিন ধরে শুনলাম তার মধ্যে একটি কথা শুনলাম যে গণতন্ত্রে ভোট দিয়ে ওঁদের পাঠিয়ে দিয়েছেন, তাঁদের ক্ষমতা দিয়েছেন এবং সমস্ত ক্ষমতা যদি হাতে নিয়ে নেন তাহলে ক্ষমতা কেন্দ্রীভূত হওয়া বলে না। এটাই নাকি গণতন্ত্রের রূপ যেটা তিনি তাঁর বক্তৃতায় বোঝাতে চেষ্টা করেছেন। গণতন্ত্রের সাফল্য নির্ভর করে জনসাধারণের উদ্যোগ, সহযোগিতা এবং সহানুভূতি কাজে লাগানোর উপর—এরই উপর বাস্তবিক গণতন্ত্রের সাফল্য নির্ভর করে। বিলেতের কথা বলছিলেন—অ্যাক্ট অফ ১৯৪৪ যেটা তার মূল স্পিরিট খুঁজলে দেখবেন সরকার সেখানে অংশীদার হিসাবে শিক্ষা বিস্তার এবং শিক্ষা বিকাশের দিকে গিয়েছেন। সরকারের কর্তৃত্ব করে, সমস্ত শিক্ষা ব্যবস্থার উপর কর্তৃত্ব করে তাকে কুক্ষিগত করার যে জায়গা সে জায়গায় সরকার যায় না। সরকার অংশীদার হিসাবে শিক্ষা বিস্তার এবং শিক্ষার বিকাশের দিকে গিয়েছেন। যে টাকা ব্যয় হবে, খরচ হবে আগে সেটা জনসাধারণ করত। সেখানে স্কুলস সাধারণের প্রচেষ্টায় গড়ে উঠেছে তার সব ব্যবস্থা লোকাল অথরিটিজ যারা তারা করত। সরকার সেখানে ১৯৪৪ সালের অ্যাক্ট-এর মাধ্যমে এই যে খরচ প্রায় তার শতকরা ৬৬ ভাগ দায়িত্ব নিজেদের ঘাড়ে নিয়েছে। অ্যাক্ট অফ ১৯৪৪-এর মাধ্যমে পনের বছর পর্যন্ত যাদের বয়স তাদের মাধ্যমিক শিক্ষা আবশ্যিক এবং অবৈতনিক করে দিলেন। সেকথা এই বিলের কোথাও নেই। তাদের যে কুড়ি বছর বয়স পর্যন্ত বিনা খরচে খাবার দেওয়ার ব্যবস্থা সেই ব্যবস্থার কথা এই বিলে নেই। সুতরাং অ্যাক্ট অফ ১৯৪৪-এর কথা উঠে না। কিন্তু তার তুলনা এখানে হাজির করতে হয়েছে এজন্যে যে এটা যে একেবারে গণতন্ত্র সম্মত হয়েছে, এটা যে মুদালিয়ার কমিশন, দে কমিটি মেনে নিয়েছে, আমাদের কাছে সেটা প্রমাণ করবার জন্য। আমার এখানে একটা কথা মনে হচ্ছে। আমাদের দেশে একজন রাজমিস্ত্রী ছিল, সে ছিল কানা। তার মা-বাপ নাম রেখেছিলেন নজর আলী। অথচ সেই নজর আলীর ছিল এক চোখ কানা। সে যখন দালানের ভিত তৈরি করত তখন নজর আলীর দৃষ্টিতে ভিত সোজা তৈরি হত না, বাঁকা ভিত তৈরি হত। কিন্তু সেই বাঁকা ভিতকেই নজর আলী সোজা ভিত মনে করত এবং তার উপরে দালান করতে চাইত সেই দালান কিছুদিন থাকার পর আপনা আপনি ধ্বসে পড়ত। এখানে শিক্ষা বোর্ড বিল যেভাবে

হয়েছে এবং যেরূপে হচ্ছে তাতে কানা নজর আলীর কথাই মনে পড়ছে। সেই কানা নজর আলী মনে করত আমার দৃষ্টি অত্যন্ত স্বচ্ছ। আজ শিক্ষামন্ত্রীর কাছে সেই কানা নজর আলীর দৃষ্টান্ত দিয়ে বলছি। ১৯৫০ সালে যে আইন বাতিল করে দিতে হ'ল—১৯৫৪ সালে অ্যাডমিনিস্ট্রেটর বসালেন এবং আজ নয় বছর পরে যে বিল আমাদের কাছে আনলেন, ১৯৫৭ সালে কাউন্সিল-এ যে বিল পাস হয়েছিল, সেই ১৯৫৭ সালের পর আজ ১৯৬৩ সালে যখন ছ' বছর পার হয়ে গিয়েছে এবং এই ছ' বছরের মধ্যে দেশে যে পরিবর্তন হয়েছে, ছ' বছরের যে অভিজ্ঞতা হয়েছে মাধ্যমিক শিক্ষা স্তরে সেই অভিজ্ঞতার কোন প্রতিচ্ছাব এই বিলে দেখতে পেলাম না। এই বিলের চার নম্বর ধারায় কমিটির কথা বলা হয়েছে—কুক্ষিগত বললে আমাদের অপরাধ হয়—সেই কমিটিতে ছয়জনকে মাত্র নির্বাচিত করা যাবে তার বেশি একজনকেও নয়—দুইজন হেড মাস্টার নির্বাচন করা যাবে। দুইজনকে যে দুটি অ্যাসোসিয়েশন আছে তারা নির্বাচন করে পাঠাবে। এবং অ্যাসেম্বলী এবং কাউন্সিল একজন একজন, গভর্নমেন্টের লোক আটজন—ডাইরেক্টর অফ পাবলিক ইন্সট্রাকশন, ডাইরেক্টর অফ এগ্রিকালচার, ডাইরেক্টর অফ কমার্স আছেন এবং এমন কি ইন্সপেক্টর অফ স্কুলস আছেন। স্যার, একটা কথা বলব—ইন্সপেক্টর অফ স্কুলস দুইজন আছেন, একজন ছেলেদের স্কুলের, একজন মেয়েদের স্কুলের। ইন্সপেক্টর অফ স্কুল যিনি তিনি চাকুরী করেন। সেখানে তার উপরের যিনি অধিকর্তা এবং তার নিচের কর্মচারী থাকেন সেখানে সেই নিচের কর্মচারীর কি স্বাধীনভাবে তার মতামত ব্যক্ত করতে পারবেন? কারণ তার প্রোমোশন-এর জন্য তাকে ওই শিক্ষাসচিবের দিকে তাকিয়ে থাকতে হবে—তাঁকে খুশী করে তবে তার প্রোমোশন নিতে হবে। সেখানে তাকে কর্তার মেজাজের উপর নির্ভর করে চলতে হবে। সেই একই জায়গায় এরকম দুই ধরনের লোক রাখার নীতি একেবারে অবৈজ্ঞানিক নীতি। দ্বিতীয় কথা হচ্ছে ইন্সপেক্টর অফ স্কুলস তিনি স্কুলগুলি দেখবেন, রেকগনিশন-এর ব্যাপারে রেকমেন্ড করবেন, সেই যারা রেকমেন্ড করবে তাদের হাতেই যদি আবার বিচারের ক্ষমতা দেওয়া হয়। তারাই যদি বিচারকর্তা হয় তাহলে নীতির দিক থেকে সেটা ঠিক হয় না। আর একটি কথা, স্যার, বলব। চিরকাল সমস্ত খবরের কাগজ মারফত দেশের শিক্ষাবিদ যারা তারা প্রতিবার আপত্তি করেছেন যে, শিক্ষা অধিকর্তা এবং শিক্ষাসচিব হিসাবে যে ব্যক্তি বসে আছেন তিনি শিক্ষা ব্যবস্থা বিস্তারের ক্ষেত্রে শনিগ্রহ হিসাবে বসে আছেন। আজকে শনিদের রাহুর জায়গায় নিয়ে বসানোর ব্যবস্থা এই মাধ্যমিক শিক্ষা পর্ষদ বিলে করা হচ্ছে। এই যে জায়গা এটা বড় সাংঘাতিক জায়গা। স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি সাবধানবাণী উচ্চারণ করতে চাই যে যেভাবে শিক্ষা বোর্ডকে এই বিলে সাজান হয়েছে শিক্ষা ব্যবস্থাকে যেভাবে বিকলাঙ্গ করে গঠন করা হয়েছে তাতে বাংলাদেশের শিক্ষাবিস্তারের নীতির ক্ষেত্রে শিক্ষা সংকোচনের নীতিই গ্রহণ করেছেন এবং বাংলাদেশের জনসাধারণ সেটা সহ্য করবে না প্রতিবাদ উঠবে এবং সেই প্রতিবাদের ঝড় তাদের সামলাতে হবে।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, today perhaps we have come almost at the last stage of our discussion of a most important Bill, and within a few hours the Bill, I have no doubt, will be passed into an Act. Sir, at the initial stage I characterised this Bill along with many others here in this Assembly as reactionary, that this was a piece of retrograde measure unparalled in the history of a legislature here in this country. Sir, not only that, the Secondary Education Board which is going to be formed will be a subservient Board and this is being formed with a view that the Government may take full control of secondary education and to direct the activities of this Board. Throughout the whole Bill there is Government control and rightly therefore we feel that this piece of legislation should never have been brought here in this democratic country and specialy during this emergency. Sir, this Board will not be more than a Directorate of Government and at every stage the Government will direct the Board to function. I have watched with very great interest the functioning of democracy in this Assembly. Sir, we are considering a Bill to repeal the Act of 1950 of the Secondary Board of which the present Hon'ble the Education Minister was the author. We are considering a Bill which is just fundamentally different from that Act. We are considering a Bill which

going to make the Board a subservient body of Government. In justification of this Bill we were told that the Britishers took 70 years to pass such an Act and it has taken this Government only 3 years to give trial to the democratic constitution of a Secondary Board which was superseded--we do not know for what reason. Was it due to the fault or negligence of the members that constitute the Board?

[12-50—1 p.m.]

No enquiry was made. No investigation was made. The Government, in spite of the provisions in the Act, did not implement the Act of 1950, but superseded the Board. But the Government, without having a new Board, retained their control over secondary education. I do not think, Sir, that is proper or allowable in a democratic country.

Sir, the analogy of the British Parliamentary Act of 1944 has been made, but that does not apply in the present case. Sir, under that Act, the Britishers never wanted to centralise powers. They wanted to decentralise powers. That is the basis of the English Act of 1944. Sir, British democracy is a different thing. Under that democracy, it is possible even for a Prime Minister to step down only if the people want it to be so. But that is not the case here. Here the Government can safely, as in the case of the present Bill, ignore public opinion, ignore the views of the non-official legislators, ignore the recommendations of any Senate or anything of the kind. But that is not possible under the British Constitution. Under the British Constitution, they specially recognise public opinion, they respect public opinion. They decentralise powers and functions and these are given to the central Board and other authorities whose recommendations they accept in all cases. But what do we find here? In this Bill, from start to finish, we find control by the Government. This Bill, as it is going to be passed, is based on the distrust of the people, it is based on the distrust of the Board and it is based on the distrust of everybody. It wants to oust the jurisdiction of the court and the fundamental rights of the people and by this Bill, the Government want to take all powers in their own hands. That is the type of democracy which I have found here in this Assembly.

Sir, the Act of 1950 was passed unanimously by both Houses here in this Assembly as well as in the Legislative Council. That was passed with the solid support of the people. That was based on the cherished ideals of the Hon'ble Education Minister, as recorded in his book "Menace to High School Education". But in this Bill we find that the Education Minister wants to change his views and say that we are living in different times. He wants us to believe that he has given up his cherished ideals, as recorded in his own book. But is this Assembly competent to pass one Act one day and another Act of a different nature on another day and on the same subject? I do not think, Sir, that is allowable or that is justifiable. As I said, this Bill is based less on reason and more on majority power.

Sir, the Mudaliar Commission, the Dey Committee and the English Act—these are the three things which the Hon'ble Education Minister has often referred to in the course of this discussion. But, as I said, the English Act does not apply to the present case. Sir, the provision of the English Act will never support that there cannot be an autonomous Board in a democratic country. Was the provision of the English Act of 1944 not known to the Hon'ble Education Minister when he passed the Act of 1950? That provision was known to the Hon'ble Education Minister because that Act was in consonance with his cherished ideals and that provision he believed to be correct and true and he believed it to be in the interest of secondary education. Sir, he piloted that Bill and that Bill was passed into an Act.

Sir, during the course of the discussion, quotations have been made ... some portions of the reports of the Mudaliar Commission and the Dey Committee just to suit the purposes of the Government and just to support ... Bill. Have all the recommendations of the Mudaliar Commission or ... Dey Committee been accepted? I say 'No'. The report of the Mudaliar Commission and the report of the Dey Committee differed on many ... but just to suit the convenience of the Hon'ble Minister, extracts ... recommendations of the Mudaliar Commission or those of the Dey Committee have been read out in the House and we have been told that ... of the recommendations of the Mudaliar Commission or those of the Dey Committee, they were obliged to do this or do that. Sir, the Mudaliar Commission has laid down the general principles of secondary education ... perhaps they did not take into account the special needs of a particular State, otherwise why was the Dey Committee appointed. The Dey Committee was appointed just to scrutinise, just to determine to what extent it ... possible to adjust the recommendations of the Mudaliar Commission to ... the special needs of the State. Was he under a bar, a legal bar or ... bar, to discard any of the provisions of those recommendations? Admittedly he has discarded many. What wrong would it have been ... more popular character was given to the Bill by accepting some ... amendments moved by this side of the House? I see how democracy is functioning in this House—not one of the amendments moved by ... members of this Assembly has been accepted by the Hon'ble Education Minister, or taken as approved or thought to be in the interest of secondary education, except two or three amendments moved by some members of ... Congress party. Democracy cannot thrive in this state of affairs; democracy cannot thrive if democracy is strangled in this way. Democracy must ... broad-based; democracy must be extended. Why are you afraid of ... official educationists? Why do you not take others into confidence? Because you cannot. In order to stabilise your power, in order to ... Board absolutely under your control, you are not taking them; you ... apprehensive of taking anybody outside the Congress party or other ... your chosen people to be members of the Board. The Hon'ble Education Minister wants to take us back to the British rule. I say that this will turn the hand of the clock of progress backward in a democratic country. It is in a most undemocratic way that this Bill is sought to ... passed. There was no hurry about it. If they were anxious to have a ... of this nature, I cannot understand why there was all this paraphernalia ... a Bill; and why there was so much wastage of time and energy to have a Board to advise them—a Board consisting of people of their ... Directorate—a Board consisting of all Government people and nominated people to be working at their beck and call, to give them any advice ... they want. It is not what the people want. It is merely an eye-wash ... satisfy the public that they have a Board; and they are, therefore, responsible for what they are doing. That is the secret behind it. I submit ... humbly that according to the Mudaliar Commission there should be a compact body of experts. But who are the experts here? They are ... placed Government officials—expert in everything. But the Mudaliar Commission wanted to take non-official educationists into confidence. Sir, it ... slur on the intelligentsia of Bengal; it is a slur on the eduactionsts of Bengal. If they do not belong to a particular party, they cannot be allowed to ... part in tht administration of this country. It would have been possible ... it been a rule other than a democratic rule, and a Constitution other ... a democratic Constitution. By this Bill, as I have said, no power has ... given to the Secondary Education Board. Government have retained ... power to set at naught by one stroke of pen any of the resolutions of ... Board—any of the resolutions of the Committees. Even a Committe can

be appointed without the consent of the Government. If the Board want that some schools should be inspected, it would require the approval of the Government to form a committee and then it would be asked to go and inspect the schools. The Board is dependant on the Government for the passing of the Budget; the Board is dependant on the Government for the passing of the regulations and in every other matter. With these words, I would appeal to the Hon'ble Education Minister ....

[At this stage the red light was lit].

Mr. Speaker: Mr. Banerjee, please.. ...

Shri Bejoy Kumar Banerjee: We know that this Bill will be passed into an Act. The responsibility will be theirs and democracy will one day be established, and, Sir...........

[At this stage the honourable member having reached his time limit resumed his seat.]

[1—1-10 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে সেকেণ্ডারি এডুকেশন বিলএর আলোচনা হচ্ছে। [illegible] পার্লামেন্টারি [illegible] এই [illegible] পাস [illegible]। এই প্রসঙ্গে থার্ড রিডিং এ বলতে গিয়ে আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন রাখতে চাই। [illegible] সেকেণ্ডারি এডুকেশনের [illegible] যোগ দান করবে। কিন্তু এই মানুষ গড়ার কাজে কতটুকু সম্পন্ন হবে এই বিলের দ্বারা এটাই শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য। [illegible] এই সেকেণ্ডারি এডুকেশন বিল এর কয়েকটি ধারা, বিশেষ করে ২৭(৯) এবং ৮৭ [illegible]। সরকারী [illegible] উপর যেভাবে চাপিয়ে দেওয়া হয়েছে [illegible] রাইটার্স বিল্ডিংস এর সঙ্গে ৭৭ পার্ক স্ট্রীট এর [illegible] এই নির্দেশ মানতে হবে। [illegible] রাস্তায় ঝগড়া হয়, [illegible] এবং ৭৭ পার্ক স্ট্রীট-এর মধ্যে গোলমাল দেখা দিলে শিক্ষা [illegible] বাদ। [illegible] ১৮নং ধারা [illegible] মধ্যে রেকগনিশন এর প্রশ্ন আছে কিন্তু গ্রান্টস এর কথা বলা হয় নি [illegible] শিক্ষামন্ত্রী মহাশয় বললেন যে কমিটির রিপোর্টে [illegible] কথা বলা [illegible] কমিশন রিপোর্টে গ্রান্টস এর কথা নাই। [illegible] এইরকম একটা রেকগনিশন কমিটি তৈরী করাও কি [illegible] রেকগনিশন দেবার ক্ষমতা আছে, গ্রান্টস্ দেবার ক্ষমতা নাই। [illegible] যে এই বিলের দ্বারা শিক্ষকদের নিধন যজ্ঞ আরম্ভ হবে। [illegible] তৈরী করেছেন [illegible] সাধারণ শিক্ষক, এ্যাসিস্ট্যান্ট টিচার তাঁদের প্রতিনিধি [illegible] কোন সুযোগ এই বিলের কোথাও নাই। এবং তা না থাকার ফলে যে [illegible] কমিটি [illegible] টিচাররা ছাঁটাই হয়ে গেলেও সেখানে কোন প্রতিকার [illegible] অথবা ম্যানেজিং কমিটি যার মধ্যে সরকারী [illegible] কোন বিরোধ হলে তাঁরা অনায়াসে বলে দিতে পারেন [illegible] কমিটি তৈরী হয়েছে সেখানেও তাদের কথা বলার মত কোন সুযোগ নাই। [illegible] ভবিষ্যতে শিক্ষকদের নিধনযজ্ঞ শুরু হবে। কাজেই [illegible] আমাদের জ্ঞানচক্ষু উন্মীলন করে দেন সেই শিক্ষকদের প্রতি কোন [illegible] দেখা যাবে সেই শিক্ষকদেরই হয় রাইটার্স বিল্ডিংস-এ না হয় [illegible] দিতে হবে--এভাবে তাঁবেদারী করে, পদলেহন করে তাঁরা মর্যাদার সঙ্গে শিক্ষকতার কার্য চালাতে পারবেন না। তারপর, তাঁদের কোর্টে যাবার অধিকারও কেড়ে নেওয়া হয়েছে। তাঁদের এই অধিকার কেড়ে নেবার সময় আমাদের এটা বিবেচনা করা দরকার আছে যে, ফাণ্ডামেন্টাল রাইটস যা আমাদের কনস্টিটিউশন-এ দেওয়া হয়েছে তার উপর আঘাত করা হয়েছে কিনা? কারণ এর

পর যদি কেউ কনস্টিটিশন-এর এ্যাক্ট ১৩(২)এ আপীল করার সুযোগ নেয় এবং সেই আপীলের পর কোর্টে এ্যাক্ট ১৩(২) অনুসারে যদি দেখা যায় যে—

"The State shall not make any law which takes away or abridges the rights conferred by this part and any law made in contravention of this clause shall, to the extent of the contravention, be void."

তাহলে বিলের ধারাটি নাল এ্যান্ড ভয়েড হবার সম্ভাবনা থাকবে। সবশেষে মাননীয় শিক্ষা-মন্ত্রীর নিকট অনুরোধ করব যে, এইরকম ধরনের আপীল কমিটির বিরুদ্ধে কোর্টের কাছে যাবার অধিকার কেড়ে নেওয়া উচিত কিনা অর্থাৎ ফান্ডামেন্টাল রাইটস কেড়ে নেবার অধিকার এই বিধানসভার আছে কিনা সেই জিনিসগুলি বিবেচনা করবার জন্য। যেখানে clause 35 of the constitution -এ পরিস্কার বলা আছে

The Parliament shall have, and the Legislature of a State shall not have, power to make laws.

এটা ভেবে দেখতে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব।

Shri Deb Saran Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাধ্যমিক শিক্ষা বোর্ড বিল সম্পর্কে এতক্ষণ ধরে বিস্তৃত আলোচনা শুনে এবং এই বিলটা পড়ে আমার যে ধারণা হয়েছে এই বিলের আলোচনার তৃতীয় পর্যায়ে আমি আপনার মাধ্যমে তা ব্যক্ত করতে চাই। অধ্যক্ষ মহোদয় আপনি জানেন যে, বহু দিনের বহু কামনার ধন আমাদের শিক্ষামন্ত্রীস্বরূপে যে মাংসপিন্ড তিনি জন্ম দিয়েছেন মাধ্যমিক শিক্ষা বোর্ড নামক বিল, তাঁর দলের অর্থাৎ কংগ্রেস দলের যাঁরা হাতুড়ে ডাক্তার আছেন মাননীয় রাধাকৃষ্ণ পালের মত হাতুড়ে ডাক্তারদের সার্টিফিকেট নিয়ে তিনি এই পিন্ডটিকে বিধানসভায় খাড়া করেছেন। সেই মাংসপিন্ডকে ব্যবচ্ছেদ করে দেখা গেল তাতে প্রাণের স্পন্দন নেই জীবনের সাড়া নেই। বিলটার প্রস্তাবকের দ্বারা আলোচনা এবং এটাই বিশেষভাবে প্রমাণিত হল যে এই বিলটার কোন সার্থকতা বা উপকারিতা নেই। তবে আমাদের ধারণা যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর বহুদিনের কামনার ধন বলে, আগ্রহ করে তিনি এই সন্তান প্রসব করেছেন খারাপ হলে বা ভাল না হলেও তিনি এই বিলটা যে পাশ করিয়ে নেবেন তা এই কদিনের আলোচনা এবং তাঁর বক্তব্যের ধারা থেকে এই ধারণা আমাদের হয়েছে। এই কদিনের আলোচনায় কয়েকটি কথা খুব বারবার বলা হয়েছে সেটা হচ্ছে কেন্দ্রীকরণ এবং বিকেন্দ্রীকরণ। আমার মনে হয় কেন্দ্রীকরণ এবং বিকেন্দ্রীকরণ ক্ষমতা এই বিলের মধ্যে নেই এর মধ্যে একটা ক্ষমতা দেখা যাচ্ছে সেটা হচ্ছে রাইটার্স বিল্ডিংসীকরণ। রাইটার্স বিল্ডিংস-এর শিক্ষা বিভাগে যিনি অধিকর্তা তিনিই সেখানে অধিষ্ঠান করবেন। এই ব্যাপারে এখনও পর্যন্ত যতটা ক্ষমতা শিক্ষা বিভাগের থাকা সত্ত্বেও নূতন যে বিলটা প্রণীত হয়েছে সেখানে তাঁর ক্ষমতা অক্ষুন্ন রাখার যে অপচেষ্টা সেই চেষ্টা এখানে আছে। আমরা জানি, আলোচনাও হয়েছে এবং বহু সদস্য এ সম্পর্কে তাঁদের বক্তব্য বলেছেন যে এই বিলের মাধ্যমে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার বিশেষ করে মাধ্যমিক শিক্ষাব্যবস্থার কোন ভাল পরিবর্তন আদৌ সম্ভবপর হবে না। এই বিলে সরকারী কর্মচারী বা সরকারী মনোনীত ব্যক্তিদের উপর ক্ষমতা রাখার যে অপচেষ্টা হয়েছে এবং আমরা সরকারের অন্যান্য যে সমস্ত কমিটি মনোনীত ব্যক্তিদের নিয়ে যে কমিটি বা সরকারী কর্মচারীদের নিয়ে যে কমিটি তৈরী হয়েছে তার কার্যকলাপ থেকে এটাই প্রমাণিত হয়েছে বাস্তবে এটার দ্বারা সত্যিকারের ভাল কাজ করা সম্ভবপর হয় না।

[1-10—1-20 p.m.]

আমরা দেখেছি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের ব্যাপারে সেখানে যাঁরা কর্মকর্তা মনোনীত আছেন তাঁদের কাছে ধর্ণা দিয়ে, খোসামোদ করেও কাজ আদায় করা সম্ভব হয় না। আপনি জানেন গ্রামাঞ্চলে যে সমস্ত স্কুল নূতন করবার জন্য আবেদন করা হয়, আবেদনকারীর তরফ থেকে এই মনোনীত ব্যক্তি যাঁরা আছেন, সরকারী কর্মচারী এবং শিক্ষা বিভাগে বহুবার বহুভাবে ধর্ণা দিয়েও কোন সুব্যবস্থা পাওয়া সম্ভব হয় না। হয় না এই কারণে আমি মনে করি মনোনীত সদস্যরা তাঁদের দায়িত্ববোধ সম্পর্কে তাঁরা সচেতন থাকেন না। কারণ জনসাধারণের কাছে কৈফিয়ৎ দেবার প্রয়োজনীয়তা তাঁরা উপলব্ধি করেন না। সেইজন্য এই বিলের সংশোধনী প্রস্তাবের বিরোধী

পক্ষের তরফ থেকে বলা হয়েছে যে মনোনীত ব্যক্তির পরিবর্তে নির্বাচিত ব্যক্তি এখানে রাখা দরকার। কারণ এখানে নির্বাচিত ব্যক্তির প্রতিনিধিত্ব থাকলে জনসাধারণের তাঁদের কাছ থেকে যে কৈফিয়ৎ নেবার সুযোগ ও অধিকার, সেই অধিকার থেকে জনসাধারণ বঞ্চিত হবে না। কিন্তু মনোনীত ব্যক্তি যাঁরা, তাঁদের জনসাধারণের কাছে কৈফিয়ৎ দেবার দায়িত্ব থাকে না। এই সম্পর্কে বিস্তারিত আলোচনা করার প্রয়োজন নেই। এই বিল সম্পর্কে আমার যা বক্তব্য সেটা আপনার মাধ্যমে রাখলাম। পরিশেষে এই কথা বলতে চাই যে এই মাধ্যমিক শিক্ষাবোর্ড বিল নামে যে মাংসপিণ্ডটা, শিক্ষামন্ত্রী মহাশয় হার জন্ম দিয়েছেন, পরীক্ষান্তে প্রমাণ হয়েছে এর মধ্যে প্রাণ নেই, জীবন নেই। কাজেই এই মাংস পিণ্ডটা হয় কবর, না হয়, শ্মশানে দাহ করার ব্যবস্থা যদি শিক্ষামন্ত্রী করেন, তাহলে বাংলা দেশের শিক্ষাক্ষেত্রে যে উন্নতি করা সম্ভবপর ছিল সেই যে পথ সেটা এটাকে কবর দিলে আমার মনে হয় পরিষ্কার হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘ চার দিন ধরে আমরা মাধ্যমিক শিক্ষা পর্ষৎ বিলের আলোচনা করছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে যে মৃত্যু পরোয়ানা হাউসের সামনে আনলেন, হয়ত অল্পক্ষণের মধ্যেই সেই মৃত্যু পরোয়ানা জারী হবে। কিন্তু তা সত্ত্বেও শেষ মুহূর্তে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে কয়েকটি কথা নিবেদন করতে চাই। প্রথম কথা হচ্ছে যে শিক্ষাক্ষেত্রে শাসনব্যবস্থা যদি উপযুক্তভাবে পরিচালিত করতে হয় তাহলে যে জিনিসগুলি একান্তভাবে প্রয়োজন, সেই জিনিসগুলি আমরা এখানে ঠিকঠিকভাবে অনুধাবন করছি কিনা বিচার করা দরকার। শিক্ষাক্ষেত্রে শাসনব্যবস্থা পরিচালনা করার জন্য আমি মনে করি কয়েকটি বিশেষ দিকে দৃষ্টি দেওয়া দরকার। প্রথম হচ্ছে প্ল্যানিং, দ্বিতীয় অর্গানিজেশন, তৃতীয় ডাইরেকশন, চতুর্থ কো-অর্ডিনেশন, পঞ্চম কন্ট্রোল, ষষ্ঠ পার্সোনালিটি। শিক্ষাক্ষেত্রে যদি কোন পরিকল্পনা না থাকে, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা যদি কোন পরিকল্পনা গ্রহণ না করি, তাহলে সংগঠন যেভাবে ঢেলে সাজান হোক না কেন, সেখানে শিক্ষাক্ষেত্রে আমরা বিশেষ কোন প্রগতিমূলক কাজ করতে পারবো বলে বিশ্বাস করি না। ১৯৫০ সালে পশ্চিমবঙ্গের শিক্ষার যে অবস্থা ছিল, তখন দেশে সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক অবস্থা যে পর্যায়ে ছিল, আজকে ১৩ বৎসর বাদে তার বিরাট পরিবর্তন হয়েছে।

আজকের পরিস্থিতিতে বা বর্তমান অবস্থার পটভূমিতে আমাদের শিক্ষাক্ষেত্রে চিন্তা করা প্রয়োজন যে শিক্ষার ক্ষেত্রে যে সমস্যা আছে তা সমাধান করতে কিভাবে পরিকল্পনা করা প্রয়োজন। যেমন আমাদের সামনে মাধ্যমিক শিক্ষা পর্ষদ বিল এসেছে, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় এর পিছনের পটভূমি শিক্ষার যে পটভূমিতে এই বিল আনা হয়েছে সে সম্পর্কে কিছুই বললেন না। আজকে বাংলাদেশের স্কুলের সংখ্যা কত, ছাত্র ছাত্রীর সংখ্যা কত এবং আগামী পাঁচ বছরে সম্ভবতঃ সেই সংখ্যা কতটা এগিয়ে যেতে পারে এবং এই ছাত্রছাত্রীদের নিয়মিত শিক্ষার ব্যবস্থা করার জন্য কতগুলি স্কুল প্রয়োজন সে সম্পর্কে সরকার কি চিন্তা করেছেন, এই বিলটাকে শিক্ষাক্ষেত্রে চালু করার জন্য উপযুক্ত শিক্ষক শিক্ষণের কি ব্যবস্থা প্রয়োজন বর্তমানে কি অবস্থা চলছে—এই সমস্ত জিনিসগুলি যদি পরিকল্পনার চিন্তা করা হত এবং তার ভিত্তিতে যদি একটা পরিকল্পনা রচনা করা হত, তাহলে একটা সংগঠন সেটা গণতান্ত্রিক হোক বা অগণতান্ত্রিক হোক যে চরিত্রেরই হোক না কেন আমরা বুঝতে পারতাম যে সংগঠন একটা সমস্যার সমাধানের জন্য একটা পরিকল্পনা রূপায়ণের জন্য সংগঠনটি তৈরী হয়েছে। কিন্তু কোন কথা না বলে একটা মামুলী ধরনের বিল আমাদের সামনে রেখে শিক্ষার বিল বলে তার উপর ছাপ দেবার চেষ্টা করা হয়েছে। আমি এই মাধ্যমিক শিক্ষা পর্ষদ বিলের যে প্রতিবাদ করেছি তা গঠনমূলক দৃষ্টিভঙ্গী থেকে চিন্তা করে করেছি। এর ভিতর কতকগুলি বস্তুব দিক থাকা দরকার। কিন্তু দেখছি শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের বক্তব্যে কোন গুরুত্ব আরোপ করলেন না। দ্বিতীয় কথা হচ্ছে এই যে, পরিকল্পনা যদি থাকে তাহলে শিক্ষার ক্ষেত্রে আমরা একটা সংগঠন ভালভাবে চালাতে পারি; যেমন আমাদের সামনে আনা হয়েছে মাধ্যমিক শিক্ষা পর্ষদ বোর্ড। এই বোর্ডের চরিত্র কি হবে? এই বোর্ডের চরিত্র হবে জাস্ট লাইক এ মার্সিন্ উইথ এক্সিকিউটিভ পাওয়ার্স—একটা যন্ত্রের মত—যে যন্ত্রের সৃজনী ক্ষমতা আছে, কিন্তু ঠিকভাবে শিক্ষা ব্যবস্থাকে কিভাবে রূপায়িত করতে পারবে তার জন্য কতকগুলি মূল

ক্ষমতা তার উপর ন্যস্ত থাকা দরকার। কিন্তু আমাদের সামনে বোর্ডের চরিত্র যেভাবে আঁকা হয়েছে সেখানে দেখছি বোর্ডের মধ্যে কোন এক্সিকিউটিভ পাওয়ার্স নেই—একটা শুধুমাত্র যন্ত্র—যন্ত্রটি সরকার দ্বারা পরিচালিত যন্ত্র হবে, কিন্তু আদর্শ শিক্ষার ক্ষেত্রে সংগঠনের চরিত্র এমন হবে যে যন্ত্রটির ক্ষমতা থাকবেপশিক্ষাকে রূপ দেবার অধিকার থাকবে। কিন্তু এখানে তা নেই! একটা আদর্শ সংগঠনের মধ্যে আরও কতকগুলি দিক থাকা দরকার। এক নম্বর হ'ল টু অর্গে-নাইজ পিপল্, ম্যাটেরিএলস্, আইডিয়াজ এ্যাণ্ড কন্সাইন্স, দুই নম্বর হ'ল—টু রিফ্লেক্ট দি ফিলোসফি অব লাইফ, তিন নম্বর হ'ল—টু কিপ এলাইভ আওয়ার কালচারাল আইডিয়াস, চার নম্বর হ'ল—টু কিপ এডুকেশন ক্লোজ টু দি পিপল। শিক্ষার ক্ষেত্রে একটা আদর্শ সংগঠনের এগুলি বিশেষ দিক থাকা দরকার; এই দিকগুলি আসা দরকার। কিন্তু আমরা যদি তাকিয়ে দেখি যে বোর্ডকে কেন্দ্র করে এই বিলটিকে আমাদের সামনে রাখা হয়েছে তার মধ্যে দেখব এর কোন দিকই স্বীকার করা হয় নি। টু অর্গানাইজ পিপল ইনটু ফ্যাকাল্টিজ, টু

[1 20—1-30 p.m.]

অর্গানাইজ পিপল ইনটু স্কুলস্। কিন্তু এই বোর্ডের মধ্যে সেইরকম কোন অধিকার দেওয়া হয় নাই। এর মধ্যে এমন কোন কথা নাই যেখানে এই পর্ষদ- এই শিক্ষা সংগঠন যদি মনে করে, সেখানে নূতনভাবে ফ্যাকাল্টি গ্রো করাবে, নূতনভাবে বিদ্যালয়কে গড়ে তুলবে, সে ক্ষমতা এই বিলের মধ্যে নেই। টু রিফ্লেক্ট দি ফিলোসফি অব লাইফ—একথা শিক্ষামন্ত্রী মহাশয় জানেন, তিনি অভিজ্ঞ এবং জ্ঞানবৃদ্ধ যে আজকে নূতনভাবে যে মরাল ভেলুজ, কালচারাল ভেলুজ শিক্ষার মাধ্যমে প্রতিষ্ঠিত করা সম্ভব, সে চিন্তাটা, সেই আইডিয়া যদি সংগঠন পরি-চালকদের মাথায় না থাকে, তবে শিক্ষাকে হুকুম-মাফিক পরিচালনা করতে পারা যায় না। শিক্ষার ক্ষেত্রে এই স্বাধীন চিন্তা, এই সংজাত চিন্তা থাকার অধিকারটুকু যদি না দেওয়া হয়, তাহলে কেউ শিক্ষাকে কখনো সুচারুভাবে একটা রূপ দিতে পারবে না—আইডিয়াজ এ্যাণ্ড কনসেপ্টস্ ইনটু পলিসি অর্গানাইজ করতে হবে। টু অর্গানাইজ আইডিয়াজ এ্যান্ড কনসেপ্টস্ ইনটু পলিসি বলুন, কিন্তু বিলের চরিত্রে দেখছি যে পলিসি ডিটারমাইন করবে সরকারের কয়েকটি আমলাতান্ত্রিক কর্মচারী। শিক্ষার সম্পর্কে হয়ত তাদের উইজডম আছে, কিন্তু নোলেজ নাই। শিক্ষা সম্পর্কে কোন বাস্তব অভিজ্ঞতা তাদের নাই। তাদের হাতে যদি শিক্ষার পলিসি মেকিং এর দিকটা দেওয়া হয়, তাহলে আমি মনে করি দেশের কালোপযোগী এবং সময়োপযোগী শিক্ষার চরিত্র আমরা নিরূপণ করতে পারবো না। অন্যান্য যে দিকগুলো একটা সংগঠনের থাকা উচিত, যেমন—

To keep alive our Cultural ideals, to keep Education close to the people.

এই বিলের মধ্যে বিলের চরিত্র কোথাও উল্লেখ করা হয় নাই, বরং বোর্ডকে পিপল-এর কাছ থেকে দূরে সরিয়ে রাখা হয়েছে জনসাধারণের প্রতিনিধিত্বের কোন সুযোগ সেখানে নাই। আমি বিরোধী পক্ষ থেকে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রেখেছিলাম অন্ততঃ একটি প্রভিসান সেখানে রাখা হোক যে অভিভাবকরা এই বোর্ডে প্রতিনিধিত্ব করতে পারবে। অভিভাবকরা তাঁদের অসুবিধার কথা, তাঁদের ছেলেমেয়েদের শিক্ষা দেওয়ার ক্ষেত্রে যে সমস্ত সমস্যা নিজেরা অনুভব করছেন, সেই সমস্ত কথাগুলি তাঁরা সেখানে রাখতে পারবেন। সেইজন্য অভিভাবকদের প্রতি-নিধিত্বের কথা বলেছিলাম, কিন্তু আমার সেই সাজেশান-ও অস্বীকার করা হয়েছে। আমি বলেছিলাম তা যদি না রাখেন, অন্ততঃ এই ক্ষমতা দিন, কেমনভাবে বোর্ড চলছে এইটুকু জানবার ক্ষমতা থাকুক জনসাধারণের। সেইজন্য অডিট রিপোর্টের ক্ষেত্রে বলেছিলাম শিক্ষা সম্বন্ধে কোন উৎসাহী মানুষ যদি তা দেখতে চান সেই রিপোর্ট তিনি দেখতে পাবেন, ১৯৫০ সালের আইনে যেমন প্রভিসান ছিল। তাও আপনারা এক্ষেত্রে নস্যাৎ করে দিয়েছেন। কাজেকাজেই একটা শিক্ষাকে ভালভাবে চালাবার জন্য যে সমস্ত দিক থাকা দরকার, এই বোর্ডের চরিত্রে আমরা তা দেখলাম না। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয়ই দেখেছেন, ডঃ ডি এস কোঠারী আলিগড় বিশ্ববিদ্যালয়ের কনভোকেশন-এ সম্প্রতি যে বক্তৃতা দিয়েছেন, যদিও সেটা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সম্পর্কে বলেছেন, তাহলেও আমি মনে করি, সেটা সাধারণভাবে শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য।

ডাঃ ডি এস কোঠারী বলেছেন—

"The present unfortunate and tragic situation is essentially a reflection of the widening gap between the rapidly expanding scientific and technical

knowledge on the one hand and political wisdom, statesmanship and ethical values on the other."

ডাঃ ডি এস কোঠারী—তিনি অনুভব করেছেন যে আজকে শিক্ষা নূতনভাবে রি-ওরিয়েনটেশন প্রয়োজন। কাজেকাজেই যে সংগঠন শিক্ষাকে পরিচালনা করবেন, তাঁদের এই সম্পর্কে বাস্তবজ্ঞান থাকা প্রয়োজন যে পরিবর্তনশীল সমাজে ও জগতের সাথে শিক্ষাকেও সমন্বয় করে সামঞ্জস্যবিধান করে চলতে হবে। সেই সম্পর্কে যদি পরিষ্কার ধারণা না থাকে, তাহলে সেই সংগঠন কোন সার্থক সংগঠন হিসেবে পরিগণিত হতে পারে না।

শিক্ষার ক্ষেত্রে আদর্শ সংগঠন থাকা উচিত। সে সম্বন্ধে যাঁরা ডিরেকশন দেবেন, এই বোর্ডকে যাঁরা পরিচালিত করবেন, সেই সমস্ত ব্যক্তিদের মধ্যে একটা জিনিস থাকা দরকার, অর্থাৎ এসেনসিয়েল এলিমেন্ট থাকা উচিত। এই এসেনসিয়েল এলিমেন্ট হচ্ছে—কম্বিনেশন অব উইসডম এ্যান্ড নোলেজ। এই কম্বিনেশন অব উইসডম এ্যান্ড নোলেজ যদি তাঁদের মধ্যে না থাকে, তাহলে শিক্ষার ক্ষেত্রে তাঁরা উপযুক্ত নির্দেশ দিতে পারবেন না। আমি সেইজন্য প্রস্তাব করেছিলাম অন্ততঃ ইউনিভার্সিটি বা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলারকে এই বোর্ডের মধ্যে রাখা হোক। অন্ততঃ আমরা জানি তাঁদের মধ্যে উইসডম এবং নোলেজ আছে; এবং তাঁরা, তাঁদের এই কম্বিনেশন অব উইসডম এ্যান্ড নোলেজ দিয়ে আমাদের দেশের এডুকেশনের ক্ষেত্রে, শিক্ষা [illegible] এগিয়ে নিয়ে যাবার চেষ্টায় যথেষ্ট সাহায্য করতে পারতেন। তারপর চতুর্থ কো-অর্ডিনেশন, অর্থাৎ সমন্বয় রাখা শিক্ষাক্ষেত্রে তার পারপাস্ এবং প্রসেস—এর মধ্যে। শিক্ষা ক্ষেত্রে পারপাস ও প্রসেস-এর সংগে যদি কো-অর্ডিনেশন না থাকে, অর্থাৎ শিক্ষার উদ্দেশ্যে এবং তার [illegible] মধ্যে যদি একটা সমন্বয়ের ব্যবস্থা না থাকে, তাহলে শিক্ষার ক্ষেত্রে আমরা আদর্শ [illegible] স্থাপন করতে পারবো না। আমাদের যে পারপাস্-এ বলা হয়—মাধ্যমিক শিক্ষাকে [illegible], সার্বজনীন করে গড়ে তোলবার কথা, সেখানে এর এই পারপাস ও প্রসেস-এর সঙ্গে কো-অর্ডিনেশন নেই।

There must be coordination between purpose and process in the field of education.

এই সম্পর্কে আমরা দেখেছি ডাঃ ডি এস কোঠারী, তিনি [illegible] কনভোকেশনে [illegible] কথা উল্লেখ করেন। তিনি বলেছেন

[illegible] the highest standards of scholarship, integrity and conduct are [illegible]ted, respected and cultivated.

[illegible] ডি এস কোঠারী বলেছেন, এই কো-অর্ডিনেশন যদি না থাকে তাহলে, আমরা শিক্ষাক্ষেত্রে শিক্ষার যে মূল্য তা এক্সপেক্ট করতে পারি না, তা রেসপেক্ট করতে পারি না, তা কালটিভেট্ করতে পারি না। কাজেকাজেই, আমরা যদি তাকে সম্মান দিতে চাই তাকে অনুসরণ করতে চাই তাহলে শিক্ষাক্ষেত্রে এই কো-অর্ডিনেশন [illegible] দি পারপাস এ্যান্ড দি প্রসেস, এটা [illegible] প্রয়োজন।

তারপর পঞ্চম কনট্রোল। যখন শিক্ষা বোর্ড শিক্ষা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন তখন [illegible] উপর অন্ততঃ এইটুকু দায়িত্ব দেওয়া দরকার [illegible] উ সোশ্যাল এ্যান্ড পলিটিক্যাল [illegible] সেখানে সে শিক্ষা ব্যবস্থার কনট্রোল করবার [illegible]। এই বিলে বোর্ডকে যে [illegible] দেওয়া হয়েছে, সেই ক্ষমতাকে স্বীকার করা হয়নি। সমস্ত ক্ষমতা সরকার এবং সরকার মনোনীত সমস্ত আমলাদের হাতে দেওয়া হয়েছে।

আমার শেষ কথা, এই শিক্ষা ব্যবস্থার কথা চিন্তা করে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে এখনও যদি তিনি মনে করেন যে, বিরোধী পক্ষ থেকে যে সমস্ত [illegible], যে সমস্ত প্রস্তাব আমরা দিয়েছি, তার মধ্যে কিছুর অন্ততঃ মূল্য আছে, সেগুলি অন্ততঃ তিনি একবার অনুধাবন করে দেখবেন, একবার চিন্তা করে দেখবেন, অন্ততঃ একবার [illegible] দেবার চেষ্টা করবেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে আমরা আশা করেছিলাম যে, এই ধরনের কন্ট্রোভার্সিয়াল বিল বা বিতর্কমূলক বিল মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় হয়ত এই জরুরী অবস্থায়

মধ্যে আনবেন না। তার কারণ, এটা কয়েক দিনের অধিবেশনে বিলের বিভিন্ন ধারা সম্পর্কে যখন আলাপ, আলোচনা হচ্ছিল, তখন এটা পরিষ্কার ধরা পড়েছে যে, এটা বিতর্কমূলক এবং এই বিলের উপর ভিত্তি করে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা কিভাবে গড়ে উঠবে, কিভাবে তা প্রসার লাভ করবে, সেটা নির্ভর করছে। সুতরাং সেই ধরনের বিল, খুব সতর্কভাবে যাতে তৈরি করা হয়, সেটা আমরা আশা করেছিলাম এবং খুব বিচার, বিবেচনা করে যাতে এই ধরনের বিল পাশ হয়, সেটা আমরা আশা করেছিলাম। এটা অনেকেই বলেছেন এবং পুনরাবৃত্তি হলেও, আবার আমাকে বলতে হচ্ছে যে, মাধ্যমিক শিক্ষা আমাদের দেশের সমস্ত শিক্ষা ব্যবস্থার মধ্যে একটা অন্যতম স্থান জুড়ে আছে। এইজন্য যে মাধ্যমিক শিক্ষার পরবর্তী স্তরে যাঁরা হায়ার এডুকেশান নেবেন, তাঁরা বিভিন্ন দিকে চলে যাবেন। যে ছাত্ররা চাচ্ছেন ইঞ্জিনীয়ারিং পড়তে, টেকনিক্যাল লাইন চুস্ করছেন, সেখানে তারা যাবেন। সুতরাং এই মাধ্যমিক শিক্ষার উপর ভবিষ্যৎ নির্ভর করে যে একজন ছাত্র, সে কিভাবে তার অধ্যয়ন চালাবে, কিভাবে সে সমাজে অংশগ্রহণ করবে, সেটা ঠিক হয়ে গিয়েছে, সেইরকম একটা গুরুত্বপূর্ণ শিক্ষার ক্ষেত্রে আমরা এই বিল সম্বন্ধে আলোচনা করছি।

[1-30—1-40 p.m.]

এবং সেটা খুব বিচার বিশ্লেষণ করে করা উচিত ছিল। এই বিল যেভাবে তৈরি হয়েছে, তাতে এক কথায় বলা যেতে পারে, ১৯৫০ সালের আইনে মাধ্যমিক শিক্ষাকে যতটুকু গড়ে তোলার চেষ্টা হয়েছিল, এবং যেভাবে বাংলাদেশের সরকার মাধ্যমিক শিক্ষাকে ১৯৫০ সালের আইনানুসারে গড়ে তোলার চেষ্টা করেছিলেন, এই বিলে আমরা দেখলাম তার থেকে অনেক পিছিয়ে গিয়েছেন। প্রসঙ্গত একটা কথা বলতে পারি, যেটা মামলাসংক্রান্ত কথা—মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন পদে পদে মামলা হয়েছে, যত বোর্ড বড় হবে, তত বিভিন্ন গলদ দেখা দেবে, তত আন-ওয়ার্কেবল হবে। কিন্তু, তার জন্য ১৯৫০ সালের আইন দায়ী, না যেভাবে বোর্ড গঠিত হয়েছে, যাঁদের নেওয়া হয়েছে, তার মধ্যে তাঁদের দায়িত্ব এটা? এবং কি কারণ থাকতে পারে, সেগুলির কোন অনুসন্ধান করা হয় নি, এবং ১৯৫০ সালের আইনের যে ওয়ার্কিং, সেই ওয়ার্কিং রেজাল্ট সেদিক থেকে বিবেচনা করা হয় নি। এই বিলে আমরা দেখলাম যতটুকু ক্ষমতা ১৯৫০ সালে দেওয়া হয়েছে মাধ্যমিক শিক্ষা পর্ষদকে, সেই ক্ষমতাগুলিও কেড়ে নেওয়া হয়েছে, অন্য দিকে ১৯৫০ সালের আইনে একটা সেমি অটোনোমাস পজিশন বোর্ডের ছিল, এখন যে জায়গায় বোর্ডকে আনা হল, সেটা আমি আগেই বলেছি যে, শুধুমাত্র অ্যাডভাইসরি বোর্ড নয়, শুধুমাত্র উপদেষ্টা কমিটিই নয়, সরকার বাহাদুর যে যে বিষয়ে উপদেশ দিতে বলবেন, সেই বিষয়েই শুধুমাত্র উপদেশ দিতে পারবেন—এরকমভাবে আজকে বোর্ডের কার্যক্রম ও ফাংশনস নির্ধারিত করে দেওয়া হয়েছে। গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ করা হবে, না, কেন্দ্রীকরণ করা হবে, তা নিয়ে এখানে কিছু আলোচনা হয়েছে। এটা ঠিক যে, আজ যখন গণতন্ত্রের পরীক্ষা-নিরীক্ষা চলছে, তখন তাতে বহু ত্রুটি-বিচ্যুতি দেখা দিতে পারে। কিন্তু, গণতন্ত্রের দরজা বন্ধ করে দিয়ে সেইসব ত্রুটি বিচ্যুতি সংশোধনের কোন প্রশ্ন আসে না। গণতন্ত্রের সবথেকে বড় কথা হল, যারা আমাদের দেশের ট্যালেন্টস, তাঁদের একটা জায়গায় জড়ো করতে হবে, শিক্ষাক্ষেত্রে তাঁদের যেসমস্ত অবদান আছে, তা আমাদের নিতে হবে, দেশ গঠনের কাজে। তার পর, যাঁরা অভিভাবক, তাঁদের প্রতিনিধি রাখতে হবে, যাঁরা শিক্ষক, যাঁরা আমাদের ভবিষ্যৎ নাগরিকদের জীবন গঠনের জন্য দায়ী, তাঁদের প্রতিনিধি রাখবার সুযোগ দিতে হবে—এভাবে আজকে যাঁরা প্রত্যেকটা স্তরে আমাদের শিক্ষাব্রতী যাঁরা জ্ঞানী, যাঁরা বিভিন্ন বিষয়ে পারদর্শী, তাঁদের সমস্ত দিক থেকে কাজে লাগাতে হবে—এটাই আজকে গণতন্ত্রের বড় কথা। আমাদের শিক্ষাক্ষেত্রে অন্তত তাকে এভাবে বুঝতে হবে, শুধু শিক্ষা দপ্তরের হাতে সমস্ত কর্তৃত্ব রাখলে, তার মধ্যে শিক্ষাব্রতীদের যাবার সুযোগ বন্ধ করে দিলে, যারা বিভিন্ন বিষয়ে এক্সপার্ট, তাঁদের প্রতিনিধিত্ব যতদূর কমান যায়—এভাবেই যদি আজকে চলে, তাহলে আমরা মনে করি, শিক্ষাক্ষেত্রে গণতন্ত্র বলতে যা বোঝায়, সেই গণতন্ত্রকে নস্যাৎ করা হবে—এবং এই ক্ষেত্রে তাই করা হয়েছে। সরকারী কর্তৃত্ব নিশ্চয়ই শিক্ষার ব্যাপারে থাকবে, আমি রেজিমেন্টেশান-এর কথা বলছি না, রেজিমেন্টেশান-এর একটা বিপদ আছে, শিক্ষাব্যবস্থার উপর সরকারী কর্তৃত্ব থাকবে, যে-কোন দেশেই এটা সকলেই চাইবে, কিন্তু আমাদের আতঙ্ক দেশের সাধারণ মানুষের আতঙ্ক কোথায়? আজকে যদি আমরা বুঝতাম যে, আমাদের সরকারের

চেহারা অন্যরকম হয়েছে, আমাদের শিক্ষাদপ্তর যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের নিয়ে তৈরি হয়েছে যাঁদের স্বাধীন চিন্তাধারায় অধিকার আছে, এরকম ব্যবস্থা হলে তাঁদের হাতে শিক্ষাব্যবস্থার দায়িত্ব ছেড়ে দিতে আমাদের আপত্তি থাকত না।

কিন্তু অতীতের বহু অভিজ্ঞতার ভেতর থেকে দেখেছি যে, আমলাতান্ত্রিক শিক্ষাদপ্তর কিভাবে চলে। সেদিকে তাকিয়ে যে ধরনের সেফগার্ডস শিক্ষা বিলে রাখা উচিত ছিল, সেটাও রাখা হয় নি। এই বিলের ক্ষেত্রে আমলাতান্ত্রিক কন্ট্রোল পুরাপুরিভাবে রাখা হয়েছে। অন্য দিকে যেখানে পাওয়ার্স অ্যান্ড ফাংশনস-এর কথা বলা হয়েছে, সেখানে মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে যেমন একদিকে ইউনিভার্সিটি শিক্ষা আছে, অন্য দিকে প্রাইমারী শিক্ষা আছে, কো-রিলেশান কমিটি উভয়ক্ষেত্রে করা উচিত ছিল। কিন্তু, এই বিলে সেইরকম ধরনের কিছু করা হয় নি। অন্য দিকে আজকে শুধু কেতাবী শিক্ষা নয়, ফিজিক্যাল ট্রেনিং শিক্ষা দেবার ব্যাপার আছে, কারীগরী শিক্ষা কিভাবে চলবে, তার ব্যাপার আছে, উপজাতি শিক্ষা কিভাবে প্রসারলাভ করবে —বিশেষকরে উপজাতি এবং অনুন্নত শ্রেণী আজ শিক্ষার দিক থেকে পিছিয়ে আছে, তাদের মধ্যে শিক্ষার প্রসার কিভাবে গড়ে উঠবে, তার জন্য যে ধরনের সাব-কমিটি গঠন করা উচিত ছিল, এই বিলে সেরকমভাবে রচিত হয় নি। ঠিক তেমনি, টেকনিক্যাল এডুকেশান আজকের দিনে শিক্ষা ব্যবস্থার খুব বড় একটা অংশ হয়ে আছে, সেখানেও এইরকম ধরনের কমিটি যে এর মধ্যে নেই সেসব আমরা লক্ষ্য করেছি। আমি খুব বেশী সময় নিতে চাই না। আমি বলছি যে, এখনও সময় আছে, এই হাউসে থার্ড রিডিং শেষ হয়ে যাচ্ছে, এখনই সংখ্যাধিক্যের জোরে পাশ হয়ে যাবে। কিন্তু এরপর কাউন্সিলে এই বিল নিয়ে নিশ্চয় আলোচনা হবে। সুতরাং সরকারপক্ষ এবং বিশেষকরে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি এটা পুনর্বিবেচনা করুন এবং বিলের যাতে আরও সংশোধন করা হয়, সেদিকে নজর রাখুন। এজন্য বলছি যে, আমার নিজের ধারণা যে, এই বিল দিয়ে মাধ্যমিক শিক্ষাব্যবস্থা গড়ে তোলা যাবে না, এবং ঠিক ঠিক জায়গায় নিয়ে যাওয়া যাবে না, এবং এই বিল ব্যর্থ হয়ে যাবে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয়, আজ কদিন ধরে এই হাউসে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন বিল-এর উপর আমরা বিরোধীপক্ষের তরফ থেকে বহু কথা রেখেছি। এই বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশান বিল-এর উপর আমরা প্রতিদিন এর নীতিগত দিকটা দেখিয়ে মাননীয় জ্ঞানবৃদ্ধ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়েছিলাম যে, তিনি এর নীতিটা আরও সুস্পষ্ট করুন, যাতে আমাদের দেশের এই শিক্ষাব্যবস্থা একটা সঠিক ও সুষ্ঠু রূপ নিতে পারে, এই পর্বদের মাধ্যমে। কিন্তু আমাদের সেই আবেদন বিফল হয়েছে। তারপর আমরা দ্বিতীয় অধ্যায়ে সংশোধনের পর সংশোধন দিয়েছি যে, সংশোধনগুলোর উদ্দেশ্য ছিল নট ফর অপোজিশান সেক যে সেই সংশোধনগুলির মধ্য দিয়ে শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়েছিলাম যে, আপনি আমাদের একটুকুরো রুটি দিন। আমরা তাঁর হৃদয়ের দ্বারে একটুকুরো রুটি চেয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বলতে দ্বিধা নেই যে, জ্ঞানবৃদ্ধ শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের রুটির বদলে পাথর দিয়েছেন। আজকে বিলের যে চরিত্র সেই চরিত্র ফুটে উঠেছে যখন আমরা প্রিয়াম্বল-এ দেখি কি বলা হয়েছে। অর্থাৎ সেটা যদি পড়ে দেখি, তাহলে এর চরিত্র বুঝতে পারব। প্রিয়াম্বলে বলছে—

"To establish a Board of Secondary Education in the State of West Bengal; to define the powers and functions of such Board; to provide for certain other matters connected therewith."

এটা হ'ল

Only to define the powers and functions and not to define other things, e.g., progressive development of education so that in the near future socialisation of education may be possible.

যেটা সোসিয়ালিজমের কথা, যেটা ইভেন কংগ্রেসের আবাদী সম্মেলন থেকে আরম্ভ করে আজ-পর্যন্ত বলে আসছেন, আজকে এডুকেশনের মধ্যে সেই সোসিয়ালিজমের ইঙ্গিত দেওয়া হয় নি। শুধু সেই পুরানো ব্রিটিশ আমলে যেভাবে একটা অ্যাক্ট পাস করা হোত, ঠিক সেইভাবে পুরানো জিনিস চর্বিত চর্বণ করে বলা হচ্ছে, আমরা একটা নূতন জিনিস দিচ্ছি।

[1-40—1-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের বিভিন্ন দিক আলোচনার মাধ্যমে সমস্ত কিছু এগজাম্পিটার আমরা বলেছি। আজকে একটা কথা মনে পড়ছে, তখন আমাদের কৈশোরের উন্মেষ, সেই কৈশোরের উন্মেষে আমরা স্বপ্ন দেখেছিলাম, আমরা স্বপ্ন দেখেছিলাম এমন একটা বাংলার, এমন একটা বাংলাদেশ হবে, সেই দেশের আদর্শ থাকবে রবীন্দ্রনাথের, সেই দেশের আদর্শ হবে দেশবন্ধু, সেই দেশের আদর্শ হবে নেতাজী এবং সেই দেশই হবে আমার আগামী দিনের দেশ। যেদিন কৈশোরে সেই স্বপ্ন দেখেছিলাম, সেদিন আমাদের সামনে যাঁরা ছিলেন তাঁদের মধ্যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের সামনে প্রদীপের মত দাঁড়িয়ে ছিলেন। আজকে জীবনের শেষ স্তরের দিকে এগিয়ে যেতে যেতে ভাবছি, সেদিনের সেই 'সেন্ট জন' আজকের দিনে 'জুডাস' হয়েছে। সেখানে একদিন যাঁরা জ্ঞানের আলো দিয়েছিল, সেখানে যাঁরা জ্ঞানের আলো দেখিয়ে সমগ্র বাংলাদেশকে আহ্বান জানিয়েছিল, সেই ব্রিটিশ ব্যুরোক্র্যাসির বিরুদ্ধে, আজকে সেই ব্যুরোক্র্যাসির অংগ হিসাবে তিনি দেশের সামনে এটা তুলে ধরছেন,

ব্যুরোক্র্যাসির অংগ হিসাবে তিনি দেশের সামনে এটা তুলে ধরছেন, ইজ ইট নট দি ফ্যাক্ট দ্যাট হি গ্লোরিফাইস হোয়াট হি ওয়ান্স কনডেমড্, এটাই দুঃখের কথা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর যেসমস্ত কাজ, সেইসমস্ত কাজগুলি যখন তিনি আমাদের সামনে পেশ করেন, তখন তিনি তার একটা যুক্তি খাড়া করেন। যুক্তিটা হচ্ছে, যেটা পণ্ডিত নেহরুও মাঝে মাঝে বলেন, সেই পণ্ডিত নেহরুর যুক্তি অনুসরণ করে এখানে যুক্তি দেওয়া হচ্ছে, 'দি থিওরী অফ ডাইনামিজিম্'। এবং এই 'দি থিওরী অফ ডাইনামিজিম'এর আর একটা বিকৃত দৃষ্টান্ত স্থাপন করেন এবং বলেন এটা হচ্ছে, "সোসিয়াল কন্ডিশানস আর অলওয়েজ চেঞ্জিং", এবং সেই চেঞ্জিং কন্ডিশানের সংগে আমাদের পা ফেলতে হবে। সেই সোসিয়াল কন্ডিশানস আর [illegible] ডেফিনিটলি, সেইজন্য আজকে এই বিলটা নেওয়া সম্ভব নয় এবং সেইজন্য এই বিলটাকে টুকরো টুকরো করে ছিড়ে ফেলা উচিত ছিল। সোসিয়াল কন্ডিশান আর চেঞ্জিং, সেইজন্য সোসিয়ালিস্ট আইডিয়া নিয়ে, সোসিয়ালিস্ট বাইয়াস নিয়ে, একটা বিল রচনা করে এই হাউসের সামনে দেওয়া উচিত ছিল, তা না করে যিনি একদিন জ্ঞানের প্রদীপ নিয়ে সমস্ত বাংলাদেশের মানুষের সামনে এগিয়ে গিয়ে বলেছিলেন, বাংগালী জাতিকে আহ্বান জানিয়েছিলেন, সেই জ্ঞানের প্রদীপের আলোকে আলোকিত হবার জন্য, আজকে দুঃখের বিষয়, আমাদের কোন কথাই তিনি শুনলেন না। আজকে অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে তাঁর কাছে বহু আবেদন জানিয়েছি, আপীল করেছি, তিনি সেই অনড় অটল ভংগী নিয়ে বসে থাকলেন। এমন কি একটা আশার কথাও বললেন না যে এইসমস্ত জিনিস আমি অন্তত ভেবে দেখবো।

আর একটা কথা হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, যে শিক্ষক সমাজের প্রতি বাংলাদেশের মানুষ শ্রদ্ধায় তারা চিত্ত ভরে রেখে দিয়েছিল, সেই শিক্ষক সমাজের প্রতি আজকে দেখছি এই বিলে একটা সাধারণ বৈষয়িকভাবে তাঁকে নিগৃহীত করবার ব্যবস্থা হয়েছে। জ্ঞানের প্রদীপ যারা জ্বালিয়েছে, যাদের হাত দিয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর মানসিক জন্ম হয়েছে, যারা যুগে যুগে বিভিন্ন মানুষকে জন্ম দিয়েছে, যারা আজও জন্ম দিচ্ছে, আগামী দিনেও জন্ম দেবে, আজকে এই বিলের মধ্য দিয়ে তাদের আসামীর কাঠগড়ায় দাড় করিয়ে রাখা হয়েছে, তাদের প্রতি সুবিচারের কোনরকম প্রতিশ্রুতি দেওয়া হয় নি। আর একটি কথা অধ্যক্ষ মহোদয়, আপনার মারফত বলব। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় ইংলন্ডের কথা বলেছেন, আমাদের কাছে ইংলন্ডের উদাহরণ দিয়েছেন। ইংলন্ডের অবস্থা আর আমাদের দেশের অবস্থা এক নয়, ইংলন্ডে যে জিনিসটা সম্ভব, আমাদের দেশে সে জিনিস সম্ভব নয়, একবার তিনি তাই বলেন, আবার বলেন যে, ইংলন্ডে যখন এই হয়েছে, এখানে তার অনুসরণ করতে আপনাদের আপত্তি কেন? যখন ইংলন্ডের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার কথা তোলা হয়, তখন শিক্ষামন্ত্রীর তরফ থেকে বলা হচ্ছে যে, ইংলন্ডের কথা আলাদা, ইংলন্ডের অবস্থার সংগে এদেশের অবস্থা সমান নয়, আবার সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট-এ ইংলন্ডের শিক্ষাব্যবস্থা আইনকে আমাদের সামনে তুলে ধরে বলা হচ্ছে যে, ইংলন্ডে তো এরকম আছে। একটা কথা বলছি যে, ইংলন্ডের অবস্থার সংগে আমাদের অবস্থার বৈষম্য আছে। একথা খুব স্বাভাবিক যে, একজন পরিণত বয়স্ক মানুষকে যে ডোজে ওষুধ দেওয়া সম্ভব, সেই ডোজে দিলে একটা শিশুর পক্ষে সেটা বিষের ক্রিয়া করে। ইংলন্ডের গণতান্ত্রিক

ব্যবস্থার যে কাঠামো তৈরি হয়েছে, যে মানসিকতা তৈরি হয়েছে, তার যে ট্র্যাডিশন তৈরি হয়েছে, তার যে কনভাকশন তৈরি হয়েছে, তার মধ্য দিয়ে ইংলন্ডের সমাজব্যবস্থা গঠিত হয়েছে। সেখানে আমি অন্তত এটুকু জানি—আই হাম্বলি সাবমিট যে ইংলন্ডে আমাদের এদেশের মত আইনের পর আইন তৈরি করবার কোন স্কোপ থাকে না। ইংলন্ড যদি হত, আমি শিক্ষামন্ত্রীকে বলছি এরকম একটা বিল অন্তত ইংলন্ড এমারজেন্সী টাইমে নিয়ে আসত না। ইংলন্ড হলে যেভাবে মাননীয় শিক্ষামন্ত্রীকে চ্যালেঞ্জ করা হয়েছে, তাতে ইংলন্ডের শিক্ষামন্ত্রী হলে পার্লিয়ামেন্ট-এর বাইরে এসে ইলেকটোরাল-এর সামনে দাঁড়াতেন, কাজেই আজ ইংলন্ডের কথা আমাদের বলে ছেলে ভুলান ছড়া বললে, আমি অন্তত শুনতে রাজী নই। কাজেই, আজ এই বিল ওরা পাশ করবেন। এমারজেন্সির সুযোগ নিয়ে এই বিল আনা হয়েছে। জনসাধারণ এর বিরুদ্ধে কোন কথা আজ উচ্চারণ করতে পারবে না, আজ বাইরে প্রতিবাদ মিছিলের সম্ভাবনা নেই, তার সুযোগ নিয়ে আজকে শুধু ব্রুট মেজোরিটির জোরে এই বিল যখন পাশ করা হবে, তখন একথা সকলকে এবং মাননীয় শিক্ষামন্ত্রী যে একদিন জ্ঞানের আলোকে আমাদের আহ্বান জানিয়েছিলেন, সেই শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরীকে একটি কথা বলব—হ্যাজ সেন্ট জন বিকাম জুডাস?

[1-50—2 p.m.]

Shri Shambhu Gopal Das:
স্পীকার স্যার, এই বিলের উপর গত কয়েকদিন ধরে বিস্তৃতভাবে আলোচনা হয়েছে এবং আজকে এই আলোচনার শেষ দিন। এই বিলের উপরে প্রাথমিক আলোচনায় আমি অংশগ্রহণ করেছিলাম এবং তারপর যখন বিভিন্ন দফাওয়ারী আলোচনা হয়, তখন আমার বিবেচনার কথা এইহাউসের সামনে রেখেছি। শেষকালে আপনার মাধ্যমে বাংলা অ্যাসেম্বলীর মাননীয় সদস্যদের কাছে আমার শেষ আবেদন আমি রাখছি।

একটা মজার জিনিস এখানে লক্ষ্য করলাম, সেটা হলো এই যে, আমরা যখন কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে পড়তাম, তখন গণতন্ত্রের কথা বইয়ে পড়েছিলাম। এই পুঁথিগত গণতন্ত্র সম্পর্কে আমার কিছু জানা ছিল। আমি হাউসে আসার পরে নূতন সদস্য হিসেবে, প্রাপ্তবয়স্কের ভোটে নির্বাচিত হয়ে এখানে আসার পরে একটা নির্দিষ্ট বিলের উপর আলোচনার অভিজ্ঞতা যখন সঞ্চয় হলো, তখন হাড়ে হাড়ে বুঝতে পারলাম কি চেহারা! বুঝতে পারলাম এই গণতন্ত্রের এবং গণতন্ত্রের নামে কেমন করে একটা নির্দিষ্ট শ্রেণীর শাসন এখানে চলছে, পার্টি বাজি কি মারাত্মক জিনিস! পার্টি গভর্নমেন্ট কি সাংঘাতিকভাবে সাধারণ বুদ্ধিগুলোকেও মাঝে মাঝে অস্বীকার করে, সেই জিনিস টের পেলাম। এই বিলের উপর গাদা গাদা অ্যামেন্ডমেন্ট এসেছিল, দেখলাম। কিন্তু অত্যন্ত বিস্ময়ের কথা হচ্ছে এই শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর দলের [illegible] মাত্র পার্টিকুলার কোশ্চেনের অ্যামেন্ডমেন্ট ছাড়া যারা বিরোধীপক্ষের সদস্যদের [illegible] থেকে যে এত অ্যামেন্ডমেন্ট এলো, তার মাঝখানে কোন যুক্তির সন্ধান তিনি পেলেন না। [illegible] বিবেক বুদ্ধি কোথায় বন্ধক দেওয়া আছে, সেকথা যদি আমাদের মনে প্রশ্ন জাগায়, তাহলে কি অন্যায় হবে? [illegible] আমাদের অ্যামেন্ডমেন্টের মাঝখানে কোথাও একটুও যুক্তি তিনি [illegible] পেলেন না! একটা অ্যামেন্ডমেন্টও তাঁর কাছে গ্রহণযোগ্য হল না! আমরা [illegible] এই কথা বলেছিলাম, অত্যন্ত সাধারণ কথা ম্যানেজিং কমিটির সঙ্গে টিচার ঝগড়া করার পরে আপীল [illegible] কাছে গেলে, সেই আপীলের রায় একটা নির্দিষ্ট সময়ের মধ্যে বেরিয়ে আসবে, এই সম্পর্কে একটা টাইম বেঁধে দেবার কথা আমরা বলেছিলাম, এতে কোন জায়গায় [illegible] আপত্তি এটা আমরা বুঝতে পারলাম না। এই ধরনের সাধারণ কোন জিনিস গ্রহণ করা হলো না। সারা বিলের উপর আলোচনাকালে আমরা বারবার করে বললাম, শিক্ষার সঙ্গে [illegible] শিক্ষকের নিবিড় সম্পর্ক, সেই হেতু শিক্ষকদের সংখ্যা প্রতিনিধিত্ব থাকা দরকার। এর [illegible] তিনি কোন যুক্তি খুঁজে পেলেন না। আমরা অনেক [illegible] করলাম, অনেক বোঝাবার চেষ্টা করলাম তাঁদের, কিন্তু তাঁরা শিক্ষামন্ত্রী [illegible] ভুলবার নয়। তাঁদের পার্টি মিটিং-এ ঠিক করে দিয়েছেন, তাই তিনি করে গেলেন। আমরা গণতন্ত্রের কথা [illegible] এই বিলেও নাকি গণতন্ত্রের কথা আছে, কিন্তু যাঁরা গণতন্ত্রের এ-বি-সি-ডি পড়েছেন, তাঁরাই জানেন যে, যেখানে পার্টি গভর্নমেন্ট হবে, এবং গণতান্ত্রিক ঐতিহ্যসম্পন্ন দেশে পার্টি ইন পাওয়ার ও বিরোধীদলের যুক্তির কাছে মাঝে মাঝে মাথা নত করেন। আমাদের এখানের গণতন্ত্র একটু নূতন ধরনের। সেইজন্য প্রথম থেকে বড় বেশী কড়াকড়ি ব্যবস্থা অবলম্বন করেছেন।

মিস্টার স্পীকার স্যার, আমরা জানি এই বিল একটু পরে এই হাউসে পাশ হয়ে যাবে। আমরা এই বিলের মাঝখানে আমলাতন্ত্রের কথা উল্লেখ করেছি, আমরা এই বিলের মাঝখানে অশুভ দিনের কথা বলেছি। এই বিল একটু পরে পাশ হয়ে যাবে এই হাউসে। এমার্জেন্সী অবস্থা এখনো আছে, যদি তা না থাকতো, তাহলে এ বিষয় আমরা নিশ্চিত যে, বিভিন্ন ধারা সম্বন্ধে প্রতিবাদ করবার জন্য অ্যাসেম্বলী গেটের বাইরে শিক্ষকদের বিক্ষোভ মিছিল আসতো। সেই সুযোগ শিক্ষাদপ্তরের ঘৃণ্য আমলাতন্ত্র দিলেন না। সেই [illegible] রাইট দিলেন না। [illegible] বিশেষ সময়ের যে সুযোগ এডুকেশান মিনিস্টার গ্রহণ করলেন, সেকথা অবশ্যই ভবিষ্যতে বাংলাদেশের মানুষ স্মরণ রাখবেন এবং শিক্ষামন্ত্রীকে ধিক্কার দেবেন। আমি জানি শিক্ষামন্ত্রী চিরকাল ধরে এখানে এডুকেশান মিনিস্টার হয়ে থাকবেন না, আর চিরকাল ধরে এই সরকারও হয়ত থাকবেন না। কিন্তু, এই বিলের যে রি-অ্যাকশন, তা ভবিষ্যত ছাত্র, অভিভাবক এবং নাগরিকদের উপর পড়বে, এবং তারা এর কথা মনে রাখবেন এবং গণতন্ত্রবিহীন আমলাতান্ত্রিক এই বিলকে কখনো তাঁরা ভাল চোখে দেখবেন না।

Shri Abdul Bari Moktar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ কয়েকদিন আলোচনার পরে আজকে শেষ সময়ে একটা কথা বারেবারে মনে ধাক্কা দিচ্ছে—যে বিল সত্যিকারের জাতির মেরুদণ্ডকে ঠিক করে দেবে, যে বিলের মারফত প্রতিটি মানুষের জীবনে জ্ঞানের বিকাশ প্রাপ্তি হবে, যে বিলের মারফত সামাজিক, আর্থিক এবং মানুষের সমস্ত দিকে উন্নতি সাধন করবে; সেই বিল এমন এক অবস্থায় আসা উচিত ছিল যে, এই শেষ মুহূর্তে আমরা এ পক্ষের ও পক্ষের বলে নয়, সমগ্র বাংলাদেশের বিধানসভার সমস্ত সদস্য একমত হয়ে এই বিল যদি পাশ করতে পারতাম, তাহলে কি হ'ত! তাহলে এই হাউসের শুধু ভিতরে নয়, হাউসের বাইরেও,—আমি অবশ্য এ কথা বলি না যে, সত্যিকার আমরাই একমাত্র জ্ঞানী, গুণী ব্যক্তি; আমি বলি এই হাউসের ভিতরে যেমন জ্ঞানী, গুণী ব্যক্তি আছেন, এই হাউসের বাইরেও বহু ব্যক্তি আছেন, যাঁরা শিক্ষা জগতের সঙ্গে, এই শিক্ষার সঙ্গে, শিক্ষার উন্নতি সাধনের সঙ্গে, সকল দিক দিয়ে অঙ্গাঙ্গীভাবে জড়িত, তাঁরাও এই বিল সম্পর্কে আমাদের সকলকে এক [illegible] হতে দেখে, হয়ত ভাবতে পারতেন যে, বিলটি, যথাসম্ভব সুস্পষ্ট উচ্চ ধারণা নিয়ে, একটা ভালরকম বিল এসেছে। কিন্তু, এই বিলের সুদীর্ঘ আলোচনার উপর যেসমস্ত কথা আলোচনা হয়েছে, তাতে দেখা যায়, এ-পক্ষ থেকে প্রায় সমস্ত ক্লজ ও সাব-ক্লজের উপর বিভিন্নরকম সংশোধনী প্রস্তাব এসেছিল এবং ও-পক্ষ থেকে মাত্র দুটি সংশোধনী এসেছিল —'ডিরেক্টার এবং জয়েন্ট ডিরেক্টার' রাখা সম্বন্ধে। ও-পক্ষের এই দুটি সংশোধনী গ্রহণ করা হয়েছে, আর এ-পক্ষের সমস্ত সংশোধনী প্রস্তাবগুলি অগ্রাহ্য করা হয়েছে।

এই বিলের আমি দুটো দিক নিয়ে বলবো। যেমন ৪নং ধারায় বলা হয়েছে, সমস্ত বড় বড় পদাধিকারী এবং শিক্ষিত ব্যক্তিদের নিয়ে বোর্ড গঠন হয়েছে। এখানে সরকার কোনপথে চলবেন, ঠিক করতে পারছেন না। সরকার নিজের হাতে এই ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী এডুকেশান বোর্ডকে রাখবেন কি? না, ঐ বোর্ডের হাতে একে সম্পূর্ণভাবে ন্যস্ত করে দিয়ে, বোর্ড সংক্রান্ত সমস্ত ক্ষমতা অর্পণ করে দেবেন? তার সুস্পষ্ট একটা ধারণা নেবেন, সে বিষয় একমত হতে পারছেন না। সমস্ত বিলটা পড়ে মনে হচ্ছে, সরকার যেন একটা দ্বিধা, দ্বন্দ্বের ভিতর পড়ে গিয়েছেন। হর্নস অফ এ ডায়লামা, উভয় সঙ্কটের মধ্যে পড়ে গিয়েছেন, কি করা যাবে ঠিক করতে পারছেন না, সরকার তাঁর নিজের হাতে রাখবেন, না অন্যকে ক্ষমতা দেবেন! যেমন একটা পাত্রের দুটো নল থাকলে, একটা দিয়ে জল ঢোকে, আর একটা দিয়ে জল বেরিয়ে যায়; ঠিক তেমনি এখানে এক দিক দিয়ে ক্ষমতা দেওয়া হচ্ছে, আর এক দিক দিয়ে বলা হচ্ছে, সমস্ত ক্ষমতা অ্যাডভাইস করা ছাড়া, আর কোন ক্ষমতা নেই। স্যার, এই বিলের উপর বহু আলোচনা আমাদের এ-পক্ষ থেকে হয়েছে, ও-পক্ষ থেকে সেরকম ধরনের কোন সমালোচনা বা বক্তৃতার কোন প্রয়োজনীয়তা আছে বলে তারা মনে করেন নি।

যাই হোক, স্যার, এখানে একটা কথা আমি বলতে চাই। যারা জাতির মেরুদণ্ড হতে চলেছে, যেসমস্ত লোককে নিয়ে আমাদের জাতি গঠন করতে হবে, এইসমস্ত শিক্ষায় যাঁরা শিক্ষিত হবেন, সেইসমস্ত কাউন্সিল-এ যারা মেম্বার হবেন, তাদের ক্ষেত্রে আমি মনে করি কোন নারীঘটিত

অপরাধে সাজা পেয়েছেন, এমন ব্যক্তিদের ক্ষেত্রে স্টেট গভর্নমেন্টের কোন কনসিডার-এর প্রশ্ন আসে না। কেন না, নারীঘটিত ঘৃণিত ব্যাপারে, কিম্বা কোনরকম চুরি, ডাকাতি, এইরকম জঘনা অপরাধে যদি সাজা প্রাপ্তি হয়ে থাকে, তাহলে সেইসমস্ত লোককে বোর্ডে মেম্বার হিসাবে না রাখা উচিত বলে আমি মনে করি।

[2—2-10 p.m.]

তারপর, সকল সদস্যরা বলেছেন, হেমন্তবাবু বলেছেন যে, গণতন্ত্রের কথা বাদ দিলে পরও মানবাধিকারের কথা অ্যাপিল কমিটি—যা আমি ইতিপূর্বে বলেছি, হাউসের অনেক সদস্য বলেছেন সেই অ্যাপিল কমিটির বিরুদ্ধে যদিও মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে, কোন মানুষের অধিকারকে খর্ব করা হবে না, সার্ভিস ২২৬এ হাই কোর্টে যেতে পারবেন—মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যদি এটা ভেবে থাকেন, যদি আইনের বৈধতা থেকে থাকে, সেখানে যদি আমাদের কোনরকম হস্তক্ষেপ করার ক্ষমতা না থাকে, তাহলে মিঃ স্পীকার, স্যার, একথা কি ঠিক হত না, সেটা সংশোধন করে নিয়ে অ্যাপিল কমিটির ডিসিসান-এর এগেইনস্টে তাঁরা হাইকোর্টে যেতে পারবেন, এই কথা বলা হলে আমরা স্পষ্ট ধারণা পেতে পারতাম। তারপর এই রিকগনিশান কমিটির ব্যাপার নিয়ে এরপরে দেখা যাবে যে, একটা স্কুলকে তারা রিকগনিশান করে পাঠালো, কিন্তু সরকারের তা মনোনীত হল না, সুতরাং সেই স্কুল রিকগনিশান পেল না। তারপর, আরেকটা কথা, মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন গ্রামাঞ্চলের যেসমস্ত স্কুল আছে, সেইসমস্ত স্কুলের দৃষ্টান্ত দিয়ে আমি বলব, যদিও এখনো পর্যন্ত এই বিষয়ে আদালতে মামলা চলছে, তথাপি উদাহরণস্বরূপ বলা যেতে পারে, মুর্শিদাবাদ নবাব বাহাদুর ইন্সটিটিউশনের অনিলবাবু বলে একজন মাস্টার আছেন, দীর্ঘ ৭-৮ বৎসর তিনি মাস্টারী করছেন, হঠাৎ কি অজ্ঞাত কারণে তাঁকে ডিসচার্জ করে দেওয়া হয়েছে। যদিও আমরা ধরে নিই ডিসচার্জ-এর এগেইনস্টে অ্যাপিল কমিটিতে এসেও মাস্টার মহাশয় রিলিফ পেলেন না, তাঁর মনঃপূত হল না, তারপর তিনি কোথায় যাবেন। শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন, মানবাধিকার ক্ষুন্ন করা হয় নি, কিন্তু আমাদের এই বিলের মারফত সেইরকম একটা অধিকার দিলে আমার মনে হয়, এমন কিছু সাংঘাতিক ভুল বা গলদ থাকত না। কাজেই আমরা মনে করি এই বিল যে সময় আনা হয়েছে, সেই এটা সুযোগ নিয়ে আনা হয়েছে বলে আমাদের মনে হচ্ছে। গণতন্ত্রের মূল লক্ষ্যকে সর্বদিক থেকে নষ্ট করে দিয়ে আপনারা কি ধরনের ক্ষমতা নিতে চাচ্ছেন, আমরা বুঝতে পারছি না, কার উপর ন্যস্ত করতে যাচ্ছেন, বোর্ড না সরকারের উপর? আপনারা বলছেন অ্যাডভাইসরি বোর্ড হবে, বোর্ড এবং স্টেট গভর্নমেন্ট একমত না হলে কি হবে? সরকারই প্রাধান্য লাভ করবে। কাজেই আমরা মনে করি এই বিলটা আরো বিলম্বে আনলে ভালো হত। শিক্ষামন্ত্রী মহাশয় একটু চিন্তা করে দেখুন এই বিলটাকে আরেকটু স্পষ্ট করে আরেকটু ভালো রূপ দিয়ে আনতে পারা যায় কিনা—তাহলে হয়তো আমরা একমত হতে পারি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

অধ্যক্ষ মহাশয়, প্রায় সমস্ত বক্তৃতাই আমাদের মাতৃভাষায় হয়েছে একটি ছাড়া, কাজেই, আমিও মাতৃভাষায়ই বলতে চাই। পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় বলেছেন, এই সঙ্কটের সময় এই বিল পাশ করতে চাচ্ছি, এর আগে সাহস করিনি, একথা সত্য নয়, কেন না, মুদালিয়র কমিশন এবং দে কমিটির রায় অনুসারে আমরা প্রথম বিল এনেছিলাম ১৯৫৭ সালে, তাঁদের উভয় পক্ষেরই রেকমেন্ডেশান হয়ে গিয়েছে ১৯৫৩-৫৪ সালের আগে। মুদালিয়র কমিশনের রিপোর্ট ১৯৫২ সালে, দে কমিটির রিপোর্ট ১৯৫৩ সালে প্রকাশিত হয়েছিল, আমার যতদূর মনে হয়। তারপর প্রথম বিল আনা হয়েছিল ১৯৫৭ সালে। সেই বিল যখন আনা হয়েছিল, তখন দেশের বর্তমান অবস্থা হয় নি—তখন সেই বিল কাউন্সিলে পাশ হয়েছিল, কাউন্সিলে প্রতিপক্ষের আপত্তি সত্ত্বেও ১৯৫৭ সালে সেই বিল কাউন্সিলে পাশ হয়েছিল। তারপর সেই বিল আনা হয় অ্যাসেম্বলীতে। অ্যাসেম্বলীতে বিল আলোচিত হয় নি, তার প্রধান কারণ, আলোচনার সময় নির্ধারিত হয় নি। আমি আগে বলেছি, সময় নির্ধারণ, অ্যাসেম্বলীর কাজকর্মে করা হয়ে থাকে বাই দি লিডার অফ দি হাউস—অর্থাৎ, তিনি প্রতিপক্ষের লিডার-এর সঙ্গে একমত হয়ে সময় নির্ধারণ করে থাকেন। অতএব এ বিলের যদি আলোচনার সুযোগ অনুষ্ঠিত পূর্বে না হয়ে থাকে, তার জন্য অন্ততঃ শিক্ষামন্ত্রী দায়ী নন। কাজেই আজকে যে এই বিল আনা

হয়েছে, বর্তমান এমার্জেন্সীতে আনা হয়েছে শুধু প্রতিপক্ষের ২-৪ জন সদস্য এখানে নেই বলে কোনরকমে পাশ করাবার অভিপ্রায়ে তা ঠিক নয়। দ্বিতীয় কথা, পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় [illegible] করেছেন, তাঁর বলবার ছন্দ খুব ভাল, তা আমি স্বীকার করি। তিনি হুঁসিয়ার করেছেন যে, এই বিল চিরদিন চলবে না। মহাভারতে একটা শ্লোক আছে—

সর্ব্বে ক্ষয়ান্তা নিচয়াঃ পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ।
সংযোগা বিপ্রয়োগান্তাশ্চ মরণান্তঞ্চ জীবিতম্॥

অতএব জগতের সব কিছুরই পরিবর্তন হয়, জীবন যেখানে আছে, সেখানে মৃত্যু আছে, যেখানে সংযোগ আছে, সেখানে বিয়োগ আছে, যেখানে অভ্যুদয় আছে, সেখানে পতন আছে। কাজেই এই বিল যে একদিন যেতে পারে—অসম্ভব নয়। এই অ্যাসেম্বলী যে চিরদিন থাকবে, তাও নয়। অতএব একদিন এ বিল যে পাল্টে যাবে, সেটা বড় হুঁসিয়ারী নয়। যে দেশ যত প্রগতিশীল, সেখানে তত পরিবর্তন হবে। কোন আইন চিরস্থায়ী নয়, নিশ্চয় পরিবর্তন হবে এবং যদি প্রয়োজন হয়, এই আইনের সংশোধন হবে। কাজেই যখন প্রয়োজন হবে, আইনের সংশোধন করা তখন নিশ্চয় তা করা হবে। কিন্তু, এই যে বিল আনা হয়েছে, এটা কারুর খোষ খেয়ালে আনা হয় নি। দুটো কমিটির বা কমিশনের রেকমেন্ডেশান অনুযায়ী এই বিল আনা হয়েছে। এই রেকমেন্ডেশান গ্রহণ সম্বন্ধে অনেক সমালোচনা করা হয়েছে। পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় বলেছেন যে, এটা তাদের খেলার মত, কখনও মুদালিয়ার কমিশনের আশ্রয় নেওয়া হয়েছে, কখনও দে কমিটির রেকমেন্ডেশান অনুসরণ করা হয়েছে। বাস্তবিকই কোন কোন ক্ষেত্রে তা করা হয়েছে। কিন্তু কোন্ কোন্ ক্ষেত্রে তা হয়েছে? প্রথম ক্ষেত্রে ধরুন, মুদালিয়ার কমিশন বলেছিলেন যে, ডি পি আই হবেন প্রেসিডেন্ট অফ দি বোর্ড; আবার দে কমিটি বলেছেন, নন-অফিসিয়াল প্রেসিডেন্ট হলে ভাল হয়। আমরা মনোনীত প্রেসিডেন্ট করেছি—আমরা ডি পি আইকে প্রেসিডেন্ট করিনি, সেখানে আমরা দে কমিটির রেকমেন্ডেশান নিয়েছি। কি অন্যায় করা হয়েছে? এটা কি তাদের খেলা করা হল? এটা কি অপেক্ষাকৃত ভাল ব্যবস্থা হয় নি। ডি পি আইকে প্রেসিডেন্ট অফ দি বোর্ড না করে অন্য লোককে প্রেসিডেন্ট করাটা কি অপ্রগতিশীলের কাজ না প্রগতিশীলের কাজ করা হয়েছে? মুদালিয়ার কমিশন বলেছিলেন যে, বিশ্ববিদ্যালয়ের ৫ জন রিপ্রেজেন্টেটিভস থাকবেন - আমরা সেখানে ৭ জন করেছি। সেটাও কি অন্যায় করা হয়েছে? মুদালিয়ার কমিশন বলেছিলেন যে, টিচার্স ৪ জনকে নমিনেট করা হবে, আমরা ব্যবস্থা করেছি ২ জন মনোনীত হবেন, আর ২ জন নির্বাচিত হবেন। এটাও কি অন্যায় করা হয়েছে? কাজেই তলিয়ে দেখবেন না, শুধু নিজের মত অনুসারে বিল হয়নি বলে যার যা ইচ্ছা সমালোচনা করবেন, এটা কি সংগত? তারপর নিখিল দাস মহাশয় বললেন যে, মাধ্যমিক শিক্ষা বিষয় সমস্ত ক্ষমতা সরকারের হাতে নেওয়া হয়েছে। সরকারের হাতে সমস্ত ক্ষমতা কি রাখা হল? মাধ্যমিক শিক্ষা বিষয়ে যে যে কাজ করবার জন্য বোর্ডের উপর ভার দেওয়া হয়েছে, সেগুলি সরকারের হাতে রাখা হয় নি।

[2-10—2-20 p.m.]

রিকগনিশান অব স্কুলস্, সিলেবাস ফ্রেমিং, পরীক্ষা নেওয়া, পাঠ্য পুস্তক নির্বাচন, সমস্তই তো বোর্ডের হাতে রাখা হয়েছে, কোনটাই সরকারের হাতে রাখা হয়নি। তারপর হয়ত একথা বলতে পারেন, সরকার তো এর কোন একটা পরিবর্তনও করতে পারেন। আমি বলছি, হাঁ এই ধরুন সেদিন সরকারের কাছে একটা আবেদন এসেছে যে, মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে অমুক অমুক পুস্তক অনুমোদন করা হয়েছে যাতে চীনের অন্যায় প্রশংসা আছে। আচ্ছা, আমি জিজ্ঞাসা করি আপনাদের সকলকে, যদি ভবিষ্যতে বোর্ড থেকে এ' রকম কোন বই নির্বাচন করা হয় তাহলে সরকার যদি সেটা পরিবর্তন করতে বলেন বোর্ডকে, তাহলে কি অত্যন্ত অন্যায় কথা বলা হবে? কাজেই সব দিক বিবেচনা ক'রে কথা বলাই তো ভাল। তারপর এখানে প্রতিপক্ষের একজন বলেছেন যে, বর্তমান আমলাতান্ত্রিক সরকার অন্যায় করেছেন। নিশ্চয়ই আমলাতান্ত্রিক সরকার! জনসাধারণের ভোটের বা এ্যাডাল্ট ফ্রানচাইজের উপর ভিত্তি করে, মেজোরিটি ভোটে যখন এ সরকার গঠিত হয়েছে তখন এটা নিশ্চয়ই আমলাতান্ত্রিক সরকার যতক্ষণ না তিনি এদিকে আসতে পারছেন। অথবা প্রতিপক্ষ গভর্নমেন্ট গঠন যতক্ষণ না করছেন ততক্ষণ পর্যন্ত

নিশ্চয়ই এই সরকার আমলাতান্ত্রিক সরকার তাঁদের মতে। কিন্তু এসব কথার কি কোন মূল্য আছে? এসব কথা একান্ত মূল্যহীন কথা কিনা আমি সকলকে বুঝতে বলি। তারপরে অন্য কেউ নয়, বিজয়বাবু একজন আইনজ্ঞ ব্যক্তি বলেছেন, ১৯৪৪ সালের ইংলণ্ডের এ্যাক্টে, নাকি সমস্ত পাওয়ার্স দেয়নি মিনিস্টারদের হাতে। তিনি আইনজ্ঞ লোক, তিনি ১৯৪৪ সালের এ্যাক্টটা পড়েই দেখুন না, আমার সামনেই এ্যাক্টটা রয়েছে—তার দ্বিতীয় ধারাটা পড়ে দেখুন, পড়ে দেখলেই বুঝতে পারবেন মিনিস্টার ছাড়া কার হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। এখানে লোকাল অথরিটিস্-এর উপর ক্ষমতা দেওয়া হয়েছে। লোকাল অথরিটিস্ মানে? লোকাল অথরিটিস্ হচ্ছে লোকাল বোর্ড, লোকাল অথরিটিস্ মানে তাই বোঝা যায়। তাদের হাতে ক্ষমতা কোন্ কোন্ বিষয়ে অর্পিত আছে? মেনটেন্ড স্কুলস্ অর্থাৎ যেগুলি লোকাল অথরিটিস্ দ্বারা মেন্টেন্ড হয় সেগুলির উপর লোকাল অথরিটিসের ক্ষমতা আছে। এডুকেশন পলিসির উপর লোকাল অথরিটিসের বিশেষ কোন ক্ষমতা নেই। আমাদের দেশে অনেকেই খবর রাখেন না যে, ইংলন্ডে বা অনেক প্রগতিশীল দেশে তাদের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষাটা অধিকাংশই লোকাল অথরিটিস্ বা লোকাল বোর্ডস্ দ্বারা অর্থাৎ স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার দ্বার পরিচালিত হয়। সেইজন্য ইংলণ্ডের অধিকাংশ স্কুলই হচ্ছে তাদের মেন্টেন্ড স্কুল, লোকাল অথরিটিস্ দ্বারা মেন্টেন্ড স্কুলস্। সেগুলি ভলান্টারী স্কুলস্ নয়। প্রধানতঃ দুটি শ্রেণীর স্কুল আছে সেখানে। একটা হল মেন্টেন্ড স্কুলস্, মেন্টেন্ড বাই লোকাল অথরিটিস্, আর একটা হল মেন্টেন্ড বাই ভলান্টারী অথরিটিস্ বা বডিস্; যেমন মিশনারি স্কুলস্ প্রভৃতি। কাজেই অধিকাংশ স্কুলই সেখানে লোকাল অথরিটিস্ দ্বারা মেন্টেন্ড। ইংলণ্ডে ১৯৬০ সালে যত স্কুল ছিল তার মোট সংখ্যা ৩ লক্ষ কয়েক হাজারের মধ্যে ২,৭৭,৫৯৫টি স্কুল মেন্টেন্ড বাই লোকাল অথরিটিস্, অর্থাৎ আমাদের দেশের যেমন কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি ডিস্ট্রিক্ট বোর্ড এই রকম। বুঝে দেখুন সেখানে সোয়া তিন লক্ষের মধ্যে ২ লক্ষ ৭৪ হাজারই মেন্টেন্ড বাই লোকাল অথরিটিস্ আর ডাইরেক্ট গ্রান্টস্ স্কুলস্, যারা গভর্নমেন্ট থেকে সরাসরিভাবে সাহায্য পায় তার সংখ্যা হচ্ছে মাত্র ৬৮৫৩। আমি ১৯৬০ সালের সংখ্যা দিচ্ছি। ইন্ডিপেন্ডেন্ট স্কুলস্, রেকগনাইসড্ এ্যাজ এফিসিয়েন্ট, অর্থাৎ সরকারের ইন্সপেক্টর অব স্কুলস্, যাঁরা আছেন তাঁরা তদন্ত করে যাদের এফিসিয়েন্ট অর্থাৎ ভাল স্কুল বলেন, তাদের সংখ্যা হচ্ছে ৬৮৫৩টি মাত্র। ইন্ডিপেন্ডেন্ট স্কুলস রিকগনাইজড্ এ্যাজ এফিসিয়েন্ট অর্থাৎ স্বতন্ত্র সুপরিচালিত হচ্ছে ১৯,৯২১, আর তদ্ব্যতীত ইন্ডিপেন্ডেন্ট স্কুল ১১,০০০। তাহলে দাঁড়াচ্ছে এই যে ৩০,৯৫১ বা ৩১ হাজার স্কুল হচ্ছে ইন্ডিপেন্ডেন্ট স্কুল। ডাইরেক্ট গ্রান্ট স্কুল হচ্ছে ৭ হাজারেরও কম। আর ২,৭৪,৫৯৫ হচ্ছে গভর্নমেন্টের। প্রশ্ন করা হচ্ছে ব্রিটিশ গভর্নমেন্ট যে খরচ দেয় আপনারা কি তা দেন? তা দেন না। ৬১ মিলিয়ন স্টার্লিং তাঁরা দেন শুধু স্কুলের মিল এবং মিল্কের জন্য। আপনারা তা দিতে পারেন না। আমরা সেরকম সম্পত্তিসম্পন্ন রাষ্ট্র নই, আমরা দিতে পারি না এটা সত্য কথা। কিন্তু খরচটা মোট কত হয়? এই লোকাল অথরিটিস্ দ্বারা মেন্টেন্ড স্কুলগুলিতে খরচ হচ্ছে বাৎসরিক ৬৫১ মিলিয়ন স্টার্লিং, আর গভর্নমেন্ট গ্রান্ট কত? মাত্র ৬১ মিলিয়ন। অর্থাৎ একথা ঠিক নয় যে ব্রিটিশ গভর্নমেন্ট এদেশের সরকারের চেয়ে কিছু বেশী টাকা খরচ করেন। আমাদের দেশের অবস্থা দেখুন, ১৯৬০ সালের হিসাবে আমরা কত টাকা দিয়েছি? তাতে দেখবেন শিক্ষাসংক্রান্ত সমগ্র খরচার শতকরা ৬২ ভাগ সরকার বহন করেছেন। আর ফিস্ থেকে কত উঠে, মাত্র ২৬ পার্সেন্ট। এঁরা ঠিক তার উল্টো কথা বলছেন, অনবরত এই কথা শুনলাম গভর্নমেন্ট এক তৃতীয়াংশ খরচ দেন শিক্ষা পরিচালনা করার জন্য। এ রাষ্ট্রে আমরা ৬২ পার্সেন্ট দিই, আর ২৬ পার্সেন্ট ফিস থেকে উঠে, আর আমাদের লোকাল বডিস্ কত দেন তা যদি জিজ্ঞাসা করেন তাহলে বড় কিছু বলার নেই, অনধিক তিন পার্সেন্ট দেন মাত্র। এখন কথা হচ্ছে দেশের অবস্থা বিবেচনা করে কাজ করতে হবে। অন্য দেশের নজীর দেখালেই তো চলবে না। অনেকে বলেছেন মাধ্যমিক শিক্ষাকে সংকোচ করা হচ্ছে। তার মানে কি? ১৯৪৭ সালে এখানে দুই হাজারেরও কম স্কুল ছিল, এখন ৪ হাজার ২ শতের উপর। এর নাম কি শিক্ষা সংকোচ? কথাগুলি যখন বলেন তখন বাস্তব অবস্থা দেখেশুনে যদি বলেন তাহলে বুঝতে পারি। অতএব সত্যি কি শিক্ষা সংকোচ করা হয়েছে? সংকোচ কি রকম? না—ঐ রাশিয়ায় অনেক বেশী স্কুল হয়েছে। আমি কালকেও বলেছিলাম যে ইউ এস এস আর-এ প্রধান ইউনিট-এ ১৯১৫ সাল থেকে ১৯৬০ সাল পর্যন্ত স্কুলের সংখ্যা বেড়েছে চার গুণ। আমাদের ১৫ বছরে দ্বিগুণেরও উপরে

বেড়েছে। সুতরাং আমরা ৪৫ বছরের সুযোগ যদি পাই তাহলে আমাদের এখানেও চার গুণ হবে। রাশিয়ায় ৪৫ বছরে এত বৃদ্ধি হয়েছে বলে আমাদের এখানে বসে হাততালি দিতে হবে তার কোন মানে হয় না। সত্যিকারের অবস্থা বিচার করে দেখুন। তা না করে শিক্ষাকে 'কুক্ষিগত করা হচ্ছে', 'সংকোচ করা হচ্ছে' এ সব কথা বলে কোন্ লাভ হবে? বাস্তব অবস্থা বিচার করে কথাগুলি বলুন। আর একটা কথা বলব বোর্ডের সম্বন্ধে। বোর্ডের সম্বন্ধে আমি এখানে বলেছি নূতন বোর্ডের কনস্টিটিউশন ১৯৫০ সালের এ্যাক্ট-এর কনস্টিটিউশনের মত নয়। আমি গোড়াতেই বলেছি কেন তা নয়। আমি বলেছি ১৯৫০ সালে যে আইন করা হয়েছিল সেটা কোন কমিটির নির্দেশে করা হয়নি, আমাদের যে ধারণা ছিল সেই ধারণা অনুসারে করেছিলাম। তারপর দেখা গেল সেই আইন ব্যর্থ হয়েছে—অর্থাৎ বোর্ড এমনভাবে কাজ চালিয়েছেন যাতে বোর্ডকে রক্ষা করা সম্ভব হয়নি। যিনি তখন শিক্ষামন্ত্রী ছিলেন তিনি জানিয়েছিলেন কি কি কারণে বোর্ডকে সুপারসাইড করেছিলেন। সে সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রীও আগে যিনি ছিলেন অর্থাৎ ডাঃ রায় তিনিও বলে গিয়েছেন। সুপারসাইড করা হয়েছিল বাই অ্যান এ্যাক্ট অব দি লেজিসলেচার, লেজিসলেচার সেই এ্যাক্ট পাস করেছিলেন। আপনারা তখন দু'চারজন ছিলেন কি না ছিলেন সেটা বড় কথা নয়—আইনটা এখানেই পাস হয়েছিল। তারপর দুটো কমিশন—মুদালিয়র কমিশন একটা এবং আর একটা দে কমিশন—হয়েছিল। মুদালিয়র কমিশন গভর্নমেন্ট অব ইণ্ডিয়া সারা ভারতবর্ষের জন্য নিয়োগ করেছিলেন। তারা কত লোককে কনসাল্ট করেছিলেন তার ফিরিস্তি তাঁদের রিপোর্টে ২৭ পৃষ্ঠাব্যাপী স্মল পাইকা অক্ষরে লিখে গিয়েছেন—কত লোককে কনসাল্ট করা হয়েছিল, কত লোকের মেমোরেণ্ডাম পেয়েছিলেন সারা ভারতবর্ষে তার ২৭ পৃষ্ঠাব্যাপী রেফারেন্স দেওয়া রয়েছে সেই রিপোর্টে। তাঁদের মত নিতে হবে না, মত নিতে হবে আমাদের এখানকার দু'চারজনের? আর সেই দু'চারজনের মত না নিলে বলবেন রিএক্সনারী দে কমিটি মত নিয়েছিলেন প্রায় পৌণে দুইশত লোকের আর তাঁদের কাছে হাফ এ ডজন পার্টিজ মেমোরেণ্ডাম সাবমিট করেছিলেন।

[2-20—2-30 p.m.]

তারপর দে কমিটি যে রিপোর্ট করেছেন, সেটা যদি দেখি তাহলে রিয়্যাকশনারি হবো? তাদের রিপোর্টের মতটা কি ফেলে দিতে হবে? মুদালিয়র কমিশন সারা ভারতের জন্য কমিশন হিসেবে কাজ করছেন। হায়ার সেকেণ্ডারী এডুকেশন যে চালু হয়েছে, তা মুদালিয়র কমিশনের রিপোর্ট অনুসারে হয়েছে। মুদালিয়র কমিশন যা বলেছেন গভর্নমেন্ট অব ইণ্ডিয়া তা অ্যাক্সেপ্ট করে নিয়েছেন। তাও ফেলে দিতে হবে? আপনারা দু'চারজন যা বলেছেন, সেগুলি গ্রহণ করা হচ্ছে না বলেই কি এই মুদালিয়র কমিশনের রিপোর্ট, দে কমিটির রিপোর্ট অগ্রাহ্য? আর আপনাদের মতগুলো বেশী গ্রাহ্য বা গ্রহণীয় হবে? এই কি আপনাদের যুক্তি?

আর একটা কথা আপনারা বলেছেন, সেটা হচ্ছে যে "বোর্ডকে আপনারা এ্যাডভাইসার বোর্ড করেছেন"। উভয় কমিশনই বোর্ডকে এ্যাডভাইসরি করতে বলেছেন। উপদেশটা স্টেট গভর্নমেন্ট গ্রহণ করবেন কি করবেন না তার কোন কিছু স্থিরতা নাই। ভারতের অন্ততঃ ছয়টি স্টেটের ব্যবস্থা দেখলাম—সেখানে এ্যাডভাইস দেবারও ক্ষমতা সকল বোর্ডের নাই। আমাদের মত এইরকম পাঁচটি স্টেটে যে এ্যাক্ট আছে, তাতে বোর্ডের এ্যাডভাইস্ দেবারও ক্ষমতা নাই। আমরা যে কয়টি ক্ষমতা বোর্ডকে দিয়েছি তার চেয়েও কম ক্ষমতা তাদের বোর্ডকে দেওয়া আছে, বেশী ক্ষমতা দেওয়া নাই। মুদালিয়র কমিশনের রিপোর্টের পরে যে এ্যাক্ট পাস হয়েছে মধ্যপ্রদেশে, তাতেই কেবল এ্যাডভাইসরি ক্যাপাসিটি দেওয়া হয়েছে নতুবা অপর সকল বোর্ডই রিকগনিশন দেবেন, সিলেবাস করবেন ইত্যাদি, কিন্তু এ্যাডভাইস দিতে পারবেন না। এখানে বলা হয়েছে কি? না, ডাইরেক্টর অব পাবলিক ইন্সট্রাকশন এ্যাডভাইস চাইলে তাঁরা দিতে পারবেন। আমি জিজ্ঞাসা করি এ্যাডভাইস গ্র্যাটিস কি কেউ কখনো গ্রহণ করে? প্রয়োজন হলে তো লোকে এ্যাডভাইস নিয়ে থাকে! ডি পি আই বা স্টেট গভর্নমেন্ট যখন এ্যাডভাইস চাইবেন, তখন যদি তাঁরা এ্যাডভাইস দেন, তাহলে সেই এ্যাডভাইস তাঁরা শিরোধার্য করে নেবেন সেই এ্যাডভাইস যদি সুসঙ্গত ও যুক্তিপূর্ণ হয়। এই এ্যাক্ট-এ সেই প্রভিসান-ই করা হয়েছে। সরকার কোন বিষয়ে এ্যাডভাইস পেলে বোর্ডকে জানাবেন যে এই কারণে তোমাদের এ্যাডভাইস এ্যাক্সেপ্ট করা যাচ্ছে বা যাচ্ছে না। তারপরে বোর্ডের কি বক্তব্য আছে, সেটা শুনে সরকার যা হয় ব্যবস্থা

[illegible]বেন। এই [illegible] তৈরী করা হয়েছে। আপনাদের যুক্তি অবশ্য বুঝতে পারি। আপনাদের যুক্তি হচ্ছে সরকার টাকা দেবেন, আর সমস্ত কর্তৃত্ব করবেন আপনাদের মনোনীত লোকেরা। এ যুক্তি আপনাদের মতে খুব সুন্দর। তা যদি গ্রহণ করা না হয়, তাহলে নিশ্চয়ই সরকার আপনাদের মতে [illegible]তান্ত্রিক! আপনারা যা কিছু বলেছেন, তা সমস্তই সাধারণতন্ত্রের কথা —এটাই ধরে নিতে হবে, এ হতে পারে না। যে জিনিসগুলো এ কয়দিন ধরে আলোচনা করা হচ্ছে, তা সমস্তই বিলের প্রভিসান-এ আছে। আপনাদের পূর্বের মত যদি কেবল পুনঃ পুনঃ বলতে থাকেন, তা ব'লে কি সেটা গ্রহণ করা সম্ভব হতে পারে?

পরিশেষে বলবো—দুটো বেশ সারগর্ভ কথা বলেছেন সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়। সে সম্বন্ধে আগে কিছু বলিনি, তখন প্রাসঙ্গিক হতো না, এখন আমি সে দুটো কথা সম্বন্ধে বলছি। একটা কথা উনি বলেছেন যে, বিলেতে যেমন আছে রিলিজিয়াস এডুকেশন দেবার ব্যবস্থা, এখানেও সেইরকম একটা ব্যবস্থা হওয়া দরকার। ১৯৪৮ সালে আমার যতদূর মনে আছে, এখানে ড্র্যাফ্‌ট্‌ কনস্টিটিউশন-এর আলোচনা হয়েছিল এই এসেম্বলীতে—যতদূর আমার মনে আছে—ক্লজ ২২ সম্পর্কে আমি বলেছিলাম যে আমরা মনে করি আমরা অত্যন্ত ধর্মপ্রাণ জাতি, আমাদের এখানে বহু অবতার অবতীর্ণ হয়েছেন, হালের যুগেও গান্ধীজীর মত লোক হয়েছে; আমরা ধর্মনিষ্ঠ ইত্যাদি। তা যদি হয়, তাহলে আমাদের এখানে অবশ্যই থাকা উচিত রিলিজিয়াস ইনস্ট্রাকশন-এর ব্যবস্থা। কিন্তু সেই ক্লজটি কনস্টিটিউশন থেকে বর্জন করা হয়, তা আর কনস্টিটিউশন-এ নাই। আমাদের কনস্টিটিউশনের আর্টিক্যাল ২৮-এ বলা হয়েছে মিশনারী স্কুলে তাঁরা কেবল ধর্ম শিক্ষা দিতে পারবেন, স্টেট পরিচালিত বা স্টেট এডেড কোন স্কুলে বাধ্যতামূলক ধর্ম শিক্ষা দেওয়া যাবে না। কিন্তু সত্যি কথা বলতে কি বিলেতে এই ধর্ম শিক্ষা একেবারে কম্পালসরি—আণ্ডার সেকশন ২৬ অব দি এ্যাক্ট অব ১৯৪৪ ধর্মশিক্ষা একেবারে বাধ্যতামূলক, কি রকম ধর্মশিক্ষা দেওয়া হয়, তা শুনলে আপনারা আশ্চর্য হয়ে যাবেন। সেটা হচ্ছে এই: যেগুলি মেন্টেন্ড স্কুল, অধিকাংশ স্কুলই সেখানে মেন্টেন্ড বাই দি লোকাল অথরিটিস্‌, সেখানে নিয়ম হচ্ছে নন-ডিনমিন্যাশনাল অসাম্প্রদায়িক ধর্মশিক্ষা দিতে হবে—কোন ডিনমিন্যাশনাল ধর্মশিক্ষা চলবে না। ওদের তো অনেক ডিনমিন্যাশন আছে—প্রোটেস্টান্ট, ক্যাথলিক, ওয়েসলিয়ান মিশন ইত্যাদি অনেক রকম মিশন আছে। নন-ডিনমিন্যাশনাল ধর্ম শিক্ষা দিতে কি করতে হবে? না, এগ্রিড ব্যাসিস-এ প্রেয়ার বুক তৈরী করবেন লোকাল অথরিটি এবং সেই প্রেয়ার বুক-এর ব্যাসিস-এ উপাসনাদির কাজ চলবে। যেগুলি ভলান্টারি স্কুলস্‌, মিশনারী স্কুল তাহাদের নিজ সম্প্রদায়ের প্রেয়ার বুক মতে তাঁরা উপাসনা করাতে পারবেন—এই ব্যবস্থা। সেখানে ধর্মশিক্ষা বাস্তবিকই বাধ্যতামূলক। প্রথমে আমাদের ড্র্যাফ্‌ট্‌ কনস্টিটিউশন-এ যে ধারাটি ছিল পরে তা তুলে দেওয়া হয়েছে। ইদানীং গভর্নমেন্ট অব ইণ্ডিয়া শ্রীপ্রকাশ কমিটি নিয়োগ করেছিলেন স্কুলে নীতিশিক্ষা ও ধর্মশিক্ষা দেওয়া হবে কিনা সে সম্বন্ধে একটি নীতি নির্ধারণের জন্য। কিন্তু শ্রীপ্রকাশ কমিটি ধর্মশিক্ষা দেওয়া সম্বন্ধে বিশেষ কিছু বলেন নি। তাঁরা বলেছেন—নীতিশিক্ষা অবশ্যই দেওয়া উচিত। কিন্তু আমার বেশ মনে আছে আমি মিনিস্টার্স কনফারেন্স-এ ঐ কমিটির রিপোর্ট আলোচনাকালে বলেছিলাম যে নীতিশিক্ষা শুধু দিলেই কাজ হতে পারে না। আমি যদি অনবরত বলি পিতা-মাতাকে শ্রদ্ধা করিবে, সেটা বললে ছেলেমেয়েদের মনে তত বসবে না; কিন্তু আমি যদি বলি এই ভারতবর্ষে এমন দিন ছিল, যেদিন পিতার প্রতিশ্রুতি পালনের জন্য পুত্র ১৪ বৎসর বনবাস অঙ্গীকার করেছিলেন, এই রামায়ণী কথা ছেলেবেলা থেকে ছেলেরা পড়লে, তাহলে তাদের মনে সেটা বেশী করে বসে যাবে যে বাপ-মাকে শ্রদ্ধা করতে হয়। বিদ্যাসাগর মহাশয়ের বোধোদয় যাঁরা পড়েছেন, তাঁরা জানেন সেখানে আছে—সদা সত্য কথা বলিবে। অনবরত সদা সত্য কথা বলতে ছেলেদের মুখস্থ করান গেল। মুখস্থ করলেও তারপর কিন্তু কার্যক্ষেত্রে সদা সত্যকথা অনেকে বলেন না—এটাই বাস্তব সত্য। যদি একথা আমরা শোনাই বা পড়াই যে সত্য পালনের জন্য একজন রাজা তাঁর সিংহাসন ত্যাগ [illegible] এবং তিনি মৃতের সৎকার করতে আরম্ভ করেছিলেন তাহলে এটা ছেলেদের মনে অত্যন্ত পরিষ্কারভাবে বসে থাকবে। আমার বেশ মনে আছে—রামায়ণী কথা দীনেশ সেন মহাশয় যখন লিখেছিলেন, তখন তার ভূমিকায় রবীন্দ্রনাথ লিখেছিলেন মনে হয় যে আমরা যদি "বর্ণিত [illegible] উপর সরল শ্রদ্ধা রক্ষা করতে পারি তাহলে পশ্চিমের কারখানার ঝড়ের ধূলিত বায়ুর হাত থেকে মুক্তিলাভ করতে পারবো"। [illegible]

হোক আসল ধর্মশিক্ষা সত্যই [illegible] নয় বা [illegible] নয় যে ধর্মশিক্ষা ভিনমিন্যাশন্যাল—ভারত যত মত তত পথে বিশ্বাস করে—তা দেওয়া উচিত। আমার নিজ ধারণা তাই।

সিদ্ধার্থবাবু আরও একটা ভাল বলেছেন। তিনি বলেছেন যে বেগুলি জাতীয় সঙ্গীত, বারটা কি পনেরটা জাতীয় সঙ্গীত সিলেকশন করে স্কুলে সেই জাতীয় সঙ্গীত শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা দরকার। আমি সিদ্ধার্থবাবুর কথা শুনবার আগেই কিছুদিন থেকে মনে করে আসছিলাম একখানা বই এমন করলে হয় যার অর্ধেকে সিলেকটেড্ জাতীয় সঙ্গীত থাকবে এবং অপর অর্ধেকে সিলেকটেড্ প্রার্থনা সঙ্গীত বা হিমস্ থাকবে উপনিষদ, ভগবদ্গীতা থেকে আরম্ভ করে [illegible] উপাসনা সঙ্গীত এমন কি কোরাণ থেকে, বাইবেল থেকে ও যা কোন হিম্ রাখা যেতে পারে, তাও থাকবে এবং স্কুল আরম্ভ হতে পারবে উপাসনা সঙ্গীতে স্কুল শেষ হতে পারবে জাতীয় সঙ্গীতে কিংবা স্কুল আরম্ভ হতে পারবে জাতীয় সঙ্গীতে এবং শেষ হতে পারে কোন প্রার্থনা সঙ্গীতে। এটা করতে পারলে খুবই ভাল হয়। সিদ্ধার্থবাবু এ কথাগুলো আমার মনে খুব ভাল লেগেছে। তাঁর সাজেশান-এর জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার ভাষণ শেষ করছি।

[2-30—2-40 p.m.]

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the West Bengal Board of Secondary Education Bill, 1962, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the followinig result:—

AYES 103

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, the Hon'ble Smarajit
Banerjee, Shrimati Maya
Banerji, The Hon'ble Sankardas
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhhattacharjee, Shri Jagadish Chandra
Bhuttacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, the Hon'ble Dr. Susil Ranjan
Chattoraj, Dr. Radhanath
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Abani Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, The Hon'ble Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hembram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Joynal Abedin, Shri
Karam Hossain, Shri
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, The Hon'ble Cha[illegible] Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra

Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mukherjee, The Hon'ble Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radha Krishna
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Pranab Prosad
Saha, Dr Biswanath
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, The Hn'ble Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, The Hon'ble Promatha Ranjan
Tudu, Shrimati Tushar

NOES 42

Abdul Bari Moktar, Shri
Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Anadi
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Hansda, Shri Juleswar
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy Pradhan, Shri Amadendra Nath
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sarkar, Shri Dharanidhar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 103 and the Noes 42, the motion was carried.

The Bengal Development (Amendment) Bill, 1963

The Hon'ble Ajoy Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Development (Amendment) Bill, 1963, as passed by the West Bengal Legislative Council, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, এটা একটা সামান্য ব্যাপার. বেঙ্গল ডেভেলপমেন্ট এ্যাক্ট-এর সেকশন ১২-তে আছে ক্যানেল থেকে জল ছেড়ে দিলে যাঁদের আরেকজনের মাঠের উপর দিয়েই জল চলে যায়, সে জল কেউ আটকাতে পারবে না, এটা মানুষের লেজিটিমেট রাইট। কিন্তু এখনও দেখা

গিয়েছে জমিতে আল আছে, জমি থেকে জল যেতে দেয় না, আটকে দেয়, নানারকম জোরজুলুম করে। দ্বিতীয় কথা, যাদের জমি উঁচু, এই ধারের নীচু জমিতে জল যেতে যেতে এই ধারের জমিগুলি ভর্তি হয়ে যায়। তাতে দেরী খুব হয়, আর জল অনেক বেশী খরচ হয়। আমরা তাই বলেছিলাম কৃষকরা নিজের চেষ্টায় নিজের জমিতে খাল কেটে নেবে—ছোট ১।১½ হাত খাল। আমরা এক-একটা ব্লকে ১০০।১৫০ একর জমিতে ক্যানেল পৌঁছে দিয়েছিলাম। সেই ক্যানাল থেকে আমরা আউটলেট দিয়েছিলাম, সেখান থেকে মাঠে জল ছেড়ে দিতাম। সেই জল মাঠে মাঠে না দিয়ে যদি প্রত্যেকে যে যার জমি থেকে ছোট ছোট নালা কেটে নিতে পারে তা হলে সেচ ভাল হয় এবং যে যার সময়মত, প্রয়োজনমত জল পেতে পারে। এজন্য কৃষকরা কিম্বা গ্রাম-পঞ্চায়েৎ কিম্বা অঞ্চল পঞ্চায়েৎ চাইলেন যে এখনই আমরা নালা কাটব। সবাই সবারের জমির যাহার উপর থেকে কাটতে দিলাম। একজন এমন ব্যক্তি যদি হয় যাহার ২০।২৫।৫০।১০০ ফুট জমি তিনি যদি বলেন যে আমার জমির উপর দিয়ে নালা কাটতে দেব না তাহলে সমস্ত জিনিসটা বার্থ হয়ে যাবে। এই জিনিসটা ১৯৫৮ সালের ডিসেম্বরে এসেছিল। আমরা যখন ডি ভি সি এলাকায় সেচ ব্যবস্থার জন্য জলকর ধার্য করি তখন এই নিয়ে খুব ভাল করে আলোচনা হয়ে গেছে। তারপর বোথ হাউসে এটা পাশ করে দিয়েছেন যে এটা দেওয়া যেতে পারে। এখন কথা হচ্ছে যে এটা সংবিধান বিরোধী কিনা এ প্রশ্ন তখন উঠেছিল, খুব ভাল করে যেন আলোচনাও হয়েছিল যে ওটা সংবিধানবিরোধী নয়। সংবিধানের যেখানে এ্যার্ট ১৯(১এফ) আছে তাতে আছে সেখানে ঐ এ্যার্ট-এর ক্লজ ৫-এ আছে—

Nothing in sub-clauses (e), (e) and (f) of the said clause shall affect the operation of any existing law in so far as it imposes, or prevent the State from making any law imposing reasonable restrictions on the exercise of any of the rights conferred by the said sub-clauses either in the interests of the general public or for the protection of the interests of any Scheduled Tribe

এটা রিজনেবল্ রেস্ট্রিকশন কিনা এ বিষয় নিয়ে সেবার অনেক আলোচনা হয়েছিল। একদিন আমাদের এসেম্বলী স্থগিত রেখে পরের দিন এ বিষয়ে আলোচনা হয়েছিল। সেই সময় আমরা আমাদের সরকারের আইনের যিনি পরামর্শদাতা ডি এল আর, তাঁর কাছ থেকে ওপিনিয়ন নিয়েছিলাম। সেই সময় তিনি বলেছিলেন যে—

It may be a reasonable restriction on the right to hold property to say that the owner of such property must allow free passage of water when such passage will be in public interest.

কাজেই এই রিজনেবল রেস্ট্রিকশন-টা সংবিধান বিরোধী নয়। এখানে আমরা গভর্নমেন্ট থেকে কোন ক্যানেল কাটতে যাচ্ছি না। আমাদের এক-একটা ব্লকে যতদূর ক্যানেল কেটে ছোট করার পর এবং সেটা মাঠে মাঠে যাবার পর গ্রামবাসীরা নিজেরাই কেটে নিয়েছে। এখানে র‍্যাকুইজিশন এর প্রশ্ন নেই, আমরা রিকুইজিশন করছি না। কিন্তু যে লোকটা বাধা ছিল তার বাধার জন্য এটা যাতে বন্ধ না হয় সেজন্য আমরা এটা করেছি। গ্রামে সবাই নিজে কেটে নিল তাতে আমাদের কিছু বলার নেই। কিন্তু যদি কেউ বাধা দেয় তাহলে তিনি কালেক্টরের কাছে বলবেন যে এইরকম বাধা দিচ্ছে তখন কালেক্টার বলবেন না যে বাধা দিও না, ছেড়ে দাও। সে যদি বলে যে না আমি ছাড়ব না তাহলে কালেক্টার বাধ্য হয়ে কন্ট্রাকটারকে দিয়ে কাটিয়ে নিয়ে তার খরচ আদায় করে নেবে। এটা একটা পানিশমেন্ট। এই আইন আগে আছে—এই আইন আমাদের ডি ভি সি এলাকায় চলছে। এই আইন না হলে অমাদের জলসেচের খুব অসুবিধা হচ্ছে। এতে কারুর বিশেষ কোন ক্ষতি হচ্ছে না—তার জমি আমরা নিয়ে নিচ্ছি না—তার প্রপ্রাইটারি রাইট থাকছে। এতে তারাই উপকার পাবে, তাদের মাঠে জল যাবে—এই খাল দিয়ে সে তার প্রয়োজনমত জল নিতে পারবে। তবে তার বেশী জল গেল, কি কম জল গেল তা হবে না। এছাড়া আমার আর কিছু বলার নেই।

The motion of the Hon'ble Ajoy Kumar Mukherjee that the Bengal Development (Amendment) Bill, 1963, as passed by the West Bengal Legislative Council, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

[2-40—2-48 p.m.]

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 2(b), in the proposed sub-section (1A), lines 6-7, the words, "; and may recover the costs thereof from such persons" be omitted.

I also move that in clause 2(b), the proposed sub-section (1B) be omitted.

এই ক্ষুদ্র একটি এ্যামেণ্ডমেণ্টের উদ্দেশ্য হচ্ছে এই যে জল যাবার ক্যানেল কাটবার জন্যে, যা জলের গতিকে জায়গা দেবার জন্যে যদি কারো কোন ক্ষতি হয় এবং সেই সেচের ব্যবস্থাকে রক্ষণাবেক্ষণ করবার জন্য যদি কারো কোন ক্ষতি হয় সেচের সেই ক্যানেল কাটা এবং জলের গতিকে নিয়মিতভাবে পৌঁছে দেবার জন্য যে রক্ষণাবেক্ষণের খরচা সেই খরচাটা স্থানীয় লোকের কাছ থেকে তোলা হবে। অজয়বাবু, মন্ত্রীমহাশয়, যেকথা অত্যন্ত সহজভাবে আলোচনার মাধ্যমে বললেন তাতে আমার দ্বিমত নেই। গোটা বিলের এ্যামেণ্ডমেণ্টের স্পিরিটটা সম্পূর্ণভাবে সমর্থন করি। কিন্তু আমি জানি বিশেষ বিশেষ ক্ষেত্রে এমন ঘটনা ঘটে যেখানে দেখা গিয়েছে যে সরকারের কিছু দায়িত্ব নেওয়া উচিত। সেই সব ক্ষেত্রে আমার মনে হয় বিচার করে যদি না চলি তাহলে এই বিলটা অনেক সময় আমাদের ক্ষতি করতে পারে। যদি ক্যানেল সরকারকে কাটতে হয়, জল নিকাশের জন্য সরকারকে দায়িত্ব বহন করতে হয়, যেটা ছোটখাট, খুব বেশী নয় একটু বড় আকারেরও হতে পারে, জল পরিচালনা করবার জন্য ক্যানেল কাটা, চ্যানেল তৈরী করার জন্য যে ব্যবস্থা করা দরকার সেটা সরকারের যদি ইনিসিয়েটিভ নিতে হয়, সরকার পক্ষকে যদি খরচ করতে হয় সেই খরচাটা তুলবার জন্য দেশের লোকের কাছ থেকে আবার যে টাকা-পয়সা নিতে হবে এই ব্যবস্থার বিধান না থাকাই ভাল। কাজেই এটা স্থানীয়ভাবে লোকে দেয় ভাল, না যদি দেয় সেসব ক্ষেত্রে সরকারের উচিত সেই টাকা নিজের দায়িত্বে বহন করা।

সঙ্গে সঙ্গে আর একটা এ্যামেণ্ডমেণ্ট আছে, জোনাব হবিবুল্লা সাহেবের। এটার কথা হচ্ছে এই, যাদের ক্ষতিপূরণ দেওয়া উচিত তাদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা থাকবে না এইরকম ধরনের একটা বিধান সৃষ্টি করা হচ্ছে। এটা ঠিক, মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন সত্যই সেই রকম অবস্থায় সরকার থেকে বড় বড় ক্যানেল কেটে দিয়ে সেখান থেকে জল নিয়ে যাবার জন্য ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনা, অত্যন্ত সহজ ও সুন্দর পরিকল্পনা, তার জন্য কোন ক্ষতিপূরণ দেওয়া নিশ্চয়ই উচিত নয়, দেশের উদ্যম নিয়ে সেসব ব্যবস্থা করা উচিত। কিন্তু আমি জানি গ্রামে জোতদারদের ক্লিক্ আছে, পঞ্চায়েত, ইউনিয়ন বোর্ডের মারফৎ যদি এই বিষয়ের সমাধান করতে হয়, অনেক সময় দেখা যায় জোতদাররা নিজেদের জমির মধ্যে দিয়ে জল না নিয়ে গিয়ে পাশ দিয়ে এঁকিয়ে-বেঁকিয়ে এমন জায়গা দিয়ে নিয়ে যাবে যার ফলে গরীবের জমিগুলির ক্ষতি হবে আর তাদের জমিগুলি বেঁচে যাবে। সেই সব ক্ষেত্রে আমরা কি করবো? হয়ত আমাদের ইউনিয়ন বোর্ডের মধ্যে সে শক্তি নেই, সেখানে বিচারটা করবে কে? কাজে কাজেই এই বিষয়ে বিচারের একটা অভাব থেকে যাচ্ছে। আর দ্বিতীয়তঃ হচ্ছে, সেখানে যদি আমরা দেখি এমন জায়গা দিয়ে জল যাচ্ছে যার ফলে একটা অত্যন্ত ক্ষুদ্র কৃষক যার ৪-৫ বিঘা জমি, আন-ইকনমিক হোল্ডিং, একমাত্র জীবিকার আধার সেই জমিটুকু, তার মধ্যে দিয়ে জল যাবার জন্য যে ক্ষতি হল তাতে তার সারা বৎসরের আহারের অভাব হয়ে গেল, সেই ক্ষেত্রে কি হবে? এই সব বিচার করবার জন্যই দুটি অত্যন্ত ক্ষুদ্র সংশোধনী যা এসেছে সেই সংশোধনীর পক্ষে আমি এই বক্তব্য পেশ করলাম।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

স্পীকার মহোদয়, যেকথা সনৎবাবু বললেন যে গ্রামের মোড়লেরা বা প্রতিপত্তিশালী লোকেরা নিজেদের জমি বাঁচাবার চেষ্টায় গরীব লোকের ক্ষতি করবে, সে লোক কিছু বলতে পারবে না তার ঘাড় দিয়ে যাবে এটা ঠিক কথা নয়। আমি বলতে চাই যেখানে অনেকে একমত হয়ে নিজেরা কাটবে সেজন্যে এই আইন নয়। যেখানে একজন বাধা দিচ্ছে সেখানে যে বাধা দিল তার বিরুদ্ধে পাবলিক-কে কলেক্টারের কাছে দরখাস্ত করতে হবে। কলেক্টার সেই দরখাস্ত নিয়ে ইরিগেশন ডিপার্টমেন্টকে দেবেন। ইরিগেশন ডিপার্টমেন্ট সেটা দেখবেন ঠিক আছে কিনা। তারা যদি বলেন যে ঠিক লাইনে কাটা হচ্ছে তখন কলেক্টার বলবেন ঠিক আছে, তুমি জমি ছেড়ে দাও। তখন যদি সে বাধা দেয় তখন সেখানে এই আইন প্রয়োগ করা হবে। কারও উপর

অন্যায় না হয় সেজন্য সাফিসিয়েন্ট চেক আছে। এর উপরেও কমিশনার আছেন, বোর্ড অব রেভিনিউ আছে। সেখানে র‍্যাপিল করতে পারবে রিভিশন-এর জন্য। কাজেই এ বিষয়ে যথেষ্ট প্রটেকশন ব্যবস্থা আছে যাতে কারও উপর অত্যাচার না হতে পারে। সরকার তো দায়িত্ব নিচ্ছে—যতদূর পর্যন্ত ক্যানেল নিয়ে যাওয়া যায় তা নিচ্ছেন। তারপর গ্রামবাসীরা নিজের নিজের জমিতে ছোট ছোট নালা কেটে নেয়, কারণ নালা না নিলে রবিশস্য হতে পারে না, ধান হতে পারে না, তা আপনারা জানেন। নিজেদের স্বার্থের জন্য, রবিশস্যের জন্য নিজেরা নিজেরা নালা করবেন সেজন্য এটা করা হয়েছে, আমার এ বিষয়ে আর কিছু বলার নেই। এটা ওই হাউসে পাস হয়ে গিয়েছে। আমি এর সংশোধনীর বিরোধিতা করছি।

The motions of Shri Sanat Kumar Raha that in clause 2(b), in the proposed sub-section (1A), lines 6-7, the words ", and may recover the costs thereof from such person" be omitted, and

that in clause 2(b), the proposed sub-section (1B) be omitted, were then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Ajoy Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Development (Amendment) Bill, 1963, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 2.48 p.m. till 12 noon on Friday, the 18th January 1963, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 18th January, 1963, at 12 noon.

Present:

Mr. Deputy Speaker (Shri ASHUTOSH MALLICK) in the Chair, 11 Hon'ble Ministers, 5 Hon'ble Ministers of State, 8 Deputy Ministers and 165 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Chinese tanning industries in Calcutta

***18.** (Admitted question No. *48.) **Shri Sudhir Chandra Das on behalf of Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the big Chinese tanning industries in Calcutta have recently been closed down and as a result thereof about 10,000 Indians who are in the employ of these industries have been thrown out of employment;

(b) if so, what steps Government proposes to take in the matter of unemployment of these people; and

(c) whether the Government has any statistics as to (i) the total number of Chinese employed in tanneries in Calcutta and (ii) the capital employed by Chinese employers in tanning industries other than the funds supplied from the Bank of China?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Government are not aware of closure of any big Chinese tannery establishment, but only three comparatively small tannery establishments employing a total number of 57 Indian workmen have been closed down.

(b) The cases of closure of three small establishments are under investigation.

(c) The information is not readily available.

Dr. Kanai Lal Bhattacharya:

আন্ডার ইন্ডাস্ট্রিজ—যেগুলো ট্যানিং ইন্ডাস্ট্রি যা চাইনীজ থেকে চলছে, এগুলো ব্যাঙ্ক অফ চায়না দ্বারা ফাইনান্স হয় নাই গভর্নমেন্টের কাছে সে খবর আছে ?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি যে রিপোর্ট পেয়েছি—

The work of the tanning industry, as being carried on at present is about 65 per cent.

আর ৩৫ পারসেন্ট বন্ধ আছে। ওদের ডিফিকাল্টিস চলছে,

(a) Difficulties in getting raw hide. This is caused due to restriction of the movement of the Chinese owners.

(b) The price of raw hide and other chemicals has gone up.

(c) Financial difficulties due to the Bank of China not functioning at present.

(d) The buyers of finished leather are not paying in cash for the abnormal situation but by post-dated cheques which the raw hide merchant are not accepting.

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, মিনিস্টার আগে একটা কথা বললেন মাত্র তিনটা যে কারখানা বন্ধ হয়ে গেছে তাতে আনএমপ্লয়েড হয়েছে ৫৭ জন লোক এবং তার পরে সাপ্লিমেন্টারীতে তিনি বললেন যে শতকরা ৩৫ ভাগ কাজ বন্ধ হয়ে গেছে এর মানে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

কারখানা বন্ধ হয় নাই, লোকও ছাটাই হয় নাই, কেবল কাজ কম হচ্ছে মাত্র।

Dr. Kanai Lal Bhattacharya:

আমি জিজ্ঞাসা করেছিলাম এই যে তিনটা কারখানা বন্ধ হয়েছে, সেটা ব্যাঙ্ক অব চায়নার ক থেকে টাকা বন্ধ হবার জন্য কি না? ও'র কাছে সে খবর নাই?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি যা পড়লাম, তা আপনি শুনলেন না—

one of the causes is financial difficulty due to the Bank of China not fun tioning at present.

Dr. Kanai Lal Bhattacharya:

আমার জিজ্ঞাসা হচ্ছে এই যারা ব্যাঙ্ক অব চায়নার ফিন্যান্স পেতো, তাদের বোনাফাইডি সম্বন্ধে সরকার ওয়াকিবহাল আছেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা আমার ডিপার্টমেন্টের ব্যাপার নয়। কাজেই আমি বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikary:

যেসমস্ত ট্যানারীর মালিক ব্যাঙ্ক অব চায়না থেকে সাহায্য পেত, প্রো-চাইনিজ এসপিয়ো করতো, তাদের কিছু কিছু সুযোগ দেওয়া হচ্ছে, আর যারা [illegible] এই অ্যাগ্রেসন- এগেনস্ট-এ, তাদেরকে সিকিউরিটি অফিসাররা হ্যারাস করছেন এ ব্যাপার কি সত্যি?

The Hon'ble Bijoy Singh Nahar:

তা আমি বলতে পারবো না। হোম ডিপার্টমেন্ট-এর মিনিস্টারকে প্রশ্ন করবেন।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, যারা চায়নিজ ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে ট্যানারী চালাত, ত প্রো-চায়নিজ, না অ্যান্টি-কমিউনিস্ট চায়নিজ?

The Hon'ble Bijoy Singh Nahar:

এ প্রশ্নের উত্তর আমি দিতে পারবো না। আপনি আর একবার হোম ডিপার্টমেন্টে আলাপ করবেন।

Shri Sanat Kumar Raha:

আপনি এই যে বললেন ৩৫ পারসেন্ট কারখানা বন্ধ হয়ে গিয়েছে, এবং যারা গরীব লোক, তার বাধ্য হয়ে বন্ধ করতে হয়েছে। এর ফলে বাজারে যে প্রতিক্রিয়া দেখা দিয়েছে এবং বাজারের ক্ষতি হয়েছে, সে বিষয়ে সরকার চিন্তা করছেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি সেকথা বলিনি। আপনার বুঝতে ভুল হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারবেন এই ট্যানারী ইন্ডাস্ট্রির এইরকম অবস্থায় সরকার তাকে ন্যাশনালাইজ করার জন্য পরিকল্পনা করছেন কিনা ?

The Hon'ble Bijoy Singh Nahar:

বর্তমানে নেই।

Shri Sudhir Chandra Das:

এই ইন্ডাস্ট্রির কর্মচারীদের মধ্যে ৫৭ জনের কর্মচ্যুতি হয়েছে বলেছেন। আপনার কাছে কি আর কোন দরখাস্ত বা আবেদন এসেছে যারা এইরকম অবস্থায় পড়েছে ?

The Hon'ble Bijoy Singh Nahar:

এর চেয়ে বেশি আর কিছু আসেনি।

Supply of tap-water in the Nalhati Block Development No. 1

***19.** (Admitted question No. *113.) **Shri Shiromani Prasad:** Will the Hon'ble Minister in charge of the Community Development and Extension Services Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে-

(১) বীরভূম জেলার নলহাটি ব্লক ডেভেলপমেন্ট নং ১, স্টেজ ২ সম্পূর্ণ হইয়াছে; এবং

(২) ঐ স্থানে বর্তমানে পানীয় জলের একান্ত অভাব রহিয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ ব্লকে ট্যাপ-ওয়াটার সাপ্লাই-এর পরিকল্পনা আছে কিনা;

(২) থাকিলে, কবে উহা কার্যকরী হইবে; এবং

(৩) বর্তমানে ঐ স্থানে পানীয় জল সরবরাহের কি ব্যবস্থা আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) (১) না।

(২) এইরকম কোন সংবাদ সরকারের জানা নেই।

(খ) (১), (২) ও (৩) প্রশ্ন ওঠে না।

Retrenchment of employees in various Commercial Houses in West Bengal

***20.** (Admitted question No. *129.) **Shri Sudhir Chandra Das on behalf of Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if he is aware that in spite of the announced policy of Industrial Truce and the 1962 November Agreement considerable number of the employees working in various commercial houses and factories in West Bengal have been retrenched; and

(b) if so, the names of those commercial firms who have violated the terms of the said truce and what steps, if any, have so far been taken to secure their reinstatement?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) It is not a fact.

(b) This does not arise.

Dr. Kanai Lal Bhattacharya:

এখানে আছে যে এই ছাঁটাই হয়েছে। কিন্তু এর পরে কোন ছাঁটাই হয়েছে কি না? আপনি বলেছেন কোন ছাঁটাই হয়নি। এ সম্বন্ধে আপনার বক্তব্য কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এখানে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজল্যুশন-এ যা বলা হয়েছে, সেটা আমি জানিয়ে দিতে চাই। এ সম্বন্ধে একটা নোট আমি পড়ে দিচ্ছি, তাহলে সমস্ত জিনিসটা পরিষ্কার হয়ে যাবে। এখানে রয়েছে—

So far as information received by this Department is concerned, only 2[illegible]4 persons have been retrenched by 28 employers in West Bengal during the months of November and December. In most cases the affected employees have accepted retrenchment compensation and have not raised any dispute. Three cases are, however, under conciliation at the moment. The causes of retrenchment are reduction in work, shortage of raw materials, accumulation of finished goods and permanent closure of the factory. Regard being had to the circumstances in which retrenchment has taken place in these cases, it cannot be said that the industrial truce resolution has been infringed. After the reports of the conciliation officers are received in regard to three cases of retrenchment, Government would be in a position to say whether the terms of the industrial truce resolution have been infringed in these cases.

Dr. Kanai Lal Bhattacharya:

ঐ যে তিনটি কেসের কথা বললেন, ঐ তিনটি কেসের নাম বলবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

তার নাম আমার কাছে এখন নেই।

Shri Jamini Bhusan Saha:

উনি বলেছেন এই ব্যাপারে ৩৫০টি কারখানা বন্ধ হয়ে গিয়েছে। সেখানে কতজন বেকার হয়ে গিয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমার জানা নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন স্টুয়ার্ড্‌স অ্যান্ড লয়েড কোম্পানীর দুইজন পার্মানেন্ট ওয়ার্কারকে ডিসমিস করা হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

হ্যাঁ, জানা আছে। আমার কাছে তার লিস্ট আছে।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে অন্যায়ভাবে তাদের ছাঁটাই করা হয়েছে, এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় কি কোন ব্যবস্থা অবলম্বন করেছেন?

(No reply)

[12-10—12-20 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

কেমেগর [illegible] জুট মিল-এর কটন সেকশন-এর ২০০ তাঁত বন্ধ হওয়ায় সেখানকার ২৫০ লোক ছাঁটাই হয়ে গিয়েছে এরকম কোন খবর মন্ত্রিমহাশয় জানেন কি না?

The Hon'ble Bijoy Singh Nahar:

ওদের কোন ছাঁটাই হয়নি, কর্মীদের জুট মিলে অন্য কাজ দেওয়া হয়েছে এবং যাদের অন্য কাজ দেওয়া হয়নি তারা রিট্রেঞ্চমেন্ট বেনিফিট নিয়ে চলে গিয়েছে।

Shri Panchu Gopal Bhaduri:

তুপসী কলিয়ারীতে ৪০ জন মেসিন চালাবার লোককে রিট্রেঞ্চ করা হয়েছে এ খবর জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

কলিয়ারীর ব্যাপার সেন্ট্রাল গবর্নমেন্ট-এর, আমরা কিছু জানি না।

Shri Somnath Lahiri:

বেলঘরিয়াতে ১৩ই ডিসেম্বর ১৭৫ জনকে ছাঁটাই করা হয়েছে এ খবর জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিস চাই।

Shri Somnath Lahiri:

হাওড়া জাতীয় কটন মিল-এ ২৫এ নবেম্বর লক-আউট হয়েছে এবং আপাততঃ ৫৫০ জন ছাঁটাই হয়েছে এ খবর জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেখানে কিছু লে-অফ হয়েছে বলে জানা আছে।

Shri Jamini Bhusan Saha:

ইন্ডাস্ট্রিয়াল ট্রুস-এর কথা হচ্ছে, আবহাওয়াকে শান্তিপূর্ণ রাখতে হবে তৎসত্ত্বেও কেশোরাম কটন মিলে ৩০০ জন শ্রমিককে চার্জশীট দেওয়া হয়েছে এবং ৪০০ জন শ্রমিককে মেডিক্যালি আনফিট করা হয়েছে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

ওদের মোট ১৪ জন ওয়ার্কারকে চার্জশীট দেওয়া হয়েছিল, ২ জনকে ডিসমিস করা হয়েছে, ১৪ জনের ব্যাপার এনকোয়ারি চলছে, বাকি কাজ করছে।

Shri Sailendra Nath Adhikary:

মণীন্দ্র কটন মিলে এই নোটিস চালু হবার পর ৪৯টি কল চালু রাখা হয়েছে, বাকি লে-অফ করা হয়েছে এ খবর জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিস চাই।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বলেছেন ভিক্টিমাইজেশান করা হয়নি, লে-অফ করা হয়েছে, আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই লে-অফ আর ভিক্টিমাইজেশন-এর মধ্যে পার্থক্য কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি ভিক্টিমাইজেশন বলিনি, আমি বলেছি ছাঁটাই।

Shri Sailendra Nath Adhikary:

লে-অফ ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলুশন-এর মধ্যে পড়ে কি না?

The Hon'ble Bijoy Singh Nahar:

রিট্রেঞ্চমেন্ট আর লে-অব-এর মধ্যে তফাৎ আছে, সেটা ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলুশন-এর মধ্যে পড়ে কিনা আমি জানি না।

Shri Nani Bhattacharjee:

সুরে আয়রন অ্যান্ড স্টীল কোম্পানীতে ৫০০ ওয়ার্কারকে ছাটাই করা হয় প্রথমে, পরে এটা বন্ধ করে দেওয়া হয়েছে—এখানে মিলিটারি ইকুইপমেন্ট তৈরি হত এটা জানেন কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এটা বহুদিন আগেই হয়েছে।

Shri Jamini Bhusan Saha:

ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এ উৎপাদন বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আপনি কি জানেন যে, স্বদেশী ইন্ডাস্ট্রি, পানিহাটি, তাদের নাইট সিফ্‌ট ক্লোজ করা হয়েছে যার ফলে ১০০০ শ্রমিক বেকার হয়েছে, ক্যালকাটা সিল্ক ম্যানুফ্যাকচারিং কোম্পানীর বহু মেসিন বন্ধ করা হয়েছে, উইভিং ডিপার্টমেন্ট ক্লোজ করা হয়েছে, আরতি কটন মিলের সি সিফ্‌ট বন্ধ হয়ে গিয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

এতগুলি প্রশ্ন একসঙ্গে করলে নোটিস চাই।

Shri Jamini Bhusan Saha:

একটা বলুন যে স্বদেশী ইন্ডাস্ট্রীর নাইট সিফ্‌ট ক্লোজড ডাউন করা হয়েছে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

নোটিস চাই। স্বদেশী ইন্ডাস্ট্রি সম্বন্ধে বলতে পারি যে সি সিফ্‌ট বন্ধ করা হয়েছে—তাদের মধ্যে যে ৯৪ জনকে লে-অফ করা হয়েছিল তার বেশির ভাগই তাঁরা লিগ্যাল ডিউজ নিয়ে চলে গেছেন, কারণ তাঁরা লে-অফএ থাকতে চাননি এবং তাঁরা কোন ডিসপিউট রেইজ করেন নি।

Shri Jamini Bhusan Saha:

সি সিফ্‌ট ক্লোজড ডাউন এই সময়ে জাতীয় স্বার্থবিরোধী কিনা?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেটা মতের ব্যাপার।

Shri Jamini Bhusan Saha:

ইন্ডাস্ট্রিয়াল ট্রুসকে কোনপ্রকারে যেন প্রোডাকশন-এর ক্ষতি না হয় এইরকম ধরনের একটা চুক্তি আছে এটাতে কি সেই চুক্তি ভঙ্গ করা হচ্ছে না?

The Hon'ble Bijoy Singh Nahar:

ভঙ্গ করা হয়েছে কিনা ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন।

Helps to the political sufferers

***17.** (Admitted question No. *47.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) নির্যাতিত রাজনৈতিক কর্মিগণের সাহায্য বাবদ কেন্দ্রীয় সরকার ১৯৬১-৬২ সালে পশ্চিমবঙ্গ সরকারকে কত টাকা দিয়াছিলেন;

(খ) ঐ টাকার মধ্যে কত টাকা ব্যয় হইয়াছে এবং রাজনৈতিক কর্মিগণকে সাহায্য দেওয়া হইয়াছে;

(গ) ১৯৬২-৬৩ সালে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে নির্যাতিত রাজনৈতিক কর্মিগণের সাহায্য বাবদ কোন টাকা পাইয়াছেন কিনা;

(ঘ) টাকা পাইয়া থাকিলে, ঐ টাকার পরিমাণ কত; এবং

(ঙ) এই বছর নির্যাতিত রাজনৈতিক কর্মিগণের নিকট হইতে নূতন দরখাস্ত গ্রহণ করা হইয়েছে কিনা?

The Hon'ble Jagannath Kolay:

(ক) ঋণ এবং খয়রাতি বাবদ সর্বসমেত ৯,৭৩,৮৪৭ টাকা মঞ্জুরী পাওয়া গিয়েছিল এবং উহার মধ্যে ২,৮৩,৬০৯ টাকা পশ্চিমবঙ্গ সরকারের হাতে আসিয়াছিল।

(খ) ২,৮৩,৬০৯ টাকা ৯৬৪ জন রাজনৈতিক কর্মীকে দেওয়া হইয়াছে।

(গ) শুধু মঞ্জুরী পাওয়া গিয়াছে।

(ঘ) মঞ্জুরীর পরিমাণ ৪,৮৪,৫৭০ টাকা।

(ঙ) দরখাস্ত ভারত সরকার সরাসরি গ্রহণ করেন। এ বৎসর গ্রহণ করা হইয়েছে কিনা জানা নাই।

Shri Sudhir Chandra Das:

এই যে ৯ লক্ষ ৭৩ হাজার টাকা মঞ্জুরী পেলেন - আপনাদের হাতে এল ২ লক্ষ ৮৬ হাজার টাকা—এটা ঋণ কত এবং খয়রাতী টাকা কত?

The Hon'ble Jagannath Kolay:

এর জন্য নোটিস চাই।

Shri Sudhir Chandra Das:

এই টাকার কত টাকা খরচ করতে পারলেন না খয়রাতী টাকা খরচ করলেন, না ঋণের টাকা খরচ করলেন বুঝতে পারলাম না?

The Hon'ble Jagannath Kolay:

ভারত সরকারের নিকট হতে প্রথমত মঞ্জুরী পাওয়া যায় এবং খয়রাতী সাহায্য প্রথমে রাজ্যসরকার তাঁর নিজের টাকা থেকে খরচ করেন এবং তারপর সেটা আমরা ভারত সরকারের কাছ থেকে পাই। তবে কত ঋণ এবং কত খয়রাতী সেটা যদি জানতে চান তাহলে নোটিস দিন।

Shri Sudhir Chandra Das:

মঞ্জুরী দেওয়া সত্ত্বেও এই টাকা খরচ করতে পশ্চিমবঙ্গ সরকার পারলেন না কেন?

The Hon'ble Jagannath Kolay:

আমরা যে টাকা পেয়েছি সেটা খরচ করেছি অনেক সময় দেখা গেছে যে রাজনৈতিক কর্মীরা খয়রাতী সাহায্য নিতে সমর্থ হয়েছেন, কিন্তু ঋণের টাকা তাঁরা নিতে পারেন নি।

Shri Sudhir Chandra Das:

খয়রাতি সাহায্য কিভাবে দেওয়া হয়েছে কাইন্ডস না ক্যাশ।

The Hon'ble Jagannath Kolay:

ক্যাশ-এ দেওয়া হয়েছে।

[12-20—12-30 p.m.]

Shri Sudhir Chandra Das:

এটা মৌখিক আদেশ দেওয়া হয়েছে, না দরখাস্ত আহ্বান করে দেওয়া হয়েছে?

The Hon'ble Jagannath Kolay:

যাঁরা দরখাস্ত করেছেন তাঁদের দেওয়া হয়েছে।

Shri Birendra Narayan Roy:

রাজনৈতিক মানে কি কোন বিশেষ দলীয় রাজনৈতিক কর্মী মনে করেন?

The Hon'ble Jagannath Kolay:
মোটেই নয়।

Shri Birendra Narayan Roy:
এর মধ্যে অকংগ্রেসী রাজনৈতিক কর্মী কেউ পেয়েছে কি?

The Hon'ble Jagannath Kolay:
অনেকেই পেয়েছে।

Shri Birendra Narayan Roy:
তাদের সংখ্যা কত?

The Hon'ble Jagannath Kolay:
নোটিস চাই।

Shri Sailendra Nath Adhikary:
আমার সাপ্লিমেন্টারি হচ্ছে, আমাদের রাজ্যসরকার রাজনৈতিক নির্যাতিত বন্দীদের সম্বন্ধে তাঁদের যে নীতি চালিয়ে এসেছেন সেই নীতির পরিপ্রেক্ষিতে তাঁদেরকে সুষ্ঠুভাবে পুনর্বাসনের জন্য কোন পরিকল্পনা তাঁরা চিন্তার মধ্যে রেখেছেন কিনা?

The Hon'ble Jagannath Kolay:
এটা রিফিউজি রিহ্যাবিলিটেশনের ব্যাপার, এ সম্বন্ধে জানতে হলে নোটিস চাই।

Shri Sailendra Nath Adhikary:
এই সমস্ত রাজনৈতিক বন্দীদের কাছে জাতি কৃতজ্ঞ একথা কি রাজ্যসরকার স্বীকার করেন?

The Hon'ble Jagannath Kolay:
নিশ্চয়ই, তাতে কোন সন্দেহ নেই।

Shri Sailendra Nath Adhikary:
যদি স্বীকার করেন তাহলে সেই স্বীকারের পরিপূরক কি করতে চান?

(নো রিপ্লাই)

Shri Sudhir Chandra Das:
এখানে লিখিত উত্তরে বলেছেন যে, এই টাকা দেবার ব্যাপারে এমন কতকগুলি শর্ত দিয়েছেন যাতে ঋণ গ্রহণের সুযোগ অধিকভাবে পাবে। সেই শর্তগুলি কি?

The Hon'ble Jagannath Kolay:
শর্ত আমরা দিই না ভারত সরকার ঠিক করে দেন। তবে কি শর্ত তা যদি জানতে চান তাহলে নোটিস চাই।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid)

Construction of the building for Block Development Office at Aushgram, Burdwan

41. (Admitted question No. 64.) **Shri Monoranjan Baksi:** Will the Hon'ble Minister-in-charge of the Community Development and Extension Service Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার নিজস্ব অফিস-গৃহ নির্মাণের কোনও পরিকল্পনা আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই পরিকল্পনা কার্যকরী করিবার জন্য চূড়ান্তভাবে কোন নির্দিষ্ট স্থান স্থির হইয়াছে কি;

(২) স্থান স্থির হইয়া থাকিলে উহার পরিমাণ কত এবং উহা কোন্ মৌজায় কাহার দখলে আছে;

(৩) এই পরিকল্পনার জন্য কি পরিমাণ অর্থ নিয়োগ করা হইবে; এবং

(৪) ইহার নির্মাণকার্য কখন আরম্ভ হইবে?

The Minister for Community Development and Extension Services:

(ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(২) স্থানের পরিমাণ চার একর; আউশগ্রাম থানার আমরারগড় মৌজায় অবস্থিত ১৯৬১ সালের নভেম্বর মাস হইতে সরকারের দখলে আছে।

(৩) ৩০,৩০০ টাকা।

(৪) কার্য আরম্ভ করিবার নির্দেশ পাঠানো হইয়াছে।

Allotment of money for Cottage Industries in the Third Five-Year Plan

42. (Admitted question No. 78.) **Shri Ananga Mohan Das:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small Scale Indutries Department be pleased to state—

(ক) তৃতীয় পরিকল্পনায় কুটিরশিল্প সম্প্রসারণ বাবদ পশ্চিমবঙ্গে কত টাকা বরাদ্দ রহিয়াছে;

(খ) মেদিনীপুর জেলাতে বর্তমানে সরকারী সাহায্যে কত প্রকারের কুটিরশিল্প কোথায় কোথায় প্রতিষ্ঠিত হইয়াছে;

(গ) উক্ত জেলায় ময়না থানাতে ও পিংলা থানাতে ইন্টেন্সিভ ভিলেজ ইন্ডাস্ট্রিজ স্কীম প্রবর্তন করার কোনও পরিকল্পনা আছে কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ৯,৯৬,৫০,০০০ টাকা।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) না।

Toymaking and pottery factory at Krishnagar

43. (Admitted question No. 80.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if the toymaking and pottery factory started by the Industries Department in 1959 at Krishnagar (Ghurni) has been making any profit;

(b) what is its employment potential;

(c) whether women are eligible for work in the said factory; and

(d) whether any scheme for expansion of the said factory has been received by the Government from its manager?

The Minister for Cottage and Small Scale Industries: (a) This is a service centre meant to provide technical facilities (like firing) in addition to the supply of raw materials like glaze, colour, moulds, etc., to the local artisans and craftsmen and not to take up commercial production. As such no profit is contemplated to be made from this scheme.

(b) 15 for the present.

(c) Yes.

(d) No. But the centre will be in a position to operate fully with the installation of electric connection.

Number of deep irrigation tubewells in West Bengal

44. (Admitted question No. 83.) **Shri Kashi Kanta Moitra:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many deep irrigation tubewells as envisaged in the Third Plan have so far been sunk in West Bengal district-wise?

(b) if the Government is aware that the agriculturists of Nadia district are not utilising the water of these tubewells in their agricultural operation for its containing mineral salts which they consider harmful to fertility of soil; and

(c) if so, whether the Government has consulted experts in respect of the harmful nature of this water?

The Minister for Agriculture: (a) 114. District-wise break-up is as follows:

Nadia	...	17
24-Parganas	...	60
Murshidabad	...	2
Bankura	...	6
Burdwan	...	2
Midnapur	...	21
Howrah	...	3
Hooghly	...	3

(b) No complaint in this respect has yet been received. The cultivators of the district are reported to be gladly utilising irrigation water supplied from tubewells.

(c) Does not arise.

Travelling allowances drawn by each Cabinet Minister, minister of state and Deputy Minister.

45. (Admitted question No. 84.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state the amounts drawn by each Cabinet Ministe, Minister of State, Deputy Minister of the State on account of travelling allowances since August, 1962, up to December 31, 1962?

The Minister for Finance: A statement is laid on the Table.

Statement referred to in reply to unstarred question No. 45

Statement of travelling allowance drawn (i.e., T.A. claims preferred to Accountant-General, West Bengal), during the period from 1st August, 1962, to 31st December, 1962, by the Cabinet Ministers, the Ministers of State and the Deputy Ministers:

		Rs. nP.	Rs. nP.
Cabinet Ministers—			
1.	Shri Prafulla Chandra Sen (Chief Minister)	2,283.50	
2.	Shri Khagendra Nath Das Gupta	1,388.00	
3.	Shri Ajoy Kumar Mukherjee	1,942.07	
4.	Shri Iswar Das Jalan	1,512.99	
5.	Shri Rai Harendra Nath Chaudhuri	327.37	
6.	Shri Sankardas Banerji	877.00	
7.	Shrimati Purabi Mukhopadhyay	180.00	
8.	Shri Syamadas Bhattacharyya	816.61	
9.	Shri Jagannath Kolay	461.50	
10.	Dr. Jiban Ratan Dhar	127.50	
11.	Shri Saila Kumar Mukherjee	2,779.75	
12.	Shrimati Abha Maiti	2,283.70	
13.	Shri S. M. Fazlur Rahman	3,727.24	
14.	Shri Bijoy Singh Nahar	2,085.00	
15.	Shri Tarun Kanti Ghosh	Nil.	
		20,792.23	20,792.23
Ministers of State—			
1.	Shri Sourindra Mohan Misra	1,318.80	
2.	Shri Tenzing Wangdi	1,896.14	
3.	Shri Smarajit Bandyopadhyay	1,444.47	
4.	Shri Charu Chandra Mahanty	706.32	
5.	Shri Chittaranjan Roy	1,016.93	
6.	Shri Ardhendu Sekhar Naskar	331.75	
7.	Shri Bijesh Chandra Sen	497.00	
8.	Dr. Probodh Kumar Guha	2,436.71	
9.	Dr. Sushil Ranjan Chattopadhyay	886.04	
10.	Shri Promatha Ranjan Thakur	1,952.18	
11.	Shri Ashutosh Ghosh	Nil.	
		12,486.34	12,486.34
Deputy Ministers—			
1.	Shri Syed Kasem Ali Meerza	1,310.75	
2.	Shri Md. Zia-ul Haque	1,080.00	
3.	Shri Tarapada Roy	2,528.20	
4.	Shrimati Radharani Mahatab	1,042.02	
5.	Shri Kanai Lal Das	335.27	
6.	Shri Zainal Abedin	907.44	
7.	Shri Mukti Pada Chatterji	2,006.71	
8.	Shri Mahendra Nath Dakua	1,121.05	
9.	Shrimati Maya Banerjee	Nil.	
10.	Shrimati Shakila Khatun	Nil.	
		10,331.44	10,331.44
		Grand Total:	43,610.01

Rupees forty-three thousand six hundred and ten and naya paisa one only.

Temporary bridge at Corabazar Ferry Ghat, Murshidabad

46. (Admitted question No. 85.) **Shri Sailen Adhikary:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) if it is a fact that a temporary bridge at Gorabazar Ferry Ghat in the district of Murshidabad is being constructed without permission from the Government;

(b) if any public petition regarding construction of this bridge has been received by Government;

(c) whether any action has been taken by Government to demolish this bridge; and

(d) if not, the reasons therefor?

The Minister for Irrigation: (a) Yes, an unauthorised temporary bridge has been constructed at Gorabazar Ferry Ghat.

(b) Yes.

(c) A notice was served on the party constructing the bridge directing him to remove the same within a specified date. The party having failed to comply, the case has been referred to the District Magistrate, Murshidabad, for taking legal action against the party.

(d) Does not arise.

Complaint against Trust Funds in the district of Murshidabad

47. (Admitted question No. 90.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলায় আশুতোষ নাথ রায় ট্রাস্ট ফান্ড, গণমঙ্গল সম্পদ ট্রাস্ট ও বহরমপুরস্থ জে এল রাও সদর হাসপাতাল ট্রাস্ট ফান্ড সম্পর্কে কোন অভিযোগপত্রা পশ্চিমবঙ্গ-সরকার পাইয়াছেন কিনা?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

Sinking of tubewells in Murshidabad district

48. (Admitted question No. 94.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬১-৬২ সালের জন্য কত নূতন নলকূপ মঞ্জুর হইয়াছে এবং কতগুলি পুরাতন নলকূপ রিসিঙ্কিং করিবার ব্যবস্থা হইয়াছে; এবং

(খ) ১৯৬১-৬২ সালের উপরি-উক্ত কর্মসূচি কি পরিমাণ সম্পন্ন হইয়াছে?

The Minister for Health

(ক) ১৯৬১-৬২ সালে মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা—

১৯০টি নূতন নলকূপ খনন;

১৪০টি নলকূপের পুনর্খনন।

(খ) ২টি নূতন নলকূপ খনন এবং ১০টি নলকূপের পুনর্খনন সম্পূর্ণ হইয়াছে।

Arrests in West Bengal since the declaration of the emergency

49. (Admitted question No. 70.) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) how many persons in West Bengal have been arrested since the declaration of the present emergency under—

(i) the Defence of India Act,

(ii) the West Bengal Security Act, and

(iii) the Preventive Detention Act;

(b) how many of those arrested under the Defence of India Act have been detained without trial;

(c) how many of those arrested under—

(i) the Defence of India Act and

(ii) the West Bengal Security Act

have been classified as division I prisoner;

(d) whether all their essential requirements excepting only food and bedding are being supplied to the prisoners detained without trial under the Defence of India Rules; and

(e) what arrangements, if any, the Government have made for the maintenance of the families and dependants of those detained without trial under section 30 of the Defence of India Rules?

The Minister for Home: (a) Since the declaration of emergency and till 10th January, 1963—

(i) 220 persons were arrested under the Defence of India Act,

(ii) 222 persons under the West Bengal Security Act, and

(iii) 3 persons under the Preventive Detention Act.

(b) 107 persons.

(c) (i) 82 persons as division I undertrial.

(ii) As for persons arrested in specific cases under the West Bengal Security Act, no information is readily available with the State Government as their classification is made according to the orders of the trying courts.

(d) Apart from food and clothing they are supplied with essential requirements, where necessary.

(e) The matter is under consideration of the Government.

Construction of the Farakka Bridge

50. (Admitted question No. 86.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) when the construction of the Farakka Bridge will be taken up; and

(b) how long it will take for the completion of the said bridge

The Minister for Irrigation and Waterways: (a) This is a Central subject. So the State Government cannot say anything.

(b) Does not arise.

Utilisation of jute-sticks

51. (Admitted question No. 92.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Industries Department be pleased to state whether Government has any plan of utilising jute-sticks for making straw board or hard board?

The Minister for Industries: No.

Jute production in West Bengal during 1961-62

52. (Admitted question No. 96.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

পশ্চিমবঙ্গে গত ১৯৬১-৬২ সালে কোন্ জেলায় কত কাঁচা পাট উৎপন্ন হইয়াছে?

The Minister for Agriculture:

জেলার নাম	১৯৬১-৬২ সালে উৎপাদনের হার ('০০০ বেল হিঃ)
১। চব্বিশপরগনা	৩৯৭·৪
২। নদিয়া	৪১৮·৫
৩। মুর্শিদাবাদ	৪৬৩·৫
৪। বর্ধমান	১০১·৬
৫। বীরভূম	৩·৯
৬। বাঁকুড়া	৭·২
৭। মেদিনীপুর	৯১·২
৮। হুগলি	৪২২·১
৯। হাওড়া	৫৫·৮
১০। জলপাইগুড়ি	৪১২·৪
১১। দার্জিলিঙ	৭৪·৫
১২। মালদা	১৪৯·৪
১৩। পশ্চিম দিনাজপুর	৩২১·৯
(ইসলামপুর ব্যতীত ১১৬·৮)	
(ইসলামপুর ২০৫·১)	
১৪। কোচবিহার	৪৫৯·৯
১৫। পুরুলিয়া	১·২

Drainage of Beel Basia in the district of Murshidabad

53. (Admitted question No. 97.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলার বিল-বসিয়ার জল নিষ্কাশনের কোন ব্যবস্থা পশ্চিমবঙ্গ-সরকার করিয়াছেন কিনা;

(খ) ব্যবস্থা করিয়া থাকিলে কিরূপ পরিকল্পনা গৃহীত হইয়াছে; এবং

(গ) এই বিল বসিয়ার সাঁকোটি কবে নির্মিত হইবে?

The Minister for Irrigation:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময়ের মধ্যে নির্মাণকার্য আরম্ভ হইবে আশা করা যায়।

Construction of a sluice gate at Bhandardaha Beel in the district of Murshidabad

54. (Admitted question No. 104.) **Shri Deb Saran Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিলডাঙ্গা থানার অন্তর্গত ভাণ্ডারদহ বিলে একটি স্লুইস গেট নির্মাণের জন্য স্থানীয় জনসাধারণের নিকট হইতে সরকার কোন আবেদন পাইয়াছেন কি; এবং

(খ) আবেদন পাইয়া থাকিলে এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ভাণ্ডারদহ বিলে স্লুইস গেট নির্মাণের জন্য স্থানীয় জনসাধারণের নিকট হইতে আবেদন সম্পর্কে সরকার অবগত নহেন।

(খ) এই প্রশ্ন উঠে না।

Construction of a wall around the Morgue of the Contai Subdivisional Hospital, Midnapore

55. (Admitted question No. 109.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি সদর হাসপাতালের সংলগ্ন শবব্যবচ্ছেদাগারের চারিপার্শ্বে দেওয়াল নির্মাণের জন্য স্থানীয় অধিবাসিগণের নিকট হইতে সরকার কোন দরখাস্ত পাইয়াছেন কিনা;

(খ) দরখাস্ত পাইয়া থাকিলে এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে?

The Minister for Health:

(ক) হ্যাঁ, পাওয়া গিয়াছে।

(খ) শবব্যবচ্ছেদাগারটির চারদিক টিনের দেওয়াল দিয়া ঘিরিয়া দেওয়া হইতেছে।

Installation of an x-ray machine in the Alipurduar Subdivisional Hospital, Jalpaiguri

56. (Admitted question No. 135.) **Shri Sunil Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার সাবডিভিশনাল হাসপাতালে কোন এক্স-রে মেসিন বসাইবার পরিকল্পনা আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কবে সংস্থাপন করা হইবে?

The Minister for Health:

(ক) আছে।

(খ) এক্স-রে মেশিন বসাইবার জন্য প্রয়োজনীয় এস্টিমেট পূর্ত বিভাগের সংশ্লিষ্ট শাখার নিকট চাওয়া হইয়াছে। উহা পাওয়া গেলে যত শীঘ্র সম্ভব উক্ত মেশিন বসাইবার ব্যবস্থা করা হইবে।

Collection to National Defence Fund in West Bengal

57. (Admitted question No. 120.) **Shri Sambhu Charan Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state what are the collections to the National Defence Fund in this State district-wise up to the month of December, 1962?

The Minister for Home (Police): It is not possible to furnish figures of district-wise collections for the National Defence Fund, as the Reserve Bank of India keeps accounts of the collections State-wise under the direction of the Comptroller and Auditor-General of India.

The total collection for the State of West Bengal as per books of the Reserve Bank of India, Calcutta, at the close of business on the 11th January, 1963, is Rs. 2,32,02,023.69 nP.

The total collection of gold and gold ornaments as per books of the Reserve Bank of India at the close of business on the 4th January, 1963, is 142,505.40 grammes.

Small-pox in Calcutta

58. (Admitted question No. 121.) **Shri Sambhu Charan Ghosh:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state whether the Government is aware of the steady rise in small-pox cases in Calcutta?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what effective measures the Government has undertaken to cope with the situation; and

(ii) what are the actual figures of death due to small-pox during the different weeks of the month of December, 1962?

The Minister for Health: (a) Yes.

(b) (i) Steps have been taken to intensify the vaccination programme for which 256 vaccinators with necessary supervising staff have been engaged by the Government to supplement the work undertaken by 339 vaccinators in the employ of the Calcutta Corporation. About 28 lakh persons have been vaccinated during the period from 1st January, 1962 to 5th January, 1963.

Temporary regulations for prevention and control of small-pox under the Epidemic Diseases Act (III of 1897) have been promulgated in the city.

(ii) The figures of death from small-pox during the period under question are as follows:

Week ending.	Death.
1-12-62	21.
8-12-62	13.
15-12-62	22.
22-12-62	20.
29-12-62	28.

Fair Price Co-operative Shops in West Bengal

59. (Admitted question No. 81) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(ক) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণাধীনে ও সাধারণ মানুষের আয়ত্তাধীনে রাখার জন্য কেন্দ্রীয় সরকারের বিঘোষিত নীতি অনুযায়ী এ পর্যন্ত পশ্চিমবঙ্গের পল্লী ও শহর অঞ্চলে ন্যায্য মূল্যে খাদ্যদ্রব্য, বস্ত্র, চিনি, কেরোসিন ও সাধারণ ঔষধপত্র বিক্রয়ের জন্য প্রাথমিক সমবায় সমিতি ও বিপণন সমিতি সংস্থাপন করা হইয়াছে কিনা;

(খ) সংস্থাপন হইয়া থাকিলে, তাহাদের নাম কি ও তাহারা কোথায় অবস্থিত; এবং

(গ) এই ধরনের সমিতি প্রতিষ্ঠিত না হইয়া থাকিলে সরকারের পক্ষ হইতে কোন তারিখ নির্দিষ্ট করা হইবে কি?

The Minister for Co-operation:

(ক) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী কোন সমবায় সমিতি এখন সংস্থাপিত হয় নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) কেন্দ্রীয় সরকারের বিঘোষিত নীতি অনুযায়ী [illegible] ১৯৬২-৬৩ সালে ৪টি পাইকারী সমবায় ভাণ্ডার এবং ৮০টি প্রাথমিক সমবায় ভাণ্ডার স্থাপন করিবার প্রস্তাব আছে।

Expenditure on Water Supply Programme

60. (Admitted question No. 111.) **Shri Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(ক) ১৯৬২-৬৩ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পানীয় জল সরবরাহ বাবদ এ পর্যন্ত মোট সর্বক্ষেত্রে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(খ) আগামী মার্চের মধ্যে জল সরবরাহ বাবদ মোট কত টাকা খরচ হইবে?

The Minister for Health:

(ক) পল্লী অঞ্চল (রুরাল এরিয়া)—২৭·৫৮ লক্ষ টাকা।

শহর অঞ্চল (মিউনিসিপ্যাল এরিয়া)—২১·৫৯ লক্ষ টাকা।

(খ) পল্লী অঞ্চল (রুরাল এরিয়া)—৫৫·৭৮ লক্ষ টাকা।

শহর অঞ্চল (মিউনিসিপ্যাল এরিয়া)—৩৯·৫০ লক্ষ টাকা।

Transfer of the Sibpur Botanical Gardens to the Government of India

61. (Admitted question No. 117.) **Shri Sambhu Charan Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) what are the reasons that led the Government of West Bengal to hand over the management of the Sibpur Botanical Gardens to the Central Government;

(b) whether it is a fact that the Central Government had made some observations on the administration of the State Government's Gardens Directorate some time back;

(c) if so, what were those observations made by the Central Government;

(d) if it is a fact that the State Government incurred heavy loss in running the administration of Sibpur Botanical Gardens;

(e) if so, what are the figures of loss during years 1960, 1961 and 1962;

(f) if there was any agreement between the State Government and the Central Government in regard to transfer of Botanical Gardens;

(g) if so, what are the terms of such agreement?

The Minister of Forests:

(a) It is for the better co-ordination of botanical activities in the country and better promotion of the cause of science that the State Government accepted the proposal of the Government of India which undertook, if the Garden was transferred to them, to shift the Central Botanical Laboratory from Allahabad to this Garden, to locate the headquarters of the Botanical Survey of India in the neighbourhood and to develop the Garden as a whole at their own cost.

(b) No.

(c) Does not arise.

(d) Indian Botanic Garden is a Scientific Institution and not a commercial concern. Hence the question of profit and loss does not arise.

(e) Does not arise.

(f) An agreement will shortly be executed formally on the basis of the terms and conditions mutually agreed to already for the purpose of the transfer, between the two Governments.

(g) A statement showing the detailed terms and conditions is enclosed.

Statement referred to in reply to clause (g) of unstarred question No. 61

Terms and conditions of the transfer of the Indian Botanic Garden, Sibpur to the Government of India

(1) The Indian Botanic Garden at Sibpur shall be developed as a centre of Botanical activities in India.

(2) The headquarters of the Botanical Survey of India shall be located either at Sibpur or at any other convenient site in or near Calcutta.

(3) The National Herbarium, which has already been transferred to the Government of India by the Government of West Bengal shall continue to be located at Sibpur.

(4) The Central Botanical Laboratory shall also be located at Sibpur.

(5) The transfer of control of the Indian Botanic Garden shall be complete and free of cost and shall include the existing buildings and other equipments of the Garden.

(6) After its transfer, the Indian Botanic Garden will form part of the Botanical Survey of India, but it shall be maintained as a distinct Botanical Garden, the ultimate control remaining with the Government of India.

(7) The Superintendent of the Indian Botanical Garden will be in charge of the Garden and Library, functioning under the control and supervision of the Chief Botanist, Botanical Survey of India. The incumbent of the post of Superintendent of the Indian Botanic Garden shall be liable to be transferred to any other post of the same rank in or out of Calcutta in the exigency of the public service at the discretion of the Government of India. But the headquarters of the post of Superintendent, Indian Botanic Garden, shall always be at the Garden irrespective of any person holding the post or any change in the designation of the post.

(8) (a) A Joint Committee of Management consisting of three representatives of the Government of India and two of the Government of West Bengal shall be constituted in which the Chief Botanist, Botanical Survey of India, will act as Member-Secretary.

(b) The Joint Committee of Management shall advise the Government of India in the management of the Indian Botanic Garden, Central National Herbarium and the Library and in regulating the public relations work.

(c) Appointments outside the purview of the Union Public Service Commission shall be made on the advice of this Committee.

(d) For appointments falling within the purview of the Union Public Service Commission, a representative of the Government of West Bengal shall be invited to assist the Commission in the matter of such appointments.

(9) The Government of India shall be at liberty to make any modifications and expansions to the Indian Botanic Garden and other institutions hereinbefore mentioned, including the construction of necessary buildings as may be expedient in the course of their development.

(10) Should at any time in future the headquarters of the Botanical Survey of India be shifted away from Sibpur or its neighbourhood including Calcutta or should any of the conditions enumerated in items (3), (4) and (8) of the above terms and conditions remain unfulfilled, the Indian Botanic Garden together with the National Herbarium, the Library and other buildings and equipments shall revert to the Government of West Bengal on equitable compensation being payable to the Government of India for the cost of new buildings constructed by them after the transfer of the Garden and any equipments put therein, on the basis of the book value of such buildings and equipments less depreciation.

(11) The existing Governing Body of the National Herbarium shall be dissolved with the formation of the Joint Committee of Management referred to in term 8(a) above.

(12) **Service:** (a) The services of the staff now working in the Indian Botanic Garden under the State Government will be transferred to the Government of India on their existing pay and allowances including facilities like rent-free quarters till they are absorbed in the Central Government comparable scales of pay including such facilities as are admissible under that Government. After absorption in the Central Government services, the existing staff of the Indian Botanic Garden sohuld be given an option to elect either the Central Government's scales of pay and allowances or the West Bengal Government's scales of pay and allowances but their other service conditions will be governed by the Central Government rules irrespective of the option exercised by them with regard to the scales of pay and allowances.

(b) The *inter se* seniority of the staff from the State Government vis-a-vis the existing staff of the Botanical Survey of India shall be fixed in accordance with the rules to be formulated by mutual consultation and concurrence between the two Governments.

(c) The principles laid down in the Account Code shall apply in the matter of apportionment of pensionary liability in respect of the staff of the State Government transferred to the Government of India.

(13) **Library:** (a) The existing library shall remain in tact and there shall be no redistribution of its books to other libraries under the Botanical Survey of India.

(b) A complete stock-taking of all books, manuscripts, journals, etc., will be made and a duplicate list thereof will be made over to Government of West Bengal in due course.

(c) Duplicate and other copies of books and journals as may be spared will be made over to the Government of West Bengal for use and reference by its officers of the Forests (Botanical Garden) Department.

(d) The officers of the Government of West Bengal as well as scholars will have access to the Library, as at present.

Miscellaneous

(14) The "Local Herbarium" shall be retained by the Government of West Bengal and as many duplicate Herbarium Sheets as possible shall be made available for preservation in that Herbarium.

(15) The Orchid Section shall be retained by the Government of West Bengal and shifted conveniently to the Eden Gardens, Calcutta.

(16) Transferable plants, bulbs and seeds as may be needed by the Government of West Bengal shall be allowed to be transferred to that Government.

(17) All records relating to the Indian Botanic Garden shall be transferred to the Government of India.

(18) The Indian Botanic Garden is often included in the itinerary of visits of important foreign dignitaries. Necessary facilities for such visits arranged by the Government of West Bengal should be readily provided even after the transfer.

(19) The existing Dispensary, meant for the staff as well as the visiting public should continue to be maintained, till suitable alternative arrangements are made by the Government of India. The existing Dispensary in the Garden shall be taken over by the Government of India and run as a departmental dispensary of the Botanical Survey of India for the present till such time alternative arrangements are made for providing medical facilities as applicable to Central Government servants.

Kandi-Bharatpur Road in the Murshidabad district

62. (Admitted question No. 124.) **Shri Abhoy Pada Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) মুর্শিদাবাদ জেলার কান্দি-ভরতপুর রাস্তার মধ্যে ময়ূরাক্ষী নদীর উপর বর্ষা শেষ হইলে প্রতি বৎসর সরকার একটি সাময়িক সেতু নির্মাণ করেন এবং

(২) এইবার উক্ত সেতুটি সরকার হইতে নির্মাণ করা হইবে না; এবং

(খ) সত্য হইলে এইবার নির্মাণ না করিবার কারণ কি?

The Minister for Public Works:

(ক) (১) ও (২) হাঁ।

(খ) ভরতপুর থানার অধীনে সরকারের রাস্তা উন্নয়ন কার্যের আনুষঙ্গিক সাজসরঞ্জাম পরিবহণের উদ্দেশ্যে উক্ত সাময়িক সেতু নির্মাণ করা হইত। জনসাধারণের ব্যবহারের উদ্দেশ্যে নহে। যদিও তাহারা উহা ব্যবহার করিত। এই বৎসর সরকার উক্ত সেতু নির্মাণের প্রয়োজন অনুভব করেন না।

Sluice gate of Satpukuria canal at Mathurapur police-station, 24-Parganas

63. (Admitted question No. 137.) **Shri Hrishikesh Halder:** Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪ পরগনা জেলার মথুরাপুর থানার সাত পুকুরিয়া খালে যে স্লুইস গেট আছে তাহার ভিতর এবং বাহিরে দুই দিকে প্রায় তিন মাইল পলি পড়িয়া জলনিকাশী রাস্তা বন্ধ হইয়াছে।

(খ) অবগত থাকিলে, ইহা সংস্কারের কোন ব্যবস্থা অবলম্বন করা হইতেছে কি না?

The Minister for Irrigation and Waterways:

(ক) হাঁ।

(খ) পরিকল্পনা প্রস্তুতির জন্য জরিপ ও অনুসন্ধানের কার্য চলিতেছে।

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Hon'ble Minister in charge is to make a statement on the subject of treatment of persons detained under D.I. Rules as "C" Class prisoners in the Presidency Jail, given notice of by Shri Birendra Narayan Ray.

Is the Hon'ble Minister here?

The Hon'ble Jagannath Kolay: If you permit, Sir, the statement will be made after recess.

Mr. Deputy Speaker: I have received six calling attention notices on the subjects of, (1) attachment of plough cattle for non-payment of land revenue in Malda district by Dr. Golam Yazdani; (2) rise in price of rice and paddy by Shri Sanat Kumar Raha; (3) food crisis in Ramnagar police-station under Contai Subdivision due to low production of paddy and drought by Shri Balai Lal Das Mahapatra; (4) decision by the Government for the reduction of existing work by 30 per cent. by Shri Panchu Gopal Bhaduri; (5) arrest of leaders and workers of C.P.I., R.C.P.I., etc. and charge of treason against them by Shri Birendra Narayan Ray; and, (6) stoppage of traffic on the Talla Bridge by Shri Susil Kumar Das Gupta.

I have selected the notice on the subject of rise in price of rice and paddy by Shri Sanat Kumar Raha.

The Hon'ble Minister may make a statement today, if possible.

The Hon'ble Jagannath Kolay: Sir, it is not possible to make the statement today.

Shri Sailendra Nath Adhikary:

ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে "আনন্দবাজার" পত্রিকায় দেখলাম পাকিস্তান এবং ইন্ডিয়ার মধ্যে যে নিগোসিয়েশন চলছে তাতে বেরুবাড়ীর সঙ্গে হিলির এক্সচেঞ্জ করার কথা হচ্ছে। এটা জানেন কিনা তা আমরা জানতে চাই।

The Hon'ble Syamadas Bhattacharyya: With regard to the calling attention notice given by Dr. Golam Yazdani, I submit the following statement. Certificate procedure is not looked upon as a normal method of collection of government dues. Great caution is exercised in the issue of certificates and the Certificate Officer has to satisfy himself that the debtor was given adequate opportunity to pay up the dues voluntarily. Regarding alleged attachment of plough-cattle by the Certificate Officers

it may be pointed out that where the certificate debtor is an agriculturist his implements of husbandry and cattle and seed grains as required for his subsistence are not liable to attachment or sale in terms of the executive instructions issued by the Board of Revenue. As for the specific instances of notice, I would request the honourable member to give me more specific cases and I may assure that proper enquiries will be made. In view of the national emergency the Chief Minister and myself have appealed to the tenants and loanees to pay up all their arrear dues in the shape of rent, cess, loans etc. As a matter of fact, people in large numbers are themselves coming forward to pay up their dues voluntarily to help the Government. Stringent measures are seldom taken by local officers and there will be absolutely no necessity for them if the honourable members kindly co-operate with Government in this respect by pursuading people to pay up their dues to help the national effort in this emergency.

[12-30—12-40 p.m.]

Non-Official Resolutions

Shri Sanat Kumar Raha: Sir, I withdraw my resolution.

Shri Nikhil Das: Sir, I beg to move that in view of the attempts for the shifting of the Headquarters of Damodar Valley Corporation from Calcutta to Maithon and the decision for shifting of the Headquarters of Electrical Wing of the Corporation which involves an expenditure of huge amounts which is to be borne by participating governments, this House is of opinion that failure of the D.V.C. lies not in the location of its Headquarters at Calcutta but in the lack of administrative efficiency.

In view of the national emergency it has been decided that transfer of officers be shelved. The D.V.C. has been an essential part in our economic activities in general and its efficient working has become more essential in view of national emergency. This House is further of opinion that by shifting Headquarters, its efficiency will be adversely affected and a good amount of time and money unnecessarily wasted.

Having considered these matters in all aspects, this House recommends that any attempt to shift the Headquarters of D.V.C., or any decision arrived at in shifting Headquarters or any of its Wing be dropped.

মাননীয় ডেপ্‌টি স্পীকার মহোদয়, আমি এই রেজলিউশন মুভ করতে গিয়ে যে কথা বলে আমার বক্তব্য শুরু করতে চাই, তা হচ্ছে এই যে, ছোটবেলায় ইতিহাসে আমরা মহম্মদ বিন্‌ তুঘলকের কথা পড়েছিলাম, তিনি যখন যা খুসী করতেন, এবং যখন দরকার তখন তার যে রাজধানী, তা এক জায়গা থেকে অন্য জায়গায় সরিয়ে নিয়ে যেতেন, খেয়ালখুসী মত। আমাদের এই ডি ভি সির যে হেড কোয়ার্টার অ্যান্ডারসন হাউস, সেখানে এই মহম্মদ বিন্‌ তুঘলকের রাজত্ব চলছে, যখন যা খেয়ালখুসী সেইমত কাজ চলছে। বলা হ'ল ডি ভি সির হেড কোয়ার্টার কলকাতা থেকে মাইথনে নিয়ে যাওয়া হবে। উঠল তুমুল প্রতিবাদ, কর্তারা আবার কিছুদিন থেমে গেলেন। আবার সেটা খুঁচিয়ে তুললেন ডি ভি সি-র ব্যাপার নিয়ে। এই যে ডি ভি সি-র ব্যাপার নিয়ে তুঘলকী রাজত্ব চলছে এর অবসান হওয়া দরকার। কিছুদিন আগে ডি ভি সি-র ইলেকট্রিক উইং-এর হেড কোয়ার্টার্স কলকাতা থেকে মাইথনে স্থানান্তরিত করা হয়েছে। ১৯৬২ সালের অগাস্ট মাসে স্থানান্তরিত করার প্রশ্ন প্রথম উঠেছিল। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তার প্রতিবাদ করেছিলেন, এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করেছিলেন, তাতে কয়েক মাসের জন্য স্থানান্তর বন্ধ হয়েছিল। কিন্তু, আমরা আবার দেখলাম, নবেম্বর মাসে ডি ভি সি কর্তৃপক্ষের একটা সভায় সিদ্ধান্ত হয়ে গেল যে, জানুয়ারি মাসে এই দপ্তর তুলে নিয়ে কলকাতা থেকে মাইথনে নিয়ে যাওয়া হবে। এবং সেই নবেম্বর মাসে যুদ্ধের সময়, এমার্জেন্সীর সময়, সব দিকে খরচ কমাবার জন্য এই ধরনের কাজ করা অন্যায়, কেন্দ্রীয় সরকার তা বলেছেন। কিন্তু, এই সুযোগ তাঁরা গ্রহণ করলেন এই জন্য যে, সাময়িকভাবে অনাস্থার হলে লোকে এর

প্রতিবাদ করতো, কিন্তু এখন তা করতে পারবে না। কাজেই এই সুযোগে একটা সেকশান সরিয়ে ওখানে নিয়ে যায়। আমি সেচমন্ত্রীকে এই সম্পর্কে একটা কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম। সে সম্বন্ধে ৯ই জানুয়ারি তিনি একটা বিবৃতি দেন, তাতে তিনি একটা কথা বলেন নি। এই যে একটা অফিস এখান থেকে চলে গেল, তাতে যে খরচ ১৯ লক্ষ টাকা হলো, তার কত অংশ পশ্চিমবাংলাকে বহন করতে হয়েছে, সে কথা তিনি তখন বলেন নি। দ্বিতীয় আর একটা পাই নি। এই যে একটা উইং স্থানান্তরিত করা হয়েছে, তার পূর্বে এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের মত নেওয়া হয়েছিল কিনা, তা তিনি বলেন নি। আমরা আশা করেছিলাম তা থাকবে। এই দামোদর ভ্যালী কর্পোরেশান যেভাবে পরিকল্পনা নিয়ন্ত্রণ করছেন, তাতে মনে হয় এখানে একটা মগের রাজত্ব চলছে। এই বহুমার্থ সাধক নদী পরিকল্পনার মূলে পরিকল্পনা ছিল তিনটা; তাতেই গলদ দেখা দিয়েছে। সেই তিনটা হচ্ছে, বিদ্যুৎ উৎপাদন, সেচের জল সরবরাহ ও বন্যা নিয়ন্ত্রণ করবে। ১৯৫৯ সালের বন্যা নিয়ন্ত্রণের নমুনা আমরা দেখতে পেয়েছি। আর কোথায় গিয়ে দাঁড়িয়েছে জলসেচের ব্যবস্থা, তা আমরা জানি। চাষীর যখন জল দরকার, তখন সে জল পায় না। আর যখন জলের দরকার নাই, তখন জল ছেড়ে দিয়ে ফসল নষ্ট করে দেওয়া হয়। আর বিদ্যুতের ব্যাপার! এই বিদ্যুতের কি অবস্থা দেখুন, পশ্চিমবঙ্গ সরকারকে এই পরিকল্পনার দরুন ½ অংশ টাকা বহন করতে হয়। বিদ্যুৎ পশ্চিমবঙ্গ সরকার কতটা পায়, সেটা দেখুন, আমরা পশ্চিমবঙ্গ পাই, ৫৪·৮১ কিলোওয়াট; বিহার পায় ৪৮৯·৩৩ কিলোওয়াট; আই এস সি ও, পায় ৫৬·৭৩ কিলোওয়াট; টাটা পায় ৩৫১·১৯ কিলোওয়াট; ইস্টার্ন রেলওয়ে ডি সি পায় ৪৮·৬৮ কিলোওয়াট; এ সি পায় ৮১·৬৯ কিলোওয়াট; ই এস সি পায়, ৬৬৪·৯৩ কিলোওয়াট। আর বাকীটা বিহারের শিল্পে নিয়োজিত হয়। আমরা অংশমত প্রয়োজনীয় বিদ্যুৎ পাই না, অথচ খরচ বহন করি ½ অংশ।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে সদর দপ্তর, এর বার বার স্থানান্তরের প্রশ্ন ওঠে কেন? এই দামোদর ভ্যালী কর্পোরেশানের যে পরিকল্পনা ছিল, তাতে ত্রুটি ছিল না। কিন্তু, তার পরিকল্পনা কার্যকরী করবার দায়িত্ব যাদের হাতে দেওয়া হয়েছে, তাদের ভিতরে রয়েছে গলদ, অপদার্থতা এবং দুর্নীতি। সমস্ত কিছু এসে বাসা বেঁধেছে এইখানে। তাদের দুর্নীতি, অপদার্থতা সমস্ত ব্যাপারের সঙ্গে জড়িত আছে। তা ঢাকবার জন্য, জনসাধারণের মনকে অন্য দিকে ঘুরিয়ে দেবার জন্য তারা এই স্থানান্তরের প্রশ্ন তুলেছে। যখন বিহার সরকার এক ধরনের বিবৃতি দেন, পশ্চিমবাংলা সরকার অন্য ধরনের বিবৃতি দেন, তখন কেন্দ্রীয় সরকার মাঝে এসে পড়েন এবং একটা আপোষ মীমাংসা করে দেন, মধ্যস্থতা করে দেন। বাংলাদেশের কাগজগুলো পশ্চিমবাংলার স্বার্থ সম্বন্ধে লিখছেন, আর বিহারের কাগজগুলো বিহারের স্বার্থ সম্পর্কে লিখছেন, তাতে করে উভয়ের মধ্যে ঝগড়া লাগে, উভয়ের সম্প্রীতি ক্ষুণ্ণ হয়। এর অ্যাডমিনিস্ট্রেশন-এর মাথায় যারা বসে আছেন, তারা এই সুযোগ পূর্ণমাত্রায় গ্রহণ করেন। তাদের অপদার্থতা ঢাকবার জন্য এই স্থানান্তরের প্রশ্ন আমাদের চোখের সামনে এনে তারা তুলে ধরে।

বাস্তবিক এই ডি ভি সি-র হেড কোয়ার্টার কলকাতা থেকে সরিয়ে মাইথনে নিয়ে যাবে কি যাবে না, এই সম্পর্কে সেচমন্ত্রী কোন কথা এখানে বলেন নি। তিনি বলেছেন, যাবার প্রশ্নে তিনটা পার্টি গভর্নমেন্ট একত্রে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। সেই আলোচনা কি আজ পনের বছরেও শেষ হ'ল না? তাঁরা শেষ করতে পারলো না? কোন্ জায়গায় হেড কোয়ার্টার্স থাকবে? কোন্ জায়গায় থাকলে সুষ্ঠুভাবে, ভালভাবে কাজকর্ম চলতে পারে, এই প্রশ্ন আমরা চিরতরে মীমাংসা করতে পারবো না? তাহলে আর ও প্রশ্ন বার বার উঠবে না। এ প্রশ্ন কি আমরা সমাধান করতে পারি না, এই ডি ভি সি-র কাজ ভালভাবে পরিচালনা করবার জন্য তার হেড কোয়ার্টার্স কোথায় থাকা উচিত? এটা কোন্ যুক্তি কলকাতায় হেড কোয়ার্টার্স থাকলে পরে ডি ভি সি পরিকল্পনার কাজ ভালোভাবে চলবে না? সে যুক্তি তো আমরা দেখতে পাচ্ছি না যে, ডি ভি সি পরিকল্পনা সুষ্ঠুভাবে পরিচালনায় ক্ষতি হয়, হেড কোয়ার্টার্স কলকাতায় থাকলে, আর মাইথনে গেলে সুবিধা হয়? এখানে প্রাদেশিকতার প্রশ্ন তোলা অন্যায়। অথচ বিহার থেকে সেই জিগীর তোলা হচ্ছে। এমন কি শাসানী দেওয়া হচ্ছে, ডি ভি সি-র হেড কোয়ার্টার্স কলকাতা থেকে যদি মাইথনে না যায়, তাহলে তা ভেঙ্গে দেওয়া হবে। অথচ এই পনের বছরের মধ্যে এর কোন মীমাংসা হ'ল না! কেন তা হলো না, এই হাউসের সামনে আমি তা রাখতে চাই।

কারণটা হচ্ছে এই প্রশাসনিক ব্যবস্থার মাথার উপর যাঁরা বসে আছেন, তাঁরা এই ব্যাপারটা রেখে দিতে চান এমনভাবে যে, বারবার এই প্রশ্নটা এনে লোকের সামনে তুলবেন, এবং তা তুলে বাংলা, বিহারের মধ্যে একটা ঝগড়া লাগাবার চেষ্টা করবেন: এবং সে দিকে মানুষের নজর চলে যাবে। এবং এই প্রশাসনিক ক্ষেত্রে তাঁদের যে ব্যর্থতা, তাঁরা যে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন, সেটা তাঁরা এই ভাবে ঢাকবেন। একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই, তাঁরা কি একটা কথা চিন্তা করেন না, যে হাজার হাজার কর্মচারী, যারা ডি ভি সি সদর দপ্তরে কাজ করেন, তাঁদের সামনে এক একবার ঘোষণা করছে যে, ডি ভি সি সদর দপ্তর কলকাতা থেকে অন্যত্র স্থানান্তরিত হবে, তাতে তারা বলীর পাঁঠার মত থরথর করে কাঁপে? তারা ভাবে তাঁদের কপালে কি আছে, কোথায় যাবে! ঐ সদর দপ্তর কোথাও স্থানান্তরিত হয়ে যাবে বলে, আবার তাদের স্থানাচ্যুত হতে হবে, ঘরদোর ছেড়ে তারা কোথায় যাবে, আবার তারা কোথায় ঘরদোর বাঁধবে, এই চিন্তায় তারা বিপর্যস্ত হয়ে ওঠে। এই যে জায়গাগুলি, সে সম্পর্কে কেন আপনারা চিন্তা করেন না, ভাবেন না?

আর একটা কথা, গতবার যখন এই সম্পর্কে আলোচনা হয়, তখন একটা কথা বারবার রাখতে চেষ্টা করি যে, ডি ভি সি-র পরিকল্পনাকে যদি সুষ্ঠুভাবে কার্যে পরিণত করতে হয়, তাহলে দামোদর ভ্যালী কর্পোরেশনকে এমনভাবে গঠিত করতে হবে যে, সেখানে যেন আই সি এস-দের প্রাধান্য না থাকে। কিন্তু আজও সেখানে দেখছি আই, সি, এস-এর প্রাধান্য, সিভিলিয়ানদের প্রাধান্য বজায় রাখা হয়েছে। সেখানে সায়েন্টিসটস, ইকোনমিস্টস, ইঞ্জিনীয়ার যারা, তাদের যদি আজ সেখানে প্রাধান্য থাকত, পরিচালনার ব্যাপারে, তাহলে মহম্মদ বিন্ তুঘলকের যে রাজত্ব আজ অ্যান্ডারসন হাউসে চলেছে, সেটা হ'ত না, অনেক দিন আগেই তা খতম হয়ে যেত। এইসমস্ত আই সি এসরা, ইঞ্জিনীয়ারিং কিছু জানেন না, কি ভাবে নদীর পরিকল্পনা করবে, কিভাবে নদীর পরিকল্পনাগুলিকে বাস্তবে কাজে পরিণত করা যায়, এইসব কাণ্ডজ্ঞান তাঁদের নেই। কাজেই এইসমস্ত সিভিলিয়ানদের একটা দৃষ্টিভঙ্গী হচ্ছে যে, নিজেদের দোষ কিভাবে পরের ঘাড়ে চাপিয়ে দিয়ে এড়ান যায়, সেই দিকে তাঁদের সর্বদা নজর। তাই এই প্রস্তাব রাখবার মাধ্যমে, যে কথাটা আমি আপনাকে বলতে চাই, সেটা হচ্ছে, আজকে যাঁরা এর মাথায় বসে আছেন—এস লাল, রিটায়ার্ড আই সি এস, এবং এস এন রায়, যিনি ম্যানেজার, তিনিও একজন আই সি এস, এবং সেক্রেটারী। এই দুই ব্যক্তি, যারা মাথার উপর বসে আছেন, তাঁরা দামোদর ভ্যালী কর্পোরেশনের যত কিছু অপদার্থতার জন্য দায়ী। তাই আমি এই সম্পর্কে প্রস্তাব রাখতে চাই, এ সম্বন্ধে একটা এনকোয়ারী কমিটি করা হক। সেই এনকোয়ারি কমিটি এনকোয়ারী করে দেখুক যে, কোথায় হেড কোয়ার্টার্স থাকলে ভাল হয়। কোথায় হেড কোয়ার্টার্স রাখলে কাজ ঠিকমত চলতে পারে, এবং এইগুলি সুষ্ঠুভাবে আলোচনা করে, সমস্ত দিকে স্বার্থ ঠিক ভাবে রেখে ডি ভি সি-র হেড কোয়ার্টার্স যেখানে থাকবে, সেটা চিরকালের জন্য মীমাংসা হয়ে যাওয়া দরকার। আমি আপনার মাধ্যমে শেষ কথা বলতে চাই, এই ব্যাপারে, যে কলকাতায় যদি হেড কোয়ার্টার থাকে, তাহলে সমস্ত দিক দিয়ে সেটা ডি ভি সি-র পরিকল্পনার পক্ষে এবং ডি ভি সি-র পরিকল্পনাকে ঠিকভাবে কাজে যারা রূপায়ণ করবেন, তাদের পক্ষে সেটা সহায়ক হবে। সেদিক থেকে আমি পশ্চিমবাংলার একজন সাধারণ মানুষ হিসাবে, পশ্চিমবাংলার সাধারণের মনে যে কথাটা আছে, সেই কথাটা আজকে হাউসের সামনে রাখতে চাই, এই জন্য যে, এই ডি ভি সি নিয়ে ছেলেমানষী চলছে, ডি ভি সি-র মধ্যে অপদার্থতা এসেছে, তাকে চিরকালের জন্য দূর করে দেওয়া দরকার, এবং ডি ভি সি যাতে কলকাতায় থাকে সেই ব্যবস্থা স্থায়ীভাবে নির্ধারিত করা দরকার।

এই এমার্জেন্সী পিরিয়ডে এটা একটা অপব্যয় হয়ে গেল, ১৯ লক্ষ টাকা। আবার ডিভি সি-র হেড কোয়ার্টার্স স্থানান্তরের প্রশ্ন আসলে প্রায় ২ কোটির মত টাকা খরচ হবে, এটা পশ্চিম-বাংলার পক্ষে ক্ষতিকর। এই টাকা দেবে কারা? যারা বাংলাদেশের মজুর, নিম্ন-মধ্যবিত্ত চাষী, গরীব শ্রমিক মানুষ, যারা খেটে খেতে পায় না, তাদের কাছে থেকে যে টাকা আসে, সেই টাকা নিয়ে যেসকল অপদার্থ সিভিলিয়ানরা মাথার উপর বসে আছেন, ঐ এস লাল, এবং এস এন রায়, যাঁদের অপদার্থতার জন্য আজ ডি ভি সি অপদার্থতায় জড়িত, তাঁরা সুখে থেকে, চব্য-চস্য, লেহ্য পেয় খেয়ে সুখে থাকতে পারবেন। এই টাকাটা বন্ধ হয়ে যাওয়া দরকার, এবং ডি ভি সি-র

হেড কোয়ার্টার মাইথনে স্থানান্তরিত না করে, কলকাতায় রাখা হোক। এই হল আমার প্রস্তাব এবং আমি আশা করবো এই প্রস্তাব সর্ববাদিসম্মতক্রমে গৃহীত হবে। এই বলে আমি আমার এই প্রস্তাব হাউসের সামনে রাখছি।

[12-40—12-50 p.m.]

Shri Gopal Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই দামোদর ভ্যালীর হেড কোয়ার্টার্স স্থানান্তর করা নিয়ে বহুদিন যাবৎ আলোচনা চলছে, কোন মীমাংসা হচ্ছে না, ফলে তা নিয়ে পুনঃ পুনঃ বিভিন্ন প্রদেশের মধ্যে উত্তেজনার সৃষ্টি হচ্ছে। এখন এই সম্পর্কে আবার যখন প্রশ্ন উঠেছে, তখন দামোদর ভ্যালী কর্পোরেশনের একটা অংশ, বৈদ্যুতিক বিভাগ, সেটা মাইথনে চলে যাবার ব্যাপার নিয়ে সংবাদপত্রে দামোদর ভ্যালী কর্পোরেশন থেকে যে বিবৃতি প্রচার করা হয়েছে, তার মধ্য থেকে বোঝা যায় যে, পশ্চিমবঙ্গ সরকার সাময়িকভাবে এটা স্থগিত রেখেছিলেন একসময় তাঁরা সম্মতি দিয়েছিলেন, যাঁরা কন্ট্রাক্টিং গভর্নমেন্টস তাঁরা সমর্থন করেছিলেন যে, এই বৈদ্যুতিক বিভাগ অন্ততঃ মাইথনে চলে যাবে, সংবাদপত্রে যে বিবৃতি প্রচার করা হয়েছে, তা থেকে এটা দেখা যাচ্ছে। তখন সেখানে যুক্তি দেখান হয়েছিল যে, মাইথনে গেলে চীফ ইঞ্জিনীয়ার সেখানে থাকেন বলে দামোদর ভ্যালী কর্পোরেশনের, বিশেষ করে বৈদ্যুতিক বিভাগের কর্মপদ্ধতি এবং কর্মীদের অবস্থার অনেক উন্নতি হবে। দ্বিতীয় যুক্তি দেখান হয়েছে যে, দামোদর ভ্যালীর জন্য বিভিন্ন জায়গায় বাড়িঘর নেওয়া হয়েছে, এবং সেইসব বাড়িঘর নিতে গিয়ে কিছু খরচ হয়। সুতরাং এই বৈদ্যুকিত বিভাগ মাইথনে নিয়ে গেলে ঘরভাড়া থেকে অব্যাহতি পাবেন, এবং যেহেতু বিভিন্ন সরকারের ইলেকটিক্যাল উইং সরাবার জন্য সেখানে বাড়িঘর তৈরি হয়ে গিয়েছে, সেজন্য সেখানে যাবার প্রশ্নে দেরি করা যায় না। তারপর, ব্যয়সংকোচের প্রশ্নটাও সংবাদপত্রে প্রচার করা হয়েছে। দামোদর ভ্যালীর যে কনস্ট্রাকশন-এর কাজ, সে হয়ে গিয়েছে শুধু মেন্টেন্যান্স এবং কিছু কিছু কনস্ট্রাকশন-এর কাজ বাকি আছে। এখানে প্রশ্ন উঠেছে, এফিসিয়েন্সি যদি এতদিন পর্যন্ত সেটা বর্তমান হেড কোয়ার্টার্সে থেকে সম্ভব হয়েছিল, এখন সেই এফিসিয়েন্সি এখানে সম্ভব নয় কেন? ব্যয়সংকোচের যে প্রশ্ন, সেটা বিচার-বিবেচনা করার প্রয়োজন আছে, কিন্তু এই প্রশ্ন আজ নতুন করে কেন উঠল? পশ্চিমবঙ্গ সরকার যদি সম্মতি দিয়ে থাকেন, এই সম্মতি তাঁরা স্থগিত রাখবার প্রয়োজনবোধ করেছিলেন কেন? এফিসিয়েন্সি অফ অ্যাডমিনিস্ট্রেশন এবং কাজের দিক থেকে সম্মতি দিয়েছিলেন, এবং তার পিছনে কি যুক্তি ছিল? দামোদর ভ্যালি থেকে যে বিবৃতি প্রচার করা হয়েছে, তাতে পশ্চিমবঙ্গ সরকার যে সম্মতি দিয়েছিলেন এটা স্পষ্ট। যাঁরা চাকরী করেন তাঁদের প্রশ্নটাও বিচার করবার। মাইথনে যাবার সম্বন্ধে প্রচারিত বিবৃতিতে বলা হয়েছে, সেখানে গেলে তাঁদের কোন অসুবিধা হবে না। কিন্তু যাঁরা চাকুরীজীবী, তাঁদের মনোভাব ও যুক্তি সেটাও গুরুত্বপূর্ণ এবং সেদিকটাও বিবেচনা করার প্রয়োজন আছে। মাইথনে যদি এই অবস্থায় একটা উইংও যায়, তাহলে তাঁরা যে স্বভাবতই ভয়ানক অসুবিধার মধ্যে পড়বেন, যাঁরা মাইথনের সঙ্গে পরিচিত তাঁরা এটা নিশ্চয়ই বুঝতে পারবেন। এবং এই সম্পর্কে যখন কোন সিদ্ধান্ত সুপরিকল্পিতভাবে নেওয়া হয় নি, বিভিন্ন সময় বিভিন্ন অবস্থার চাপে নেওয়ার চেষ্টা হয়েছে, সেজন্য এটা সুচিন্তিতভাবে করার প্রয়োজন আছে। সবথেকে বড় কথা হচ্ছে, এইসময় এটা নেওয়ার মধ্যে দিয়ে নানান ভুল ধারণার সৃষ্টি হওয়া স্বাভাবিক। প্রথম কথা হচ্ছে, এফিসিয়েন্সীর কথা, আমাদের মনে রাখতে হবে এখান থেকে সরালে ডিজলোকেশন প্রশ্ন নিশ্চয়ই আসে। দ্বিতীয়ত, ব্যয়সঙ্কোচের প্রশ্ন, এখান থেকে এভাবে সরালে ব্যয়সঙ্কোচ না হয়ে ব্যয়-বৃদ্ধির সম্ভাবনাই বেশি। সুতরাং এই জরুরী অবস্থায় এই যে জিনিস সৃষ্টি হচ্ছে, বাংলাদেশের লোকের ধারণা নিশ্চয়ই এই কাজে একটা উদ্দেশ্য আছে, যা স্বাভাবিক সময়ে করা যায় না এখন সেটা করার চেষ্টা হচ্ছে। সুতরাং এদিক থেকে যে ব্যবস্থা এখানে চলছে, তাতে সমস্ত জিনিসটা পুনর্বিবেচনা করা দরকার এবং জবরদস্তিভাবে এই জিনিসটা করলে বাংলাদেশের লোকের কাছ থেকে তীব্র প্রতিবাদের সম্মুখীন হতে হবে। সর্বশেষ কথা হ'ল, অন্যান্য জায়গা থেকে যেরকম ধারণা সৃষ্টি করার চেষ্টা হয়, তাতে কোলকাতা শহরে যে হেড কোয়ার্টার্স আছে সেই হেড কোয়ার্টার রাখবার মধ্যে কোন প্রাদেশিকতার মনোভাব কাজ করছে কিনা সেটা দেখা দরকার। বাংলাদেশে যাঁরা এই দাবী করছেন, তাঁদের মধ্যে প্রাদেশিকতার কোন মনোভাব নেই।

প্রগতিশীলতার মনোভাব ছাড়া যে যুক্তিগুলি আছে, সেগুলিই এখানে প্রধান। সুতরাং এই প্রস্তাব আমাদের এখানে গুরুত্বপূর্ণভাবে বিবেচনা করা উচিত এবং এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, অত্যধিক প্রতিবাদের বিষয়, অত্যধিক নিন্দার বিষয়, অত্যধিক দোষারোপের বিষয় যে আদর্শ, যে উদ্দেশ্য নিয়ে ডি ভি সি-কে একটা অটোনোমাস বডি বলে গঠন করা হয়েছিল ডি ভি সি-র সেই অটোনোমাস বডির সুযোগ নিয়ে তার সেক্রেটারী, তার চেয়ারম্যান পশ্চিমবঙ্গ সরকারের হোক, কেন্দ্রীয় সরকারের হোক, তাঁদের নির্দেশ সম্পূর্ণরূপে উপেক্ষা করে স্বেচ্ছাচারমূলক তাঁরা ডি ভি সি-র কার্য পরিচালনা করছেন। কাজেই ডি ভি সি-র বিরুদ্ধে আমরা অনবরত দেখি যে, অর্থের অপচয় চলছে। আমরা দেখছি যে, বিদ্যুৎ সঙ্কট হচ্ছে, যান্ত্রিক গোলমাল হচ্ছে, সেচ-ব্যবস্থা হচ্ছে না। কাজেই সেদিক থেকে ডি ভি সি পরিকল্পনার দ্বারা আমাদের দেশের যে কল্যাণ করবার কথা ছিল এই সরকারী কর্মচারী, চেয়ারম্যান প্রভৃতির স্বেচ্ছাচারমূলক কাজের জন্য এই পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে। স্যার, আমাদের প্রতিবাদ সত্ত্বেও, বাংলা সরকারের প্রতিবাদ সত্ত্বেও, কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের প্রতিবাদ সত্ত্বেও আমাদের এখান থেকে ইঞ্জিনীয়ারিং সেকশন—যেটা অ্যাডিশন্যাল চীফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার অফিস স্থানান্তরিত করা হবে। এই সরানোর ব্যাপারে অদ্ভুত যুক্তিও দেওয়া হয়েছে। আমরা শুনেছি যে, অ্যাডিশন্যাল ইঞ্জিনীয়ার মিঃ খোলকানীর সেইরকম ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং-এর কোয়ালীফিকেশান নেই, এবং ৭০ হাজার টাকার অপচয়, দুর্নীতির কথাও আমরা শুনি যে, তিনি নাকি তার সঙ্গে জড়িত ছিলেন। এ বিষয় বরাবরই বিহার সরকার তাঁকে প্রোটেকশান দিয়েছেন। বাংলার যে একজন প্রতিনিধি আছেন তাঁরা সেখানে গিয়ে যেভাবে কাজ করা উচিত তা করেন না। অর্থাৎ যেভাবে ব্যক্তিত্বের দ্বারা ডি ভি সি-র দুর্নীতির প্রতিরোধ করা উচিত ছিল, বাংলা সরকারের প্রতিনিধি যিনি আছেন, তিনি বাংলার স্বার্থের দিকে চেয়ে যেভাবে কাজ করা উচিত, সেইভাবে করেন না। আমি শুনেছি যে, আমাদের অজয় মুখার্জি মহাশয় কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে জেনারেল ম্যানেজারকে নির্দেশ দিয়েছিলেন যে, অফিস স্থানান্তরিত বন্ধ করা হোক। শ্রী এইচ এন রায়, যিনি কোচবিহারে কুখ্যাত গুলি মেরেছিলেন, তাঁকেই চেয়ারম্যান করে রাখা হয়েছে। এইটুকুন আত্মসম্মান জ্ঞান তাঁর হল না যে, তিনি বলেন যে, লাল পদত্যাগ করুন। লাল পদত্যাগ করুন বা না করুন, কি এসে যাচ্ছে, তিনি যখন অন্যায় দেখছেন তিনি কেন সেখানে পদত্যাগের হুমকী দিলেন না। তাঁর সেই আত্মসম্মান জ্ঞানের অভাব আমরা দেখছি। এইভাবে বাংলার দুর্বল ও অসৎ কর্মচারীরা বাংলার স্বার্থের বিরুদ্ধে ডি ভি সি-তে কাজ করছেন। ডি ভি সি-র দুর্নীতি সম্বন্ধে এখানে প্রস্তাব হয়েছিল যে, বাংলা সরকার বিহার সরকার এবং কেন্দ্রীয় সরকার মিলে ডি ভি সি-র কার্যের সংশোধন করবেন। কিন্তু, সে প্রস্তাবে যে কি ব্যবস্থা করা হ'ল, আজকে পর্যন্ত তা আমরা জানি না।

[12-50—1 p.m.]

কাজেই ডি ভি সি-র ব্যাপারে আমাদের শক্ত হয়ে দাঁড়াতে হবে। বিধানবাবু যখন ছিলেন তখনও ডি ভি সি-র অফিস স্থানান্তরের কথা হয়েছিল। কিন্তু, ডাঃ রায়ের বিরোধিতায় এই অফিস তাঁরা নিয়ে যেতে পারে নি। তাঁর মৃত্যুর পরে আবার তাঁরা এইসব চেষ্টা করছেন—এই সঙ্কটের সুযোগ নিয়ে চেয়ারম্যান মিঃ লাল এই অফিসকে স্থানান্তরের চেষ্টা করছেন। তাঁরা ইলেকট্রিক উইং-এর অফিস সেখানে নিয়ে গেছেন, তার পিছনে যুক্তি দিয়েছেন, অত্যধিক হাস্যকর যুক্তি, অসার যুক্তি দিয়েছেন, কারণ, তাদের কো-অর্ডিনেট করার জন্য যে স্পেয়ার পার্টস দরকার, তা কলকাতা থেকে সহজেই পাওয়া যায়। যিনি সেখানে অ্যাডিশন্যাল ইঞ্জিনীয়ার, তার কোন ইলেকট্রিক্যাল কোয়ালিফিকেশান নেই, তাকে প্রোজেক্ট ম্যানেজার থেকে তাঁদ্বয়ের গুণে সেরকম উচ্চস্থানে নিয়োগ করা হয়েছে। এইভাবে যদি কাজ পরিচালিত হয়, আর তা যদি আমরা সমর্থন করে যাই, তার ফল শুভ হবে না। বাংলা সরকার বহু অর্থ ব্যয় করেন এই ডি ভি সি-র জন্য, সেখানে বাংলা সরকারকে শক্ত হয়ে দাঁড়াতে হবে, এবং মুখ্যমন্ত্রী যদি জোর করে বলতে পারেন, বাংলা সরকার এ বাবদ বেশী খরচ করে, সুতরাং বাংলা সরকারের কথা শুনতে হবে, তাহলে কাজ হবে। চীফ মিনিস্টার কেন জোর করে বলতে পারবেন না. অজয়

মন্ত্রী কেন জোর করে বলতে পারবেন না যে, তোমাদের খুসীমত কাজ হবে না। চীফ মিনিস্টারকে নিশ্চয়ই তারা ভয় করে, তার কথায় তিন মাস স্থানান্তর বন্ধ ছিল, তারপর তারা বুঝিয়ে আবার নিয়ে যাওয়ার চেষ্টা করছে। আবার প্রায়ই শুনি যে, তারা কর্মচারী ছাটাই করছেন। কর্মচারীরা যেভাবে ডি ভি সি-র স্বার্থরক্ষার জন্য কাজ করেন, তা প্রশংসনীয়। তারা আমাদের যে কর্তব্যজ্ঞান দেখিয়েছেন তাদের কাছে সেজন্যে আমরা কৃতজ্ঞ। তারা শুধু কর্মচারী নন, তারা এ দেশের নাগরিক, এই দেশের স্বার্থ ক্ষুণ্ণ হ'লে তাদের বলবার অধিকার আছে। সেইজন্যই সেদিক দিয়ে পশ্চিমবাংলা সরকারের এরকম অন্যায়, যাতে আমাদের উপর না হয়, তা দেখতে হবে। তারা তো সেখানে নানারকম প্রাদেশিকতা করছেন, লিঙ্গুইস্টিক ক্লীক চালাচ্ছেন, নিশ্চয়ই তার প্রতিকার হওয়া দরকার। শুধু বিহারের জন্য ডি ভি সি নয়, বাংলার জন্যও ডি ভি সি। কেন্দ্রীয় সরকারকে চাপ দিতে হবে। আশা করি বাংলা সরকার এ বিষয়ে যথেষ্ট সচেষ্ট হবেন, যাতে কেন্দ্রীয় সরকার তাদের কথা মানেন, তাদের নির্দেশ মানেন, তার ব্যবস্থা করতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার স্যার, আজকে এই যে প্রস্তাব, এই প্রস্তাব সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে দু'-একটি কথা বলতে চাই। আমাদের পরম পূজনীয় হেমন্ত-দা এর উপরে যেসমস্ত কথা বলে গেলেন, আশা করি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় ভাল করে চিন্তা করে তার জবাব দেবেন। আমি যেটা বলছি তা হ'ল যে, আমরা সাধারণ লোক একথা বুঝতে পারিনা যে, ডি ভি সি-র হেড কোয়ার্টার যখন প্রথম ডি ভি সি শুরু হ'ল, তখন কেন কলকাতায় হয়েছিল আর এখন কেনই বা এখান থেকে উঠিয়ে নেওয়া হচ্ছে, এই দুটো জিনিস খুব অস্পষ্ট লাগে। ডি ভি সি-র হেড কোয়ার্টার যখন কলকাতায় হ'ল, তখন নিশ্চয়ই কতকগুলি ন্যাচারেল এবং অন্যান্য সুযোগ-সুবিধা ছিল বলে কলকাতায় হেড কোয়ার্টার হয়েছিল, এবং এই কয়েক বৎসরের মধ্যে এমন কি অবস্থা হয়ে গেল যে, সেই সুযোগ-সুবিধাগুলি নষ্ট হয়ে গেল, সেকথাও আমাদের মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানাবেন, প্রথমে যখন স্থাপিত হয়েছিল তখন যেসমস্ত জিনিসগুলি কন্সিডার করে কলকাতাতে হেড কোয়ার্টার্স করা হয়েছিল, এই কয়েক বৎসরের মধ্যে এমন কি অবস্থার সৃষ্টি হ'ল যে সেসমস্ত জিনিসগুলি লুপ্ত হয়ে গেল, বা নতুন কোন সুযোগ-সুবিধা এসেছে অন্য জায়গায় সেটাও মন্ত্রিমহাশয় আমাদের জানাবেন।

আর একটা কথা হচ্ছে এই যে, ডি ভি সি হচ্ছে বাংলাদেশের অর্থনৈতিক প্রাণপ্রবাহ। এই ডি ভি সি-র জলের উপর বাংলার যে গ্র্যানারী, সেই গ্র্যানারী নির্ভর করে। এবং আজকে এই ডি ভি সি-তে যে বিদ্যুৎ উৎপাদন হয়, সেই বিদ্যুতের সবচেয়ে বেশী অংশ পশ্চিমবঙ্গে কনজিউম হয়। বাংলাদেশের অর্থনীতির সঙ্গে এর বিরাট সম্বন্ধ যে পরিকল্পনায় আছে, সেই পরিকল্পনায় পশ্চিমবঙ্গের কোন কথা চলবে না, এটা একটা অদ্ভুত বলে মনে হয়। এবং আমরা যেটা দেখতে পাই, সেটা হচ্ছে এই যে, পশ্চিমবাংলা এই প্রাণ প্রবাহের দ্বারা বেঁচে থাকলেও তার যেসমস্ত জিনিস পশ্চিমবঙ্গে হওয়া উচিত ছিল আজও ডি ভি সি-র মারফত সেগুলি হয় নি। আজও চ্যানেলগুলি সম্পূর্ণ করা হয় নি, আজও অনেক বিষয় এমন জিনিস আছে, সেগুলি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন, সেগুলি সম্বন্ধে উপেক্ষা করা হয়েছে, তার পিছনে সেন্ট্রাল গভর্নমেন্টের যে বিমাতৃসুলভ মনোভাব, সেই মনোভাব কতখানি দায়ী সেটা আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানাবেন।

আর একটা কথা যে, এতে বহু লোক চাকরী করছে। ডি ভি সি হেড কোয়ার্টার্স স্থানান্তরিত হওয়া মানেই, যে-কোন হেড কোয়ার্টার্স স্থানান্তরিত হওয়া মানেই, তাদের চাকরীর সর্বনাশ ডেকে নিয়ে আসা। তাদের ৫০-৬০-১০০ টাকা বেতন, তাদেরকে হয়ত এখান থেকে চলে যেতে হতে পারে অনেক দূরে, সেই অবস্থায় সে চাকরী করতে পারবে কি পারবে না, সেটা একটা সমস্যা হয়ে দাঁড়াবে। তারপর দেখা যাবে যে, সারপ্লাস ডিক্লেয়ার হয়েছে, তারপর দেখা যাবে যে, অকারণে কতগুলিকে ছাটাই করা হয়েছে। যেভাবে আগে বিভিন্ন ডিপার্টমেন্ট ট্রান্সফার হবার ফলে যে যেগুলি হয়েছিল, ঠিক সেইগুলিই এখানে হবে। এবং এমন একটা পিরিয়ডে হবে যখন আমাদের দেশ একটা আক্রমণের সম্মুখীন, আমাদের দেশের যখন সমস্ত শক্তিকে

সংহত করা দরকার। সুতরাং এখন দেশে এমন অবস্থার উদ্ভব করা উচিত নয়, যাতে আমা দেশে কোনরকমের ডিস-ইন্টিগ্রেশনের সুযোগ আসে। অথচ সেইগুলি করবার জন্য আজ যাওয়া হচ্ছে। আর একটা কথা স্যার, একে ত এখানে এই হেড কোয়ার্টার্স করবার জন্য প্র টাকা ব্যয় হয়েছে, তারপর আবার এটাকে স্থানান্তর করতে গেলে আবার প্রচুর টাকা ব্যয় হ এই যে টাকা, এ প্রায় ২ কোটি টাকার মত হবে। এই ২ কোটি টাকা, এই সময় যখন টা দরকার, যখন জাতীয় প্রতিরক্ষা তহবিলে ভিখারী তার ভিক্ষালব্ধ অর্থ নিয়ে এসেছে দেবার জ যখন শ্রমিক তার শ্রমের দান নিয়ে এসে দিচ্ছে, যখন সমস্ত মানুষ জাতীয় প্রতিরক্ষা তহ টাকা দেবার জন্য ছুটে আসছে, যখন জাতীয় প্রতিরক্ষা তহবিলে টাকা দেওয়া আমাদের প কর্তব্য, দেশে টাকা দরকার, সরকারের টাকা দরকার, সেই সময় এই ২ কোটি টাকা আবার অনর্থ খরচ করা এটা কি খুব বিজ্ঞের পরিচয় হবে? সেই সময় এই টাকা যদি সেভ করা যায়, তাহ সেটা কি সঞ্চয় নয়? 'টু সেভ ইজ টু আর্ন' এই কথাটা কি মন্ত্রিমহাশয় চিন্তা করে দেখবেন আর আমি বেশী কিছু বলতে চাই না, তবে ডি ভি সি-র দুর্নীতি এটা একটা প্রবাদবাক্যে পরিণ হয়েছে। শুধু ডি ভি সি-র নয়, ইরিগেশন ডিপার্টমেন্টটা আবার অজয়বাবু বলেন যে, এক্সপা দ্বারা গাইডেড হয়, তাঁরা এক্সপার্ট আর আমরা লে ম্যান, কিন্তু আমরা দেখেছি ইরিগেশ ডিপার্টমেন্টের কর্মক্ষমতা আমাদের চোখের সামনে হয়েছে, মাননীয় অজয়বাবু নিজেও গি দেখেছেন যে, ভাগিরথীতে একটা সামান্য বাঁধ না দেবার ফলে জিয়াগঞ্জ এবং নশিপুরের ম সমস্ত এলাকাটা নষ্ট হয়ে গেল। এক্সপার্টদের ব্যাপার আমরা কিছু বলতে পারি না, মানন মন্ত্রীমহাশয় বলেছেন এক্সপার্টের ব্যাপার, কিন্তু আমরা সাফার করি। আমরা এটুকু বল পারি, 'এ স্পেড ইজ এ স্পেড'। কিন্তু কিভাবে স্পেড ইজ স্পেড হয়েছে, তা জানি না। শু এক্সপার্ট যা বললেন বলেই যে আমরা তা মানবো, এটা আশা করতে পারেন না। দুর্নীতি একটা আড্ডাখানা ঐ ডি ভি সি। এ বিষয় কোন সন্দেহ নাই।

আর একটা ব্যাপার, পশ্চিমবাংলার এই রেজোলিউশানকে সাপোর্ট করতে উঠে আমি আবে করবো, আজকে বাংলাদেশের একটা সমস্যা এই পশ্চিমবাংলার মানুষের মন এটা চায়। পশ্চি বাংলার শিক্ষিত মানুষ কেন সমস্ত স্তরের মানুষ চায়, পশ্চিমবাংলার স্থায়িত্বের জন্য যা-কি প্রয়োজন, তা যেন সঠিক থাকে। পশ্চিমবাংলার এই দুঃসময়ে ডি ভি সি-র হেড কোয়ার্টা এখানে রাখা হোক, বাংলার মানুষ যখন এই দাবী তুলেছে, তখন বাংলাদেশের প্রতিনিধি হিসে বাংলাদেশের রিপ্রেজেন্টেটিভ মন্ত্রীসভার কাছে কি আমরা আশা করতে পারবো না, মন্ত্রীসভ তরফ থেকে এই রেজোলিউশান সমর্থন করে বাঙ্গালী জাতির সঙ্গে বাংলার সংস্কৃতিও র করা হবে?

[1--1-10 p.m.]

Shri Bejoy Kumar Banerjee: Mr. Deputy Speaker, Sir, I beg support the resolution which has been moved protesting against tl proposal of shifting the D.V.C. headquarters or rather the Maintenan Section of the Electrical Department of the D.V.C. from Calcutta. I do so, I feel that when an establishment was decided upon to be here Calcutta, there must have been very good reasons for the same decisio We do not know as yet as to whether the Maintenance Section of t Electrical Department has already been shifted elsewhere or not a whether any Cabinet decision was made with regard to that. There mu be resistance from this House—from the State of West Bengal—agair shifting elsewhere any part of the establishment of D.V.C., whether of t Electrical Department or of any other department, from here. We kn that if we do not protest, certainly this will create a precedent to take aw elsewhere other establishments of the Centre which are here in Calcutt Sir, if the Government of West Bengal represents the people of W Bengal or rather the wishes of the people of West Bengal, I think t Government should support this resolution which opposes the shifting the Electrical Section of the D.V.C. from Calcutta. Sir, I do not kn why the Government should not support it because the people of W

Bengal are being benefited in various ways owing to the D.V.C. establishment being here. So, why should not the Goverument support this resolution? Is it because the resolution has been moved by the opposition? Sir, I think this resolution ought to have come from the Government side for opposing such a measure to shift the Electrical Section of the D.V.C. elsewhere. I do not know about the real fact—if the decision has already been taken or not—Government should clearly state it. Under what circumstances is this change of decision called for? What has been done by the Government so far to resist it, and what has been done by the Government to ascertain the views of the people? If in this Assembly we are divided in our opinion, it will be a handle for the Centre to take advantage of it. It is a resolution which, I think, every elected member of this House should support with a view to opposing any measure taken by Government or any attempt made by Government to shift the office of the D.V.C. from here. The attitude of the Government in changing their decisions is bad. Why should the Centre having once decided to keep the establishment here now change their decision all on a sudden? What is the reason behind it? What are the causes? We are supposed to know it all. I would request the Hon'ble Minister-in-charge to place all the facts before this House, so that we may know the real position.

With these words, and expecting support from the Government side of this resolution (Shri Nepal Chandra Roy: আমরা সাপর্ট করব।). As my friend Shri Nepal Chandra Roy, the veritable champion of popular cause, has expressed the view that this resolution has their support, I congratulate them in advance and I take my seat.

Shri Ananda Copal Mukhopadhya:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের দেশ বর্তমানে এক সংকটময় অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে, এ কথা আমরা সকলেই বিশেষভাবে অবগত আছি। ঠিক এমনি সময় দেশের মধ্যে এমন কিছু ঘটুক, যার জন্য আমাদের আভ্যন্তরিণ শাসন ব্যবস্থায় একটা কিছু পরিবর্তন ঘটিয়ে মানুষের মনে বিক্ষোভ সৃষ্টি হয়, এটা আমরা কেউ চাই না।

ডি ভি সি, দামোদর ভ্যালী কর্পোরেশন একটা বিরাট প্রতিষ্ঠান, এবং বহুদিন যাবত এই প্রতিষ্ঠান ব্যারেজ, ইরিগেশন-এর কাজ যেমন এখনও পর্যন্ত শেষ হয় নি বলে চলছে, ক্যানাল গুলোর কাজ এখনও পর্যন্ত শেষ হয় নি বলে যেমন চলছে, তেমনি ইলেকট্রিক্যাল ডিস্ট্রিবিউসন অ্যান্ড প্রোডাকশন-এরও কাজ সেই সুরু থেকে চলে আসছে। আমরা গোড়া থেকে দেখতে পাচ্ছি কি? ডি ভি সি-র কাজ সম্বন্ধে সুরু থেকে তার বিভিন্ন সমালোচনা এই হাউসের মধ্যে হয়েছে। আমার বিশেষভাবে স্মরণ আছে এই হাউসে দাঁড়িয়ে আমাদের স্বর্গত মুখ্যমন্ত্রী মহাশয়, ডাঃ বিধান চন্দ্র রায় একসময় অত্যন্ত জোরের সংগে ডি ভি সি-র কার্যাবলী সম্পর্কে প্রতিবাদ জানিয়েছিলেন। এবং তিনি এই কথা পর্যন্ত বলেছিলেন, প্রয়োজন হলে আমরা এতে পার্টিসিপেট করবো না। কিন্তু, ডি ভি সি-র কার্যাবলীতে এমন কিছু কিছু কার্যাবলী ছিল, যা বাংলাদেশের স্বার্থে আঘাত আসছিল। আজকে আমরা দেখছি, ব্যক্তিগতভাবে এবং সমষ্টিগতভাবে কোন বিশেষ প্রদেশের বিশেষ সুবিধার কথা কেউ চিন্তা করতে চায় না।

[1-10—1-20 p.m.]

এবং আমরা একটুকু আশা করব, দেশের এই জরুরী অবস্থায় এমন কোন কাজ করা হবে না যে, আমরা কোন বিশেষ প্রদেশের সুবিধার কথা বলব না, বলব না, এই সুযোগে এই কাজ করা হোক, এটা আমরা সমর্থন করতে পারি না। আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি যে, ডি ভি সি-র যে মেইন অফিস ছিল, সেখান থেকে এর মধ্যে ইলেকট্রিক্যাল সাইড, অপারেশন এবং হয়ত মেইনটেন্যান্সকে এখান থেকে মাইথনে বদলি করে দেওয়া হয়েছে। এতে হয়তো পার্টিসিপেটিং গভর্নমেন্টস বা তাদের প্রতিনিধিরা এই কাজকে সমর্থন করেছিলেন, বলেই তা সম্ভব হয়েছে। কিন্তু, আমরা এখানে কি ভয় পাচ্ছি? আমরা ভয় পাচ্ছি যে, ডি ভি সি-র মেইন অফিস হয়তো এতদিন পরে প্রস্তাব

হবে এখান থেকে সরিয়ে দেওয়া হোক। আমরা জানি, এই বিষয়ে একটা শর্ত আছে, ে গভর্নমেন্টস বসবেন, বসে সিদ্ধান্ত করবেন। কিন্তু সেখানে কোথাও বলা হয়নি সরান হবে। তা যদি বসে সিদ্ধান্ত করেন, তাহলে সরান হবে। এই ডি ভি সি-তে বাংলাদেশের স্বার্থের দি যদি আমরা তাকাই তাহলে আমরা কি দেখতে পাই? এখানে আমি বিশেষকরে রিক্রুটমেন্ে কথা বলব না, কারণ, আমি নিজে জানি, আমরা এই কাজ করতে গিয়ে, এই কাজে বিশেষ স দিতে গিয়ে আমরা দেখেছি, আমাদের স্টেট গভর্নমেন্ট ।...... ব্যাপারে, বিশেষ করে ব বাংলাদেশের বাসিন্দা, তাদের কর্মে নিয়োগে যতটা না জোর দেন, তার থেকে বেশি দেন অন্য প্রদেশের, বিহার প্রদেশের লোকের জন্য। আমরা দেখতে পাই যে, আমাদের যাঁরা প্রতিনি সেখানে, তাঁরা সেইভাবে জোর দিতে পারেন না। দুর্গাপুরে ডি ভি পি এস যেখানে প্রতিষ্ঠি হয়েছে, যে গ্রামের লোকদের সম্পত্তি গ্রহণ করে তাদের উৎখাত করে তাদের বৃত্তি নষ্ট ক দেওয়া হয়েছে, ডি ভি সি আমার সঙ্গে শর্ত করেছিলেন, তাদেরকে চাকরীতে অগ্রাধিকার দেও হবে। এখন সেখানে পার্মানেন্ট চাকরীতে এইসব গ্রামাঞ্চলের ৫টা ছেলেও আছে কিনা সন্দেহ আমি ডি ভি সি-র সততায় সন্দিহান হয়েছি, আমাদের স্থানীয় লোকদের চাকরীতে নেওয় ব্যাপারে তাঁদের অবহেলা আছে, যদি এই অভিযোগ আমি উত্থাপন করি, সেই অভিযোগ খণ্ডন কারুর ক্ষমতা নাই, আমার সঙ্গে যে লিখিত চুক্তি হয়েছিল তা যদি ভঙ্গ করা হয়ে থাকে, তাহ আমরা কি করে মনে করতে পারি যে, ক্যালকাটা থেকে হেড অফিস মাইথনে নিয়ে যাওয়া হবে না আমি বলতে চাই, এই জরুরী অবস্থায় বাংলাদেশের স্বার্থের কথা আমাদের ভেবে দেখতে হ আমি এটা কোন প্রাদেশিক মনোবৃত্তি থেকে বলছি না, আমি বাঙ্গালীর বাঁচার কথাই বল চাই। যদি মাইথনে যায়, তাহলে স্টাফ রিক্রুটমেন্ট ইত্যাদি কোনটাই বাংলাদেশের পক্ষে যাবে ন আমি আর এম এস ডিভিশনের কথাই বলছি, সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কমিউনিকেশান ডিপার্টমে এর সঙ্গে চুক্তি আছে যে, আর এম এস "সি" ডিভিশনে রিক্রুটমেন্ট পদ্ধতি কি হবে, এবং তাদে নিতে হবে এখান থেকে। কিন্তু, আজকে সেখানে বাঙ্গালীর কোন স্থান নাই। যাই হো সেই কথা বলার ক্ষেত্র ও সময় এ নয়। এই দুঃসময়ে এই প্রশ্ন উঠেছে বলেই আমাকে এই ক বলতে হল। আমরা মনে করি, আজকে সমস্তদিক চিন্তা করে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরো করা উচিত, অ্যান্ডারসন হাউস-এ ডি ভি সি-র মেইন অফিস রেখে আজকে যদি বলা হ এফিসিয়েন্টলি কাজ করা সম্ভব নয়, তাহলে ডি ভি সি-র সৃষ্টি থেকে আজপর্যন্ত যে ক্ষত করা হচ্ছে, তার জন্য কে দায়ী হবে, এবং যদি ক্ষতি না হয়ে থাকে, তাহলে কি প্রয়োজন আ এখান থেকে টাকা খরচ করে স্থানান্তরিত করে সেখানে নিয়ে যাবার। আমি মনে করি পার্টি সিপেটিং স্টেটস-এর মধ্যে যে চুক্তি হয়েছিল, তা রাখা উচিত। কারণ, তা না হলে কোন না কে সময় চক্রান্ত করে কোন না কোন অজুহাত দেখিয়ে সরান হবে এটা আমি জানি।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গোড়া থেকে আমার মনে হয় একটা ভুল বোঝাবুঝির উপ দিয়ে আলোচনা শুরু হয়েছে। ডি ভি সি-র হেড কোয়ার্টার কলকাতা থেকে মাইথনে নি যাবার কোন প্রশ্ন এখন নেই। বহুদিন আগে যখন এই প্রশ্ন উঠেছিল, তখন রাজনীতির টানাটা --যথা বিহার টানবে, কি বাংলা টানবে, কি সেন্ট্রাল গভর্নমেন্ট একদিকে ঠেলবেন, এই ক এড়াবার জন্যে, তিন জনে, কেন্দ্রীয় সরকারের সেচ ও শক্তি বিভাগের মন্ত্রী আমাদের তখনক মুখ্যমন্ত্রী ডাঃ রায় এবং বিহারের মুখ্যমন্ত্রী শ্রীবাবু, তাঁরা তিনজনে বলেছিলেন যে, এখানে আম ...... কোন কথা বলব না। ডি ভি সি একটা সেমি-অটোনোমাস অর্গানাইজেশান, তাঁ তাঁদের সুবিধামত কোথায় হেড কোয়ার্টার নিয়ে যাবেন সেটা তাঁদের হাতেই ছেড়ে দেওয়া হো একথা বলেছিলেন। তারপর অনেকদিন সেইভাবে কেটে যায়, ও'রা তখন হেড কোয়ার্টার নি যাবার প্রশ্ন রাখেন নি, তারপর যখন নিয়ে যাবার প্রশ্ন তোলেন, তখন পার্টিসিপেটিং গভর্নমেন দের ডেকেছিলেন, তাতে বলে দিলেন যে, মাইথন আর পাঞ্চেতে আমরা নিয়ে যাব। মাইথন পাঞ্চেতে তখন কাজ হচ্ছিল পুরোদমে, অনেকগুলি বাড়ি হচ্ছিল। ডি ভি সি বলেছিলেন বাড়ি-ও আছে, আরও কিছু খরচ করতে হবে, তখন আমাদের বেঙ্গল গভর্নমেন্ট থেকে বললাম যে, খরচ কত পড়বে বলুন, এবং আমার বাংলা সরকারের অংশ কত তাও বলুন। তাতে ও'রা জানালে ১৬৮ লক্ষ টাকা—১ কোটি ৬৮ লক্ষ টাকা মোট খরচ পড়বে। বাংলা সরকারকে দিতে হবে ১ লক্ষ ৬৬ হাজার টাকা, তাতে ডাঃ রায় তখন বলে দিলেন যে, আমার ৩য় পরিকল্পনা হত ব

করবো মনে করেছিলাম, টাকার অভাবে করতে পারিনি, অত্যন্ত জরুরী কাজ ছাঁটাই করে দিতে হ'ল পরিকল্পনাকে ছোট করার জন্য। আমি এরকম কাজে এক পয়সাও দিতে পারব না—ওর পরিকল্পনার মধ্যে এ প্রশ্ন উঠতে পারে না। তখন ডি ভি সি হেড কোয়ার্টার অপসারণ করা বন্ধ করে দিলেন। মাননীয় সদস্যরা খবরের কাগজে দেখেছেন—আমাদের কাছে তাঁরা চিঠি দিয়েছেন, যে আবার ৩টা পার্টিসিপেটিং গভর্নমেন্টকে ডেকে তাঁরা যুক্তি করবে যে, হেড কোয়ার্টার যাবে কিনা, এবং কবে যাবে সে সম্বন্ধে। কাজেই এটা নিয়ে এখন কোন ব্যস্ত হবার দরকার নেই। আজ যদি এই অ্যাসেম্বলী থেকে—বিধানসভা থেকে প্রস্তাব পাশ করা হয় যে, ডি ভি সি হেড কোয়ার্টার অপসারণ করা চলবে না, আর কাল যদি বিহার আইনসভা বলে যে, ডি ভি সি হেড কোয়ার্টার অপসারণ করতে হবে, আবার পরশু যদি সেন্ট্রাল লেজিসলেচার-এ এই বিষয়ে একটা আইন করা হয়, তাহলে কি পরিস্থিতি হবে? এটা তো লেজিসলেটিভ এরকমভাবে কাউকে বেঁধে দেওয়া উচিত নহে। তিনটা বিহার ও বাংলার আইন সভাগুলির সম্মতি নিয়ে লেজিসলেচার এই ডিভি সি অ্যাক্ট তৈরি করেছেন, ডি ভি সি সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কন্ট্রোল-এ চলে—নট অফ এনি স্টেট গভর্নমেন্ট। আমাদের মুখ্যমন্ত্রী এবং বিহারের মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় সেচমন্ত্রী এই তিনজনকে নিয়ে একটা কমিটি করা হয়েছে, যাঁরা সিদ্ধান্ত করেন, তখন তাঁহাদের সিদ্ধান্তের উপর না ছেড়ে দিয়ে এইরকম একটা একটা আইনসভা থেকে একটা একটা প্রস্তাব পাশ করলে একটা অচল অবস্থার সৃষ্টি হবে, এবং তাতে কোন সুবিধা হবে না। আর একটা কথা আছে, আমরা যখন বললাম, আমরা টাকা দিতে পারব না, তারপর কেন্দ্রীয় সেচমন্ত্রী নিজে কলকাতায় এসেছিলেন, তখন ডাঃ রায় ছিলেন আমাদের এই রোটান্ডায় যে মিটিং হয়েছিল সেখানে ডাঃ রায় স্পষ্ট বলে দেন যে, শুধু দিতে পারব না তা নয়, এই খরচ আমি আইনত দিতে বাধ্য নই। এই আইনের প্রশ্ন যখন তোলা হয়, তখন কেন্দ্রীয় মন্ত্রীর অফিস থেকে বলা হয় যে, আইনে আছে, ওয়ান থর্ড—ওয়ান থার্ড টাকা প্রোপোরসনেটভাবে দিতে হবে। তার উত্তরে ডাঃ রায় বললেন যে,—"আমি আপনাদের আইনের ইন্টারপ্রেটেশান মানি না। আমি আমার লিগ্যাল ওপিনিয়ন নিয়েছি, এটা আমার লিগ্যাল ওপিনিয়ন বলেছে, আমরা শুধু ইলেকট্রিসিটি, ফ্লাড কন্ট্রোল আর ইরিগেশান—এই তিনটায় টাকা দিতে বাধ্য, এর বাইরে যা কিছুই খরচ করা হয় আমরা তা দিতে বাধ্য নই—ডি ভি সি যেখান থেকে হোক করুনগে যান, আমি অংশ দিতে বাধ্য নই।" ডাঃ রায় এই কথা বলতে, কেন্দ্রীয় মন্ত্রী এই বিষয়টায় আলোচনা তখন বন্ধ করে দিলেন এবং বললেন, "পরে আলোচনা করবো"।

[1-20—1-30 p.m.]

মাননীয় সদস্যরা হয়ত শুনেছেন বা কাগজে পড়েছেন যে এই বিষয়টা এখন বিচারাধীন আছে, এর জন্য আমাদের সুপ্রীম কোর্টের চিফ জাস্টিস একটা ট্রাইব্যুনাল বসিয়ে দিয়েছেন, বাংলা সরকারই তার বাদী, কোন্ কোন্ খরচ বাংলা সরকার কি পরিমাণে দিতে বাধ্য তাই বিচার্য। কাজেই এটা সাব-জুডিস্ আছে। সেখানে আমাদের বক্তব্য বলা আছে যে, আমরা দিতে বাধ্য নই। মাননীয় সদস্যরা যেটা মনে করছেন তা নয়। এখন তাহলে হল যে, শুধু ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টের অপারেশন অ্যান্ড মেন্টেনেন্স বিভাগই যাচ্ছে। যাচ্ছে কেন, ইতিমধ্যে চলে গিয়েছে, সদস্যরা পোস্টমর্টেম করছেন। (শ্রীনিখিল দাসঃ আপনি রুখতে পারলেন না?) রুখতে পারি আর না পারি এটা চলে গিয়েছে, ইট ইজ এ ফ্যাক্ট, ফ্যাক্টকে অস্বীকার করার মানে হয় না। এখানে যেটা হেমন্তবাবু বললেন, সেটা খবর না রেখেই বলেছেন, আমি জেনারেল ম্যানেজার অফ ডি ভি সি-কে হুকুম দিলাম যে, আপনি হেড কোয়ার্টার্স সরিয়ে নেবেন না, আর আমার কথা অগ্রাহ্য করে তিনি হেড কোয়ার্টার্স সরিয়ে দিলেন। (শ্রীকানাইলাল ভট্টাচার্যঃ আপনি নয়, কেন্দ্রীয় সরকারের সেচমন্ত্রী বলেছিলেন।) কেন্দ্রীয় সরকারের সেচমন্ত্রী বলেছিলেন যে, সরাবেন না, আর ম্যানেজার জোর করে সরিয়ে দিলেন, একথা সত্য নয়, তিনি বলেন নি। মাননীয় হেমন্তবাবু বললেন যে, চেয়ারম্যান লাল যদি হুমকি দিতে পারেন, পদত্যাগ করার, তাহলে অজয় মুখার্জী কেন পদত্যাগের হুমকী দিতে পারেন না, একথা আসে কেন? আমি জানি কেন্দ্রীয় মন্ত্রী একথা বলেন নি। আমি যখন খবরের কাগজে পড়ি যে, ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্টের হেড কোয়ার্টার্স চলে যাচ্ছে, তখন আমি কেন্দ্রীয় মন্ত্রীকে একটা চিঠি লিখেছিলাম যে এখন এই দুর্দিনে পয়সার টানাটানি আছে, এই অবস্থায় হেড কোয়ার্টার যাওয়া উচিত কিনা আপনি ভেবে দেখুন। তার জবাবে তিনি বলেছিলেন যে, আমি ভেবে দেখেছি, শুধু ইলেকট্রিক্যাল

ডিপার্টমেন্টের এইটুকু যাচ্ছে। তারপরেতে আমি দিল্লীতে গিয়েছিলাম, দিল্লীতে ফোনে তাঁর সঙ্গে কথা বলেছিলাম, দুইটি জিনিস আপনাদের দেখতে হবে, একটা হচ্ছে, যে কয়েকটি কর্মচারী কলকাতা থেকে যাবেন তাঁদের ওখানে বাসস্থানের ব্যবস্থা ঠিকমত করতে পেরেছেন কিনা, এবং তাঁদের যে ছেলেপুলে, তাদের মধ্যে বাঙ্গালী আছে, বিহারী আছে, তারা যে ভাষার মাধ্যমে লেখাপড়া শিখতে চায় সেই ভাষার মাধ্যমে, সেই সেই ক্লাসে ঐসব ছেলেরা লেখাপড়া শিখতে পারবে কিনা, এর ব্যবস্থা হয়েছে কিনা, এটা আপনি একটু দেখবেন। তারপর আমি দিল্লী থেকে চলে আসি, তিনি ট্রাঙ্ক ফোন করে বলেছিলেন, এই সম্বন্ধে আমাকে ও'রা সব কথা জানিয়েছেন, তা সত্ত্বেও আমি চেয়ারম্যান লালকে বলে দিয়েছি, আপনি দেখবেন যেন কোন ব্যক্তিগত হার্ডশিপ না হয়। এইটুকু মাত্র তিনি বলেছিলেন চেয়ারম্যান লালকে এবং লাল জেনারেল ম্যানেজারকে বলেছিলেন। একথা বলেন নি যে, হেড কোয়ার্টার্স অপসারণ করবেন না, আমি যতক্ষণ না বলি। তা যদি বলতেন, তাহলে ডি ভি সি তা করতে পারতেন না। (শ্রীনিখিল দাসঃ ওয়েস্ট বেঙ্গল কি কনসেন্ট দিয়েছিল?) ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট শুধু ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্ট যাবার জন্য কনসেন্ট দিয়েছিলেন। এটা গোপন করার কিছু নেই। তখন এই এমার্জেন্সী হয়নি, তারপর এমার্জেন্সী হতে আমরা লিখলাম যে, এই এমার্জেন্সী। পিরিয়ড-এ এই টাকা খরচ করে হেড কোয়ার্টার্স নিয়ে যাওয়া ঠিক হবে কিনা, এদিক থেকে বিচার করবেন। তার জবাবে তিনি ওই কথা বলেছিলেন। খরচের কথা যেটা বলা হয়েছে তা বলছি। এতে যা খরচ হয়েছে তা হ'ল ১৫ লক্ষ ৬১ হাজার। আমি কালকে জানিয়েছি যে, ১৫ লক্ষ ৬১ হাজার টাকা খরচ হবে। তাঁরা বলেছেন, তিনটি পার্টিসিপেটিং গভর্নমেন্টস ওয়ান থার্ড, ওয়ান থার্ড, ওয়ান থার্ড করে দেবেন। (এ ভয়েস—এই যে বললেন, আমরা বাধ্য নই।) আমরা বলেছি, ইলেকট্রিসিটি-র বাইরে কিছু করলে আমরা দিতে বাধ্য নই। এর বাইরে অনেক খরচ আছে, সেটা ট্রাইব্যুন্যালে দাখিল করেছি, সুতরাং এই নিয়ে বিস্তারিত আলোচনা করতে পারব না। শুধু ইলেকট্রিক্যাল হেড কোয়ার্টার যদি হয়, তার ওয়ান থার্ড দিতে আমরা বাধ্য। (এ ভয়েস ফ্রম দি অপোজিশান বেঞ্চ—এটা কবে গেল?) জানুয়ারির গোড়ায় বা ডিসেম্বরের শেষে। যাই হোক, ইলেকট্রিসিটি যা ডি ভি সি জেনারেট করে, তার খরচের ওয়ান থার্ড বেঙ্গল গভর্নমেন্ট, ওয়ান থার্ড বিহার গভর্নমেন্ট এবং ওয়ান থার্ড সেন্ট্রাল গভর্নমেন্ট দেবেন। আমরা এখানে কম পাচ্ছি, বিহার বেশী পাচ্ছে, এটা ঠিক নয়। নবেম্বর, ১৯৬২ পর্যন্ত যে হিসাব পেলাম, তাতে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর ডিমান্ড ছিল ২৫৬·৭ মিলিয়ান ভোল্ট অ্যাম্পিয়ার, বিহারের ছিল, ২৮৬, বিহারের কিছু বেশী ছিল, কিন্তু ওই সময় ও'রা যেটা সাপ্লাই করতে পেরেছেন, সেটা হচ্ছে, ১১৬ বাংলা সরকারকে, ১১০ বিহার সরকারকে—প্রায় সমান সমান হয়েছে, কমবেশীর কথা এখানে নয়। কথা হচ্ছে, ডি ভি সি সমস্ত ভ্যালীর উন্নতি নিয়ে, সব জিনিস দেখছেন। ভ্যালীর উন্নতি যেভাবে হচ্ছে, তাতে আমরা প্রাপ্যর থেকে তেমন কিছু কম পাচ্ছি না। হেড কোয়ার্টার্স যে এখন যাবে না এবং যতক্ষণ না আবার তিনটি পার্টিসিপেটিং গভর্নমেন্টস বসে ততক্ষণ হেড কোয়ার্টার্স নেবেন না, সে বিষয়ে এ'রা কমিটেড। আমার কাছে চিঠি দিয়েছেন, খবরের কাগজেও এ বিষয়ে বেরিয়েছে ডাঃ রায় বলে দিয়েছেন—"নিয়ে যাবেন যান, নিজের খরচায় নিয়ে যাবেন, আমরা এক পয়সাও দেব না"। এখন যদি মামলায় হেরে যাই, যদি রায় হয় যে, এত টাকা দিতে হবে, তাহলে তো দিতেই হবে। (এ ভয়েস—প্রিন্সিপলগুলি কি হবে?) প্রিন্সিপলগুলি তিনজন মিনিস্টার বসে ঠিক করবেন, দুজন চিফ মিনিস্টার একজন সেন্ট্রাল মিনিস্টার। আমি ইরিগেশান মিনিস্টারকে কিভাবে কি বলব? আইনসভায় প্রশ্ন করে কি লাভ হবে? করলে তো প্রাদেশিকতা বেড়ে যাবে। (শ্রীনিখিল দাসঃ আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের তরফ থেকে যারা থাকবেন, তারা একথা বলবেন কিনা যে, তাঁরা সিফ্টিং অফ হেড কোয়ার্টার্স সাপোর্ট করেন না?) সেখানে একলা চিফ মিনিস্টার থাকবেন। সেজন্য আমার বক্তব্য, আমাকে এই প্রস্তাব অপোজ করতে বাধ্য না করে এটাকে উইথড্র করুন। আমি কথা দিচ্ছি, চিফ মিনিস্টার এখানে নেই, তাকে আলোচনার সময় আমি নিশ্চয়ই বলব যাতে বাংলাদেশের স্বার্থ ক্ষুন্ন না হয়, তা দেখতে। (শ্রীসুধীরচন্দ্র দাসঃ ইলেকট্রিসিটি অফিস ট্রান্সফার-এর সময় মত দিলেন কেন?) ইলেকট্রিসিটির অফিস যাবার যৌক্তিকতা আছে, কারণ, মাইথন, পাঞ্চেৎ, দুর্গাপুরে, বোখারো এবং আর একটা নতুন জায়গা চন্দ্রপুরা বিহারের এতগুলি জায়গায় ইলেকট্রিসিটি হয়। এতগুলো জায়গায় মাঝামাঝি পড়ে মাইথন। সেইখানে

ডি ভি সি হেড কোয়ার্টার নিয়ে যাবার কথা ও'রা বলেছিলেন, তাই আমরাও বলেছিলাম, যদি কর্তারা মনে করেন, সেখানে হেড কোয়ার্টার্স নিয়ে গেলে ভাল হয়, ইলেকট্রিসিটির জন্য যদি মনে করেন, তাতে এফিসেয়েন্সী বাড়বে, কাজ ভাল করতে পারবেন, তাহলে আমরা আপত্তি করব না। ফ্লাড অ্যান্ড ইরিগেশান-এর চিফ ইঞ্জিনীয়ার ওখানে থেকে ইরিগেশান জল ছাড়েন, সেখান থেকে হাইডেল ইলেকট্রিসিটি তৈরি হবে। তাই কতটা জল ছাড়লে পর কতটা ইলেকট্রিসিটি তৈরি হবে, সে বিষয়ে চুক্তি করার সুবিধা হবে।

[1-30—1-40 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhya:

তা হলে অফিস শিফট হবে কেন? অপারেশন্যাল স্টাফ যেতে পারে, অফিস স্টাফ যাবে কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার কলকাতায় বসে থেকে কি করবেন?

Shri Ananda Gopal Mukhopadhya:

স্টেট গভর্নমেন্ট তার আগে কি মত দিয়েছিলেন? তাদের স্টেট গভর্নমেন্ট-এর রিপ্রেজেন্টেটিভ কি সিফটিং-এর জন্য বলেছিলেন?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

তিনি চিঠি দিয়েছিলেন—স্টেট গভর্নমেন্ট-এর পক্ষে যে,

We have no objection to the removal of the operational Headquarters of the Electricity Department.

Shri Ananda Gopal Mukhopadhya:

অপারেশন্যাল স্টাফ সেখানে যাবে, অপারেশন-এর জন্য, তার অফিস স্টাফ কি জন্য যাবে?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

অপারেশন স্টাফ-এর সংগে চীফ ইঞ্জিনীয়ার চলে গেলে, তার অফিস কি এখানে বসে থাকবে?

Shri Ananda Gopal Mukhopadhya:

ডেপুটী চীফ ইঞ্জিনীয়ার কি মাইথনে থাকবেন না?

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

চীফ ইঞ্জিনীয়ারও মাইথনে থাকবেন।

Shri Bejoy Kumar Banerjee:

ইলেকট্রিসিটি ছাড়া ডি ভি সি-র মেন কাজ কি? ইলেকট্রিসিটি তো চলে গেল।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

ইরিগেশন, ফ্লাড কন্ট্রোল এবং ইলেকট্রিসিটি—এই তিনটা অবজেকটিভস।

[এ ভয়েস: ফ্লাড ডিকন্ট্রোল এবং নিষ্প্রদীপ]

ফ্লাডে এক বছর ভুগেছেন বলে এ কথা বলছেন। এতকাল কত ফ্লাড কন্ট্রোল করা হয়েছে, সেটা জানা না থাকলে বুঝতে পারতেন। কোন ক্ষতি হয়নি দিব্যি নাকে সরষের তেল দিয়ে ঘুমুতে পারছেন। তাই ওটি বন্যা নিয়ন্ত্রিত হল বুঝতে পারছেন না। আমি মুভারকে অনুরোধ করবো তিনি অনুগ্রহ ক'রে এই রেজলিউশন উইথড্র করে নিন। এটা নিয়ে অপোজিশন করা কি ভাল হবে? একটা ডিসকাশন হলো এই যথেষ্ট।

[এ ভয়েস: এটাকে সাপোর্ট করবার আপনার কি অসুবিধা আছে?]

হ্যাঁ, খুব অসুবিধা আছে।

Shri Nikhil Das:

আমাদের ইলেকট্রিক্যাল উইং চলে গেল, অপারেশন স্টাফ যারা, সে সম্বন্ধে তাঁর যে যুক্তি শুনলাম তাতে আমরা আদৌ খুসী হতে পারলাম না। আপনি কলিং অ্যাটেনসন নোটিস-এর জবাবে সেদিন বলেন নি যে তাঁরা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর সম্মতি নিয়েছিলেন যে এর টাকা আমাদের দিতে হবে।

The Hon'ble Ajoy Kumar Mukherjee:

আজকে তো বললাম।

Shri Nikhil Das:

এই যে ১৯ লক্ষ ১৮ হাজার টাকা, এর জন্য দিতে হবে সেটা ২০ লক্ষ, ২২ লক্ষও হয়ে যেতে পারে। যেসব এফিসিয়েন্ট লোক এর মাথায় বসে আছেন, তাতে ভরসা কিছু নাই। তাঁরা যা করবেন, তাই হবে। আনন্দগোপালবাবু যেটা বললেন ওখানে দুর্নীতি যেভাবে চলছে, তাতে ১৯ কি ২০ লক্ষ যা কিছু খরচ বাড়ুক না কেন, সেটা আমাদের ঘাড়ে এসে পড়বে। গত সেসানে মটর ভেহিকলস ট্যাক্স, স্ট্যাম্প ডিউটি ইত্যাদি বাড়িয়ে দিয়েছেন। আবার হয়ত এর জন্য অন্য কোন ট্যাক্স বিল নিয়ে আসবেন। দ্বিতীয়ত ওখানে যাঁরা চলে গেছেন ডি ভি সি-র এমপ্লয়ীজ, তাঁদের ওখানে যাবার জন্য যে ক্ষতি হয়েছে, তাতে সারা পশ্চিম বাংলারই ক্ষতি হয়েছে। ভবিষ্যতে বাকি হেড কোয়ার্টার্স যে জায়গায় রইল, সেটাও সেখান থেকে চলে যাবে কি যাবে না এই প্রশ্নই আমি এখানে রেখেছিলাম।

আজকে মুখ্যমন্ত্রী মহাশয় এখানে নেই। সেচমন্ত্রী মহাশয় বললেন ডাঃ বিধানচন্দ্র রায় কি করেছিলেন সেটা আমরা জানি। এর আগে যখন এটা এখান থেকে সরিয়ে নিয়ে যাবার প্রশ্ন ওঠে তখন, তার বিরুদ্ধে ডাঃ রায়ের যে প্রতিবাদ এবং তাঁর যে বক্তব্য ছিল, তার জনাই তখন এটা নিয়ে যাওয়া সম্ভব হয়নি। আজ এই যে চক্রান্ত চলেছে, সেই চক্রান্তের একটা দিকে আমি আপনার মাধ্যমে দৃষ্টি রাখতে চাই। এখন পুরোপুরি হেড কোয়ার্টারটা নেবার জায়গাটা একেবারে আসবে না। এখন ইলেকট্রিক্যাল গেল, তারপর আর একটা সেকসন যাবে। তারপর আর একটা সেকসন যাবে, তারপর আর একটা সেকসন যাবে। এখন হেড কোয়ার্টারটা এনডারসন হাউসে থাকবে, দুদিন পরে দেখা যাবে সেখানে কিছু নেই, খালি বাড়ীটা পড়ে আছে। নামেই হেড কোয়ার্টার আছে, ধীরে ধীরে সবগুলি ডিপার্টমেন্ট মাইথনে চলে গিয়েছে।

[এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ :—আপনারা ত থাকবেন।]

হ্যাঁ, আমরা ত আছিই। আমরাও থাকবো, আপনারাও থাকবেন। সেদিকে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি রাখতে চাই। ভবিষ্যতে যখন টুকরা, টুকরা ডিপার্টমেন্ট নেবার জায়গাটা আসবে, সেই জায়গায়, এবার যেভাবে আমরা সারেন্ডার করেছি, আর যেন পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সারেন্ডার করা না হয়। কারণ, পশ্চিম বাংলার মানুষ চায় যে হেড কোয়ার্টার এখানে থাকুক, এবং হেড কোয়ার্টার এখানে থাকলে পর তার অ্যাডমিনিস্ট্রেশন ঠিকভাবে চলবে এটা তারা মনে করে।

আর যে কথাটা সেচমন্ত্রী মহাশয় বললেন যে, পশ্চিম বাংলা থেকে হেড কোয়ার্টার সরিয়ে নিয়ে যাবার যে জায়গাটা, সেই জায়গায় পশ্চিমবঙ্গ সরকার বিরোধিতা করবেন, এর প্রতিবাদ করবেন। এবং এই হেড কোয়ার্টার এখানে থাক, সেটা তারা সমর্থন করেন। এবং কংগ্রেস পক্ষের তরফ থেকে শ্রদ্ধেয় আনন্দবাবু বললেন এখান থেকে হেড কোয়ার্টার সরান উচিত নয়। এবং আমরা ধরে নিচ্ছি যে কংগ্রেসের যাঁরা সদস্য আছেন, তাঁরাও মনে করেন যে, হেড কোয়ার্টার পশ্চিমবঙ্গ থেকে সরান উচিত নয়। কংগ্রেস পক্ষ এবং সরকার পক্ষ থেকে যে অ্যাসুরেন্স আমরা পেলাম, যে এই হেড কোয়ার্টার সরাবার ব্যাপারে যদি কোন প্রস্তাব আসে তাহলে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে প্রতিবাদ যত জোরে দেওয়া দরকার, সেই প্রতিবাদ তাঁরা করবেন, এবং এর বিরোধিতা তাঁরা করবেন। এই অ্যাসুরেন্স যখন আমরা পেলাম, তখন আমি আমার এই রেজলিউশনটা উইথড্র করে নিচ্ছি। আমি আপনার পারমিশন চাচ্ছি টু উইথড্র মাই রেজলিউশন।

Mr. Deputy Speaker: I think the House has no objection to grant him leave to withdraw his motion.

(There was no objection raised.)

The motion of Shri Nikhil Das that in view of the attempts for the shifting of the Headquarters of Damodar Valley Corporation from Calcutta to Maithon and the decision for shifting of the Headquarters of Electrical Wing of the Corporation which involves an expenditure of huge amounts which is to be borne by participating Governments, this House is of opinion that failure of the D.V.C. lies not in the location of its Headquarters at Calcutta but in the lack of administrative efficiency.

In view of the national emergency it has been decided that transfer of officers be shelved. The D.V.C. has been an essential part in our economic activities in general and its efficient working has become more essential in view of national emergency. This House is further of opinion that by shifting Headquarters, its efficiency will be adversely affected and a good amount of time and money unnecessarily wasted.

Having considered these matters in all aspects, this House recommends that any attempt to shift the Headquarters of D.V.C. or any decision arrived at in shifting Headquarters or any of its Wing be dropped, was then, by leave of the House, withdrawn.

Shri Panchu Gopal Bhaduri: I beg to move that considering the desirability of strictly enforcing the Industrial Truce Resolution, this House is of opinion that our State Government should take immediate and necessary steps to stop slow-down, lay-off, dismissal and victimisation on the side of employers, as direct action and slow-down have been stopped by workers. The House is, further, of opinion that steps should be taken for correcting chance cases of infraction and that strong measures be adopted against deliberate intransigence.

ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন ঠিক আজকে আড়াই মাস হল এই প্রস্তাব গহীত হয়েছে। এই প্রস্তাবে তিনটি পার্টনার আছেন। সমবেতভাবে মিল মালিকরা একটি পার্টনার, সমবেতভাবে শ্রমিকরা আর একটি পার্টনার এবং গভর্নমেন্টও একটি পার্টনার। যদিও গভর্নমেন্টের কার্য হচ্ছে সুপারভাইজারী আন্ড কারেকটিভ, অর্থাৎ তিনি দেখাশুনা করবেন এবং যদি কোন ভায়োলেশন হয় তাহলে তা সংশোধন করবেন।

গত কয়েক মাস জাতীয় সঙ্কটপূর্ণ অবস্থা ঘটিত হবার পর থেকে, পশ্চিম বাংলায় অন্ততঃ আমি জানি শ্রমিকদের তরফ থেকে কোন ডাইরেক্ট অ্যাকশন হয়নি, কোন প্রত্যক্ষ কাজ যেমন স্ট্রাইক, এইরকম কাজ শ্রমিকরা করেন নি, এবং স্লো ডাউন করেছেন, এইরকম খবরও কিছু আমরা পাইনি। কিন্তু মালিকদের তরফ থেকে এই রেজলিউশন যদিও সেদিন সভায় পাস হয়, সেই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর যে প্রিয়েমবল, তার যে ভূমিকা, তাতে আছে মালিক ও শ্রমিক উভয় পক্ষই আনস্টিনটেড সাপোর্ট দেবেন এই রেজলিউশন-এর প্রতি। কিন্তু, সেখানে মালিক পক্ষ থেকে দেখা যাচ্ছে একেবারে ঢালাওভাবে তাকে ভায়োলেট করে চলেছেন। এখানে প্রথমত বলি পশ্চিমবঙ্গে সুতাকল চালাবার যাঁরা মালিক আছেন, তাঁরা সর্বভারতীয়ভাবে একটা বেশ পদ্ধতি নিয়েছেন। তাঁরা এই পদ্ধতি নিয়েছেন যে সুতাকলে তাঁদের কাপড় জমে যাচ্ছে বলে, সরকারের কাছ থেকে কিছুটা সুবিধা পাবার জন্য লড়াই করছেন। এবং সেই লড়াইয়ের সুযোগ নিয়ে তাঁরা তাঁত শ্রমিকদের ছাটাই ও পীড়ন করছেন এবং নেতাদের ভিকটিমাইজ করছেন।

[1-40—1-50 p.m.]

এখানে আজকে প্রশ্নোত্তরের সময় কেশোরাম কটন মিলের কথা উঠেছিল এটা পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় সুতাকল, সেখানে ৩০০ শ্রমিককে চার্জ সিট দেওয়া হয়েছে এবং ৪০০ জনকে মেডিক্যালি আনফিট করা হয়েছে। কেউ নিশ্চয়ই বলবেন না স্বাভাবিক অবস্থায় এরকম করা

সম্ভব হত। এই সংকট অবস্থার সুযোগ নিয়ে এই কোম্পানি সেটা করেছে, কারণ সরকারের তরফ থেকে ততখানি খবরদারী নাই—এই জিনিস আমরা দেখতে পাচ্ছি। আমি যে এলাকা থেকে এসেছি তার একটা মিল সম্পর্কে বলি—আপনি শুনলে আশ্চর্য হবেন। বঙ্গশ্রী কটন মিল যার মালিক একজন প্রাক্তন কংগ্রেসী এবং পণ্ডিত এবং বিশ্ববিখ্যাত ইন্ডোলজিস্ট ডাঃ দত্ত, এবং ডাঃ নরেন লাহা তার ম্যানেজিং ডাইরেক্টর—সেই কোম্পানিতে এই নবেম্বর থেকে একটা অদ্ভুত অরাজকতা সৃষ্টি হয়েছে—অক্টোবর-এর শেষদিকে থেকে 'সি' সিফ্‌ট বন্ধ আছে, সমস্ত টেম্পোরারী লোককে ছাঁটাই করে দিয়ে অর্ধেক করে দেওয়া হল, স্পিনিং মেসিন অর্ধেক চলতে আরম্ভ হল, ঢালাওভাবে পাওনা ছুটি যারা নিতে চায়নি তাদের পাওনা ছুটি না দিয়ে ২ বছরের ছুটি দিয়ে বিদায় করার চেষ্টা হল। নবেম্বর থেকে ৬ জন শ্রমিক নেতাকে ডিসমিস করা হয়েছে। ৭ জন শ্রমিককে সবশুদ্ধ ডিসমিস করা হয়েছে চার্জ সীট দিয়ে, তাদের মধ্যে ৬ জন শ্রমিক নেতা, একজন ইউনিয়ন সেক্রেটারী, আরেকজন ট্রেজারার, ২ জন ইলেকটেড মেম্বারস অফ দি ওয়ার্কার্স কমিটি, একজন ওয়ার্কার্স কমিটিতে শ্রমিকদের তরফ থেকে সেক্রেটারী—এঁদের ডিসমিস করা হয়েছে। এ ছাড়াও গত ২ সপ্তাহে ১৩০ জন লোককে লে-অব করা হয়েছে এবং পাওনা ছুটির পয়সা দেওয়া হচ্ছে না। এখন এটা যে-কোন সময় বেআইনী, কিন্তু এমারজেন্সি অবস্থায়, জাতীয় সংকট অবস্থায় এটা নিশ্চয়ই অচল; এবং সরকারের তাই মনে করা উচিত এবং এই প্রস্তাব ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এ বিশেষ করে বলা হয়েছে গভর্নমেন্ট-এর শ্রমদপ্তর কনসিলিয়েশন, অ্যাডজুডিকেশন ইত্যাদি করবেন, কিন্তু তাঁরা যেরকম ডিলেটোরিভাবে কাজ করেন তা অস্বাভাবিক বলা যেতে পারে। বলা হয়েছে তাদের একটিভিটিজ স্ট্রিমলাইন করতে হবে—এই স্ট্রিমলাইনিং-এর একটা অদ্ভুত নজীর—একই ব্যাপারে ৩।৪।৫ বার কনসিলিয়েশন হচ্ছে। এতে আছে ডিসমিসাল, ভিকটিমাইজেশন প্রভৃতি কেসগুলি আরবিট্রেশন-এ দিতে হবে, কিন্তু শালিসীতে দেওয়া হয়নি। ইন্ডিয়া জুট মিলের কটন সেকসনএ—এর মালিক হচ্ছেন জালান-বাজোরিয়া পরিবার—সেখানে কাজের বোঝা যেভাবে বেড়েছে, একটা জায়গায় ২।৩টা স্লাইড চালাবার চেষ্টা হচ্ছে। সিল্কেএ এবং ড্রইংএ জোড়া চালাবার চেষ্টা হচ্ছে। ওয়ার্ক-লোড বাড়ানোর জন্য একটা পদ্ধতি ছিল, একটা কমিটি ছিল, সেই কমিটি রায় দেবেন। কিন্তু তাঁরা এখন সুযোগ পেয়েছেন, এখন লড়াইএর অবস্থা, সংকটাবস্থা, কিছু করলেও মালিকদের বলার কিছু নাই, শ্রমিকেরা হরতাল করতে পারবে না, স্ট্রাইক করতে পারবে না, এই অবস্থার সুযোগ নিয়ে ইন্ডিয়া জুট মিল-এর মালিকেরা ধরাকে সরা জ্ঞান করছেন। শুধু এরা নয়—এই রকম বিড়লা জয়শ্রী টেক্সটাইলএ একটা আছে স্পিনিং ডিপার্টমেন্টতে এ তাদের ওয়ার্কলোড বাড়িয়ে ট্রিবল করতে যাচ্ছেন এবং কোন কথাবার্তার ভেতরে আসছেন না, সমস্ত একতরফা এ জিনিস তাঁরা করে যাচ্ছেন, সুতোকলের এই নৈরাশ্য এর পাশাপাশি অন্য কলেও আমরা দেখতে পাচ্ছি, বিশেষ করে পশ্চিমবঙ্গে সরকারী দেখাশুনা করবার—তড়িঘড়ি দেখাশুনা করবার ব্যবস্থা না থাকার ফলে এখানে অন্য প্রদেশের থেকে, কেন্দ্রের থেকে, অব্যবস্থা এখানে একটু বেশী। হিন্দুস্থান মটরস বিড়লার কোম্পানী, হিন্দুস্থান মটরএ রেলওয়ে স্টেশন-এর পর থেকে শ্রমিকদের কোয়াটারএ যাবার যে জায়গা ছিল, সেখানে ইউনিয়নএর কাজকর্ম চলতো। ইতিপূর্বে ১২ বার মামলা করে কোম্পানী ঐ এলাকাকে নিষিদ্ধ করার চেষ্টা করেছিলেন, ১২ বারই আদালতের রায়ে তাঁরা হেরে গেছেন, কিন্তু এখন জরুরী অবস্থার সুযোগ নিয়ে ঐ জায়গাটিকে নিষিদ্ধ এলাকা বলে ঘোষণা করেছেন এবং দরকার হলে ওখানে পদার্পণ করার জন্য ওয়ার্কারদের ডি আই আরএ ধরিয়ে দিতে পারেন এ দাবী তাঁরা করছেন, এটাকে তাঁরা নিষিদ্ধ করেছেন, এবং ২ জন ইউনিয়ন-এর নেতাকে—অত্যন্ত গণ্যমান্য নেতা তাঁদের দ্বারা চার্জ সীট করে, তাঁরা ছাঁটাই করেছেন। ইউনিয়নএর ভাইস-প্রেসিডেন্ট একজন হচ্ছেন আবার ওয়ার্কস কমিটির ভাইস-চেয়ারম্যান এবং আরও একজন ওয়ার্কস কমিটির মেম্বার সেই বিমলকুমার সরকার ওয়ার্কস কমিটির ভাইস-চেয়ারম্যান এবং ইউনিয়নএর প্রেসিডেন্ট তাঁদেরও এই সময়ে অন্যায়ভাবে ডিসমিস করা হয়েছে। অথচ ঠিক এই সময়েতে ইউনিয়নএর কথা অনুযায়ী শ্রমিকেরা ওভারটাইম খেটেছে এবং উৎপাদনও বাড়িয়েছে। উৎপাদন যে বাড়িয়েছে একথা কেউ অস্বীকার করতে পারে না। ওভারটাইম খাটছে, উৎপাদন বাড়ছে এবং প্রতিরক্ষার দিক থেকে শ্রমিকদের যা করা কর্তব্য তাহা তাঁরা করে যাচ্ছেন: তা সত্ত্বেও এই অবস্থায় তাদের সাতজন ওয়ার্কারকে চার্জসীট করা হয়েছে। দুইজন নেতাকে ভিকটিমাইজ করা হয়েছে। এর পরও শ্রমদপ্তর বা শ্রমমন্ত্রী যদি বলেন যে ম্যাটার অফ অপিনিয়ন—যেমন প্রশ্নোত্তরের সময় তিনি বলেছিলেন তাহলে নাচার। এই যদি ম্যাটার অফ

ওপিনিয়ন হয় তাহলে আর কি যে ম্যাটার অফ ওপিনিয়ন হতে পারে তা আমি বলতে পারছি না। এইরকম ইন্ডিয়ান মলেবেল কাস্টিং এতে—বেলঘরিয়াতে, সেখানেও অদ্ভুত ব্যাপার হচ্ছে। বেলঘরিয়ার ইন্ডিয়ান মলেবেল কাস্টিংএ ও ১৭৫ জন ওয়ার্কারকে রিট্রেঞ্চ করা হয়েছে। মন্ত্রি-মহাশয় বললেন যে এত লোককে করা হয়নি—এরকম তিনি কি বললেন। এ ছাড়া লে-অফএর ব্যাপারে আছে। লে-অফ সম্বন্ধে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশনএ বলা আছে—লে-অফ এভয়েড করতে হবে, লে-অফ করলে চলবে না। কিন্তু এই জে কে আয়রন অ্যান্ড স্টীল এতে মিল মালিকদের মধ্যে দিগ্গজ সিংহনা তার যে জে কে স্টীল অ্যান্ড কোং, তাতে ১৪০ জন ওয়ার্কারকে ডিসেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত দুই দফাতে ৪১টি লে-অফ করা হয়েছে কোন্নগরের লচমিনারাইন জুট মিলএর কথাও কিছুক্ষণ আগে বলছিলাম, সেখানে ১২৪টা তাঁত সবগুলিই বন্ধ এবং দুই দফায় ৩৮ জন ও ২৫০ জন শ্রমিককে ছাটাই করা হয়েছে। বদলিওয়ালাদের তাদের কোন কথাবার্তা না শুনে, তাহাদের সুযোগ সুবিধা না দেখে দীর্ঘদিন যারা বদলি খেটেছে তাদের বিদায় করে দেওয়া হয়েছে। এইরকম নমুনা বিভিন্ন শিল্পে পাওয়া যায়। চার্জসীট, ডিসমিসাল সর্বত্রই বাড়াচ্ছে। এই লচমিনারাইন কটন মিল, রিষড়ার, সেখানে বহুদিন ধরে চার্জসীট হতো না, সেখানেও ৮ জন ওয়ার্কারকে ঝুটমুট চার্জসীট দিয়ে সাজা দিয়েছেন। এইরকম ধরনের এই জরুরী অবস্থার সুযোগ নিয়ে মালিকপক্ষ তাঁরা অনাচার অবিচার করছেন। যেখানে শ্রমিকেরা কোন প্রত্যক্ষ অ্যাকশন নেয় নাই—কোথাও স্ট্রাইক করে নি, তারা প্রতিরক্ষা তহবিলে দান করেছে—রক্তদান করেছে, যেখানে নেওয়া হয়েছে সেখানে তারা হোমগার্ডএ প্যারেড করছে। তাদের দিক থেকে জরুরী অবস্থা সম্পর্কে চেতনা এবং দেশপ্রেমের অভাব নেই, কিন্তু মালিকপক্ষ হয়ত প্যাট্রিওটিযমের থেকে প্রফিটকেই আগে স্থান দেন, তারা এভাবেই কাজ করে

[1-50—2 p.m.]

চলেছেন। একথা যদি মালিককে মনে করিয়ে দেওয়া হয় তাহলে মালিকেরা ব্যক্তিগতভাবে এবং দলগতভাবে অত্যাচার অবিচার জরুরী অবস্থার নামেতে শ্রমিকদের উপর যে উৎপীড়ন চালাচ্ছে পশ্চিম বাংলায় তা বন্ধ হবে। তৃতীয় আর একটি কথা এই প্রাইস স্ট্যাবিলিজেশন এবং সেভিংস সম্পর্কে। সেভিংস সম্পর্কে একটা অদ্ভুত ব্যাপার দেখছি। সেখানে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস হয়েছে শ্রমিকদের এক মাসের মজুরী প্রতিরক্ষা তহবিলে দিতে পারবে কিংবা বন্ড ইত্যাদি খরিদ করতে পারবে এবং এজন্যে তাদের বলা হবে, পারসুয়েড করা হবে। কিন্তু যেখানে বন্ড কিনতে চাইছে অথবা রবিবার একদিন বেশি খেটে দিতে চাইছে সেখানে ছাটাইয়ের খড়্গ নেমে আসছে, যেমন দেখুন জয়শ্রীতে। সেদিন প্রোডাকশন কনফারেন্সএর পর রিষড়ার জয়শ্রী প্রতিষ্ঠানের নেতৃস্থানীয় নূর মহম্মদ গ্রেপ্তার হলেন। জে কে স্টীল ইউনিয়নএর ট্রেজারার তিনি যেদিন মালিকপক্ষকে জানাতে গেলেন যে আমাদের এখানে প্রতিরক্ষা তহবিলে চাঁদা তোলা হচ্ছে না কেন তার পরেই তিনি গ্রেপ্তার হয়ে গেলেন। এ একটা উদ্ভট ব্যাপার। কাকতালীয় ব্যাপার এবং সেটা বুঝা মুস্কিল। এ সম্বন্ধে সরকারী কর্তৃপক্ষকে কঠোর মনোভাব গ্রহণ করতে হবে। একদিকে মালিকপক্ষ ইন্ডাস্ট্রিয়াল ট্রুস ভায়োলেট করবেন আর একদিকে শ্রমিকদের অহেতুক উৎপীড়ন করবেন এটা যাতে বন্ধ হয় সেদিকে আমার বক্তব্য রাখছি।

Shri Nani Bhattacharjee:

ডেপুটি স্পীকার, স্যার, আমি এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস সংক্রান্ত ব্যাপারে যে প্রস্তাব পাচুবাবু এই হাউসএর সামনে রেখেছেন আমি তার উপরে একটা অ্যামেন্ডমেন্ট মুভ করেছি। ওই প্রস্তাবের পাঁচ নং লাইনে—

after the words "stopped by workers," the following words be inserted, namely:

> "The House is further of the opinion that the Government should prohibit any unilateral action on the part of the employers, which is likely to affect the service conditions of the workers adversely."

এই অ্যামেন্ডমেন্ট মুভ করার প্রসঙ্গে আমি দুএকটা কথা এই হাউসের সামনে রাখছি। আপৎ-কালীন জরুরী অবস্থার সুযোগে আমরা দেখছি যে মালিকপক্ষ নানাভাবে শ্রমিকদের উপর উৎপীড়ন চালাচ্ছেন এবং তার ভুরি ভুরি দৃষ্টান্ত দেওয়া যায়। আমি এখানে আপনার মারফত দুচারটে দৃষ্টান্ত শ্রমমন্ত্রীর কাছে রাখছি। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এ পারস্কারভাবে

বলেছে এমনি যদি মালিক এবং শ্রমিক পজিটিভ স্টেপস তারা নেবেন সে সম্বন্ধে তো বলা আছেই এর বাইরে যেসমস্ত ডিসপিউটস আছে যে ধরনের ডিসপিউটস হোক না কেন তার যাতে দ্রুত মীমাংসা হয়, তৎপরতার সংগে মীমাংসা হয় সে সম্বন্ধে বিধিব্যবস্থা ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর মধ্যে দেওয়া আছে। সেই প্রসংগে বলতে গিয়ে আমি উল্লেখ করছি ইন্ডাস্ট্রিয়াল পিস সংক্রান্ত চ্যাপটার এ বলা হয়েছে—

"if a necessity for a reference to adjudication arises the process connected with it should be completed with utmost promptness."

কিন্তু এ সমস্ত ক্ষেত্রে আমরা দেখছি খুবই তৎপরতার সংগে যাতে সেগুলি অ্যাডজুডিকেশনএ দেওয়া হয়, যেখানে কনসিলিয়েসনএ মীমাংসা হবে না সেকথা আছে। কিন্তু আমরা এটা লক্ষ করেছি বহু ক্ষেত্রে চা-বাগান থেকে আরম্ভ করে শিল্প, প্রেস থেকে আরম্ভ করে বিভিন্ন ইঞ্জিনীয়ারিং শিল্পে কনসিলিয়েশন-এর চেষ্টা করেছেন কিন্তু কোন সুফল হয়নি। সেই ফাইল লেবার ডিরেক্টরেট হয়ে ডিপার্টমেন্টএ ফিরে এসেছে, আবার ঘুরে গিয়েছে অথচ সেখানে তৎপরতার সংগে অ্যাডজুডিকেশন-এর ব্যবস্থা করা হয়নি। এ প্রসংগে আমি একটা উদাহরণ দিতে পারি। শক্তি প্রেসের শ্রীলক্ষ্মণচন্দ্র দাসের ডিসপিউট যে ১৯৬২ সালের ফেব্রুয়ারি মাসে ডিসমিসড হয়েছিল। শ্রীহরগোবিন্দ ঘোষ—তার কেস ১৯৬২ সালের মার্চ মাসের, জরুরী অবস্থার আগের। চিত্রগুপ্ত প্রেসে ১৯৬২ সালের সেপ্টেম্বর মাসে ডিসমিস করা হয়েছে এম এন মুখার্জীকে। পোদ্দার ইন্ডাস্ট্রীতে রাম অবতার, শ্রীঅজিতকুমার দে, শ্রীসত্যরঞ্জন দে—এদের নবেম্বর ১৯৬২ সালে যখন জরুরী অবস্থা তখন ডিসমিস করা হয়েছে। তারপর কমার্সিয়াল আর্ট প্রিন্টারস-এ চন্দ্ররতন, দুর্গা দাস, গিরিধারীলাল, গণেশলাল এদের ডিসমিস করা হয়েছে। এরা হচ্ছে ডিরেক্টর, সেখানে ১৫।১১।৬২ তারিখে অর্থাৎ জরুরী অবস্থার মধ্যে এদের ডিসমিস করা হয়েছে। দশজন ওয়ার্কার—জয়দেব মুখার্জী, তারাপদ দত্ত, মহম্মদ এ হক প্রভৃতিকে ডিসমিসড করা হয়েছে। এখনও পর্যন্ত তাদের বিষয়ে সুমীমাংসার চেষ্টা হয়নি। বেঙ্গল ওয়াটার প্রুফ সম্বন্ধে একই কথা বলা যায়। সেখানে ছয়জনকে ডিসমিস করা হয়েছে—

[2—2-10 p.m.]

অথচ লেবার ডিরেক্টরেট বা লেবার ডিপার্টমেন্ট এ সম্বন্ধে কোন খবর রাখেন কিনা সন্দেহ। ঠিক তেমনি ভিকটিমাইজ করা হয়েছে শ্রীকান্ত প্রেসে। পান্নালাল বসাক লিডিং ইউনিয়ন মেম্বার, নিমাই চক্রবর্তী—এদের ডিসমিস করা হয়েছে। এবং সেই পান্নালাল বসাককে আগে সাসপেন্ড করে পরে ডিসমিস করা হয়েছে সেকসন ৩৩ ভায়োলেট করে। অথচ এখন পর্যন্ত সেই বিরোধ মীমাংসা করার কোন চেষ্টা দেখা যাচ্ছে না। এর ফলে হবে কি? নয় তাঁরা সেখানে স্ট্রাইক করতে বাধ্য হবেন। এমন একটা জায়গা আছে দমদমে, এ পি ভি কারখানার একজন সেক্রেটারী, দুজন অ্যাসিস্টান্ট সেক্রেটারী, পাঁচজন লিডিং ইউনিয়ন মেম্বারস—তাদের ডিসমিস করা হয়েছে। অথচ সে সম্বন্ধে কোন কিছু এখন পর্যন্ত হয় নাই। এ ছাড়া এই ডিসমিসাল যেখানে, ভিকটিমাইজেশন-এর ক্ষেত্রে, সেখানে পরিষ্কারভাবে রেজলিউশনএ বলা হচ্ছে যে

All complaints pertaining to dismissal, discharge, victimisation and retrenchment of individual workmen, not settled mutually, should be settled through arbitration.

অথচ কয়টা আরবিট্রেশন তাঁরা করেছেন? আমার কাছে যে সংবাদ আছে—তাতে দেখছি আরবিট্রেশন-এ কোন কেস যায়নি। আর একটা কথা বলছি এটা ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর কথা নয়, তাদের স্ট্যান্ডিং লেবার কমিটিতে ১৭ই অক্টোবর, ১৯৬২ সালে যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সেটা আমাদের এই হাউসের অবগতির জন্য এখানে পড়ছি—

Cases of alleged victimisation should be referred to arbitration to the utmost extent possible. Where there is no arbitration, such cases should ordinarily go in for adjudication. Before, however, adjudication is resorted to in such cases, there should be more effective screening. When conciliation has failed, the Conciliation Officer and the Union concerned should discuss the point whether adjudication was necessary. In the event of disagreement between the Conciliation Officer and the Union, the case should be taken up for screening by a higher official of the Central or State industrial relations

machinery with the representative of the Central Workers Organisation concerned. If the latter still insisted, the matter should be referred to adjudication.

তার মানে সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশন যদি ইনসিস্ট করে দি ম্যাটার শুড বি রেফার্ড টু অ্যাডজুডিকেশন এবং এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর আগের যে সিম্ধান্ত, সেই সিম্ধান্ত অনুসারে কয়টা আরবিট্রেশন-এর কেস করেছেন মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করবো। ঠিক তেমনি যে স্ক্রিনিং কমিটি, তারা সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশন-এর মতামত নিয়ে কি সেই অ্যাডজুডিকেশনএ রেফার করেছে কিংবা এই ধরনের কয়টি কেস স্ক্রিনিং কমিটিতে এসেছে, সেটা কি আমি জানতে পারি?

এর পরে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশনএ যে বিধান রাখা হয়েছে, যেটা তৈরি হয়েছে, সেটা সংগে সংগে চলে আসছে জাতির আপৎকালীন জরুরী অবস্থার মধ্যে। এতকাল যে সমস্ত সিম্ধান্ত তাড়াতাড়ি বিরোধগুলি নিষ্পত্তি করবার ক্ষেত্রে প্রয়োগ হতো, সেই সিম্ধান্ত কার্যকরী করবার ক্ষেত্রে দেখতে পাচ্ছি সেই গতানুগতিক অবস্থাই চলছে। সেখানে যে খুব তৎপরতা ছিল, তা আজ লক্ষ্য করছি না। এটা কি শুধু ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সেট পলিসি, না, অন্য কিছু, এই ব্যাপারে তা বুঝে উঠতে পারছি না। কিন্তু আমার নিজের মনে হয় এটা তাদের সেট পলিসি নয়; বরং উলটো দিকে কতকগুলো খবর পাচ্ছি। এটা কি সত্য নয় যে পারতপক্ষে কোন কেস অ্যাডজুডিকেশনএ না যায়, সেই ধরনের ইনস্ট্রাকশন কনসিলিয়েশন অফিসারগুলির কাছে দেওয়া হয়েছে? এটা কি সত্য নয় যে ওয়েজ সংক্রান্ত ব্যাপারে, ওয়েজ ইনক্রিজ বা ডিয়ারনেস অ্যালাউয়েন্স হোক, সেই সমস্ত ব্যাপারে যদি কোন ডিমান্ড আসে শ্রমিক ইউনিয়নের তরফ থেকে, তাহলে সেগুলি সম্পর্কেতে কনসিলিয়েসন অফিসার যেন আমল না দেন, অ্যাডজোর্ন করতে থাকেন, এই ধরনের ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে? পারতপক্ষে তাদের কিছু না দেওয়া যায়, সেই ব্যবস্থা আমরা লক্ষ্য করছি। যার ফলে আমরা দেখতে পাচ্ছি অনেক দুরবস্থার মধ্যে শ্রমিকরা এসে পড়েছে। ট্রাইব্যুনালের ক্ষেত্রেও আমরা সেই অবস্থা দেখছি। অনেক ট্রাইব্যুনালে ১৯৫৯-৬০ সালের মামলা এখনও পর্যন্ত ঝুলছে, তার কোন মীমাংসা এখনও পর্যন্ত হয়নি।

পরিশেষে দাবর কারখানার কথা আমি বলছি। সেখানেতে শ্রমিক, কর্মচারীদের যে দুরবস্থার মধ্যে কাজ করতে হয় তা আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। সেখানকার শ্রমিক, কর্মচারীদের চাবুক মারা হচ্ছে, তাদের উপর চার্জসীট দফায় দফায় দেওয়া হচ্ছে। গত ২৫এ তারিখে সেখানে ২৫ জন এমপ্লয়ীকে চার্জসীট দেওয়া হয়েছে এবং যারা ইউনিয়ন লিডার, তাদের ভিকটিমাইজ করা হচ্ছে অন্যত্র ট্রান্সফার করে। এইরকম ধরনের একটা অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে। এ ছাড়া জরুরী অবস্থার সুযোগে লক-আউট, লে-অফ এবং রিট্রেঞ্চ করার যে সকল দৃষ্টান্ত, মাননীয় শ্রমমন্ত্রীর কাছে পাঠান হয়, আশা করি তিনি সেগুলি পেয়েছেন। টিটাগড়ে (১) নং ও (২) নং মিল একত্রিত করে দেওয়া হয়েছে তিনি বলেছেন। এই (১) নং মিলটি র‍্যাশনালাইজেশনএর নামে উঠিয়ে দেওয়া হচ্ছে। তাহলে সেখানকার শ্রমিক এবং কর্মচারীদের ভাগ্য কোথায় গিয়ে দাঁড়াবে, সেটা সহজে বুঝতে পারা যায়। ঠিক তেমনি যে মলঙ্গী বাগানে হাসিমারা টি ইন্ডাস্ট্রিজ আছে, তার কথা বলছি সেই মলঙ্গীবাগান ইন্ডাস্ট্রি উঠিয়ে দেওয়া হচ্ছে, এবং তাকে তিন টুকরো করে তিনটি বাগানের সঙ্গে মিশিয়ে দেওয়া হচ্ছে, তাতে সেখানে শ্রমিক এবং কর্মচারীদের যে সার্ভিস কনডিশনস, তা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হবে, এটা সুনিশ্চিত। অথচ এই ধরনের কাজ করা হচ্ছে।

সুর আয়রন অ্যান্ড স্টীল কোম্পানী সম্বন্ধে আমি আগেই বলেছি, এবং মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ও সে বিষয় অবগত আছেন। কিন্তু সেখানকার সেই পাঁচশো ওয়ার্কার, যারা রিট্রেঞ্চ হয়েছে, তাদের পুনরায় অন্যান্য জায়গায় কাজে লাগান হয়েছে, কিন্তু সেখানে তাদের অ্যাবজর্ব করবার জন্য কি ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হচ্ছে, আমরা তার কোন খবর এখনও পর্যন্ত পাইনি। আমরা জানি মনীন্দ্র কটন মিল সম্বন্ধে আগেই কথা উঠেছে। সেখানে প্রায় দু মাস, আড়াই মাস ধরে কনসিলিয়েশন চলছে, কিন্তু এখনও পর্যন্ত তার কোন ফলাফল পাওয়া যাচ্ছে না, অথচ সেখানে ৯০টি তাঁত বন্ধ হয়ে পড়ে আছে। মডার্ন ফাউন্ডারী সম্বন্ধেও ঐ একই কথা বলা যায়।

আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই।আজকে আপৎকালীন অবস্থার সুযোগ নিয়ে যেন শ্রমিকরা কিছু কাজ করুক, এটা আমরা বলছি, আমরা তাদের অ্যাডভাইস দিচ্ছি যে তোমরা যেভাবে হোক না কেন কাজ করে যাও; এবং তার ফলে, মাননীয় মন্ত্রিমহাশয় কাউন্সিলে স্বীকার করেছেন যে অ্যাবসেন্টিজম কমেছে এবং অল রাউন্ড প্রোডাকশন বেড়েছে। কিন্তু অন্যদিকে দেখতে পাচ্ছি মালিকরা এই জরুরী অবস্থার সুযোগ নিয়ে ক্রমাগত শ্রমিকদের উপর, কর্মচারীদের উপর চাপ দিচ্ছেন বেশি, বেশি কাজ করিয়ে নেবার জন্য, এবং ওদিকে ওদের যে সার্ভিস কন্ডিসনস তা অলটার করবার জন্য এবং সেখানে তাদের যে এক্সজিসটিং অ্যামেনিটিজগুলি আছে সেগুলিও বন্ধ করে দেবার চেষ্টা হচ্ছে। এ ছাড়া চা-বাগান সম্পর্কে এইরকম বহু দৃষ্টান্ত দেওয়া যায়। সেগুলি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের নজরেও আনা হয়েছে এর আগে। সেই অবস্থাগুলি আজও চলছে, তার কোন প্রতিকার হয়নি। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে একথা ঠিক, যে যতই আমরা ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন নিই, আমরা যতই কিছু করি না কেন, শিল্পে শান্তি থাকতে পারে না, এবং শিল্পে শান্তি রাখা কখনও সম্ভবপরও হবে না। এটা ত ঠিক যে এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশনটা ওয়ান-ওয়ে ট্রাফিক নয়। এ বিষয় আমরা আশা করবো মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় ও তাঁর দপ্তর যেন আরও সজাগ ও সতর্ক থাকেন এবং সেই ধরনের সুযোগমত, গভর্নমেন্টের দিক থেকে এমন কোন ইমপ্রেশন মালিকরা না পায় যে তারা যা করে যাবে, তাতে তারা প্রশ্রয় পাবে গভর্নমেন্টের তরফ থেকে এবং নিরঙ্কুশভাবে তারা শ্রমিক ও কর্মচারীদের উপর অত্যাচার চালিয়ে যেতে পারবে এই জরুরী অবস্থার সুযোগ নিয়ে। সেই ধরনের ব্যবস্থা গভর্নমেন্টের তরফ থেকে করা হোক, এইটা আমরা চাচ্ছি। এই কথাগুলি বলে, আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করলাম।

[2-10—2-20 p.m.]

Shri Narendra Nath Sen: Sir, I beg to move that for the words beginning with "this House" in line 2 and ending with the word "intransigence" at the end, the following be substituted, namely:

"this Assembly is of the opinion that in the present state of National Emergency prevailing in the country, full implementation of the Industrial Truce Resolution alone is capable of maintaining industrial peace creating a proper climate for better employer-employee relation and maximising production. The workers are working with the determination not to disturb production by taking recourse to strike, suspension of work, slow down or any other method. The employers should also in their turn implement their part of the Resolution.

In ensuring full implementation of the Truce Resolution, the State Government should ensure that all genuine grievances of workers are speedily removed and in each case Government should satisfy itself that there is no case for any complaint about victimisation of workers. Government should also take adequate measures for enforcing the terms of the Truce Resolution against the employers found to be guilty of violation of the Resolution where disputes regarding discharges, dismissals, retrenchment or termination of service have been raised. Government should further take measures so as to ensure that no case of retrenchment, discharge or dismissal may take place without their prior approval.

This Assembly therefore, requests the Government to immediately take all necessary steps in this matter.".

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এমারজেন্সি যখন এরাইজ করল তখন সেন্ট্রাল গভর্নমেন্ট যাতে প্রোডাকশন অব্যাহত থাকে তার জন্য ট্রিপারটাইট কনফারেন্স করেছিলেন, সেখানে এমপ্লয়ার, এমপ্লয়ী অ্যান্ড গভর্নমেন্ট-এর তরফ থেকে সম্মিলিতভাবে যে প্রস্তাব হয়েছিল তার নাম ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন। এই রেজলিউশন অনুসারে আমরা আশা করেছিলাম যে এই নতুন পরিস্থিতিতে প্রোডাকশন বাড়িয়ে আমাদের যুদ্ধ প্রচেষ্টাকে যাতে করে সাহায্য করতে

পারা যায় তার জন্য মালিকরাও সর্বপ্রকারে তাদের যা করণীয় তা করবেন, কিন্তু দেখা যাচ্ছে শ্রমিকেরা যদিও ডিরেক্ট অ্যাকশন করতে পারবে না বলে স্ট্রাইক করতে পারে না, স্লো ডাউন করতে পারে না, কোন অবস্থাতেই তারা ডিরেক্ট অ্যাকশন নেবে না এবং তারা তাদের সাধ্যানুযায়ী উৎপাদন বাড়ানোর চেষ্টা করছে, মালিকেরা এই অবস্থার সুযোগ নিয়ে শ্রমিকদের উপর নানারকম হ্যারাসিং অ্যাটিচুড নিচ্ছেন, তাঁরা নানারকম সামান্য কারণে শ্রমিকদের উপর চার্জশীট দিয়ে তাদের ডিসমিস করছে, সাসপেন্ড করছেন, ফলস কেস করে হ্যারাস করছেন। শ্রমিকেরা কিন্তু কোন ডিরেক্ট অ্যাকশন নিতে পারছে না, যেহেতু তাঁরা এবং তাদের ইউনিয়ন লিডাররা চান যে তারা তাদের দায়িত্ব সুন্দররূপে সম্পন্ন করতে পারেন এবং উৎপাদন বৃদ্ধি করতে পারেন। আজকে যদি এই পরিস্থিতিতে মালিকদের তাদের কর্তব্য পালনে বাধ্য না করা যায়, যে উদ্দেশ্য নিয়ে এই রেজলিউশন করা হয়েছিল সেটা সম্পূর্ণ ব্যর্থ হবে, এবং গভর্নমেন্ট যে মোর প্রোডাকশন-এর কথা বলছেন সেটা ব্যাহত হবে। কাজেই আজকে গভর্নমেন্ট-এর দেখা উচিত, শ্রমিকেরা যেমন তাদের কর্তব্য করছে মালিকেরাও যেন তাঁদের কর্তব্য করেন। যদি কোন মালিক ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন ভায়োলেট করেন তাহলে তার উপযুক্ত শাস্তির ব্যবস্থা থাকা উচিত, এবং স্টেট গভর্নমেন্ট-এর এমন ব্যবস্থা করা উচিত যাতে গভর্নমেন্ট-এর সঙ্গে আগে কোনরকম পরামর্শ না করে শ্রমিকদের কাজ থেকে রিট্রেঞ্চ ও ডিসমিস করা সম্ভব না হয়। যদি এইরকম পন্থা অবলম্বন করেন তাহলে আমার বিশ্বাস যে উদ্দেশ্য নিয়ে কেন্দ্রীয় সরকার এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন করেছিলেন তা সফল হবে এবং তাতে করে শ্রমিক ও মালিকের সহযোগিতার মধ্য দিয়ে উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হবে।

স্যার, আমি কয়েকটা দৃষ্টান্ত আপনাকে দিচ্ছি। অর্থাৎ আজকে মালিকপক্ষ যেভাবে শ্রমিকদের উপর হ্যারাস করছে তার কয়েকটা দৃষ্টান্ত আমি আপনার সামনে উপস্থিত করতে চাই এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছেও। আমাদের পূর্ব কোলকাতা ট্যাংরা অঞ্চলে কতকগুলো রবার কোম্পানী আছে। ঐগুলোর মালিক পাকিস্তানী- ভারতের উন্নতি এ'রা দেখেন না। এ'রা কি করছেন। সাউথ ইন্ডিয়া রবার ওয়ার্কস একটা ট্যাংরায় আছে। সেখানকার শ্রমিকরা আজ পর্যন্ত ন্যাশনাল ডিফেন্স ফান্ড-এ চাঁদা দিতে পারেন নি তারা ছুটির দিন কাজ করতে চেয়েছে— চাঁদা দেবে বলে কিন্তু তাদের করতে দেওয়া হয়নি। কাজেই শ্রমিকদের ইচ্ছা থাকলেও তারা ন্যাশনাল ডিফেন্স ফান্ডে কোন চাঁদা দিতে পারেন নি। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন হয়েছে নবেম্বর মাসে। গত ৫ই ডিসেম্বর এখানে ৬ জন কর্মীকে সাসপেন্ড করা হয়। তার সম্বন্ধে আজ পর্যন্ত কোন এনকোয়ারি হয়নি এবং আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। এখানে ২৪এ ডিসেম্বর তারিখে আবার ৫ জন লোককে সাসপেন্ড করা হয়। এখানে বীরেন্দ্রনাথ দেব বলে একজন কর্মীকে ৩রা জানুয়ারি তারিখে জোর করে রেজিগনেশন দেওয়ান হয়, এখানে ভয় দেখিয়ে ১লা জানুয়ারি সাহাজাদা বলে একজন কর্মীকে ডিসচার্জ করা হয়; ৮ই জানুয়ারি আর একজন কর্মীকে ডিসচার্জ করা হয়। এই কোম্পানীর একটা ডিপার্টমেন্ট ৭।৮ জন কর্মীকে ১৪ই জানুয়ারি ডিসমিস করা হয়েছে ইললিগ্যালি উইদাউট এনি চার্জসীট, উইদাউট এনি এনকোয়ারি। কনসিলিয়েশনএ আসাতে ১৫ তারিখে তারা রাজী হয়েছে যে পরের দিন থেকে কাজ করতে দেবে। তারা ১৬ তারিখে কাজে যোগদান করে। কিন্তু ১৭ই তারিখে তাদের আবার ডিসমিস করা হয় এবং ঐ ১৭ই তারিখে আবার ১২ জন কর্মীকে সাসপেন্ড করা হয়। এই কর্মীরা যদি মালিকের কাজের কোন প্রতিবাদ করেন তাহলে তাদের ভয় দেখান হয় যে ডি আই রুলস-এ জেলে পুরে দেব। আর একটা প্রতিষ্ঠান আছে তার নাম সেন্ট্রাল রবার ওয়ার্কস। এই সেন্ট্রাল রবার ওয়ার্কস-এর কর্মীদের বিরুদ্ধে প্রতি মাসে ২।৩টা পুলিস কেস হচ্ছে ফলস কেস। এখানে একজন কর্মীকে সুপারভাইজারএ প্রমোশন দিয়ে তাকে দিয়ে পুলিসের কাছে থানায় কমপ্লেন্ট আনা হয় এবং থানা থেকে গাড়ী নিয়ে সে পুলিসের সঙ্গে গিয়ে লোক ধরে ধরে আইডেন্টিফাই করে কেস করা হচ্ছে। এইভাবে আজকে সেখানে একটা ত্রাসের সঞ্চার করা হয়েছে। এখানে মালিক প্রথমে ন্যাশনাল ডিফেন্স ফান্ড-এ অতিরিক্ত দিন খেটে চাঁদা দিতে রাজী হননি, কিন্তু পরে রাজী হওয়াতে শ্রমিকরা একটা রোববার খেটে দেয়। কিন্তু সে রোববার কত টাকা হয়েছে সে হিসাব তারা চেয়ে পায়নি, বরং হিসাব চাইলে বলা হয় যে তোমাদের বিরুদ্ধে কেস করব অথবা তোমাদের ডিসমিস করব। আমি আরও কতকগুলি কেসের সংবাদ আপনার কাছে নিয়ে আসছি। স্যার, শ্রীরাম সিল্ক ম্যানুফ্যাকচারিং কোম্পানীতে ৭টা রুম বন্ধ করে

দিয়ে প্রায় ১০০ জন ওয়ার্কারকে কর্মচ্যুত করা হয়েছে—২টা ওয়ার্কারকে ডিসমিস করা হয়েছে। হিন্দুস্থান বেল্টিং ফ্যাক্টরীতে প্রোডাকশন কমিয়ে দেওয়া হয়েছে যাতে প্রোডাকশন বোনাস দিতে না হয়। হাওড়ায় শিভ ইঞ্জিনীয়ারিংয়ে মালিক এবং শ্রমিকদের একটা এগ্রিমেন্ট হয় অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারের ঘরে। কিন্তু সেই এগ্রিমেন্টকে ভায়োলেট করে তারা ৩০ জন ওয়ার্কারকে রিট্রেঞ্চ করেছে। ফুলেশ্বরে যে গোপালভাই জুট মিল আছে সেখানে ওয়ার্কারদের ডবল লুম-এ কাজ করবার জন্য জোর করে বাধ্য করা হচ্ছে যাতে ওয়ার্ক লোড বেড়ে যায়। পাহাড়পুরে ক্যালটেক্স ওয়েল কোম্পানীতে তারা একটা ওয়ার্কারকে ডিসমিস করে এবং কয়েকটাকে সাসপেন্ড করে। ইউনিয়ন এই জিনিসটাকে আরবিট্রেশন-এ চেয়েছিল, কিন্তু মালিক কনসিলিয়েশন-এ আসেনি এবং তারা আরবিট্রেশন রিফিউজ করেছে। স্যার, রামপুরিয়া কটন মিল আরবিট্রেশন-এ যেতে রিফিউজ করেছে। বজবজের য্যালবিয়ন-লোথিয়ান জুট মিল-এ তারা তাদের দারোয়ানকে এবং ওয়ার্কারকে ডিসচার্জ করেছে কোন চার্জসীট না দিয়ে। স্যার, এ ছাড়া আসানসোল কলিয়ারীর ভিতরে নর্থ কলিয়ারী, গজদার কলিয়ারী ইত্যাদি চার পাঁচটি কলিয়ারী আছে সেখানে এবং আরও কতকগুলি কলিয়ারীতে ডিসমিসাল রিট্রেঞ্চমেন্ট বা সাসপেনশন চলছে। ডুয়ার্স প্ল্যানটেশন-এ ডিসপিউট কেস-এর অভাব নেই—অব্যাহতভাবে চলছে। এর মধ্যে অনেক কেস লেবার ডিপার্টমেন্টএ প্লেস করা হয়েছে: কিন্তু দুর্ভাগ্যের বিষয় মালিক যদি রাজী না হয় লেবার ডিপার্টমেন্ট কিছু করতে পারে না—তারা সেখানে হেলপলেস। শ্রমিকেরা কোন গোলমাল করতে চায় না—যাতে উৎপাদন ব্যাহত হয় তারা তাই চায় না কোন ডিরেক্ট অ্যাকশন নিতে। কিন্তু বর্তমান অবস্থার সুযোগ নিয়ে মালিকেরা শ্রমিকদের উপর যে অত্যাচার করছে তার প্রতিবিধান হওয়া দরকার। সেজন্য সরকারকে অনুরোধ করব আমার এই সংশোধনী প্রস্তাবে যে সমস্ত পন্থাবলম্বন করতে বলেছি তা যেন তারা অবলম্বন করেন এবং আশা করি আমার প্রস্তাব সর্ববাদী সম্মতিক্রমে গৃহীত হবে।

[2-20—2-30 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in lines 1 and 2, for the words beginning with "considering" and ending with "Resolution", the following be inserted, namely:

"(a) In view of the fact that maintenance of Industrial stability lies in good relation between labour and capital

and

(b) In view of the fact that Industrial Truce under the impact of National Defence is as important as the first line of defence

and

(c) In view of the fact that while the working class as a whole, in this critical period, gives everything to keep up production for the strengthening of defence the employers in many cases, are disregarding the principle of peaceful co-existence in industry, being motivated by anti-national sentiment of profiteering and personal profit

and

(d) In view of the fact that this condition, if allowed to go on unchecked, might create an atmosphere uncogenial to defence efforts

and

(e) In view of the fact that the desirability of strictly enforcing the Industrial Truce Resolution is all the more important during this period,".

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার অ্যামেন্ডমেন্ট প্র্যাকটিক্যালি একটা [illegible]-এর মত। আমরা এই যে রেজোলিউশন পাটুবাবু এনেছেন তার যে বক্তব্য সেই বক্তব্য শুনে বর্তমান অবস্থা বুঝতে কারও কষ্ট হয় না এবং তার বক্তব্যকে জোরদার করার জন্য আমি এই …

এনেছি। স্যার, এই অ্যামেন্ডমেন্ট-এর উপর বলতে গিয়ে দু'একটা কথা আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। ১৯৬২ সালের থার্ড নবেম্বর বর্তমান যুদ্ধ পরিস্থিতি হওয়ার পর একটা ইন্ডাস্ট্রিয়াল ট্রুস এগ্রিমেন্ট হয়েছিল তাতে ট্রিপারটাইট এগ্রিমেন্ট হয়েছিল—গভর্নমেন্ট তরফ ছিলেন, লেবার তরফ ছিলেন এবং ক্যাপিটাল তরফ ছিলেন এবং থার্ড নবেম্বর-এর সেই যে ইন্ডাস্ট্রিয়াল ট্রুস এগ্রিমেন্ট সেটা পরে সাবসিকোয়েন্টলি ওয়েস্ট বেঙ্গল লেবেল-এ রেটিফাইড হয়েছে। কাজেই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন-এর যে ম্যানডেট—এটাকে আমি ম্যানডেটই বলব—এটা যে সেন্ট্রাল ট্রুস শুধু তাই নয় এটা ওয়েস্ট বেঙ্গল স্বীকার করে নিয়ে কনফার্ম করেছে। তার পরিপ্রেক্ষিতে দুটো পয়েন্ট বেশি ছিল, একটা হলো—

no violation by either party would be tolerated.

আর একটা ছিল—

the existing disputes would be amicably settled specially through the good office of Minister and the Labour Commissioner.

এগুলি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রাখবার ব্যাপারে নিশ্চয়ই বড় কথা। আমি যেটা আপনাদের কাছে রাখতে চাইছি সেটা হচ্ছে এই যে এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন হওয়ার পর থেকে এটা একটা সবুজ সিগন্যাল হয়েছে- ওয়ান ওয়ে ট্রাফিক, যা খুসী করবেন—এ গ্রীন ল্যাম্প দ্যাট এমপ্লয়ারস টু গো অন আনচেকড আর শ্রমিকদের কাছে এটা একটা রেড ল্যাম্প হয়ে আছে। শ্রমিকদের যে সেলফ ইমপোজড মরালিটি তার সুযোগ নিয়ে তাদের কাছে এটা রেড ল্যাম্প হয়ে দেখা দিয়েছে, কিন্তু সেখানে দেখা যাচ্ছে লেবার ডাইরেকটরেট ইজ হেলপলেস য্যাজ এ ল্যাম্ব, এই লেবার ডাইরেকটোরেট-এর ভূমিকা দেখলে বিস্মিত হতে হবে। এর আগে বিভিন্ন বক্তা যা বলেছেন তার পুনরাবৃত্তি আমি করতে চাই না। আমি দু'একটা নোতুন জিনিস বলছি। ম্যাকলিয়ড, জার্ডিন হেন্ডারসন, শ্য ওয়ালেস, ডেভেনপোর্ট এরকম ধরনের বিরাট বিরাট ধনকুবেরগোষ্ঠি তারা কি করছে সেটা দেখা দরকার। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন হওয়ার আগে সেখানে যেসব য়্যামেনিটিস ছিল যুদ্ধের সুযোগে এই গ্রীন ল্যাম্প পেয়ে তা তারা কারটেইল করছে ওয়ার্কার্সদের যে সুযোগ সুবিধা ছিল অ্যানুয়াল হাউস রিপেয়ার-এর একটা সুযোগ ছিল--সিডিউল্ড কনস্ট্রাকশন অফ নিউ হাউসেস- নোতুন নোতুন বাড়ী করার সুযোগ ছিল, মেডিক্যাল এইড ছিল, কনস্ট্রাকশন অফ কোয়ার্টার্স এমপ্লয়িজদের জন্য করা ইত্যাদি বিভিন্ন ধরনের সুযোগ ছিল তা একেবারে মুছে দিয়েছে, বলছে দেশের বিপদ। আশ্চর্যের কথা এসব কোম্পানীর নামে জাতীয় প্রতিরক্ষা তহবিলে টাকা দিচ্ছে, কিন্তু মালিক ব্যক্তিগতভাবে কত টাকা দিয়েছে তা জানতে পারি না। আমরা যদি বলি অনেক মালিক এক কানাকড়িও দেয় নি সেটা কোম্পানীর নামে দিয়েছে ইনকাম ট্যাক্স বাঁচাতে তাহলে, উপাধ্যক্ষ মহাশয়, আমাকে ভুল বুঝবেন না। আর একটা জিনিস টি গার্ডেন—এটা তো চিরকাল মগের মুলুকের মত। ওয়ার্কাররা দাবী-দাওয়া নিয়ে সংগ্রাম করে কিছু কিছু সুবিধা আদায় করেছিল। এখন আবার ন্যাশনাল এমারজেন্সির সুযোগে এই ট্রুস রেজলিউশন-এর সুযোগে সেটাকে ভাঁওয়ে কি করা হচ্ছে তা আপনাদের সামনে বলছি। তা হচ্ছে মিনিমাম নটিফিকেশন-এর যে ধারাগুলি মালিক পারছে না, আগে যে সমস্ত প্যাক তৈরি হ'ত এখন ওতে কম দেওয়া হচ্ছে, আবার সঙ্গে সঙ্গে বেশি লোড দেওয়া হচ্ছে। কিন্তু তার জন্য ওভারটাইম দেওয়া হচ্ছে না। এজন্য টি গার্ডেনস ওয়ার্কাররা নিদারুণ অবস্থায় এসে পড়েছে, অথচ তার দ্বারা আমাদের স্টেট যে উপকৃত তা নয়। এরকম একটা অসহনীয় অবস্থার সুযোগে এই পরিণতি চলছে। যদি বুঝতাম এই যে এক্সসেস ভ্যালুয়েশন অফ লেবার সেটা আমাদের স্টেট-এর ন্যাশনাল আয়ে চলে যাবে তাহলে ওয়ার্কার্সদের মনে নোতুন উৎসাহ থাকত যে এইভাবে আমরা আত্মদান করছি। কিন্তু আসলে তারা আত্মদান করছে প্রফিটিয়ারিং মোটিভ-এর জন্য এবং সেখানে আমাদের লেবার ডিপার্টমেন্ট একেবারে নিশ্চিন্ত।

[2-30—2-40 p.m.]

তারপর স্যার, আমাদের লেবার ডিপার্টমেন্ট যে নিশ্চুপ, সেকথা তো আগেই বলেছি। এখন আর একটা কথা এখানে বলছি দমদমে আমার বাড়ীর কাছে, এখান থেকে বেশি দূরে নয় মহাজা-বাজার এলাকায় পাওয়ার লুম আছে। সেই পাওয়ার লুমগুলো কিভাবে তৈরি হয়েছে তা আপনি জানেন স্যার, নামেতেই দশটা হয়, কিন্তু মালিক একজন হয়। সেই পাওয়ারলুমগুলি বসিয়ে

রাখা হয়েছে। সেখানে দুশো থেকে তিনশো ওয়ার্কার্স নেওয়া হয়েছে; তাদের ওয়ার্ক দেওয়া হচ্ছে না। সেখানে লে-অফ হয়েছে, রিফিউসাল নোটিস দেওয়া হয়েছে। হিন্দ টিন ইন্ডাস্ট্রি রাজা মনীন্দ্র রোডে, সেটা ডিফেন্স-এর সঙ্গে জড়িত। সেখানে আর এক ব্যাপার। যাদের যাদের মালিকের ভাল লাগে না, তাদের ছয় মাসের চাকরী হওয়া সত্ত্বেও, এক বছর, দেড় বছর কাজ হওয়া সত্ত্বেও টেমপোরারি আছে, তাদের মালিক ছাঁটাই করছে।

তারপর বি এস ইঞ্জিনীয়ারিং করপোরেশন যশোর রোডে, তারা স্ট্রাকচারাল ওয়ার্ক-এর কাজ করে। বেশ একটা বড় কোম্পানী, সেখানে একইভাবে লে-অফ করে তারা যাদের মনে করছে তাদের অবাঞ্ছিত লোকদের সেখান থেকে সরিয়ে নূতন লোক সেখানে নেওয়া হচ্ছে। কাজ নাই এটা তখনই বোঝা যেত যদি সেই লোকগুলি চলে যাবার পর নূতন লোক সেখানে না নেওয়া হতো। সেই লোককে কাজ নেই বলে সরিয়ে দেওয়া হচ্ছে এবং আমাদের লেবার ডাইরেক্টরেট-এর সে সম্বন্ধে একটা নিশ্চিতভাব দেখছি এটা বলতে পারি।

আর একটা কথা—সরকারের স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট দেখুন, লোকসেবক ও বসুমতী পত্রিকায় বেরিয়েছে অনেস্টি বক্স সিসটেম-এর কথা। স্টেট ট্রান্সপোর্ট-এর যারা কন্ডাক্টর আছে, সেখানে তারা সারাদিনের কলেকশন জমা দিয়ে চলে আসে, গোনাগুনির কোন ব্যাপার নাই। তারপরদিন সেটা গোনাগুনি হয়। অনেস্টি বক্স চালু হবার ফলে দৈনিক ২০।২৫ টাকা শর্ট হচ্ছে। এই অনেস্টি বক্স-এর চাবি থাকে বড় অফিসারের কাছে। তিনি খুব অনেস্ট ম্যান। এই অনেস্টি বক্স-এর চাবি কন্ডাক্টরদের হাতে থাকে না। যদি কোনদিন তারা তার কু-নজরে পড়ে যায়, তাহলেই তারা ডিসঅনেস্ট হবে। তার জন্য কারো কারো শাস্তিও হয়েছে শুনেছি। শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এ ধরনের যদি কিছু জানেন তো বলবেন। এই অনেস্টি বক্স এখন প্র্যাকটিক্যালি হয়ে দাঁড়িয়েছে ন্যাস্টি বক্স, স্ক্যানডাল বক্স। এই স্টেট ট্রান্সপোর্ট একটা স্বয়ংশাসিত প্রতিষ্ঠান, সেখানেও ভিকটিমাইজেশন হচ্ছে।

তারপর ধাপা—সে তো আপনি জানেন স্টেটসম্যান পত্রিকাকে ও অন্যান্য পত্রিকাকে ধন্যবাদ দেই তারা অত্যন্ত সাহসের সঙ্গে অত্যাচারের ব্যাপারটা ফলাও করে তুলে জানিয়েছিলেন সেখানে সামন্ততন্ত্রের জঘন্যতম অত্যাচার হয়। তারপর সেই সমস্ত শ্রমিক তাদের লে-অফ করে দেওয়া হয়েছে এবং নূতন শ্রমিক নিয়ে এসে সেখানে ব্যবস্থা করা হয়েছে এতে অবস্থা কি হয়? শ্রমিকদের মনে এমনি বিরূপ ধারণা হয়, এটা একদিনে হয় না। তাদের মানসিক শক্তি আছে—তারা সঙ্ঘবদ্ধ। তারা জানে এ দেশের মাটি আমাদের, তারা জানে এই স্বাধীনতার যুদ্ধ আমাদের করতে হবে। তথাপি তারা যদি দেখে সরকার একদিকে সবুজ ল্যাম্প দিয়েছেন তাদের ধরবার জন্য, আর দিকে সরকার রেড ল্যাম্প দিয়েছেন তাদের মারবার জন্য; তাহলে তাদের মনে বাসা বাঁধতে পারে, বাসা বাঁধবার সুযোগ আসবে এ যুদ্ধ কি আমাদের যুদ্ধ? এটা সাইকোলজির ব্যাপার। সরকারকে একটা কথা স্মরণ করিয়ে দেওয়া দরকার জনযুদ্ধ সম্পর্কে পণ্ডিত নেহরু বলেছেন দিস ইজ দি ফার্স্ট পিপলস ওয়ার ইন ইন্ডিয়া। এটা ভারতবর্ষ স্বাধীন হবার পর একটা আসল জনযুদ্ধ এই যদি শ্রমিকদের বোঝাতে হয় তাহলে শ্রমিকরা যাতে শ্রমের মূল্য থেকে মালিক কর্তৃক বঞ্চিত না হয়, তার জন্য সরকার থেকে দৃঢ়হস্তে কাজ করতে হবে। শুধু তাই নয়, মালিকরা কি কাণ্ড করছে দেখুন। আমাদের পার্টির কমরেড ঘনশ্যাম মিশ্রকে জলপাইগুড়ি টি এস্টেট ধরে পিটন দেওয়া হয়েছিল। পিটন দিয়েছে কারা? সেই সমস্ত সমাজদ্রোহীরা। পিটন দিয়েছে মালিক তাদের দিয়ে। সেই সমস্ত সমাজদ্রোহী, যারা স্মাগল করে বহু জিনিস তিব্বতে চালান দিচ্ছে। তাদেরকে দিয়ে সেই একটা মস্তবড় দেশপ্রেমিককে খুন করবার চক্রান্ত হল। একথা কি অস্বীকার করবেন? লেবার ডিরেক্টরেট কি করছেন? তাঁরা চুপ করে বসে আছেন। সেখানে একটি ইন্সপেক্টর আছেন। তিনি হচ্ছেন প্ল্যানটেসন লেবার ইন্সপেক্টর,—কালচিনি এবং হাসিমারাতে থাকেন; তিনি কমপ্লেইন্ট পেলে, কিছুই করতে পারেন না, কারণ, তাঁর খুব বেশী নড়াচড়ার অভ্যাস নেই। তাঁর কাছে স-ওয়ালেস কোম্পানীর সম্বন্ধে বিচার চেয়ে বহু কমপ্লেইন্ট গিয়েছে, তা তিনি কিছুই করেন নি, তিনি চুপ করে থাকেন। তিনি এখানে, সেখানে, বাগানে বাগানে ঘুরে বেড়ান, এবং শুনেছি তিনি শিকার-টিকার করেন। শিকার করা ওখানকার একটা মস্তবড় আমোদ, এটা আপনি স্যার, নিশ্চয় জানেন। আমি ঐসমস্ত জঙ্গলে ছিলাম। কাজেই আমি জানি সেখানে সবাই শিকার করে থাকেন। শিলিগুড়ির সেই

ইন্সপেক্টার, তিনিও ঠিক একইরকম, মানে সব শিকারী বিড়াল, কেবল শিকার করে করে বেড়াচ্ছেন, আর এদিকে এই শ্রমিকগুলি নির্যাতিত হচ্ছে, নিষ্পেষিত হচ্ছে, দলিত হচ্ছে। তাদের সততার সুযোগ নিয়ে, তাদের দেশপ্রেমের সুযোগ নিয়ে, তাদের দেশপ্রীতির সুযোগ নিয়ে, তাদের হত্যা করা হচ্ছে। এবং তাকে আমরা বলছি ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন, এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকার চুপ করে বসে দেখছেন, এবং তাঁদের এই ডিরেক্টরেট বসে বসে শুধু কাগজের পর কাগজ লিখে যাচ্ছেন, আর আমাদের একটা করে মথি লিখিত সুসমাচার-এর মত দিচ্ছেন যে আমরা এই করেছি, ঐ করেছি। কিন্তু এই যে শ্রমিক হত্যা হচ্ছে, তাদের কান্না কোথায় যাবে? এবং তার ফলে যে ডিসকনটেন্ট আসবে, সেই ডিসকনটেন্ট থেকে আমাদের যে ন্যাশনাল ওয়ার এফোর্ট তা নষ্ট হতে বসবে, তার জন্য আমাদেরকে চিন্তা করতে হবে। সেই চিন্তাধারাটা কোথায়? আমি এই চিন্তা করি বলেই এই রেজলিউশন-এর উপর অ্যামেন্ডমেন্ট দিয়েছি, এবং এটা দিতে গিয়ে আমি এই রেজলিউশনটা সমর্থন করছি।

Dr. Maitreyee Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার সদস্য মাননীয় সদস্যদের কাছে কয়েকটি কথা রাখতে চাই। আমি প্রথমে বলি যে মাননীয় সদস্য সহকর্মী শ্রদ্ধেয় নরেনবাবু যে সংশোধনী প্রস্তাব রেখেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। প্রস্তাবটি খুব ভদ্র ভাষাতে ভাল করে লেখা, খুব নরমভাবে লেখা। হয়ত আমাকে লিখতে দিলে, আমি আর একটু কঠোর, গরম করে লিখতাম। উনি নরম করে লিখেছেন, ভালই হয়েছে, এতে সর্ববাদি সম্মতক্রমে গৃহীত হবার সম্ভাবনা বাড়ে। এ ভয়েস ফ্রম অপোজিসন বেঞ্চ: গরম করে লিখে দিলে পারতেন, তাহলে আমরা সমর্থন করতে পারতাম। এক সেকসন সমর্থন করতে পারেন, কিন্তু তাঁদের সমর্থনের জন্য আমি ব্যক্তিগতভাবে খুব ব্যগ্র নই। আমি যাদের সমর্থন চাই, তাঁরা নরম কথা পছন্দ করেন, এবং তাঁদের সমর্থন পেলেই আমি সত্য, সত্য খুসী হবো। প্রথম থেকেই যদি বিরোধীপক্ষ মনে করেন আমাকে বাধা দিয়ে তাঁদের সুবিধে হবে, তাহলে ভুল করবেন। তাতে তাঁদের কোন সুবিধা হবে না। কারণ, আমি তাঁদেরও ভাল বলবো।

আজকে যেটা সবচেয়ে বড় কথা, সেটা হচ্ছে শিল্পে শান্তি, এবং যেটা নিয়ে আজকে আমরা আলোচনা আরম্ভ করেছি। ৩রা নবেম্বর যে রেজলিউশন পাস হয় দিল্লীর শহরে বসে, মাননীয় কেন্দ্রীয় শ্রমমন্ত্রী গুলজারীলাল নন্দের সভাপতিত্বে, সেই রেজলিউশনটা খুব গুরুত্বপূর্ণ। সেই প্রস্তাবের উপর আজকে আমরা আলোচনা করছি। সেই প্রস্তাব কারা রক্ষা করেছেন, কারা রক্ষা করেন নি এবং শ্রমিকরা কি করেছেন বা না করেছেন, সে সম্বন্ধে অনেক কথা হয়েছে।

আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কয়েকটি খবর দিতে চাই। শ্রমিকরা এই জরুরী অবস্থায় যে কি অদ্ভুত সাহস দেখিয়েছেন, তা আমি চা-বাগানের শ্রমিকদের মধ্যে দেখেছি। চা-বাগানে শ্রমিকরা, যেখানে ম্যানেজার নেই, চলে এসেছে, সেখানে সাহসের সঙ্গে কাজ চালিয়েছে। তেজপুরের কাছাকাছি যেসমস্ত চা-বাগান, সেখানে চীনেরা যখন কয়েক ঘণ্টার এসে পড়তে পারে এইরকম অবস্থা হয়েছে, সেখানে সকলের মনে একটা ভয় উপস্থিত হয়েছে, সেই সময় চা-বাগানের শ্রমিকরা তাদের কাজ চালিয়েছে, কোনরকম ভীত হননি, তাদের একবারও মনে হয়নি যে ম্যানেজারিয়েল স্টাফ সেখানে নেই। বেশির ভাগ ক্লার্ক যারা সেখানে উপস্থিত ছিলেন, তাঁরা সেখানে র‍্যাশন বিতরণ করেছেন, হিসাব দেখেছেন, সেখানকার ইউনিয়নের নেতৃবৃন্দ প্রত্যেকটি বাগানে, বাগানে গিয়ে সকলকে সাহস দিয়েছেন, বলেছেন পালিয়ে গিয়ে কোন লাভ নেই। যেখানে শহরের লোকেরা ভয় পেয়েছে, পালিয়ে গিয়েছে, সেখানে তারা পালাননি, সাহসের সঙ্গে তারা নিজেদের কাজ চালিয়েছে। সমস্ত জলপাইগুড়ি জেলা, ডুয়ার্স সাবডিভিসন

[2-40—2-50 p.m.]

—সেখানে বহু চা-বাগান, সেখানেও বিপদ কম ছিল না, সেখানেও সৈন্য সমাবেশ অদ্ভুত হয়েছে, এবং হওয়া উচিত - সেখানে শ্রমিকেরা কিরকম সাহস দেখাচ্ছেন এবং কাজ করছেন তা নিজের চোখে দেখে এসেছি এবং তাদের সঙ্গে একযোগে কাজ করার সুযোগ আমার হয়েছিল। বমডিলার পতনের দিন মিশুলিন অঞ্চলে যে প্রকাণ্ড মিলিটারী রোড তৈরি হয়েছে আমি তার কাছাকাছি ছিলাম, এবং সেখানেই আমি খবর পাই। সেখানকার শ্রমিকেরা ভীত, আতঙ্কিত ও

শঙ্কিত হতে পারতেন, কিন্তু হননি, সেই সময়ও তাঁরা কাজ করেছেন। তাঁরা যুদ্ধ তহবিলে চাঁদা দিয়েছেন। আমি বলতে পারি—সব জায়গায় হিসাব আমার কাছে নাই—কিন্তু পু দুয়ারের চা-বাগানের শ্রমিকেরা ৩রা ডিসেম্বর পর্যন্ত ১ লক্ষ ৩০ হাজার টাকা দিয়েছেন। তাঁ মাইনে পান কত? যিনি সবচেয়ে বেশি পান তাঁর মাইনে হচ্ছে ১·৯৬ নয়া পয়সা—এই যেখা তাঁদের সর্বোচ্চ মাইনে সেক্ষেত্রেও তাঁরা এইরকম চাঁদা দিয়েছেন। চা-বাগানের মালিকেরা অনেকে সাহায্য করেছেন, যুদ্ধ প্রচেষ্টায় অনেকে সাহায্য করেছেন—এদেশে এবং বিলাতে করেছেন। কিন্তু তুলনায় করেননি। শ্রমিকদের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে দেখা য তাঁরা পিছিয়ে আছেন। আজকে শ্রমিকদের মধ্যে উৎপাদনবৃদ্ধি একটা প্রেরণা এসেছে। সেজ যে প্রস্তাব হয়েছে, শিল্প শান্তির প্রস্তাব সেই প্রস্তাব যদি নাও হত তাহলেও শ্রমিকের উৎপাদনবৃদ্ধিকল্পে সাহায্য করে যেতেন, আজকে যখন সেটা হয়েছে তখন তাঁরা আরো বে করছেন। কিন্তু উৎপাদনবৃদ্ধিতে শ্রমিকদের হাত নাই, সাধারণ পাবলিক ভাবেন উৎপাদনবৃ তো শ্রমিকেরা ইচ্ছা করলেই করতে পারেন, কিন্তু তা নয়। যদি কাঁচামাল না আসে, য মালিকপক্ষ উৎপাদন না করতে চান, বা কোন কারণে তাঁদের লভ্যাংশ যদি কম হয় তাহলে তাঁ উৎপাদন কম করতে চান একথা সবাই জানেন। শিল্পে শান্তি প্রস্তাব হবার পরেই আমেদাবাদে সুতাকলের মালিকেরা দেখিয়ে দিলেন আমাদের জিনিস বিক্রি হচ্ছে না, সেজন্য আমরা অ উৎপাদন করতে পারি না। শ্রমিকেরা কি গায়ের জোরে উৎপাদন করবেন? এইরকম ঘটনা হচ্ছে আমাদের এখানে অনেক আছে আমি একটার কথা বলি—রামপুরিয়া কটন মিলে লে-অফ কা দেওয়া হয়েছে, শ্রমিকেরা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছেন, উৎপাদন তাঁরা করবেন কি করে কাঁচামাল দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে না। সুতাকলে যেসমস্ত জিনিস উৎপন্ন হয় সেই কাপড় চোপড়ের কি আমাদের দরকার নাই? দরকার নিশ্চয়ই আছে। কি যে দামে বিক্রী করতে পারে মালিকেরা খুসী হন সেই দামে বিক্রী করতে পারছেন না, এইজন্যই এই অবস্থার উদ্ভব হয়েছে যে দামে বিক্রী করতে পারলে মালিকদের লাভ হয় সেই দামে বিক্রী হচ্ছে না বলে মালিকেরা সেগুলি জমিয়ে রাখছেন, অত্যন্ত অন্যায় কথা।

আজকে এসব দৃষ্টিভঙ্গীর কথা। শিল্পে শান্তির প্রস্তাব কোন টেকনিক্যাল জিনিস ন কিছু বুড়ি ছুইয়ে যাবার জিনিস নয়। অর্থাৎ বুড়ি ছুইয়ে দেখলাম যে এই দেখ ঠিক করেছি এটা তা নয়। এটা হচ্ছে দৃষ্টিভঙ্গীর কথা। দেশরক্ষা করবার যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গ নিয়ে যদি কাজ করি তাহলে শিল্পে শান্তি প্রস্তাবের মানে বুঝতে পারি। আজকে শ্রমিক সব জায়গায় রাজী আছেন তাঁরা কোন জায়গায় বিরোধিতা করছেন না—তাঁরা শিল্পে শান্তি প্রস্তাব পাশ না হলেও বিরোধিতা করতেন না। কিন্তু মালিকরা কি করেছেন তার যে তালিব সেসব শ্রদ্ধেয় নরেন সেন মহাশয় যথেষ্ট দিয়েছেন, অন্যান্য মাননীয় সদস্যরা যথেষ্ট দিয়েছে আমি আর অন্য তালিকা দেব না। কারণ নরেনবাবু এবং আমি একই সংগঠনে কাজ করি আমাদেরও ঐ লিস্ট ওসব আমাদের ওখানকার লিস্ট। উনি আর আমি একসঙ্গে আছি। কিন্ত আমি তার সঙ্গে ২।১টা আরও যোগ করব। যেমন আমি চা-বাগানের কথা বলব। চিলৌনি বলে একটা টি এস্টেট আছে—সেটা হচ্ছে মেটেলী এলাকায়। সম্প্রতি সেখানে একজন ম্যানেজা এসেছেন—তিনি যে আগে কোন দেশে ছিলেন বোঝা যাচ্ছে না—তিনি এসে এমন ব্যবহার করছে তাতে তিনি যে-কোন সভ্যদেশে ছিলেন বলে মনে হয় না। শোনা যাচ্ছে, তিনি না কি কাছাড়ে কোথায় ছিলেন। কাছাড়ের যে অবস্থা সেটা আমাদের বাংলাদেশের সকলে জানেন না। কাছাড়ে অবস্থা হচ্ছে তাদের গলা টিপে মারার মত অবস্থা। সেখানে গলা টিপে মেরে বলে ম্যালেরিয় হয়েছে। যিনি ওখান থেকে এসেছেন তিনি যে ঐরকম করবেন তাতে আশ্চর্য কিছু নেই তিনি এসে ১৬ জনকে ছাটাই করলেন, বাকীদের ভয় দেখালেন, নানারকমের সন্ত্রাস সৃষ্টি করছেন এইরকম অবস্থা হচ্ছে চিলৌনী টি এস্টেট যেটা মেটেলী এলাকায় অবস্থিত—এটা ভুটান সিকিমের মাঝামাঝি জায়গায় আছে। শ্রমিকদের উপর যে অত্যাচার হচ্ছে সেকথা থেকেও আর চেয় বেশি বড় কথা হচ্ছে যে শ্রমিকরা যারা সেখানে কাজ করে এবং সেখানে যারা পাবলিক আ তারা জিনিসটাকে কিভাবে নিচ্ছে সেটা জানা দরকার। দেশরক্ষার ইচ্ছা যেখানে তাদের প্রব তখন তাদের সেই ইচ্ছাকে এইরকম ধরনের কার্যকলাপ মালিকপক্ষের তরফ থেকে আরও বেশি জোর দিচ্ছে না, দুর্বল করছেন সেটা চিন্তা করে দেখবার কথা, দৃষ্টিভঙ্গীর কথা। আমি আর বলব যে নবেম্বর মাসের শেষের দিকে যখন আমি ডুয়ার্স অঞ্চলে গিয়েছিলাম, তখন শান্তি

প্রস্তাব পাশ হয়ে গেছে, সেই সময় গিয়ে দেখি যে কুমারগ্রাম থানায় চুনিয়াঝোরা বলে একটা চা-বাগানে শ্রমিকরা মাইনে পাননি। এখানে মাইনে না পাওয়াটা একটা নূতন কথা নয়—এটা একটা ক্রনিক এফেয়ার। সেখানকার জন্য আমরা বারবার জানিয়েছি, কিন্তু কোন ফল হয়নি। মালিকরা সেই একই জিনিস করছেন অর্থাৎ মাইনে তাঁরা দেননি। তারপর এখানে অনেক বড় বড় লোককে ধরে, কর্তৃপক্ষের কাছে বলে গভর্নমেন্ট নয়, মালিক কর্তৃপক্ষের কাছে বলে কোন রকমে সেটার একটা সুব্যবস্থা হয়েছে বলে শুনেছি। কিন্তু এই জরুরী অবস্থার ভেতর ভিকটিমাইজ কিংবা অন্য বড় কথা ছেড়ে দিয়ে তারা যে কাজ করছে তার জন্য তারা মাইনে তো পাবে, কিন্তু তা তারা পায়নি। চুনিয়াঝোরা টি এস্টেট কুমারগ্রাম থানায় সেটা ভুটানঘাট, বক্সারদুয়ার যেখান দিয়ে ভুটানের রাজধানীতে ঢোকা যায় সেইরকম জায়গার কাছাকাছি। সেখানে গিয়ে শুনলাম যে চালের দাম অত্যধিক বেশি। একে শ্রমিকরা মাইনে পান না তাতে সেখানে চালের দাম বাড়িয়ে দেওয়া হয়েছে। অন্য সমস্ত জায়গায় যেখানে ২৮।২৯।৩০।৩১ টাকা সেই সময় সেই চুনিয়াঝোরা এলাকায় চালের দাম হচ্ছে ৪০ টাকা। আমি তখন সেখান থেকে মুখ্যমন্ত্রীর কাছে টেলিগ্রাম করাতে এখন খানিকটা কমেছে এবং অবস্থা একটু ভাল হয়েছে বলে শুনেছি। কিন্তু একি মালিকদের মনের ভাব। অদ্ভুত একটা অবস্থা সেসব জায়গায়। আমি আর বেশি চা-বাগান এলাকার কথা বলব না। একদিকে আমি দেখলাম যে শ্রমিকরা কিভাবে কাজ করছেন, ভীত সন্ত্রস্ত হচ্ছে না, দেশরক্ষা করবার জন্য সমস্ত রকম কাজ করছে আবার এদিকে দেখছি যে মালিকরা কি করেছেন। এর মধ্যে মালিকরা এক ধুয়া তুলে দিলেন

[2-50—3 p.m.]

যে আমরা হাইপথেকেশন অব ক্রপস্‌এর উপর যে টাকা পেতাম ব্যাঙ্কের কাছ থেকে তা পাচ্ছি না। অতএব আমরা ব্যবসা চালাতে পারবো না। ব্যাঙ্কের কাছে খবর নিয়ে জানলাম যে কথাটা সত্যি নয়। এখন কার কথা বিশ্বাস করবো। হাইপথেকেশন অব ক্রপসের উপরে টাকা না পেলে কোন প্ল্যানটেশন চলতে পারে না, কোন ইন্ডাস্ট্রি চলতে পারে না সবাই জানে তা। এখন যে অবস্থা আছে তাতে হাইপথেকেশন অব ক্রপস্‌এর উপরেই তাদের টাকা যোগাড় করে চালাতে হয় ব্যবসা। কিন্তু তাঁরা হঠাৎ হৈচৈ করে রটিয়ে দিলেন যে আমরা টাকা পাচ্ছি না, ব্যাঙ্ক প্যানিকি হয়ে গিয়েছে আমাদের পয়সা দিচ্ছে না। ব্যাঙ্কের কাছে খবর নিয়ে জানলাম যে সম্পূর্ণ মিথ্যা কথা আমরা টাকা মোটেই বন্ধ করিনি, ওঁরা আমাদের বদনাম করবার জন্যে এইরকম করছে। আমরা জানতাম যে, 'ডগ ডাজনট ইট ডগ', কুকুরে কুকুরের মাংস খায় না। অর্থাৎ মালিক মালিকদের সঙ্গে ঝগড়া করে না, অন্ততঃ প্রকাশ্যভাবে করে না, কিন্তু সেকথা সত্যি নয় দেখা যাচ্ছে যে 'ডগ ডাজ ইট ডগ', মালিকরা মালিকদের সঙ্গে ঝগড়া করে। এবং এই ঝগড়ায় আমাদের সুযোগ না দিয়ে আমাদের ক্ষতি করছে।

আমি চা-বাগান ছেড়ে আসছি কয়লা খাদের দিকে। কয়লা খাদের যে অবস্থা, সেখানে ওয়েজ বোর্ড বসেছে বটে, কিন্তু সেখানকার লোকেরা আজকে যে বোনাস কমিশন চলেছে তার সামনে তাঁরা কি বলেছেন? তার সামনে বলেছেন যে কয়লা খাদের শ্রমিকদের তরফ থেকে কোনদিন বোনাস চাওয়া হয়নি। বোনাস ডিস্পিউট কোনদিন তোলা হয়নি। সর্বৈব মিথ্যা কথা। তাঁরা এই বলে কি করে কয়লা খনির শ্রমিকদের বোনাস থেকে বঞ্চিত করা যায় তার তালে আছেন। জরুরী অবস্থার কথা তাঁদের একবারও মনে হচ্ছে না। চটকলের মালিকরা লিখেছেন, তারা তো শীর্ষস্থানীয় তাদের কথা আর বলবার কিছু নেই, এই জরুরী অবস্থায় তারা জুট গ্রোয়ারদের, চাষীদের যত কম করে পারে দাম দেওয়া যায় তা তাঁরা করছেন। ফ্লোর প্রাইস যে কোথায় গিয়েছে তা কেউ জানে না। কত কম দাম দিয়ে চাষীদের বিট ডাউন করা যায় সেইটার তালে তাঁরা আছেন। এবং সেখানে তাঁরা ৮ টাকা মণ পর্যন্ত জুট কিনেছেন, কাঁচা মাল কিনেছেন শোনা যাচ্ছে। বোঝবারও উপায় নেই কোথায় কি কিনছেন। এখন এই যে অবস্থা এই অবস্থায় চট-কলের মালিকরা কি বলছেন? তাঁরা বলছেন বোনাস কমিশনের সামনে, ঠিক তাঁরা যে বলেছেন তা নয়, মানে মালিকপক্ষের অর্গানিজেশন বলেছেন যে চটকলে কিছুতেই বোনাস দেওয়া যায় না, অসম্ভব কথা। কেন? না কোন বৎসরে তাঁরা ভয়ানক ক্ষতি করেন এবং গত বৎসর তাঁরা অসম্ভব চড়া দামে পাট কিনেছেন সারা বৎসর ধরে তাতে তাঁদের বড্ড লোকসান হয়ে গিয়েছে। আমরা জানি না তাঁরা কি চড়া দামে কাঁচা মাল কিনেছেন, তা আমাদের খবর নেই, আমরা যা জানি তাঁরা

কখনও চড়া দামে কেনেন ঠিকই সেও তাঁদের নিজেদের ইচ্ছায়। চটের যে ব্যবসা সেটা দেখু সবাই জানেন তবুও বলছি, যে চট কেনেন তিনি এক ভাই, ছোট ভাই পাট কেনেন, কাঁচামা কেনেন, সেজভাই ফরওয়ার্ড মার্কেটিং করেন, মেজভাই জুট মিল চালান, আর বড়ভাই লন্ড এবং নিউ ইয়র্কের সঙ্গে ব্যবসা করেন। এই যে চলছে ৪।৫ ভাই মিলে, সেজভাই বললেন ছোটভাই কাঁচামাল কিনছো কম দামে কেন কিংবা দাম বাড়াও নইলে আমাদের সুবিধা হবে ন যখন যেটা তাঁদের সুবিধা তখন সেটাই তাঁরা করছেন। ৪।৫ ভাই মিলে এইভাবে চালাচ্ছেন এই যে অবস্থা এই অবস্থায় তাঁরা আবার আর একটি রূপ নিয়েছেন আজকাল। তাঁরা বলছে যে ইন্ডাস্ট্রিয়াল লেবার সব কিছু নিয়ে গেল, শিল্পে যারা কাজ করে সেই যে লোকগুলো তা সব নিয়ে গেল দেশের ধনদৌলত, আর বেচারা গরীব চাষী তারা কিছুই পেলো না। তাঁদের এ এক মুখোস হচ্ছে আজকাল। গরীব চাষীদের জন্য তাঁদের মন কাঁদতে আরম্ভ করেছে। তাঁ বক্তৃতায় বলছেন, মেমোরান্ডাম লিখছেন যে গরীব চাষীদের জন্য আমাদের হৃদয় বিগলিত হ যাচ্ছে। অথচ এই গরীব চাষীরাই কাঁচামাল তৈরি করে চটকলের জন্য সেখানে তাঁদের হৃদ বিগলিত হচ্ছে না ৮ টাকা মণে কাঁচামাল কিনতে। এই যে একটা অবস্থা, এই যে দৃষ্টিভঙ্গী সেই দেশকে যে আমরা রক্ষা করবো কাদের জন্য রক্ষা করবো? আমাদের দেশের যারা গরী আমাদের দেশের যারা মেহনতী লোক, আমাদের দেশের যারা শ্রমিক, আমাদের দেশের যারা চাষ তাদের জন্য আমরা দেশকে রক্ষা করবো। কিন্তু দেশকে আমরা রক্ষা করতে গিয়ে জনাকত লোক যারা এই জরুরী অবস্থার কালে টাকা করে নিতে গিয়েছেন তাদের রক্ষা করবার আমাদে কোন দুরভিসন্ধি নেই। এই যে জিনিস, এই দৃষ্টিভঙ্গী প্রকাশিত হয়েছে আমাদের ৩ নবেম্বরের প্রস্তাবে। কিন্তু সেই দৃষ্টিভঙ্গী কেউ রক্ষা করছেন না। আমি আরে বলবো যে, সরকার যে লেবার ডাইরেক্টরেট করেছেন এবং আমাদের এখানে যে লেবার ডাইরেক্টরেট ফাংশন করে, সেখানকার কর্মচারীদের সঙ্গে, সেখানকার বড় ব অফিসারদের সঙ্গে, সেখানকার সেই দপ্তরের মন্ত্রীর সঙ্গে আমাদের কোন ব্যক্তিগত ঝগড়া নেই আমরা তাঁদের শ্রদ্ধা করি, তাঁরা আমাদের বন্ধু, তাঁরা ইচ্ছা করে কোন খারাপ কাজ করছেন এ আমি বলি না। যে সমস্ত বক্রোক্তি তাঁদের বিরুদ্ধে হয়েছে আমি সেগুলি মানি না। আমি বলি সিসটেম যেটা সেটা হচ্ছে দোষী। যে সিসটেমে কাজ চলছে সেই সিসটেম চলতে পারে না আজকে যে লেবার ডাইরেক্টরেট, শ্রমদপ্তর, তাদের হাতে কোন ক্ষমতা নেই, তারা কিছু করতে পারে না। তাঁরা ডাকতে পারেন, তাঁরা বসাতে চাইতে পারেন, না আসলে কিছু করতে পারেন না। মালিকরা প্রায়ই আসেন না। এখানে আমার বন্ধু নরেনবাবু বললেন ক্যালটেক্সের একটি শ্রমিকের কথা। সেখানে মিঃ রায়েন সাহেব আমাকে নিজে মুখে কথা দিয়েছিলেন, আপনি ভাববেন না একে আমরা কিছু করবো না। কিন্তু যেই জরুরী অবস্থা শুরু হয়েছে অমনি তাকে ছাঁটাই করে দেওয়া হয়েছে, ডিসমিস করে দেওয়া হয়েছে। আমার কাছে তিনি কথার খেলাপ করেছেন। তাঁকে ডাকা হয়েছে, আর্বিট্রেশনের কথা বলা হয়েছে, তিনি তাতে রাজী হননি। অথচ এরই মধ্যে আমাদের কাজ করতে হবে, এরই মধ্যে আমাদের দেখতে হবে সব আমি শ্রমদপ্তরকে অনুরোধ করছি যে, টি প্ল্যানটেশন এরিয়া একটা বিরাট এলাকা সেখানে সবাইকে কনসিলিয়েশনের জন্য জলপাইগুড়িতে আসতে হয়, তার মানে যারা সংকোষে থাকে তাদের জলপাইগুড়িতে আসতে ১৪০ মাইল আসতে হয় এভাবে কি করে চলতে পারে। আপনার আরো একটি দপ্তর বসান বিন্নাগুড়িতে, যেখানে হচ্ছে আই, টি, এ র হেড কোয়ার্টার্স। আজ পর্যন্ত চিঠির যা জবাব পেয়েছি তা হচ্ছে, ইট ইজ ফর লুকড ইনটু কিন্তু সেটা এক সপ্তাহের মধ্যে করে দেওয়া যায় বলে আমার বিশ্বাস, কিন্তু তাঁরা তা করেন না। অথচ আমরা শিল্পে শান্তিরক্ষা করবো। কি করে করবো? প্রত্যেকবার আমরা কি করে জলপাইগুড়িতে আসবো তা সম্ভব নয়। আমি তাঁদের অনুরোধ করি যে এদিকে তাঁরা দেখুন। আমি জবাব পেয়েছি ঠিকই কিন্তু কোন কাজ হয়নি। সেখানে যে তাড়াতাড়ি করা হবে, তাড়াতাড়ি আমাদের একটা আর্বিট্রেশনের ব্যবস্থা করা হবে, আজ পর্যন্ত কোন কেস আমরা আর্বিট্রেশনে দিতে পারিনি হয় মালিকপক্ষ রাজী হন না আর না হয় শ্রমদপ্তর থেকে যথেষ্ট তাড়াতাড়ি কাজ করা হয় না। এমন করে তাঁরা কাজ করুন যাতে শিল্পে শান্তির যে আসল জিনিস, ইন্ডাস্ট্রিয়াল ট্রুসের যে স্পিরিট, সেটা যাতে রক্ষা হয়। কোন টেকনিক্যাল ব্যাপার নয়, কোন বুড়ী ছোঁয়ার ব্যাপার নয় যে আমি এটা করে দিয়েছি অতএব এটা হয়ে গিয়েছে। আমি শেষকালে আপনাদের বলি, আপনার মাধ্যমে সদস্যদের বলি যে অনেক দল আছেন আমাদের দেশে যাঁরা মৌখিক

শিল্পে শান্তি রক্ষা করতে চাচ্ছেন, যারা যুদ্ধ প্রচেষ্টাকে স্বার্থক করতে চাচ্ছেন কিন্তু সব সময় তা দেখা যায় না। আমার একটা অভিজ্ঞতা আছে সেটা হচ্ছে ডক শ্রমিকদের ব্যাপার। ডক শ্রমিকদের কাছ থেকে, যাদের আমরা স্টিভেডর অ্যান্ড ডক ওয়ার্কার্স বলি, তাদের কাছ থেকে নবেম্বর মাসে যখন টাকা তুলতে যাওয়া হল, আমি জানি সেখানে দলাদলি আছে সেইজন্য আমরা নিজেরা টাকা তুলতে যাই নি, সেখানে আমরা প্রস্তাব পাশ করে তাদের ডাইরেক্টরেটকে দিয়ে টাকা তোলাতে গিয়েছিলাম, সেইখানে দাঁড়িয়ে ক্যালকাটা ডক ওয়ার্কার্স কমিটি বলে একটি কমিটি তৈরি হয়েছে, একটি ইউনিয়ন তৈরি হয়েছে, তারা যে কি করে রেজিস্টার্ড হল তাও আমি বুঝি না, কিন্তু তারা রেজিস্ট্রেশন পেয়ে গিয়েছে বাংলা সরকারের কাছ থেকে,

[3—3-10 p.m.]

সেই যে দলটি তারা সামনে একদল, আবার তাদের পেছনে পরামর্শদাতা হচ্ছে আর একদল। সামনে দেখলে মনে হবে যেন তারা কমুন্যাল, পেছনে খবর নিলে দেখা যাবে যে কমুন্যালের 'অল' বদলে গিয়ে আই-এস-টি হয়ে গেছে, পরামর্শদাতা দাতা হচ্ছেন তাঁরা; আর কাজ করছে এঁরা। এরা নিজেরা দাঁড়িয়ে বলছে চাঁদা দিও না, টাকা পয়সা দেবার প্রয়োজন নাই। ওরা একদিনের রুজি-রোজগার চাচ্ছে, তোমরা আমাদের কাছে এক টাকা করে দাও, তাহলে হয়ে যাবে। এই বলে বেড়াচ্ছেন তারা টাকা তুলতে সম্পূর্ণ বাধা দেন নাই। কিন্তু একদিনের রুজি-রোজগারের জায়গায় অর্থাৎ যারা ডকার ৮৸০ আনা পর্যন্ত একদিনে পয়সা পায়, আর সবচেয়ে নিম্নতম হচ্ছে ৪৸০ আনা, অনেক জায়গায় তাঁরা এক টাকা করে চাঁদা দিয়েছেন। কিন্তু যাঁরা সত্য সত্যই ভালবাসেন সরকারকে ও দেশকে, ভালবাসেন যেমন আমাদের ইউনিয়ন তাঁরা একদিনের রুজি-রোজগার দিয়েছেন এবং তাতেই আট হাজার টাকার উপর আদায় হয়েছে। এঁরা যদি বিরোধিতা না করতেন, তাহলে অন্ততপক্ষে কুড়ি হাজার টাকা সেখান থেকে আদায় হতো। দাঁড়িয়ে বিরোধিতা করলে সবাই জোর করে টাকা দেয় না। তবু যারা দিয়েছে, তাতেই আট হাজার টাকা মত হয়েছে। শেষকাল পর্যন্ত সেটা প্রায় দশ হাজার টাকায় দাঁড়িয়েছে। এই যে দলটি এবং এই যে লোক যাঁরা এইরকম করেছেন, তাঁদের অনুরোধ করবো যে তাঁরা একরকমভাবে কাজ করুন। এখানে এসে এক কথা বলবেন, অন্য জায়গায় গিয়ে আবার অন্য কথা বলবেন। অন্যরকমভাবে সমস্ত কান্ড-কারখানা করবেন পয়সা দেবেন কিন্তু এক টাকার জায়গায় দশ নয়া পয়সা দেবেন এ সমস্ত যেন তাঁরা না করেন, তাহলে শিল্পে শান্তি রক্ষা করা খুবই শক্ত হবে। কাজেই একদিকে শ্রমিকরা, একদিকে গভর্নমেন্ট, আর একদিকে মালিক, আর একদিকে রাজনৈতিক দল। এইসব দলগুলোর এই যে বিশেষ দৃষ্টিভঙ্গী দেশকে রক্ষা করতে হবে। যাই হোক না কেন আমাদের দেশকে রক্ষা করতে হবে। এই যে দৃষ্টিভঙ্গী- দুড়ি ছোঁয়ার দৃষ্টিভঙ্গী নয়, একটুখানি জায়গায় গিয়ে ছুঁয়ে দিলাম। এই তো আমার কথা রক্ষা করেছি। তারই জন্য শিল্পে শান্তি প্রতিষ্ঠার ব্যবস্থা হয়েছে এই প্রস্তাবের মধ্যে যাকে সফল করতে হবে। কাউকে আমি গালাগালি করতে চাই না। তাদের অনুরোধ করছি যারা সব মালিকপক্ষের লোক শুনছেন কিংবা শোনবার জন্য এখানে লোক পাঠিয়েছেন তাঁদের বলতে চাই দেশকে আজকে আগে রক্ষা করুন, তারপর অন্য কথা চিন্তা করবেন। আমরা দেশকে উদ্ধার করবো। আজ অন্য কথা চিন্তা করবার সুযোগ নাই, সময়ও নাই। এ যদি আমরা না করি তাহলে চিরকালের জন্য ইতিহাসে আমাদের নাম কালিমাময় হয়ে লেখা থাকবে।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় যে প্রস্তাব এনেছেন, তার তিনটা সংশোধন প্রস্তাব এসেছে। অবশ্য সেই সংশোধন প্রস্তাবগুলোর বক্তব্যের মধ্যে খুব বেশি মতপার্থক্য নেই। মূল বক্তব্যকে ভালভাবে ফুটিয়ে তুলতে গেলে আমি মনে করি নরেনবাবুর সংশোধন প্রস্তাব গৃহীত হলে বোধহয় আমাদের বক্তব্যটা স্পষ্টভাবে তুলে ধরা যায়। কাজেই সেই সংশোধন প্রস্তাবটা সমর্থন করতে উঠে আমার বক্তব্য এখানে রাখছি।

ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন গৃহীত হয়েছে—মালিকপক্ষ, শ্রমিকপক্ষ এবং গভর্নমেন্টপক্ষ উপস্থিত থেকে। তার প্রধান কারণ আমাদের দেশ চীন কর্তৃক আক্রান্ত হবার ফলে দেশের মধ্যে এই যুদ্ধটাকে সামগ্রিক যুদ্ধে পরিণত করবার জন্য আমাদের দেশে শ্রমিকদের সহযোগিতা আবশ্যিকভাবে প্রয়োজন এবং তাদের সহযোগিতা নেবার জন্য এই প্রস্তাব পাস করা হয়। আমরা

দেখেছি কার্যতঃ এই সহযোগিতা শ্রমিকদের তরফ থেকে স্বতঃস্ফূর্তভাবে এসেছে এবং শ্রমিকরা সংহতভাবে এই প্রস্তাবের পিছনে এসে দাঁড়িয়েছে। কিন্তু আমরা কয়েক মাস অভিজ্ঞতার ভেতর দিয়ে দেখলাম মালিকপক্ষ এই প্রস্তাবটা কার্যকরী করার ব্যাপারে অন্য দৃষ্টিভঙ্গী নিয়ে জিনিসটা দেখছেন। তাঁরা মনে করেন আজকে শ্রমিকরা এই প্রস্তাব মানতে বাধ্য হচ্ছে। আমি অনেক জায়গায় শুনেছি মালিককে বলতে আর ছো ছো করা চলবে না, তাহলে তারা ইন্ডিয়া ডিফেন্স রুলস-এর কবলে পড়বে। অর্থাৎ তাঁরা মনে করেন ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন শ্রমিকরা মানছে—তার একমাত্র কারণ হচ্ছে এই ইন্ডিয়া ডিফেন্স রুলস আছে বলে। মালিকদের দৃষ্টিভঙ্গী হচ্ছে আজ এই।

আজকে আমাদের দেশকে রক্ষা করবার জন্য প্রোডাকশন শ্রমিকদের জোর করে বাড়াতে হবে। এবং তার জন্য ইন্ডিয়া ডিফেন্স রুলস্ এবং ইন্ডিয়া ডিফেন্স এ্যাক্ট তৈরী হয়েছে। এতে তাঁরা জোর দিতে চান। এটা যে দুই পক্ষ বসে দেশের স্বাধীনতা রক্ষার জন্য, দেশের স্বার্থের জন্য নিজেদের স্বার্থ ত্যাগ করে এই যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে, এবং তার জন্য শিল্পে শান্তি রাখার প্রয়োজন, সেই দৃষ্টিভঙ্গী সরকার পক্ষ থেকে নেই। তার কারণ হচ্ছে, আমরা দেখেছি এই প্রতিরক্ষা তহবিলে দানের মধ্য দিয়ে সেটা আরও পরিস্ফুট হয়ে উঠেছে। মাননীয় স্পীকার মহাশয়, শ্রমিকদের ভিতর থেকে স্বতঃস্ফূর্তভাবে, যেভাবে তারা গরীব মানুষ, তাদের একদিনের রুজিরোজগার এই প্রতিরক্ষা তহবিল ফান্ডে দিয়েছেন, আমি জিজ্ঞাসা করি, মালিকরা ইন্ডিভিজুয়ালী সেইভাবে সাড়া দিয়েছেন কিনা? এই কথার স্পষ্ট জবাব হচ্ছে এই—মালিকরা সেইভাবে সাড়া দেন নি। যেকথা শৈলেনবাবু বললেন যে ইনকাম-ট্যাক্স বাঁচাবার জন্য তাঁরা কোম্পানীর তরফ থেকে কিছু টাকা প্রতিরক্ষা তহবিল ফান্ডে দিয়েছেন। ব্যক্তিগতভাবে মালিকদের পক্ষ থেকে যদি সেইভাবে সাড়া আসত, তাহলে ভারতবর্ষে শত শত কোটি টাকা প্রতিরক্ষা তহবিলে জমা হ'ত, এবং প্রতিরক্ষা তহবিল ভর্তি হয়ে যেত। যাই হোক, সেদিক দিয়ে বোঝা যাচ্ছে মালিকদের দেশভক্তিটা কতখানি, এবং এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলুশান এক্সিকিউট করার ব্যাপারে তাঁদের কতখানি উৎসাহ। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমরা আর একটা জিনিস দেখছি। আমরা দেখছি যে এই ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলুশান মালিকের পক্ষ থেকে রক্ষা করা তো হচ্ছেই না, বরং ট্রুস রেজলুশানগুলি ভঙ্গ করছেন। যে কথা বিভিন্ন বক্তারা রেখেছেন এই হাউসের সামনে, আমিও সেইভাবে রাখতে পারি যে বিভিন্ন জায়গায় ছাঁটাই হচ্ছে, এবং এই ছাঁটাই রোধ করবার ব্যাপারে সরকার পক্ষ থেকে বিশেষভাবে প্রচেষ্টা হচ্ছে বলে আমরা দেখতে পাচ্ছি না। আমি উদাহরণ দিয়ে বলছি স্টিয়ার্টস য়্যান্ড লয়েডস্ কোম্পানীর হাইড রোডে যে কারখানা, সেই কারখানায় সামান্যতম ছুতো দিয়ে দুজন ট্রেড ইউনিয়ন ওয়ার্কারকে ছাঁটাই করা হয়েছে। কেন করা হয়েছে? যেইমাত্র জাতীয় জরুরী অবস্থা ঘোষণা করা হল সঙ্গে সঙ্গে ওঁদের ধারণা হল এখানে এই যে ইউনিয়নটা হয়ে আছে, অর্থাৎ আমাদের পার্টির তরফ থেকে, অর্থাৎ ফরওয়ার্ড ব্লক পার্টির পক্ষ থেকে ঐ ইউনিয়নটা হয়ে আছে, অতএব এই ইউনিয়নটাকে ভাঙতে হবে, কারণ তাঁদের দৃষ্টিভঙ্গী তাঁরা মনে করেন কম্যুনিস্টদের মত। সেইজন্য সেটা ভাঙ্গবার জন্য, আমাদের উপর আঘাত প্রথম শুরু হল। কিন্তু তারা আগে এরকম করতে সাহস পায় নি। কারণ, আগে তারা জানত যে যদি এইভাবে রিট্রেঞ্চ অর ডিসমিস করা হয় কোন ওয়ার্কারকে, তাহলে সেই কারখানার মধ্যে অশান্তি হবে, স্ট্রাইক হবে, ডিমনস্ট্রেশন হবে। আজকে তারা দেখতে পাচ্ছে এই দুইজন ট্রেড ইউনিয়ন ওয়ার্কারকে যদি ছাঁটাই করে দিই তাহলে সেখানে স্ট্রাইক হবার ভয় নেই। কারণ আজ ইন্ডিয়া ডিফেন্স রুলস্ রয়েছে, তাই তাদের ডিমনস্ট্রেশন-এর ভয় কম। সেইজন্য তাঁরা আজ এই অস্ত্র প্রয়োগ করেছেন। আমি পশ্চিমবঙ্গ সরকারকে জিজ্ঞাসা করি আজকে স্ট্রাইক শ্রমিকরা করবে না, কোন রকম গোলযোগ, গো স্লো বা ডিমনস্ট্রেশন শ্রমিকরা করছে না, কাজেই তাদের হাত থেকে এই সমস্ত হাতিয়ারগুলি কেড়ে নেওয়া হচ্ছে। কিন্তু মালিকদের পক্ষ থেকে যে অত্যাচার, সেই অত্যাচারের হাত থেকে শ্রমিকদের রক্ষা করবার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন? অনেক কিছু প্রস্তাব তাঁরা দিয়েছেন, আমি জিজ্ঞাসা করতে চাই আজ পর্যন্ত সরকার পক্ষ থেকে কি এফেক্টিভ্ স্টেপ্ নেওয়া হয়েছে এই রিট্রেঞ্চমেন্ট এবং ডিসমিস্যাল শ্রমিকদের উপর, বন্ধ করবার জন্য?

[3-10—3-30 p.m.]

আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করি সমস্ত পশ্চিমবঙ্গে আজকে কাপড় জমে গিয়েছে এই অজুহাতে বেশির ভাগ কটন মিল উইভিং সেক্সন বন্ধ করে দিয়েছে, ওয়ার্কারদের লে অফ করে দেওয়া হচ্ছে অথবা অন্য কোন কারণে। আমাদের হাওড়ার জেঠিয়া কটন মিল সম্পূর্ণরূপে বন্ধ করে দিয়েছে, ওয়ার্কারদের লে অফ করা হয়েছে, ছাঁটাই করা হয়েছে, কটন উইভিং বন্ধ করে দিয়েছে, এবং প্রাসঙ্গিক অন্যান্য ওয়ার্কিং বন্ধ করে দিয়েছে, ফলে ২৫০ জন কর্মীকে ২ মাসের জন্য লে অফ করা হয়েছে। আইনতঃ ১½ মাস করা চলে, ১½ মাসের পর শ্রমিকদের বেতন চুকিয়ে দিয়ে তাদের ডিসমিস্ করতে হবে অথবা তাদের কার্যে পুনর্বহাল করতে হবে। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই এই ৪৫ দিন বাদে মালিকপক্ষ কি এই নীতি কার্যে পরিণত করেছেন? শ্রীমতী মৈত্রেয়ী বসু মহাশয়া বলেছেন প্রোডাকশন বাড়ানো শ্রমিকদের হাতে নয়। আজকে পশ্চিমবঙ্গে এই যে বস্ত্র উৎপাদন বন্ধ রয়েছে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি করছেন? ভাতের পর প্রয়োজন কাপড়ের, সেই অত্যাবশ্যক কাপড়ের উৎপাদন বৃদ্ধির জন্য পশ্চিমবঙ্গ সরকার কি করছেন? এই যে হাজার হাজার কর্মী ছাঁটাই করা হয়েছে, লে অফ করা হয়েছে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি করছেন? আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে এটুকু শুধু বলতে চাই প্রোডাকশন বাড়াতে হবে একথা বল্লেই হবে না। প্রোডাকশন বাড়ানো শ্রমিকদের হাতে নয়, এটা সম্পূর্ণরূপে নির্ভর করে মালিকদের উপর। শ্রমিকরা যদি কাজ না করতে চায় তাহলে হতে পারে। মালিক পক্ষ থেকে এমন কোন কমপ্লেন্ট মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে এসেছে কি যে, আমরা সমস্ত সুযোগ করে দিচ্ছি, কিন্তু শ্রমিকরা কাজ করছে না। আমি মনে করি একথা প্রমাণিত হবে বাংলাদেশের শ্রমিকসমাজ ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশান অনুযায়ী দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে এগিয়ে আসতে আরম্ভ করেছে, অন্য দিকে ইণ্ডাস্ট্রিয়ালিস্ট এবং ক্যাপিটালিস্ট-রা নিজেদের স্বার্থের দিকেই শুধু দৃষ্টি রেখে চলেছেন। সেজন্য আমি বলব, নরেনবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের মধ্যে যে পার্টটা সবচেয়ে বড় to ensure that no case of retrenchment, discharge or dismissal may take place without the prior approval of the West Bengal Government.

আমরা এটা চাই। আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, আপনি শ্রমিকদের হাত থেকে ডাইরেক্ট আকশন এর ক্ষমতা কেড়ে নিয়েছেন। কিন্তু তারা যাতে বিক্ষুব্ধ না হয় এটাও দেখতে হবে আপনাকে। অন্ততঃ এটুকু করতে হবে, প্রত্যেক মালিককে বলতে হবে যদি রিট্রেঞ্চ করো, যদি ডিসমিস করো তবে গভর্নমেন্ট থেকে প্রায়র আপ্রুভাল নিতে হবে, এর জন্য যদি লেজিসলেশন করার প্রয়োজন হয় তাও করতে হবে। দেশরক্ষার জন্য শ্রমিকেরা আজকে যেভাবে এগিয়ে এসেছে, যেভাবে তারা ত্যাগস্বীকার করছে তাতে যদি তারা দেখে মালিকপক্ষ থেকে তাদের উপর অত্যাচার হচ্ছে এবং গভর্নমেন্ট তাতে চুপ করে আছেন তাহলে তাদের মনের উপর কি প্রতিক্রিয়া হবে সেকথা ভেবে দেখবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। সেজন্য আমি বলতে চাই, আজ যখন একটা সংহতির ভিতর দিয়ে সমস্ত শ্রমিকসমাজ এগিয়ে এসেছে আপনারা যদি সেই জিনিস বজায় রাখতে চান তাহলে মালিকপক্ষকে আপনাদের বলতে হবে যাতে তাঁরা শ্রমিকদের উপর এই অত্যাচার বন্ধ করেন এর জন্য সরকার পক্ষের বিশেষভাবে সচেষ্ট হওয়া প্রয়োজন, এবং দৃঢ়হস্তে এই জিনিস বন্ধ করা দরকার।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-30—3-40 p.m.]

Calling attention to a matter of urgent public importance

The Hon'ble Purabi Mukhopadhyay: Mr. Deputy Speaker, Sir, with reference to the calling attention motion of honourable member Shri Birendra Narayan Ray regarding certain cases of detention under the Defence of India Rules, 1962, I may be permitted to make the following statement.

As regards the first part of the motion, there are now 24 persons in Presidency Jail detained under the Defence of India Rules, who are being

treated as Division II under-trial prisoners as ordered by the State Government. Money, letters or other necessaries meant for them have not been refused. It has, however, been ascertained that in three cases, quilts mattresses, etc., were offered but were not accepted and the position is being looked into. As for the second part of the motion regarding Shri Mohini Roy of Lalbagh, it is not a fact, as has been suggested, that he was detained for reasons of personal enmity. He was detained on 11th December, 1962, with a view to preventing him from acting in a manner prejudicial to the defence of India and civil defence, public safety and maintenance of public order.

NON-OFFICIAL RESOLUTIONS

Shri Jaynaran Sharma:

माननीय उपाध्यक्ष महोदय, माननीय श्री नरेन बाबू ने जो संशोधनी प्रस्ताव सदन के सामने रखा है, मैं उसका अन्तःकरण से समर्थन करता हूँ। माननीय उपाध्य जी आप जानते हैं कि सेन्ट्रल गवर्नमेन्ट ने इस शान्ति प्रस्ताव को लाया है। इन्डस्ट्रियल क्षेत्र में जब यह शान्ति प्रस्ताव आया तो इससे यह अभास मिला था कि देश के अन्दर जो भी इन्डस्ट्रीज हैं वे सब बहुत ही शान्तिपूर्ण ढंग से चलेंगे। और शान्तिपूर्ण ढंग से इन्डस्ट्री चलने के कारण देश का प्रोडक्शन बढ़ेगा। और देश को तरक्की मिलेगी। मगर उस प्रस्ताव के अन्तर्गत जो इण्डस्ट्री मालिक हैं, उन मालिकाना ग्रूपों ने उसका ढाल बनाकर मजदूरों का हनन करना शुरू कर दिया। यह बात सत्य है। कारण रानीगंज कोल-फिल्ड के अन्तर्गत की बात मै कह रहा हूँ, जहाँ पर प्रायः ३०० कोयलरीज है। जिसमें योरोपीयन फर्म और इण्डियन फर्म है। जहाँ पर मेरा अनुभव है। मैंने इस डिफेन्स के समय में देखा है। जिस तरह से मजदूरों के अन्दर साहस और हिम्मत पाया गया, उस तरह का मालिकाना ग्रूपों में कुछ भी आभास नहीं मिला है।

इसका कारण मै आपके सामने रखना चाहूंगा। जहाँ भी योरोपीयन फर्म है, उन कोयलरीज के अन्तर्गत मैंने देखा है कि मजदूरों से जितना भी पैसा पाया गया, वे सभी पैसे ठीक से मजदूरों के नाम से डिफेन्स फण्ड में जमा कर दिया गया। बाद में चन्द कोयलरियों में देखा गया कि उन कोयलरियों के अन्दर नवम्बर के महीने में तैय हुया था कि चार वीक एक तरफा काम किया जायगा। जिसमें रविवार और छुट्टियों के दिन काम होगा। इसमे मजदूरों को पैसा मिलेगा और एक पैसा डिफेन्स फण्ड में दिया जायगा। इसका माने लगा कर देखा गया कि मजदूर वर्ग की आमदनी बढ़ेगी और प्रोडक्शन भी बढ़ेगा। और इस तरह से काम होने पर मजदूरों को पैसा मिलेगा, साथ ही डिफेन्स फण्ड में भी पैसा जायगा।

इसके बाद देखा गया कि इण्डियन फर्मों ने छुट्टियों के दिन काम नहीं करवाया। काम के दिन का पैसा लिया गया। और वह पैसा अमुक मालिक के नाम से जमा किया गया। मजदूरों से पैसा लेकर मजदूरों के नाम से जमा नहीं किया गया। इस तरह का दूषित वातावरण आये दिन देखा जाता है। इस तरह का ढाल मालिकाना ग्रुप ने डिफेन्स फण्ड के नाम पर प्रयोग किया और अपना लाभ उठाया। मजदूरों को जितना भी कष्ट देना चाहा दिया और मालिकाना ग्रूपों के द्वारा मजदूरों को घसीटा गया। और इस तरह का दूषित वातावरण दिन प्रतिदिन बना हुआ है। इसके अलावा बहुत से कल कारखानों में भी इस तरह का वातावरण फैला हुआ है। इससे आज हमारे सेन्ट्रल गवर्नमेन्ट ने जो यह प्रस्ताव रखा है, इस प्रस्ताव के दर्म्यान ऐसा मालूम होता है कि इस प्रस्ताव को लेकर मालिकाना ग्रूप ढोंग करते हैं। और मजदूरों का शोषण करते हैं।

मजदूर अब भी तैयार हैं और डिफेन्स फण्ड में अधिक से अधिक पैसा देते हैं। वे हर समय तैयार हैं और चाहते हैं कि उनसे २४ घन्टा काम लिया जाय। वे काम बन्द नहीं करना चाहते हैं। वे चाहते हैं कि उनके शरीर से डिफेन्स फण्ड के लिए जो भी पैसा मिल जाय वह अच्छा है, और देने के लिए तैयार भी हैं। मगर मालिकाना ग्रूप से यह आभास नहीं निकलता है। जब कि देश के हरतरफ से देश की रक्षा की आवाज आती है। हाल में ही चीफ मिनिस्टर कुल्टी गए हुए थे। वहाँ पर बंगाल कांग्रेस के प्रेसिडेण्ट भी गये हुये थे। वहाँ पर मेरी मुलाकात इन लोगों से हुई थी। इन्होंने कहा कि मजदूर जितना पैसा डिफेन्स फण्ड में देते हैं, उतना मालिकाना ग्रूप नहीं देता है। मजदूर अब भी देश के लिए तैयार हैं और पैसा भी देते हैं, मगर मालिकाना ग्रूप नहीं दे रहा है, क्या बात है? यह आभास प्राय: सभी जगहों से मिलता है।

आज देश में देशसेवा और देश प्रेम की लहर सी फैल गई है। चारों तरफ सभी सम्प्रदाय के लोग देश के नेताओं के हाथ मजबूत करने के लिए आगे बढ़ रहे हैं। मजदूर वर्ग हर तरफ से देश की सेवा में आगे आए हैं। मगर मालिकाना ग्रूप में ऐसा नही देखा जा रहा है। उपाध्यक्षजी, साथ ही साथ हमारे रानीगंज कोल-फिल्ड में कुछ ऐसे मजदूर हैं जो काम करने के लिए तैयार हैं और करते भी हैं। कुछ कोल-फिल्डों के अन्दर काम भी होता है। मगर कुछ ऐसे ग्रुपवाले हैं, जो काम से हटा दिये गए हैं। तो भी वे लोग रहस्यमय बातों का प्रचार करते हैं। वे मजदूरों को भड़काते हैं कि डिफेन्स फण्ड में पैसा जमा मत करो। वे प्रचार करते हैं कि डिफेन्स फण्ड में पैसा देने के लिए काम मत करो। देश का प्रोडक्शन न बढ़े, वे लोग ऐसी भावना पैदा करते हैं, मजदूरों में। इसलिए मैं यहाँ माननीय श्रममंत्री और चीफ मिनिस्टर से यह अनुरोध करता हूँ कि ऐसे समाज-द्रोहियों के ऊपर नजर रखा जाय और ऐसे व्यक्तियों के ऊपर कड़ा एक्शन लिया जाय ताकि दूषित वातावरण का प्रचार मजदूरों में न होने पाये। मजदूरों को गुमराह न किया जा सके। क्योंकि आये दिन यदि नजर न रखा गया तो बड़ी कठिनाई उत्पन्न हो जायेगी। ऐसे शान्त वातावरण को लाना होगा जिससे किसी को भी कुछ कठिनाई न महसूस हो। दिन पर दिन देश की तरक्की करनी है। इसकी उन्नति के लिए प्रयास करना होगा।

शेष में मैं आदरणीय नरेन बाबू ने जो संशोधन प्रस्ताव रखा है, उसका समर्थन करता हूँ। इन्हीं के विचारों पर आदरणीय मैत्रेयी बोस ने भी बहुत जोर दिया है। इस तरह से इस संशोधन प्रस्ताव का समर्थन सभी को करना चाहिए। आगे कहना तो बहुत कुछ था किन्तु समयाभाव के कारण मैं आपसे अपील करता हूँ कि सरकार उन समाज-द्रोही व्यक्तियों पर कड़ी नजर रखे। और साथ ही साथ मालिकाना ग्रूप पर भी ज्यादा नजर रखे। ये लोग मजदूरों को छटाई, डिस्चार्ज आदि केसों में के फँसाकर उनपर तरह-तरह के पुलिस केस करते हैं। इस तरह के कार्य रोजमर्रा होते हैं। इसलिये मैं आपके जरिए श्रम मंत्री से अपील करता हूँ कि इस तरह के व्यापार को वे ध्यानपूर्वक देखें और उसे रोकें। यद्यपि यह सेन्ट्रल गवर्नमेन्ट का व्यापार है, तो भी बंगाल गवर्नमेन्ट के अन्दर रहनेवाले मजदूरों पर कोई ऐसा जुल्म नही होना चाहिए।

इतना ही कहकर मैं इस संशोधन प्रस्ताव का समर्थन करता हूँ।

[3-40—3-50 p.m.]

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস সংক্রান্ত যে প্রস্তাব পাঁচু ভাদুড়ী মহাশয় এনেছেন তার উপর এখানে সংশোধনী প্রস্তাব এসেছে। সেই এ্যামেণ্ডমেন্টগুলির মধ্যে আমি মনে করি নরেনবাবুর প্রস্তাব গ্রহণ করা উচিত। এই যে প্রস্তাব গ্রহণ করা মৈত্রেয়ী দেবী বলেছেন এটা নরম ভাষায় বলেছেন। নরম ভাষায় কেন এর চেয়ে বেশী নরম ভাষায় হলে যদি যে উদ্দেশ্যে প্রস্তাব হয় সেই প্রস্তাব সকলে সর্ববাদীসম্মতিক্রমে তার স্পিরিট বুঝে তার ভিতরকার অর্থটুকু বুঝে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে গ্রহণ করেন তাতেও কাজ হয়। কিন্তু দেখা যাচ্ছে এখানে যত লোক কথা বলেছেন সকলে একটিমাত্র কথা বলেছেন যে শ্রমিক দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়েছেন, মালিকের কাছ থেকে সেই ধরনের দেশপ্রেম পাওয়া যায় না। এই মালিকদের কাছ থেকে যদি দেশপ্রেম না পাই তাদের কাছে কি আমরা নরম কথা বলে তাদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে পারব? এ বিষয়ে উপযুক্তভাবে পরিকল্পনা করার দরকার আছে। কিন্তু তবুও আজকে এরকম একটা রেজলুশন যে মালিক দুর্নীতিপরায়ণ হয়েছে, তাদের মধ্যে দেশপ্রেম নেই, ছাটাই তারা করছেন ছাটাই বন্ধ করা হোক এটা যাদের কাছ থেকে আশা করা যায় না তারা যদি এটা গ্রহণ করেন তাহলে আমরা নরম প্রস্তাব অন্ততঃ গ্রহণ করা হয়েছে বলে মনে করি—নেই মামার চেয়ে কানা মামা ভাল এই মনে করে। মালিকেরা টাকা দেয় না—কতকগুলি উদাহরণ দেখা যাচ্ছে—টাকা যারা দিচ্ছে তাদের একটি চরিত্র এখানে উদ্ঘাটিত করা হয়নি। যারা দিচ্ছেন তাঁরা যে টাকা দিচ্ছেন অফিসারদের বা সরকারী পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিদের সন্তুষ্ট করবার জন্যই অনেক সময় দিচ্ছেন—দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তাঁরা টাকা দিচ্ছেন না এবং শ্রমিকেরা যে অবস্থায় পড়ে আছেন তার মধ্যে যে টাকা দিচ্ছেন তার কোন রিটার্ন আশা করে নয়, আশা করবার সুযোগ-সুবিধা তাদের নেই তবুও যে টাকা দিচ্ছেন সেটা তাঁদের দেশপ্রেমের পরিচায়ক। এই টাকার মাত্রা আরও বেশী হত যদি শ্রমিকদের তরফ হতে আলাদা করে টাকা দেবার ব্যবস্থা হত। আমরা অনেক কোম্পানীর কাছে গিয়েছি যে শ্রমিকদের যে টাকা আদায় হ'ল এটা আলাদা করে দেওয়া হোক—মালিকরা তাতে আপত্তি করেন বলেন এরা তো আমাদের কোম্পানীর অংশ। অংশ বটে, কিন্তু তারা যে একটা জীবন্ত অংশ, তাদের যে চিন্তাভাবনা আছে সেগুলিকে তো তাঁরা আমল দিতে চান না। যদি এটা দিতেন তাহলে দেখা যেত বাংলাদেশের শ্রমিকেরা যেভাবে অর্থ দিচ্ছে, মালিকেরা তার অনেক পিছনে রয়েছে। আমরা তাই বলি এটা সম্পর্কে একটা সুযোগ দেওয়া হোক এর জন্য একটা নীতি নির্ধারিত হোক যে শ্রমিকরা তাদের টাকা তাদের নামে দিতে পারবে সেখানে কোন বাধা দেওয়া চলবে না। শ্রমিকরা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কাজ করবে আমরা যদি তাদের দিকটা না দেখি তাহলে অন্যায় হবে। আমরা মনে করি এটা আমাদের পবিত্র কর্তব্য; কিন্তু সরকারের তরফ থেকে এই কাজ নেবার জন্য উপযুক্ত ব্যবস্থা হয় নি। আমি একটি কারখানার কথা বলতে পারি—কুসুমিকা আয়রন ওয়ার্কস—সেখানে প্রায় ১৫০ জন লোক 'লে অফ' হিসাবে পড়ে আছে। দেড় মাস যাবৎ লে অফ সেখানে হয়েছে। আর একটা কারখানা কানাইলাল সিংহের—সেখানে ৪৫ দিন যাবৎ শ্রমিকরা লে অফ হয়ে পড়ে আছে; ছাটাইও করা হচ্ছে না, কাজও দেওয়া হচ্ছে না। অথচ এ সম্বন্ধে কোন ব্যবস্থা হচ্ছে না। আমরা আবার ওয়ার্কারদের কাছে গিয়ে বলি উৎপাদন বাড়াও! উৎপাদন বেড়েছে। তার সাথে মনে মনে আশঙ্কাও বেড়েছে—উৎপাদন তো বাড়াবো, মালিকের কাজ তাড়াতাড়ি শেষ করে দেব—তারপরদিনই যে ছাটাই হয়ে যাব না তার গ্যারান্টি কোথায়? উৎপাদন বাড়ানোর ফলে আমাদের ছাটাই হবে না? কাজ বাড়াও, কটন মিলে দেখেছি, কুসুমিকা কারখানায় দেখেছি, মালিকের লাভ হবে, কি দেশপ্রেম দেখান হবে, সেটা আর একটা বিবেচ্য। আমি ধরে নিলাম দেশপ্রেমের জন্য কাজ বাড়ান হচ্ছে। কিন্তু সেই কাজ বাড়ানোর ফলে শ্রমিকরা লে অফ হবে কি লে অফ হবে না, তার গ্যারান্টি কিছু নাই; রিট্রেঞ্চমেন্ট হবে কিনা তার কোন নিশ্চয়তা নাই। এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা হওয়া দরকার বলে আমি মনে করি। আমরা আজ দেশের সঙ্কটের সময়েতে—আমরা বিরোধী পক্ষ বা সরকার পক্ষ—আমরা সকলে একসঙ্গে কাজ করছি। কারণ এখনো আমরা বিরোধী দলে আছি। দেশপ্রেমের ব্যাপারে নিশ্চয়ই আমরা একসঙ্গে এখনো বসতে পারছি না। আমরা যে কারণে বিরোধী দল, আমাদের দিক থেকে আমরা যে দরিদ্র শ্রেণীর পক্ষে কথা বলি এটা আমি মনে করি—সরকার পক্ষ দরিদ্রের পক্ষে কথা বলেন না। এই যে ভাবটা সেটা যাতে অবসান হয়, তার ব্যবস্থা যদি সরকার করতে পারতেন, তাহলে আমাদের

সরকারের সংগে মিশে যেতেও আপত্তি ছিল না। কিন্তু আমরা চাচ্ছি; অথচ আজ পর্যন্ত সেই ব্যবস্থা হওয়া সম্ভব হচ্ছে না। এমন কি যুদ্ধের মত একটা সংকটময় মুহূর্তেও আমরা দেখছি, সেই মনোভাব এখনো যাচ্ছে না। দেশের যারা শত্রু তাদের জন্য ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্ হয়েছে, তাতে শত্রুদের গ্রেপ্তারের ব্যবস্থা আছে। যারা এইভাবে শ্রমিকশ্রেণীর মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করছে, যারা দেশপ্রেম প্রকাশ করতে দিচ্ছে না বরং দেশপ্রেমবিরোধী কাজ করছে, তাদের জন্য আজকে এই রকম নরম রেজলুশন কেন হবে? তাদেরও ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্-এ ধরা হোক। এইভাবে আমরা মনে করছি তবুও যেটুকু এগোন যায়। এই সংকটসময়ে আমাদের বিরোধ ও অসুবিধা সত্ত্বেও আমরা জানি আমাদের পেটে ক্ষিধে নিয়েও ঘরে যদি আগুন লাগে আমাদের জলের বালতি নিয়ে এগোতে হবে। এইজন্য আমরা যতখানি সম্ভব নরম রেজল্যুশনকেও সমর্থন করি এবং তা আমাদের দেওয়া উচিত। এটা আমরা কিছুতেই ভুলতে পারছি না—যদি সরকার পক্ষ সেকথা ভুলিয়ে দিতে পারতেন যে ওঁরা ধনিকের পক্ষে নন, দরিদ্র, সাধারণ মানুষের পক্ষে, তাহলে খুসী হতাম। দমদমাতে যে এ পি বি ইঞ্জিনিয়ারিং কারখানা আছে, সেখানকার ইউনিয়নের সংগে মালিকদের যে সমস্ত ঝগড়া, যেভাবে তারা দাবী-দাওয়া আদায় করত, তাতে মালিকরা অত্যন্ত অসন্তুষ্ট হন ঐ ইউনিয়নের উপর এবং সামান্য ছুতো নিয়ে সেখানকার ৮ জন কর্মচারীকে জবাব দেন। তার মধ্যে ইউনিয়নের সেক্রেটারী আছেন, এ্যাসিস্টান্ট সেক্রেটারী আছেন এবং ৫ জন সক্রিয় সদস্য আছেন। যাদের জবাব দেওয়া হয়েছে, তাদের অন্যত্র চাকরী দেওয়ার কেন ব্যবস্থা হচ্ছে না। দুর্নীতিপরায়ণ কয়েকজন অফিসার তারা ইউনিয়নের উপর এমন দুর্ব্যবহার করেন, স-ওয়ালেস্ কটন মিলের হায়ার অফিসার এমন সব আছেন, যাঁরা ইউনিয়নে গেলেই, সেখানে কর্মচারীদের সংগে এমনভাবে কথা বলেন মালিক-দের সামনে, যে তাতে মালিকরা বুঝে যায় যে এখানে আমরা কি রকম ব্যবহার পাবো। ইলেকট্রো-প্লাস্টিক কারখানায় ইউনিয়ন করার জন্য, সেখানকার সেক্রেটারীর জবাব হল। আমরা চাইলাম যে এটাকে আর্বিট্রেশন-এ দেওয়া হোক। কিন্তু আর্বিট্রেশন-এ দিতে দিতে "ন যযৌ, ন তস্থৌ" অবস্থা। শেষ পর্যন্ত শ্রমিকদের ভিটেমাটি খালি করতে হল এবং মালিকদের কথাটা মেনে নিল। ইউনিটি সেখানে ভেংগে গেল। এইরকম করে ব্যবস্থা হচ্ছে এই কয়েকজন অফিসারের জন্য। এইরকম আরও অনেক ঘটনার দৃষ্টান্ত দেওয়া যায়। আমি মনে করি আজকে মন্দের ভাল হিসাবে, পাঁচুগোপালবাবুর প্রস্তাবের উপর নরেনবাবুর সংশোধনী প্রস্তাব গ্রহণ করে আমি আমার আসন গ্রহণ করলম।

[3-50—4 p.m.]

Shri Nepal Chandra Roy:

মিঃ ডেপুটী স্পীকার, স্যার, অনাদিবাবু যে কথাগুলি বললেন, তা আমরা জানি, কারণ, আমরাও যখন শ্রমিক মহলে কাজ করি। ওঁর প্রতিটি ঘটনার কথা, যা হাউসের সামনে রেখেছেন এবং অন্যান্য বক্তারা যা বলেছেন, এবং আমাদের তরফ থেকে নরেনবাবু ও ডাঃ মৈত্রেয়ী বসু যা বলে-ছেন আমিও তাঁদের সংগে একমত। আমরা দেখতে পাই কি? আজকে এই জরুরী অবস্থার সুযোগ নিয়ে মালিক পক্ষের সংগে শ্রমিক পক্ষ এবং শ্রমিক ইউনিয়ন এক চুক্তিতে আবদ্ধ হল যে এই যুদ্ধের সময় আমরা কেউ যাতে যুদ্ধোদ্যম ব্যাহত হয় সেরকম কোন কাজ করবো না। কিন্তু আমরা কি দেখতে পেলাম! আমার কাছে কতকগুলি স্পেসিফিক্ কেস আছে, আমি সেগুলি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে দেবো। আমি এই সমস্ত কেসের দ্বারা দেখাবো—একজন মধ্যবিত্ত কেরানী, সে কুড়ি বছর কাজ করে এবং সে হয়ত ১০০ টাকা মাইনেতে ঢোকে। ২০ বছর কাজ করবার পর, এখন তার মাইনে হয়েছে ৫০০ টাকা। সামান্য ছুতোয় সেখান থেকে, তার চাকরী থেকে তাকে তাড়িয়ে দেওয়া হয়েছে। এই রকম আরও বহু দৃষ্টান্ত আছে। সেখানে হয়ত একশো টাকার মাইনেতে একজন লোক রাখা হল, সে কাজ করছিল, সামান্য সামান্য ছুতোতে তাকে তাড়িয়ে দেওয়া হল। দেখা যায় বহু জায়গায় মালিক পক্ষ কিছুতেই সমঝোতার মধ্যে আসছে না। অনাদিবাবু যেমন বললেন আমাদের যুদ্ধোদ্যমে কর্মচারীরা যদি ঠিকমত কাজ না করেন, কাজ স্লো ডাউন করেন, বা স্ট্রাইক করতে চায়, তাহলে তার জন্য ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্ রয়েছে। ঠিক তেমনি মালিক পক্ষকেও প্রয়োজন হলে, সেই ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্-এ আটকাতে হবে। সেখানে এক্সাম্পলারি পানিশমেন্ট না দিলে, কিছুতেই মালিক এবং শ্রমিকের মধ্যে একটা ভাল সম্বন্ধ গড়ে উঠবে না। আমরা দেখছি লোকিং প্রোহিবিটেড্ আইন

করতে হয়েছে, ট্রাম, বাসে ধূমপান বন্ধ করবার জন্য। এর আগে কেউ ট্রামে, বাসে ধূমপান বন্ধ করাতে কর্ণপাত করেন নি। আবেদন করে তাকে বন্ধ করা যায় নি। হাজার হাজার আবেদন করেছেন, কিন্তু, কেউ তাতে কর্ণপাত করেন নি। আমাদের দেশের মানুষের চরিত্র, দৃষ্টিভঙ্গী অন্য রকমভাবে গড়ে উঠেছে। সেইজন্য আমি মনে করি শ্রীবিজয় সিংহ নাহার যে দেশে শ্রমমন্ত্রী, সেই সিংহের মত দাপটে তাঁকে আইন করে চালু করতে হবে এবং মালিক পক্ষকে বাধ্য করতে হবে, যাতে করে তারা তাড়াতাড়ি শ্রমিকদের কথা শোনেন এবং জুলুম না করেন। জুলুমের কথা হয়তো সরকারীভাবে বা অন্যভাবে সব জায়গা থেকে এসে পৌঁছায় না কিন্তু বিজয়বাবু আমাদের সঙ্গে একজন শ্রমিকনেতা ছিলেন—আজকে তিনি শ্রমমন্ত্রী হয়েছেন, তিনি জানেন মালিক পক্ষ কিভাবে কলকব্জা নাড়ে, তাঁকে নতুন করে বলার প্রয়োজন নাই। সেজন্য আমি বলি, আমিও এই নরম রেজল্যুশনের পক্ষপাতী নই, আরো কড়া রেজল্যুশনের দরকার, চাবুক লাগান দরকার।

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীযুক্তা মৈত্রেয়ী বসু যে বক্তৃতা দিয়েছেন তার অনেকখানি আমার ভালো লেগেছে, তার মধ্যে বাস্তব অভিজ্ঞতা ছিল, আন্তরিকতা ছিল, এবং তিনি নরেনবাবুর প্রস্তাবকে নরম বলে বর্ণনা করেছেন আমিও তাই করি কিন্তু তাহলেও সেই প্রস্তাব আমি সমর্থন করতে পারি এজন্য যে শ্রীযুক্তা বসু যে যুক্তিতে তা সমর্থন করেছেন আমারও সেই যুক্তি, তার মধ্যে বাস্তব কথা স্বীকৃত হয়েছে। যুদ্ধের প্রয়োজনে শ্রমিকেরা তাদের দায়িত্ব পালন করেছে এবং করছে, বাই ইমপ্লিকেশন সেই প্রস্তাবে আছে, মালিক পক্ষ সেই দায়িত্ব পালন করছেন না, তাঁদের তা করা উচিত। এবং বাই ইমপ্লিকেশন একথাও আছে যে গভর্নমেন্ট-এর দেখা দরকার যাতে তার প্রতিবিধান হয়। এখন এই যেখানে প্রস্তাবের মর্ম সেই প্রস্তাব সমর্থন করতে আমার আপত্তি হবে না, আশা করি বিজয়বাবুরও হবে না। এখন যে সমস্ত যুক্তিতর্ক দিয়ে, তথ্য দিয়ে এখানে উপস্থিত করা হয়েছে, তাকে একটু বাড়াতে আমি বাধ্য। কয়েকটা উদাহরণ আমি উল্লেখ করব। ধরুন, কয়লা শিল্প, এই শিল্পে শ্রমিকেরা তাদের উৎপাদন বৃদ্ধির দায়িত্ব এত পরিপূর্ণভাবে পালন করেছে যে, স্বয়ং মুখ্যমন্ত্রী জানিয়েছেন, পশ্চিমবঙ্গের কয়লা খনিগুলিতে এত প্রচুর কয়লা তোলা হয়েছে যে ওয়াগনের অভাবে বাইরে পাঠানো যাচ্ছে না। শ্রমিকেরা তাদের দায়িত্ব পালন করছে, কিন্তু মালিকেরা কি করছেন? তপসী কলিয়ারীতে ১০ই জানুয়ারী তারিখে ৪০ জনকে ছাঁটাই করা হয়েছে, এরা আাওয়ার্ড-এর ইমপ্লিকেশন দাবি করেছিল এই তাদের অপরাধ। শুধু তাই নয়, গত ১৬ বৎসর ধরে যেখানে তাদের ইউনিয়ন অফিস ছিল তা ম্যানেজারের হুকুমে ভেঙ্গে দেওয়া হয়েছে। নিউ অর্ধগ্রাম কোলিয়ারীতে এক মাস আগে অন্যায়ভাবে ৫৮ জন মজুরকে ছাঁটাই করা হয়েছে, তাদের মধ্যে ৫২ জনকে পরে কাজে নেওয়া হয়েছে বটে, কিন্তু তাদের মাইনে কমিয়ে দেওয়া হয়েছে। সাউথ কেন্ডা কোলিয়ারী অক্টোবর মাস থেকে বন্ধ হওয়ার দরুণ ৪১২ জন বেকার হয়ে গিয়েছে, অথচ কয়লার এত প্রয়োজন যে সপ্তাহের সব কয়দিনই কাজ করতে হচ্ছে। রাণীগঞ্জ - এইরকম অনেক কোলিয়ারীর উদাহরণ আছে। এই তো হচ্ছে কোলিয়ারীর অবস্থা! এই যুদ্ধাবস্থার মধ্যেও মালিকেরা একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছেন। তারপর, কয়লার পরেই লোহা বা ইস্পাত। চীনাদের আক্রমণের বিরুদ্ধে আমাদের সৈন্যেরা সেই ইস্পাত দিয়ে ভারতের সম্মান রক্ষা করছে। গতবার স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, সরকারী উদ্যোগের সহিত সকলেই সহযোগিতা করেছেন, মাত্র ৪ মাস আগেও দুর্গাপুর ইস্পাত উৎপাদনে লক্ষ্যে পৌঁছতে পারবে কিনা সন্দেহ ছিল, কিন্তু এখন এই কারখানা লক্ষ্যে পৌঁছেছে। স্বয়ং মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে শ্রমিকরা

[4—4-10 p.m.]

কি দারুণ কাজ করেছে! এখানকার শ্রমিকরা অধিকাংশই হিন্দুস্থান স্টীল এমপ্লয়িজ ইউনিয়নের সভ্য। ঐ ইউনিয়নের প্রতিনিধি ওয়ার্কার্স কমিটির একজন ছাড়া বাকী সবাই নির্বাচিত এবং সেই ইউনিয়নের প্রেরণায় ৪ মাসের মধ্যে যে উপলক্ষ্যে উপনীত হবার সম্ভাবনা ছিল না শ্রমিকরা সেই লক্ষ্যে কারখানাকে পৌঁছে দিয়েছে। কিন্তু শ্রমিকরা কি পুরস্কার

পেয়েছে? সেই ইউনিয়নের প্রধান নেতা ইউনিয়ন সম্পাদককে বরখাস্ত করা হল -বিনয় লাহিড়ীকে কারণ সিকিউরিটি মেজার, কিন্তু কেন বরখাস্ত করা হল তার কারণ পর্যন্ত জানান হয়নি। এই পুরস্কার সেখানকার শ্রমিকরা পেয়েছেন। তারপর ধরুন, প্রতিরক্ষার নাম নিয়ে শ্রমিকের সংহতি ভঙ্গ করার যে অপচেষ্টা সেই অপচেষ্টার কারণ চেপে যাওয়াই স্বাভাবিক। আমি আর বেশী এ বিষয়ে বাড়াব না। শুধু আর একটি জিজ্ঞাসা করছি যে পশ্চিমবঙ্গ সরকার কি অন্যায়ের প্রতিবিধান করেছেন—না করেন নি--বা কেন করেন নি? কারণ তাঁরা নিজেরাই এই কর্ম করেছেন। গভর্নমেন্ট সার্ভেন্ট যাঁরা নন-গেজেটেড তাঁদের ইউনিয়নগুলি আপনারা জানেন যে ন্যাশনাল এমার্জেন্সী ডিক্লেয়ার্ড হবার আগে তাঁরা নিজেদের কর্তব্যবোধ থেকে স্থির করেছিলেন এবং ঘোষণা করেছিলেন যে এখন আর অভাব-অভিযোগ নিয়ে আন্দোলন করা হবে না। শুধু ঘোষণা করেন নি তাঁরা বহু অর্থ দিয়েছেন, রক্ত দিয়েছেন এবং অনেকে টেরিটোরিয়াল আর্মি-তে যোগ দিয়েছেন। সরকারী দপ্তরে কাজের চাকা আগের থেকে ঢের বেশী তেজে ঘুরতে আরম্ভ করেছে। সরকার কিন্তু তাঁদের দেশভক্তের পুরস্কার কি দিয়েছেন, না তাঁদের ৫ জন বাছা বাছা নেতাকে--যাঁদের কারুর ১৯ বছর সার্ভিস হয়েছে, কারুর ১৭ বছরের সার্ভিস, কারুর আরও কিছু কম সার্ভিস- কোন কারণ না দেখিয়ে বরখাস্ত করেছেন এবং এর অজুহাত সিকিউরিটি মেজার। প্রথম দুজন যাদের ছাঁটাই করেছেন তাঁদের একজনের ১৯ বছর এবং আর একজনের বোধহয় ১৭ বছরের সার্ভিস। তাঁরা স্থানীয় ন্যাশনাল ডিফেন্স কমিটির সভ্য ছিলেন। যুদ্ধের নাম করে কর্মচারীদের সংহতি নষ্ট করাই হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের শ্রমদপ্তর ও শ্রমমন্ত্রীর লক্ষ্য। কেবলা ধরনেই এই কাজ চলতে পারে, এই অত্যাচার চলতে পারে- মালিকদের তরফ থেকে এই অত্যাচার চলতে পারে। তার কারণ সেখানকার শ্রমিকদের ব্যাপারে কর্তৃত্বে যিনি বসে আছেন সেই শ্রমমন্ত্রীর দৃষ্টিভঙ্গী মালিকশ্রেণীর দৃষ্টিভঙ্গীর সমান। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস্ প্রস্তাবের অন্যতম প্রধান স্তম্ভ হল সেভিংস এবং চাঁদা আদায়। গত মাসে যখন এখানে দেশরক্ষা তহবিল সম্বন্ধে আলোচনা হয় তখন আমি বলেছিলাম, সন্দেহ প্রকাশ করেছিলাম, প্রশ্ন করেছিলাম শ্রমমন্ত্রীর কাছে যে মালিকরা কোম্পানীর তরফ থেকে কত টাকা দিয়েছেন? শ্রমিকরা প্রাণপণ টাকা দিয়েছেন, কিন্তু ব্যক্তিগত আয় থেকে কোন্ মালিক কত দান করেছেন নাম করে করে জিজ্ঞাসা করেছিলাম, শ্রমমন্ত্রী জানান যে কে কত দিয়েছেন? কারণ ঠিক উপযুক্ত পরিমাণ দান করেছেন কিনা সে বিষয়ে অনেকের মনে প্রশ্ন জেগেছে। শ্রমমন্ত্রী নাম করে করে কোন জবাব দেন নি যে অমুক এত টাকা দিয়েছেন। কিন্তু তিনি একথা সত্য নয় বলে আমাকে নির্লজ্জ আক্রমণ করেছেন এবং একথা বলে আমি নাকি শ্রমিকদের মনোবল ভেঙ্গে দিয়েছি। মালিকরা তাঁদের ব্যক্তিগত আয় থেকে উপযুক্ত পরিমাণ দিয়েছেন কিনা এই প্রশ্ন তুলে সাটল উপায়ে আমি নাকি শ্রমিকদের মনোবল ভেঙ্গে দিয়েছি। কিন্তু শ্রমমন্ত্রী দেখেছেন বোধহয় আমার সেকথা বলার পর দেশের সমস্ত সাধারণ মজুর এমন কি বি পি এন টি ইউ গভীরভাবে পর্যবেক্ষণের পর এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে বিগত দু মাসে উৎপাদন বৃদ্ধি বা প্রতিরক্ষা তহবিলে দরিদ্র জনসাধারণের তুলনায় ধনী ও শিল্পপতিদের অবদান সামান্য ভগ্নাংশও নয়। আমি শুধু প্রশ্ন করেছিলাম, জানতে চেয়েছিলাম, কিন্তু ওঁরা বলে দিয়েছেন যে সামান্য ভগ্নাংশ নয়। সুতরাং আমি যদি সাটল উপায়ে দেশদ্রোহিতা করে থাকি, বি পি এন টি ইউ সি এবং আমাকে যে সমস্ত কংগ্রেস পক্ষের লোকেরা বক্তৃতা দিলেন বিজয়বাবুর মতে তাঁরা শুধু সাটল উপায়ে কেন খোলাখুলিভাবে দেশদ্রোহিতা প্রচার করেছেন। বাস্তবিকই বিজয়বাবুর মতে কংগ্রেসী মন্ত্রীরা এবং আই এন টি ইউ সি নেহরুজীর প্রীতি কংগ্রেসী সভ্যদের সহ্য করতে পারছেন না। কিছুদিন আগে একটা হ্যান্ডবিলে দেখলাম সেন্ট পলস স্কুলে জেনারেল কারিয়াপ্পা যে মিটিং করছেন বিজয়বাবু তার সভাপতি। এখন থেকেই তিনি তাঁর সঙ্গী বেছে নিতে আরম্ভ করেছেন। তিনি সেই সভায় শেষ পর্যন্ত যাবার সাহস পেয়েছেন কিনা জানি না, কারণ ওদিকে নেহরুজীর ঠেলা আছে। কিন্তু তা গেলেও তাঁর মনের গতি কোন্ দিকে তা বোঝা যায়। যার জন্য আমি যে

[4-10—4-20 p.m.]

কথা বলি এবং আই এন টি ইউ সি যেকথা বলেন, সেকথা শ্রমিক মহলের প্রত্যেকটি বন্ধু বলেন, সেকথা বিজয়বাবু স্বীকার করেন না। বরং অস্বীকার করে অপবাদ দেবার চেষ্টা করেন। এবং বিজয়বাবু ওখান থেকে আরো নেবেছেন। কারিয়াপ্পাতেই যদি সন্তুষ্ট থাকতেন তাহলে

বক্তৃতায়, এখন তিনি আরো নেবেছেন, সাধারণ গুণ্ডা লুটপাটকারীদের রাজনৈতিক প্রেরণা যোগাচ্ছেন। ২৯ ডিসেম্বর তিনি খড়গপুরে রেল শ্রমিকদের নিয়ে সভা করেছিলেন তাদের প্রতিরক্ষা কার্যে উৎসাহিত করবার জন্য। প্রত্যেকেই জানেন খড়গপুরের রেল শ্রমিকরা অধিকাংশই কমিউনিস্টদের পক্ষে। তারা কমিউনিস্ট এম এল এ-কে ভোট দিয়ে পাঠিয়েছে এক-বার নয়, দুইবার, ভবিষ্যতেও দেবে। বিজয়বন্ধুরা প্রথমতঃ বিনা বিচারে সেই এম এল এ-কে বন্দী করে রাখলেন, তারপর সাহস পেয়ে এবার তো এম এল এ নেই দেখি আমি কি করতে পারি। বিজয়বাবু সেখানে গিয়ে হাজির হয়ে মিটিং করলেন। মিটিং-এ তিনি মূল্য বৃদ্ধির বিরুদ্ধে একটি কথাও বলেন নি। নেহেরুজীর পররাষ্ট্র নীতির স্বপক্ষে একটি কথাও বলেন নি, শুধু একটি বে-আইনী কাজের জন্য লোককে উসকেছেন যে খড়গপুরে কম্যুনিস্টদের উপরে আক্রমণ কর। তাঁরই পক্ষের কাগজ হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড তাঁর বক্তৃতার মূল উপসংহার ও তার ফল সম্বন্ধে রিপোর্ট দিয়েছে—

"Kharagpur with the rest of India should take a vow to wipe out the Reds and the red flag from the face of India", Shri Bijoy Singh Nahar concluded. After the meeting the people went in a procession to the office of the Communist Party and removed the red flag and office signboard from there.

আপনারা ভাবছেন বুঝি বিজয়বাবু এখনই বলবেন বিরাট জনসাধারণ কম্যুনিস্টদের বিরুদ্ধে বিক্ষুব্ধ তাই এমন হয়েছে। তা নয়, এ জনসাধারণ মুষ্টিমেয় গুণ্ডা মাত্র। বিজয়বাবুরই স্বপক্ষের কাগজ 'যুগান্তর' রিপোর্ট দিয়েছে, 'পুলিশ সূত্রে প্রাপ্ত সংবাদে প্রকাশ যে গতকাল ২০ জন লোক কম্যুনিস্ট পার্টি অফিসের সম্মুখে কম্যুনিস্ট পার্টি বিরোধী স্লোগান দেয়। কয়েক ব্যক্তি পার্টি অফিসের সাইন বোর্ডের ক্ষতি করে এবং পার্টি পতাকা আগুনে পোড়ায়। পুলিশ এই গুণ্ডামীর বিরুদ্ধে কোন প্রতিবাদ করে নি।' স্বভাবতঃই যেখানে শ্রমমন্ত্রী নিজে মিটিং-এ দাঁড়িয়ে প্রকাশ্যভাবে এই বে-আইনী গুণ্ডামী উসকেছেন সেখানে পুলিশের ইচ্ছা থাকলেও তার প্রতিবিধান করবার সাহস হবে না। আজকে বিজয়বাবু এখানে নেবে এসেছেন। কাজেই ওদিকে মালিক পক্ষের দালালী এদিকে হিংসার প্রচার, বে-আইনী লুঠতরাজে উৎসাহিত করা এই তাঁর কাজ হয়ে দাঁড়িয়েছে। কাজেই মৈত্রেয়ী দেবী অনেক দুঃখে বলেছেন যে বিজয়-বাবু দায়ী নন, তাঁর ডিপার্টমেন্টের লোকগুলিও খারাপ নয়, বোধ হয় ভাল, কিন্তু সিস্টেমটা খারাপ। সিস্টেম তো খারাপ বটে কিন্তু সিস্টেমের চূড়ামণি যে শ্রমমন্ত্রী তাঁর যে দৃষ্টিভঙ্গী, যে প্রতিক্রিয়াশীল দৃষ্টিভঙ্গী, সেই প্রতিক্রিয়াশীল দৃষ্টিভঙ্গীই এই অবস্থার জন্য দায়ী। বিজয়বাবু, আমি যে সংবাদ দিলাম হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড-এ বেরিয়েছে, হয়ত অস্বীকার করবেন, আমার সন্দেহ হয় এইজন্য যে সংবাদ হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে বেরিয়েছে খড়গপুর সম্বন্ধে অর্থাৎ হিংসা প্ররোচনা এবং তার ফলে কম্যুনিস্ট পার্টি অফিসে আক্রমণ, সেই সংবাদ পি টি আই-র টেলি-প্রিন্টারের থ্রুতে এসেছিল রাত্রি ৪½ টার সময়, আবার ৮টার সময় সকালবেলায় দেখলাম পি টি আই লিখেছেন সেই নিউজ ক্যানসেল্ড। ক্যানসেল্ড কি করে হল, কারা করালেন তা বুঝতে অন্ততঃ কাণ্ডজ্ঞানসম্পন্ন লোকের কোন অসুবিধা হবে না। কিন্তু তিনি ভুলে গিয়েছিলেন শুধুই যে পি টি আই এসেছে তা নয়, হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড তার রিপোর্টার পাঠিয়ে ফেলেছে। সব জায়গায় ত মানা করা সম্ভব হয় নি। সুতরাং কোথায়ও বেরিয়ে গিয়েছে। এবং আমরা যে খবর পেয়েছি তাতে এই খবর অক্ষরে অক্ষরে সত্য বলে জানি। এর আগে যেদিন দেশরক্ষা, প্রতিরক্ষা সম্বন্ধে এখানে আলোচনা হয়েছিল, আমি বলেছিলাম যে হুগলী জুট মিলে প্রধানতঃ এ আই টি ইউ সি ইউনিয়নের সঙ্গে সংযুক্ত চেষ্টায় ৮০০১ টাকা শ্রমিকরা সংগ্রহ করে, এবং করে মিলের ম্যানেজারের মারফৎ বিজয়বাবুর হাতে টাকাটা তুলে দেন। বিজয়বাবু সেখানে গিয়ে টাকাটা দুহাতে গ্রহণ করেন এবং করে সেই এ আই টি ইউ সি-র শ্রমিকদের সামনে দাঁড়িয়ে বলেন, তোমরা এ আই টি ইউ সি-র ইউনিয়ন ছেড়ে দাও, কংগ্রেসী ইউনিয়নে যোগ দাও। সেদিন বিজয়বাবু এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে আমি একথা বলিনি, স্বীকার করেন নি, অন্য কথা ঘুরিয়ে বলেছিলেন কিন্তু সোজাসুজি এ আই টি ইউ সি-র ইউনিয়ন তোমরা ছেড়ে দাও একথা আমি বলিনি, একথা বিজয়বাবু সেদিন এ্যাসেম্বলীতে বলেছিলেন। আমি তখন আপত্তি করিনি যদিও আমি জানতাম যে তিনি অসত্য কথা বলছেন। আপত্তি করিনি এইজন্য যে আমি ভেবেছিলাম [illegible] তিনি [illegible] যে একথা প্রকাশ্যে বলা যায় না একজন মন্ত্রীর পক্ষে [illegible] আরো

স্বীকৃত তার কোন একটার বিরুদ্ধে এই রকমভাবে মিথ্যা প্রচার করা চলে না। একথা তিনি বুঝেছেন কাজেই ভবিষ্যতে আর বলবেন না। সুতরাং এখানে, তিনি যে অসত্য কথা বলেছেন বলে, তাঁকে লজ্জা দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি নি। সেইজন্যই সেদিন কিছু বলিনি। কিন্তু তারপরেও তিনি যা করেছেন তাতে আমার মনে হচ্ছে যে তিনি শুধু হিংসার প্ররোচক নন, তিনি শুধু মালিক পক্ষের দালাল নন, তিনি সঙ্গে সঙ্গে একজন ভীরু কাপুরুষ, যে কথা মাঠে বলেন সেকথা এখানে বলবার সাহস বা সততা তার নেই। যে মানুষ এরকম, যে শ্রমমন্ত্রী এরকম, তাঁর রাজত্বে শ্রমিকদের এইরকম দুর্দশা হবে, মালিক পক্ষ দু'হাতে শ্রমিকদের মাথা কাটবে তার মধ্যে বিচিত্র কি আছে, আশ্চর্য কি আছে। এই মন্ত্রীর পায়ের থেকে মাথার চুল পর্যন্ত অসত্য। সেদিন এখানে দাঁড়িয়ে তিনি বললেন যে, টেক্সম্যাকোর এ আই টি ইউ সি-র ইউনিয়ন, সেই টেক্সম্যাকোর শ্রমিকরা একদিনের মজুরী দিক এর নাকি বিরোধিতা করেছে। সম্পূর্ণ মিথ্যা কথা। মিথ্যা কথা প্রথমতঃ, সেখানে কংগ্রেসী এবং পি এস পি-র সঙ্গে সংশ্লিষ্ট একটি ছোট ইউনিয়ন যা সম্প্রতি গজিয়েছে তারা প্রস্তাব দিয়েছিলেন প্রথমে যে ৪ ঘণ্টা মজুরী কাজ করে দিয়ে দেওয়া হোক। সেই প্রস্তাবে সই তোলাও আরম্ভ হয়েছিল তখন ঐ টেক্সম্যাকো ইউনিয়ন তাঁরাই প্রস্তাব করেন যে, ৪ ঘণ্টা নয় এক দিনের মজুরী দেওয়া হোক এবং সেইভাবে একদিনের মজুরী দেওয়া হোল। কিন্তু আমি তার মধ্যেও যাচ্ছি না, এই প্রশ্নটা সত্য কি মিথ্যা সেটাও আমার প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে তিনি দাঁড়িয়ে জলজ্যান্ত মিথ্যা কথা বলবেন যে টেক্সম্যাকো ইউনিয়ন, এ আই টি ইউ সি-র সঙ্গে এ্যাফিলিয়েটেড। এ আই টি ইউ সি-র সঙ্গে সম্পর্ক নেই টেক্সম্যাকো ইউনিয়নের, এ্যাফিলিয়েটেড নয়। জলজ্যান্ত মিথ্যা কথা শ্রমমন্ত্রী এখানে দাঁড়িয়ে বললেন এই উদ্দেশ্যে এ আই টি ইউ সি-কে এবং [illegible] বিরুদ্ধে মিথ্যা সংবাদ দিয়ে অপদস্থ করা। আমি চ্যালেঞ্জ করছি তিনি প্রমাণ করুন টেক্সম্যাকো ইউনিয়ন এ আই টি ইউ সি-র সঙ্গে এ্যাফিলিয়েটেড ইউনিয়ন। যে শ্রমমন্ত্রীর আগা থেকে শেষ পর্যন্ত মিথ্যা, হিংসা প্ররোচনা এবং কাপুরুষতার দ্বারা প্রতিষ্ঠিত সেই শ্রমমন্ত্রীর রাজত্বে শ্রমিকের এই দুরবস্থা হবে, মালিকশ্রেণী যুদ্ধের নামে সুযোগ নিয়ে তার সমস্ত সুযোগ থেকে তাকে বঞ্চিত করবে, শ্রমিকের উৎসাহকে যে দমিয়ে দেবার চেষ্টা করবে এবং বিজয় সিং মহাশয় মালিক পক্ষের এই যুদ্ধ বিরোধীর অপচেষ্টায় প্রত্যক্ষভাবে হোক, পরোক্ষভাবে হোক সহায়তা করবেন, মুখে তিনি যতই যুদ্ধের নামাবলী কাটুন। কিন্তু যদি আপনারা শুধু বিজয় সিং নাহারকে দেখে সমস্ত কংগ্রেসকে কিম্বা সমস্ত মন্ত্রীকে কিম্বা সমস্ত মানুষকে, কংগ্রেস অনুগামী, তাঁদের চরিত্র সম্বন্ধে সিদ্ধান্তে পৌঁছান তাহলে হয়ত ভুল হবে। অন্য উদাহরণও আছে আমি জানি, গার্ডেন রিচ্ ওয়ার্কশপে, তা ডিফেন্স মিনিস্ট্রির আণ্ডারে। সেই গার্ডেন রিচ্ ওয়ার্কশপে মালিকরা সেই বিজয়বাবুদের সহায়তা নিয়ে হুকুম দিয়ে দিয়েছিলেন কমিটিকে ভয় দেখিয়ে, কোন শ্রমিকদের সম্মতি না নিয়ে, যে প্রত্যেক শনিবারে তাদের বিনা মাইনেতে কাজ করতে হবে। হুকুমটা চালু করে দিয়েছিলেন। এবং স্বভাবতঃই প্রত্যেক শনিবার শ্রমিকদের বিনা মাইনেয় কাজ করতে হবে। বিজয়বাবু তাঁর অন্যতম লেফ্‌টেনান্ট শুক্লা সাহেব, যিনি খুব গরম গরম বক্তৃতা দেন যুদ্ধের সপক্ষে, ইত্যাদি, এঁরা গিয়ে সেখানে এই কমিটি করেছিলেন। এবং যখন প্রত্যেক শনিবারে, স্বভাবতঃই ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস্ রেজোলিউশনে একথা বলে না যে মালিক পক্ষ একতরফাভাবে কোন সিদ্ধান্ত শ্রমিকদের ঘাড়ে চাপিয়ে দেবে, যখন এইভাবে জোর করে তাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হল তখন কিছু কিছু প্রতিবাদ স্বভাবতঃই উঠেছিল। এঁরা কি পন্থা গ্রহণ করলেন? শ্রমিকদের ডেকে তাদের সঙ্গে কন্সাল্ট করে একটা সিদ্ধান্তে পৌঁছালেন না। তাদের দুইজন নেতাকে, সেক্রেটারী এবং এ্যাসিস্টান্ট সেক্রেটারী বোধহয়, কি ওয়ার্ক কমিটির সেক্রেটারী বোধহয়, গ্রেপ্তার করে পুলিশ বন্ধ করলেন এবং কাজ থেকে বোধ হয় স্বভাবতঃই তারা ছাঁটাই হয়ে গেল। তারপর কি হল? ২২এ ডিসেম্বর, প্রায় এক মাস পরে, সেন্ট্রাল ডেপুটী মিনিস্টার অব ডিফেন্স, রঘুরামাইয়া, তিনি এখানে এলেন। যেহেতু ডাইরেক্টলি তাঁর আণ্ডারে এ কারখানা, তিনি কারখানা দেখতে গেলেন, শুনলেন শ্রমিকদের এই অবস্থা, এইরকমভাবে তাদের মতামত না নিয়ে জবরদস্তি প্রতি শনিবারে বিনা মাইনেতে তোমাদের কাজ করতে হবে এই হুকুম চালু করেছেন। তিনি এসে বললেন যে, ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশন মানে এ নয় যে মালিকপক্ষ একতরফা কোন সিদ্ধান্ত চাপিয়ে দেবেন। তিনি পরিষ্কার বলে দিলেন—বাই মিউচুয়াল এগ্রিমেন্ট ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশন। সুতরাং শ্রমিকরা যদি চারদিন সপ্তাহে কাজ করতে রাজি হয়, করবে; আর না হয় করবে না। তারপর

সেই কথা বলার পরে সেখানে এই অন্যায় আদেশ বন্ধ হয়েছে। শ্রমিকদের যে দুজনকে তাঁরা গ্রেপ্তার করিয়েছিলেন পরে তাঁরা জামিনে খালাস পেয়েছেন এবং কাজ করছেন। কাজেই আমি বলি না শুধু একমাত্র বিজয়বাবুকে দেখে আপনারা কংগ্রেসের চরিত্রকে সমগ্রভাবে বিচার করুন যে কংগ্রেসে বিজয়বাবু আছেন, সেই কংগ্রেসেই আবার মৈত্রেয়ী বসুও আছেন, আবার সেই কংগ্রেসেই আই এন টি ইউ সি আছেন—যার নাকি প্রচণ্ড কম্যুনিস্ট বিরোধিতা আছে। কিন্তু তা থাকা সত্ত্বেও সে অন্ততঃ বাস্তব অবস্থার চাপে, সমস্ত শ্রমিক জনতার চাপে, একদিকে প্রচণ্ড উৎসাহ ইণ্ডিয়ার ডিফেন্স-এর দিকে; আর একদিকে মালিক পক্ষ, সরকার পক্ষ,—শ্রমমন্ত্রীর প্রতিকূলতা। সরকার পক্ষ বলবো না—শ্রমমন্ত্রী ও তাঁর দপ্তরের এই অন্যায় প্রতিকূলতা—এই মিলে সমস্ত শ্রমিক সমাজের মধ্যে একটা দুর্বিসহ অবস্থার সৃষ্টি করেছে। আই এন টি ইউ সি নেতাদের যেহেতু শ্রমিকদের মধ্যে যেতে হয়, সেহেতু তা বুঝে তাঁরা কমিউনিস্ট বিরোধিতা আজকে যতই করুন না কেন, একথা তাঁদেরকেও সেখানে নিয়ে হাজির করতে হবে কাজেই এই যে প্রস্তাব এসেছে এটা সম্ভবত এখানে গৃহীত হবে এবং গৃহীত হলে আমি খুব আনন্দিত হবো।

আমি আর একটা কথা বলে শেষ করবো। তা হচ্ছে এই ডিফেন্সের জন্য এ আই টি ইউ সি বা আমরা যারা আছি—সবাই আমরা কিছুমাত্র কম চেষ্টা করিনি কারো চাইতে। যদি কোনদিন পরীক্ষা করা হয় খাতাপত্রে দেখা যাবে এ আই টি ইউ সি'র যে সমস্ত য়্যাফিলিয়েটেড ইউনিয়ন আছে, তারা অন্য অনেকের চাইতে অনেক বেশী টাকা তুলে দিয়েছে। কিন্তু প্রশ্ন তা নয়, প্রশ্ন হচ্ছে শ্রমিককে যদি মাসের পর মাস এই প্রচণ্ড খাটনীতে একদিন করে মজুরী দেওয়া বা অতিরিক্ত খাটা—যেহেতু শ্রমিকরা দরিদ্র, অবস্থা খারাপ, তাকে যদি তা করতে হয় তাহলে তা করাতে গেলে তার মনের থেকে সমস্ত অভিযোগ দূর করতে হবে এবং সেটা করাতে গেলে তার মনে দেশাত্মবোধের প্রেরণা জাগাতে হবে, তার মনে বিশ্বাস সৃষ্টি করতে হবে। সরকারের মন্ত্রীরা বা তাঁদের কর্মচারীরা যে যুদ্ধ প্রচেষ্টার কথা বলেন, যে উৎপাদন বাড়ানোর কথা বলেন বাস্তবে তাঁরা কি তা চান, না, দলবাজি করতে চান? সেকথা যদি বুঝিয়ে দিতে পারি, আশা করি এই প্রস্তাব আজকে সকলে মিলে গ্রহণ করতে পারলে কিছু পরিমাণ শ্রমিককে এসব বোঝাতে পারবো এবং তারই ভিত্তিতে যদি নিজেদের মধ্যের ভুল বোঝাবুঝি দূর হয়ে যায় তাহলে বাংলাদেশ - ভারতবর্ষের মধ্যে যেটা হচ্ছে দ্বিতীয় শিল্পপ্রধান প্রদেশ, সেখানে আমরা জওয়ানদের সমর্থনে, জওয়ানদের সাহায্যে অস্ত্রশস্ত্র ও হাতিয়ার তৈরীতে দেশের যুদ্ধের সাজ সরঞ্জাম তৈরীতে অসাধ্যসাধন করতে পারবো এবং সমস্ত ভারতবর্ষকে পিছে ফেলে এগিয়ে যেতে পারবো—এ বিশ্বাস আমি করি।

: এ ভয়েস্ : এটা কি আপনার প্রাণের কথা?

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, শিল্পে শান্তি নিয়ে আসবার জন্য এই যে ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন গ্রহণ করা হয়েছিল, তাকে বাস্তবে রূপ দেবার চেষ্টা এবং তার মধ্যে যে বাধাবিপত্তি রয়েছে, তার সম্বন্ধে এখানে অনেক আলোচনা করা হয়েছে। নরেনবাবু এই প্রস্তাবের যে এমেন্ডমেন্ট নিয়ে এসেছেন, তাতে সে বিষয়ে বলা হয়েছে যাতে শ্রমিকরা যেভাবে কাজ করছে, মালিকের পক্ষ থেকে যে বাধা আসে তা যাতে দূর করা যেতে পারে, সে সম্বন্ধে তিনি এই অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। এই আলোচনার মধ্যে সব দিক দিয়ে একটা কথা সকলে স্বীকার করেছেন এবং বলেছেন যেটা অত্যন্ত সত্য কথা যে প্রত্যেক জায়গায় শ্রমিকরা অত্যন্ত ভালভাবে নিষ্ঠার সঙ্গে দেশপ্রেমের সঙ্গে কাজ করে আসছেন, উৎপাদন বাড়াচ্ছেন, নিজেদের যা কর্তব্য সেটা তাঁরা পালন করছেন। সত্যিকথা শ্রমিক সমাজ আজ খুবই শ্রদ্ধার পাত্র। দেশ রক্ষার দিক দিয়ে, দেশের শক্তি বৃদ্ধির দিক দিয়ে তাদের অভিনন্দন করা যেতে পারে।

আর একদিকে মালিক পক্ষের কথা নিয়ে এখানে অনেক সমালোচনা হয়েছে। আমরা দেখতে পাই সাধারণভাবে মালিক পক্ষের নীতি বহু জায়গায় দেখা গেছে তাঁদের নিজেদের সুখসুবিধা কিভাবে তাঁরা করে নিতে পারেন। এখানে বর্তমান অবস্থায় তাঁরা কিভাবে কোথায় কি করছেন সে সম্বন্ধে অনেক দৃষ্টান্ত মাননীয় সদস্যেরা এখানে দিয়েছেন। আমি দু-একটা বিষয় আপনাদের সামনে উপস্থিত করবো, যাতে ভবিষ্যতে এবং এখনো মালিক পক্ষরা যে কা

[4-20—4-30 p.m.]

করছেন, যেখানে অসুবিধা হচ্ছে, সেটা যাতে বন্ধ হয়, তারই নির্দেশ এই প্রস্তাবে নিয়ে এসেছেন। আমি এই কথা বলবো—এখনও বিস্তৃত ছাঁটাই-এর কথা এবং শ্রমিকদের উপর অন্যায়ভাবে কাজ করবার কথা বলেছেন, আমি সেটা সর্বতোভাবে স্বীকার করি না। অবশ্য ছাঁটাই কিছু কিছু হয়েছে। আমি পূর্বে প্রশ্নোত্তরে বলেছি মালিকের পক্ষ থেকে ছাঁটাই হয়েছে, সত্য কথা। নানাভাবে লে অফ্ চলেছে সত্য কথা। কিন্তু যেভাবে অন্য সময় হতো, এই লড়াইয়ের পূর্বে যেভাবে হয়েছে, তার চেয়ে সংখ্যার দিক দিয়ে অনেক কম। কিন্তু আমরা সকলে চেয়েছিলাম যাতে করে একটাও না হয়। এই প্রচেষ্টায় কমেছিল কিন্তু একেবারে বন্ধ হয় নি। আমি এখানে কিছু সংখ্যাতত্ত্ব দিতে চাই। এটা আমি নভেম্বর ও ডিসেম্বর মাসে প্রশ্নোত্তরের সময় বলেছিলাম। মোট ছাঁটাই হয়েছে, আমি যা খবর পেয়েছি, ২৩৪টি। তার সংগে ডিস্‌মিস্যাল্ এবং রিট্রেঞ্চমেন্ট রয়েছে। মোট নভেম্বরে ডিসমিসাল ৭৫টি, তার মধ্যে ডিসচার্জ হয় ৫০টি ডিসেম্বরে ডিসমিস্যাল হয় ৭৭টি, এবং ডিসচার্জ হয় ৫১টি। যদি তুলনা করে দেখা যায়, তাহলে দেখা যাবে এর পূর্বে যত বেশী ডিসচার্জ ও ডিসমিস্যাল এবং রিট্রেঞ্চমেন্ট হ'ত তার চেয়ে অনেক অংশে কম হয়েছে। অনেক জায়গায় খোঁজখবর নিয়ে দেখা গিয়েছে যে মালিকপক্ষ যেখানে অন্যায় করেছে, সংগে সংগে আমাদের শ্রমদপ্তরের কর্তৃপক্ষ, কর্মচারী যাঁরা কাজ করছেন, দায়িত্বশীল পদে যাঁরা রয়েছেন, তাঁরা সেখানে কথাবার্তা বলে, আলোচনার মাধ্যমে ব্যবস্থা অবলম্বন করে, মেটাবার চেষ্টা করেছেন। আমরা বহু জায়গা থেকে এ সম্বন্ধে অভিযোগ পেয়েছিলাম এবং চেষ্টা করেছি প্রত্যেক জায়গায়, যেখানে যেখানে অভিযোগ পাওয়া গিয়েছে, যত তাড়াতাড়ি এর নিষ্পত্তি হতে পারে। সেদিক দিয়ে আমরা অনেক জায়গায় সাক্‌সেসফুল হই নি, আবার অনেক জায়গায় সাক্‌সেসফুল হয়েছি। যেখানে সাকসেসফুল হই নি, সেখানে যাতে তাড়াতাড়ি য়্যাড্‌জুডিকেশনে দেওয়া যায়, সেই ব্যবস্থার দিকে আমরা লক্ষ্য রেখেছি। আপোষ মীমাংসার মাধ্যমে যতটা হতে পারে, সেদিকে বিশেষ দৃষ্টি রাখা হয়েছে। আর্বিট্রেশন্ এর ক্ষেত্রে আমরা দেখেছি কয়েকটি ব্যাপারে, এর পূর্বে মালিকরা একেবারে রাজী হতেন না; ইদানীং দেখা গিয়েছে মালিকরা সেখানে রাজী হয়েছেন। যদিও সেগুলি ছোট ছোট ব্যাপার ছিল, আর্বিট্রেশন করে তবে সুমীমাংসা হয়ে গিয়েছে। এখানে মাননীয় সদস্যরা যে কথাগুলি বলেছেন, আমি তার দু-একটা আপনার সামনে রাখতে চাই। মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় কেশোরাম কটন মিলের কথা উল্লেখ করে বলেছেন যে সেখানে নাকি ৩০০ শ্রমিকের উপর চার্জ শীট্ দাখিল করা হয়েছে, এবং অনেককে ছাঁটাই করা হয়েছে। আমি খোঁজ করে দেখলাম সেখানে মোট ৭৮ জনের উপর ছাঁটাইয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তার মধ্যে চার্জ শীট্ দেওয়া হয়েছিল ৭১ জনের উপর। যাঁরা নিজেদের দোষ স্বীকার করেছেন, তাঁরা পুনরায় কেশোরাম কটন মিলে কাজ করছেন। ৯ জন, তারা রিজাইন্ড বিফোর এনকোয়ারী, তারা চলে গিয়েছে। দুইজন ডিসমিস্যাল হয়েছে। তার মধ্যে এমন কতকগুলি কেস আমাদের দপ্তরে রয়েছে, সেগুলি অনুসন্ধান করে দেখা হচ্ছে। ১৪ জন সম্বন্ধে এখনো তাঁরা এনকোয়ারী শেষ করেন নি। আমরা তাঁদের তাড়াতাড়ি করতে বলেছি, এনকোয়ারী করে যেন তাঁরা তাড়াতাড়ি পাঠিয়ে দেন। ২ জন য়্যাক্যুইটেড হয়েছে, তাদের বিরুদ্ধে যে চার্জশীট দেওয়া হয়েছিল তা উইথড্র করেছেন। মোট ৯৮ জন, ৩০০ জন নহে। আরেকটা কথা বলা হয়েছে, সেখানে উড়িয়া কর্মীদের উপর অত্যাচার হচ্ছে ওদের ওখানে উড়িষ্যা দেশের কর্মী আছেন। উড়িষ্যায় একটা নতুন কল হচ্ছে, কাপড়ের কল, সেখানে বিজ্ঞাপন বেরিয়েছে—এখান থেকে তাঁতিরা সেখানে যেতে চাচ্ছে যদিও তারা অল্পসংখ্যক—তারা সেখানে কাজ পাচ্ছে, সবার চেষ্টা করছে। হিন্দুস্থান মটর্স সম্পর্কে মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়কে আমি বলতে চাই—২ জন ডিসমিস্যাল হয়েছে য়ুনিয়নের ভাইস-প্রেসিডেন্ট-এর পূর্বে সেখানে একটা গোলমাল হয়েছিল, আমরা খবর পাবার সংগে সংগে আমাদের শ্রম বিভাগ থেকে একজন কর্তৃপক্ষকে সেখানে পাঠিয়ে দেওয়া হয়, তিনি সেখানে গিয়ে মীমাংসা করে দেন, এবং এই যে ২ জনকে তাঁরা ছাঁটাই করেছিলেন তাদের সম্বন্ধে ট্রাইব্যুনাল-এ যে কেস পেন্ডিং আছে তাদের রায় বেরুলে এবং অনুমতি পেলে তবেই তাঁরা ছাঁটাই করতে পারবেন, তা না হলে পারবেন না। সুতরাং শ্রম দপ্তর কিছুই দেখছেন না একথা ঠিক নয়। মাননীয় সদস্য ননী ভট্টাচার্য মহাশয় সেকথা বলেছেন, যে দৃষ্টান্ত দিয়েছেন, আমি তাঁকে বলতে পারি তাদের সহকর্মী যতীন

চক্রবর্তী মহাশয় যে ফিরিস্তি দিয়েছেন তা আমি দেখবার চেষ্টা করছি—তিনি অভিযোগ করে ছেন যে, ডাবর কোম্পানিতে চাবুক মারা হচ্ছে, চার্জশীট দেওয়া হয়েছে, এগুলি আমরা দেখছি অনেক মাননীয় সদস্য পাওয়ারলুম সম্বন্ধে বলেছেন। আমি তাঁদের জানাতে চাই কাপড়ে কল সম্বন্ধে কেবল বাংলাদেশেই নয়, সারা ভারতবর্ষেই একটা গোলমাল দেখা দিয়েছে, সমস্ত জায়গায় কটন টেক্সটাইল-এ নানারকম গোলমালে কাজ কমে গিয়েছে এবং নানারকম অব্যবস্থা চলছে, শ্রমিকদের অনেক অসুবিধা হচ্ছে। সম্প্রতি ভারত সরকার থেকে এ সম্বন্ধে দেখাশুনা করছেন এবং এখানে কয়েকদিন পূর্বে প্ল্যানিং কমিশনের সদস্য প্রফেসর থাকর এসেছিলেন তিনি এমার্জেন্সী প্রোডাকশন কমিটির চেয়ারম্যান—আমি তাঁর সঙ্গে আলোচনা করেছি ভারত সরকার এ সম্পর্কে বিধিব্যবস্থা করার জন্য চেষ্টা করছেন। আমরা আশা করব এ ব্যবস্থা তাড়াতাড়ি হবে যাতে করে কাপড়ের কলগুলি ভালোভাবে চলতে পারে এবং তা জিনিসপত্র পায়। এটা শুধু এখানকার ব্যাপার নয়, এটা সারা ভারতবর্ষের ব্যাপার, এবং কটন টেক্সটাইল এ আজকে এই যে বিপর্যয় এটা দূর করার জন্য ভারত সরকার থেকে চেষ্টা করা হচ্ছে। আমরা বুঝতে পারছি এখন যে কাপড় জমে আছে, এখন যা ক্রেতারা কিনছেন সেই স্টক কমে গেলেই মালিকেরা কাপড়ের দাম বাড়াবার চেষ্টা করবে। ভারত সরকারের কাছে আমরা লিখেছি, এবং যাতে করে একটা নতুন ব্যবস্থা করা যায় তার জন্য তাঁরা চেষ্টা করছেন।

[4-30—4-45 p.m.]

